হেমেন্দ্র কুমার রায় রচনাবলী

7



সম্পাদনায় গীতা দত্ত

RETROCON / ERGED



B C. S. C L

এশিয়া পাবলি,শিং কোম্পানি ক্রেড স্ট্রীট মার্কেট ।। কলিকাভা-সাভ প্রকাশিকা : গীতা দত্ত এশিরা পাবলিশিং কোম্পানি এ–১৩২. ১৩৩ কলেজ স্ট্রীট মার্কেট কলিকাতা ৭০০ ০০৭

মুদ্রাকর ঃ মূণাল দত্ত এক্লা প্রিণ্টিং প্রেস প্রাইভেট লিমিটেড ৭২/১ শিশির ভাদুড়ী সরণি কলিকাতা ৭০০ ০০৬

অলংকরণ : সুত্রত গ্রিপাঠী -

পুস্তানীর **হবি**: বিমল দাস

দাম : গঁচিশ টাকা হেনেশ্রক্সার রায় রচনাবলী বিতীয় খণ্ড

সূচীপত্ৰ

ष्ट्रा १ क ।		
অমাবস্থার রাত	•	3
মান্থৰ পিশাচ		₽8.
এখন যাদের দেথছি		258
শনি-মঙ্গলের রহস্ত	• • •	₹€95
ছড়া ও কবিতা		೨೦೨
অদৃত্য মাত্র্য		⊃8 €
रीत		8 २ ७

ভূমিকা

আমার বয়দ তথন বারো-তেরো বছর, গল্পের বই পড়তে ভালবাসি। বারো মাদের বাঁধানো 'মৌচাক' পেলাম হাতে; পড়তে শুক করলাম 'মথের ধন'। 'ঠাকুরমার ঝুলি' থেকে শুক করে ইতিমধ্যে অনেক বই পড়েছিলাম, কিন্তু এমন গল্প আর পড়িনি। একদিনেই গল্লাট শেষ করি, কিন্তু কবালী ও কল্পালের কুগাটা মনের মধ্যে জেগে থাকে—আজও আছে। তথনই শিথেছিলাম লেথক ধরে বই পড়তে হয়। তাই লেথকের নামটাও মনে রেথেছিলাম—হেন্দিকুমার রায়। পরে দোকানে তার অন্য বই খুঁজেছিলাম কিন্তু তথন পাইনি, পেয়েছিলাম পরে, যথনই তার লেথা যে বই পেয়েছি পড়েছি, আজও পেলে পড়ি।

একথানি উপস্থাদে ছোটদের মন এমনভাবে জয় করা সবার পক্ষে সম্ভব নয়। থার সে গুণ থাকে তিনি প্রতিভাবান এবং তার বচনাও কালজয়ী। ছোটদের সাহিত্যে হেমেন্দ্রকুমারও সেইভাবেই স্প্রতিষ্ঠিত।

হেমেন্দ্রকুমারকে প্রথম দেখি সম্ভবতঃ ১৯৩০ সালে। বি-এ পাস করেছি, কিছু কিছু গল্প ও প্রবন্ধ লিখছি। বিদেশী ফিল্ম সম্পর্কে নানা তথ্য সংগ্রহ করে একটা প্রবন্ধ লিখলাম। তথনকার দিনেব সিনেম:-থিয়েটারের সেরা. সামগ্রিকী ছিল 'নাচন্ব', সম্পাদনা করতেন হেমেন্দ্রকুমার রায়, লেখাট দিতে গেলাম তাঁর কাছে।

সকাল দশটা হবে। পাথুরিয়াঘাটা স্থীটের উপর পশ্চিমম্থী একথানি পুরানো বাডী। নম্বর মিলিয়ে কড়া নাড়তেই একটি ছোট মেয়ে এসে বললো— দাঁড়ান, বাবা এখনি বেরুবেন।

মিনিট পাঁচেকের মধ্যেই বেরিয়ে এলেন বছর চল্লিশ-প্রতাল্লিশ বয়সের এক উজ্জ্বল-শ্রাম শৌথীন ভদ্রলোক, পরনে আদির গিলে করা পাঞ্জাবী, কোঁচান দিশি-কাপড়, পাঁয়ে চক্চকে নিউকাট জ্তো, মাথায় সিঁথির ছপাশে ঢেউ' খেলানো চুল, একেবারে কলিকাতার প্রানো বনেদী চালের মাহ্য। নমস্বার করতেই বললেন কৈ চাই?

[—]নাচ্যরের জন্ম একটা লেখা এনেছিলাম।

-- मिया यो ।

লেখাট নিয়ে শিরোনামাট দেখলেন, প্রথম কয়েকটি লাইন পড়ে নিলেন পথে দাঁড়িয়েই, ভারপর বললেন—তোমার লেখা ? বেশ, পড়ে দেখবো, ভাল লাগলে ছাপা হবে। আরেক দিন এসো, আমি এখন একটু কাজে বেরুচ্ছি।

সেদিন ছিল সোমবার, সেই শুক্রবারের নাচ্ছরে দেখি লেখাটির অর্ধেক ছাপা হয়েছে, বাকি অর্ধেক পরের সংখ্যায় ছাপা হবে।

লেখা দিয়েছিলাম, ছাপা হয়ে গেল। আরেকটা লেখা না হওয়া অবধি আর তাঁর কাছে যাওয়ার কারণ নেই এবং অকারণে বর্ষীয়ান সাহিত্যিকের কাছে যাবার ভরসাও আমার ছিল না। কাজেই এই প্রথম সাক্ষাৎ আলাপপরিচয়ের ঘনিষ্ঠতায় উত্তীর্ণ হলো না দীর্ঘকাল। ইতিমধ্যে 'নাচঘর' পত্রিকা বৃদ্ধ হয়ে গেল।

হেমেনদা'র সঙ্গে নতুন করে পরিচয় হলো আরো কয়েক বছর পরে।

স্থামার তথন তিন-চারখানি কিশোরপাঠ্য উপন্থাস বেরিয়েছে। সব ক্ষম্থানিই এ্যাডভেঞ্চারের বই। খেয়াল হলো এ্যাডভেঞ্চারের অন্বিতীয় লেখক হেমেন্দ্রক্মারের একথানা 'সার্টিফিকেট' যোগাড় করতে হবে। ঠিকানা যোগাড় করলাম। বাগবাজারের গঙ্গার ধারের এক ঠিকানা। বাড়ীটি এক সঙ্গ গলির মধ্যে। নীচে চাকর ছিল, বললো—বরাবর তিনভক্ষায় উঠে যান।

তিনতলায় উঠেই শুদ্ধ হয়ে গেলাম। সামনে গঙ্গা, একেবারে বালী-পুল অবধি দেখা যায়। সেই বারান্দার শেষ অংশটা ঘরের মতো ঘেরা, সেখানে টেবিল-চেয়ারে হেমেদ্রবাব বসে লিখছেন, অতি সাধারণ মান্ত্র্য, গায়ে একটা গঞ্জিও নেই। বললেন—বসো।

একখানি ছোট বেঞ্চি ছিল, বসলাম। বইথানি দিলাম, উদ্দেশ্যও বললাম।

তহেসে বললেন—তোমার লেখা আমি পড়েছি। তুমি কাল এসো, ত্-চার

শোইন আমি লিখে দেবে!।

प्रथमाम निथाइन, ठाटे त्यभौक्षन आत तमनाम ना । ज्ञान धनाम ।

পরদিন বিকালে আবার গেলাম। মনে হলো আমার জন্তই যেন তিনি বিদে আছেন, গন্ধার পানে তাকিয়ে বসে বসে সিগারেট থাচ্ছিলেন, বললেন— বল, কি লিখে দেবো?

- —আমি আপনাকে বলবো আপনি লিখবেন!
- কি লিখলে তুমি খুণী হবে ?
- —আপনি যা লিথে দেবেন, ভাতেই হবে।

একখানি পুরানো ভাষেরি খুলে তার এক পালোম তিনি কমেক লাইন্

লিখলেন, তারপর পাতাধানি ছিঁড়ে আমার হাতে দিলেন। পড়ে দেখলাম আমার লেখার যথেষ্ট প্রশংসা করেছেন।

হেসে বললেন—তোমার লেখার মধ্যেও ক্রটি-বিচ্যুতি আছে, তবে সে কথা বললে তোমাদের উপর অবিচার করা হবে। তোমাদের বয়স কম, সবে লিখতে শুক্ত করেছ, যত নজর তৈরী হবে, নিজের লেখার দোষ-ক্রটি ততো নিজেরই নজরে পড়বে। সেইটাই দরকার। তবে তোমাকে একটা কথা বলি, 'তোমার প্রথম বইটা তুমি আফ্রিকার জঙ্গলে নিয়ে গিয়েছ, ওটা সাহেবদের পক্ষে চলতে পারে। তারা সারা পৃথিবী জুড়ে রাজ্য করছে, আমাদের ভো সে স্থযোগ নেই। আমাদের দেশের মধ্যেই তোমাকে এ্যাডভেঞ্চার খুঁজে নিতে হবে, তাতে সারা দেশের সঙ্গে ছোটরা পরিচিত হবে, দেশের কথাও জানবে। আর তার সঙ্গেই দেবে দেশপ্রেম, ছোটরা যেন এই দেশের মাহ্যুষ্ব বলে গর্ব করতে পারে। তাতে তোমার লেখা ভালো হোক আর না-ছোক, যারা পড়বে তাদের চরিত্র ও আদর্শ তৈরী হবে। এ্যাডভেঞ্চার গল্পের উদ্দেশ্যই হলো, হুংসাহসী দৃঢ় চরিত্রের ছেলেমেয়ে গড়ে তোলা।

এই কথাগুলির মধ্যে দিয়েই সেদিন হেমেনদা'র মানসিকতা আমার কাছে ধরা পডেছিল।

হেমেন্দ্রক্মার প্রথম জীবনে বয়স্কদের জন্ত লিথে খ্যাতিলাভ করেছিলেন। তাঁর পায়ের ধূলো, ফুলশয়া, ঝড়ের ষাত্রী, জলের আল্পনা, পাঁকের ফুল, মণিকাঞ্চন, মালাচন্দন প্রভৃতি উপন্তাস ইতিপূর্বেই বয়স্ক পাঠক-পাঠিকার কাছে তাঁকে জনপ্রিয় করেছিল। ওমরবৈয়াম-এর অম্বাদও তাঁকে কবিখ্যাতি দিয়েছিল। তাছাড়া তিনি বহু গান লিখে নিজে শ্বর দিয়েছিলেন। নাট্যাচার্য শিশিরক্মার ভাত্তির সঙ্গে তিনি যুক্ত ছিলেন, বহু নাটকের নৃত্য পরিকল্পনা হেমেন্দ্রক্মাবের। তার উপর মঞ্চ ও সিনেমা সম্পর্কিত পত্রিকা 'নাচদরের' তিনি সম্পাদনা করতেন। সেযুগের নাম করা সাহিত্যিকদের মধ্যে তিনিও ছিলেন একজন। তাছাড়া তিনি ছবি আঁকতে পারতেন। তিনি ছিলেন আর্ট স্থলের পাস-করা ছাত্র।

এই খ্যাতির পরে যখন তিনি একাগ্র মনে শিশু-সাহিত্য রচনায় নামলেন, যে সাহিত্যে পয়সা পাওয়া যায় অতি অল্প, তখন যে তিনি একটা আদর্শের জন্মই সেই দিকে এইসছিলেন, এবং জীবনের শেষ কয়েক বছর শিশু-সাহিত্য করে গেছেন সেই উদ্দেশ্যেই,—এ সম্পর্কে কোন ভিন্নমত থাকার কথা নয়। তাঁর সেই আদর্শবাদের কথাই তিনি ব্যক্ত করেছিলেন আমার কাছে, তাঁর সঙ্গে বিতীয় দিনের আলাপে। সেই আলাপ থেকেই হেমেক্র্মার আমার কাছ হেমেনর্দা হয়ে গেলেন।
হেমেক্র্মারের আসল নাম হলো প্রসাদ রায়। কবে ও কিজ্ঞ নাম বদলে
হেমেক্র্মার হয়ে তিনি সাহিত্য-জগতে প্রবেশ করলেন তা আমার জানা
নেই।

আমি তথন এক ইস্কুলে শিক্ষকতা করতাম উত্তর-কলিকাতার প্রাপ্ত সীমায়।
শনিবার বেলা ত্'টোয় ছুটি হতো, তারপর বেলা তিনটা নাগাদ কেরার পথে
মাঝে মাঝে যেতাম হেমেনদা'র বাড়ী। বাড়ীতে তথন কেউ থাকত না। শুধু :
হেমেনদা ও এক ভূতা। হেমেনদা'র পত্নীবিয়াগ হয়েছিল কয়েক বছর আগেই,
তারপর মেয়েদের বিয়ে হয়ে গিয়েছিল, তুটি ছেলেই অবিবাহিত এবং তাদের
ছপুর-বিকাল-সন্ধ্যা কাটে খেলার মাঠে। কাজেই তিনতলায় হেমেনদা আর
একতলায় ভূতা। বরাবর তিনতলায় উঠে গিয়ে যখন গদার ধারে বসতাম,
হেমেনদা সিগারেট খেতে খেতে ত্-চার কথা বলতেন। তথন বালী-ব্রিজ
অবধি গদার পানে তাকিয়ে থাকতাম। অপূর্ব এক স্লিয়তায় দেহ-মন হালকা
হয়ে যেত, ঘণ্টা ছয়েকের আগে আর উঠতে মন চাইত না। হেমেনদা'ও
বলতেন—বদো বদো, এখন আর তোমার বাস্ততা কিসের ? গদার হাওয়া
ভাল লাগছে না?

কাজেই বসতে হতো।

হেমেন্দ্রক্মার জীবনের শেষ দিকে বড় নিঃসঙ্গ হয়ে পডেছিলেন। চিরদিনের মজলিশী মামুর, সমবরসী কবি ও লেখকদের মধ্যে মেলামেশা ছিল পুবই। কিন্তু বয়স বৃদ্ধির সঙ্গে মজলিশ ডেঙে গেল। একা হয়ে পড়লেন। মাঝে মাঝে মোচাক কার্যালয়ে য়েতেন, স্থারচন্দ্র সরকারের কাছে বসে গল্প করতেন, আরো হ'একজন বন্ধুও আসতেন, প্রাক্তন মজলিশের রেশ কিছুটা তথন পাওয়া বেতো। কিন্তু সে তো আর নিয়মিত ছিল না। সাহিত্যিক জীবনে সবচেয়ে বড় আনন্দ হলো সমবয়সীদের সঙ্গে আলাপ-আলোচনা। বয়োবৃদ্ধির সঙ্গে সমধর্মীরা বিচ্ছির হয়ে য়ায়, তথন নিঃসঙ্গতা সাহিত্যিককে বিয়প্ল করে তোলে। শুরু বই পড়া আর বই লেখা সব সময় তো ভাল লাগে না। হেমেন্দ্রক্মারের শেষ জীবনে এই নিঃসঙ্গতা অনিবার্য হয়েই দেখা দিয়েছিল।

হেমেন্দ্রক্মার প্রথম জীবনে কয়েক বছর চাকরিও কর্টরছিলেন। তাঁর নিজস্ব একটা সংগ্রহশালা ছিল। তিনতলার ত্'বানি ধর তিতি ছিল, ত্প্পাপ্য বই, নানা মৃতি ও কিছু বিশিষ্ট চিত্রকরের আঁকা ছবি। শিল্পকলা সম্পর্কেঃ এমন সব বই ছিল, যা এদেশে তুর্লভ।

বিংশ শতাব্দীর তৃতীয় ও চতুর্প'দশক বাংলা শিল্ক:সাহিত্যে একটা গৌরবের

যুগ। ইতিপূর্বে রবীন্দ্রনাথ, যোগীন্দ্রনাথ সরকার, অবনীন্দ্রনাথ ও দক্ষিণারঞ্জন
মিত্র মন্ত্রুমদার, উপেন্দ্রকিশোর, স্কুকুমার রায় প্রমুখ লেখকেরা ছড়া, কবিতা,
রূপকথা, ঐতিহাসিক গল্প ও সামাজিক গল্প বচনা করে সব দিক থেকে শিশুসাহিত্য পৃষ্ট করে তুলেছেন, কিন্তু এ্যাডভেঞ্চার গল্পের অভাব ছিল। সেই দিকে
প্রথম আবিভূত হলেন ১০০০ সালে 'মৌচাক' মাসিক পত্রের পৃষ্ঠায় হেমেন্দ্রকুমার, তাঁর রোমাঞ্চকর উপত্যাস 'যকের ধন' বচনায়। একটা নতুন দিকের
তিনি উদ্বোধন করলেন, শিশু-মহলে সাডা পড়ে গেল।

তারপর লিখলেন, 'মেঘদূতের মর্ত্যে আগমন।'

পরের বছর 'ময়নামতীর মায়া কানন।'

সরল সহজ রচনায় রোমাঞ্চ ও রহস্ত জমিয়ে তোলায় তাঁর অসামাক্ত দক্ষতা তথনই স্বীক্ষতি পেল। হেমেন্দ্রক্মারের শ্রেষ্ঠর ও অনক্তসাধাবণ বচনাশৈলী সম্পর্কে আর দ্বিমত রইল না।

হেমেন্দ্রকুমার সেই থেকে শিশু-সাহিত্যিকই হয়ে গেলেন এবং জীবনের শেষ দিন পর্যন্ত ছোটদের জন্মই লিখলেন।

ভক্টর আশা দেবী এই রচনাশৈলী সম্পর্কে লিখেছেন—"ভাষার সাহিত্যিক সৌন্দর্য এবং গল্প জমাইয়া তুলিবার কুশলতায় হেমেন্দ্রকুমার যেন শিশুরাজ্যে এইচ্. জি. ওয়েলস এবং স্যার আর্থার কোনান ডয়েলেব দ্বৈতভূমিকা গ্রহণ করলেন। বর্তমান বাংলা শিশু-সাহিত্যে গোয়েন্দা-কাহিনী ও এয়াডভেঞ্চারের সাহিত্যের পথিকং হেমেন্দ্রকুমার এবং পরিণত বার্ধক্যেও এখনো শ্রেষ্ঠত্বের আসনে স্মাসীন।"

আমি এর সঙ্গে আরে। তৃটি লেখকের নাম যুক্ত করতে চাই, তাঁরা হলেন রবাট লুই স্টিভেন্সন ও এজগার এলেন পো। এই চারজন বিদেশী লেখক রচনার যে মাধুর্যের জন্ম আজ সারা বিশ্বের পাঠক-সমাজে শ্রন্ধেয় এবং আদৃত হেমেন্দ্রকুমারের রচনা তাঁদের কারও চেয়ে কোন দিকে ন্যুন নয়।

প্রবীণ লেখক থগেন্দ্রনাথ মিত্র প্রসঙ্গতঃ লিখেছেন—''বাংলার শিশু-সাহিত্যে কত সাহিত্যিক কত রকমের 'আাডভেঞ্চার' করেছেন। সেই উদ্দেশ্যে তারা সম্ভব অসন্তব বহুদেশ ঘুরেছেন, বহু সন্তব অসন্তব কর্মে পাঠক-পাঠিকাদের তাক লাগিয়ে দিয়েছেন, কিন্তু এ কর্মে সমাটের আসন দেওয়া হয় হেমেন্দ্রন্মার রায়কে। "এয়াডভেঞ্চারের দিকে হেমেন্দ্রক্মারের য়া দান তাকে পথিকতের দান বললেও ভুল হয় না। কারণ, তাঁরই পাশাপাশি সমসাময়িক আরও অনেকে বাংলার শিশু-সাহিত্যকে এই দিকে সমৃদ্ধ করতে তৎপর হন, সুত্তবতঃ তাঁরই রচনায় অন্ধ্র্রাণিত হয়ৈ। শেএকটি প্রশ্ন শ্বতঃই মনে ওঠে,

'হেমেক্রকুমারের রচনার অত্যধিক জনপ্রিয়তার মূলে কি ছিল—উপজীব্য অথবা রচনাশৈলী ? আমাদের মত উভয়ই। কিন্তু উপজীব্যগুলি যে সব সময় তাঁর আশপাশ থেকে সংগৃহীত হতো, এমন কথা বলা যায় না। তিনি পাশ্চাত্য শিক্ষায় শিক্ষিত এক মহানগরের নাগরিক ছিলেন। তার প্রভাব মানসিকতায় থাকাই স্বাভাবিক যা থেকে অনেকেই মুক্ত নন।

হেমেন্দ্রক্ষার ছিলেন রক্ষণশীল। তাঁর রচনায় আদর্শ-বিচ্যুতির সামান্ত ইঙ্গিতও প্রকাশ পায় না। সাম্যবাদ, ফ্যাসিবাদ, সংশোধনবাদ বা কোন রক্ষের রাজনৈতিক, সামাজিক, অর্থনৈতিক বাদান্ত্বাদ তাঁর মনকে স্পর্ণ করেছে, এমন কিছু তাঁর রচনায় প্রকাশ পায়ন।"

হেমে শ্রক্মারের কোন রচনাতেই সমকালীন কোন মতবাদের বাদা স্বাদের যে কোন ইঙ্গিত নেই, ছোটদের কাছে ছোটদের মতো মন নিয়ে সরলভাবে যে তিনি গল্প বলে গেছেন এইটাই তাঁর রচনার সবচেয়ে বড় বৈশিষ্টা। রবী শ্রনাথ বলেছেন:

> "সহজ কথায় লিখতে আমায় কহ যে— সহজ কথা যায় না লেখা সহজে।"

সাহিত্যে সমকালীন যুগচিন্তার ইঙ্গিত থাকলে যুগচিন্তা যথন ভিন্ন ধারাম্ব বইতে শুরু করে তথন সে সাহিত্যের মূল্যমানও হ্রাস পায়। ক্ল হেমেন্দ্রকুমারের রচনায় সে ভয় নেই। তাঁর বই এক যুগ থেকে আবেক যুগের পাঠক-পাঠিকাঁ অনায়াসে পড়বে ও আনন্দ আহরণ করবে।

শরংচন্দ্র চট্টোপাধ্যায়ও সার্থক সাহিত্য স্বাষ্ট সম্পর্কে লেথককে সহজ ও
সরল হবার কথাটাই বলেছেন: "সহজ হওয়ার সাধনা শিল্পীর পক্ষে একাস্ত
প্রেরোজনীয় সাধনা ও সবচেয়ে কঠিন সাধনা। এই সাধনায় উৎরাতে পারলে
তবেই শিল্পী বস্তুর ও ঘটনার প্রাণের রঙ ফুটিয়ে তুলতে পারেন তাঁর স্বাষ্টিতে।"
হেমেন্দ্রকুমার স্বাষ্টির ক্ষেত্রে এই সাধনায় উত্তীর্ণ হয়েছিলেন। তাঁর এ্যাডডেঞ্চার কাহিনীর কোন নায়ক কোন বড় কথা নিয়ে কোন সময়েই বাক্জাল স্বাষ্টি
করেনি। কিশোর-মন নিয়েই তিনি কিশোরদের জন্ম গল্প লিখতেন। পরিণত
বয়দে এই কিশোর-মনের পর্যায়ে নেমে আসা মোটেই সহজ্প নয়, সবাই এ
কাজটা পারে না, সেজন্ম বয়য়-সাহিত্য যারা লেপেন তাঁরা আনিকে শিশু-বা
কিশোর-সাহিত্য লিখতে চেষ্টা করে ব্যর্থ হয়েছেন।

রসোতীর্ণ কিশোর-সাহিত্যের পাঠক শুধু ছেলেমেয়েই নৃষ তাদের অভিভাবকরাও। বিশিষ্ট ইংরাজ সমালোচক লিউইস্ সাহেব লিখেছেন : No book is really worth reading at the age of ten, which is not equally (and often far more) worth reading at the age of fifty.

এই ত্ব'শ্রেণীর পাঠক-পাঠিকাকে আনন্দ দিতে পারলেই শিশু-সাহিত্য দীর্ঘদিনের-সার্থকতা লাভ করে, বয়স্ক-সাহিত্যের ক্ষেত্রে সে প্রশ্ন ওঠে না, তা শুধু একটি শ্রেণীর জন্মই।

নিজের সাহিত্য-স্টের আদর্শ সম্পর্কে হেমেন্দ্রক্মার এক চিঠিতে লিখেছেন:
"শাহ্রষ হয়েছি আমরা রবীন্দ্রনাথের কাব্য-সাম্রাজ্যের মধ্যেই।...সাহিত্য-মার্কে
একমাত্র তাঁকেই বিরাট আদর্শের মতন, চ্যতিমান প্রবতারার মতন সামনে
রেখে পথ চলার চেটা করেছি। শক্তির দানতার জন্ম বেশী দূর অগ্রসর হতে
পারিনি, তরু ত্যাগ করিনি তাকে অনুসরণ করবার প্রাণপণ চেটা।" হেমেন্দ্রকুমারের সেই চেটা যে সাফল্যে উজ্জন হয়ে আছে, এবং বহুকাল দীপ্যমান
ধাক্ষের সে সম্পর্কে কোন অনিশ্চয়তা নেই।

হেমেন্দ্রকুমারের এ্যাডভেঞ্চার গল্পগুলি সব ব্যবসের পাঠক-পাঠিকার মন ভোলায়, তার একটা সর্বকালীন রূপ রয়ে গেছে:

° হেমেন্দ্রমারের ছোটদের জন্ম প্রায় শতাধিক বই সাছে। তার মধ্যে স্বই যে এ্যাডভেঞ্চরের গল্প তা নয়, ভূতের গল্পও আছে, ঐতিহাসিক গল্পও আছে, এবং হাসির গল্পও আছে।

যপের ধন, আবার থথের ধন, হিমালয়েব ভরক্কর, পলারাগ বৃদ্ধ, ড্রাগনের তৃঃস্বপ্প, নীলসায়রের অচিনপুরে, নৃমুগু শিকারী, যক্ষপতির রত্বপুরী, স্থনগরীর গুপ্তান, হিমাচলের স্বপ্প, রত্নপুরের যাত্রী, বজ্ঞতিরবের মায়, মোহনপুরের শাশান, বিশাল গড়ের তৃঃশাসন, সোনার আনারস, আফ্রিকার সর্পদেবতা, ফিরোজা মুকুট রহস্ত, ময়নামতীর মায়াকানন প্রভৃতি হেমেক্স্ক্রমারের এ্যাডভেঞ্চার কাহিনী।

যাদের নামে সৰাই ভয় পায়, অমাবস্থার রাভ, রাজে যার। ভয় দেখায়, ভূত আর অভূত, ভয় দেখান ভয়ানক প্রভৃতি হেমেক্রক্মারের ভৌতিক গল্পের বই।

পঞ্চনদীর দ্বীরে, ভারতের দিতীয় প্রভাতে, হে ইতিহাস গর বল, ইতিহাসের. রক্তাক্ত প্রাস্তরে প্রভৃতি হেমেক্রক্মারের ঐতিহাসিক গর।

বিদেশী করেকথানি বইয়ের তিনি ভাবান্থবাদও করেছিলেন: অদৃশু মাহুষ,
আক্রুব দেশে অমলা, কিংকং, মান্থবের গড়া দৈত্য, জেরিনার কণ্ঠহার প্রভৃতি।

তিনি কিশোরদের জন্ম হাসির গল্পও লিখেছিলেন—দেড়শো খোকার. কাও। এই গল্পটি পরে চলচ্চিত্রে রূপায়িত হয়। হেমেন্দ্রকুমারের গল্প সংকলন্ও আছে: শ্রেষ্ঠ গল্প, গল্প সঞ্চয়ন, ভালো ভালো গল্প ও কিশোর সঞ্চয়ন।

এই তালিকাব বাইরেও আরো বই আছে। সব আমার মনে নেই।

কোন লেথকের সব লেখা সমভাবে চিন্তাকর্ষক হয় না। হেমেল্রকুমারের ক্ষেত্রেও তা সত্য, তবে, তাঁব কোন লেখা পড়তে শুরু করলে শেষ না করে পারা যায় না, এইটাই তাঁর সম্পর্কে বড় কথা। এবং এই জন্ম বাংলা কিশোর-সাহিত্যে তাঁর নাম চিবদিনেব শ্রবীয়।

বর্তমানে এশিয়া পাবলিশিং কোম্পানিব শ্রীমূণাল দত্ত হেমেন্দ্রক্মারের কিশোর-রচনার সমগ্র সংগ্রহ সংকলন কবাব উত্যোগী হয়েছেন। ছোটদেব কাছে এই বই মহা উপাদেয় হবে—আনন্দস্টীর এক মহা উৎস। প্রথম খণ্ড বেরিয়ে গেছে, এটি দ্বিতীয় খণ্ড। এতে এয়াডভেঞ্চাব, ভূতের গল্প, ছড়াকবিতা ছাড়াও হেমেন্দ্রক্মাবের স্মৃতিকগা রয়েছে। এই প্রচেষ্টা প্রশংসার্হ। বইগুলি দেখে আজ শুধু একটা কথাই মনে উঠে, আমাদেব ছেলেবেলায় যদি এই সব লেখা এমনভাবে ছাপিয়ে বাধিয়ে আমাদেব হাতে কেউ দিত! কিন্তু সেবয়সে আর তো ফেবা যায় না!

— जीशी (तक्तनानः वत





এক

খবরের কাগজের রিপোট

"বঙ্গদেশ" হচ্ছে একথানি সাপ্তাহিক পত্র। তাতে এই **খবরটি** বেরিয়েছে—

'সুন্দরবনের নিকট মানসপুর। মানসপুরকে একখানি বড়োসড় গ্রাম বা ছোটোখাট শহর বলা চলে। কারণ সেখানে প্রায় তিন হাজার লোকের বসবাস।

সম্প্রতি মানসপুরের বাসিন্দারা অত্যন্ত সন্ত্রস্ত হইয়া উঠিয়াছে। প্রতি অমাবস্থার রাত্রে সেথানে এক অলৌকিক বিভীষিকার স্মাবির্ভাব হয়। আসল ব্যাপারটা যে কি, কেহই সেটা আন্দান্ধ করিছে পারিতেছে না। পুলিস প্রাণপণে তদন্ত করিয়াও বিশেষ কিছুই স্থির করিতে পারে নাই। গ্রামের চারিদিকে কড়া পাহারা বসিয়াছে। বন্দুকধারী সিপাহীরা সর্বদাই প্রস্তুত হইয়া থাকে। তথাপি প্রতি অমাবস্থার রাত্রে মানসপুর হইতে এক-একজন মানুষ অন্তর্হিত হয়।

আজ এক বংসর কাল ধরিয়া এই অন্তুত কাণ্ড হইতেছে। গত বারোটি অমাবস্থার রাত্রে বারোজন লোক অদৃশ্য হইয়াছে। প্রতিছ্রিনার রাত্রেই একটা আশ্চর্য বিষয় লক্ষ্য করা গিয়াছে। মানসপুর স্থলবনের কাছাকাছি হইলেও, তাহার জিতরে এতদিন ব্যান্তের উৎপাত বড়ো-একটা ছিল না। কিন্তু প্র্বটনার আগৃেই এখন ঘটনাস্থলের চারি দিকে ঘন ঘন ব্যান্তের চীৎকার শোনা যায়। ঠিক অমাবস্থার রাত্রি ছাড়া আর কোনোদিনেই এই অন্তুত ব্যান্তের সাড়াং পাওয়া যায় না! এ ব্যান্ত্র যে কোথা হইতে আসে এবং কোথায় অদৃশ্য হয় কেহই তা জানে না। আজ পর্যন্ত কেহই তাকে চোখে দেখে নাই।

আর একটি আশ্চর্য ব্যাপার এই যে, যারা অদৃশ্য হইয়াছে তাদের মধ্যে একজনও পুরুষ নাই! প্রত্যেকেই স্থালোক এবং প্রত্যেকেরই গায়ে ছিল অনেক টাকার গহনা।

পুলিস প্রথমে স্থির করিয়াছিল যে, এ-সমস্ত অনিষ্টরই মূল হইতেছে কোনো নরখাদক ব্যাদ্র। কিন্তু নানাকারণে পুলিসের মনে এখন অস্তরকম সন্দেহের উদয় হইয়াছে। স্থন্দরবনের ভিতরে আছে ভূলু-ডাকাভের আস্তানা এবং তার দল ও-অঞ্চলে প্রায়ই অত্যাচার করিয়া থাকে। অনেক চেষ্টা ও পুরস্কার ঘোষণা করিয়াও পুলিই। আৰু পর্যন্ত ভূলু-ডাকাভকে গ্রেপ্তার করিতে পারে নাই। পুলিসের বিশ্বাস, মানসপুরের সমস্ত তুর্ঘটনার জন্ম ঐ ভূলু-ডাকাভই দায়ী।

কে যে দায়ী এবং কে যে দায়ী নয়, এ কথা আমরা জানি না বটে, কিন্তু এটা বেশ বুঝা যাইতেছে যে, মানসপুরের ত্র্চিনার মধ্যে আশ্চর্য কোনো রহস্ত আছে। আমরা বিশ শতাব্দীর মানুষ না হইলে এ-সব ব্যাপারকে হয়তো ভূতুড়ে কাণ্ড বলিয়া মনে করিতাম। ডাকাত করে ডাকাতি, ঠিক অমাবস্তার রাত্রেই চোরের মতোন আসিয়া তারা কেবল এক-একজন দ্রীলোককে চুরি করিয়া লইয়া যাইবে কেন? আর এই ব্যাঘ রহস্তটাই বা কি? এ কোন্ দেশী ব্যাঘ্র? এ কি পাঁজি পড়িতে জানে? পাঁজি-পুঁথি পড়িয়াঃ ঠিক অমাবস্থার রাত্রে মানসপুরের আসরে গর্জন-গান গাহিতে আসে? কে এ প্রশ্নের উত্তর দিবে গ'

বাঘার বিপদ

খবরের কাগজখানা হাত থেকে নামিয়ে রেখে কুমার নিজের মনেই বললে, 'এ প্রশ্নের উত্তর দেবার চেষ্টা করব, আমি । ' 'বঙ্গদেশে'র রিপোটার ঠিক আন্দাজ করেছেন, এর মধ্যে নিশ্চয়ই কোনো রহস্ত আছে—হাঁ, আশ্চর্য কোনো রহস্ত। উপরি-উপরি বারোটি মেয়ে অদৃশ্র, অমাবস্যার রাত, অদ্ভুত বাঘের আবির্দ্ভাব আর অন্তর্ধান, তার ওপরে আবার ভুলু-ডাকাতের দল। কারুর সঙ্গে কারুর কোনো সম্পর্ক বোঝা যাচ্ছে না, সমস্তই যেন অস্বাভাবিক কাও। ' এ-সময়ে বিমল যদি কাছে থাকত। কিন্তু আজ সাত্ত আট দিন ধ'রে রামহরিকে নিয়ে সে যে কোথায় ডুব মেরে আছে, শিবের বাবাও বোধ হয় তা জানেন না।'

একখানা পঞ্জিকা নিয়ে তার ভিতরে চোখ বুলিয়ে কুমার আবার ভাবতে লাগল, 'হুঁ, পরশু আবার আমাবস্যার রাত আসবে, মানসপুর থেকে হয়তো আবার এক অভাগী নারী অদৃশ্য হবে! আমার যে এখনি সেখানে উড়ে যেতে ইচ্ছে হচ্ছে! এমন একটা 'আচড়-ভেঞ্চারে'র সুযোগ তো ছেড়ে দিলে চলবে না, বিমলের কপাল খারাপ, তাই নিজের দোষেই এবারে সে ফাঁকে পড়ল, আমি কি করব দিবায়া, বাখা!'

বাঘা তথন ঘরের এককোণে ব'সে একপাল মাছির সঙ্গে ভীষণ যুদ্ধ করছিল। মাছিদের ইচ্ছা, বাঘার গায়ের উপরে তারা মনের' আনন্দে খেলা করে বেড়ায়, কিন্তু তার দেহটা যে মাছিদের বেড়াবার জায়গা হবে, এটা ভাবতেও বাঘা রাগে পাগল হয়ে উঠছিল। বড়ো-বড়ো হাঁ-করে দাঁত-মুখ খিঁচিয়ে সে এক-একবারে একাধ্বিক মাছিকে গ্রাস ক'রে ফেলছিল—কিন্তু মাছিরাও বিষম নাছোড়বান্দা; প্রাণের

মায়া ছেড়ে ভন্ ভন্ ভন্ ভন্ করতে করতে বাঘার মাথা থেকে ল্যাজের ডগা পর্যন্ত বার-বার তারা ছেয়ে ফেলছিল। যে-বাঘা আজ্ঞ জলে-স্লে-শৃত্যমার্গে কত মানব, দানব ও অন্তুত জীবের সঙ্গে যুদ্ধে বিজয়ী হয়েছে, বিমল ও কুমারের সঙ্গে যার নাম এই বাংলাদেশে বিখ্যাত, শ্চুছ্ছ একদল মক্ষিকার আক্রমণ আজ্ঞ তাকে যেরকম কার্ 'ক'রে ফেলেছে তা দেখলে শক্ররও মায়া হবে! এমনি সময়ে কুমারের ডাক শুনে সে গা ও ল্যাজ্ঞ ঝাড়তে ঝাড়তে তাড়াতাড়ি তার কাছে গিয়ে দাঁড়িয়ে হাঁপাতে লাগল।

কুমার বললে, 'বাছা বাঘা! বিমলও নেই রামহরিও নেই— বালি তুর্মি আর আমি! অমাবস্যার রাত, বাঘের গর্জন, ডাকাতের দলং মান্তবের পর মান্তব অদৃশ্য! শুনে কি তোমার ভয় হচ্ছে ?'

বাঘা কান খাড়া করে মনিবের সব কথা মন দিয়ে শুনলে। কি বুঝলে জানি না, কিন্তু বললে, 'ঘেউ ঘেউ ঘেউ!'

- 'বাদা, এ বড়ো যে-সে ব্যাঘ্র নয়, বুঝেছ ? এ তোমার চেয়েও চালাক ! এ তিথি-নক্ষত্র বিচার করে কাজ করে! এর সক্ষেত্রামরা পাল্লা দিতে পারব কি ?'
 - —-'ষেউ ষেউ ষেউ !'
- --- 'তার ওপরে আছে ভুলু-ডাকাতের দল। পুলিসও তাদের কাছে হার মেনেছে, খালি তোমাকে আর আমাকে তারা গ্রাহ্য করবে কি ?'
- —'ঘেউ ঘেউ ঘেউ!'—বলেই বাঘা টপ্ করে মুখ ফিরিয়ে ল্যাজের ডগা থেকে একটা মাছিকে ধ'রে গপ্ করে গিলে ফেললে!

একথানা খাম ও চিঠির কাগজ বার করে কুমার লিখতে বসল,—

'ভাই বিমল,

একবার এক জায়গা থেকে দলে দলে মানুষ অন্তর্হিত হচ্ছিল। শুনে ,সেঁ ব্যাপারটা আমরা দেখতে গিয়েছিলুম। কিন্তু সেই. কৌতৃহলের ফলে বন্দী হয়ে আমাদের যেতে হয়েছিল পৃথিবী ছেড়ে মঙ্গলগ্রহে।

এবারেও মানসপুরে মান্থবের পর মানুষ (কিন্তু কেবল স্ত্রীলোক) অদৃশ্য হচ্ছে। শুনেই আমার চড়ুকে পিঠ আবার সড় সড় করছে। আমি আর বাঘা তাই ঘটনাস্থলে চললুম। জানি না এবারেও আমাদের আবার পৃথিবী ছাড়তে হবে কি না!

খবরের কাগজের রিপোর্টও এই খামের ভিতরে দিলুম। এটা পড়লেই তুমি বুঝতে পারবে, কেন আমি তোমাদের জত্যে অপেক্ষা করতে পারলুম না। আস্ছে পরশু অমাবস্যা, আজ যাত্রা না করলে খথাসময়ে মানসপুরে গিয়ে পৌছতে পারব না।

বিমল, তোমার জন্মে আমার ছঃখ হচ্ছে। এবারের 'আয়াড্ভেঞ্চারে' তুমি বেচারি ফাঁকে প'ড়ে গেলে। কি আর করবে বল্ল, যদি প্রাণ নিয়ে ফিরি, আমার মুখে সমস্ত গল্প শুনো তথন। ইতি— তোমার কুমার'

তিন

পটলবাবু, চন্দ্রবাবু ও মোহনলাল

পরদিন কুমার মানসপুরে গিয়ে হাজির হল।

সেখানে তথন ভীষণ বিভীষিকার সৃষ্টি হয়েছে।

আসছে কাল সেই কাল-অমাবস্যা আসছে এবং সেই অজানা শক্র কাল আবার কোন্ পরিবারে গিয়ে হানা দেবে কেউ তা জানে না ! সকলে এখন থেকে প্রস্তুত হচ্ছে, ধনীরা বাড়ির চারি দিকে ডবল করে পাহারা বসাচ্ছে, সাধারণ গৃহস্থদের কেউ কেউ সপরিবারে স্থানাসম্বর পালাচ্ছে এবং কেউ কেউ বাড়ির মেয়েদের গ্রামান্তরে পাঠিয়ে দিচ্ছে—কারণ এই অন্তুত শক্রর দৃষ্টি কেবল মেয়েদের দিকেই !

শহরের যুবকরা নানা স্থানে "পল্লী-রক্ষা-সমিতি" গঠন করেছে এবং কৈ ক'রে এই আসর বিপদ থেকে আত্মরক্ষা করা যায়, তাই নিয়ে তাদের মধ্যে জল্পনা-কল্পনা ও তর্কাত্কির অন্ত নেই।

চারিদিকে এখন থেকেই সরকারি চৌকিদারের সংখ্যা হয়েছে দ্বিগুণ বা ত্রিগুণ।

কুমার আগে ঘুরে ঘুরে সমস্ত মানসপুরের অবস্থাটা ভালো করে।
দেখে নিলে।

অধিকাংশ স্থানেই একটি লোকের মৃতি বার বার তার চোখে পড়ল।

্সে-লোকটি খুব সপ্রতিভ ও ব্যস্ত ভাবেই সর্বত ছুটোছুটি করে বেড়াচ্ছে, এবং কোন্ দিক দিয়ে বিপদ আসবার সম্ভাবনা, সে-সম্বন্ধে পল্লী-রক্ষা-সমিতি"র যুবকগণকে নানান রকম পরামর্শ দিছে।

একে-ওকে জিজ্ঞাসা করে কুমার জানলে যে, তাঁর নাম পটলবারু।
খনী না হলে'ও গাঁয়ের একজন হোম্রা-চোম্রা মাতকর ব্যক্তি একং
"পল্লী-রক্ষা-সমিতি"র প্রধান পৃষ্ঠপোষক।

কিন্তু পটলবাবুর চোখে কুমার এমন একটি বিশেষত্ব আবিচ্চার করল, যা সে আর কোনো মানুষের চোখে দেখেনি।

পটলবাবুর গায়ের রং মোষের মতো কালো, তাঁর দেহখানি লম্বায় খুব খাটো কিন্তু আড়ে বেজায় চওড়া, মাথায় ইস্পাতের মতোন চক্চকে টাক, কিন্তু ঠোটের উপরে ও গালে জানোয়ারের মতো বড়ো-বড়ে৷ চুল—যেন তিনি বিপুল দাড়ি-গোঁফের দারা মাথার কেশের অভাবটা প্রণ করে নিতে চান!

কিন্তু পটলবাবুর চেহারার মধ্যে আসল দুষ্টবা হচ্ছে তাঁর ছুই চৌখ! পটলবাবুর হাত-পা খুব নড়ছে, তাঁর মুখ অনবরত কথা কইছে, কিন্তু তাঁর চোখছটো ঠিক যেন মরা-মান্তুষের চোখ! শাশানের চিতার আগুনের ভিতর থেকে একটা মড়া যেন দানোয় পেয়্রে জ্যাস্ত পৃথিবীর পানে মিট্-মিট্ করে তাকিয়ে দেখছে—পটলবাবুর চোখ দেখে এমনি-একটা ভাবই কুমারের মনকে নাড়া দিতে লাগল।

চারি দিক দেখে-শুনে কুমার, মানসপুর থানার ইন্স্পেক্টর চন্দ্রবার্র সন্ধানে চলল। কলকাতাতেই সে খ্রের পেয়েছিল যে, চন্দ্রবার্র জ্যেষ্ঠপুত্র অশোকের সঙ্গে ফুলে ও কলেজে সে একসঙ্গে অনেককাল ধরে পড়াশুনা করেছিল। অশোক এখন কলকাতায়। কিন্তু এখানে আসবার আগে সে বুদ্দি করে অশোকের কাছ থেকে চন্দ্রবার্র নামে নিজের একখানি পরিচয়-পত্র আনতে ভোলেনি। কারণ সে বুঝেছিল যে মানসপুরের রহস্য সমাধান করতে হলে চন্দ্রবার্র কাছ থেকেই সব চেয়ে বেশি সাহায্য পাওয়ার সন্তাবনা।

থানায় গিয়ে সে নিজের পরিচয়-পত্রথানি ভিতরে পাঠিয়ে দিলে। অল্লক্ষণ পরেই তার ডাক এল।

চন্দ্রবার তথন টেবিলের সামনে বসে খবরের কাগজ পড়ছিলেন। তাঁর বয়স হবে পঞ্চায়, বেশ লম্বা-চওড়া বলিষ্ঠ গৌরবর্ণ মূর্তি, মুখখানি হাসিতে উজ্জ্বল,— দেখলে পুরাতন পুলিশ-কর্মচারী বলেঃ মনে হয় না। কুমারকে দেখেই চন্দ্রবার্ তাড়াতাড়ি উঠে দাঁড়িয়ে, হাত বাড়িয়ে তার একথানি হাত ধরে বললেন, 'তুমিই অশোকের বন্ধু কুমার ? এই বয়সে তুমি এত নাম কিনেচ ? তোমার আর তোমার বন্ধু বিমলের অন্ধৃত সাহস আর বীরত্বের কথা শুনে আমি তোমাদের গোঁড়া ভক্ত হয়ে পড়েছি। এসো, এসো, ভালো করে বোসো—ওরে চা নিয়ে আয় রে!'

কুমার আসন গ্রহণ করলে পরে চন্দ্রবারু বললেন, 'তার পর ? হঠাৎ এখানে কি মনে করে ? নতুন 'আাড্ভেঞ্চারে'র গন্ধ পেয়েছ রুঝি ?' কুমার হাসতে হাসতে বললে, 'আজে হাা।'

চন্দ্রবারু গন্তীর হয়ে বললেন, 'ব্যাপারটা বড়োই রহস্তময়, বড়োই আশ্চর্য! জীবনে এমন সমস্তায় কখনো পড়িনি! কে বা কারা এরকম ভাবে মেয়ে চুরি করে নিয়ে যাচ্ছে! বাঘ! না ভূলু- ডাকাতের দল! সবাই সাবধান হয়ে আছে, চারি দিকে কড়া পাহারা, তার ভিতর থেকেই বারো-বারোটি মেয়ে চুরি গেল, অথচ চোর ধরা পড়া দ্রের কথা—তার টিকিটি পর্যন্ত কারুর চোথে পড়ল না। এও কি সন্তব!—ব্যাপারটা যেরকম দাঁড়িয়েছে, আমার চাকরি বৃঝি আর টেঁকে না! আসচে কাল অমাবস্তা৷ আমিও সেজতে যতটা-সন্তব প্রস্তুত হয়ে আছি,—কাল একবার শেষ চেষ্টা করে দেখব! কিন্তু কালও যদি চোর ধরতে না পারি, তা হলে আমার কপালে কি আছে জানি না—উপরওয়ালারা নিশ্চয়ই ভাববেন, আমি একটি প্রকাণ্ড অপদার্থ!'

কুমার শুধোলে, 'অমাবস্থার রাতে ঠিক কোন্ সময়ে মেয়ে চুরি ষায়, তার কি কিছু স্থিরতা আছে ?'

চন্দ্রবার বললেন, 'এ-ব্যাপারের সবটাই আজগুবি! বিংশ শতাবদীর এই সভ্য বাঘটি শুধু পাজি-পুঁথি পড়তেই শেথেনি,— কাটায় কাটায় ঘড়ি ধরে কাজ করতেও শিথেছে! প্রতিবারেই ঠিক রাত তুপুরের সময়ে তার প্রথম চীংকার শোনা যায়!

- 'কিন্তু এ বাঘটা কি সত্যিই আসল বাঘ, না, স্বাইকে ভয় দেখিয়ে কাজ হাসিল করবার জন্মে কোনো 'হরবোলা', মামুষ অবিকল বাঘের ডাক নকল করে ?'
- —'সে-সন্দেহ করবারও কোনো উপায় নেই। প্রতিবারেই বান্ধের অগুন্তি পায়ের দাগ আমি নিজে পরীক্ষা করে দেখেছি।'

কুমারের চা এল। চা পান করতে কবতে নীরবে সে ভাবতে লাগল।

চন্দ্রবার্ বললেন, 'রহস্থের উপর রহস্ত! আজ দিন-কয় হল মানসপুরে কে-একজন অচেনা লোক এসে বাসা বেঁধেছে, তাকে সর্বত্তই দেখা যায়, কিন্তু সে যে কে, তা কেউ জানে না! লোকটার সমস্ত ব্যবহারই সন্দেহজনক! এথানকার মুক্তবিব পটলবার বর্লেন, নিশ্চয়ই সে ভূলু-ডাকাতের চর! আপাতত ইচ্চা থাকলেও আমর্মা তার সম্বন্ধে ভালো করে থোঁজ-থবর নিতে পারছি না, কারণ এই মেয়ে-চুরির হাঙ্গামার জত্তে আমার আর কোনো দিকেই ক্ষিরে তাকাবার অবসর নেই। তবে তাব ওপরেও কড়া পাহারা রাখতে আমি ভূলিনি।'

কুমার বললে, 'লোকটার নাম কি ?'

— 'মোহনলাল বসু। শুনলুম, সে কোথাকার জমিদার, এখানে এমেছে বেড়াতে। যদিও এখানে সমুদ্রের হাওয়া বয়, কারণ খানিক তফাতেই সমুদ্র আছে,—কিন্তু এটা কি বেড়াতে আসবার জায়গা, বিশেষ এই বিভীষিকার সময়ে ?…তার পর শুনলুম সে কাল গাঁয়ের অনেকের কাছে গল্প করে বেড়িয়েছে যে, তার বাড়িতে নাকি নগদ অনেক হাজার টাকা আছে! এমন বোকা লোকের কথা কখনো শুনেছ ? আশপাশে প্রায়ই ভূল্ব-ডাকাত হানা দিয়ে বেড়াচ্ছে, সেটা জ্বনেও এ কথাটা প্রকাশ করতে কি তার ভয় হল না ?… ভূল্ব-ডাকাতের কানে এতক্ষণ মোহনলালের টাকার কথা গিয়ে পৌচেছে, আর পটলবাবুর সন্দেহ যদি ভূল হয়, অর্থাৎ মোহনলাল

্যদি ভূল্-ডাকাতের চর না হয়, তাহলৈ আসছে কাল অমাবস্তার গোলমালে ভূলু যে তার বাড়িতে হানা দেবে, এটা আমি মনে ঠিক দিয়ে রেখেছি।

খানিকক্ষণ চিস্তিতভাবে নীরব থেকে চন্দ্রবারু বললেন, 'এখন রুঝেছ, আমি কিরকম মুশকিলে ঠেকেছি ? একেই এই মেয়ে-চুরির মাম্লা নিয়ে হাঁপিয়ে উঠেছি, তার ওপরে কাল ঐ মোহনলালের বাড়ির আনাচে-কানাচেই আমাকে রাত কাটাতে হবে, কারণ শ্রীমান ভুলু-বাবাজী কাল হয়তো দয়া করে ওখানে পায়ের ধুলো দিলেও দিতে পারেন!'

কুমার বললে, 'যতদিন-না এই মামলার কোনো নিষ্পত্তি হয়, ততদিন আপনার সঙ্গে সঙ্গে আমাকে থাকতে দেবেন কি ?'

চন্দ্রবার খুব খুশিমুখে বললেন, 'এ কথা আর বলতে ? তোমার মতোন সাহসী আর বুদ্ধিমান সঙ্গী পেলে তো আমি বর্তে যাই ! তুমি ন্দ্রদি আমার সঙ্গে থাকো, তাহলে আমি হয়তো খুব শীঘ্রই এন ন্যানাটার একটা কিনারা করে ফেলতে পারব।'

চার

আধুনিক ব্যাদ্র

অমাবস্যার রাত !

নিঝুম রাত করছে বাঁ বাঁ, নিরেট অন্ধকার করছে মুট্ মুট্!

তার উপরে বিভীষিকাকে আরো ভয়ানক করে তোমার জ্ঞেই যেন কালো আকাশকে মুড়ে আরো-বেশি-কালো মেঘের পর মেঘের সারি দৈত্যদানবের নিষ্ঠার সৈক্তশ্রেণীর মতো শৃত্যপথে ধেয়ে চলেছে, দিশেহারা হয়ে!

মাঝে মাঝে দপ্দপ্করে বিহ্যাতের পর বিহ্যাং জ্ঞান জ্ঞান জ্ঞান জ্ঞান জ্ঞান ক্ষানামুখী প্রেতিনীদের আগুন-হাসি!

বন জঙ্গল, বড়ো-বড়ো গাছপালাকে ছলিয়ে, ধাকা মেরে গুইয়ে ত্রস্ত বাতাসের সঙ্গে কারা যেন পৃথিবীময় পাগলের কারা কেঁদে ছুটে ছুটে আর মাথা কুটে কুটে বুক চাপড়ে বেড়াচ্ছে।

…মানসপুর যেন এক ছঃস্বপ্নের মধ্যে ডুবে প্রাণহীন হয়ে পড়ে আছে। সেখানে যে ঘরে ঘরে অসংখ্য মান্ত্য প্রাণ হাতে করে সজাগ হয়ে বসে আছে, বাহির থেকে এমন কোনো সাড়াই পাওয়া যাছে না!

···খুব-উঁচু একটা বটগাছের ডালে বসে কুমার নিজের রেডিয়মের হাত্বড়ির দিকে তাকিয়ে দেখলে. রাত বারোটা বাজতে আর মোটে দশ মিনিট দেরি আছে!

বন্দুকটা ভালো করে বাগিয়ে ধরে কুমার গাছের ডালের উপরে বতটা-পারে সোজা হয়ে বস্ল। সে নিজেই এই গাছটা পছন্দ করে নিয়েছে। যদি কোনো বিন্যা কুকার হয়, তাই তার জত্যে চন্দ্রবার গাছের নীডেই ক চৌকিদার মাতায়েন রেখেছেন। এই গাছ থেকে বিশ্বোমাত্রিশ ফুট দ্রেই কে নির্বোধ মোহনলালের ২০

বাসাবাড়ি। চন্দ্রবারু নিজেও কাছাকাছি কোনো ঝোপঝাপের ভিতরে সদলবলে গা-ঢাকা দিয়ে আছেন।

কুমার নিজের মনে মনেই বললে 'আর আট মিনিট! আঃ, এ মিনিটগুলো যেন ঘড়ির কাঁটাকে জোর করে টেনে রেখেছে—এর!



অনাবস্থার রাত 🕝

আর ছ মিনিট !'—কুমারের হংপিওটা বিষম উত্তেজনায় বেনঃ
লাফাতে শুরু করলে—ছিদ্রহীন অন্ধকারের এদিক থেকে ওদিক
পর্যন্ত আগ্রহদীপ্ত চোখ ছটোকে ক্রমাগত বুলিয়ে সে তন্ন তন্ন করে
খুঁজতে লাগল—যে মৃতিমান আতঙ্ক এখনি এখানে এসে আবিভূ'ত
হবে! কিন্তু তার কোনো খোঁজই মিলল না।

— 'আচ্ছা, বাঘ যদি এদিকে না এসে অক্সদিকে যায় ? কিন্তু যেদিকেই যাক, বাঘের ডাক তো আর সেতারের মিন্মিনে আওয়াজ্ব নয়, তার গর্জন আমি শুনতে পাবই! আর বাঘের বদলে যদি এদিকে আসে ভূলু-ডাকাতের দল, তা হলেও বড় মন্দ মজা হবে না! — আর আধ মিনিট!'

সোঁ-গোঁ-গোঁ করে আচম্বিতে ঝড় জেগে উঠে বটগাছটার উপরে ভীষণ একটা ঝাপ্টা মারলে—পড়তে পড়তে কুমার কোনোরকমে নিজেকে সামলে নিল!

- —'ঠিক রাত বারোটা।'
- —সক্ষে সঙ্গে কান-ফাটানো এক ব্যান্ত্রের গর্জন! বাদের ছাক যে এমন ভয়ানক আর অস্বাভাবিক হতে পারে, কুমারের সে-ধারণাই ছিল না—তার সমস্ত শরীর যেন শিউরে শিউরে মৃর্ছিত হয়ে পড়বার মতো হল!

আবার সেই গর্জন—একবার, ছইবার, তিনবার, সে গর্জন শুনে। ঝড়ও যেন ভয়ে স্তম্ভিত হয়ে গেল।

আকাশের কালো মেদের বুক ছিঁড়ে ফালাফালা করে স্থুদীর্ঘ এক বিহ্যুতের লকলকে শিখা জ্বলে উঠল—

এবং নীচের দিকে তাকিয়ে কুমার স্পষ্ট দেখলে, গুপ্রকাণ্ড একটা ব্যাদ্র সামনের জঙ্গলের ভিতর থেকে তীরের মতো বেরিয়ে এল —

এবং অমনি তার বন্দুক শ্রুম করে অগ্নিবৃষ্টি করলে !

—ভার পরেই প্রথমে ব্যাত্তের গর্জন এবং সেই সঙ্গে মান্তবের করুণ স্মার্তনাদ।

পাঁচ

মানুষ শিকার

বাদের ডাঁক আর মান্নষের আর্তনাদ থামতে-না-থামতেই সারি সারি লঠনের ও বিজলী-মশালের (ইলেক্ট্রিক টর্চ) আলোতে চারি দিকের অন্ধকার যেন খণ্ড খণ্ড হয়ে গেল! ঝোপ্ঝাপের ভিতর থেকে দলে দলে পুলিসের লোক গোলমাল করতে করতে বেরিয়ে আসতে লাগল।

কুমারও তর্ তর্ করে গাছের উপর থেকে নেমে এল। কিন্তু নেমে এসে গাছের নীচে চৌকিদারকে আর দেখতে পেলে না। নিশ্চয়ই বাঘের ডাক শুনেই পৈত্রিক প্রাণটি হাতে করে সে চম্পট দিয়েছে।

মুখ তুলেই দেখে, চন্দ্রবার একহাতে রিভলবার আর এক হাতে বিজলী-মশাল নিয়ে ছুটতে ছুটতে তার দিকেই আসছেন।

কাছে এসেই চন্দ্রবার্ উত্তেজিত স্বরে বললেন, 'কুমার, তুমিই কি বন্দুক ছুঁড়েছ ?'

কুমার বললে, 'আজ্ঞে হাা। আমি বাঘটাকে দেখেই বন্দুক ছুঁডেছি, কিন্তু আর্তনাদ করে উঠল একজন মানুষ।'

'বাঘটাকে তুমি কোন্থানে দেখেছ!'

'খুব কাছেই। ঐ যে, ঐখানে।'

চন্দ্রবারু সেইদিকে বিজ্ঞা-মশালের আলো ফেলে বললেন, 'কই, ওখানে তো বাঘের চিহ্নও নেই! কিন্তু মাটির ওপরে ওখানে কে বসে আছে?'— তুপা এগিয়েই তিনি বিস্মিত স্বরে বললেন, 'আরে এ যে আমাদের পটলবার!'

কুমার এগিয়ে দেখলে পটলবাবু মাটিতে বসে গায়ের চাদরখানা দিয়ে নিজের ডান পা-খানা বাঁধবার চেষ্টা করছেন। চন্দ্রবার বললেন, 'এ কি পটলবার, আপনি এখানে কেন? আপনার পায়ে কি হয়েছে, চাদর জড়াচ্ছেন যে!'

পটলবার যন্ত্রণায় মুখ বিকৃত করে বললেন, 'যে-জন্মে আপনারা এখানে, আমিও সেইজন্মেই এখানে এসে লুকিয়েছিলুম ! কিছ ঐ ভদ্রলোক যে গুলি করে আমার একখানা পায়ের দফা একেবারে রফা করে দেবেন, তা তো আমি জানতুম না ! গুলিটা যদি আমার মাথায় কি বুকে লাগত তা হলে কি হত বলুন ?'

কুমার অপ্রস্তুত স্বরে বললে, 'কিন্তু আমি যে স্বচক্ষে বাঘটাকে দেখেই বন্দুক ছুঁড়েছি! আপনার পায়ে কেমন ক'রে গুলি লাগল কিছুই তো বুঝতে পারছি না!'

ক্রম্বরে পটলবার বললেন, 'বাঘকে দেখে বন্দুক ছুঁড়েছেন না, ঘোড়ার ডিম করেছেন! কাছেই কোথায় একটা বাঘ ডেকেছিল, বটে, কিন্তু এখানটায় কোনো বাঘ আসেনি। এখানে বাঘ এলে আমি কি দেখতে পেতুম না ? আপনি স্বপ্নে বাঘ দেখে আঁৎকে উঠেছেন!'

ঠিক মাথার উপরকার একটা গাছ থেকে কে ব'লে উঠল, 'না. কুমারবারু সজাগ হয়েই বাঘ দেখেছেন—-আমিও সজাগ হয়েই বাঘ দেখেছি। পটলবার যেখানে ব'সে আছেন, বাঘটা ঠিক ঐখানেই এসে দাঁড়িয়েছিল!'

সকলে আশ্চর্য হয়ে উপর পানে ভাকিয়ে দেখলে, গাছের গুঁড়ি ধ'রে একজন লোক নীচে নেমে আসছে।

চন্দ্রবার সবিস্থায়ে বললেন, 'একি, মোহনলালবার্ যে! গাছের ওপরে চড়ে আপনি এতক্ষণ কী করছিলেন!

কুমারের দিকে অঙ্গুলিনির্দেশ করে মোহনলাল বললে, 'গাছে বসে ঐ ভদ্রলোকও যা করছিলেন, আমিও তাই করছিলুম। অর্থাৎ দেখছিলুম বিপদ কোন্দিক দিয়ে আসে!'

মোহনলালের বয়স হবে প্রায় চুয়াল্লিশ, মাথায় কাঁচা-পাকা

হেমেক্রকুমার রাম রচনাবদী : ২

28

বাবরি-কাটা চুল, মুখেও কাঁচা-পাকা গোঁফ ও ফ্রেঞ্চ-কাট দাড়ি, রং স্থামবর্ণ, দেহখানি খুব লম্বা-চওড়া—দেখলেই বোঝা যায়, বয়সে প্রোচ হলেও তাঁর গায়ে রীতিমতো শক্তি আছে।

চন্দ্রবার বললেন, 'আপনি বাঘের কথা কি বলছিলেন না ?'

মোহনলাল বললে, 'গ্রা। পটলবার যেখানে বসে আছেন, বিশ্লোতের আলোতে ঠিক ঐথানেই আমি একটা মস্তবড় বাঘকে স্বচক্ষে দেখেছি। তারপরেই বন্দুকের আওয়াজ হল—সঙ্গে সঙ্গে শুনলুম বাষের গর্জন আর মানুষের আর্তনাদ! তারপরে এখন দেখছি, এখানে বাঘের বদলে রয়েছেন পটলবার।'

পটলবাবুর মরা মানুষের-চোথের মতো চোখছটো হঠাৎ একবার জ্যান্সো গরে উঠেই আবার ঝিমিয়ে পড়ল। তারপর তিনি বিরক্ত স্বরে বললেন, 'এখানে যে বাঘ-টাঘ কিছু আসেনি, তার সব-চেয়ে বড় প্রমাণ হচ্ছি আমি নিজে। বাঘটা এখানে এলে আমি এতক্ষণ জ্যান্ডো থাকতুম না।'

চন্দ্রবার্ও সায় দিয়ে বললেন, 'হাা, পটলবার্র এ যুক্তি মানতে হবে। অপনারা হজনেই ভুল দেখেছেন।'

পটলবার বললেন, 'হুজনে কেন, একশো জনে ভুল দেখলেও কোনো ক্ষতি ছিল না, কিন্তু সন্ত্যি-সন্তিয় বন্দুক হোঁড়াটা অত্যন্ত অন্যায় হয়েছে।…এঃ, আমার ঠ্যাংখানার দফা একেবারে রফা হয়ে গেছে,—উঃ! আমি যে আর উঠতেও পারছি না।'

কুমার বেচারী একদম হতভম্বের মতোন হয়ে গেল। সে যে বাঘটাকে দেখেছে এবং তাকে দেখেই বন্দুক ছুঁড়েছে, এ-বিষয়ে তার কিছুমাত্র সন্দেহ ছিল না. অথচ অন্তের সন্দেহভঞ্জন করবার জন্তে কোনো প্রমাণই তার হাতে নেই।

মোহনলাল একটা বিজলী-মশাল নিয়ে মাটির উপরে ফেলে বলে উঠল, 'এই দেখুন চন্দ্রবার, বাঘ যে এখানে এসেছিল ভার স্পষ্ট প্রমাণ দেখুন ৷ 'এই দেখুন, কাঁচামাটির ওপরে বাদের থাবার দাগ।

এই দেখুন, ঐ ঝোপটার ভেতর থেকে থাবার দাগগুলো এইখানে এগিয়ে এসেছে! কিন্তু কী আশ্চর্য! দেখুন চন্দ্রবারু দেখুন!

চন্দ্রবার্ও বাদের পায়ের দাগগুলো দেখে সবিস্ময়ে বলে উঠলেন, 'এ কী ব্যাপার! পায়ের দাগ দেখে বেশ বোঝা যাচ্ছে, বাদটা এদিক পানেই এসেছে বটে, কিন্তু সে যে এখান থেকে আবার ফিরে গেছে, পায়ের দাগ দেখে সেটা মনে হ'চ্ছে না তো!'

আশেপাশে যে-লোকগুলো ভিড় ক'রে দাঁড়িয়েছিল তারা প্রত্যেকেই চমকে উঠল এবং সভয়ে বারংবার চারিদিকে তাকাতে লাগল —কি-জানি বাঘটা যদি কাছেই কোনো জঙ্গলে গা-ঢাকা দিয়ে থাকে!

পটলবাব বললেন, 'বন্দুকের শব্দ শুনেই বাঘটা ইয়তো লম্বা একটা লাফ মেরে পাশের কোনো ঝোপের ভেতরে গিয়ে পাঁড়েছে! কিন্তু এখানে কোনো বাঘ এসেছে বলে এখনো আমি মানতে রাজি নই, -কারণ আমি নিজে কোনো বাঘ দেখিনি!'

বাঘেব পায়ের দাগগুলো আরো ধানিকক্ষণ পরথ করে মোহনলাল বললে, 'না বাঘ যে এখানে এসেছিল, সে-বিষয়ে আর কোনোই সন্দেহ নেই! এখান থেকে সবচেয়ে কাছের ঝোপ হচ্ছে অস্ততঃ চল্লিশ হাত তফাতে৷ কোনো বাঘই এক-লাফে অতদূর গিয়ে পড়তে পারে না! কিন্তু কথা হচ্ছে, বাঘটা তবে গেল কোথায় ?'

পটলবাবু বললেন. 'সে-কথা নিয়ে পরে অনেক মাথা ঘামাবার সময় পাবেন। আপাততঃ আপনারা আমাকে একটু সাহায্য করুন দেখি,—আমার আর দাঁড়াবার শক্তি নেই! এঃ, ঠ্যাংখানার দফা একেবারে রফা করে দিয়েছে দেখছি! কুমারবাবু, মস্ত শিকারী আপনি! বাঘ মারতে এসে মারলেন কিনা মানুষকে! আর মানুষ বলে মানুষ—একেবারে আমাকেই।'

লজ্জায়, অনুতাপে কুমার মাথা না হেঁট করে পারলে না।

মোহনলাল কোনো দিকেই না চেয়ে আপনমনে তখনো বাঘের পায়ের দাগগুলো পরীক্ষা করতেই ব্যস্ত ছিল। পটলবার টিটাকরি দিয়ে বললেন, 'বাঘের পা থেকে ধ্লোয় দাগ হয় বটে, কিন্তু সে দাগ থেকে আর আস্ত বাদ জন্মায় না মোহনলালবারু! মিছেই সময় নষ্ট করছেন!'

মোহনলাল মাথা না তুলেই বললে, 'আমার যেন মনে হচ্ছে, এই বাঘের পায়ের দাগের ভেতর থেকেই আসল বাঘ আমাদের কাছে ধরা দেবে!'

পটলবাবুর মরা চোথ আবার জ্যান্ত হয়ে উঠল—ক্ষণিকের জত্যে তিনি বললেন, 'বলেন কি মশাই ? দাগ থেকে জন্মাবে আস্ত বাঘ, এ কোন্ যাত্মন্ত্রে ?'

নোহনলাল বললে, 'যে-যাত্মত্রে মাটিতে পায়ের দাগ রেখে বাঘ শূলে উপ্নায়!'

চন্দ্রবাব বললেন, 'কথা-কাটাকাটি ক'রে লাভ নেই। চলুন, পটলবাব, আপনি জখন হয়েছেন, আপনাকে আমরা বাঙিতে পৌছে দিয়ৈ আসি।'

—ঠিক দেই মৃদর্ভে দ্র থেকে স্থাক্ষ ফুট্বল-বাশীর আওয়াজ শোনা গেল।

চন্দ্রবারু সচমকে বলে উঠলেন, 'আমার গুপুচরের বাশী! সবাই ঝোপের ভিতর লুকিয়ে পড়—সবাই ঝোপের ভেতর লুকিয়ে পড়! শীগগির আলো নিবিয়ে দাও!

কুমার স্থোলে, 'ব্যাপার কি চন্দ্রবারু ? এ বাশীর আওয়াজের মানে কি ?'

চন্দ্রবার্ বললেন, "আমার গুপুচর বাশীব সংস্কৃতি জানিয়ে দিলে যে, ভুলু-ডাকাতের দল এইদিকেই আসছে! তারা আসছে নিশ্চয় মোহনলালবার্র ব্যুড়ি লুঠ করতে! কিন্তু মোহনলালবার্ কোথায় গেলেন ?পটলবার্ই বা কোথায়?'

মোহনলাनं ५ পहेनवात् একেবারে অদৃশ্য!

কুমার বললে, 'বোধ হয় ভূল্-ডাকাতের নাম গুনেই ভয়ে তাঁরা। কম্পটি দিয়েছেন।'

— তাই হবে। এস কুমার, আমরাও এই ঝোপটার ভেতর গিয়ে অদৃশ্য হই'— বলেই কুমারের হাত ধরে টেনে চন্দ্রবারু পাশেই একটা জঙ্গলের মধ্যে প্রবেশ করলেন।

বিপদের উপরে বিপদ! ঠিক সেই সময়ে আকাশের অস্ক্ষকার.

সমেষগুলো যেন ছাাদা হয়ে গেল—ঝুপ-ঝুপ করে মুষলধারে বৃষ্টি
বারে নিরানন্দের মাত্রা যেন পূর্ণ করে তুললে।

চন্দ্রবার বললেন, 'কুমার, ভোমার বন্দুকে টোটা পুরে নাও— ব্যবারে আর বাঘ নয়, হয়তো আমাদের মানুষ শিকারই করতে হবে!' '

কুমার বললে, 'সে-অভ্যাস আমার আছে। এর আগেও আঘাকে মামুষ-শিকার করতে হয়েছে।'

কালো কালো হাত

সেকি বৃষ্টি[®]!—কোঁটা কোঁটা ক'রে নয়, অন্ধকার শৃত্যের ভিতর থেকে যেন এক বিরাট প্রপাত হুড় হুড় করে জল ঢালছে আর ঢালছে।

চন্দ্রবার্র সঙ্গে কুমার ষে-ঝোপটার ভিতরে গিয়ে আশ্রয় নিলে, সেটা ছিল ঢ়ালু জমির উপরে। অল্পক্ষণ পরেই তাদের প্রায় কোমর পর্যন্ত ডুবিয়ে দিয়ে কলকল আওয়াজে জলধারা ছুটতে লাগল।

চদ্রবার বিরক্তকণ্ঠে বললেন,—'কপাল যাদের নেহাৎ পোড়া, তারাই পুলিসে চাকরি নেয়! শ্রাল-কুকুররাও আজ বাইরে নেই, আমরা তাদেরও অধম!'

কুমার তড়াক ক'রে এক লাফ মেরে বললে, 'কি মুশকিল ! সাপের মতোন কি-একটা আমার গায়ের ওপর দিয়ে সঁাৎ ক'রে চ'লে গেল !'

—'খুব সাবধান কুমার! বর্ধাকালে সুন্দর্বনে সাপের বজ্ উৎপাত! একটা ছোবল মারলেই ভবলীলা একেবারে সাঙ্গ!… দেখ, দেখ, ঐ দেখ! মাঝে মাঝে ইলেকটি কু টর্চ জ্বালিয়ে কারা; সব এই দিকেই আসছে! নিশ্চয়ই ভুলু ডাকাতের দল!'

কুমার বললে, 'ভুলু-ডাকাতকে আপনি কথনো দেখেছেন ?'

—'কেউ কোনোদিন তাকে দেখেনি। সে নিজে দলের সঙ্গে থাকে না। দলের সঙ্গে থাকে কালু-সদার, সে ভুলুর হুকুম-মতো দলকে চালিয়ে নিয়ে বেড়ায়। কালু-সদারকে আমি দেখেছি, সে যেন এক মাংসের পাহাড়, মানুষের দেহ যে তেমন বিপুল হ'তে পারে, না দেখলে আমি তা বিশ্বাস করতুম না। কালুর গায়ে জারও তেমনি। শুনেছি, সে নাকি শুধু-হাতে এক আছাড়ে একটা বাঘকে

বধ করেছিল। একবার সে পুলিশের হাতে ধরা পড়ে। কিন্তু রাত্রিবেলায় হাজত-ঘরের দেওয়াল থেকে আস্ত জানলা উপড়ে ফেলে সে চম্পট দেয়।

চন্দ্রবাবুর কথা শুনতে শুনতে কুমার দেখতে লাগল, চপ্লিশ-পঞ্চাশ হাত তফাৎ দিয়ে ডাকাতের দল ধীরে ধীরে অগ্রসর হচ্ছে। তাদের কারুকে দেখা যাচ্ছিল না বটে, কিন্তু বিজলী-মশালগুলোর আলৈ। দেখে বেশ বোঝা যাচ্ছিল তাদের গতি কোন্ দিকে!

চন্দ্রবাব্ বললেন. 'ত্-একটা আশ্চর্য রহস্তের কোনো কিনারাই আমি করতে পারছি না। ভুল্-ডাকাতের দল ডাকাতি করতে বেরায় কেবল অমাবস্থার রাত্রে। আর যে-অঞ্চলেই তার দল ডাকাতি করতে যায়, সেইখানেই বাঘের বিষম অত্যাচার হয়! বাঘের সঙ্গে যড়যন্ত্র করেই তারা যেন ডাকাতি করতে যায়! একবার একজন সাহেব-গোয়েন্দা ভুলুকে ধরতে এসেছিল। কিন্তু শেষটা বাঘের কবলেই তার প্রাণ যায়। লোকের মুথে শুনি বাঘই নাকি ভুলুর ইষ্টদেবতা, রোজ সে বাঘ-পৃক্তেন করে!'

- 'বাঘ-পূজো ?'
- —'হা। স্থন্দববনে এটা কিছু নতুন কণা নয়। স্থানেকেই এখানে বাঘকে পুজো করে।'
 - —'দেখুন, দেখুন! ডাকাতের দল অন্ত দিকে যাজে!'
- 'হুঁ, ঐ দিকেই মোহনলালের বাসায় যাবার পথ। ওরা যে মোহনলালের বাসার দিকেই যাবে, সেটা আমি আগেই আন্দাজ করেছিলুন। পটলবাবুর সন্দেহ ভুল—মোহনলাল যদি ভুলুর দলের লোক হ'ত, তা'হলে ডাকাতরা কথনোই তার বাড়ি লুঠ করতে আসত না।'

কুমার বললে, 'এখন আপনি কি করবেন গু'

পকেট থেকে একটা বাঁশী বার ক'রে চন্দ্রবারু বললেন, এইবারে আমি বাঁশী বাজাব। ডাকাতর। জানে না, ওরা আজ কী ফাঁদে পা দিয়েছে! আমি বাঁশী বাজালেই আমার দলের লোকরা ওদের ঘেরাও ক'রে ফেলবে। কুমার প্রস্তুত হও!'— চন্দ্রবারু বাঁশী বাজাতে উভত হলেন।

সেই মুহূর্তেই তীত্র স্বরে একটা ফুটবল-বাঁশী বেজে উঠল—কিন্তু সে চন্দ্রবার্র বাঁশী নয় !···ডাকাতের বিজলী মশালগুলো এক পালকে নিবে গেল !

চন্দ্রবার এক লাফে ঝোপের বাইরে এসে বললেন, 'ও বাঁশী কে বাজালে ? ডাকাতদের কে সাবধান ক'রে দিলে ?'—বলতে বলডে তিনিও বাঁশীতে ফুঁ দিলেন—একবার, তুবার, তিনবার!

জঙ্গলের চারিদিকে পুলিসের লঠন জ্বলে উঠল চারিধারে ঝোপঝাপ থেকে দলে দলে পুলিসের লোক বেরিয়ে এল,—তাদের কারুর হাতে বন্দুক, কারুর হাতে লাঠি!

চন্দ্রবার চীংকার করে বললেন, 'ডাকাতরা পালাচ্ছে, ওদের আক্রমণ কর! ঐদিকে—ঐদিকে—শীগগির!' চন্দ্রবার ও কুমার রিভলভার ও বন্দুক ছুঁড়তে ছুঁড়তে ডাকাতরা যেদিকে ছিল সেইদিকে ছুটতে লাগলেন!

কিন্তু যথাস্থানে উপস্থিত হয়ে চন্দ্রবার ডাকাতদের কারুর টিকিটি পর্যন্ত দেখতে পেলেন না। দারুণ বৃষ্টিতে মাটর উপর দিয়ে যেন বক্যা ছুটছে, এলোমেলো ঝোড়ো হাওয়ায় বনজঙ্গল উচ্ছ্ ছল ভাবে ছলছে, বিজলী-মশালের সীমানার বাইরে অন্ধকার জমাট বেঁধে রয়েছে, এর মধ্যে ডাকাতরা যে কোথায়, কোন্দিকে গা ঢাকা দিয়েছে তা স্থির করা অসম্ভব বললেই চলে।

চন্দ্রবার হতাশ ভাবে বললেন, 'নাঃ, আজ্রুও থালি কাদা ঘেঁটে মরাই সার হল দেখছি। কিন্তু কোন রাস্কেল বাঁশী বাজিয়ে তাদের সাবধান করে দিলে, সেটা তো কিছুই বোঝা যাচ্ছে না!'

কুমার বললে, 'বোধ হয় ডাকাতদের কোনো চর বনের ভেতরে লুকিয়ে থেকে আুমাদের গতিবিধি লক্ষ্য করছিল !' — 'সম্ভব। কিন্তু আর এখানে অপেক্ষা করে লাভ নেই, আমরা—' চন্দ্রবার কথা শেষ হবার আগেই হঠাং পাশের জক্ষলের ভিতর থেকে ছখানা বড় বড় কালো হাত বিছ্যাংবেগে বেরিয়ে এল এবং পরমূহূর্তে তারা কুমারকে ধরে শৃন্তে তুলে নিয়ে আবার অদৃষ্ট হয়ে গেল, কুমার একটা চীংকার করবার অবসর পর্যন্ত পেলে না! বিস্ময়ের প্রথম ধাকাটা সামলে নিয়ে কুমার নিজেকে মুক্ত কর্মার চেষ্টা করলে, সঙ্গে সঙ্গে সেই মহা-বলবান অজ্ঞাত শত্রু তার দেহ ধরে এমন এক প্রচণ্ড ঝাঁকানি দিলে যে, তার সমস্ত জ্ঞান বিলুপ্ত হয়ে গেল।

বাঘের গর্তে

নীচে কল কল ক'রে জলের বতা। ছুটে চলেছে, উপরেও ঝড়ের তোড়ে নিবিড় গাছপালার ভিতর দিয়ে যেন শব্দের বতা। ডেকে ডেকে উঠছে এবং এ-সমস্তকেই গ্রাস ক'রে নীরবে বয়ে যাচেছ যেন সন্ধকারের বতা।

এরই মধ্যে কুমার কখন জ্ঞান ফিরে পেলে।

অর্ম্নভবে বুঝলে, তার দেহটা ত্মড়ে কার কাঁথের উপরে পড়ে কংযছে।

সে একটু নড়বার চেষ্টা করতেই একখানা লোহার মতো শক্ত হাতে তাকে টিপে ধরে কে কর্কশ স্বরে বললে. 'চুপ। ছটফট করলেই ট্র্টিটিপে মেরে ফেলব!'—তার হাতের চাপেই কুমারের কোমরটা বিষম ব্যথায় টনটনিয়ে উঠল।

ভীমের মতোন গায়ের জোর,—কে এই ব্যক্তি ? কাঁধে করে কোথায় তাকে নিয়ে যাচ্ছে ? কুমারের ইচ্ছা হল, তার মুখখান। একবার দেখে নেয়। কিন্তু যা ঘুটঘুটে অন্ধকার।

পায়ের শব্দে ব্ঝলে, তার আশে-পাশে আরো অনেক লোক আছে। কে এরা ? ভূলু-ডাকাতের দল ? কিন্তু এত লোক থাকতে এরা তাকে বন্দী করলে কেন ? তাকে নিয়ে এরা কি করতে। চায় ?

অন্ধকারের ভিতর থেকে কে বললে, 'বাপরে বাপ, এত অন্ধকার তো কখনো দেখি-নি! পথ চলা যে দায় হয়ে উঠল, আলো জালব নাকি ু?'

যে তাকে বয়ে নিয়ে যাচ্ছিল সে বললে, 'খবরদার নিশে, আলো জ্বালবার নাম মুখেও আনিস নে! পুলিসের লোক যদি পিছু নিয়ে জ্মাবস্থার রাভ থাকে, তাহলে আলো জ্বাললেই ধরা পড়বি! তার ওপরে এই ছোকরাকে আমি আমার মুখ দেখাতে চাই না।'

আর একজন বললে, 'ওকে মুখই বা দেখাব কেন, আর অমন ক'রে বয়েই বা মরছ কেন ? দাও না এক আছাডে সাবাড় করে।'

- —ভোদা ব্যাটার বাপ ছেলের ঠিক নামই রেখেছিল। ভোদা নইলে অমন বুদ্ধি হয়! ওরে গাধা, আমি কি শথ করে এ ভোড়াটাকে ঘাড়ে ক'রে বয়ে মরছি ?'
 - —'ওকে নিয়ে গিয়ে তোমার কি লাভ হবে ?'
- 'গুরে ব্যাটা ভোঁদা তোর চেয়ে ভোঁদড়ও চালাক দেখছি! এ ছোঁড়াকে নিয়ে কি করব, এতক্ষণে তাও বুঝিস নে ? 'শোন্ তবে!' আপাততঃ এ ছোঁড়া আমাদের আড্ডায় বন্দী থাকবে। ক্যাসছে অমাবস্যায় ডাকাতি করতে বেরুবার আগে মা-কালীর সামনে একে বলি দেব। মা বোধহয় আমাদের ওপরে রেগেছেন। তিনি মুখ ফিরিয়েছেন বলেই এ-যাত্রা আমাদের কাদা ঘেঁটে মরাই সার হল। এমন তো কখনো হয় না। মা নিশ্চয় নরবলি চান!'

লোকটার মুখের কথা শেষ হতে-না-হতেই ভীষণ এক ব্যাড্রের গর্জনে আকাশের মেঘ আর অরণ্যের অন্ধকার যেন থর থর করে কেঁপে কেঁপে উঠল, সঙ্গে সঙ্গে মানুষের তীক্ষ্ণ আর্তনাদ—বার বার তিনবার! তারপরেই সব চুপচাপ।

মহা-আতঙ্কে কম্পিতকণ্ঠে কে বললে, 'সদার!'

- -'কুঁ।'
- —'বাদ !'
- 'না, আমাদের মা বাঘাই-চণ্ডী! বললুম তো, মায়ের ক্ষিদে পেয়েছে, মা নরবলি চান! তোরা তো মাকে থেছে দিলি-নে. মা তাই নিজেই ক্ষিধে মেটাতে এসেছেন!
- —'কিন্তু মা যে আমাদেরই কাকে ধরে নিয়ে গেলেন! এ কি-রকম মা, নিজের পেটের ছেলেকে পেটে পুররেন ?'

— 'ক্ষিধের সময়ে আত্ম-পর জ্ঞান থাকে না রে ভোঁদা আত্মপর জ্ঞান থাকে না! আর কে-ই বা মায়ের ছেলে নয়,—মা তো জগংজননী, সবাই তো মায়ের ছেলে!'

কুমার চুপ করে দব কথা শুনে যাচ্ছিল। নিজের পরিণামের কথাও শুনলে। বলির পশুর মতোন তাকে মরতে হবে! তার মনটা যে খুব খুশী হয়ে উঠল না, দে-কথা বলাই বাহুল্য।

সর্দার বলে যাকে ডাকা হচ্ছে, তাকে যে কাঁধে করে বয়ে নিয়ে যাচ্ছে, কে এই লোকটা ? এই কি ভুলু ডাকাত ? না ভার প্রধান অনুচর কালু-সর্দার ?

হঠাৎ বিমলের কথা তার মনে হ'ল। সে এখন কলকাতায়। তীর বন্ধু যে আজ মরণের পথে এগিয়ে চলেছে, এ-কথা সে জানেও না। কুমারের মনে এখন অন্ধুতাপ হতে লাগল, কেন সে বিমলের জন্মে অপেক্ষা করেনি? কেন সে একলা এই বিপদের রাজ্যে এল ? বিমল যদি আজ এখানে থাকত, তাহলে নিশ্চয়ই সে প্রাণপণে তাকে উদ্ধার করবার চেষ্টা করত—আর খুব-সম্ভব তাকে উদ্ধার করতে পারতও। হয়তো—

আচম্বিতে কি যে হল, কেবল এইটুকুই তার মনে হল অন্ধকারের ভিতর দিয়ে হুস করে সে নীচের দিকে নেমে গেল, তারপরেই ঝপাং করে একটা শব্দ—সঙ্গে সঙ্গে বুঝলে, সে আর মাটির উপরে নেই, জলের ভিতরে গিয়ে পড়েছে।

— একেবারে এক গলা জল! যে লোকটার কাঁধে চড়ে এতক্ষণ সে যাচ্ছিল, সেও এখন জলের মধ্যে!নিজেকে সামলে নিয়ে হাতড়ে সে বুঝলে, তার সঙ্গের লোকটা একেবারে অজ্ঞান হয়ে গেছে!

উপরপানে তাকিয়ে দেখলে থালি ঘুট্ঘুট্ করছে অন্ধকার। তা ছাড়া আর কিছুই দেখা যায় না।

স্মাবার কারিদিক হাতড়ে হাতড়ে সে বুঝলে, তারা একটা অমাবস্থার রাত গভীর গর্তের ভিতরে গিয়ে পড়েছে। স্থন্দরবনের বাসিন্দারা বাদ্ধ ধরবার জন্মে বনের মাঝে মাঝে গর্ত খুঁড়ে গর্তের মুখটা ঘাস-পাতা-গাছপালা দিয়ে ঢেকে রাখে। এটা নিশ্চয়ই সেই রকম কোনো গর্ত।

কুমার কান পেতে শুনতে লাগল। ডাকাতদের কোনো সাড়াশন্দ নেই। তাদের সর্দার যে মা-বাঘাই চণ্ডীর বলি নিয়ে গর্তের মধ্যেঁ কুপোকাৎ, এ-কথা নিশ্চয়ই তারা বুঝতে পারেনি। অন্ধকারে অন্ধ. হয়ে নিশ্চয়ই তারা এগিয়ে গিয়েছে।

কিন্তু একটু পরেই তো তারা নিজেদের ভ্রম বুঝতে পারবে ! তথন আবার তারা সদলবলে ফিরে আসবে !

यि পाला ए इय ए এই इस्ट भालावात मगरा।

কিন্তু চারিদিককার দেওয়ালে হাত বুলিয়ে কুমার বুঝলে, দেওয়াল খাড়াভাবে উপরে উঠেছে—সাপ আর টিক্টিকি না হলে তা বেয়ে উপরে ওঠা অসম্ভব।

म रुजाम रुख भुष्म ।

···হঠাৎ উপরে কার ক্রত পায়ের শব্দ হল,—মাত্র একজনের. পায়ের শব্দ !

কে এ ? ডাকাতরা কি আবার ফিরে এল ? কিন্তু তারা এলে তো দল বেঁধে ফিরে আসবে !

তবে কি এ পুলিসের চর ? ডাকাতদের পিছু নিয়েছে ?

যা থাকে কপালে—এই ভেবে কুমার চেঁচিয়ে ডাকলে, 'কে যায় ?' আমি গর্ভের পড়ে গেছি, আমাকে বাঁচাও!'

কোনো জবাব পাওয়া গেল না। কুমার আবার চেঁচিয়ে বললে. 'আমি গর্ভের মধ্যে পড়ে গেছি—আমাকে বাঁচাও!'

তখনো জবাব নেই।

কিন্তু হঠাৎ কুমারের মৃথের উপরে কি-একটা এসে পড়ল,—ঠিক একটা সাপের মডো। কুমার সভয়ে চম্কে উঠল—কিন্তু তারপরেই বুঝলে, উপর থেকে গতের ভিতরে একগাছা মোটা দড়ি ঝুলছে!

কুমার বিশ্মিত হবারও অবকাশ পেলে না—তাড়াতাড়ি দড়িগাছা চেপে ধরতেই উপর থেকে কে তাকে টেনে তুলতে লাগল।



পাতাল ছেড়ে পৃথিবীর উপরে এসে দড়ি ছেড়ে দাঁড়িয়ে উঠে কুমার উল্লিফিত কঠে বললে, 'কে তুমি ভাই, আমাকে যমের মুখ থেকে বাঁচালে'?'

কারুকে দেখা গেল না—খালি অন্ধকার! কোনো জবাব এল না —খালি শোনা গেল কার ক্রত পায়ের শব্দ! কে যেন সেখান থেকে চ'লে গেল। যেন ভৌতিক কাণ্ড।

কে এই অজ্ঞাত ব্যক্তি? কেন সে তার সঙ্গে কথা কইলে না, কেন সে পরিচয় দিলে না, কেন সে তাকে বাঁচিয়ে এমন ক'রে চ'লে গেল ? এ কী আশ্চর্য রহস্তা!

খানিক তফাং থেকে অনেক লোকের গলার আওয়াজ শোনা যেতে লাগল। আকাতরা ফিরে আসছে। তারা বুঝতে পেরেছে, সর্দার আর তাদের দলে নেই!

কুমার বেগে অক্স দিকে দৌড় দিলে।

আট

পটলবাবুর বাড়ি

অমাবস্থার রাতের সেই রোমাঞ্চরর 'অ্যাডভেঞ্চারে'র পর কুমারের গায়ের বাথা মরতে গেল এক হণ্ডার ও বেশী।

সেদিন সকাল-বেলায় থানার সামনের মাঠে পায়চারি করতে করতে কুমার নানান কথা ভাবছিল।

নানান • ভাবনার মধ্যে তার সবচেয়ে-বড় ভাবনা হচ্ছে, বাঘের গর্তেরু ভিতর থেকে যে তাকে সেদিন উদ্ধার করলে, কে সেই ব্যক্তি ? নিশ্চয়ই সে ডাকাতদের দলের কেউ নয়। গাঁয়ের ভিতরেও কুমারের এমন কোনো বন্ধু নেই (একমাত্র চন্দ্রবাবু ছাড়া), তার জন্মে যার এতটা মাথাব্যথা হবে! এই রহস্থময় ব্যক্তি তার প্রাণরক্ষা করলে, অথচ তাকে দেখাই বা দিলে না কেন ?

*সে-রাতের সব ব্যাপারের সঙ্গেই গভীব রহস্তের যোগ আছে! সে স্বচক্ষে বাঘ দেখলে, বন্দুক ছুঁড়লে, অথচ জখম হলেন পটলবারু! বাঘের পায়ের দাগ রয়েছে, অথচ পটলবারু বলেন, সেখানে বাঘ আসেনি!

কুমার মনে মনে এমনি সব নাড়চাড়া করছে, এমন সময়ে দেখতে পেলে, পথ দিয়ে হন হন করে এগিয়ে চলেছে মোহনলাল।

মোহনলালও তাকে দেখতে পেয়ে থমকে দাঁড়িয়ে পড়ে বললে, 'এই যে কুমারবারু, নমস্কার! শুনলুম আপনি নাকি মস্ত বিপদে পড়েছিলেন ?'

—'হ্যা। কিন্তু হঠাৎ যেমন বিপদে পড়েছিলুম, তেমনি হঠাৎ উদ্ধারও পেয়েছি !

মোহনল্লাল বললে, 'আমি বরাবরই দেখে আসছি কুমারবার্ বিপদের যারা তোঁয়াকা রাখে না, বিপদও যেন তাদের এড়িয়ে চলে।' কুমার একটু হেসে বললে, 'আজে হাা, অস্তত আমার জীবনে বারবার তাই-ই হয়েছে বটে ! · · · কিন্তু এত সকালে আপনি যাচ্ছেন কোথায় ?'

মোহনলাল বললে, 'একবার পটলবাবুকে দেখতে যাচ্ছি। সেদিন আর একটু হলেই তো পটলবাবু আপনার হাতেই পটল তুলেছিলেন, নিতান্ত পরমায় ছিল বলেই বেচারী এ-যাত্রা বেঁচে গেলেন। ভদ্রলোক কেমন আছেন সেই খোঁজ নিতেই চলেছি।'

কুমার লজ্জিতভাবে বললে, 'চলুন, আমিও আপনার সঙ্গী হব। আমার জন্মে তাঁর এই হুর্দশা, তার খবর নেওয়া আমার কর্তব্য।'

মোহনলালের সঙ্গে খানিকদ্র অগ্রসর হয়ে কুমার স্থধোলে, 'আচ্ছা মোহনবাবু, সেদিন যে আমি সত্যি-সত্যিই বাঘ দেখে বন্দুক ছুঁড়েছি, এ-বিষয়ে আপনার কোনো সন্দেহ আছে কি ?'

প্রবলভাবে মাথা নেড়ে মোহনলাল বললে, 'একটুও না—একটুঙ না! তার প্রমাণও দেখুন'—বলেই সে পকেট থেকে কাগজের ছোট এক মোড়ক বার করলে।

মোড়কের ভিতরে রয়েছে একগোছা লোম। বাঘের লোম:

কুমার বিশ্বিতভাবে বললে, 'এ লোম আপনি কোথায় পেলেন ?'

- —'আপনার গুলি থেয়ে পটলবার যেখানে পড়ে ছটফট করছিলেন, সেইখানে।'
 - -- 'লোমগুলোতে এখনো শুকনো রক্তও লেগে রয়েছে দেখছি।'
- —'হ্যা, এথেকে বোঝা যাচ্ছে, আপনার গুলি বাঘের গায়েও লেগেছে!'

কুমার বললে, 'তা না হতেও পারে। হয়তো পটলবাবুর আহত পায়ের রক্তই লোমগুলোতে লেগে আছে।'

- 'না কুমারবাবু, এ মামুষের রক্ত নয়।'
- —'কি করে জানলেন আপনি ?'

মোহনলাল গম্ভীরম্বরৈ বললে, 'আমি পরীক্ষা করে দেখেছি!'

- 'পরীক্ষা ? শুক্নো রক্তের দাগে কি লেখা থাকে যে তা মানুষ না পশুর রক্ত ?'
- 'থাকে কুমারবারু, থাকে। আপনি কি "Bordet Reaction'-এর কথা শোনেন নি ? Bordet সাহেব একরকম পদ্ধতি আবিষ্কার করেছেন, যার সাহায্যে শুকনো রক্তের দাগ পেলেই বলে দেওয়া যায়, তা মানুষ কি পশুর রক্ত !'
 - 'আর সে-পদ্ধতি আপনি জানেন ?'
- 'আজে ইয়া। সেই পদ্ধতিতেই পরীক্ষা করে বুঝেছি, এরক্ত মারুষের রক্ত নায়।'

কুমার বিশায়ে ও নিজের অজ্ঞতায় নির্বাক হয়ে রইল। তার চোখে মোহনলাল আজ নৃতন রূপে ধরা দিলে! সে বেশ বুঝলে, এ ব্যক্তি তো সাধারণ লোক নয়—নিশ্চয়ই এ অনেক ব্যাপারই জানে এবং বোঝে; এবং এ যে এখানে এসেছে, নিশ্চয়ই তার মধ্যে কোনো গৃঢ় কারণ আছে!

খানিকক্ষণ পরে কুমার বললে, 'বাঘের ডাক শুনলুম, তাকে দেখলুম, গুলি করলুম, সে আহত হল, তার রক্তও পাওয়া গেল,— কিন্তু তার পর ? কর্পুরের মতো সে বাঘ কোথায় উবে গল ?'

মোহনলাল চিন্তিত মুথে বললে, 'সেইটেই তো হচ্ছে আসল প্রশ্ন! একটা মস্ত বাঘ তার আস্ত দেহ নিয়ে একেবারে অদৃশ্য হয়ে গেল কোথায় ?

- 'আর তাঁর সেই খোঁড়া চ্যাং নিয়ে পটলবারুই বা চোখের নিমিষে হাওয়ায় মিলিয়ে গেলেন কেমন করে ?'
- হো হো করে হেসে উঠে মোহনলাল বললে, 'প্রাণের দায়ে অসম্ভবও সম্ভব হয় —কচ্ছপও দৌড়ে হরিণকে হারিয়ে দিতে পারে! তবে পটলবার হয়তো ডাকাতদের ভয়ে পিট্টান দেন নি।

- —'তবে গ'
- —'আপনার ভয়েই তিনি বোধ হয় একটিমাত্র ঠ্যাঙে ভর দিয়েই লম্বা দিয়েছিলেন।'
 - —'আমার ভয়ে ?'
- —'হাঁ। আপনার লক্ষ্যভেদ করবার শক্তির ওপরে হয়তোঃ তাঁর মোটেই বিশ্বাস নেই। একবার বাঘ বধ করতে গিয়ে আপনি তাঁর পা খোঁড়া করে দিয়েছিলেন, তার পর আবার ডাকাত মারতে গিয়ে আপনি যে তাঁরই প্রাণপাখিকে খাঁচাছাড়া করতেন না, সেটা তিনি ভাবতে পারেন নি। কাজে কাজেই 'যঃ পলায়তি স জীবতি',! পটলবার বৃদ্ধিমানের কাজই করেছিলেন।'

কুমার অপ্রতিভ হয়ে মাথা হেঁট করলে।

মোহনলাল তার পর যেন নিজের মনে-মনেই বললে, 'কিন্তু এই কিরকম কথা ? ৰাঘের গায়ে লাগল গুলি, বাঘ হল জথম তবে, পটলবাবুর পা কেমন করে থোঁড়া হল 1'

তাই তো, এ কথাটা তো কুমার এতক্ষণ ভেঁবে দেখে নি! এও বা কেমন করে সম্ভব হয় ?

এথানকার সমস্ত কাণ্ডই যেন আজগুবি, এ বিপুল রহস্তের সমুদ্রে যেন কিছুতেই থই পাবার জো নেই!

তারা পটলবাবুর বাড়ির সুমুখে এসে হাজির হল।

পটলবাবুকে প্রথম দেখে কুমারের যেমন মনে হয়েছিল—শ্মশানের চিতার আগুনের ভিতর থেকে একটা মড়া যেন দানোয় পেয়ে জ্যাস্ত পৃথিবীর পানে মিট্মিট্ করে তাকিয়ে দেখছে, তেমনি পটলবাবুর বাড়িখানাকেও দেখে কুমারের মনে হল—এ যেন কার বিজন সমাধিভবন!

চারি ধারে ঝোপঝাপ, ঘন বাঁশঝাড়, পোড়ো ক্সমি; এক-কোণে একটা পচা ডোবা; মাঝখানে একটা পানা-ধরা পুক্র—এক সময়ে ভার সব দিকেই বাঁধানো ঘাট ছিল, এখন ভার একটাও টি কৈ নেই।

সেই পুক্রেরই প্র্চিকে পটলবার্র জীর্ন, পুরোনো ও প্রকাণ্ড বাড়িখানা স্তব্ধ হয়ে দাঁড়িয়ে যেন ভাবছে, এইবারে কবে সে একোরে হুড়্মুড়্ করে ভেঙে পড়বে। এ বাড়িকে কেবল বাড়িবলালই ঠিক বলা হবে না, একে অট্টালিকা বলাই উচিত—সাত-মহলা অট্টালিকা! কিন্তু তার এদিক থেকে ওদিক পর্যন্ত চোখ চালিয়ে খালি দেখা যায়, লোনা-ধরা, ক্ষয়ে-যাওয়া, বালি-খসা ইটগুলো যেন ছাল-ওঠা ঘায়ের মতন লাল হয়ে আছে। অজগর সাপের মতন শিকড় দিয়ে দেওয়ালকে জড়িয়ে বড়ো-বড়ো সব গাছ হাওয়ার ছোয়ায় শিউরে আর্তনাদ করে উঠছে,—এক-একটা গাছ এত বড়ো যে, তার ভাল বেয়ে আট-দশজন মানুষ উঠলেও তারা নুয়ে পডবে না!

কুঁনার সবিস্ময়ে বললে, 'এ তো বাজ়ি নয়, এ যে শহর!
পটলবাবুর প্রপুরুষরা নিশ্চয় খুব ধনী ছিলেন ?'

মোহনলাল বললে, 'জানি না। তবে এইটুকু জানি যে, এ বাড়ি পটলবাবুর পূর্বপুরুষের নয়। পটলবাবু এ গাঁয়ে এসে বাসা বেঁধুছেন মোটে তিন বছর। এই পোড়ো বাড়ি আর জমি তিনি জলের দরে কিনে নিয়েছেন।'

- 'বাড়িখানাকে কিনে এর এমন গ্রবস্থা করে রেখেছেন কেন १'
- 'এত বড়ো বাড়ি মেরামত করতে গেলেও কও হাজার টাকার দরকার, তা কি বুঝতে পারছেন ন। গ বাড়িখানার একটা মহলই পটলবাবুর পক্ষে যথেষ্ট। সেই অংশটুকু মেরামত করে নিয়ে পটলবাবু সেইখানেই থাকেন।'
 - —'কিন্তু এ বাড়ি আগে কার ছিল, আপনি কি তা জানেন ?'
- 'সে খোঁজও আমি নিয়েছি। বাংলা দেশের অনেক বড়ো-বড়ো জমিদারের পূর্বপুরুষ ডাকাত ছিলেন। প্রায় তিনশো বছর আগে এমনি এক ডাকাত-জমিদার এই বাড়িখানা তৈরি করিয়েছিলেন। এরকম সেকেলে বাড়ির ভেতরে অনেক রহস্ত থাকে। আমরা খোঁজিনিলে আজ্ঞও তার কিছু-কিছু পরিচয় পেতে পারি।'

বাড়ির সদর দরজা এমন মস্ত যে তার ভিতরে অনায়াসেই হাতি ফুকতে পারে। এতকাল পরেও দরজার লোহার-কিল-মারা পুরু পাল্লা ছ্থানা একটুও জীর্ণ হয়ে পড়েনি!

মোহনলালের সঙ্গে সঙ্গে বাড়ির ভিতরে ঢুকে কুমার বললে, 'পটলবারু কোন অংশে থাকেন, আপনি জানেন তো ?'

—'জানি। কিন্তু তার আগে বাড়ির অন্য অন্য মহলগুলো একবার বেড়িয়ে এলে আপনার কষ্ট হবে কি ?'

কুমার পরম উৎসাহিত হয়ে বললে, 'কিছু না—কিছু না! বলতে কি, আমিও সেই কথাই ভাবছিলুম। কি স্ক, পটলবাবুকে আগে তো সেটা একবার জানানো দরকার !'

— 'কোনো দরকার নেই; পটলবাবুর মহল একেবারে আলাদা। তার দরজাও অহা দিকে। এ মহলগুলোয় জনপ্রাণী বাস করে না, এগুলো এমনি খোলাই পড়ে থাকে, এর মধ্যে যে কেউ ঢুকতে পারে—কত শেয়াল-কুকুর আর সাপ-খোপ যে এর ভেতরে বাস। বেঁধে আছে, কে তা বলতে পারে!'

একে একে তারা তিন-চারটে মহল পার হল—বাড়ির ভিতরের অবস্থাও তথৈবচ! বড়ো-বড়ো উঠান, দালান, চক-মিলানো ঘর, কারুকাজ করা খিলান, কার্ণিশ, থাম ও দরজা—কিন্তু বহুকালের অয়ত্বে আর কোথাও কোনো শ্রী নেই! ঘরে ঘরে বাহুড় হুলছে, চামচিকে উড়ছে, কোলাব্যাঙ লাফাচ্ছে, পথ দিয়ে চলতে গেলে জংলা গাছপালা ইাটু পর্যন্ত ঢাকা দেয়, ঘুমন্ত সাপ জেগে রেগে ফোঁস্ করে ওঠে, তফাতে তফাতে পলাতক জানোয়ারদের ক্রত পদশব্দ শোনা যায়! শামে মাঝে সব অলিগলি, ভাড়িপথ—তাদের ভিতরে কিষ্টিপাথরের মতন জমাট-বাঁধা ঘুট্ ঘুটে অন্ধকার! কুমারের বার বার মনে হতে লাগল, সেই-সব অন্ধকারের মধ্যে থেকে থেকে যেন ভাষণ সব চোখের আগুন জলে জলে উঠছে—সে হিংমুক, ক্ষ্থিত দৃষ্টিগুলো যেন মামুয়ের রক্তপান করবার জন্তে দিবারাত্র সেখনে জাগ্রত হয়ে

আছে! ... আর সে কী স্তরতা! সে স্তরতাকে যেন হাত বাড়িয়ে স্পর্শ করা যায়!

হঠাৎ কুমার বলে উঠল, 'দেখুন মোহনবার্, মাটির দিকে চেয়ে দেখুন!'

মার্টির পানে তাকিয়েই একটি লাফ মেরে মোহনলাল বলে উঠল, 'আঁটাং! আমি কি চোখের মাথা খেয়েছি যে, এটা দেখতে না পেয়ে বোকার মতো এগিয়ে চলেছি ৷ ভাগ্যিস আপনি দেখতে পেলেন!'
—বলেই সে আগ্রহ-ভরে মার্টির উপরে হেঁট হয়ে পড়ল!

মাট্ট্রি উপর দিয়ে বরাবর এগিয়ে চলেছে বাঘের বড়ো-বড়ে? থাবার চিহ্ন !

সেই পায়ের দাগ ধরে অগ্রসর হয়ে মোহনলাল আর কুমার গিয়ে দাঁড়াল একটা শুঁড়িপথের সামনে। সেখানে আবার নৃতন ও পুরাতন অসংখ্য পায়ের দাগ—দেখলেই বেশ বোঝা যায়, ব্যাছ্রামহাশয় সেখানে প্রায়ই বেড়াতে আসেন।

• মোহনলাল বললে, 'পটলুবাবুর এই রাজপ্রাসাদে যে এত-বেশি বাঘের আনাগোনা, গাঁয়ের কেউ তো সে খবর জানে না!'

চিড়িয়াথানার বাঘের ঘরে যেরকম ছর্গন্ধ হয়, শুঁড়িপথের গাঢ় অন্ধকারের ভিতর থেকে ঠিক সেইরকম একটা বিশ্রী, বোট্কা গন্ধ বাইরে বেরিয়ে আসছে।

মোহনলাল একবার সেই ভয়াবহ শুঁড়িপথের ভিতর দিকে দৃষ্টিপাত করলে, তার পর ফিরে কুমারের দিকে তাকিয়ে বললে, 'কুমারবারু, এর ভেতরে ঢোকবার সাহস আপনার আছে ?'

কুমার তাচ্ছিল্যের হাসি হেসে বললে. 'পরীক্ষা করে দেখতে পারেন।'

— 'তা হলে আমার সঙ্গে আসুন'—বলেই মোহনলাল বিনা দিধায় সেই অন্ধকারে অদৃশ্য বিপদ ও রহস্যে পূর্ণ শুঁ ড়িপথের ভিতরে প্রবেশ করল শ্রবং তার সঙ্গে সঙ্গে এগুল কুমার—অটল পদে. নির্ভীক প্রাণে।

মরণের সামনে

নমোহনলাল যে একজন বিশেষ বৃদ্ধিমান ও রহস্তময় ব্যক্তি, আজকে তার সঙ্গে ভালো করে কথা কয়ে কুমার এটা তো বেশ বৃষতে পারলেই, তার উপরে তার বৃকের পাটা দেখে সে অত্যন্ত অবাক হয়ে গেল।

কুমার আর একজন মাত্র লোককে জানে, এরকম মিরার মতো সে এমনই মৃত্যুভয়-ভরা অজানা বিপদের মধ্যে ঝাঁপ দিতে ভালোবাসে। সে হচ্ছে তার বন্ধু বিমল। ছেলেবেলা থেকেই বিপদের পাঠশালায় সে মানুষ।

কিন্তু মোহনলাল কেন যে যেচে এই গৃত্যু-থেলায় যোগ দিয়েছে, কুমার সেটা কিছুতেই আন্দাজ করতে পারছে না। সেও কি তাদেরই মতো সথ করে নিরাপদ বিছানার আরাম ছেড়ে চারি দিকে বিপদকে খুঁজে খুঁজে বেড়ায়, না নিজের কোনো স্বার্থসিদ্ধির জন্মেই অমাবস্থার রাতের এই ভীষণ গুপুকথাটা সে জানতে চায় ?

কিন্তু এখন এ-সব কথা ভাববার সময় নয়। কী ভয়ানক শুঁড়িপথ এ ? কয়েক পা এগিয়েই কুমার দেখলে, গলির মুখ দিয়ে বাইরের একটুখানি যে আলোর আভা আসছিল, তাও অদৃশু হয়ে গেছে! এখন খালি অন্ধকার আর অন্ধকার—সে নিবিড় অন্ধকারের প্রাচীর ঠেলে কোনো মান্ধবের চোখই কোনো দিকে অগ্রসর হতে পারে না।

শুঁ ড়িপথের ত্ন দিকের এবড়ো-থেবড়ো দেওয়াল এত বেশি স্যাৎসেঁতে যে, হাত দিতেই কুমারের হাত ভিজে গেল! আর সেই জ্বানোয়ারি বোঁটকা গন্ধ! নাকে খুব কষে কাপড়-চাঁপা, দিয়েও কুমারের মনে হতে লাগল, তার পেট থেকে অন্ধপ্রাশনের ভাত পর্যস্ত আজ বোধ হয় উঠে আসবে!

মোহনলালের হাতে, সেই অন্ধকারকে বিদীর্ণ করে হঠাৎ একটা ছোটো ইলেক্ট্রিক্ লঠনের উজ্জ্বল আলো জলে উঠল। কুমার ব্রুলে, মোহনলাল রীতিমতো প্রস্তুত হয়েই এসেছে।

মোহনলাল বললে, 'কুমারবারু, আপনার কাছে কোনো অস্ত্র-টস্ত্র আছে ?'

- -- 'ना।'
- 'আপনি দেখচি আমার চেয়েও সাহসী! নিরস্ত্র হয়ে এই ভীষণ স্থানে দুকতে ভয় পেলেন না ?'
- • 'আপনিও তো এখানে ঢুকেছেন, আপনিও তো বড়ো কম সাহসী নন !'
- —'কিন্তু আমার কাছে রিভলভার আছে।' বলেই মোহনলাল ফস্করে হাতের আলোটা নিবিয়ে ফেললে।
 - -- 'ও কি. গালো নেবালেন কেন গ'
- একবার খালি দেখে নিলুম, পথটা কিরকম। অজানা পথ না হলে এখানে আলো জ্বালতুম না—শক্রর দৃষ্টির আকর্ষণ করে লাভ কি ?'
 - --- 'শক্ত १'
- 'হাা। এই পথের মাটির ওপর আলো ফেলে এই মাত্র দেখলুম যে, এখানে খালি বাঘের পায়ের দাগই নেই, মানুষের পায়ের দাগও রয়েছে!
 - 'একসঙ্গে বাঘের আর মানুষের পায়ের দাগ ? বলেন কি !'
- 'চুপ! আর কথা নয়। হয়তো কেউ আমাদের কথা কান পেতে শুনছে।'

অত্যস্ত সতর্কভাবে পা টিপে টিপে ছজনে এগুতে লাগল—

অন্ধকার ধ্বেন হাজার হাত বাডিয়ে ক্রমেই বেশি করে তাদের চেপে

ধরছে, বদ্ধ-বাতাস হুর্গদ্ধে যেন ক্রমেই বিষাক্ত হয়ে উঠছে, কি-একটা প্রচণ্ড আতঙ্ক যেন তাদের সর্বাঙ্গ আচ্ছন্ন করে দেবার জ্বন্থে চেষ্টা করছে! কুমারের মনে হল, সে যেন পৃথিবী ছেড়ে কোনো ভূতুড়ে জগতের ভিতরে প্রবেশ করছে—এ পথ যেন যমালয়ের পথ, প্রেতাত্মা ছাড়া আর কেউ যেন এ পথে কোনোদিন পথিক হয় নি!

আচম্বিতে মাথার উপর দিয়ে বন্ধ-বাতাসের মধ্যে ঠাণ্ডা হাওয়ার চঞ্চল তরঙ্গ তুলে ঝট্পট্ করে কারা সব চলে গেল! সমাধির নিঃশব্দতার মধ্যে হঠাং সেই শব্দ শুনে কুমারের বুকের কাছটা ধড়্ফড়িয়ে উঠল,—কিন্তু তার পরেই বুঝলে, এই মৃত ক্লগতে জীবস্তের সাড়া পেয়ে বাছড়েরা দলে দলে উড়ে পালাচ্ছে!

আরো কিছুদ্র এগিয়েই মোহনলাল চুপি চুপি বললে, 'এখানে একটা দরজা আছে বোধ হয়'—বলেই সে আবার এগিয়ে গেল।

অন্ধকারে হাত বুলিয়ে কুমারও বুঝলে, দরজাই বটে-! তার পর পাল্লা ছটো খোলা। সেও চৌকার্চ পার হয়ে গেল। তার পর ছদিকে হাত বাড়িয়েও আর দেওয়াল খুঁজে পেলে না। শুঁড়িপথ তা হলে শেষ হয়েছে!

কিন্তু তারা কোথায় এসেছে ? এটা ঘর, না অগ্য-কিছু ? এখানেও হুৰ্গন্ধের অভাব নেই, উপর-পানে চাইলে অন্ধকার ছাড়া আর কিছু দেখা যায় না—কিন্তু কুমার অন্থভব করলে যে শুঁড়িপথের থমথমে বদ্ধ-বাতাস আর এখানে স্তম্ভিত হয়ে নেই।

তারা ত্জনেই সেথানে স্তব্ধ হয়ে দাঁড়িয়ে সন্দিশ্ধ ভাবে খানিকক্ষণ কান পেতে রইল এবং অন্ধকারের মধ্যে দেখবার কোনো-কিছু খুঁজতে লাগল। কিন্তু কিছু দেখাও যায় না, কিছু শোনাও বায় না! যেন দেহশৃত্য মৃত্রের রাজ্য!

অনেকক্ষণ অপেক্ষা করার পর মোহনলাল আবার ভার ইলেকট্রিক লগুনটা ছাললে।

82

এটা প্রকাণ্ড একটা হল-ঘরের মতো, কিন্তু এটা ফর নয়, কারণঃ হেমেক্রকুমার রাম রচনাব্রী : ২ ষর বলতে যা বোঝায়, এ-জায়গাটাকে তা বলা যায় না। এটা একটা প্রকাণ্ড উঠোনের চেয়েও বড়ো জায়গা, কিন্তু মাথার উপরে রয়েছে ছাদ। মাঝে মাঝে থাম—ছাদের ভার রয়েছে তাদের উপরেই।

হঠাং মোহনলাল সবিস্থায়ে একটা অব্যক্ত শব্দ করে উঠল! তার পরেই কুমারের একথানা হাত চেপে ধরে বললে, 'দেখুন কুমারবার, দেখুন!'

কী ভয়ানক ! · · · কুমার রুদ্ধাসে আড় ষ্ট নেত্রে দেখলে, তাদের কাছ থেকে হাত-দশেক তফাতেই পড়ে রয়েছে একটা মড়ার মাথা। এবং সেই মাথাটার পাশেই মাটির উপরে এলানো রয়েছে স্ত্রীলোকের মাথার একরাশি কালো চুল!

খানিকক্ষণ এক দৃষ্টিতে সেই দিকে তাকিয়ে থেকে, একটা নিঃশাস ফেলে মোহনলাল বললে, 'ঐ মড়ার মাথা থেকেই ও-চুলগুলো খসে পাড়েছে। ও-মাথাটা নিশ্চয়ই কোনো স্ত্রীলোকের!'

কুমার বললে, 'হ্যা। এখনো ও-মাথাটার আশে-পাশে কিছু-কিছু চুল লেগে রয়েছে। যার ঐ মাথা, নিশ্চয়ই সে বেশিদিন মরে নি!'

মোহনলাল জঃখিত সরে বললে, 'অভাগীর মৃত্যু হয়েছে হয়তে: কোনো অমাবস্থার রাতেই।'

কুমার সচমকে প্রশ্ন করলে, 'কী বলছেন আপনি ?'

মোহনলাল বিরক্তভাবে বললে, 'কুমারবারু, অমাবস্থার রাতের রহস্য বোঝবার জন্যে আপনার এখানে আসা উচিত হয় নি ! আপনি নিজের চোখকে যখন ব্যবহার করতে শেখেন নি, তখন এ রহস্তের কিনারা করবার শক্তিও আপনার নেই ! আপনি জানেন যে, বাঘের কবলে পড়ে এখানে অনেক স্ত্রীলোকের প্রাণ গিয়েছে। আমাদের সামনে যে সড়ার মাথাটা পড়ে মুয়েছে, ওটা যে কোনো স্ত্রীলোকের মাথা, সে-বিষয়ে কোনো সন্দেহই নেই। তার উপরে, আপনি কি এও দেখতে পাছেন না যে, এ জায়গাটার নরম মাটির উপরে চারি দিকেই রয়েছে বাঘের থাবার দাগ ? ছইয়ে ছইয়ে যোগ করলে

কৈ হয় তা জানেন তো ? চার ! এ মড়ার মাথাটা হচ্ছে, ছই ! আর বাঘের থাবার দাগ হচ্ছে, ছই ! এই ছই আর ছইয়ে যোগ করুন, চার ছাড়া আর কিছুই হবে না ! অমাবস্থার রাতে এখানে বাঘের উপদ্রব না হলে আমরা আজ ঐ মড়ার মাথাটাকে কখনোই এজায়গায় দেখতে পেতুম না !

অপ্রতিভ কুমার মাথা হেঁট করে মোহনলালের এই বক্তৃতা নীরবে সহা করলে। মোহনলালের স্কন্ধ-বৃদ্ধি ও তীক্ষ্ণ দৃষ্টির কাছে আজ সে হার না মেনে পারলে না।

মোহনলাল লঠনটা সামনের দিকে এগিয়ে আবার বললে, 'কুমারবার, ওদিকটাও দেখেছেন কি ?'

খানিক তফাতে দেখ। গেল, একরাশ হাড়ের স্থৃপ! নান্তবের হাড়ের হাড়, পায়ের হাড়, বুকের হাড়, নাথার খুলি! কত নামুবের হাড় যে ওখানে জড় করা আছে, তা কে জানে!—দেখলেই বুক ধড়াস্ করে ওঠে!—এ যে মড়ার হাড়ের দেশ! যাদের ঐ হাড়, তাদের অশান্ত প্রেতাত্মারাও কি আজ এই অন্ধকার কোটরের আনাচেকানাচে আনাগোনা করছে, নিজেদের দেহের শুকনো হাড়গুলোকে আবার ফিরে পাবার জত্যে ?

কেন সে জানে না, কুমারের বার বার মনে হতে লাগল, ইলেকট্রিক্ লগুনের আলোক-রেথার ওপারে গাঢ় কালো অন্ধকার যেখানে এই চিররাত্রির আলোকহীন গর্তের মধ্যে থমথম করছে, সেখানে দল বেঁধে দাঁড়িয়ে মান্থষের চোথে অদৃশ্য হয়ে কারা সব প্রেতলোকের নিঃশব্দ ভাষায় ফিস্ ফিস্ করে কথা কইছে আর ঘন দিন দীর্ঘনিয়াস ত্যাগ করছে!—

— এতক্ষণ ঐ বীভংস অস্থি-স্থার চার পাশে দার বেঁধে বসে যেন তারা নিজেদের মৃতদেহের হাড়গুলো খুঁজে বার করবার জাত্য হাতড়ে দেখছিল, এখন মানুষের হাতের আলোর ছোয়া লাগবার ভাষে তারা সবাই অন্ধকারের ভিতরে গিয়ে লুকিয়েছে! কুমার আর থাকতে না পেরে, তুই হাতে মোহনলালের তুই কাঁধ প্রাণপণে চেপে ধরে বললে, 'মোহনবার ! আর নয়, এখানে আর আমি থাকতে পারছি না—আকাশের আলোর জন্যে প্রাণ আমার ছট্ফট্ করছে, চলুন—বাইরে যাই চলুন!'

মোহনলাল বললে, 'কুমারবাবু, আমারও মনটা কেমন ছাং-ছাং করছে! মনে হচ্ছে যেন ভগবানের চোখ কখনো এই অভিশপ্ত অন্ধকারের ভিতরে সদয় দৃষ্টিপাত করে নি, জ্যান্ত মানুষ যেন কখনো এখানে আসতে সাহস করে নি!… আমিও আপনার মতো বাইরে যেতে পারলেই বাঁচি—কিন্তু তার আগে, একবার ওদিকটায় কি আছে, দেখে গৈতে চাই।… আসুন!'

কুমারের হাত ধরে মোহনলাল আবার সামনের দিকে এগিয়ে গেল। তার পর, হাত ত্রিশ জমি পার হয়েই হঠাৎ থমকে দাঁড়িয়ে শড়লু।

কুমার আশ্চর্য নেত্রে দেখলে, সেখানেও উপরে ছাদ রয়েছে, কিন্তু সামনের দিকে নীচে আর মাটি নেই, থই থই করছে জল আর জল!

বাঁ দিকে দেওয়াল এবং সামনের দিকেও প্রায় ত্রিশ-প্রত্তিশ
ফুট পরে আর-একটা খাড়া দেওয়াল। তারই ভিতরে একটা
জলে পরিপূর্ণ দীর্ঘ খাল ডান দিকে সমান চলে গিয়ে অন্ধকারের
ভিতরে কোথায় যে হারিয়ে গিয়েছে, তার কোনো পাতা পাবার
জো নেই!

কুমার অবাক হয়ে জলের দিকে তাকিয়ে আছে, হঠাৎ পিছন দিকে কেমন একটা অকুট শব্দ হল।

মোহনলাল বি্হ্যতের মতো ফিরে হাতের লগ্ঠনটা স্ব্যুথে এগিয়ে ধরলে ! এবং তার পরেই লগ্ঠনের আলোটা নিবিয়ে দিল !

সে কী দৃশ্য! অনেক দ্রে—শুঁড়িপথের যে-দরজা দিয়ে তারা এখানে এসেঁছে, সেই দরজার ভিতর দিয়ে দলে দলে কারা সব হল- ষরের ভিতরে এসে ঢুকছে! তাদের অনেকের হাতে হ্যারিকেন লগুন, কারুর হাতে বন্দুক এবং কারুর কারুর হাতে চকচক করছে-বর্শা বা তরোয়াল! তাদের চেহারা কালো-কালো, গা আত্ন্ড এবং চোখ দিয়ে ঝরছে যেন হিংসার অগ্নিশিখা!

কিন্তু মোহনলাল ইলেকট্রিক্ লগ্ঠন নিবিয়ে ফেলবার আগেই আগন্তকরা তাদের দেখে ফেললে এবং সঙ্গে সঙ্গে তাদেরও হাতের সমস্ত আলো নিবে গেল! তারপরেই বন্দুকের আওয়াজ হল— গুড়ুম, গুড়ুম!

কুমার ও মোহনলালের আশপাশ দিয়ে তিন-চারটে বন্দুকের গুলি সোঁ-সোঁ করে চলে গেল!

মোহনলাল বলে উঠল, 'কুমারবারু, লাফিয়ে পড়ুন—লাফিয়ে পড়ুন !'

- —'কোথায় ?'
- 'এই খালের জলে! বাঁচতে চান তো লাফিয়ে পড়ুন' বলেই মোহনলাল লাফ মারলে, সঙ্গে সঙ্গে কুমারও দিলে মস্ত এক লাফ।

ঝপাং, ঝপাং করে তুজনেই জলের ভিতর গিয়ে পড়ল !

মোহনলাল ইলেকট্রক্ লঠনটা আর একবার জালিয়ে বললে, এ জলে দেখছি স্রোতের টান। নিশ্চয়ই কোনো নদীর সঙ্গে এর যোগ আছে! সাঁতার দিয়ে স্রোতের টানের সঙ্গে ভেসে চলুন!

মোহনলালের মুখের কথা শেষ হতেঁ-না-হতেই হাত কয়েক তফাতে জল তোলপাড় করে প্রকাণ্ড কি-একটা ভেসে উঠল!

কুমার সভয়ে বললে, 'কুমির, কুমির!'

রহস্থ বাড়ছে

অন্ধকার!

সামনে দপ্প দপ্করে ছ-টুকরো আগুন জ্বলছে! সে ছটো

কুষিরের চোখ, না সাক্ষাং মৃত্যুর চোখ ?

ওপাশ থেকে মোহনলালের স্থির, গম্ভীর অথচ দ্রুত কণ্ঠস্বর শোনা গেল, 'কুমারবাবু! টপ্ করে ডুব দিন। ডুব-সাঁতার দিয়ে যতটা পারেন ভেসে যান। আবার ভেসে উঠে নিঃশ্বাস নিয়ে ডুব দিয়ে অফী দিকে এগিঁয়ে যান। এইভাবে একবার ভেসে উঠে নিঃশ্বাস নিয়ে আবার প্রুব দিয়ে এঁকেবেঁকে এগিয়ে চলুন!'

নোহনলালের মুখের কথা শেষ হতে-না-হতেই সামনের আগুনচোখছটো নিবে গেল। কুমার বুঝলে, কুমির শিকার ধরবার জন্যে

তুব দিলে। সঙ্গে সঙ্গে সেও দিলে ডুব। নিঃশ্বাস বন্ধ করে জলের
তলা দিয়ে ডান দিকে যতটা পারলে সাঁতরে এগিয়ে গেল। তার পর
তেপে উঠে নিঃশ্বাস নিয়েই আবার ডুব দিয়ে ডান দিকে এগিয়ে
গেল। এমনি করেই বারংবার ভেসে এবং বারংবার ডুবে এঁকেবেঁকে
কুমার অনেকক্ষণ সাঁতার দিলে! সঙ্গে সঙ্গে সে ভাবতে লাগল,
মোহনলাল বিপদেও কী অটল! কী তার স্থির বুদ্ধি! সামনে ভীষণ
কুমির দেখে সে যখন ভয়ে ভেবড়ে পড়েছে, মোহনলালের মাথা তখন
বিপদ খেকে মুক্তিলাভের উপায় চিন্তা করছে! মোহনলাল যেকৌশল তাকে শিখিয়ে দিলে সেটা সেও জানত, কিন্তু কুমিরের
মুখে পড়ে তার কথা সে শ্রেফ ভুলে গিয়েছিল!

কুমিররা লক্ষ্য স্থির করে জলের উপরে ভেসে উঠেই তার পর ডুব দিয়ে ঠিক লক্ষ্য স্থলে গিয়ে শিকার ধরে। কিন্তু ইতিমধ্যে যাকে সে ধরবে, সে যদি স্থান-পরিবর্তন করে, তা হলে কুমির তাকে আর ধরতে পারে না। খানিকক্ষণ পরেই কুমার দেখলে যে সামনের দিকে দ্রে দিনের ধবধবে আলো দেখা যাচছে! তা হলে ঐটেই হচ্ছে সুড়ক্ষ-খালের মুখ?

কিন্তু পিছনে কালো জল তোল্পাড় করে যে নির্দয় মৃত্যু তথনো এগিয়ে আসছে, তার কবল থেকে উদ্ধার পাবার জন্মে তাকে তথনি আবার ডুব দিতে হল, আলো দেখে খুশি হবার বা মোহনলালের থোঁজ নেবার অবসর কুমারের এখন নেই!...

সুড়ঙ্গ-খাল শেষ হল, কুমার বাইরের উজ্জ্বল সূর্য কিরণে এসে দেখলে, অদ্রেই সোহনলালও নদীর উপরে ভেসে উঠল !...কুমার বুঝলে, খাল কেটে গাঁয়ের কাজলা-নদীর জলই সেই প্রকাণ্ড সুড়ঙ্গের মধ্যে নিয়ে যাওয়া হয়েছে। নিশ্চয়ই এ-সব হচ্ছে সেকৈলে ডাকাতদের কাণ্ড।

পিছনে তাকিয়েই দেখলে, সে একগুঁয়ে কুমিরটাও জলের টুপরে জেগে উঠল, মোহনলালের খুব কাছেই।

মোহনলাল ক্রুদ্ধ ও বিরক্ত স্বরে চেঁচিয়ে বললে, 'ভারি তো জালালে দেখছি! এ আপদ যে কিছুতেই আমাদের সঙ্গ ছাড়তে চায় না!' কুমির ও মোহনলাল আবার জলের তলায় অদৃশ্য হল।

এবারে কুমার আর ড়ুব দিলে না, কারণ সে বুঝে নিলে, কুমিরের লক্ষ্য এখন মোহনলালের দিকেই।

আবার নোহনলাল থানিকটা তফাতে গিয়ে ভেসে উঠল এবং কুমিরটাও ভেসে উঠল ঠিক সেইখানেই, একটু আগেই মোহনলাল যেখান থেকে ভুব মেরেছিল! আবার শিকার ফস্কেছে দেখে কুমিরটা নিক্ষল আফোশে জলের ওপরে ল্যাজ আছড়াতে লাগল—মানুষ খেতে এসে তাকে এমন বিষম পরিশ্রম বোধ হয় আর কখনোকরতে হয় নি!

মোহনলাল বললে, 'না, এ লুকোচুরি খেলা আর ভালো লাগছে না—দেখি, এতেও ব্যাটা ভয় পায় কি না!'—বলৈই সৈ কুমিরের চোখ টিপ করে উপরি-উপরি তিনবার রিভলভার ছুঁড়ে সাঁৎ করে:
জলের তলায় নেমে গেল—সঙ্গে সঙ্গে কুমিরও অদৃশ্য !

রিভলভারের গুলিতে কুমির যে মরবে না, কুমার তা জানত। যত বড়ো জানোয়ারই হোক সাধ করে কেউ রিভলভারের গুলি হজম করতে চায়ু না। তাই এবার মোহনলাল ভেসে ওঠবার পরেও কুমিরটার ল্যাজের একটুথানি ডগা পর্যন্ত দেখা গেল না।

মোহনলাল বললে, 'মানুষ খাবার চেপ্তা করলে যে সব-সময়ে আরাম পাওয়া যায় না, কুমিরটা বোধ হয় তা বুকতে পেরেছে! অন্তত তার একটা চোখ যে কাণা হয়ে যায় নি, তাই-বা কে বলতে পারে ?
...চলুন, কুমারবার, আমরা ডাঙায় গিয়ে উঠি।'

•তীরে উঠে মোহনলাল বললে, 'এনেছিলুম পটলবারুর সঙ্গে দেখা করতে কিন্তু আপনি কি বলেন কুমারবারু, এ-অবস্থায় আমাদের কি আর কোনো ভদ্রলোকের সঙ্গে দেখা করতে যাওয়া উচিত ?'

কুমার বললে, 'পটলবাবৃর সঙ্গে আর একদিন দেখা করলেই চলবে। আর সত্যিকথা বলতে কি. পটলবাবুর ওপরে আমার অত্যন্ত সন্দেহ হচ্ছে।'

- —'কেন ?'
- 'পটলবাবুর বাড়ির ভেতরে আজ যা দেখলুম তার সঙ্গে তাঁর যে যোগ নেই—এটা কি বিশ্বাস করা যায় ?
- 'না, বিশ্বাস করা যায় না । কিন্তু পটলবারু তো অনায়াসেই বলতে পারেন বে, এই সেকেলে প্রকাণ্ড অট্টালিকার ভাঙা ইটের রাশির ভেতরে কোনো মানুষ ভরসা করে পা বাড়ায় না । তিনি এর বার মহলটাই মেরামত করে নিয়েছেন, এর ভেত্তে তিনিও কোনোদিন ঢোকেন নি, স্থতরাং এর মধ্যে কি হচ্ছে না-হচ্ছে তা তিনি কেমন. করে জানবেন ?
 - —'তিনি বললেই আমরা কি মেনে নেব ?'
 - —'অুগত্যা,। •না মেনে উপায় কি ? আমাদের প্রমাণ কোথায় ?-

বাড়ির ভাঙা মহলগুলো তো দিন রাতই খোলা পণ্ড়ে থাকে, বাইরের যে কোনো লোক যখন খুশি তার ভেতরে চুকতে পারে—যেমন আজ আমরা চুকেছিলুম, অথচ পটলবারু কিছুই টের পান নি। ডাকাত বা অহ্য কোনো বদমাইসের দল কোনো অজানা গুপ্তপথ দিয়ে তার মধ্যে চুকে কখন কোথায় আস্তানা পাতে, সে কথা তিনি কি করে জানবেন ? ভাঙা বাড়ির ভেতরে যে বাঘের আর্ডা আছে, এটাও তাঁর পক্ষে জানা সম্ভব নয়। আর বুনো বাঘ যদি মান্নুব ধরে থায়, সেজহ্যে কেউ পটলবারুর ঘাড়ে দোষ চাপাতে পারে না। আর এ হচ্ছে আশ্চর্য বুনো বাঘ—পোড়ো-বাড়িতে থাকে, তিথি-নক্ষত্রের খবর রাখে, অমাবস্থার রাত না হলে তার ক্ষিদে হয় না, গয়না-পরা দ্রীলোক ছাড়া আর কারুকে সে ধরে না, আবার সঙ্গে করে আনে ডাকাতের দল ?

কুমার সন্দেহ পূর্ণ কণ্ঠে বললে, 'প্রতি অমাবস্থার রাতে এখানে এসে যে দেখা দেয়, সে কি সত্যিসত্যিই বাঘ, না আর কিছু ?'

— 'আপনি তো সচক্ষেই বাঘটাকে দেখেছেন। আমিও দেখেছি।

এ যে আসল বাঘই বটে, তারও প্রমাণ আজ পেয়েছি। পোড়োবাড়ির অন্ধকার গহররে মানুষের হাড়ের স্থপ তো দেখেছেন। যাদের
রক্ত-মাংস গেছে বাঘের জঠরে, সেই অভাগাদেরই হাড়ের রাশি
সেখানে পড়ে রয়েছে।'

কুমার ভাবতে ভাবতে বললে, 'এ বাঘ কি মায়া-বাঘ, না এ-সব ভুতুড়ে কাও ?'

— 'গাঁয়ের লোকরাও বলে, এ-সব ভৃতুড়ে কাও। কিন্তু বিংশ শতাব্দীর ইংরেজ আইনের কাছে ভৃতুড়ে কাও বলে কোনো কাওই নেই। আমরা একালের সভ্য লোক, ভৃত তো কোন ছার, ভগবানকেই আমরা উড়িয়ে দিতে পারলে বেঁচে যাই। কিন্তু যাক সে কথা। এখন আপনি কি করবেন ?'

^{—&#}x27;থানায় ফিরে যাব।'

- 'কিন্তু সাবধান, আজ যা দেখেছেন, থানার কারুর কাছে তা প্রকাশ করবেন না।'
- 'অমাবস্থার রাতের রহস্থ যদি জানতে চান, তাহলে একেবারে

 •মুখ বন্ধ রাখবেন। পুলিসের কাছে এখন কিছু জানালেই তারা
 বোকার মতো গোলমাল করে সব গুলিয়ে দেবে। আজ যা দেখলুম
 তাতে •মনে হয়, মাপনি চুপচাপ থাকলে আসছে অমাবস্থাতেই
 সব রহস্থের কিনারা হয়ে যাবে। আজ আর এর বেশি কিছু বলব
 না। নমস্বার।' মোহনলাল তার বাসার দিকে চলে গেল।

কুমার চিন্তিত মুখে থানার দিকে এগিয়ে চলল। বাসার কাছ বুরাবর এসেই সে দেখলে, চন্দ্রবার একদল পাহারাওয়ালা নিয়ে থানার ভিত্তিত থেকে বেরিয়ে আসছেন।

- ু কুমারকে দেখেই তাড়াতাড়ি তার কাছে এসে বললেন, 'এই যে কুমার! তোমার জন্মে আমার বড়ো ভাবনা হয়েছিল।'
 - 'কেন চন্দ্ৰবাবু ়'
- 'আমি শুনলুম তুমি আর মোহনলাল নাকি নদীতে কুমিরের মুথে পড়েছ! এখন তোমাকে দেখে আমার সকল ভাবনা দ্ব হল।— যাক এ যাত্রা তা হলে তুমি বেঁচে গিয়েছ।'
- 'এ যাত্রা কেন চন্দ্রবাবু, অনেক যাত্রাই এমনি আমি বেঁচে গেছি। তবে একদিনের যাত্রায় মরণকে যে আর ফাঁকি দিতে পারব না, সে-বিষয়ে কোনোই সন্দেহ নেই।'

'কুমিরটা কি মোহনলালের রিভলভারের গুলি থেয়েই পালিয়ে গেছে ?'

- —'গাঁয়ের চারি দিকেই আমার গুপুচর আছে, এ কথা তো তুমি জানো !···কিন্তু মোহনলাল কোথায় ?'
 - —'তিনি বাসায় গিয়েছেন।'
- 'তুমি থানায় গিয়ে ভিজে কাপড়-চোপড়গুলো বদলে ফেল, ততক্ষণে আমি মোহনলালের বাড়িটা একবার মুরে আসি।'

অমাবস্তার রাত

—'কেন, সেখানে আবার কি দরকার!'
চন্দ্রবাব এগুতে এগুতে বললেন, 'আমি মোহনলালকে গ্রেপ্তার
করতে যাচ্ছি।'

এগারো

এই কি ভুলু-ডাকাত ?

চন্দ্রবার্ যাচ্ছেন মোহনলালকে গ্রেপ্তার করতে ! কেন ? থানার ভিতরে গিয়ে এখন ভিজে কাপড়-চোপড়গুলো ছেড়ে কুমারের কিঞ্চিং বিশ্রাম নেওয়া উচিত। কিন্তু চন্দ্রবার্র কথা শুনে কুমার বিশ্রামের কথা একেবারে ভুলে গেল; তাড়াতাড়ি চন্দ্রবার্র পিছনে ছুটে গিয়ে কুমার জিজ্ঞাসা করলে, 'মোহনলালবার্ কি করেছেন ? আপনি তাঁকে গ্রেপ্তার করবেন কেন ?'

• চক্রবার বললেন, 'তুমি তো জানো কুমার, মোহনলালের ওপরে'
গোড়া থেকেই আমার সন্দেহ আছে। কে সে, কোথাকার লোক,
এত বেড়াবার জায়গা থাকতে মানসপুরেই-বা তার বেড়াতে আসবার
সথ হল কেন, এ-সব কিছুই আন্দাজ করবার উপায় নেই। তার
সবই যেন রহস্তময়। আমার গুপুচর দেখেছে, সে প্রায়ই নিশুতি
রীতে বাসা থেকে বেরিয়ে জঙ্গলের ভেতরে ঢুকে কোথায় অদৃশ্য
হয়ে যায়। ভেবে দেখ, মানসপুরে সদ্ধে হলে যখন সবাই দরজায়
খিল এঁটে ভয়ে কাঁপতে থাকে, মোহনলাল তখন স্বন্দরবনের ঝোপেঝাপে ঘুরে বেড়ায়! তাই তো পটলবার সন্দেহ করেন যে,
মোহনলাল হচ্ছে ভুলু-ভাকাতেরই দলের লোক।

কুমার বললে, 'কিন্তু এ-সব তো খালি সন্দেহের কথা!
মোহনলালবাবুকে গ্রেপ্তার করতে পারেন, এমন কোন প্রমাণ তেঃ
আপনি পান নি!'

- —'এতদিন তা পাই নি বলেই, মোহনলাল যে সাংঘাতিক লোক এবারে সে-প্রশাণ আমি পেয়েছি ট
 - 'প্ৰমাণ ?' কি প্ৰমাণ ?'

ব্দমাবস্থার রাভ

চক্রবার্ বললেন, 'আমার গুপ্তচর এসে কিছুদিন আগে খবর

e a

দিয়ে গিয়েছিল যে, মোহনলালকে সে একটা রিভলভার সাফ করতে দেখেছে। জানো তো, রিভলভার ব্যবহার করলে লাইসেন্স নিতে হয় ? আমি কলকাতায় তার করে জেনেছি যে, মোহনলালের নামে কোনো রিভলভারের লাইসেন্স নেই। এ একটা কত-বড়ো অপরাধ, তা কি বুঝতে পারছ কুমার ? লাইসেন্স নেই, মোহনলাল তরু রিভলভার ব্যবহার করছে! বিপ্লববাদী কি ডাকাত ছাড়া এমন কাজ আর কেউ করে না। আপাতত এই অপরাধেই আমি মোহনলালকে গ্রেপ্তার করতে যাচ্ছি।

কুমার অবাক হয়ে ভাবতে লাগল, তবে কি মোহনলাল সত্যি-সত্যিই দোষী ? সে কি ডাকাত ? মামুষ খুন করাই কি তার ব্যবসা ? কিন্তু তা হলে অমাবস্থার রাতের রহস্ত আবিষ্কার করবার জন্মে তার এত বেশি আগ্রহ কেন ? আর মোহনলাল যদি ডাকাতদেরই কেউ হয়, তবে পটলবাবুর ভাঙা বাড়ির ভিতরে গিয়ে ডাকাতদের দেখে ভয়ে পালিয়ে এল কেন ? এ-সব কি ছলনা ? তার চোখে ধুলো দেবার চেষ্টা ?

এমনি সব কথা ভাবতে ভাবতে চন্দ্রবারু ও পাহারাওয়ালাদের সঙ্গে সঙ্গে কুমার এগিয়ে চলল এবং ক্রমে অধ্যথ-বট ও তাল্ননারিকেলের ছায়া-খেলানো আঁকাবাকা মেটে পথ দিয়ে কুমার মোহনলালের বাসার সুমুখে গিয়ে পড়ল।

খানিকটা খোলা জমি। মাঝখানে একথানা ছোটো তেতালা বাড়ি। ডান পাশে মস্ত একটা বাঁশঝাড় অনেক দূর পর্যস্ত ছড়িয়ে পড়ে বাতাসে দোল খাচ্ছে এবং বাম পাশ দিয়ে বর্ষায়, কাজলা নদীর খোলা জল নাচতে নাচতে ছুটে যাচ্ছে।

চন্দ্রবার ও কুমার বাড়ির সদর দরজার কাছে গিয়ে দাঙাল। দরজা ভিতর থেকে বন্ধ। চন্দ্রবার ছজন পাহারাওয়লাকে ডেকে বললেন, 'বাড়ির পেছনে একটা খিড়কির দরজা আছে। তোমরা সেই দরজায় গিয়ে পাহারা দাও।'

পাহারাওয়ালারা তাঁর হুকুম তামিল করতে ছুটল। চন্দ্রবার্ দরজার কড়া নাড়তে লাগলেন, কিন্তু কোনোই সাড়া পাওয়া গেল না।

চন্দ্রবার্ কড়া নাড়তে নাড়তে এবারে চিংকার শুরু করলেন, ় 'মোহনলালবার, ও মোহনলালবার !'

সাঁজাশন্দ কিছুই নেই। আরো কিছুক্ষণ কড়া নেড়েও চীংকার করে চন্দ্রবারু শেষটা ক্ষাপ্পা হয়ে বললেন, 'মোহনলালবারু এ ভালো হচ্ছে না কিন্তু! এইবারে আমরা দরজাটা ভেঙে ফেলব!'

এতক্ষণে দরজাটা খুলে গেল। মস্ত-বড়ো একমুখ পাকা দাড়ি-গেঁ!ফ নিয়ে একটা খোটা চাকর দরজার উপরে এসে দাড়াল। ভাঙা ভাঙা বাংলায় জিজ্ঞাদা করলে, 'কাকে খোঁজা হচ্ছে।'

তল্পবার্ বললেন, 'মোহনলালবার্ কোথা ?'

মে জানালে, বাবু তেতলার ছাদের উপর আছেন।

তাকে এক ধান্ধায় সরিয়ে দিয়ে চারজন পাহারাওয়ালার সঙ্গে চক্র-বার বেগে বাড়ির ভিতর গিয়ে ঢুকলেন, কুমারও পিছনে পিছনে গেল।

সামনেই সিঁড়ি। সিঁড়ি দিয়ে সকলে ক্রতপদে একেবারে তেতলার ছাদে গিয়ে উঠল। তেতলার ছাদের উপরে একটা চিলে ছাদ। মোহনলাল পরম নিশ্চিস্ত মুখে সেই ছাদের ধারে পা ঝুলিয়ে বসে আছে।

চন্দ্রবারু বললেন, 'চেঁচিয়ে চেঁচিয়ে আমার গলা ভেঙে গেল, তরু মশাইয়ের সাড়া পাওয়া যাচ্ছিল না কেন ?'

মোহনলাল গন্তীরভাবে শান্ত স্বরে বললে, 'আমি যে গান গাইছিলুম! গান গাইতে গাইতে সাড়া দেব কেমন করে?'

চন্দ্রবার চটে-মটে বললেন, 'আবার ঠাট্টা হচ্ছে ? এখন লক্ষ্মী-ছেলের মত্বো স্থাত্ত্ত্ করে ওখান থেকে নেমে এস দেখি, তার পর দেখা যাবে, ভূমি কেমন গান গাইতে পার।'

মোহনলাল একগাল হেসে বললে, 'আমাকে এত আদর করে নীচে নামতে বলছেন কেন চন্দ্রবার ? চন্দ্রবার বললেন, 'তোমাকে দিল্লীর লাড্ড্র খাওয়াব কি না. তাই এত সাধাসাধি করছি ?'

মোহনলাল খুব ফুর্তির সঙ্গে ছইহাতে তুড়ি দিয়ে ঘন ঘন মাথা নাড়তে নাড়তে গান ধরে দিলে –

> 'লাড্ড্র যদি এনে থাকো, গিয়ে দাদা, দিল্লী ঢেকেঢ়কে রেখো, যেন খায় নাকো বিল্লী!

> > কিবা তার তুল্য ? শুনে মন ভুলুলো!

খেলে যেন বোলো নাকো—কেন সব গিল্লি ?'

চন্দ্রবার্ রেগে টং হয়ে বললেন, 'আবার আমার সঙ্গে মস্করা ? দাঁড়াও, দেখাচ্ছি তোমায় মজাটা!'

মোহনলাল তেমনি হাসিমুখে বললে, 'মজা দেখাবেন ? দেখান না চন্দ্রবার ! আমি মজা দেখতে ভারি ভালোবাসি !'

—'হাা, ছ-হাতে যখন লোহার বালা পরবে, মজাটা তখন ভালো করেই টের পাবে বাছাধন!'

বিশ্বিত স্বরে মোহনলাল বলল, 'লোহার বালা ? সে কি দাদা? আপনাদের দেশে সোনার বালা কেউ পরে না ?'

চন্দ্রবার হুস্কার দিয়ে বলে উঠলেন, 'ফের ঠাট্টা? তবে রে পান্ধি। তবে রে ডাকু! চৌকিদার! যাও, চিলের ছাদে উঠে ও-বদমাইসটাকে কান ধরে টেনে নামিয়ে নিয়ে এস তো।'

পাহারাওয়ালারা অগ্রসর হল, কিন্তু, মোহনলাল একটুও দমল না! হো হো করে হেসে উঠে ডানহাতথানা হঠাৎ মাথার উপর ভূলে সে বললে, 'আমার ডানহাতে কি রয়েছে, সেটা দেখতে পাচ্ছেন তো ?'

মোহনলালের ডানহাতে কালো রঙের গোলাকার কি-একটা জিনিস রয়েছে বটে! চন্দ্রবার্ সন্দেহপূর্ণ স্বরে জিজ্ঞাসা করলেন, 'কি ওটা ?' 'বোমা।'

শুনেই পাহারাওয়ালারা তাড়াতাড়ি পিছিয়ে এল! মোহনলাল বললে, 'আমার দিকে কেউ আর এক পা এগিয়ে এলেই আমি এই বোমা ছুঁড়ব—সঙ্গে সঙ্গে সমস্ত বাড়িখানা উড়ে যাবে!'

চন্দ্রবার্ শুকুনো গলায় বললেন, 'কিন্তু তা হলে তুমিও বাঁচবে না!'

- 'না, আমিও বাঁচব না, আপনারাও বাঁচবেন না!'

চন্দ্রবার খানিকক্ষণ স্তব্ধ হয়ে রইলেন। তার পর বললেন, 'মোহনলাল, আমাকে ভয় দেখিয়ে তুমি পালাতে পারবে না। কর্তবোর জন্মে যদি আমাকে মরতে হয়, তা হলে আমি মরতেও রাজি আছি।'

মাচস্বিতে ভীষণ চীংকার করে মোহনলাল বললে, 'তবে মর !'

— বলেই হাতের সেই বোমাটা সে সজোরে চন্দ্রবাবুর দিকে নিক্ষেপ
করলে !

পর-মুহূর্তে কুমারের মনে হল চোথের সামনে সারা পৃথিবীর আলো দপ্ করে নিবে গেল এবং ভয়ংকর একটা শব্দের সঙ্গে সঙ্গে রাশীকৃত ভাঙা ইট-কাট ধুলো-বালি ও রাবিসের ফোয়ারার মধ্যে তার দেহটা হাড়গোড় ভাঙা দ-য়ের মতন আকাশের দিকে ঠিত্রে উঠে গেল!

— এবং তার পরে বিশ্বয় আর আতংকের প্রথম ধাকাটা সামলে দেখলে, — না, তারা আকাশে উড়ে যায় নি, পৃথিবীতেই বিরাজ করছে এবং চোখের সমুখেই ছাদের উপরে একটা কালো রবারের বল লাফিয়ে লাফিয়ে খেলা করছে! ছ হাতে মুখ চেপে চন্দ্রবার ছাদের উপরে হাঁটু গেড়ে বসে পড়েছেন এবং চারজন পাহারাওয়ালা চার দিকে চিংপাত বা উপুড় হয়ে পড়ে গড়াগড়ি দিচ্ছে!

বার বার বিপদে পড়ে কুমারের আত্মংবরণ করবার ক্ষমতা বেড়ে গিয়েছিল, তাই সকলের আগে সেইই বুঝতে পারলে যে মোহনলাল বেটা ছুড়েছিল, সেটা বোমা-টোমা কিছুই নয়, একটা তুচ্ছ রবারের বল মাত্র।

সকৌতুকে হেসে উঠে কুমার বললে, 'চন্দ্রবারু, ও চন্দ্রবারু। চোখ খুলে দেখুন, আমরা কেউ এখনো সশরীরে মর্গে যাই নাই।'

যেন ছঃস্বপ্ন থেকে জেগে উঠে একটা নিশ্বাস কেলে চন্দ্রবার্ বললেন, 'বাঁা ? আমরা বেঁচে আছি ? আমরা মরি নি ? খল কি হে! বোমাটা তা হলে ফাটে নি ? তুর্গা, তুর্গা—মস্ত একটা কাঁড়া কেটে গেল।'

কুমার বললে, 'না, বোমা ফাটে নি—এ যে, আপনার পায়ের তলাতেই বোমাটা পড়ে রয়েছে।'

ঠিক স্প্রিংওয়ালা পুতুলের মতো মস্ত একটা লাফ নেরে দাঁড়িয়ে উঠে চন্দ্রবার বললেন, 'বল কি হে ? চৌকিদার! এই চৌকিদার! বোমাটা শিগ্গির এখান থেকে সরিয়ে ফ্যাল—শিগ্গির! নইলে এখনো হয়তো ওটা ফাটতে পারে!'

কুমার বললে, 'ঠাণ্ডা হন, চন্দ্রবার ঠাণ্ডা হন। বোমা ছোড়ে নি—ওটা একটা রবারের বল ছাড়া আর কিছুই নয়!'

চন্দ্রবার অনেকক্ষণ নিপ্লাক চোখে বলটার দিকে তাকিয়ে থেকে হঠাৎ গর্জন করে বললেন, 'কী! আবার আমার সঙ্গে ঠাট্টা ? তবে রে রাঙ্গেল'—বলে চিলে ছাদের দিকে কট্মট্ করে তাকিয়েই তার মুখ যেন সাদা হয়ে গেল! বিহ্যতের মতো চারি দিকে চোখ বুলিয়ে নিয়ে হাঁপাতে হাঁপাতে তিনি আবার বললেন, 'মোহনলাল ? মোহনলাল কোথায় গেল ?'

কুমার সচমকে চিলেছাদের দিকে তাকিয়ে দেখলে, সত্যিই তো, সেখান থেকে মোহনলালের মূর্তি যেন ভোজবাজির মতো অদৃশ্য হয়েছে!

চন্দ্রবার উৎকণ্ঠার সঙ্গে বললেন, 'কোথায় গেল মোহনলাল ? কোন দিক দিয়ে সে পালাল ?' কুমার বললে, 'এখান থেকে পালাবার কোনো পথই নেই।'

— 'তবে কি সে মরিয়া হয়ে চারতলার ছাদ থেকেই নীচে লাফ মারলে ?'—বলেই চন্দ্রবার্ ছুটে ছাদের ধারে গিয়ে নিমু দিকে দৃষ্টিপাত করলেন, কিন্তু সেথানেও মোহনলালের চিহ্নুমাত্র নেই।

কপালে করাঘাত করে চন্দ্রবাব বললেন, 'আঁা! একটা বাজে আর বিঞী ঠাট্টা করে লোকটা কি না আমাদের সকলের চোথে ধুলো দিয়ে পালাল? উঃ! কী ভয়ানক লোক রে বাবা! এর পরেও আমার চাকরি আর কি-করে বজায় থাকে বল!'

কুন্ত কুমার এত সহজে বোঝ মানবার ছেলে নয়। সে কিছু না বলে বরাবর নেমে এক তলায় গেল: তার পর বাড়ির বাইরে ঠিক চিলে ছাদের নীচে গিয়ে দাড়াল সেখানে যা দেখলে তা হচ্ছে এই:

ঠিক চিলে ছাদের নীচেই, মাটির উপরে প্রায় ছ্-গাড়ি বালি স্থপাকার হয়ে আছে। এবং সেই বালি স্থপের মধ্যে একটা বড়ো গর্ত—অনেক উচু থেকে যেন একটা ভারি জিনিস সেখানে এসে পড়েছে! মোহনলাল তা হলে ছাদের উপর থেকে এই নরম বালির গাদায় লাফিয়ে পড়ে অনায়াসেই চম্পট দিয়েছে ?

কুমার তথনই চন্দ্রবাবুকে ডেকে এনে ব্যাপারটা দেখালে। দেখে-শুনে চন্দ্রবাবু তো একেবারেই মবাক। খানিক পরে ছই চোখ ছানাবড়ার মতন বড়ো করে তিনি বলে, উঠলেন, 'সাবাস বৃদ্ধি!' মোহনলাল যে দেখছি পালাবার পথ আগে থাকতেই ঠিক করে রেখেছিল! কুমার আমি হলপ করে বলতে পারি, এই মোহনলাল বড়ো সহজ লোক নয়, সে এখানে বেড়াতেও আসে নি—এ ভূল্ব্দু-ডাকাতের চরও নয়—এ হচ্ছে নিজেই ভূল্ব্-ডাকাত!'

থানায়ু ফিরে আবার নত্ন এক বিশ্বয়! কুমার নিজের ঘরে

ঢ়কেই দেখলে, মেঝের উপর একথানা খাম পড়ে আছে—যেন
জানলা গলিয়ে কেউ সেখানা ঘরের ভিতরে ছুঁড়ে ফেলে দিয়েছে!

চিঠি,থানা এই :

'কুমারবারু,

আসছে অমাবস্থার রাতে আপনি পটলবাবুর ভাঙা বাড়ির শুঁড়িপথের কাছাকাছি ঝোপঝাপে কোথাও লুকিয়ে থাকবেন। সঙ্গে বন্দুক, রিভলভার আর টর্চ-লাইট নিয়ে যেডে ভুলবেন না।

আসছে অমাবস্থার রাতেই রহস্থের কিনারা হয়ে যাবে! ইতি—বন্ধু

পুন:—এই চিঠির কথা ঘুণাক্ষরেও চন্দ্রবাবুর কাছে প্রকাশ করবেন না।



কুমার চিঠি পড়ে নিজের মনেই বললে, 'কে এই চিঠি লিখেছে ? বন্ধু ? এখানে কে আমার বন্ধু ? মোহনলাল ? সে তো পলাডক ! তবে কি বনের ভেতরে গর্তের ভিতর থেকে আমাকে যে উদ্ধার করেছিল, এ কি সেই ব্যক্তি ? কে সে ?'

কুমারের ভাবনায় বাধা পড়ল। আচম্বিতে ঝড়ের মতো চম্দ্রবার্ ঘরের ভিতরে প্রবেশ করলেন—ভাঁরও হাতে একখানা চিঠি।

চক্রবার বললেন, 'দেখ কুমার, এ আবার কি ব্যাপার! আমার

শোবার ঘরের ভেতরে বাইরে থেকে এই চিঠিখানা কে ছুঁড়ে ফেলে দিয়েছে!

চিঠিখানা নিয়ে কুমার বুঝলে, একই লোক তাকে আর চন্দ্রবাবুকে
' চিঠি লিখেছে। এ পত্রখানায় লেখা ছিল—

'চন্দ্রবার্, অংসছে অমাবস্থার রাতে পটলবার্র ভাঙা বাড়ীর পিছনে কাজলা নদীর জল যেখানে স্থড়ঙ্গ-থালের মধ্যে গিয়ে ঢুকেছে, ঠিক সেইথানেই অনেক লোকজন আর অন্ত্র-শস্ত্র নিয়ে লুকিয়ে থাকবেন।

সেই রাত্রেই আপনি ভূল-ডাকাতের দলকে গ্রেপ্তার করতে পারবেন। ইতি—বন্ধ।

বারো

আবার সেই রাত

সন্ধ্যা উত্তীর্ণ হয়ে গেছে। অমাবস্থার সেই ভয়ানক রাত আবার এসেছে—কিন্তু বারোটা বাজতে এখনো অনেক দেরি।

কুমার নিজের ঘরের জানলার ফাঁক দিয়ে দেখলে, চল্রবার্
ধড়া-চুড়ো পরে প্রস্তুত হচ্ছেন। সেই অজানা 'বন্ধু'র কথামতো
চন্দ্রবার্ যে আজ পটলবার্র ভাঙাবাড়ির পিছনে কাজলা-নুদীর
স্থাঞ্জ-থালের মুথে গিয়ে সদলবলে পাহারা দিতে ভূলবেন না, কুমারী
তা বেশ জানত। এবং এটাও সে জানত যে, যাবার আগে তারও
ডাক পড়বে—চন্দ্রবার তাকেও তাঁর সঙ্গে যেতে বললেন।

কিন্তু সেই অজানা 'বন্ধু' তাকে ভাঙা-বাড়ির শুঁড়িপথের কাছা-কাছি কোন ঝোপেঝাপে লুকিয়ে থাকতে বলেছে। চন্দ্রবারুর কাছে আবার এ কথা প্রকাশ করতে বারণও আছে, তাই কুমার তাঁকে কোনো কথাই জানায় নি। কাজে-কাজেই পাছে চন্দ্রবারু তাকে সঙ্গে যাবার জন্মে ডাকেন, সেই ভয়ে কুমার চুপি চুপি থানা থেকে আগে থাকতেই বেরিয়ে পড়ে পটলবারুর বাড়ির দিকে রওনা হল।

কিন্তু এই অজানা বন্ধুই-বা কে, আর চন্দ্রবারুর কাছে এত লুকোচুরির কারণই-বা কি, অনেক মাথা ঘামিয়েও কুমার সেটা আন্দাজ করতে পারে নি। আজও সেই কথাই ভাবতে ভাবতে কুমার অন্ধকারের ভিতর দিয়ে পথ চলতে লাগল।

অন্ধকারকে আরো ঘন করে তুলে ঐ তো পটশ্বাবুর প্রকাণ্ড
ভগ্ন অট্টালিকা সামনেই দাঁড়িয়ে আছে। তার দেওয়ালকে শক্ত
শিকড় দিয়ে জড়িয়ে ধরে যে সব বড়ো-বড়ো অশখ-বট মাথা খাড়া করে
আছে, প্রবল বাতাসে নিজেরা ছলতে ছলতে তারা যেন অন্ধকারকেও
ছলিয়ে দিয়ে বলছে—'সর-সর-সর, মর-মর-মর মর!' কুমারের

মনে হল, অন্ধকার-রাজ্যের ভিতর থেকে যেন সজাগ ভুতুড়ে পাহারা-ওলারা কথা কইছে!

আন্দাজে-আন্দাজে সে সেই মস্ত-বড়ো ভাঙা সিং-দরজার তলায় গিয়ে দাঁড়াল। কিন্তু অন্ধকারে আর তো এগোনো চলে না। কুমার কান পেতে খুব, তীক্ষ চোখে চারি দিকে তাকিয়ে দেখলে। কিন্তু দেখাপ্র যায় না এবং গাছপালার মর্মর-শব্দ ছাড়া আর-কিছু শোনাও যায় না। সে তখন টর্চলাইটটা টিপে মাঝে নাঝে আলো জেলে ধীরে ধীরে অগ্রসর হতে লাগল।

আবার সেই-সব বিভীষিকা! মাথার উপরে উড়ন্ত প্রেতাত্মার মতো ঝট্পট্ ঝট্পট্ করে বাহুড়ের দল যাচ্ছে আর আসছে, যাচ্ছে আর আসছে, — হু-হুটো গোখরো সাপ ফণা তুলে ফোঁস্ করে উঠেই 'টর্চলাইটের ভীত্র আলোয় ভয় পেয়ে বিহ্যুতের মতন এঁ কেবেঁকে পালিয়ে গেল, চকমিলানো ঘরগুলোর ও দালানের আনাচ-কানাচ থেকে যেন কাদের হিংস্ক, ক্ষুধিত ও জ্বল্জলে চোখ দেখা যায়। দিনের বেলাতেই যে নির্জন, বিপদপূর্ণ বাড়ির ভীষণতা মনকে একেবারে কার্ করে দেয়, অমাবস্থার কালো রাতে সে-বাড়ি যে আরো কত ভয়ানক হয়ে উঠতে পারে, কুমারের আজ সেটা আর বুঝতে বাকি রইল না। তর্ সেদিন মোহনলাল সঙ্গে ছিল, আর আজ সে একা! কুমারের প্রাণ খুব কঠিন, তাই এখনো সে অটল পদে এগিয়ে যাচ্ছে। অন্থ কেউ হলে এতক্ষণে হয়তো অজ্ঞান হয়ে পড়ত!

কুমার ভয় পেলো না বটে, কিন্তু তারও বার বার মনে হতে লাগল, এই প্রকাণ্ড পোড়ো-বাড়িটা হানাবাড়ি না হয়ে যায় না!
— এ হচ্ছে নিষ্ঠুর ডাকাত-জমিদারের বাড়ি, কত মানুষ এখানে
যস্ত্রণায় ছট্ফট্ করতে করতে অপঘাতে মারা পড়েছে, কে তা বলতে
পারে! নিশ্চয়ই তাদের আত্মার গতি হয় নি—নিশ্চয়ই তারা
নিংশন্দে কেঁদে কেঁদে বাঁতাসে বাতাসে দীর্ঘখাস ফেলে ঘরে ঘরে মুরে
বেড়াচ্ছে এবং মাঝে মাঝে ডাঁকি মেরে তাকে দেখছে!

আচম্বিতে কুমার সচমকে শুনলে, ঠিক তার পিছনে কার পায়ের
শব্দ! সে থমকে দাঁড়িয়ে পড়ল। কান পেতে শুনলে। শব্দ-টব্দ
কিছুই নেই! তারই শোনবার ভূল—এই ভেবে কুমার আবার
এগুলো।—আবার সেই পায়ের শব্দ! আবার সে দাঁডিয়ে পড়ল:
—সঙ্গে সঙ্গে পায়ের শব্দও থেমে গেল!

না, তার শোনবার ভূল নয়। কেউ তার পিছু নিয়েছে ! • কিন্তু কে সে ? ভূত, না হিংস্ৰ জন্তু ?

সন্তর্পণে কুমার অগ্রসর হল, অমনি সেই পায়ের শব্দও জেগে। উঠল।

হঠাৎ কুমার তীরবেগে ফিরে দাঁড়ালো—তার একহাতে জ্বলস্ত্র টর্চ-লাইট আর একহাতে রিভলভার!

কারুকে দেখা গেল না বটে, কিন্তু উঠানের ডপরে একচা মস্তু ঝোপ হুলছে। কেউ কি ওখানে লুকিয়ে আছে? যদি সে তাকে-দেখে থাকে, তা হলে তারও আর আত্মগোপন করা র্থা

অত্যন্ত সাবধানে, রিভলবারের ঘোড়ার উপুরে আঙুল রেখে টেরে পূর্ণ আলো ঝোপের উপরে ফেলে কুমার পায়ে পায়ে সেই দিকে ফিরে গেল।

ঝোপের সুমুখে গিয়ে কুমার শুনিয়ে শুনিয়ে বললে, 'যদি কেউ এখানে থাকো, তা হলে বেরিয়ে এসো,—নইলে এই আমি গুলি করলুম।'

কোনো সাড়া নেই। ভালো করে সে তখন ঝোপটা নেড়ে-চেড়ে দেখলে, কিন্তু কিছুই আবিষ্কার করতে পারলে না, কেবল খানিক ভফাতের আর-একটা ঝোপ থেকে একটা শেয়াল বেরিয়ে উর্দ্ধখাসে ছুটে পালাল।

হয়তো ঐ শেয়ালের পায়ের শব্দেই সে ভয় পেয়েছে—এই ভেবে কুমার আবার অগ্রসর হল। ছুপা যায়, থামে, আর শোনে। কিন্তু পায়ের শব্দ আর শোনা গেল না। ঐ তো সেই শুঁড়িপথ! সে আর মোহনলাল সেদিন ওরই মধ্যে ঢুকে বিপদে পড়েছিল। আজ এখানেই তার অপেক্ষা করবার কথা।

ঝোপঝাপ এখানে সর্বত্রই। শুঁড়িপথের একপাশে এমন একটা ঝোপ বেছে নিয়ে কুমার গা-ডাকা দিয়ে বসল—যাতে তার পিছন-দিকে•থাকে বাড়ির দেওয়াল। অন্তত পিছন দিক থেকে কোন শুপ্তশক্তর আক্রমণের ভয় আর রইল না।

কিন্তু ঝোপের ভিতরে গিয়ে বদার সঙ্গে সঙ্গেই কুমার অবাক হয়ে শুনলে, খুব কাছেই অন্তরালে বসে কে যেন সকৌতুকে প্রবল হাসির ধানা সামলাবার চেষ্টা করছে।

কিন্তু সে যেইই হোক, কুমারের আর খোঁজাখুঁজি করবার আগ্রহ হল না। সে কেবল বাঁধন খুলে পিঠের বন্দুক হাতে নিলে। যথন তার পিছনে রইল দেওয়াল আর হাতে রইল বন্দুক আর সামনের দিকে জেগে রইল তার সাবধানী ছাই চক্ষু, তথন কোনো শক্ররই তোয়াক্কা সে রাথে না! জন্তু, মানুষ ও অমানুষ, অমন অনেক শক্রকেই এ-জীবনে সে দেখেছে, শক্রর ভয়ে তার বুক কোনোদিন কাঁপে নি, আজও কাঁপবে না।

কিন্তু, শক্র তবু এল! একলা নয়, চুপি চুপি নয়—দলে দলে, ভীম বিক্রমে কোলাহল করতে করতে! মনন উচু দেওয়াল তার পৃষ্ঠরক্ষা করতে পারলে না এবং তার গুলি-ভরা বন্দুক-রিভলভারও তাদের পিছনে হটাতে পারলে না—তাদের কাছে কুমারকে আজ্বনপুরুষের মতন পরাজয় স্বীকার করতে হল—হয়তো আজ্ব তাকে পালিয়ে প্রাণ বাঁচাতে হবে!

কুমার ভ্রমেও সদেশই করে নি যে, ঝোপঝাপের ভিতরে এমন অসংখ্য শত্রু এতক্ষণ তারই অপেক্ষায় লুকিয়ে ছিল! তারা হচ্ছে ডাঁশ-মশা।

উঃ, কী তাদের হুলের জোর, আর তাদের বিজয়-হুংকার, আর কী.তাদের অপ্রাস্ত আক্রমণ! দেখতে দেখতে কুমারের হাত- পা-মুখ ফুলে উঠতে শুরু করলে. নাকের ডগাটা দেখতে হল যেন ফুগুণ বড়ো একটা টোপাকুলের মতো এবং গাল ও কপাল হয়ে গেল দাগড়া দাগড়া! মুখ ও হাত-পা পেটের ভিতরে যথাসাধ্য গুঁজে কুগুলী পাকিয়ে কুমার ঝোপের মধ্যে পড়ে রইল, যেন একটা কুমড়ো! ময়নামতীর মায়াকাননের মাংসের মস্ত পাহাড়ের মতো ডাইনসরও তাকে বোধ হয় এতটা কারু করে ফেলতে পারত না! কুমার ঘন ঘন ঘড়ি দেখতে লাগল—এ মশার পালের হাজার হাজার হালের খোঁচার চেয়ে অমাবস্থার রাতের সেই ভয়াবহ ব্যাঘের থাবা তার কাছে এখন ঢের-বেশি আরামের বলে মনে হল।

••• আচম্বিতে চারি দিক কেমন যেন অস্বাভাবিক ভাবে আচ্ছন্ন হয়ে গেল! কুমার হাতের রেডিয়াম ঘড়ির দিকে তাকিয়ে দেখলে, রাত বারোটা বাজতে মোটে আর দেড়-মিনিট দেরি আছে।

কি-একটা আসন্ধ আতংকের সম্ভাবনায় স্তম্ভিত অন্ধকার যেন আরো কালো হয়ে উঠল! অন্ধ রাত্রির বুক পর্যস্ত যেন ভযে চিপ্-চিপ্ করতে লাগল—প্যাচা, বাছড় ও চামচিকের মিলিভ আর্তনাদে চারি দিকের স্তন্ধতা যেন ছিঁড়ে ফালাফালা হয়ে গেল—পোড়ো-বাড়ির অলি-গলিতে এতক্ষণ যারা নিশ্চিন্ত হযে লুকিয়েছিল, সেই-সব অজানা নানা পশুর দল পর্যস্ত কি এক হরম্ব বিভীষিকা দেখে প্রাণভয়ে বেগে ছুটে পালিয়ে যেতে শুরু করলে! এখন এ স্থান যেন—মানুষ তো দ্রের কথা—বহু পশুর পক্ষেত্র নিরাপদ নয়।

কুমার হাজার হাজার মশার কামড় পর্যন্ত ভুলে গেল তার বাঁ হাত ধরে আছে বন্দুকটা এবং তার ডান হাত স্থির হয়ে আছে বন্দুকের ঘোড়ার উপরে!

হঠাং ও কী ও ? অন্ধকারের বক্ষ ভেদ করে একটা আঁধারে-লগ্ঠন হাতে নিয়ে আচম্বিতে এক মহয়-মৃতি আবিভূ'ত হল এবং এত তাড়াতাড়ি সাঁৎ করে সে দৌড়ে সেই ভীষণ শুঁড়িপ্থের ভিতরে মিলিয়ে গেল, যে, কুমার তার মুখ পর্যন্ত দেখবার সময় পেলে না! তাকে মামুষের মতন দেখতে বটে, কিন্তু সত্যিই কি সে মামুষ ?

চারিদিকের জাবজন্তর ছুটোছুটি, প্যাচা-বাহুড়, চামচিকের চ্যাঁচামেচি অকস্মাৎ থেমে গেল এবং পর-মুহূর্তে অদ্ভূত এক নিস্তব্ধতার মধ্যে পোড়েবাড়ির অস্তিত্ব পর্যন্ত যেন বিলুপ্ত হয়ে গেল।

এবং তারপরেই সেই মপার্থিব স্তব্ধতা ছুটিয়ে দিল ব্যাঘ্রের ভৈরব গর্জন! একবার, ছ্বার, তিনবার সেই গর্জন জেগে উঠে পৃথিবীর মাটি থরথরিয়ে কাঁপিয়ে আকাশ-বাতাসকে থমথম করে দিলে,— তারপর সব ুুুুুাবার চুপচাপ !

কয়েক মুহূর্ত কাটলো। তারপব কুমারের চোথ দেখলে শুঁড়ি-পথের সামনে কি একটা ভয়ঙ্কর ছায়। তার দৃষ্টি রোধ করে দাঁড়াল। পিছন থেকে কে চুপিচুপি বললে, 'ঐ বাঘ! গুলি কর—গুলি কর!'.

কে যে এ কথা বললে, কুমারের তা আর দেখবার অবকাশ রইল না, ত্মড়াতাড়ি সে বন্দুকের ঘোড়া টিপে দিলে এবং সঙ্গে সঙ্গে তার পিছন থেকেও কে বন্দুক ছুঁড়লে!

গুড়ুম! গুড়ুম! পর-মুহূর্তেই প্রচণ্ড আর্তনাদের পর আর্তনাদে চতুর্দিক পরিপূর্ণ হয়ে গেল এবং এও বেশ বোঝা গেল যে, খুব ভারি একটা দেহ মাটির উপরে পড়ে ছটফট করছে! সল্লফণ পরে সব শব্দ থেমে গেল।

পিছন থেকে আবার কে বললে, 'শান্তি! অমাবস্থার রাতে আর এথানে বাঘ আসবে না!

কুমার একলাফে উঠে ফিবে দাঁড়িয়ে 'টর্চ'টা ক্লেলে ফেললে। পিছনে দাঁড়িয়ে বন্দুক হাতে কবে মোহনলাল! কুমার সবিশ্বয়ে বললে, 'আপনি ?'

—'হ্যা আমি। থানিক আগে আমাকেই আপনি ঝোপে-রাপে খুঁজে বেড়াচ্ছিলেন।'

অমাবুস্থার রাত

- —'তাহলে আমাকে আর চন্দ্রবার্কে চিঠি লিখেছিলেন আপনিই ?'
- —'হাঁ। কিন্তু সে কথা এখন থাক, আগে দেখা যাক বাঘটা। মরেছে কি না।'

কুমার 'টর্চে'র আলো শুঁড়িপথের দিকে ফেলে ধীরে ধীরে এগিয়ে গেল ৷ তেতারপরেই অত্যন্ত আশ্চর্য স্বরে সে বলে দিঠল, 'কি সর্বনাশ! বাঘটা কোথায় গেল ? তথানে ত্যে একটা মান্থবের দেহ পড়ে রয়েছে!'



দেহটার কাছে গিয়ে মোহনলাল কিছুই ষেন হয়-নি, এমন হেমেক্সকুমার রায় রচনাবলী: ২

98

সহজ স্বরে বললে, 'হ্যা, এ হচ্ছে ভূলু-ডাক†তের দেহ। এর মুখের দিকে তাকিয়ে দেখুন।'

যা দেখা গেল, তাও কি সম্ভব ? কুমারের মনে হল সে যেন কি-একটা বিষম হঃস্বপ্ন দেখছে !

মাটির •উপরে দাঁত-মুখ খিঁচিয়ে গড়াগড়ি দিচ্ছে পটলবাবুর য়তদেহ!

কুমার অভিভূত কণ্ঠে বলে উঠল, 'আঃ! এ তো বাঘও নয়, ভুলু-ডাকাতও নয়,—এ যে আবার পটলবারু।'

মোহনলাল বললে, 'পটলবারু!'—কিন্তু তার মুখের কথা মুখেই রহল, হঠাৎ দূর থেকে ঘন ঘন অনেকগুলো বন্দুকের গর্জন শোন। গেল।

কুমার চমকে উঠে বললে, 'ও আবার কি ?'

— 'ভূলু-ডাকাতের দলের সঙ্গে পুলিসের যুদ্ধ হচ্ছে। শীগগির আমার সঙ্গে আস্থন'—বলেই কুমারকে হাত ধরে টেনে নিয়ে মোহনলাল ফ্রতপদে ছুটতে আরম্ভ করলে!

তেরো

আশ্চৰ্য কথা

কুমারের হাত ধরে মোহনলাল ছুটতে ছুটতে একটা চৌমাথায় এসে পড়ল। বাঁ-হাতী পথটা গেছে কাজলা-নদীর দিকে—যেখানে স্থুড়ঙ্গ-খালের সামনে ভুলু-ডাকাতের দলের সঙ্গে পুলিসের লড়াই বেধেছে।

মোহনলাল সে-পথও ছাড়িয়ে এগিয়ে চলল।

কুমার বিশ্বিত হয়ে বললে, 'একি মোহনলালবারু! আমরা নদীর দিকে যাব যে।'

- —'না ?'
- —'না। তবে আমরা কোথায় যাচ্ছি?'
- -- 'আমার বাসায়।'
- —'দেখানে কেন ?'
- 'দরকার আছে ব'লেই সেখানে যাচ্ছি। কুমারবারু, এখন কোন কথা কইবেন না, চুপ ক'রে আমার সঙ্গে আসুন।' · · · · · বাসার দরজায় এসে ধাকা মেরে মোহনলাল বললে, 'ওরে, আমি এসেছি। শীগগির দরজা খোল।'

দরজা খুলে গেল এবং ফাঁক দিয়ে দেখা গেল সেই পাকা আমের মতন বুড়ো খোট্টা দরোয়ানটার মুখ।

বাড়ির দোতলায় উঠে একটা ঘরের ভিতর ঢুকে একখানা চেয়ারের উপরে ধপ করে বসে পড়ে মোহনলাল বললে, 'কুমারবারু, বস্থন। একটু হাঁপ ছেড়ে নিন।'

থানিকক্ষণ ছজনেই নীরব। তারপর প্রথমে কথা কইলে কুমার। বললে, 'মোহনলালবারু, আপনার উদ্দেশ্য কি ?' যে-সময়ে আমার উচিত, চন্দ্রবার্কে সাহায্য করা, ঠিক সেই সময়েই আমাকে আপনি এথানে টেনে আনলেন কেন ?' মোহনলাল বললে, 'আপনার সাহায্য না পেলেও চন্দ্রবার্ হাহাকার করবেন না। আপনি না গেলেও তিনি যে আজ ভূলু-ডাকাতের দলকে গ্রেপ্তার করতে পারবেন এ-বিষয়ে আমার কোন সন্দেহই নেই।'

কুমার বললে, 'তরু আমার সেখানে যাওয়া উচিত।'

•মোহনলাল দে-কথার জবাব না দিয়ে কয়েক মুহূর্ত চুপ করে রইল। তারপর হঠাৎ জিজ্ঞাসা করলে, 'কুমারবাবু আপনি Margaret A, Murray's Witch cult in Western Europe নামে বইখানা পড়েছেন ?'

এ-রকম খাপছাড়া প্রশ্নের অর্থ ব্রুতে না পেরে কুমার বললে, 'না।'

- —-'আপনি ডাইনী বিশ্বাস করেন ⁹'
- 'ডুটেনীদের অনেক গল্প শুনেছি বটে। সে সব গল্পে আমার বিশ্বাস হয় না। কিন্তু আপনি এমন সব উদ্ভট প্রশ্ন করছেন কেন গ

মোহনলাল আবার প্রশ্ন করল, 'কুমারবার্, hycanthroby কাকে বলে জানেন ?'

--'না।'

'য়ুরোপের ডাইনীরা নাকি hycanthrobyর মহিমায় মানুষ হয়েও নেকড়ে-বাঘের আকার ধারণ করতে পারত।'

কুমার বিরক্ত হয়ে বললে, 'পারত তো পারত, তাতে আমাদের কি ?'

কুমারের বিরক্তি আমলে না এনে মোহনলাল বললে. 'আমাদের দেশেও অনেকে বলেন, মন্ত্রতন্ত্র বা বিশেষ কোন ঔষধের গুণে মানুষ নাকি বাঘের আকার ধারণ করতে পারে।'

এতক্ষণে কুমারের মাথায় চুকল মোহনলাল কি বলতে চায়! একলাফে উঠে পড়ে কুমার উত্তেজিত স্বরে বললে, 'মোহনলাল বারু, মোহনলালবারু ! তবে কি আপনার মতে, এখানকার অমাবস্থার রাতের বাঘটাও হচ্ছে সেইরকম কোন অস্বাভাবিক জীব ?'

মোহনলাল গম্ভীর স্বরে বললে, 'আমার কোন মতামত নেই। মানুষ যে বাঘ হতে পারে, এ-কথা বিশ্বাস করতে আমার প্রবৃত্তি হয় না। বিজ্ঞানও তা মানে না। কিন্তু মানসপুরে এই যে সব নগাড়া থেকে একবার ভেবে দেখুন। বাঘ দেখা দিয়েছে কেবল অমাবস্থার রাতে, ঠিক বারোটার সময়ে। সাধারণ পশুরা এমন তিথিনক্ষত্র বিচার করে ঘড়ি ধরে বেরোয় না। এই অদ্ভূত বুদ্ধিমান বাঘের কবলে যারা পড়েছে, তারা সকলেই স্ত্রীলোক, আর তাদের সকলের গায়েই অনেক টাকার গহনা ছিল। সাধারণ বাঘ কেবল গয়নাপরা স্ত্রীলোক ধরে না। তারপর বুঝুন, আপনি আর আমি হুজনেই ছু-বার বাঘ দেখেছি, আপনি গুলি ছুঁড়েছেন, কিন্তু তু-বারেই বাঘের বদলে পাওয়া গেল মানুষকে—অর্থাৎ পটলবাবুকে —প্রথমবারে আহত আর দিতীয়বারে মৃত অবস্থায়। ছ-বারই বাঘের আবিভাব আমাদের চোথে পড়েছে, তার পায়ের দাগও দেখা গেছে, তার রক্তমাথা লোমও আমি পেয়েছি, কিন্তু তার দেহ অদৃশ্য হতেও আমরা দেখি-নি, অথচ তা খুঁজেও পাওয়া যায় নি। উপরস্ত ত্-ত্বারই পটলবাবু যে কখন ঘটনাস্থলে এসেছেন, তা আমরা দেখতে পাইনি । যুরোপে এমনি মায়া-নেকড়ে বাঘের অসংখ্য কাহিনী আছে। সাংঘাতিক আঘাত পেয়ে যথন তারা মরেছে, তখন আবার মানুষেরই আকার পেয়েছে।

কুমার রুদ্ধখাসে, অভিভূত স্বরে বলে উঠল, 'তাহলে আপনি কি বলতে চান যে, পটলবাবুই বাঘের আকার ধারণ করে—'

মোহনলাল বাধা দিয়ে বললে, 'আমি ও-রকম কিছুই বলতে চাই না। আমি খালি দেখাতে চাই যে, সমস্ত প্রমাণ পরে পরে সাজালে ঠিক যেন মনে হবে, কোন মায়া-ব্যান্ত্রই মানসপুরের এই সব ঘটনার জন্য দায়ী। যাঁরা এটা কুসংস্কার বলে উড়িয়ে দেবেন, তাঁদেরও মতে আমি সায় দিতে রাজি আছি। মানুষ যে ব্যাঘ্র-মূর্তি ধারণ করতে পারে, এটা আমার বিশ্বাস হয় না—কারুকে আমি বিশ্বাস করতেও বলি না।

কুমার বললে, 'তবে—'

মোহনলাল আবার বাধা দিয়ে বললে, কিন্তু এ বিষয়ে আমার কোনই সন্দেহ নেই। ভুলু-ডাকাত আর পটলবারু একই লোক। নিজে সকলের সামনে নিরীহ ভালো মামুষটির মতন থেকে পটলবারু তাঁর ভাঙ্গা বাড়ির অন্ধকৃপের মধ্যে ডাকাতের দল পুষতেন। কালু-সদার তাঁরই দলের লোক। অমাবস্থার রাতে বাঘের উপস্তবের স্থ্যোগে, তাঁরই হুকুমে কালু দল নিয়ে ডাকাতি করতে বেরুত। নৌকোয় চড়ে স্থড়ঙ্গ-খাল দিয়ে ডাকাতেরা দল বেঁধে বাইরে বেরিয়ে আসত গভীর রাত্রে কাজলা নদীর বুকে তাদের নৌকা আমি স্বচক্ষে দেখেছি।

কুমার বললে, 'সবই যেন বুঝলুম। কিন্তু আপনি কে ?'

খুব সহজ স্বরেই উত্তর হল, 'আমি ? আমি হচ্ছি মোহনলাল। অত্যন্ত নিরীহ ব্যক্তি।'

কুমার বললে, 'কিন্তু নিরীহ ব্যক্তির কাছে বিভলবার-বন্দুক থাকে কেন ?'

মোহনলাল সহাস্তে বললে, 'সুন্দরবনে খুব নিরীহ ব্যক্তিরও রিভলবার-বন্দুক না হলে চলে না।'

- 'মানলুম, কিন্তু তারাও রিভলবার-বন্দুকের জ্বন্তে লাইসেন্স নেয়। আপনার কি লাইসেন্স আছে ?'
 - —'ना।'
- 'লাইসেন্স মা নিয়ে রিভলবার বন্দুক রাখে কেবল গুণ্ডা, খুনে আর বদমাইসরা।'
 - —'হুঁ, এ কথা সত্য বটে।'

— 'তবে ? কে আপনি বলুন।'

মোহনলাল ঘর কাঁপিয়ে হো হো করে অট্টহাসি হেসে উঠল !

কুমার দৃঢ়স্বরে বললে, 'পুলিসের ভয়ে যে পালিয়ে বেড়ায়, সে কখনোই ভালো লোক নয়।'

মোহনলাল কৌতুক-ভরে বললে, 'ও আপনার কী বৃদ্ধি কুমারবার ! আপনি ঠিক আন্দাজ করেছেন। আমি ভালো লোক নই।'

কুমার বললে, 'বাজে কথায় ভুলিয়ে সেবারে আমাদের চোখে আপনি খুব ধুলো দিয়েছিলেন। কিন্তু এবারে সেটি আর হচ্ছেন।'

মোহনলাল বললে. 'ঐ শুরুন, কারা আসছে!

নীচের সিঁজিতে ধুপ ধুপ করে অনেকগুলো ক্রত পায়ের শব্দ শোনা গেল—যেন কারা বেগে উপরে উঠছে! এ আবার কোন শক্রর দল আক্রমণ করতে আসছে ? কুমার তাড়াতাজি উঠে দরজার দিকে মুখ ফিরিয়ে দাঁড়াল!

ঝড়ের মত যারা ঘরের ভিতরে এসে ঢুকল, তারা শক্ত নয় ! চন্দ্রবারু আর তাঁর পাহারাওয়ালারা।

চন্দ্রবারু সবিস্ময়ে বলে উঠলেন, 'আরে, এ কী! কুমার, তুমি এখানে!'

কুমার বললে, 'আজে হাা, আমি মোহনলালবারুর সঙ্গে আলাপ করছিলুম।'

চন্দ্রবার বললেন, 'মোহনলাল ? কোথায় সে ছরাত্মা ? আমিও তো তারই খোঁজে এখানে এসেছি! আজ আমি ভূল্-ডাকাতের দলকে গ্রেগুার করেছি, কেবল ভূলুকেই পাইনি। আমার বিশ্বাস, মোহনলাল ভূলু-ডাকাত ছাড়া আর কেউ নয়।'

কুমার ফিরে দেখলে, মোহনলাল আর দে ঘরে দেই !

চৌদ্দ

মোহনলাল গ্রেপ্তার

মোহনলাল যেখানে বসে ছিল, তার পিছনেই একটি বন্ধ দরজা
—এ ঘর থেকে আর একটা ঘরে যাবার জত্যে।

কুমার বললে, 'মোহনলাল নিশ্চয়ই ও-ঘরে গিয়ে দরজা বন্ধ করে দিয়েছে ?'

বাঘের মত সেই দরজার উপরে ঝাঁপিয়ে পড়ে চন্দ্রবার্ বললেন, 'মোঁহনলাল, এবারে আর তোমার বাঁচোয়া নেই! সমস্ত বাড়ি আমি ঘেরাও করে ফেলেছি, একটা মাছি পর্যস্ত এখান থেকে বেরুতে পারবে না। ভালো চাও তো দরজা খোলো।'

ঘরের ভিতর থেকে সাড়া এল, 'মাজে, আপনি আমাকে ভয় দেখাচ্ছেন কেন ? মোহনলাল তো এ ঘরে নেই !'

চন্দ্রবারু রাগে গরগর করতে করতে বললেন, 'সেদিনকার মত আবার আঁজ ঠাট্টা করা হচ্ছে! তুমিই তো মোহনলাল! শীগগির বেরিয়ে এস বলছি ?'

- —আজে, ভুল করছেন! আমি মোহনলাল নই!
- 'আচ্ছা, আগে বেরিয়ে এদ তো, তারপর দেখা যাবে তুমি কোন মহাপুরুষ !'
 - 'আছ্রে, আবার ভুল করছেন! আমি মহাপুরুষও নই।'

চন্দ্রবারু গর্জন করে বললেন, 'তবে রে ছুঁচো! ভাঙলাম তা হলে দরজা!'—বলেই তিনি দরজার উপরে সজোরে পদাঘাত করতে লাগলেন।

— 'আজে, করেন কি ন করেন কি । দরজা ভাঙলে বাজিওয়ালা বকবে যে । আছো মশাই, আমি দরজা খুলে দিছি এই নিন।'— হঠাৎ দরজাটা খুলে গেল ।

レン

অমাবস্থার রাড

চন্দ্রবার রিভলবার বাগিয়ে ধরে, ঘরের ভিতরে ঢুকতে গিয়েই থমকে দাঁড়িয়ে পড়লেন। তারপর ছই চোখ বিশ্বয়ে বিক্লারিত করে বাধো বাধো স্বরে তিনি বললেন, 'এ কি! কে আপনি গ'

কুমারও অবাক! ও ঘরের দরজার সামনে যে দাঁড়িয়ে আছে, সে তো মোহনলাল নয়,—সে যে বিমল, যার সঙ্গে কুমার ছ-বার যকের ধন আনতে গিয়েছিল, মঙ্গলগ্রহের বামনাবতারদের সঙ্গেলড়াই করেছিল, ময়নামতীর মায়া-কাননের দানবদের সঙ্গে প্রাণ নিয়ে খেলা করেছিল! বিমল—বিমল. তার চিরবন্ধু বিমল, মানসপুরে এসে পর্যন্ত যার অভাব কুমার প্রতিদিন প্রতি পূদে অমুভব করেছে, এমন হঠাৎ তারই দেখা যে আজ এখানে পাওয়া যাবে, স্বপ্নেও সে তা কল্পনা করতে পারে নি।

কুমার উচ্ছুসিত কণ্ঠে বলে উঠল, 'বিমল, বিমল, তুমি কোথা থেকে এলে ? তুমি কি আকাশ থেকে খসে পড়লে ?'

বিমল হাসতে হাসতে বললে.— না বন্ধু, না! মোহনলাল-রূপে গোড়া থেকেই আমি তোমার সঙ্গে সঙ্গে আছি!

চন্দ্রবার হতভম্বের মত বললেন, 'আ্যা, বলেন কি ? আপনিই মোহনলাল ?'

— 'আজে ই্যা! এখন আসুন চন্দ্রবার, আমার হাতে লোহার বালা পরিয়ে দিন!'

ধাঁ করে কুমারের একটা কথা মনে পড়ে গেল, তাড়াতাড়ি সে বলে উঠল, 'আচ্ছা বিমল, বাঘের গর্তে ডাকাতের কবল থেকে—'

বিমল বললে, 'হ্যা আমিই তোমাকে উদ্ধার করেছিলুম। কিন্তু এজন্তে আমাকে ধন্তবাদ দেবার দরকার নেই!কুমার, পিছন ফিরে দেখ, ঘরের ভেতরে ও আবার কে এল!'

কুমার ফিরে দেখে, একমুখ হাসি নিয়ে, ছ-পার্টি দাঁত বের করে আফলাদে আটখানা হয়ে তার পিছনেই দাঁড়িয়ে রয়েছে বিমলের পুরাতন ভ্তা রামহরি!

কুমার বললে, 'কি আশ্চর্য। তুমি আবার কোথেকে এলে ?'
রামহরি বললে, 'আরে হুয়ো কুমারবার, হুয়ো। তুমিও আমাদের
চিনতে পার নি। আমি যে নীচে দরোয়ান সেজে থাকতুম।
পরচুলোর দাড়ি-গোঁফ ফেলে আবার রামহরি হয়ে, এখন তোমার
সঙ্গে দেখা করতে এলুম। আরে হুয়ো কুমারবার, হুয়ো। কি
ঠকানটাই ঠকে গেলে।'

অমাবস্তার রাত



প্রথম পরিচ্ছেদ জনশৃন্য আলিনগর

সন্ধার আগেই আজপুথিবী অন্ধকার হবে। পশ্চিমের আকাশে এখনো খানিকটা জায়গা জুড়ে অস্তগত সূর্যের বুকের রক্ত-মাখানো আলো ছড়ানো আছে বটে, কিন্তু তার চিহ্ন তাড়াতাড়ি মুছে ফেলবার জন্মে ছ-ত্ করে বিরাট এক কালো মেঘ ধেয়ে আসছে।

চারিদিকে ছোট-বড় পাহাড় আর বন-জঙ্গল; মাঝথানের উচু-নিচ় পথ দিয়ে একথানা মোটরগাড়ি ছুটে আসছে ঊর্ধ্ব'শ্বাসে।

গাড়ির ভিতরে বসে রয়েছে তিনজন যুবক ও একটি ঝোলো সতেরো বছরের মেয়ে; যুবকদের পরনে খাকি শার্ট ও প্যাণ্ট এবং প্রত্যেকেরই হাতে একটি করে বন্দুক।

এ-অঞ্চলের ম্যাজিস্টেট মিঃ সেনের পুত্র অমিয় আজ তার তিন অতিথি-বন্ধুর সঙ্গে পাথি-শিকারে বেরিয়েছে। তার বোন শীলাও আবদার ধরে তাদের সঙ্গে এসেছে। সারাদিন বন-জঙ্গলে মুরে এখন তারা বাড়ি ফিরছে।

অমিয়ের বন্ধু পরেশ বললে, 'অমি, গতিক স্থাবিধের মনে হচ্ছে না। ঝড় উঠল বলে। কাছে কোথাও লোকালয় নেই গু

অমিয় গাঁড়ি চালাচ্ছিল। সে জবাব না দিয়ে গাড়ির গতি বাড়িয়ে দিলে।

নিশীথ বললে, 'অমি, যতই স্পীড বাড়াও, আজকের এই ঝড়কে তুমি কিছুতেই হারাতে পারবে না। ঐ দেখ, আকাশের শেষ আলোও নিবে গেল।'

শীলা আমোদ-ভরে গাড়ির গদির উপর বসে-বসে নেচে উঠে বলঙ্গে, 'ওহো, কী মজা! বন-জঙ্গলের ভিতরে থেকে আমি কথনো ঝড় দেখিনি! ভাগ্যিস আজ দাদার সঙ্গে এসেছি!'

পরেশে ও নিশীথ হাসিমূথে শীলার দিকে তাকালে। বন-জঞ্চলে ঝড় যে কী ভয়ানক, শীলা যদি তা জানত!

অমিয় বললে, 'পরেশ, আর ঝড়কে এড়াবার চেপ্তা করা মিছে।
ঐ দেখ, মাঠের ওপারের গাছপালাগুলো তুলতে শুরু করেছে।'

কালো আকাশে বজ্র-বিত্যুতের অভিনয় আরম্ভ হল। এবং শৃন্থে মেঘপুঞ্জের তলায় দ্বে এক তীব্রগতি ধুলোর মেঘ জেগে উঠল। এবং তফাত থেকেই শোনা গেল, বাতাসের মধ্যে ফুটল কেমন এক অশান্ত প্রলাপ।

নিশীথ তীক্ষ দৃষ্টিতে সামনের দিকৈ তাকিয়ে বললে, 'দ্রে লোকালয়ের মত'কী দেখা যাচ্ছে না ?'

অমিয় এ-অঞ্চলের পথ-ঘাটের থবর রাখত। সে বললে, 'আমি ঐদিকেই যাচ্ছি। ওথানে আলয় আছে বটে, কিন্তু লোক নেই।' পরেশ বললে. 'তার মানে ?'

—'ওটা একটা ছোট শহর। অনেক দিন আগে মড়কে ওখানকার বেশির ভাগ লোকই মারা পড়ে—বাকি সবাই পালিয়ে ষায়, আর ফিরে আদেনি। ওর নাম আলিনগর। ওখানে এখন জনশৃত্য পোড়ো ভাঙা বাড়ি আর ধ্বংস-স্তৃপ ছাড়া অত্য কিছুই নেই। তবে, ওরই মধ্যে কোনখানে হয়তো মাথা গুঁজে আজকের মত ঝড়কে ফাঁকি দিতে পারব।

পরেশ ও নিশীথ খুশি হয়ে বললে, 'ব্যস, অল রাইট !'

শীলা কিন্তু কেমন যেন কুঁকড়ে পড়ে বললে, 'ও দাদা, এই অক্ষকারে আলিনগরে গিয়ে কাজ নেই! তার চেয়ে মাঠে ঝড়ের ধারা খাওয়া চের ভালো!'

অমিয় বিশ্বিত স্বরে বললে, 'কেন রে শীলা, আলিনগরে যেতে তোর আপত্তি কিসের ?'

শীলা বললে, 'আমাদের বাবুর্চির মুখে শুনেছি, আলিনগরে এখন যারা থাকে, তারা মানুষ নয়!'


— 'মামুষ নয় ? তুই কি বাঘ, ভালুক, হায়েনার কথা বলছিদ ?'



— 'না দাদা, না! তারা নাকি মামুষের মত দেখতে, কিন্তু তারা মানুষ নয়! শুনেছি, তারা দিনে কবরে গিয়ে ঘুমোয়, রাত্রে বেরিয়ে এসে দেখা দেয়!'

তিন বন্ধতে একসঙ্গে হো-হো করে হেসে উঠল। এই একেলে
মানুষগুলোর কানে সেকেলে ভূতের কথা ঠাট্টা-তামাসা ছাড়া আর
কিছুই নয়। আজগুবি ভূতের গল্প শুনে বড়-জোর সকোতৃকে সময়
কাটানো চলে, কিন্তু তা বিশ্বাস করবে থালি থোকা-খুকী আর মূর্যরা।
অতএব অমিয় বললে, 'তুই কি ভূতের কথা বলছিস ? ছিঃ শীলা,
এখনো তোর ওসব কুসংস্কার আছে ?'

কিন্তু শীলা কোন জবাব দেওয়ার আগেই ঝোড়ো হাওয়া পাগলের মত হুল্লার দিয়ে তাদের উপরে লাফিয়ে পড়ল। প্রথম আক্রমণেই সে নিশীথের মাথা থেকে টুপি এবং শীলার হাত থেকে রুমালু কেড়ে নিয়ে ধূলায় ধূলায় চতুর্দিক আচ্ছন্ন করে দিলে। অন্ধকার আকাশে বাজ চাঁচাডে লাগল গলা ফাটিয়ে এবং এখানে



ওধানে মড়মড় করে ছ-তিনটে গাছ ভেঙে পড়ল। এক মুহূর্তেই পৃথিবীর রূপ গেল বদলে।

তীক্ষ ধূলার্ষ্টির মধ্যে অনেক কণ্টে তাকিয়ে অমিয় 'হেড-লাইট' জেলে দেখলে, খানিক তফাতেই ভাঙা মসজিদের মত একখানা সাদা বাড়ি দেখা যাচ্ছে।

তীরের মত গাড়ি ছুটিয়ে সেইখানে গিয়ে থেমে পড়ে অমিয় বললে, 'পরেশ, নিশীথ! শীলাকে নিয়ে শীগগির নেমে পড়! ঐ মসজিদে গিয়ে ঢোকো!'

মসজিদের এক দিক ভেঙে পড়েছে, কিন্তু আরু একটা অ্শ তখনো কোনগতিকে দাঁড়িয়ে আছে। সকলে তাড়াতাড়ি সেই অংশে গিয়েই আশ্রয় নিলে।

বাইরে তখন যে কাণ্ড হচ্ছে ভাষায় তা বুঝানো যায় না। কষ্টি-পাথরের মত কালো নিরেট অন্ধকারে পৃথিবীকে কানা করে ক্ষ্যাপা ঝড় আজ যেন বিশ্ব লুপ্ঠন করতে চায়। দিকে দিকে বিহ্যুতের শত-শত অগ্নি-সর্প লেলিয়ে দিয়ে বজ্রভেরীতে মৃত্যু-রাগ পূর্ণ কুরে এবং অরণ্যের যন্ত্রণা-ভরা ছট্ফটানি শুনে বিপুল অট্টহাসি হেসে প্রলয়-আনন্দে ঝঞ্চার তাণ্ডব চলতে লাগল।

পরেশ সভয়ে বললে, 'অমি, এ ভাঙা মসজিদ থর-থর করে কাঁপছে! মাথার উপরে ভেঙে পড়বে না তো ?'

শীলাকে নিজের আরো কাছে টেনে এনে অমিয় নাচারভাবে বললে, 'ভেঙে পড়লেই উপায় কী !'

শীলা কাতরভাবে বললে, 'ও দাদা, চল, আমরা বাইরে পালিয়ে যাই!'

—'भागन! वाहेरत (गरन वर्ष्ट् छेर्ड् याति।'

প্রায় সাধঘণ্টা পরে ঝড়ের বেগ কিছু কমে এল বটে, কিন্তু ঝম-ঝম-ঝম করে বিষম বৃষ্টি শুরু হল। মসজিদের একটা দরজা-জানলারও পাল্লা ছিল না, বেগবান হাওয়ায় হু-হু করে ভিতরেও জল ঢুকতে লাগল।

নিশীথ বললে, 'অমি, গাড়ি থেকে টর্চটা এনেছ ?'

- —'এনেছি। কেন ?'
- 'একবার জ্বেলে দেখ তো, কোনদিকে শুকনো ঠাঁই আছে না কি ? অন্ধকারে আমার পা বাড়াতে ভয় হচ্ছে, যদি সাপ-টাপ কিছু থাকে!'.



টচটা জ্বেলে একদিকে আলোর রেখা ফেলতেই অমিয় চমকে উঠল এবং সঙ্গে দীলা প্রায় কান্নার স্বরে বলে উঠল, 'ও কে দাদা, ও কে ?'

প্রকাণ্ড ঘঁরের আধখানা ছাদ ভেঙে পড়েছে, এবং মেঝের উপরে মান্ত্র্য পিশাচ স্থপের মত জমে রয়েছে ভাঙা টালি, ইট, বালি-স্বকির চাঙড়, কড়ি ও বরগা প্রভৃতি। তারই ভিতরে স্থিরভাবে হুই হাঁটুর উপরে মুখ রেখে স্তব্ধ হয়ে বসে আছে অদ্ভূত এক মানুষের মূর্তি!

দীর্ঘ, ঘোর কৃষ্ণবর্ণ দেহ, লম্বা লম্বা চুল মাথা থেকে কাঁধ পর্যন্ত ঝুলে পড়েছে, গোঁফ-দাড়ি কামানো, পরনে একটা কালো 'ওভারকোট'ও ঢিলে ইজের। কিন্তু তার চোথ ছটো! মোটংরর 'হেডলাইটের' মত সেই চোথ তীত্র দীপ্তিতে এমন উজ্জ্বল যে, তাদের দিকে তাকাতেও কন্ত হয়। তার কালো পোশাক আর কালো মুথ কালো অন্ধকারে মিশিয়ে প্রায় অস্পন্ত হয়ে আছে, কিন্তু অস্বাভাবিক-ভাবে স্পন্ত হয়ে উঠে চোথ ছটো অপার্থিব বিভীষিকা সৃষ্টি করেছে। দেখলেই রুকের কাছটা ধড়ফড় করতে থাকে।

অমিয় অত্যন্ত বিশ্বিত হয়ে রুক্ষ স্বরে জিজ্ঞাসা করলে, 'কে তুমি ?' গন্তীর স্বরে মূর্তি বলল, 'পথিক।'

- —'তোমার নাম কী ?'
- —'আমি পথিক, এই পরিচয়ই যথেষ্ট।'
- —'এখানে কেন ?'
- 'যেজন্যে তোমরা এখানে এসেছ, আমিও সেইজন্যেই এখানে।'
- —'এতক্ষণ সাড়া দাওনি কেন ?'
- 'मत्रकात रयनि वल मिरेनि।'

অমিয় টর্চ নিবিয়ে ফেলল, চারিদিকে আবার অন্ধকার নেমে এল। কিন্তু সকলের মনে হতে লাগল, সেই অন্ধকারের ভিতর হতে অপরিচিত মৃতি যেন থেকে থেকে আগুনের ফিন্কি ছড়িয়ে দিচ্ছে।

অমিয়কে তুই হাতে জড়িয়ে ধরে শীলা ভয়ার্ত স্বরে চুপিচুপি বললে, 'দাদা, শীগগির এখান থেকে বেরিয়ে, চল, নইলে আমি হয়তো অজ্ঞান হয়ে যাব!'

পরেশ ও নিশীথও বিস্ময়ে অভিভূত হয়ে প্রড়েছিল। এতক্ষণ হেমেক্রকুমার রায় রচনাবলী: ২ পরে পরেশ বললে, 'অমি, এখানে দাঁড়িয়েও যখন ভিজতে হচ্ছে, তখন গাড়িতে গিয়ে বসাই ভালো।'

বাইরে তথনও আঁধার রাত্রির বুকে মাথা ঠুকে ঝড় চাঁচাচ্ছে সোঁ-গোঁ-গোঁ-গোঁ, গাছেরা পরস্পরের গায়ে আছড়ে পড়ে কেঁদে ককিয়ে বলছে সর্-সর্-সর্-সর্ এবং শৃত্যের অসীম সাগর উছলে জলের ধারা ঝরছে রম্-ঝম্, রম্-ঝম্,

অমিয় কান পেতে শুনে বুঝলে, পাহাড়ে পথের উপর দিয়েও কল্কল্করে জলস্রোত ছুটছে। এ পথে মোটর চালানো এখন মোটেই নিরাপদ নয় বটে, কিন্তু এই ভাঙা মসজিদের ফুটো ছাদের তলায় শক্ষকারে এই বিচিত্র মৃতির সঙ্গে এখানে থাকতে তারও আর ইচ্ছা হল না। সে শীলার হাত চেপে ধরে বললে, 'চল, আমরা গাড়িতে গিয়ে বদি।'

অন্ধকারে ভিতরে একটা অক্ষুট শব্দ হল—কে যেন চাপা গলায় হাসলে।

অমিয়ের ভয়ানক রাগ হল ;—তারা ভয় পেয়ে পালাচ্ছে ভেবে ঐ লোকটা কি ঠাটার হাসি হাসছে ? কিন্তু শীলার কথা ভেবে রাগ সামলে সে একেবারে বাইরে গিয়ে দাঁড়াল।

শীলা বললে, 'তখুনি বলেছিলুম দাদা, এখানে এসো নঃ!'

অমিয় জোর করে হেসে বললে, 'আরে গেল, তুই কি ভেবেছিস লোকটা ভূত ?'

শীলা বললে, 'ও ভূত কি না জানি না, কিন্তু ওকে দেখে আমার বুকের রক্ত শুকিয়ে ্যাচ্ছিল !'

— 'তোর সবতাতেই বাড়াবাড়ি! নে, এখন গাড়িত উঠে বোস!' গাড়ির উপরে উঠে ধুপ করে বসে পড়ে শীলা বললে, 'শাগগির স্টাট দাও দাদা, এখানে আর আধ মিনিটও নয়!'

পরেশ ও নিশীথ গাড়ির উপরে গিয়ে বসল। অমিয় দ্টাট দিয়ে গাড়িতে উঠল।

কিন্তু পথ তথন ছোটথাটো নদীতে পরিণত হয়েছে—প্রায় হাঁটু-ভোর জল সশব্দে ছুটে চলেছে। এ পথে কেমন করে গাড়ি চালাবে তাই ভাবতে ভাবতে অমিয় 'হেড-লাইট'টা জ্বেলে দিলে।

কিন্তু ওরা আবার কে ? 'হেড-লাইটে'র জোর আলো সুমুখের পথে পড়তেই দেখা গেল, ছয়জন লোক পাশাপাশি-গাড়ির দিকেই পায়ে পায়ে এগিয়ে আসছে।

পরিত্যক্ত আলিনগর, দিনের বেলাতেই সেখানে মান্থবের দেখা মেলে না, কিন্তু আজ সন্ধ্যার পর ঘুটঘুটে অন্ধকারে, জলে-ঝড়ে-ছুর্যোগে, ধ্বংসস্থূপের মধ্যে কারা এরাং এই কিপথে বেড়াবার সময়ং

শীলা, পরেশ ও নিশীথ তাদের দিকে হতভদ্বের মত তাকিয়ে রইল। পাশের জঙ্গল থেকে কতকগুলি শেয়াল সমন্বরে কেঁদে উঠল। যেন তারা এদের ভয় করে, যেন তারা পৃথিবীর জীবদের সাবধান করে দিচ্ছে!

অমিয় ঘন-ঘন মোটরের হর্ন বাজাতে লাগল।

কিন্তু তারা যেন শুনতে পেলে না,—তালে তালে যেন মেপে মেপে পা ফেলে তারা সমানে এগিয়ে আসছে—যেন সব দম-দেওয়া কলের মৃতি! প্রত্যেকের পরনে সাদা কাপড়, প্রত্যেকের দেহের উপর দিকটা আড়াই এবং প্রত্যেকের হাত ছটো পক্ষাঘাতগ্রস্ত রোগীর হাতের মত ছ্-পাশে স্থিরভাবে ঝুলছে,—চলছে কেবল তাদের পাগুলো।

সেই জলে-ঝড়ে অমিয়ের দেহ খেনে উঠলু: চেঁচিয়ে বললে, 'কে তোমরা? আমার হর্ন শুনতে পাচ্ছ না? সরে যাও—নইলে মরবে!'

তারা কেউ সাড়া দিলে না, পথ জুড়ে তালে কালে গাড়ির দিকে এগিয়ে আসতে লাগল। যেন তারা থামতে জানে না, কার অভিশাপে যেন তাদের কিছুতেই থামতে দেয় না, যন্ত্রচালিতের মত ্তাদের যেন চলতেই হবে সারা পৃথিবীর মাটি মাড়িয়ে অনন্ত— অনন্তকাল ধরে!

অমিয় বললে, 'ডাকাত নয় তো ং পরেশ! নিশীথ! বন্দুক নাও!' সকলে আপন-আপন বন্দুক তুলে নিলে। তবু যারা আসছে তারা থামল না, ভয়ও পেল না!



অমিয় চেঁচিয়ে বললে, 'আর এক পা এগুলেই গুলি করব !'

ধুপ-ধুপ-ধুপ-ধুপ করে পায়ের শব্দ তুলে মৃতিগুলো আরো কাছে

এসে পড়ল।

অমিয় মহা ফাঁপরে পড়ে ভাবতে লাগল—কারা এরা ? ডাকাত, না পাগল ? না এরা ভাবছে যে বন্দুক ছুঁড়ব বলে আমরা ঠাট্টা মাহার পিশাচ করছি ? কিন্তু আর তো ওদের কাছে আসতে দেওয়া উচিত নয়, গাড়িতে শীলা রয়েছে, কোন বিপদ হলে বাড়িতে গিয়ে মুখ দেখাব কেমন করে ? যা হয় হোক, আমার কথা না শুনলে এবার আমি বন্দুক ছুঁড়বই !

সে আবার শুরু স্বরে চেঁচিয়ে বললে, 'এই শেষবার বলছি, পথ ছেড়ে দাও!'

তারা সম:নে এগিয়ে আসছে, আসছে, আর আসছেই। 'হেড-লাইটে'র তীব্র আলোকে তাদের রুক্ষ চুল ও বিক্ষারিত স্থির চোথের পাতা পর্যন্ত স্পষ্ট দেখা যাচ্ছে। ছয়জোড়া নিষ্পালক চোথের পূর্ণদৃষ্টি অনিয়দের দিকে স্থির হয়ে আছে—প্রত্যেক চোখ যেন মড়ার চোখ।

তিনজনেই বন্দুক তুলে লক্ষ্য স্থির করল। মৃতিগুলো যথন গাড়ির কাছ থেকে দশ-বারো হাত তফাতে এসে পড়েছে অমিয় তথন বললে, 'আমি তিন গুনলেই তোমরা বন্দুক ছুঁড়ো।'

ত্র তারা থামল না।

- 'এক !'…
- ---'তুই !'…
- —'ভিন !'…

গুড়ুম, গুড়ুম, গুড়ুম! তিনজনেই বুঝলে, তাদের লক্ষ্য ভুল হয়নি—এত কাছ থেকে ভুল হতেই পারে না, কিন্তু তবু সেই মৃতি-গুলো তালে তালে পা ফেলে এগিয়ে—আরও এগিয়ে—আরও এগিয়ে আসতে লাগল।

একী অসম্ভব ব্যাপার!

আচম্বিতে ভাঙা মদজিদের ভিতর থেকে হা-হা-হা-হা করে কে বক্ত পশুর কঠে মানুষের স্বরে ভয়াবহ অট্টহাসি হাসতে লাগল।

শীলা আর্তনাদ করে সজ্ঞান হয়ে গদির উপরে নুটিয়ে পড়ল।

দ্বিতীয় পরিচ্ছেদ মরা মানুষের জ্যান্ত চোখ

— 'দিনে দিনে হল কী ? ছনিয়ায় বড় বড় সাধুর অভাব হয়েছে অনেক দিনই। আজকাল আবার বড় অসাধুরও খোঁজ পাওয়া যাচ্ছে না। পুলিশ কোর্টের রিপোর্টে দেখছি খালি কতকগুলো গাঁটকাটা আর ছিঁচকে-চোরের ইতিহাস। ছত্তোর থবরের নিক্চি করেছে!'— এই বলে জয়ন্ত খবরের কাগজখানা সজোরে মাটির উপরে ছুঁডে ফেলে দিলে।

মানিক ক্লি তৈরি করতে বললে, 'শহরে বড় বড় চোর-ডাকাত-খুনে নেই, এটা তো পুলিশের কৃতিকের পরিচয়! এজন্যে আমাদের স্থানরবান্ত্র আনায়াসে বাহাছ্রির দাবি করতে পারেন।'

— 'কিন্ত চুরি-ডাকাতি, খুন-খারাপি না থাকলে পুলিশেরও চাকরি থ্যাকবে না, আর আমাদেরও সময় কাটবে না।'

মানিক কফির পেয়ালা জয়ন্তের সামনে এগিয়ে দিলে।

পেয়ালায় একটা চুমুক দিয়ে জয়ন্ত বললে, 'কেবল তাই নয়। অপরাধীর অভাবে কোন-কোন দেশে পুলিশের অত্যন্ত ছুদ্শাও হয়। ইউরোপের একটা শহরে চোরেরা একবার ধর্মঘট করেছিল তা জানো ?'

মানিক আশ্চর্য হয়ে বললে, 'কি রকম ? চোরেদের ধর্মঘট ? এ যে গৃহস্থের পক্ষে মস্ত বড় সুখবর !'

— 'হাঁ, গৃহস্থের পক্ষে। কিন্তু যে শহরের কথা বলছি,
সেথানকার পুলিশ এটা স্থবর বলে মনে করেনি। শহরবাসীরা হঠাৎ
একদিন সকালে উঠে দেখলে, রাস্তায় নাস্তায় দেয়ালের গায়ে এই
বিজ্ঞাপনঃ চুরি ব্যব্দীয় অচল হইয়া পড়িয়াছে। পুলিশ এত বেশি
ঘুষ দাবি করে যে, চোরাই মাল বেচিয়া আমাদের আর কোন লাভ
থাকে না। পুলিশের এই অভায় দাবির বিরুদ্ধে প্রতিবাদ করিবার

জন্ম এই নগরের চোর-সম্প্রদায় অন্ত হইতে চৌর্যবৃত্তি পরিত্যাগ করিল।

- —'তারপর।'
- 'তারপর আর কী! ছ-চারদিন পরেই সেখানকার পুলিশ মানতে বাধ্য হল যে, অতঃপর চোরেদের কাছ থেকে আর অত বেশি ঘুষ দাবি করবে না। তথন চোরেরা আবার ধর্মদটি বন্ধ করল।'

এমন সময় পায়ের শব্দে বাড়ি কাঁপিয়ে এবং স্থবিপুল ভুঁড়ি ছলিয়ে ইনস্পেক্টর স্থানরবার ঘরের ভিতরে প্রবেশ করলেন। এদিকে ওদিকে দৃষ্টি নিক্ষেপ করে বললেন, 'এই যে, চা খাওসা হয়ে গেছে দেখছি!'

জয়ন্ত বললে, 'না, আমরা এইমাত্র কফি শেষ করলুম।'

সুন্দরবাব বললেন, 'হুম। কফি ? এই গরমে ? ওরে বাপরে, তোমাদের মাথা খারাপ হয়ে গেছে ! একশো টাকা বথশিশ দিলেও আমি এখন এক কাপ কফি খাব না।'

জয়ন্ত বললে, একশো টাকা বা কফির কাপ কিছুই আপনার ভাগ্যে নেই। আপনার জন্মে এখনি এক পিয়ালা চা আসবে।

- 'আর টোস্ট, ডিম, জাম গ্'
- 'তাও আসবে। আপনি নির্ভয়ে চেয়ারে বসে পড়ুন।'

ইতিমধ্যে মানিক থবরের কাগজখানা কখন মাটি থেকে তুলে নিয়ে পড়তে শুরু করে দিয়েছে। সে বললে, 'জয়, তুমি কি আজকের কাগজখানা ভালো করে পড়োনি ?'

- 'না, পুলিশ-কোর্টের কলম ছাড়া আর কিছু আমি দেখিনি।'
- 'চট্টগ্রাম থেকে এদের নিজম্ব সংবাদদাতা কী লিখেছে জানো!
- —'ना।'
- —'শোনো তা হলে', বলে মানিক পড়তে আরম্ভ করলে:

'বিভীষণ বিভীষিকা!

রহস্যময় মেয়ে-চুরি।

'পার্বত্য চট্টগ্রামের চতুর্দিকস্থ গ্রামে গ্রামে ভীষণ বিভীষিকার সঞ্চার হইয়াছে। মাসাধিক কালের মধ্যে এখানে তিন-তিনটি পরিবারের তিনটি মেয়েকে কে বা কাহারা চুরি করিয়া লইয়া গিয়াছে।

'আসল ব্যাপার কিছুই বুঝা যাইতেছে না। এমন অভুত কাও-এ অঞ্চলে আরু কথনও হয় নাই। পুলিশ প্রাণপণ চেষ্টা করিতেছে বটে, কিন্তু যে-তিমিরে সেই তিমিরেই পড়িয়া আছে।

'প্রথম ঘটনাটি এই ঃ বীরনগর গ্রামের মধুসুদন কর্মকারের বড় মেয়ে প্রমদা সন্ধারে সময়ে গ্রামের প্রান্তে পুকরিণীতে গিয়াছিল। কিন্তু দে আরু ফিরিয়া আদে নাই। প্রথমে সবাই ভাবিয়াছিল, সে জিলে ডুবিয়া গিয়াছে। কিন্তু প্রবিশীর তলা পর্যন্ত তন্ধ-তন্ত করিয়া খুঁজিয়াও তাহার দেহ পাওয়া যায় নাই। প্রমদার বয়স পনেরো বংসর মাত্র। সবে গত মাসে তাহার বিবাহ হইয়াছে।

'দিন্দীয় ঘটনার বিবরণঃ বীরনগর হইতে দশ মাইল তফাতে চণ্ডীপুর। শ্রীযুক্ত পঞ্চানন চৌধুরী এখানকাব একজন বিশিষ্ট গৃহস্থ। ভাহার • দৌহিত্রীর নাম কুমারী কমলা দেবী, বয়স যোলো বংসর। এক রাত্রে গুমোট গরমে ঘুম হইতেছিল না দেখিয়া কমলা বাহিরের বারান্দায় আসিয়া শয়ন করে: শেষ রাত্রে হঠাং কলোর ভীত চিংকারে বাড়ির আর সকলের ঘুম ভাঙিয়া যায়। কমলার পিতা ও পঞ্চাননবারু প্রভৃতি বারান্দায় ছুটিয়া আসেন। কিন্তু কমলা তখন অদৃশ্য হইয়াছে।

'পুলিশের তদন্তে আর একটি অভুত বিষয় প্রকাশ পাইয়াছে। বাড়ির সকলে যথন কমলার জন্ম খোঁজাখুঁজিও ছুটাছুটি করিতেছিলেন, তথন গ্রামের পথ হইতে কে নাকি ভয়াবহ অটুহাস্থ করিয়া উঠিয়াছিল। সেদ্নি অমাবস্থার রাত্রি ছিল, সকলে অন্ধকার পথে ছুটিয়া যায়; কিন্তু কাহাকেও দেখিতে পায় নাই। কেবল এক আশ্চর্য শব্দ শোনা যায়। অনেকগুলি লোক যেন একসঙ্গে সৈন্থ-দলের মত সমতালে সশব্দে পা ফেলিয়া চলিয়া যাইতেছে।

মাহ্যু পিশাচ

'তৃতীয় ঘটনা ঘটিয়াছে মাত্র ছই দিন আগে। ডিস্ট্রিক্ট ম্যাজিন্ট্রেট
মিঃ আর. এন. সেনের একমাত্র কন্তা কুমারী শীলা তাঁহার ভ্রাতা
মিঃ অমিয় সেনের সঙ্গে শিকার দেখিতে গিয়েছিলেন। পোড়ো
শহর আলিনগরের কাছে কাহারা নাকি আক্রমণ করিয়া কুমারী
শীলাকে লইয়া পলাইয়া গিয়াছে। এই ঘটনার বিস্তারিত বিবরণ
এখনো প্রকাশ পায় নাই, যথাসময়ে আমরা সব কথা জানাইব।

'এখন প্রশ্ন হইতেছে, একালে ইংরেজ রাজছের কোন জায়গায় উপর-উপরি এমন তিন-তিনটি ঘটনা ঘটা সম্ভব কি না ? যদি সম্ভবপর বলিয়া স্বীকার করিতেই হয়, তবে অনর্থক, এই বিপুল পুলিশ-বাহিনী পুষিয়া লাভ কী ! যেখানে ম্যাজিস্ট্রেটের কন্থা পর্যস্ত চুরি যায়, সেথানে সাধারণ দরিজ প্রজারা কাহার মুখ চাহিয়া বাস করিবে ? আমরা পুলিশের এই অকর্মণ্যতার দিকে গভর্ণমেন্টের দৃষ্টি আকর্ষণ করিতেছি।'

ইনস্পেক্টর স্করবার শুনতে শুনতে মুখগছবরে আধথানা 'টোস্ট' নিক্ষেপ করতে উন্নত হয়েছিলেন। কিন্তু পুলিশের বিরুদ্ধে অভিযোগ শুনে তার আর 'টোস্ট' খাওয়া হল না, তিনি চটে-মটে বলে উঠলেন, 'হুম্! যত দোষ নক্দ ঘোষ! যেখানে যা-কিছু ছুর্ঘটনা ঘটবে তার জন্মে দায়ী হচ্ছি আমরাই!'

জয়ন্ত জবাব দিলে না, নীরবে মস্তদানি বার করে একটিপ নস্তানিলে।

সুন্দরবার বললেন, 'সব ব্যাপারগুলোই আজগুরী! চোরেরা যে চুরি করতে এসে অটুহাসি হাসে আর গোরাদের মত তালে তালে পা ফেলে চলে, এটা এই প্রথম শুনলাম! তারা তো উদয়শস্করের মত তালে তালে নাচতে নাচতে পালালেও পালাতে পারত।'

বেয়ারা ঘরে ঢুকে বললে, 'একজন সায়েব বার্ব্ ডাকছেন।' জয়ন্ত বললে, 'এখানে নিয়ে এস।'

युन्पत्रवात् वललन, 'मास्यव वात् व्यावात की की क. ?'

—'আমাদের বেয়ারা বিলাতী পোশাকে বাঙালীকে ঐ নামে ভাকে।'

ঘরের ভিতরে এসে দাঁড়াল একটি তরুণ যুবক। তার পরনের বিলাতি পোশাক ইস্ত্রিহীন, এলোমেলো, মাথায় টুপি নেই—ব্যাণ্ডেজ বাঁধা, চক্ষের দৃষ্টি উদ্ভ্রান্ত। দেখলেই মনে হয় সে যেন অত্যন্ত চিষ্টিত ও বিপদগ্রস্ত।

জয়ন্ত শুধালে, 'আপনি কাকে চান ?

- 'জয়ন্তবাবুকে। আমি ভয়ানক বিপদে পড়ে ছুটে এসেছি—'
- 'আমারই নাম জয়ন্ত। আপনার নাম জানতে পারি কি ?'
- 'আমার নাম অমিয় সেন, আমি চট্টগ্রাম থেকে আসছি।'

জগত হাছাতাড়ি একখানা চেয়ার এগিয়ে দিয়ে বললে, 'বস্থন। খবরের কাগজে বোধহয় এইমাত্র আপনারই নাম দেখেছি। আপনি তো চট্টপ্রামের ডিঞ্জিকী মাাজিস্টেট মিঃ আরু এন সেনের পুত্র গু

অমিয় চেয়ারে বসে পড়ে বললে, 'আজে হাা। ব্যাপারটা যখন আগেই শুনেছেন তথন আমি কেন যে এখানে এসেছি, সেটাও বোধহয় বুঝতে পেরেছেন ?'

- 'আপনার ভগ্নীকে আপনি উদ্ধার করতে চান ?'
- 'আজে হাা। আমি প্রতিজ্ঞা করেছি, শীলাকে উদ্ধার না করে বাবার কাছে আর মুখ দেখাব না।'
- 'তাহলে আগে সমস্ত ঘটনা আমাদের কাছে খুলে বলুন।' অমিয় খানিকক্ষণ চুপ করে রইল। তারপর ধীরে ধীরে বললে, 'কিন্তু সব শুনে আপনি হয়ত পাগল বা মিথ্যাবাদী বলে মনে করবেন।'
 - —'কেন ?'
- 'সমস্ত ঘটনাট্ৰীই এমন অসম্ভব যে আমার বাবাও আমার কথা বিশ্বাস করেন নি। অথচ আমার প্রত্যেক কথাই সত্য।'
- —'হোক অসম্ভব, তবু কোন কথাই আপনি যেন গোপন করবেন মান্ত্র পিশাচ

না। কিছু লুকোলে আমি আপনার কোন উপকারেই লাগব না, এইটুকু থালি দয়া করে মনে রাখবেন।

অমিয় তার কাহিনী বলতে লাগল। সে যা বললে তার অধিকাংশই আমরা প্রথম পরিচ্ছেদে বর্ণনা করেছি— গাড়ির উপরে শীলার মৃর্ছিত হয়ে পড়ে যাওয়া পর্যন্ত। অতএব এখানে অমিয়ের কথার শেষ অংশ মাত্র দেওয়া হলঃ

'ওদিকে ভাঙা মসজিদের ভিতর থেকে সেই অমানুষী হাসি, এদিকে বন্দুকের গুলিতে আহত হয়েও নির্বিকারের মত সেই ছয়টা আড়ান্ট দেহ একেবারে আমাদের গাড়ির কাছে এসে পড়েছে। আমার পাশেই শীলার মৃছিত দেহ পড়ে রয়েছে, চারিদিকে ঝোড়ো হাওয়ার প্রচণ্ড নিশ্বাস, বৃষ্টির ঝর্-ঝর্ কালা, মাথার উপরে আকাশ ঘন-ঘন আলছে বিছ্যাৎ-চক্মিকির ফিন্কি। আমি যেন কেমন আচ্ছালের মতন হয়ে গেলুম এবং সেই অবস্থাতেই বৃঝতে পারলুম, পরেশ ও নিশীথও গাড়ির ভিতরে অজ্ঞান হয়ে পড়ল।

'গাড়ির সামনে এসে মৃতিগুলো থম্কে দাড়িয়ে পড়লন , সেই সময়ে তাদের চোথগুলো, দেখে আমার বুক শিউরে উঠল। মরা মানুষ তাকিয়ে দেখলে বোধ করি তাদের দৃষ্টিও এইরকম দেখতে হয়! সে চোথগুলো যেন তাকিয়ে আছে মাত্র, কিন্তু তাদের ভিতরে কোন ভাবেরই আভাস নেই এবং তারা চোথ খুলে তাকিয়েও যেন কিছুই দেখতে পাচ্ছে না!

'মৃতিগুলো হঠাং ছুই ভাগে বিভক্ত হয়ে গেল। তিনজন এল গাড়ির বাঁ পাশে, আর তিনজন এল ডান পাশে। সঙ্গে সঙ্গে 'হেড-লাইটে'র আলোক-রেখা ছাড়িয়ে তাদের দেহগুলো ঘুটঘুটে অন্ধকারে মিলিয়ে গেল।

'তারপর আমি কী করব না-করব ভাবতে-না-ভাবতেই আচম্বিতে ছ-খানা বিষম কঠিন হাত আমার কোমর জড়িয়ে ধরলে। সে হাত-ছ-খানা কেবল কঠিন নয়, কী অম্বাভাবিক ঠাণ্ডা! আমি প্রাণপণে বাধা দিয়েও তাদের ঠেকাতে পারলুম না, হাত-ত্থানা আমাকে এক টানে শৃত্যে তুলে ধরে ছুঁড়ে ফেলে দিলে,—মাটিতে পড়ে মাথায় চোট লেগে আমিও তথনই অজ্ঞান হয়ে গেলুম এবং অজ্ঞান হয়ে যেতে যেতে আবার শুনতে পেলুম সেই অমানুষী হা-হা-হা হাসি।

'যথন জ্ঞান হল তখন নেঘলা আকাশে ঝাপসা ভোরের আলো ফুটে ওঠবার চেষ্টা করছে।

'গাড়ির হুডের উপরে মাথা রেখে পরেশ ও নিশীথ অভিভূতের মত পড়ে রয়েছে।

'আমি পাগলের মত গাড়ির কাছে ছুটে গিয়ে ডাকলুম, 'শীলা! শীলা!' পরেশ ফীণ স্বরে বললে, 'শীলা নেই!'

'মামার কণা আর বেশি বাড়াব না। কেবল এইটুকুই জেনে রাখুন, প্রায় বৈকাল পর্যন্ত আমরা তিনজনে আলিনগরের সমস্তটা তন্ত্র করে খুঁজে দেখলুন। কিন্তু পেলুম খালি পোড়ো বাড়ির পর পোড়ো বাড়ি, প্রংসভূপের পর ধ্বংসভূপ—সেখানে কোথায় শীলা, কোথায় সেই ছথটা অভূত মূর্তি, আর কোথায় ভাঙা-মসজিদে-দেখা সেই ঘোর কালো লম্বা লোকটা! কারুর কোন চিহ্ন নেই।

'কি-রকম মন নিয়ে বাড়িতে কিরে এলুম, আর সমস্ত শুনে মা ও বাবার অবস্তাই বা হল কী রকম, এথানে সে-সব কথাও বলবার দরকার নেই:

'নিশীথ আপনার শক্তির কথা জানে। সেই-ই আমাকে পরামর্শ দিলে আপনার কাছে আসতে। তখন আহত দেহে চট্টগ্রাম থেকে আপনার কাছে চলে এসেছি জয়ন্তবারু, এখন আপনার সাহায্যই আমার শেষ ভরসা।'

অমিয় স্তব্ধ হল্ছ জয়ন্ত গন্তীর মুখে বারবার নস্তা নিতে লাগল।
মানিক খবরের কাগজখানা নিয়ে আর-একবার পড়তে বসল।
খানিক পরে, এই নীরবতা সইতে না পেরে স্থন্দরবার বলে
মানুষ পিশাচ

উঠলেন 'হুম্! মিঃ সেন, আপনি যা বললেন তার কিনারা করা জয়ক্ত বা পুলিশের কাজ নয়!'

অমিয় করুণ স্বরে বললে, 'তবে আমার কী হবে গ'

— 'যা শুনলুম তা যদি পাগলের প্রলাপ না হয়, তাহলে রীতিমত ভৌতিক ব্যাপার বলেই মানতে হয়। জয়ন্ত কি পুলিশে, ভূত ধরতে পারবে না, আপনি কোন ভালো রোজার খোঁজ করুন। আপনার বোনকে ভূতে উড়িয়ে নিয়ে গিয়েছে।'

অমিয় অসহায়ের মতন কাতরভাবে জয়ন্তের মুখের পানে তাকিয়ে রইল।

জয়ন্ত আর-এক টিপ নস্থা নিয়ে বললে, 'মানিক, জিনিস-পত্তর সং গুছিয়ে নাও। অমিয়বাবুর সঙ্গে আজই আমরা চট্টগ্রাম যাতা করব।

তৃতীয় পরিচ্ছেদ পদচিহ্ন ও গোরস্থান

জনশৃত্য আলিনগর। চারিধারে ছোট ছোট পাহাড়ের টেউ-খেলানো প্রাচীর, বাতাসের ছোঁয়ায় একতান-বাজানো বনভূমির শ্যামলিমা, মাঠে মাঠে জলের আল্পনা আকতে আঁকতে নদীর রূপালি খেলা, কোথাও ঝাঁকে ঝাঁকে উড়ে যায় বনমুগিরা, কোথাও হঠাৎ শিস দিয়ে ওঠে অজানা গানের পাথি, কোথাও অনেক দূর থেকে শোনা যায় চার বাঁশির হারিয়ে-যাওয়া দ্বর। এরই মধ্যে ঘুমিয়ে নিঃসাড় হয়ে আছে জনশত্য আলিনগর। পাহাড়ের উপর থেকে তাকে দেখায় একথানি ছবির মত।

বাড়ির পর বাড়ি—কোন-কোন বাড়ির বয়সও বেশি নয়, আকারও জীর্ণ নয়। মাঝে মাঝে এক-একখানা বাগান-বাড়িও চোখে পড়ে—এখনো ছ্-চারটে কঠিনপ্রাণ ফুলগাছ অযত্ত্বেও বেঁচে থেকে বঙ ফুটিয়ে আগেকার গৌরবের পরিচয় দেবার ক্ষীণ চেষ্টা করছে।

কিন্তু অধিকাংশ বাড়িই নীরবে যেন প্রচার করতে চায় ধ্বংসদেবভার মহিমা। তাদের দেখলেই মনে পড়ে খণ্ড-বিখণ্ড মাংসহীন
কঙ্কালকে। স্থানে স্থানে ধ্বংসস্তৃপের জ্বন্যে চলবার পথ পর্যন্ত বন্ধ হয়ে গেছে। এ যেন কোন অভিশপ্ত পৃথিবীর এক অংশ—মৃত্ত মানুষের স্মৃতি আছে, কিন্তু জ্যান্ত মানুষের দেখা নেই। মাঝে মাঝে এক-একটা মসজিদ, কিন্তু তাদের ছাযায় আজু আর কেউ উপাসনা করতে আসে না। থেকে থেকে এক একটা ঘুঘুর বিষাদ-মাথা স্বর্ব যেন মৌনু বিজনতার দীর্ঘপ্তাদের মত জেগে উঠেই স্তব্ধ হয়ে বাচ্ছে।

জয়ন্ত সারাদিন ধরে আজ আলিনগরের জনশুস্ততার মধ্যে ঘুরে মানুষ পিশাচ ১০৩ প্রেড়াচ্ছে এবং তার সঙ্গে আছে মানিক, অমিয়, পরেশ, নিশীথ ও সুন্দরবার।

জয়ন্তের সঙ্গে ইনস্পেক্টর স্থানবার এখানে আগবার কোনই দরকার ছিল না, কিন্তু খানিকটা কোতৃহলে পড়ে ও খানিকটা এই ন্তন দেশে বেড়াবার ঝোঁকে স্থানবার্ও কিছুদিনের ছুটি নিয়ে জয়ন্ত ও মানিকের সঙ্গী হয়েছেন।

সারাদিন কোথাও উল্লেখযোগ্য কিছুই আবিষ্কার করা গেল না। বৈকালে তারা শহরের প্রান্তে একটা ছোট নদীর ধারে এসে দাড়াল।

স্থানরবার সারাদিনই কাঠ-ফাট। রোদে অমন টো-টো করে ঘুরে বেড়ানোর বিরুদ্ধে কঠিন কঠিন মত প্রকাশ করে আসছিলেন, কিন্তু এইবারে তিনি রীতিমত বিজোহ প্রকাশ করে বললেন, 'হুম্! আমি বাবা আর এক পা নড়ছি না! তোমাদের থাতিরে পড়ে শেষটা কি আত্মহত্যা করব ৪ এথানে স্দি-গ্যি হলে দেখবে কে ধু'

জয়ন্ত একবার স্থানরবাবুর দিকে ফিরে তাকাল। মরুভূমিতে দরিয়ার মত তাঁর বিপুল টাকের উপর দিয়ে দর-দর ঘামের ধার। নেমে আদছে এবং পথশ্রমে তাঁর বিরাট ভূঁড়ি হাপরের মশ্ত একবার ফুলে উঠছে ও একবার চুপদে যাচ্ছে দেখে তার দয়া হল। বললে, 'আচ্ছা স্থানরবাবু, এইবারে আমরা থানিকটা বিশ্রাম করতে পারি। আমাদের শহর দেখা শেষ হয়েছে।'

স্থন্দরবার উচ্চৈঃস্বরে একটি স্থদীর্ঘ 'আঃ' উচ্চারণ করে নদী-তীরের বালির উপরে হাত-পা ছড়িয়ে বসে পড়লেন।

অমিয় বললে, 'ভাহলে এর পরে আমরা কী করব ?'

জয়ন্ত বললে, 'আজকের রাতটা আমরা এইখানেই কাটিয়ে দেব।' স্থান্দরবার ভয়ানক চমকে উঠে বললেন, 'আঁটা, সে কী কথা?

থাকৰ বললেই তো থাকা হয় না, এখানে থাক্ত কোথায় ?'

জয়স্ত বললে, 'যদিও আজ চাঁদ উঠবে না, তরু মাথার উপর আকাশের চাঁদোয়া আছে তো ৷'

- —'যদি বৃষ্টি আসে ?'
- 'এখানে মাথা গুঁজবার জন্মে পোড়ো বাড়ির অভাব নেই।
 গোটা শহরটাই তো আজু আমাদের দখলে।'

স্থন্দরবার মাথা নাড়তে নাড়তে বললেন, 'আ-হা-হা-হা, মরে যাই আর-কি! সব ব্যবস্থাই তো করে দিলে দেখছি! কিন্তু পোড়ো বাড়িতে পোড়া পেটের অন্ন জোটাবে কে গু

- 'অন্ন আজ জুটবে না।'
- —'হুম্! মাফ কর ভাই, আমি বিধবা স্ত্রীলোক নই, উপোস-টুপোস আমার ধাতে সহা হয় না!'
 - 'তাহলে আপনি বাসায় ফিরে যান।'
 - 'একলা ?'
 - —'কাঙেই।'
- —'হুম্!' স্থালরবার একবার চারিদিকে তাকিয়ে দেখলেন,— সূর্য ভূর্-ভূর্। সন্ধা আসি-আসি করছে। রাত-আধারে এখানে কী সব কাণ্ড হয় অমিয়র মুখে তা শুনতে বাকি নেই। একলা এখান থেকে কেরা অসন্তব, কারণ স্থালরবার ভূত-পেত্নী মানেন। এবং অমিয়র বোন শীলাকে যে মানুষে চুরি করেছে, এ-কথাও তিনি বিশ্বাস করেন না। একলা বাসায় ফেরবার সময়ে যদি তাদের কারুর সঙ্গে দেখা হয়ে যায়……স্থালরবার অত্যন্ত অসময়ে এখন বুঝতে পারলেন যে, এই সব নির্বোধ, গোয়ার ছোকরার দলে ভিড়ে তিনিও বুদ্ধিমানের কাজ করেন নি।

জয়স্ত তাঁর মনের ভাব আন্দাজ করে মৃত্ হেসে বললে, 'ভয় নেই স্থানরবাবু, আজ রাত্রে অন্ন না জ্টলেও অন্থ কিছু জ্টতে পারে।… নিশীথবাবু, বলুন তো, আপনাদের গাাঁড়তে রসদ কী আছে ?'

নিশীথ বললে, 'একু কাঁদি মর্তমান কলা। ল্যাংড়া আম, সন্দেশ, ছয় ডজন চিকেন স্থার্থ-উইচ, কিছু কেক, আর কিছু বিস্কৃট।'

জয়ন্ত বললে, 'অতপ্রব স্থন্দরবাব্র আজ উপোস করবার ভয় নেই।' মানুষ পিশাচ স্থন্দরবার অল্প একটু হেসে বললেন, 'তাহলে তোমরা এখানে রাত্রিবাস করবার জত্যে তৈরি হয়েই এসেছ ?'

- —'কভকটা তাই বটে।'
- —'এটা আগে আমাকে জানালেই পারতে! এখানে রাত কাটাবার প্রস্তাব আমার ভালো লাগছে না!'

এমন সময়ে মানিক বললে, 'অমিয়বাবু, আপনি না বলেছিলেন, মানুষ এখানে আসতে চায় না ?'

- —'হাা। এ-জায়গাটার বদনাম আছে। আর সে বদনাম যে মিছে নয়, তারও প্রমাণ আমরা পেয়েছি।'
- 'তাহলে -বালির উপরে এই পায়ের দাগগুলো কিসের ?—' বলে মানিক নদীর তীরে অঙ্গুলি-নির্দেশ করলে।

জয়ন্ত তাড়াতাড়ি ঝুঁকে পড়ে দেখতে লাগল।

বালুতটে লম্বা পায়ের দাগের সারি,—নদীর জলের দিক থেকে উপর দিকে উঠে এসেছে। আর সবগুলিই হচ্ছে মানুষের পায়ের দাগ।

জয়ন্ত বললে, 'মুন্দরবাবু, আপনি পায়ের দাগ পরীক্ষা করতে জানেন ?'

- 'পুলিশে কাজ করি, তা আর জানি না ?'
- 'আমেরিকার 'রেড-ইণ্ডিয়ান'রা পুলিশে কাজ করে না, কিন্তু পায়ের দাগ দেখে অপরাধী ধরতে তারা যেমন ওস্তাদ, পৃথিবীর কোন বড় ডিটেকটিভও তেমন নয়। কিন্তু সেকথা এখন থাক। আমাদের সামনের এই দাগগুলো দেখে অনেক কথাই বলা যায়।'
 - —'ভুম্! কী বলা যায় শুনি ?'

জয়স্ত পকেট থেকে গজকাঠি বার করে একমনে দাগগুলো মাপতে লাগল। তারপর বললে, 'দাগগুলো দ্ধন এত স্পষ্ট তখন নিশ্চয়ই পুরানো নয়। হয়ত কালই দাগগুলোর উৎপত্তি হয়েছে। এখান দিয়ে একদল লোক গিয়েছে। যে দলের একজন লোক খুব বেশি ঢাঙা। বেঁটেদের চেয়ে লম্বা লোকদের পায়ের দাগের মধ্যে ব্যবধান হয় বেশি। দলের একজন লোক খুব মোটা, তাই তার পায়ের দাগ বালির ভিতরে বেশি গভীর হয়ে বসেছে। দলের একজনের ডান পা থোঁড়া—বালির উপরে তার ডান পায়ের আঙ্বলের চিহ্ন রয়েছে, কিন্ধু গোড়ালির চিহ্ন নেই।

অথানে ছয়জন লোকের পায়ের দাগ আছে। আমি ছয়জোড়া আলাদা পায়ের দাগ পেয়েছি। অমিয়বাবু, আপনাদের যারা আক্রমণ করেছিল—'

বিবর্ণ মুথে অমিয় বলে উঠল, 'তাদের দলেও ছয়জন লোক দ্বিন।'

জয়ন্ত খানিকক্ষণ চুপ করে থেকে বললে, 'এগুলো ভাদেরই পায়ের দাগ হলে বলতে হয়, তাদের ভূত-প্রেত বলে সন্দেহ করবার কোন কারণ নেই। তারা ছায়ামৃতি হলে এখানে তাদের পায়ের দাগ পড়ত না।'

পরেশ বললে, 'তারা ভূত-প্রেত কি না জানি না, কিন্তু আমাদের বন্দুকের [®]গুলি থেয়েও তারা যে এগিয়ে এসেছিল, এ-বিষয়ে সন্দেহ নেই।'

মানিক বললে, 'কিন্তু তথন আপনাদের মাধার ঠিক ছিল ! নিশ্চয়ই আপনাদের গুলিতে তারা আহত হয়নি !'

নিশীথ বললে, 'আমাদের পক্ষে জোর করে কিছু বলা সাজে না, আর অসম্ভবে কেউ বিশ্বাস করবেই বা কেন ? কিন্তু জানবেন, তারা আমাদের এত কাছে ছিল যে অতি-বড় আনাড়ীর বন্দুকের গুলিও ব্যর্থ হবার কথা নয়।'

জয়ন্ত বললে. যাক. এখন আর ও-নিয়ে তর্কের দরকার নেই, কারণ সেই মৃতি-ছটা স্বামনে না থাকলে ও দর্কের কোন মীমাংসাই হবে না। তার চেয়ে এখন দেখা যাক, ঐ দাগগুলো কোন্ দিকে গিয়েছে।

ষামুষ পিশাচ

স্থন্দরবার তথন 'রসদ' খানাতল্লাস করবার জন্যে নিশীথদের মোটরের ভিতর প্রবেশ করেছেন।

আগেই বলা হয়েছে, পায়ের দাগগুলো উঠে গিয়েছে উপর দিকে।
সকলে সেই রেখা ধরে ঢালু জমির উপর দিয়ে অগ্রসর হল। কিন্তু
বেশি দ্র যেতে হল না। কারণ নদীর প্রায় ধারেই রয়েছে একটা
জঙ্গলময় জমি. এক সময়ে তার চারিদিকে যে প্রাচীর ছিল, স্থানে
স্থানে তার কিছু কিছু চিহ্ন আজও বর্তমান রয়েছে। পায়ের
দাগগুলো সেই জমির ভিতরেই প্রবেশ করেছে।

সকলে ভাঙা প্রাচীরের সামনে দাঁড়িয়ে রইল। মানিক উত্তেজিত কঠে বললে, 'সারাদিনের পর একটা হদিস মিলল বর্টে, কিন্তু আজ্জ্বাধহয় আর কিছু নতুনত্ব পাওয়া যাবে না। সূর্য ডুবে গিয়েছে।'

পশ্চিমের আকাশে তথন সোনালি ও লাল রঙ গুলে কে যেন নৃতন ছবি আঁকবার জন্ম প্রস্তুত হচ্ছিল। কিন্তু সে চেষ্টা ব্যর্থ করবার জন্মে অন্ধকার খুব তাড়াতাড়ি এগিয়ে আসছে। সমুখের জমির ঝোপঝাপের আশেপাশে অন্ধকার এখনি ঘন ও রহস্থাময় হয়ে উঠেছে, চারিদিক এমন স্তব্ধ যে একটা স্চ পড়লেও শোনা যায়। শেই মৌনতার ভিতরে মাথার উপর দিয়ে যখন একঝাঁক বক উড়ে গেল তখন তাদের ডানাগুলোর ঝটপট শব্দ শুনে মনে হল, যেন অনেকগুলো ভৌতিক আত্মা যন্ত্রণায় ছটফট করছে।

এমন সময় দেখা গেল, স্থন্দরবার ইাসফাস করতে করতে দৌড়ে আসছেন — তাঁর এক হাতে খান-কয় স্থাপ্তউইচ এবং অন্থ হাতে এক ছড়া কলা—কাছে এসেই তিনি বললেন, 'এই ভর সন্ধ্যেবেলায়, এই মারাত্মক জায়গায় আমাকে একলা ফেলে তোমরা কোথায় পালিয়ে যেতে চাও ?'

মানিক বললে, 'সে কি স্থলরবারু, অমন ঝুড়ি, ভরা আম, কলা, কেক, সন্দেশ, বিস্কৃট আর স্থাওউইচের মাঝখানেও নিজেকে আপনি একলা বলে মনে করছিলেন ?' স্থলরবার বললেন, 'ঠাট্টা আমি পছন্দ করি না! কিন্তু জয়স্ত, তোমরা কোথায় যাচ্ছ ?'

—'ঐ জমির মধ্যে। পায়ের দাগগুলো ওর মধ্যে গিয়ে ঢুকেছে।'

স্থলরবার ছ কি-ঝুঁকি মেরে বললেন, 'বাব্বাঃ, ওটা যে গোরস্থান বলে মনে হচ্ছে!'

- —হাঁ, ওটা গোরস্থানই বটে। এথনো ছ-চারটে কবরের পাথর অট্ট আছে। আমি জানতে চাই, পরিত্যক্ত শহরে এই পোড়ো গোরস্থানে ছয় জন মারুষ কী উদ্দেশ্যে এসেছিল ? হয়ত তারা এথনো ওর মধ্যেই আছে। কারণ পায়ের দাগ দেখেই বোঝা যাচ্ছে, এ পথ দিয়ে প্রামো তারা বেবিয়ে আসেনি।
 - —'হয়ত তারা অন্য পথ দিয়ে বেরিয়ে গিয়েছে।'
 - * 'হতে পারে। কিংবা এখনো তারা বেরিয়ে যায়নি।'
 - 'কিন্তু আর যে আলো নেই।'
- ক 'আকাশের আলো নেই, আমাদের আলো আছে। স্থন্দরবার্, ভূলে যাচ্ছেন কেন, আমরা ছ-টা বড় বড় পেট্রলের লগ্ঠন এনেছি। সেগুলো জ্বাললে এখানটা আলোয় আলো হয়ে উঠবে।'

স্থানরবার বললেন, 'শোন জয়ন্ত, রাত্রিবেলায় বেড়াবার পক্ষে গোরস্থান খুব ভালো জায়গা নয়! আমরা তো কাল সকালেও ওর মধ্যে যেতে পারি।'

জয়স্ত দৃঢ়স্বরে বললে, 'এক রাত্রের হেরফেরে সমস্ত সুযোগও নষ্ট হয়ে যেতৈ পারে। আমি আজকেই এই গোরস্থানটা দেখব।'

আচম্বিতে খানিক তফাতে হাঃ হাঃ হাঃ করে একটা অত্যস্ত কঠিন ও নিষ্ঠুর অট্টহাসি জেগে উঠল।

স্থলরবার চমকে একেবারে দলের মাঝখানে এসে দাঁড়ালেন— তাঁর হাত থেকে কলার ছড়া খসে পড়ে গেল। সদ্ধ্যার অন্ধকারে চারিদিক তখন ঝাপসা, জয়ন্ত কারুকেই দেখতে পেলে না—সে বুকের উপরে ছই হাত রেখে স্তব্ধ ও স্থির হয়ে দাঁড়িয়ে সেই আশ্চর্য অট্টহাসি শুনতে লাগল।

অমিয় য়ান মৃথে অফুট স্বরে বললে, 'সেদিনও আমরা এই অমারুষী হাসিই শুনেছিলুম !'

চতুথ পারচ্ছেদ আবার দেই মারাত্মক 'ছয়'

নদীর মত শুব্দেরও স্রোত আছে। নদীর স্রোত দেখা যায়, কিন্তু শব্দের স্রোত ধরা পড়ে কানে।

খানিকক্ষণ ধরে সেই ভয়াবহ অট্টহাসির শব্দ ঠিক স্রোতের মতই শুক্ততার মধ্য দিয়ে অবিরাম বয়ে চলল। তারপর হঠাৎ হাসি থেমে গেল এবং তার প্রতিধ্বনিগুলো ক্ষীণ থেকে ক্ষীণতর হয়ে ধীরে ধীরে দ্মিলিয়ে গেল যেন নিস্তন্ধতার মহাসাগরে।

স্থূন্দরবার তথন ছুই হাতে ছুই কান চেপে মাটির উপর উরু হয়ে বদে পড়েছেন।

অমিয়, নিশীথ ও পরেশ প্রাণপণে পরস্পরের হাত চেপে ধরে আড়স্টের মত দ্রভিয়ে রইল।

জয়ন্ত বললে, 'যে হাসছে সে হয় পাগল, নয় আমাদের ঠাট্টা করছে।'

মানিক কিছু বললে না, কেবল নিজের বন্দুকের কুঁদোটা মাটির উপরে ঠক-ঠক করে ঠকতে লাগল।

রাত্রিময়ী বনভূমি, ভয়-ভরা রহস্তময় তার রূপ। মাথার উপরে অন্ধকারে আকাশ-দানবের হাজার হাজার তারকা-চক্ষু মিটমিট করে তাকিয়ে আছে। তার তলায় আরো ঘন অন্ধকারে পর্বতশিথরগুলো যেন দৈত্যপুরীর বিচিত্র ও বিরাট অভিনয়-ভঙ্গিতে স্থির ও স্তম্ভিত হয়ে আছে এবং তারও তলায় যেন সীমাহারা বিশাল অরণ্য সভয়ে বদ্ধ স্বরে থেকে থেকে আর্তনাদ করে উঠছে।

মুমুর মিয়মাণ স্থরকে মুম পাড়িয়ে কেগে উঠছে পাঁচার বিরক্ত কর্কশ কণ্ঠ-সে যেন বিপুল বনকে এবং এই বনের ভিতরে আজ যারা এসে পড়েছেঁ তাদের সবাইকে ক্রমাগত অভিশাপের পর মান্ত্ৰ পিশাচ

222

অভিশাপ দিয়ে যাচ্ছে এবং তারই সঙ্গে তাল রেখে ঘন-ঘন বেজে উঠছে কালো বাহুড়দের অলক্ষণে ডানাগুলো।

স্থূন্দরবার শিউরে শিউরে বলে উঠলেন, 'আলো জ্বালো, আলো জ্বালো, আলো জ্বালো!'

পেট্রলের লঠন আনবার জন্মে পরেশ গাড়ির দিন্দে অগ্রসর হল। জয়স্ত একখানা হাত ধরে তাকে থামিয়ে বললে, 'কোথায়া যাচ্ছেন ?'

- 'আর যে অন্ধকার সইতে পারছি না, আলোগুলো এনে জ্বেলা ফেলি!'
- -- 'না, যদি এখানে সত্যিই শক্ত থাকে, তাহলে আলো জাললৌ আমাদের দেখতে পাবে। এখন অন্ধকারই আমাদের বন্ধু।'

সুন্দরবার বসে বসেই পিছন হটতে হটতে বললেন, 'কিন্তু শক্ররা অন্ধকারেই আমাদের দেখতে পেয়েছে—এ ঝোপের ভিন্র থেকে তারা আমাদের দিকে তাকিয়ে আছে!'

মানিক দেখলে, সামনের একটা ঝোপ থেকে সত্য সূত্রই চার-চারটে চোথের আগুন জ্বলছে আর নিবছে—জ্বলছে আর নিবছে।

অমিয় ও নিশীথ বন্দুক তুললে।

জয়ন্ত হেসে বললে, 'খুব সন্তব তুটো শেয়াল আশ্চর্য হয়ে' আমাদের দেখছে।'

তারপরেই আগুন-চোখগুলো আর দেখা গেল না।

জয়ন্ত বললে, 'স্থুন্দরবারু, মিছে ভয় পেয়ে রজ্জুতে সর্পশ্রম করবেন না। ভয় বড় সংক্রোমক। একজন ভয় পেলে আর সকলেও ভয় পাবে! অথচ এখানে ভয় পাবার মত কিছুই আমি দেখছি না।'

কিন্তু স্থুন্দরবার জয়ন্তের কথা শুনতে পেলেন বলে মনে হল না— তিনি তথন কান পেতে অন্য কি যেন শুনছিলেন

মানিক চুপিচুপি বললে, 'জয়, নদীর জলে ছপ-ছপ শব্দ হচ্ছে।'
কে যেন নদী পার হচ্ছে।'

তারপরেই শব্দটা থেমে গেল।

থানিক পরে খুব কাছেই শোনা গেল কার পায়ের শব্দ। কে যেন জ্রুতপদে গোরস্থানের দিকে অগ্রসর হচ্ছে। কিন্তু সে যে কে, কিছুই নজরে পড়ল না, ছিদ্রহীন অন্ধকার তার মৃতিকে একেবারে গ্রাস করে ফেলৈছে।

পায়ের শব্দও ধীরে ধীরে মিলিয়ে গেল।

অমিয় অস্ট্রস্বরে বললে, 'জয়স্তবাবু, যেখানে দিনের বেলায় মান্তব আসতে ভয় পায়, সেখানে এমন সময়ে এই অন্ধকারে যে বেড়াতে আসে, তাকে কি সাধু বলে মনে হয় ?'

সুন্দরবার বললেন, 'হুম্! কিন্তু এখান দিয়ে যে গেল সে কি মানুষ গ শুন রাত্রে শুন্ট পোড়ো শহরের গোরস্থানের সঙ্গে জ্যান্ত মানুষের কী সম্পর্ক থাকতে পারে গ আমরা চোখে দেখছি খালি অন্ধকার, ও কিন্তু দিব্যি হন্-হনু করে এগিয়ে গেল!'

মানিক বললে, 'জয়, আমরাও কি ওর পিছনে গোরস্থানে গিয়ে ঢুকব ?'

জয়স্ত বললে, 'গোরস্থানে চুকতে হলে আলো জালতে হয়। কিন্তু এখন আলো জালা আর নিজে-থাকতে ধরা দেওয়া একট কথা। কী যে করব বুঝতে পারছি না।'

স্থানরবার বললেন, 'এখন আমাদের একমাত্র কর্তথ্য হচ্ছে মানে মানে গাড়িতে গিয়ে উঠে পড়া। নইলে ভূত কি মানুষ শক্রর হাতে না হোক, সাপ কি বিচ্ছুর কামড়ে আমাদের মৃত্যু হবে অনিবার্য।'

পরেশ বললে, 'এইমাত্র আমার পায়ের উপর দিয়ে সড়্-সড়্ করে কি চলে গেল !'

সুন্দরবার আঁংকে উঠে লাফাতে লাফাতে ও পা ঝাড়তে ঝাড়তে বললেন, 'হুম্! আমার পায়ে উঠলে সে নিশ্চয়ই আমাকে কামড়ে দেবে! এই—হুদ্ হুস্!'

মানিক হেসে ফেলে বললে, 'সুন্দরবারু, হুস্-হুস্ করে আপনি কি কাক তাড়াচ্ছেন ?'

সুন্দরবার চোথ রাঙিয়ে বললেন, 'মরছি নিজের জ্বালায়, এখন আর ঠাট্টা করে কাটা ঘায়ে জনের ছিটে দিও না মানিক ! তরে বাস্রে, এ কী অন্ধকার তথাকতে পারে! অ জয়ন্ত, কোন্ দিকে গাড়ি আছে বলে দাও! তোমরা না যাও, আমি একলাই গাড়িতে গিয়ে বসে থাকব!

সুন্দরবার পায়ে পায়ে এগিয়ে চললেন, এবং আচস্বিতে বনের ভিতর থেকে জেগে উঠল বাঘের গন্তীর গর্জন। ্ি তিনি চমকে আবার পায়ে পায়ে পিছিয়ে দলের নাঝখানে এসে হতাশভাধৈ বললেন, 'তাহলে উনিও এখানে আছেন ?' তাড়াতাড়ি পিঠ থেকে বন্দুকটা নামিয়ে তিনি আত্মরকার জন্যে প্রস্তুত হলেন ও সাপের ভয়ে মাঝে মাঝে পা ঝাড়তে লাগলেন।

শুগালদের সম্মিলিত কোলাহল জানিয়ে দিলে, এখন তুপুর রাত্রি। নদীর কলতান শে'নাচ্ছে কান্নার মত। আুকাশ একে অন্ধকার, কিন্তু হঠাৎ দেখা গেল অধিকত্র পুরু আর-একটা অন্ধকারের ঘোমটা ছড়িয়ে পড়ে আকাশের ভারকা-নেত্রগুলোকে ঢেকে দিচ্ছে।

জয়ন্ত বললে, 'মেঘ উঠেছে। আজও হয়ত ঝড়-বৃষ্টি হবে।' অমিয় বললে, 'তাহলে আমাদের তুর্দশার বাকি কিছু আর রইল না। এইবেলা—'

কিন্তু তার মুখের কথা মুখেই বইল—সেই আসন্ন তুর্যোগের বিভীষিকা, সেই নিবিড় তিমিরের ভয়াল অন্ধতা, সেই নানা-শব্দ-বিচিত্র রাত্রির গভীরতা, সেই পরিতাক্ত সমাধিক্ষেত্রের অমামুষিকতার ভিতর থেকে ভাগ্রত হল ভয়ন্ধর অস্বাভাবিক এক কণ্ঠধানি—কে যেন আকাশ-বাতাসকে কাঁপিয়ে কাদের প্রিকে ডেকে ভীব্রস্বরে বলছে—'ওরে আয়, ওরে আয়, ওরে আয়, আয় তোরা আয় রে! অন্ধকারে যারা দেখতে পায় তারা আসুক এখন অন্ধকারে যারা

দেখতে পায় না তাদের কাছে! আকাশের মেদ তোদের ডাকছে, নিঝুম রাতের আঁধার তোদের ডাকছে, মৃত আত্মার বন্ধু তোদের ডাকছে! কবরে কবরে হয়ার খুলে যাক, কফিনে কফিনে জীবন জাগুক, মরা চোখে চোখে আলো ফুটুক! বেগমনাহেবা বসেবসে কাঁদছে, বাঁদীরা অন্ধকারে দেখতে পাছেই না, আলো নিয়ে তোরা সবাই আয় আয়—ওরে আয় রে!

বোঁ-বোঁ-বোঁ করে হঠাৎ একটা পাগলা হাওয়ার ঝাপট বয়ে গেল, কড়-কড়-কড়-কড় করে বজ্রের ধমক শোনা গেল, মড়্মড়-মড়-মড়-কড় করে বড়-বড় গাছের মাথা মাটির দিকে মুয়ে পড়ল। বাঘ আর ভয়ে গর্জন করছে না, প্যাচা-বাছড় ভয়ে আর ডানা ঝট্পটিয়ে উড়ছে না, শৃগালরা ভয়ে আর আগ্রন-চোথ মেলে তাকাচ্ছে না।

তারপরেই থল্-থল্-থল্-থল্ কবে আবার সেই মট্টহাসির পর অট্টহাসির স্রোত।

্ম্মিয় প্রায়-আর্ত স্বরে বলে উঠল, 'ও হাসি আমি চিনি; কিন্তু অমন করে কথা কইল কে ?'

শুন্দরবার ঠক্-ঠক্ করে কাঁপতে কাঁপতে বললেন, 'কে ডাকছে, কে আসবে, কে অন্ধকারে দেখতে পায়, কে বেগম আর কেই বা বাদী ? আমরা কি সশরীরে নরকে এসে পড়েছি ?'

জয়ন্তও যেন আপন মনেই অক্টুট স্বরে বললে, 'বেগমই বা কে, আর বাদীই বা কারা ? এ কি পাগলের প্রলাপ ? মানিক, তোমার কী মত ? লগুনগুলো জেলে আমরা কি গোরস্থানে চুকে ঐ পাগলটাকে আক্রমণ করব ?'

মানিক সজোরে জয়ন্তের কাঁধ চেপে ধরে বললে, 'চুপ চুপ। ঐ দেখ!'

জয়ন্তের হুই চক্ষে, অত্যন্ত বিস্ময়ের ভাব জেগে উঠল। তাদের কাছ থেকে প্রায় ছুইশত গজ তফাতে, গোরস্থানের ভিতরে নড়ে-নড়ে মামুষ পিশাচ

বেডাচ্ছে কতকগুলো আলো। তাহলে ঐ গোরস্থান নির্জন নয় ? ওখানে আলো নিয়ে কারা কী করছে গ

আবার সেই কণ্ঠমর—'ওরে আয়, ওরে আয়, আয় তোরা আয় রে। রোশনাই কই, থানা কই। বিছানা কই ?

আলোগুলো এতক্ষণ এলোমেলো ছিল, হঠাৎ এখন সার বেঁধে একদিকে এগিয়ে চলল।

সুন্দরবার বললেন, 'হুম! ও হচ্ছে আলেয়ার আলো!' পরেশ বললে, 'না, ও আলো নয়। যাদের হাতে আলো আছে, তাদেরও আবছা আবছা দেখা যাচেছ।'

निभीथ वलाल, 'किन्ह ভाला करत किছूरे मिथा याष्ट्र ना। कि ওরা ? এই গোরস্থানের ভেতরে কি ডাকাতদের আড্ডা আছে ?' জয়স্ত বলল, 'অমিয়বার, আপনাদের ছয়জন লোকে আক্রমণ করেছিল তো গ

- —'আজ্ঞে হাা।'
- -- মানিক, নদীর তীরে আমরাও আজ ছয়জোড়া, পদচিহ আবিষ্কার করেছিলাম,তো ?'
 - 一"凯"
 - —'এখন ঐ আলোগুলো গুনে দেখ দেখি।'

মানিক গুনতে গুনতে বললে—'এক, ছুই, তিন, চার, পাঁচ, ছয়। ছ-টা আলো – তার মানে, ছ-জন লোক।

অমিয় উত্তেজিত কণ্ঠে বললে, 'জয়স্তবারু! তাহলে ওরাই আমাদের শীলাকে চুরি করেছে! ওরা ভূতই হোক আরু মানুষ্ঠ হোক, কিছুই আমি কেয়ার করি না--আমি এখনই ওদের আক্রমণ করব—আমার বোনকে উদ্ধার করব—হয় আমি মরব, ময় ওদের মারব।'

জয়ন্ত তাড়াতাড়ি তার হাত ধরে চেপে ধীরে বললে, 'শাস্ত হোন অমিয়বাব, এখন গোয়াতু'মি করবার সময় 'নয়! ওখানে যদি 330

ভাকাতের দল থাকে তাহলে ওদের দলে কত লোক আছে তা কে বলতে পারে ? আমরা ওখানে গিয়ে প্রাণ দিলে তো আপনার বোনের উপকার হবে না!

মানিক বললে, 'আলোগুলো আবার কোথায় অদৃশ্য হয়ে গেল।' জয়স্ত স্থিরজ্বাবে বললে, 'যাক গে। আমাদের এখানে অপেক্ষা করা দার্থক হয়েছে। কাল সকালে এই গোরস্থানই হবে আমাদের কার্যক্ষেত্র। আজ এই অন্ধকারে অজ্ঞানা জায়গায় গোলমাল করে কিছুই হয়ত করতে পারব না, মাঝখান থেকে শক্ররা সাবধান হয়ে সরে পড়বে। বৃষ্টি এল বলে, রাত পোয়াতে আর ঘন্টা-কয় মাত্র দেরি আছে; বাকি রাতটুকু মোটরে বসে কাটিয়ে দিই গে চল।'

অমিয় নিতান্ত অনিচ্ছা সত্ত্বেও জয়ন্তের কথামত নিজেদের মোটর গাড়ির দিকে যাবার জন্মে ফিরে দাড়াল।

সঙ্গে সকলে শুনতে পেল, বনের পথে আবার কার একধানা মোটর গাড়ির গর্জন—গাড়িখানা যেন খুব তাড়াতাড়ি ছুটছে!

অমিয় আশ্চর্য হয়ে বললে, 'এখানকার সবই কি অস্বাভাবিক! এমন জায়গায় এমন সময়ে কে আবার মোটরে চড়ে হাওয়া খেতে এল ?'

নিশীথ বললে, 'একখানা নয়, আবার আর-একখানা মোটর! ঐ শোনো, এখানাও খুব জোরে ছুটে চলেছে!'

মানিক বললে, 'ডাকাতরা আমাদের আক্রমণ করবার জন্মে কি মাটরে করে দলবল নিয়ে এল ?'

আচম্বিতে অর্ণ্যের ভিতরে দ্রে একটা ভয়ানক শব্দ হল।
কলে সবিস্থায়ে শুনছে, এমন সময়ে আবার সেই রকম আর একটা
কল।

অমিয় বললে, 'এ বে কোন accident ার শব্দ।'

জয়ন্ত তাড়াতাড়ি এগিয়ে গুকনো গলায় বললে, 'হাা, হাা, ৷ccident-ই বটে ৷ আমাদেরই সর্বনাশ হল বোধহয় !'

ান্ত্ৰ পিশাচ ১১৭

বেখানে তাদের গাড়ি ছিল, সেখানে গিয়ে ছ-খানা মোটরই আর খুঁজে পাওয়া গেল না।

জয়স্ত তিক্ত স্বরে বললে, 'মামরা এখন অসহায়! আমাদের অদৃশ্য শক্র এসে ছ্-খানা মোটরই চালিয়ে ছেড়ে দিয়েছে, আর চালকহীন গাড়ি ছ্-খানা খানিক দ্রে এগিয়েই গাছে কি পাহাড়ে ধাকা লেগে ভেঙে গুঁড়ো হয়ে গিয়েছে।'

স্থুনরবারু বললেন, 'হুম্! তাতে শত্রুদের লাভ ?'

জয়ন্ত বললে, 'আমাদের পালাবার পথ বন্ধ হল। হয়তো শক্ররা এখনি আমাদের আক্রমণ করবে।'

সুন্দরবার বললেন, 'হুম্! আমি এখন পায়ে হেঁটেই পালাতে চাই। এ বিষয়ে আমি দৃঢ়প্রতিজ্ঞ। তোমরা আসো আর নাই-ই আসো, এই আমি দৌড় মারলুম!'

স্নরবার সত্য সত্যই সকলের মায়া কাটিয়ে দৌড় দিলেন, কিন্তু জয়ন্ত এক লাফে তাঁর সুমুখে গিয়ে পড়ে বললে. 'স্নরবার, একটু দাড়ান! বোধহয় আমরাও আপনার সঙ্গী হতে বাধা হব!'

হঠাৎ পিছনে আর একটা অদ্ভূত শব্দ শোনা গেল। মাটির উপরে ধুপ-ধুপ করে পায়ের শব্দ—যেন একদল দৈন্য তালে তালে পা ফেলে ক্রমেই কাছে এগিয়ে আসছে।

জয়স্ত বললে, 'যা ভেবেছি তাই! ঐ ওরা আক্রমণ করতে আসছে! এখন পালানো ছাড়া উপায় নেই!'

পঞ্চম পরিচ্ছেদ

নবাব

আনেক কণ্টে মাইলের পর মাইল পাহাড়ে-পথ হেঁটে পার হয়ে পরদিন তারা যথন লোকালারে গিয়ে পৌছল, তথন বেলা তুপুর। তাদের হুংখের পাত্র পূর্ণ করবার জন্মে বৃষ্টি পড়ছে তথনো। এবং সে বৃষ্টি সে-দিন সে-রাত আর থামবার নাম করলে না।

লোকালয়ে পৌছে তারা প্রথমেই পেল পুলিশের একটা কাঁড়ি।
জয়ন্ত ও মানিক ছাড়া বাকি সকলের শরীরের অবস্থা হয়েছিল
এমন ভয়ানক যে, কাঁড়ির সামনে গিয়ে তারা একেবারে ভেঙে পড়ল।
কাজেই জয়ন্ত ও মানিক বাধ্য হয়ে তাদের নিয়ে কাঁড়ির ভিতরেই
প্রবেশ করল। তাদের অবস্থা দেখে, কাহিনী শুনে ও পরিচয়
পেয়ে দারোগা পীর মহম্মদ সাহেব সকলকে গারপরনাই আদর-য়য়্ল
করলেন এবং সেদিনকার মত তাদের কাঁড়ির ভিতরেই থাকবার
বাবস্থা করে দিলেন।

কালকের রাত্রের হৃঃস্বপ্ন জয়ন্তের মত লোককেও আজ পর্যন্ত বিস্ময়ে অভিভূত করে রেথেছে। সে কী নিরেট অন্ধকার: যেন মৃগুরের বাড়ি মারলে সশব্দে ভেওে টুকরো টুকরো কয়ে যায়! সে কী হুর্যোগ! যেন ঝড় আর রুঠি তাদের বিরুদ্ধে ষড়যন্ত্র করেই উন্মন্ত ও নিষ্ঠুর আনন্দে আকশে ও পৃথিবীকে ব্যাকুল করে তুলেছিল অক্রান্তভাবে। সে কী বিভীষিকা। প্রেতাত্মা-জগতের সিংহদার ধোলা পেয়ে যেন মৃতিমান অভিশাপের দল সেদিন মান্ন্যের জগৎ আক্রমণ করেছিল!

সেই মৃত্মু'ত নব• বি ভয়-বিশ্বয়ের অভিনয়ের ক্ষেত্রে রৃষ্টির কনকনে শীতল তায়, বজ্ঞসাথী ঝড়ের ঝাপটায় ও ধাকায়, কখনো উপল-সঙ্কুল তুর্গম পার্বতা চড়াই-উৎরাইয়ের ভিতর দিয়ে, কখনো বর্ধাধারায় হঠাং-বেগবতী নদীর তীব্র স্রোত ঠেলে ঠেলে, তীক্ষ্ণ কাঁটা-ঝোপের মধ্যে লুকিয়ে পড়ে এবং কখনো বা ধ্ব-ধ্ব খোলা মাঠের তৃণহীন পিচ্ছিল পাথুরে জমির উপর আছাড় খেয়ে তারা প্রাণপণে পালিয়ে আসবার চেষ্টা করছে—এবং তাদের পিছনে পিছনে বরাবর ধেয়ে এসেছে সে যে কারা কেউ তা জানে না, কেবল ত্যাদের কানের কাছে একটানা সমানে বেজে বেজে উঠেছে সেই মহা-অমাত্র্ষিক আশ্চর্য পায়ের শব্দ—একদল সৈত্র যেন সমতালে পা ফেলতে ফেলতে ক্রমাগত এগিয়ে আসছে, আসছে আর আসছে আর আসছে—সে ভ্রাবহ পাগুলো যেন থামতে জানে না, যেন কখনো থামবেও না যেন তারা চিরদিন ধরে এই মাটির পৃথিবীকে দলিত, শব্দিত ও স্তম্ভিত করে চলে চলে বেড়াবে!

উঃ! সে কথা ভেবে ভেবে জয়ন্ত এখনো থেকে থেকে শিউরে শিউরে উঠতে লাগল।

জয়ত্তের দেহ লম্বায় ছয় ফুট চার ইঞ্চি, তার বুকের ছাতি পয়য়তাল্লিশ ইঞ্চি চওড়ায় এবং তার বাায়ামপুষ্ট স্থদীর্ঘ দেহকে দেখায় ঠিক দানবের দেহের মত। মানিকের দেহ অতটা জাঁকালো দেখতে না হলেও যে-কোন পালোয়ানেরই মতন বলবান। কিন্তু তাদের এমন বলিষ্ঠ দেহও কালকের রাত্রের ব্যাপারে যথেষ্ট কারু হয়ে পড়েছে। দলের অস্তান্থ লোকেদের কথা না তোলাই ভালো। তারা আজ শয়্যাশায়ী, উত্থানশক্তিশৃত্য।

কিন্তু কে তারা এমন একতালে পা ফেলে ফেলে আসে ? মাঝে মাঝে বিগ্যুৎ-আলোতে কতকগুলো ধবধবে সাদা মৃতির মতন কি যেন দেখা গিয়েছে, কিন্তু সেটা চোখের ভ্রমণ্ড হতে পারে। মাঝে মাঝে অস্বাভাবিক হি-হি-হি-হি হাসিও শোনা গিয়েছে। হাসেই বা কে, আর আসেই বা কারা ? অনেক মাথা ঘাণিয়েও জয়ন্ত কিছুই আন্দান্ধ করতে পারলে না।

আর একটা জায়গায় তার মনে খটকা লেগে রয়েছে। ভোর-২২• হেমেক্স্মার রায় রচনাবলী : ২

রেলায় পূর্ব-আকাশে উষা যেই সিঁথায় সিঁছরের রেখা টেনেছিল, কোথা থেকে বনমুর্গি জাগরণের প্রথম ডাক ডেকে উঠেছিল, আবছা আলো এসে অন্ধকারকে কাচের মতন স্বচ্ছ করে তুলেছিল, অমনি থেমে গিয়েছিল তাদের পিছনকার সেই একগুঁরে পায়ের শব্দগুলো। যারা তাদের আক্রমণ করেছিল তবে কি তারা রাত্রির রহস্তথাত্রী— প্রভাতকে তারা ভয় করে ?

কিন্তু এক বিষয়ে এতটুকু সন্দেহ নেই। জয়ন্ত জানে, সে ঠিক সূত্রই ধরেছে—ঐ গোরস্থানে বা তার আশেআশেই আছে সমস্ত রহস্তের মূল। ,ওথানে ভাসা-ভাসা যাদের দেখেছে এবং যাদের হাঁসি ও পায়ের শব্দ শুনেছে, নিশ্চয় তারাই হচ্ছে আসল পাপী ও অপরাধী। স্টাল একটা পোড়ো শহরের পরিত্যক্ত গোরস্থানের ধ্বংসাবশেষের মধ্যে সাধু ব্যক্তিরা লুকিয়ে রাত্রিবাস করতে আসে না, নইলে • বাইরে থেকে কেউ সেখানে এসেছে জেনে মোটর গাড়ি ভেঙে তারা পালাবার পথ বন্ধ করে দেয় না, নইলে অকারণে কেউ কারুকে আক্রমণ করতে উন্নত হয় না।

আজ সকালে সে যদি ঘটনাস্থলে থাকতে পারত, তাহলে কতটা সুবিধাই হ'ত। ওথানে নিশ্চয়ই আরো অনেক কিছুই আবিষ্কার করা যেতে পারে।

কিন্তু আজ আর ওখানে যাবার কোন উপায় নেই ' তাদের গাড়ি ত্ব-খানা শত্রুর চক্রান্তে ভেঙে গুঁড়িয়ে গেছে, তাদের সঙ্গীদের গতরও চূর্ণ হয়ে গেছে—তার উপর এই অশ্রান্ত ধারায় বৃষ্টি।—একটা মূল্যবান দিন মিথ্যা নষ্ট হল।

লম্বা ঘরে পাশাপানি∤ ছয়থানা থাটিয়ায় জয়স্ত, মানিক, স্থন্দর-বাবু, অমিয়, নিশীথ ও প্রবেশ আশ্রয় নিয়েছে। সন্ধ্যার কিছু আগে তাদের জন্মে চা এল; আর সকলের সঙ্গে স্থন্দরবাবুও নিতান্ত চা মাছৰ প্ৰিশাচ >4> খাবার লোভেই নারাজভাবে উঠে বসলেন। কিন্তু পিয়ালায় প্রথম চুমুক দিতে গিয়েই তিনি করে উঠলেন আর্তনাদ।

জয়ন্ত বললে, 'কী হল স্থন্দরবাবৃ ? হঠাৎ অমন করে উঠলেন কেন ?'

স্থানবার জ্বন্ধ স্বরে বললেন, 'হুম্! অমন করে উঠলুম কেন ? জেনে-শুনে স্থাকা সাজা হচ্ছে ? মনে নেই, কাল পাহাড়ের উপর থেকে এই রুড়ো বয়সে ডিগবাজি খেয়ে মুখ থুবড়ে পড়ে গিয়েছিলুম ? এখনো চোয়াল নাডবার জো নেই!'

জয়ন্ত বললে, 'ও! আচ্ছা, এইবারে মনে থাকরে!'

সুন্দরবার বললেন, 'তোমার পাল্লার পড়েই তো আজ আমার এই ছর্দশা! দিব্যি সুথে ছিলুম, মরতে আমায় ভূতে কিলোলো, তাই তোমার সঙ্গে বেড়াতে এসেছি! এ কী কাণ্ড রে বাবা! ভূতে-মান্থ্যে টানাটানি! নিতান্ত এখনও পরমায়ু আছে, তাই এত বড়ো ফাঁড়া কাটিয়ে উঠেছি! হুম, কাল সকালেই আমি ঘরের ছেলে ঘরে ফিরে যাব। জয়ন্ত, মানিক, তোমরাও বাঁচতে চাণ্ড, তো আমার সঙ্গে চল। অমিয়বার, আমি আপনাকে আগেই বলেছি, আর এখনও বলছি, আপনি শীগগির ভালো রোজা ডাকুন! আপনার বোনকে উদ্ধার করা পুলিশ কি শথের ডিটেকটিভের কাজ নয়! কুমারী শীলাকে ভূতে উড়িয়ে নিয়ে গিয়েছে—আপনি রোজা ডাকুন!'

কিন্তু অমিয় মোটেই স্থন্দরবার্র দামী উপদেশ শুনছিল না। সে এতক্ষণ চা পান করতে করতে জানলা দিয়ে রাস্তার দিকে তাকিয়ে ছিল এবং হঠাৎ এখন চমকে দাঁড়িয়ে উঠল। তারপর চায়ের পিয়ালাটা সশব্দে টেবিলের উপরে রেখেই ঝড়ের মতন বেগে ঘর থেকে বেরিয়ে গেল।

ঘরের ভিতরে বসে সকলে যখন সবিস্ময়ে গ্রনম্পরের মুখ চাওয়া-চাওয়ি করছে, তখন রাস্তা থেকে অমিয়র উচ্চ, চিংকার শোনা গেল— 'জ্য়স্তবারু! মানিকৰারু! শীগগির আস্থন—তাকে ধরেছি!' খরের ভিতর থেকে সবাই ছুটে বাইরে গিয়ে পড়ল—এমনকি হুন্দরবারু পর্যন্ত তাঁর ডিগবাজি খাওয়ার বিষম ব্যথা ভুলে গেলেন।

বাইরে বেরিয়েই দেখা গেল, একটা দীর্ঘাকার লোক অমিয়কে ধাকা মেরে পথের উপরে ফেলে দিলে—তারপর হন্-হন্ করে এগিয়ে চলল। যে-রকুম অনায়াদে অমিয়কে সে ভ্তলশায়ী করলে তাতে কেশ বোঝা গেল যে, তার শরীরে রীতিমত ক্ষমতা আছে। কিন্তু অমিয় তর্ ভয় পেল না বা তাকে ছেড়ে দিল না, সে মরীয়ার মত পরমূহুর্তেই মাটি থেকে উঠে ছুটে গিয়ে আবার তাকে ছ-হাতে জড়িয়ে ধরলে। এবার তার হাত ছাড়াবার আগেই আর সকলে গিয়ে লোকটাকে চারিদিক থেকে দিরে ফেললে।

অমিয় হাঁপাতে হাঁপাতে বললে, 'এই সেই লোকটা! যেদিন শীলা চার যায়, সেদিন একেই আমি ভাঙা মসজিদের ভেতরে দেখেছিলুম। আমার দৃঢ় বিশ্বাস, ডাকাতরা যখন আমাদের আক্রমণ করেছিল, তখন এই লোকটাই হা-হা করে হেসেছিল। পথ দিয়ে আজ্র ফাঁড়ির দিকে বার বার তাকাতে তাকাতে এ যাচ্ছিল, কিন্তু আমি দেঁখেই একে চিনতে পেরেছি!'

নিশীথ ও পরেশ একবাক্যে বললে, 'হাা, এই সেই লোক!'

জয়ন্ত লোকটার দিকে ভালো করে তাকিয়ে দেখলে । দীর্ঘদেহ, দোর কালো মুখের উপর লম্বা লম্বা কালো চূলগুলো ঝুলে পড়েছে, পরনেও কালো ওভারকোট ও কালো পাজামা। তার তীক্ষ চোখ হুটো দেখলেই গোখরো সাপের চোখের কথা মনে হয়। সে-রকম চোখ কেউ কখনো দেখেনি বোধহয়। সে চোখ হুটোতে যেন পলক পড়ে না। তাদের ভিতর খেকে এমন একটা ছুই ক্ষুধার ভাব ফুটে উঠছে যে একবার দেখবার পর কেউ জীবনে আর কখনো সেই হুটো চোখকে ভুলতে পারবে বলে মনে হয় না।

দারোগা মহম্মদ সাহেবও গোলমাল শুনে এসে পড়েছিলেন ^১ তিনি লোকটাকে হিজ্ঞাসা করলেন, 'তোমার নাম কী ?'

- 'शङी नवाव वालि।'
- 'এই বাবুদের তুমি চেনো ?'
- 'না। ওঁদের আমি কখনো দেখিনি, ওঁরা কী বলছেন তাও বুঝতে পারছি না।'
 - —'আলিনগরের ভাঙা মসজিদে তুমি কী করতে গিয়েছিলে ?'
 - 'জীবনে কোনদিন আমি আলিনগরেই যাইনি।' অমিয় বললে, 'মিথ্যে কথা!'

নবাবের সাপের মত চোথে বিছাৎ খেলে গেল। কিন্তু মুথে সে শান্ত হাসি হেসে বললে, 'আমি হাজী। মিথ্যে বলা আমার পাপ।'

মহম্মদ সাহেব বললেন, 'তুমি হাজীই হও আর কাজীই হও আর পাজীই হও, আজ তোমাকে ফাঁড়িতে বন্ধ থাকতেই হবে। এখন আমার সময় নেই, কাল সকালে তোমাকে ভালো করে পরীক্ষা করব।'

নবাবের চোথ আবার ধ্বক করে জ্বলে উঠল। সে বললে, 'কোন আইনে আপনি আমাকে বন্ধ করে রাখতে চান ?'

মহম্মদ সাহেব বললেন, 'আইনের কথা তুমি সেই উকিলদেরই জিজ্ঞাসা কোরো। আমি উকিল নই—আমি দারোগা। এই সেপাই! একে নিয়ে যাও—'

গভীর রাত্রে ঘুমন্ত স্থন্দরবাবুর মনে হল কে যেন তাঁর কানের কাছে হি-হি-হো-হো করে অট্টহাসি হেসে উঠল।

জেগে বিছানার উপরে ধড়মড়িয়ে উঠে বসে স্থল্ববার চ্যাচাতে লাগলেন—'জয়ন্ত! জয়ন্ত! তারা এসেছে—তারা এসেছে—তারা এসেছে!'

সেই বিষম চিংকারে ঘরস্থন লোকের ঘুম 🖒 ঙে গেল। জয়স্ত বললে, 'অত চাঁচাচছেন কেন সুন্দরবার, কী হয়েছে ?'

- 'হুম্! আমার কানের কাছে একটা বিদ্কুটে হাসি শুনলুম!' — 'পাগল নাকি ?'
- বৃষ্টির জন্মে ঘরের সমস্ত দরজা-জানলা বন্ধ ছিল। অমিয় আ**লো:** জ্বেলে বললে, 'কই, ঘরে তো আর কেউ নেই!'

জয়ন্ত বলীলে, 'স্ন্দরবাবুর ঘাড়ে স্বপ্নভূত চেপেছে !'

সুন্দরবার বিরক্ত হয়ে বললেন, 'হাঁা হে, হাঁা! তরু তো আমার ঘাড়ে স্বপ্নভূত চেপেছে, কিন্তু তোমার ঘাড়ে চেপেছে যে আসল ভূত সে খেয়ালটা আছে কি ! হুম্, অট্টহাসিতে আমার কান গেল ফেটে, আমার স্বম গেল ভেঙে, তরু ওঁদের বিশ্বাস হচ্ছে না!'

মানিক একটা জানলা খুলে দিলে। ঘরের ভিতর এসে চুকল হু-ছু করে জোলো হাওয়া। বৃষ্টিপাতের শব্দে বাইরের অন্ধকার মুখরিত।

কিন্তু মানিকের কান আর-একটা কিছু শুনলে। অন্ধকারের ভিতর দিয়ে সমতালে পা ফেলে কারা চলে যাচ্ছে।

ন্ধে শব্দ জয়ন্তও শুনতে পেলে। তড়াক করে লাফিয়ে উঠে লঠনটা তুলে নিয়ে সে গন্তীর স্বরে বললে, 'এস মানিক!' এবং তারপরেই দরজা খুলে তাড়াতাড়ি বেরিয়ে গেল—সঙ্গে সঙ্গে আরু সকলেও তার পিছনে চলল।

নবাব যে-ঘরে বন্দী ছিল জয়ন্ত সিধে সেই ঘরের স্মৃথে গিয়ে দাঁড়াল। ঘরের দরজা খোলা—ভিতরে নবাব নেই।

স্থানরবার বলে উঠলেন, 'ফুসমস্ত্র, ফুসমস্ত্র ! ফুসমস্ত্রে নবাব উড়ে গেছে, আর যাবার সময়ে ফুসমত্ত্রেই আমার কানের কাছে মুখ এনে হেসে গেছে !'

জয়ন্ত বললে, 'ফুসমন্ত্রের নিকুচি কবেছে। এই দেখুন, দরজার তালায় চাবি লাগানা রয়েছে। বাইরে থেকে কেউ তালা খুলে নবাবের পালাবার শ্বিধা করে দিয়েছে।'

ञ्चलत्रवात् वललान, 'हम्। कि तम १ निम्हयरे भासूय नयः!'

জয়ন্ত বললে, 'যদি কোন মৃর্তিমান অলোকিক শক্তি এসে দরজা খুলতে চাইত তাহলে কুলুপ আপনি খুলে যেত, এর মধ্যে আবার চাবি ঢুকিয়ে কুলুপ খুলতে হ'ত না। যথন চাবির দরকার হয়েছে তথন বুঝতে হবে যে, আমাদেরই মত কোন রক্ত-মাংসের হাত এই দরজার কুলুপ খুলেছে। আরো একটা ব্যাপার বেশ বোঝা যাচ্ছে। অমিয়বার ঠিক লোককেই ধরেছেন। এই নবাব আলি যেইই হোক, নিশ্চয়ই সে অপরাধীদের একজন। হয়ত সে-ই হচ্ছে দলপতি, নইলে এমন করে পালিয়ে যেত না।'

নিশীথ বললে, 'কিন্তু আশ্চর্যের বিষয় হচ্ছে এই যে, ফাঁড়ির ভিতরে নবাবের পালাবার সাহায্য করলে কে ?'

মানিক বললে, 'দরজার সামনে যে একজন চৌকিদার ছিল, সে কোথায় গেল ?'

স্থন্দরবারু বললেন, 'এও রুঝতে পারছ না ফুসমন্ত্রে উড়ে গেছে !'

জয়ন্ত লঠনটা মাথার উপরে তুলে এদিকে-ওদিকে চেয়ে দেখলে।
মানিক এগিয়ে যেতে যেতে বললে, 'উঠোনের উপরে দেয়ালে ঠেসান দিয়ে ও কে বসে আছে ?'

সেই চৌকিদার। মানিক তার কাঁধে হাত দিতেই সে এলিয়ে একদিকে হেলে পড়ল।

মানিক সচমকে বললে. 'জয়, এ একেবারে মরে কাঠ হয়ে আছে! কিন্তু এর গায়ে কোথাও আঘাতের চিহ্ন নেই!

জয়স্ত লগঠন নিয়ে এগিয়ে চৌকিদারের মরা মুখ দেখেই স্তম্ভিত হয়ে গেল। তার ভুক ছটো কপালের দিকে উঠে গেছে, তার চোখ ছটো বিক্ষারিত হয়ে যেন বাইরে ঠিকরে পড়তে চাইছে এবং তার মুখ হাঁ করে আছে। মৃত নালুবের মুখে এমন ভীষণ চুত্রয়ের চিহ্ন সে আর কখনো দেখেনি। সে যেন চোখের সামনে দ্নরক-দৃশ্য দেখেই আত্মহারা হয়ে মারা পড়েছে!

ষষ্ঠ পরিচ্ছেদ প্রান্তর-সমুদ্রে

খানিকক্ষণ পরে জুয়ন্ত ধীরে ধীরে বললে, 'হ্যা, এ লোকটিকে কেউ খুন করেনি। কেবল ভয় পেয়েই এ মারা পড়েছে।'

মানিক বললে, 'ভেবে দেখ জয়, যা দেখলে মানুষ মারা পড়তে পারে, সেটা কতদ্র ভয়ানক দৃশ্য!'

স্থূন্দরবাব বললেন, 'এই চোকিদার বেচারা চোথের সামনে নিশ্চয় কোন আস্ত জলজ্যান্ত ভূত দেখেছিল!'

জয়ন্ত মাথা নেড়ে বললে, 'আন্ত বা আধখানা, জ্যান্ত বা মরা— কোনরকম ভূত-টুতই আমি বিশ্বাস করি না। চৌকিদার সত্যই যদি কোন ভূত দেখে থাকে তবে বুঝতে হবে যে, ভূতের ছন্মবেশে সে কোন মানুষকেই দেখেছে।'

ইতিমধ্যে মহম্মদ সাহেব ও থানার অস্তান্ত লোকেরাও গোলমাল শুনে বেরিঁয়ে এসে ব্যাপার দেখে হতভম্ব হয়ে দাঁড়িয়ে আছেন।

মৃত চৌকিদারের সেই ভয়বিকৃত ভয়ানক মুখ এবং বিক্ষারিত ও স্কম্ভিত দৃষ্টি আর তাকিয়ে দেখে সহ্য করা যাচ্ছিল না, একজন তাড়াতাড়ি গিয়ে লাসের উপরে কাপড় চাপা দিলে।

মহম্মদ ভাবতে ভাবতে বললেন, 'ঈশাক খুব সাহসী চৌকিদার ছিল, শয়তানের সুমুখে গিয়েও বোধহয় দাঁড়াতে ভয় পেত না। অথচ বেশ বোঝা য়াচ্ছে, বিষম ভয়েই তার প্রাণ বেরিয়ে গিয়েছে। তাকে এমন আশ্চর্য ভয় কারা দেখালে ? নবাব ছিল ঘরের ভিতরে বন্ধ, আর দরজার কুলুপের চাবি ছিল ঈশাকের পকেটে। কারা এসে সেই চাবি নিয়ে দরজা খুলে নবাবকে খালা করে দিলে ? বুঝতে পারছি, নবাবের একটা দল আছে। কিন্তু তারা এর মধ্যে খবর পেলে কেমন করে ? সুন্দরবাবু, আপনি তো কলকাতা পুলিশের

পুরানো আর পাকা লোক, আজকের রহস্ত কিছু বুঝতে পারছেন কি ?'

সুন্দরবার বিষণ্ণভাবে মাথার টাকে হাত বুলোতে বুলোতে বললেন, 'হুম্! এর মধ্যে আর না-বোঝবার কী আছে? আমি তো গোড়া। থেকে বলছি, এ-সব হচ্ছে ভৌতিক ব্যাপার! শীগগির রোজা নাডাকলে আমাদের স্বাইকেই অমনি দাত-মুখ খিঁচিয়ে মরে থাকতে হবে।'

হঠাৎ মানিক বলে উঠল, 'আচ্ছা, এইমাত্র এখানেও তো আমরা। তালে তালে পা ফেলে কাদের চলে যেতে শুনেছি। কে তারা ?'

গোলে-হরিবোলে জয়ন্তও এতক্ষণ সে কথাটা ভুলে গিয়েছিল। সেও উত্তেজিত স্বরে বলে উঠল, 'মানিক, মানিক! শীগগির আমাদের বন্দুকগুলো আনো! তারাই হচ্ছে নবাবের দল! মহম্মদ সাহেব, আর এক মিনিটও দেরি নয়—চলুন আমরা তাদের পিছনে ছুটি,— তারা এখনো বেশি দ্রে পালাতে পারেনি।'

মহম্মদ নারাজ হলেন না। তখনি সশস্ত্র হয়ে সবাই থানা থেকে: বেরিয়ে পড়ল।

- 'জানি না। হয়ত ছ-সাতজন, হয়ত আরো বেশি।'
- —'তাদের দেখেই কি ঈশাক মারা পড়েছে _?'
- —'হতে পারে।'
- 'দ্র থেকে থালি কতকগুলো অস্পষ্ট সাদা সাদা মৃর্তি দেখেছি।' সকলে একটা তে-মাথার উপর এসে দাঁড়িয়ে পডল।

তথনো ঝরছে সেই অশ্রান্ত বৃষ্টি এবং থেকে থেকে কেঁদে কেঁদে উঠছে অশান্ত ঝোড়ো বাতাস। বৃষ্টির সঙ্গে সিঁঙ্গে কালো মেঘ থেকে ঘন অন্ধকারও যেন পৃথিবীর বুকে ঝর-ঝর কর্মে কমাগত। সেই জমাট অন্ধকারকে ছাঁাদা করে পুলিশদের লঠনের আলো বেশি দ্র অগ্রসর হতে পারছিল না।

মহম্মদ বললেন, 'এইবারই তো মুশকিল! পথ গিয়েছে তিন দিকে, কিন্তু সেই বদমাইসরা গিয়েছে কোন্ দিকে ?'

জয়ন্ত রুললে, 'এক কাজ করা যাক। মহম্মদ সাহেব আর স্থানরবার যান সামনের দিকে। অমিয়বার, নিশীথবার যান বাঁদিকে, আমি আর মানিক যাই ডানদিকে। সব দলেই জন-কয় করে চৌকিদার থাকুক।'

মহম্মদ বললেন, 'এ ব্যবস্থা মন্দ নয়। যে-দল প্রথমে শক্রর দেখা পাবে, তথনি যেন তিনবার বন্দুক ছোড়ে। তাহলেই অন্ত ছ-দল তাদের সাহায্য করতে যেতে পারবে।'

ডানদিকের পথ হচ্ছে আলিনগরে যাবার পথ। জয়স্তের ধারণা, নবাব সদলবলে এই পথই ধরেছে। জয়স্ত ও মানিকের সঙ্গে রইল ছয়জন চৌকিদার।

জলমাথা অন্ধকারের গায়ে বার-বার ধাকা খেতে খেতে হুটো লঠনের আলো অগ্রসর হচ্ছে এবং তারই পিছনে চলেছে জয়য়ৢ, মানিক ও চৌকিদাররা। হুই ধারের ঘনবিশুস্ত গাছপালার মধ্য দিয়ে বয়ে যাছে যেন বজাগ্রিদয় বিনিজ রাত্রির যন্ত্রণাভরা একটান; শীর্ঘ-নিশ্বাস। চিরকাল যারা কালো রাত্রির সঙ্গী, সেই নিশাচর পেচক ও বাছড়দেরও আজ দেখা নেই এবং শৃগালরাও আজ এই বীভংস রাত্রের কালিমার চেয়ে গর্তের অভ্যস্ত কালিমাকে নিরাপদ ভেবে শিকারের লোভ ছেড়ে বাসার ভিতরে বসে আছে। ঘানছেনে ঝিঁঝিপোকাগুলোও মুখ বুজে যেন কোন অভাবিত অমঙ্গলের জন্তে রুদ্ধখাসে অপেক্ষা করছে।

বৃষ্টি, বাতাস ও তরুমর্মর ছাড়া কে∵়াও আর কোন শব্দই শোনা যাচ্ছে না।

জয়ন্ত এগুতে এগুতে বারংবার বলছে, 'আরো তাড়াতাড়ি— মান্ত্র পিশাচ আরো তাড়াতাড়ি পা চালিয়ে চল! তারা অনেকটা এগুবার সময় পেয়েছে, তবু তাদের ধরতে হবেই!' যে ছনিয়ায় আজ্ব কীটপতঙ্গের মত জীবেরও সাড়া নেই সেখানে মানুষের এই উৎসাহিত কণ্ঠপ্তর কী অস্বাভাবিকই শোনাচ্ছে! তার গলার আওয়াজ শুনে গর্তের ভিতরে ঘুমস্ত বন্তু পশুরা সভয়ে চমকে জেগে উঠতে লাগল।

লোকালয় পিছনে ফেলে তারা এখন একটা বনের ভিতরে এসে পড়েছে। মানিক হতাশ কঠে বললে, 'জয়, হয়ত তারা এ-পথে আসেনি।'

জয়স্ত বললে, 'অন্ত হুটো পথের দিক থেকেই তো আমাদের কারুর বন্দুকের আওয়াজ শুনছি না। তুমি কি বলতে চাও তারা কোন পথে না গিয়ে হাওয়ার সঙ্গে হাওয়া হয়ে মিলিয়ে গিয়েছে ? তুমিও কি ভূত মানো ? যতক্ষণ না ওরা বন্দুক.ছোঁড়ে, ততক্ষণ আমাদের এগিয়ে যেতে হবেই।

- 'কিন্তু যদি তারা এই বনে ঝোপেঝাপে কোথাও গা-ঢাকা দেয় ? অন্ধকারে তাদের কি আর খুঁজে বার করতে পারবে গুঁ
- 'সে মুশকিলের স্মাবনা আছে বটে, কিন্তু তবু থামলে আমাদের চলবে না। এগিয়ে চল— আরো তাড়াতাড়ি এগিয়ে চল!'

শারা বন যেন আজ বিভীষিকার মদে মাতাল হয়ে টলোমলো। বড় বড় গাছের ডালপাতার জালে বাঁধা পড়ে ঝোড়ো হাওয়া কখনো করছে তীক্ষ স্বরে হাহাকার, কখনো করছে ভৈরব বিক্রমে ভীষণ গর্জন। সেইসঙ্গে ছোট-বড় দমকা হাওয়ার দল গলা মিলিয়ে আরো যে কত রকম অন্তুত আওয়াজে চতুর্দিক পরিপূর্ণ করে তুলেছে, তা বর্ণনা করবার ভাষা কারুর কলমে নেই।

বন শেষ হল—তারপরেই সকলে একটা মূাঠের উপরে এসে পড়ল।

একজন চৌকিদার লঠনটা উঁচু করে তুলে ধরে,সামনের দিকে

হ০০
হেমেক্রকুমার রাম রচনাবলী : ২

্দেখবার রথা চেপ্তা করে বললে. 'হুজুর, মাঠে জল থৈ-থৈ করছে, পথ আর দেখা যাছে না।'

জয়ন্ত দৃঢ়ম্বরে বললে, 'জল ভেঙে এগিয়ে চল।'

- —'কিন্তু কোন্দিকে যাব ? পথ কোথায় ?'
- —'সোজা চল।'
- —'এই মাঠে যে খানা-ডোবা-পুকুর আছে! যদি কোন পুকুরে গিয়ে পড়ি পূ
- 'আমি তোমাকে টেনে আবার ডাঙ্গায় তুলব। কিন্তু এগিয়ে চল—এগিয়ে চল!'

আর একজন চৌকিদার বললে, 'হুজুর, এ মাঠে এখন কোমর-ভোর জল আছে, তার ওপরে এ হচ্ছে বানজল—এর টানে আমরা ভেসে যেতেও পারি।

জয়ন্ত, বললে, 'এই জল ভেঙে নবাব যথন তার দলবল নিয়ে যেতে পেরেছে, তথন আমরাই বা ভেসে যাব কেন ?'

- —'না হজুর, নবাবরা নিশ্চয় এগিয়ে আসেনি।'
- —'যদি এসে থাকে, তাহলে তারা ঐ বনের ভিতর লুকিয়ে আছে।'

জয়ন্ত ও মানিক বুঝলে, চৌকিদাররা আর এক পা এণ্ডতে রাজী নয়। আর তাদেরই বা দোষ কী ? এই অন্ধকার, এই ঝড়ের দাপট, মাঠ দিয়ে এই বস্থার মত জলপ্রবাহ, এই অবিরাম রৃষ্টির কনকনে ঝাপটা—যা তাদের হাড়ের ভিতর পর্যন্ত ভিজিয়ে স্যাতসেঁতে করে দিয়েছে, তার উপরে অজানা ভয়ানক শত্রুর ভয় তো আছেই। আর, সে বড় যে-সে শত্রু নয়—কেবলমাত্র তাদের স্বচক্ষে দেখেই সাহসী চৌকিদার ঈশাক ইহলোক ছেড়ে পালিয়ে না গিয়ে পারেনি।

জয়ন্ত ও মানিক দোমনা হয়ে অতঃপর কী করা উচিত তাই ভাবছে, এমন সময় দৈখা গেল সেই জলমগ্ন প্রান্তরের মাঝখানে নিবিড় অন্ধকারের গলায় ফুলছে যেন একসার আলোর মালা। কখনো নিবে যাচ্ছে। জয়স্তের মনে হল, আলোগুলো যেন তাদেরঃ চেয়ে উচুতেই রয়েছে।

জয়ন্তই সকলের আগে-আগে যাচ্ছিল। হঠাৎ সে পায়ের তলায় আর মাটি পেলে না এবং অতলের দিকে তলিয়ে গেল। তাড়াতাড়ি জলের উপরে ভেসে উঠে সে বললে, 'হুশিয়ার! এখানে একটা পুকুর আছে!'

আন্দান্তে পান্দান্তে পুকুরের গভীরতা এড়িয়ে অগু দিক দিয়ে তারা আবার অগ্রসর হতে লাগল।

মানিক সভয়ে বলে উঠল, 'আমার পায়ের উপর দিয়ে সাপের মত কি একটা সাঁৎ করে চলে গেল!'

জয়ন্ত বললে, 'সাপের মত বলছ কেন মানিক, ওটা সাপ ছাড়া' আর কিছুই নয়।'

একজন চৌকিদার বললে, 'এ সময়ে মাঝে মাঝে মাঠের জলে। কুমিররাও ভেসে আসে।'

জয়ন্ত বললে, 'হাা, তারাও আর বাকি থাকে কেন ? কেবল কুমির নয়, আমি শুনেছি বানের জলে বাঘ-ভাল্পকও বাধা হয়ে সাঁতার কাটে।'

ছয়টা আলো বেশ খানিকটা কাছে এসে পড়েছে। সেগুলো এদিকে ওদিকে নড়ছে বটে, কিন্তু অন্ত কোনদিকে আর অগ্রসর হচ্ছেনা।

জয়ন্ত বললে, 'নবাব বোধহয় বুঝতে পেরেছে, আমরা তাদের সঙ্গেই দেখা করতে যাচ্ছি। সে হয়ত দলবল নিয়ে আমাদের সঙ্গে যুদ্ধ করবার জন্মেই প্রস্তুত হয়ে আছে।'

মানিক নিজের বন্দুকটা আরো জোরে চেপে ধরলে।

আরো কিছুদ্র এগিয়ে জয়ন্ত বললে, 'নবাৰ খুব ঢালাক লোক বটে। দেখছ মানিক, আলোগুলো এখনো আমাদের কত উপরে নড়া-চড়া করছে? এই মাঠের কোন-একটা উঁচু জায়গা নিশ্চয় দ্বীপের মত জলের উপরে জেগে আছে। নবাব তার দল নিয়ে তার উপরে উঠে আমাদের জন্মে অপেক্ষা করছে। যুদ্ধ বাধলে আমাদেরই বিপদ।

মানিক ভাবতে লাগল, নবাবকে আজ তারা দেখেছে বটে, কিন্তু তার দলের লোকগুলো দেখতে কেনন ? অমিয় যে বর্ণনা করেছে, তাতে তো তাদের আকৃতি অমানুষিক বলেই মনে হয়। চৌকিদার ঈশাকও তাদের চেহারায় অমানুষী কোন ভাব দেখে ভয়ে মারা পড়েছে। এ রহস্থের কারণ কী ? কে তারা ?

এমন সময়ে পিছনে ছই-তিনবার বন্দুকের শব্দ হল।

সকলে ফিরে দেখলে, পিছনে---যেদিক থেকে তারা এসেছে সেইদিকে অনেক দূরে চারটে আলো দেখা দিয়েছে।

জয়স্ত ও মানিক আবার তিনবার বন্দুক ছুঁড়ে নিজেদের অস্তিত্বের কথা জানিয়ে দিলে, কারণ এই নতুন আলোগুলোর সঙ্গে আসছে ফে তাদেরই বন্ধুরা সে-বিষয়ে কোনই সন্দেহ নেই।

কিন্তু শক্রদের আলোগুলো তখনো নিবে বা পালিয়ে গেল না। জয়ুঁগু বললে, নবাব কী বুঝেছে তা সেই-ই জানে। এত লোক দেখেও সে ভয় পেলে না! না, বানের জলে তার পালাবার পথ বন্ধ হয়ে গিয়েছে, তাই সে মরীযা হয়ে আমাদের স্পেল লড়াই করবে গ'

মানিক চোথের সুমুথে যেন স্পষ্ট দেখতে পেলে, কতকগুলো ভৌতিক মৃতি দীর্ঘ দীর্ঘ বাছ বাছিয়ে তাদের সকলকে এগিয়ে আসবার জন্মে আ্রহে আহ্বান করছে!

মানুষ পিশাচ >৩৫

সপ্তম পরিচ্ছেদ রক্তশূন্য মড়া

ঘুটঘুটে কালোর কোলে মিটমিটে আলোর মালা। এতগুলো বন্দুকের আওয়াজ শুনেও মালাকররা মালা ছিঁড়ে পালিয়ে গেল না। অথচ তারা এত কাছে এসে পড়েছে!

মানিক বললে, 'জলের ভিতরে নিশ্চয়ই একটা উচু জমি আছে, অন্ধকারে দেখা যাচ্ছে না। কিন্তু সেই জমির উপরেই গাছ-পালার ভিতর থেকে যে ঐ আলোগুলো দেখা যাচ্ছে এটা এখন স্পষ্ট বুঝতে পারছি। জয়, ওরা হয় পাগল, নয় মরীয়া! আমার মতে, আমাদের দল যখন সাড়া আর দেখা দিয়েছে, তখন তাদের জত্যে আরো কিছুক্ষণ অপেক্ষা করা উচিত। তারপর স্বাই মিলে একসঙ্গে আক্রমণ করব।'

জয়ন্ত বললে, 'তোমার পরামর্শই শুনব। আমাদের পুরো দলে থাকবে পঁচিশটা বন্দুক নিয়ে পঁচিশজন লোক। এদের নিয়ে দম্ভরমত একটা খণ্ডযুদ্ধের আয়োজন করা যেতে পারে।'

তারা সেইখানে প্রায় বুক পর্যন্ত জলে ডুবিয়ে দাঁড়িয়ে সঙ্গীদের জন্মে অপেক্ষা করতে লাগল।

এতক্ষণ পরে আকাশের বজ্ঞ, মেঘের বৃষ্টি ও ঝড়ের রুদ্রগতি শান্ত ও ক্ষান্ত হবার চেষ্টা করলে। তারপর যথন সদলবলে মহম্মদ, স্থানরবার, অমিয়, নিশীথ ও পরেশ এসে তাদের সঙ্গে যোগ দিলে, তখন বজ্ঞ বৃষ্টি ও ঝড় পৃথিবীর কাছ থেকে বিদায় নিয়েছে বটে, কিন্তু অন্ধকারের নিবিড়তা ও প্রান্তর-সমুদ্রে বন্তার কলকল্লোল জেগে রইল আগেকার মতই।

স্থুনরবার এসেই জয়স্কের স্থুরুং দেহের উপরে হেলে পড়ে হাঁপাতে হাঁপাতে বলে উঠলেন, 'বাস্ রে বাস্! চর্কির মত ছুটোছুটি করে এক মিনিট যে বদে জিরিয়ে নেব তারও উপায় দেখছি না! এই অগাধ দাগরে বদে পড়লেই ডুবে যাব, আর ডুবে গেলেই ভেদে বাব! হুম্!

মানিক বললে, 'ভয় কী সুন্দরবারু, ভেসে গেলে আপনি তো চিত্র-সাঁতার কাটতে পারবেন।'

স্থুন্দরবার ধর্মক দিয়ে বলে উঠলেন, 'ঠাটা করো না মানিক, এ-ঠাটা-ফাটা ভালো লাগে না!'

নহম্মদ বললেন, 'জয়স্তবাবু, ওগুলো নিশ্চয়ই শত্রুদের আলো ?'

- 'তাই তো মনে হচ্ছে। নইলে এই তুর্যোগে এখানে এসে দেয়ালী-উৎসব করবার শথ হবে কার
 '
- 'কিন্তু নবাবের আম্পর্ধা তো কম নয়! সে আলো জ্বেলে বসে আছে, যেন আমাদের কোন তোয়াকাই রাথে না!'

স্ন্দরবার বললেন, 'ভূত আবার কবে মানুষের তোয়াকা রাখে ! মানুষ হলে ওরা এভক্ষণে বাপ্-বাপ্ বলে পালিয়ে যেত !'

মহম্মদ বললেন, 'রাতও আর বেশি নেই, কথায় কথায় সময় কাটাবারও আর দরকার নেই। চলুন, আমরা চারিদিকে ছড়িয়ে পড়ে এগিয়ে যাই, ওদের একেবারে ঘিরে ফেলি।'

সকলে অর্ধচন্দ্রাকারে সামনের উচু জমির দিকে এই অবস্থায় যতটা সম্ভব তাড়াতাড়ি অগ্রসর হল। আলোগুলো তবু নেথবার বা পালাবার চেষ্টা করলে না।

মহম্মদ বললেন, 'এখান থেকে বন্দুক ছুঁড়ে আমরা অনায়াসেই ওদের মারতে পারি! আচ্ছা, একবার বন্দুক ছুঁড়ে ওদের ভয় দেখানো যাক।'

মহম্মদ ও তাঁর দেখাদেখি আরো কেউ-কেউ বন্ক ছুঁড়লেন, ওদিক থেকে তবু কোন উত্তরই এল না ফিরে এল থালি তাঁদের নিজেদের বন্দুক-গর্জনৈর প্রতিধ্বনি এবং বেপরোয়া আলোগুলো তথনো অচল।

শান্ত্ৰ পিশাচ

সুন্দরবার রেগে তিনটে হয়ে বললেন, 'ওরা ভূতই হোক আরু রাক্ষসই হোক, ওদের আম্পর্ধা আর আমি সইতে পারছি না! আমরাঃ পুলিশের লোক—বিশেষ আমি হচ্ছি গিয়ে ক্যালকাটা পুলিশের লোক—আমাদের সঙ্গে চালাকি ? আমি এইবার সত্যি সত্যি ওদের হাতের আলো টিপ করে গুলি ছুঁড়ব!'

স্থন্দরবার লক্ষ্য স্থির করে ছ্ইবার বন্দুক ছুঁড়লেন। একটা. আলো নিবে গেল, কিন্তু অহ্য আলোগুলো তবু সরে গেল না।

অমিয় বললে, 'নাঃ, দেখছি ওরা এইবারে সত্যিই অবাক করলে ! ওদের কি ভয়-ডর কিছুই নেই ?'

মহম্মদ বললেন, 'চল, আমরা সবাই এইবারে জমির উপরে উঠে ওদের আক্রমণ করি।'

সুন্দরবার সন্ধিন্ধ স্বরে বললেন, 'হুম্! মহম্মদ সায়েব, আমার মনে হয় ওরা অন্ধকারে আমাদের জন্মে কোন ফাদ পেতে রেখেছে! ঐ আলোগুলো হচ্ছে টোপ। এগুলে বিপদ হতে পারে!'

মহম্মদ বললেন, 'হাা, হতে পারে। তরু আমি এগুব। চল স্বাই, হুঁশিয়ার!'

স্বাই অগ্রসর হল।

জয়ন্ত চুপিচুপি বললে, 'মানিক, আমার মনে একটা সন্দেহ।
জাগছে।'

- —'की ?'
- —'হয়ত আমরা এখনি নিরেট গাধা বলে প্রমাণিত হবো।'
- —'তার মানে ?'
- 'এই তো উঁচু জমির তলায় এসে দাঁড়িয়েছি। মহম্মদ সায়েক উপরে উঠে গিয়েছেন। আলোগুলো এখনো জলছে। না, এ অসম্ভব!'

জয়ন্ত ও মানিক পাশাপাশি থেকে জমির ্উপরে উঠতে লাগল। তখনো কোন শত্রু কি ৰীভংস মৃতির সাড়া পাওয়া গেল না। কিন্তু সাড়া পাওয়া গেল মহম্মদের। নিচে যারা ছিল তারা সবাই শুনলে, মহম্মদ বিপুল বিস্ময়ে চিংকার করে বলছেন—'কেউ এখানে নেই, কেউ এখানে নেই।'

তারপরই স্থানরবাবুর কণ্ঠস্বর: 'হুম্! গাছের ডালে থালি লণ্ঠন-গুলো ঝুলছে। আমাদের ভয়ে ভূতগুলো চম্পট দিয়েছে!'



উঁচু জমির উপরে জল ওঠেনি। বৃষ্টি-ভেজা জমির উপরে বসে পড়ে জয়ন্ত বললে, 'মানিক, পূর্বাদিকে মেদের পর্দা ছিঁড়ে গিয়েছে।' মানিক বললে, 'কিন্তু এ কি রকম ব্যাপার গ'

জয়ন্ত পূর্বাকাশের দিকে স্থির দৃষ্টিতে তাকিয়ে শান্ত ১ছ স্বরে বললে, 'প্রথম উর্বার স্বপ্নময় আলো ফুটছে। বর্ধা-প্রভাতে আলোকের নবজন্ম কী মধুর।'

মান্তৰ পিশাচ

স্থুন্দরবারু এসে বললেন, 'এখন তোমার কবিছ রাখে। জয়ন্ত। নবাব কোন্দিকে গেল বল দেখি ?'

- —'যেদিকে রাত্রি গেছে সেইদিকে।'
- —'কী বলছ হে ?'
- 'যারা রাত্রির অন্তুচর তারা প্রভাতের প্রতীক্ষা করে না। চেয়ে - দেখুন, ঊষা এখন সিঁথায় সিঁহুর পরেছে। মানিক, ভৈরব রাগে, এখন একটা ভক্তন গাইতে পারো ?'

বন্ধুর মাথা হঠাৎ খারাপ হয়ে গেছে ভেবে জয়স্তের মুখের দিকে মানিক কটমট করে তাকিয়ে দেখলে।

জয়ন্ত হঠাৎ অট্টহাম্থে উচ্ছুসিত হয়ে উঠল। সুন্দর্বার ভয় পেয়ে ছই পা পিছিয়ে গেলেন। তিনিও ঠাউরে নিলেন, জয়ন্ত পাগল হয়ে গিয়েছে, হয়ত এখনি সে তাঁকে কামড়ে দেবে!

মহম্মদ আশ্চর্য হয়ে বললেন, 'জয়স্তবারু, এত হাসছেন কেন
এই কি হাসবার সময়
?'

জয়স্ত হাসতে হাসতেই বললে, 'বলেন কী মহম্মদ সায়েব ! এত-বড় প্রহসনেও হাসব না । ঐ লগ্ঠনগুলো আলো নয়, আলেয়ার মতই আমাদের বিপথে চালনা করে সাত ঘাটের জল খাইয়ে, কাদা ঘাটিয়ে এখানে এনে ফেলেছে। বুঝেছেন ! নবাব আমাদের চেয়ে চের বেশি চালাক। সে অন্ধকারে গাছের ডালে এই লগ্ঠনগুলো ঝুলিয়ে রেখে গিয়েছে কেবল আমাদেরই দৃষ্টি আকর্ষণ করবার জ্বাে।'

- —'অর্থাং ?'
- 'অর্থাৎ আমরা যথন আলোর দিকে ছুটে আসব তারা তথন অন্তদিকে ছুটে পালিয়ে কলা দেখাবার সময় পাবে। বাহাছুর নবাব, বাহাছুর! কাজেই এখন প্রভাতের সূর্যোদয় দেখা ছাড়া আমাদের আর কিছুই করবার নেই।'

স্থুন্দরবার বললেন, 'আমি ঐ হতভাগা স্র্যোদয় দেখতে চাই না!'

- —'তাহলে কী করবেন ?'
- —'আমি এখন ঘুমোতে চাই।'
- 'তাহলে ঘুমিয়ে পড়বার আগে নবাবের নামে একবার জয়ধ্বনি দিন।'
- —'হুম্'! নিজের মুখে চুনকালি মাখিয়ে শক্রর নামে জয়ধ্বনি দেবার ইচ্ছে আমার নেই!'
- 'কিন্তু স্থলরবারু, আমার ওটুকু উদারতা আছে। আমাদের মত এতগুলো মাথাকে যে পাঁকে ডুবিয়ে দিয়ে গেল, সে অসাধারণ ব্যক্তি! এমনধারা অসাধারণ শত্রুর সঙ্গে লড়াই করতে নেমে যদি কেল্লা ফতে করতে পারেন, তাহলে সেই জয়ই হবে অতুলনীয়। এতদিন পরেই তো খেলা জমে উঠল! এখন দেখা যাক কে হারে কে জেতে!'

উপর-উপরি বিষম কর্মভোগের পর প্রায় সকলেরই শরীরের অবস্থা হল এমন শোচনীয় যে, তার পরদিন কেউ আর বিছানা থেকে উঠবার নাম করলে না।

তার পরের দিনের রাত্রি প্রভাত হলে পর মানিক বিছানা থেকে উঠে দেখল, জয়ন্তের শয্যা শৃত্য। সে কখন উঠে বেরিয়ে গিয়েছে।

স্করবাবুও তথন গাত্রোত্থান করে দাড়ি কামাতে বসে গিয়েছেন। এমন সময় মহম্মদ এসে ঘরের ভিতরে ঢুকলেন।

মানিক শুধোলে, 'কী মহম্মদ সায়েব, এর মধ্যে নবাবের আর কোন খবর পাননি ?'

তিনি বললেন, 'না। কিন্তু এখানকার এক মুসলমান দোকানীর একটি মেয়ে চুরি গিয়েছে।'

মানিক উত্তেজিত স্বরে বললে, 'আবার মেয়ে-চুরি !'

— 'হ্যা। কিঁন্ত এবারে কেবল মেয়ে-চুরি নয়, সঙ্গে সঙ্গে খুন।'

ুমান্থ পিশাচ

স্থন্দরবার চমকে উঠে দাড়ির উপরে ক্ষ্রের কোপ বসাতে বসাতে ভারি সামলে গেলেন।

মহম্মদ বললেন, 'কাল রাত্রে দোকানী বাসায় ছিল না। ঘরের ভিতরে তার প্রোঢ়া ন্ত্রী আর সতেরো বছরের মেয়ে ঘুমোচ্ছিল। গভীর রাত্রে পাড়ার লোক শুনতে পায়, দোকানীর ঘরের ভিতর থেকে মেয়ে-গলায় চিংকার হচ্ছে। পাড়ার লোক যখন বাইরে বেরিয়ে আসে. চিংকার তখন থেমে গেছে। কিন্তু চিংকারের বদলে তারা তখন আর একটা শব্দ শুনতে পেলে। কারা যেন সমতালে পা ফেলে ফেলে অন্ধকারে গা ঢেকে চলে যাচ্ছে। এই পায়ের শব্দের কথা এখন এ-অঞ্চলের চারিদিকে ছড়িয়ে পড়েছে। সেই শব্দ শুনেই পাড়ার লোকের সমস্ত সাহস উবে যায়,—সকলে আবার যে যার ঘরে ঢুকে খিল এঁটে দেয়। আজ সকালে উঠে স্বাই দোকানীর ঘরে ঢুকে দেখে, তার মেয়ে অদৃশ্য, আর তার বউ মরে কাঠ হয়ে মেঝের উপর পড়ে রয়েছে।'

স্থলরবার্ কুর নামিয়ে ঘুরে বসে বললেন, 'হুম্! আংখানা দাড়ি আমি পরে কামাব, আগে সব গল্পটা শুনে নি!'

মহম্মদ বললেন, 'থবর পেয়ে আমি ঘটনাস্থলে গিয়ে হাজির হলুম। ভয়ানক দৃশু! একটি আধবয়সী স্ত্রীলোকের মৃতদেহ, আর তার আতর্কভরা চোখ-মুখ দেখে আমার ঈশাক বেচারীর মুখ মনে পড়ে গেল। ঈশাকের মুখ-চোখেও ঠিক এই রকম বীভংস ভয়ের ভাব মাখানো ছিল। স্ত্রীলোকটির গলায় একটা মস্ত ছাাদা, কিন্তু ঘরের কোথাও রক্তের একট্ও চিহ্ন নেই। অথচ তার দেহ একেবারে সাদা, যেন সমস্ত রক্তই সেই গলার ছাাদা দিয়ে বেরিয়ে গিয়েছে। ঘরের কোথাও রক্ত নেই, দেহেও রক্ত নেই—অথচ গলায় অতা বড় ছাাদা! আমি তো হতভম্ব হয়ে গিয়েছি।'

স্থন্দরবার বললেন, 'আমি বরাবরই বলছি এ-সব ভূতুড়ে কাগু, তা তোমরা কেট তো আমার কথায় কান পাতবে না!' মহম্মদ বললেন, 'তা যদি হয়, তবে এ-সব কাণ্ডের সঙ্গে নবাবের 'কোন সম্পর্ক নেই। কারণ নবাবকে আমরা গ্রেপ্তার করেছিলুম, সে আমাদেরই মত রক্ত-মাংসের মানুষ।'

নিজের বিছানায় শুয়ে-শুয়ে অমিয়ও সব শুনছিল। এখন সে উঠে বসে বলণে, 'কিন্তু আলিনগরে যে-ছয়টা মৃতি তালে তালে পা ফেলে এগিয়ে এসে আমাদের আক্রমণ করেছিল, আমাদের বন্দুকের গুলিও যাদের কোনই ক্ষতি করতে পারেনি, তাদের চেহারাও ছিল অবিকল সাধারণ মানুষের মত।'

পরেশ •ও নিশীথ উঠে বদে বললে, 'আমরাও এ-কথায় সায় দি।'

মহম্দ শললেন, 'সমস্ত ব্যাপারই রহস্তময়। নবাব কেমন করে পালাল ? কে তার ঘরের দরজা খুলে দিলে ? ঈশাক কেন মারা পড়ল ? পরশু রাত্রে গাছের ডালে আলো ঝুলিয়ে কারা আমাদের চোথে ধুলো দিলে ? কারা মেয়ে চুরি করে ? কেন করে ? পাড়া জাগিয়ে কারা তালে তালে পা ফেলে চলে যায় ? এ-সব প্রশ্নের কোন জবাব নেই। আমি স্থির করেছি, আজই সদরে রিপোর্ট পাঠিয়ে সাহাযা চাইব।'

অমিয় বললে, 'কিন্তু এই সব রহস্যেরই মূল আছে ।েই আলি-নগরের ভগ্নস্থপের মধ্যে।'

মহম্মদ বললেন, 'বেশ, সদর থেকে সাহায্য পেলে আমরা সদলবলে আলিনগরেও গিয়ে হাজির হতে পারব।'

এমন সময়ে জয়ন্ত ফিরে এল। তার গন্তীর মুখে চিন্তার রেখা। স্থন্দরবার বলে উঠলেন, 'জয়ন্ত, জয়ন্ত! ভয়ানক খবর!'

জয়ন্ত ভুরু কুঁচকে স্থলরবাবুর মুখের পানে তাকিয়ে বললে, ব্যামন কী ভয়ানক খ্বর থাকতে পারে, যা আমি জানি না ?'

- 'ভুম্! এবার মেয়ে-চুরির সঙ্গে মেয়ের মা খুন!'
- —'আমি জানি। এইমাত্র ঘটনাস্থল থেকেই ফিরে আসছি।'

- —'মহম্মদ সায়েব সদর থেকে সাহায্য আনিয়ে আলিনগর আক্রমণ করবেন।'
 - —'কবে, মহত্মদ সায়েব ?'
 - —'দিন চারেক পরে।'

জয়ন্ত আর কিছু না বলে মানিককে ইশারা করে আবার ঘ্রের বাইরে গেল।

মানিক তার কাছে গেলে পর জয়ন্ত বললে, 'আমি আরো দিন চারেক অপেক্ষা করতে পারব না। বিশেষ, এত লোকজন নিয়ে শোভাষাত্রা করে আলিনগরে গেলে আসামীরা সাবধান হয়ে পালাতে পারে।'

- —'তুমি কী করতে চাও ?'
- 'তুমি আর আমি কাল রাত থাকতে উঠে চূপিচুপি আলিনগরে যাত্রা করব।'
- 'সে কি, পায়ে হেঁটে ? আলিনগর যে এখান থেকে ত্রিশ-পঁয়ত্রিশ মাইল দ্রে !'
- —'না, এখানে আমার পরিচিত এক জমিদার-বন্ধু আছেন শুনো তাঁর সঙ্গে দেখা করতে গিয়েছিলুম। তিনিই মোটর দেকেন। অনেক সন্ধ্যাসীতে গাজন নষ্ট হয়, তুমি আমি তৃজনে যেতে পারব। আগে নিজেরা থোঁজ নিয়ে আসি, তারপর দরকার হলে মহম্মদ সায়েকের সাহায্য নেব। মানিক, আজ যে অমানুষিক কাণ্ড স্বচক্ষে দেখে এসেছি, তারপর আর এখানে হাত-পা গুটিয়ে অপেক্ষা করা চলে না। সেই রক্তশৃশু মড়ার মুখ চিরদিন আমার মনে থাকবে! গলার ছ্যাদা দিয়ে নিশ্চয় রক্তের ঝরনা ঝরেছিল, কিন্তু সে রক্ত কোথায় গেল ই আর, তার গলার ক্ষতটা কি রকম দেখতে জানো মানিক হ যেন কোন রক্তলোলুপ জন্তু ধারালো দাত দিয়ে তার গলা কামড়ে ধরেছিল—আর তার দেহের সমস্ত রক্ত সেইই প্রাণপণে শুষে পানকরে ফেলেছে!'

অষ্টম পরিচ্ছেদ

প্রেতের প্রতিহিংসা

ভোর-বেলায় মৈটির ছুটে চলেছে আলিনগর।

জয়ন্ত গাড়ির 'হুইল' ধরে চারদিকে তাকাতে তাকাতে বললে, 'মানিক, মাঠে মাঠে আর পথের মাঝে মাঝে দেখছি এখনো মন্দ জল জমে নেই। আমরা বেলা ছুটো-আড়াইটের আগে আলিনগরে গিয়ে পৌছতে পারুব বলে মনে হচ্ছে না।'

মানিক বললে, 'কিন্তু আমরা ছজনে আলিনগরে গিয়ে কী করব ? সেখানে তুমি কী দেখবার আশা কর ?'

— 'তোমার প্রথম প্রশ্নের উত্তর হচ্ছে ; গোয়েন্দার কাজ দল বেঁধে চলে না। তাতে শক্ররা সাবধান হবার সুযোগ পায়। আমার দৃঢ় বিশ্বাস, প্রথম দিনেই আমাদের দলে যদি বেশি লোক না থাকত, তাহলে এতক্ষণে সমস্ত রহস্ত হয়ত আমরা আবিষ্কার করে ফেলতে পারতুম। তোমার দ্বিতীয় প্রশ্নের উত্তর হচ্ছে ; আলিনগরে গিয়ে যে কী দেখব, সেটা আমি নিজেই জানি না। গত পরশু পর্যন্ত এই রহস্ত সম্বন্ধে আমার যে-ধারণা ছিল গেল-কাল সকালে সেই রক্তহীন মৃতদেহ দেখবার পর থেকে সে-ধারণা একেবারে বদলে গেছে। মাঝে মাঝে এখন মনে হচ্ছে, হয়ত স্থুন্দরবারুর সন্দেহই সত্য, হয়ত এই সব মেয়ে-চুরির মধ্যে অলৌকিক কোন ব্যাপারই আছে।'

মানিক চকিত কণ্ঠে বললে, 'অলৌকিক বলতে তুমি কী বুঝেছ ? ভৌতিক ব্যাপার ?'

জয়স্ত বললে, 'ভূত বলতে লোকে যা মানে, আমি তা মানি না। ভূতে বেছে বেছে খালি মেয়ে চুরি করবে কেন ? তবে. ভূতে যে মানুষ চুরি করে এমন একটা বিলাতী গল্প আমি পড়েছিলুম। আলিনগর এখনো অনেক দ্রে। সময় কাটাবার জত্যে তুমি যদি মানুষু পিশাচ

সেই গল্পটা শুনতে চাও, আমি বলতে রাজী আছি। কিন্তু মনে বেখো, এটা গল্প ছাড়া আর কিছু নয়।'

মানিক মোটরের একটা কোণ নিয়ে আরাম করে বসে বললে, 'বল।'

জয়ন্ত গাড়ির গতি একবার থামিয়ে, রুপোর শামুকের ভিতর থেকে একটিপ নস্থা নিয়ে নাকে গুঁজে গল্প আরম্ভ করলে:

লণ্ডন শহরের পথ। শীতার্ত রাত্রি। একথানা বাস ছুটেছে— আজকের মত এই তার শেষ যাত্রা। বাসের ভিতরে নিচের তলায় লোকজন বেশি নেই।

দোতলায় কেউ উঠেছে বলে কণ্ডাক্টরের মনে হল না। তবু ' একবার নিশ্চিত হবার জন্মে সে বাসের দোতলায় গিয়ে উঠল। সামনের আসনে একজন আরোহী।

কণ্ডাক্টরের বিশ্বয়ের সামা রইল না। এই যাত্রীটি তার চোথকে ক্ষাঁকি দিয়ে কখন উপরে উঠে বসে পডেছে ?

যাত্রী মাথার টুপিটা মুখের উপরে টেনে নামিয়ে দ্বিয়েছে এবং 'মাফ্লার'ও কোটের কলার দিয়ে মুখের নিচের দিকটা ঢেকে ফেলেছে—শীতের হাড়-কাঁপানো হাওয়ার চোট সামলাবার জত্যে। স্থিরভাবে বসে যেন আড়ুষ্ট হয়েই সে সামনের দিকে তাকিয়ে ছিল।

বোধহয় সে কণ্ডাক্টরের পায়ের শব্দ শুনতে পেয়েছিল। কারণ সে ছুই আঙ্বলে একটি আনি ধরে হাত বাড়িয়ে বদে আছে। কণ্ডাক্টর বললে, 'গুঃ, ভারি ঠাণ্ডা রাত মশাই!'

যাত্ৰী জবাব দিলে না।

- —'কোথায় যাবেন ?'
- —'ক্যারিক স্থীট।'

যাত্রীর উচ্চারণ অন্তৃত। কণ্ডাক্টর আবার শুধোলে, 'কোথায় বললেন ?'

—'ক্যারিক খ্রীট—ক্যারিক খ্রীট—

' — 'আচ্ছা, আচ্ছা, আমি জানি—অতবার আর বলতে হবে না।'
বলেই কণ্ডাক্টর যাত্রীর হাত থেকে আনিটা টেনে নিলে।

যাত্রী একটুও না ফিরে বললে, 'জানো ? কী জানো তুমি ?'
কিন্তু কণ্ডাক্টরের বুকের ভিতর পর্যন্ত তথন শিউরে-শিউরে উঠছে।
আনিটো কী অস্বাভাবিক ঠাণ্ডা! যেন সেটাকে জমাট বরফের ভিতর
থেকে টেনে বার করা হয়েছে।

টিকিট কেটে কণ্ডাক্টর যাত্রীকে হাত বাড়িয়ে দিতে গেল। যাত্রী বললে, 'যেখানে আনি ছিল টিকিটখানা সেইখানে গুঁজে দাও।'

কেন তা সে জানে না, কিন্তু কণ্ডাক্টরের ইচ্ছা হল না যে যাত্রীর হাতে হাত দেয়। তার হাতথানা আড়েষ্ট, বোধহয় পক্ষাঘাতে পঙ্গু। টিকিটখানা কোনরকমে গুঁজে দিয়ে কণ্ডাক্টর বললে, 'কেমন, পেয়েছেন জগন্নাথমশাই গুঁ

তাকে ঠুঁটো জগন্নাথ বলে কৌতুক করা হচ্ছে ভেবেই বোধহয় যাত্রী বললে, 'তুমি আর সামার সঙ্গে কথা কয়ো না!'

— 'কে কথা কইতে চায়!' বলে কণ্ডাক্টর নেমে গেল।
বাস ক্যারিক শ্রীটের মোড়ে এসে থামল। কণ্ডাক্টর টোচাতে
ভাগল— 'ক্যারিক শ্রীট! ক্যারিক শ্রীট!'

কিন্তু দোতলা থেকে আড়ে থাত্রী নামবার নাম করলে না।
কণ্ডাক্টর আপন মনে বললে, 'ও যদি সারারাত টঙে বসে থাকতে
চায়, থাকুক। আমি আর ওপরে উঠছি না!' তেওঁ হতে পারে,
হয়ত কথন সে নেমে গিয়েছে. আমি দেখতে পাইনি।'

সেইদিন সন্ধাতেই ক্যারিক স্ত্রীটের একটি েটেলের সামনে এসে শাঁড়াল একখানা ট্যাক্সি[°]।

ট্যাক্সি থেকে মোটঘাট নিয়ে যে ভব্রলোকটি নামলেন তাঁর নাম মি: রামবোল্ড। কয়েক বছর আগে তিনি এই হোটেলেই ঘর ভাড়া শাহর নিশাচ >81 নিয়ে বাস করতেন। তারপর অস্ট্রেলিয়া গিয়েছিলেন বাবসা-বাণিজ্য করতে। এতকাল পরে আবার তাঁর পুরানো হোটেলে ফিরে এলেন।

হোটেলের কর্তা তাড়াতাড়ি অভ্যর্থনা করতে এলেন।—'এই যে মিঃ রামবোল্ড! জানি ব্যবসায়ে লক্ষীলাভ করেঁ আবার মাপনি আমাদের কাছেই ফিরে আসবেন।'

মিঃ রামবোল্ড হাসিমুথে বললেন, 'হঁটা, আমি লক্ষ্মীলাভ করেছি। আমি মস্ত ধনীই বটে।'

হোটেলের কর্তা বললেন, 'কিন্তু তবুও আপনি বে আমাদের মত গরিবদের ভোলেননি এইটেই যথেষ্ট!'

— 'কী করে ভুলব ? এ হোটেল যে আমার নিজের বাড়ির মত প্রিয়! এখানকার পুরানো চাকর কুটসাম কোথায়! এখানেই কাজ করে ? বেশ বেশ, তাকেই আমি চাই।'

রাত্রে মিঃ রামবোল্ড নিজের ঘরে বসে কথা কইছিলেন। ক্রুটসাম জিজ্ঞাসা করছিল, 'আচ্ছা হুজুর, অন্ট্রেলিয়া দেশটা কেমন 🛉'

- —'ভালোই।'
- 'সেখানকার আইন বোধহয় এখানকার মত কড়া নয় ?'
- —'কি রকম ?'
- —'ধরুন, আপনি যদি সেখানে কোন মানুষ খুন করেন, তাহলে পুলিশ আপনাকে ধরে ফাঁসি দেবে তো ?'

মিঃ রামবোল্ড অত্যস্ত বেশি চমকে উঠলেন। শুকনো গলায় থতমত খেয়ে বললেন, 'আমিই বা মানুষ খুন করব কেন, আর আমাকেই বা ফাঁসি দেবে কেন ?'

— 'না হুজুর, আমি কথার কথা বলছি! বাপ্রে, মারুষ খুন করার কত বিপদ! পুলিশ ফিরবে পাছে পাঁছে—'

রামবোল্ড বাধা দিয়ে জোরে জোরে বললেন, 'কেন, পুলিশ পাছে পাছে ফিরবে কেন ? যদি আমি কারুকে খুন করি, তার লাস লুকিয়ে ফেলি, কেউ সাক্ষী না থাকে, তাহলে পুলিশ জানতে পারবে কেমন করে ?'

— 'কিন্তু হুজ্ব, যাকে খুন করেছেন সে যদি ভূত হয় ? প্রতিশোধ নেবার জন্ম আপনাকে খুঁজতে আসে ?'

রামবোল্ডের মুখ ভয়ে বিবর্ণ হয়ে গেল। তিনি তাড়াতাড়ি বলে উঠলেন, 'থামো পাঁমো!'

কুটসাম আশ্চর্য হয়ে বললে, 'ওকি হুজুর, আপনি অমন করছেন কেন ?' আমি কথার কথা বলছি।'

- 'আমার গলা শুকিয়ে গেছে! শীগগির এক গেলাস জল আন!' ক্রুটসাম তথনি জল এনে দিলে। রামবোল্ড জল পান করে অহ্য কথা পেড়ে বললেন, 'আচ্ছা ক্রুটসাম, তোমাদের হোটেল এখন কেমন চলছে গ'
- 'খুব ভালো চলছে হজুর। এই আজকের কথাই ধরুন না!
 আজ রাত্রে যঁদি কেউ এসে ডবল টাকাও দিতে চায়, তাহলেও তাকে
 আমরা ঘর দিতে পারব না। হোটেলের কোন ঘরই থালি নেই।'
- 'রু,টেশাম, দেখছ আজকের রাত কী ঠাণ্ডা? বাইরে বরফ পড়ছে। আজ কোন বেচারী যদি এখানে এসে ঘর না পায়, তাহলে তার কষ্টের আর সীমা থাকবে না। আমার তো ছটো ঘর, ছটো বিছানা। আজ যদি সত্যিই কেউ আসে, তাকে তাড়িয়ে দিও না, অস্তত আজকের জন্মেও তাকে আমি আমার একটা বিছানা ছেড়ে দিতে রাজী আছি।'
 - —'আচ্ছা হুজুর।'

মাঝ-রাত্র। দেউড়ির ঘন্টাটা হঠাৎ খুব জোরে খুব তাড়াতাড়ি বেজে উঠল—একবার, ত্ইবার, তিনবার।

হোটেলের দারবান অবাক হয়ে ভাবলে, এই তুষার-ঝরা নিষ্

-মামুষ পিশাচ ১৪৯

আবার সেইরকম খুব জোর আর তাড়াতাড়ি তিনবার ঘণ্টাধ্বনি চ দারবান বিরক্ত হয়ে গজ্-গজ্ করতে করতে দেউড়িতে গিয়ে দরজা খুলে দিল।

ভিতরে এদে দাঁড়াল এক অদ্ভুত মূর্তি। তার মাথার টুপিটা মুখের উপর টেনে নামানো, আর তার গলার কলারটা টেনে চিবুকের উপর তুলে দেওয়া। সর্বাঙ্গ ঢাকা মস্ত-বড় ঝলঝলে এক কালো মিশমিশে ওভার-কোট। ওভার-কোটের একদিকটা ঠেলে বেরিয়ে রয়েছে— বোধহয় তার হাতে একটা চুপডি কিংবা একটা বাাগ আছে।

দারবান বললে, 'দেলাম ছজুর! আপনার কী দরকার ?'

আগন্তক কোন জবাব না দিয়ে এক কোণে একটা টেবিলের দিকে এগিয়ে গেল। তারপর বললে, 'আমি আজকের রাতের জক্তে হোটেলে একখানা ঘর চাই।'

- —'হজুর, আজ যে হোটেলের সব ঘর ভর্তি হয়ে গেছে!'
- —'তুমি ঠিক জানো ?'
- —'হাা হুজুর!'
- '—কিন্তু ভালো করে ভেবে দেখ!'
- 'ভালো করে ভাববার দরকার নেই ছজুর! আমি জানি।' আগন্তুক 'এভক্ষণে মুখ তুলে দারবানের দিকে দৃষ্টিপাত করলে। তারপর ধীরে ধীরে বললে, 'আর একবার ভালো করে ভেকে দেখ দেখি!'

কেন তা সে জানে না, কিন্তু দারবানের মনে হল, তার দেহের ভিতর থেকে যেন কি-একটা জিনিস—হয়ত তার জীবনই—ঠেলে ঠেলে বাইরে বেরিয়ে আসতে চাইছে। সে ভয়ানক ভয় পেয়ে বলে উঠল, 'দাড়ান হুজুর! আমি জেনে এসে বলছি!'

সে হোটেলের ভিতর দিকে চলে গেল। কিন্তু থানিক পরে খবর নিয়ে ফিরে এসে আগন্তককে আর দেখতে পেল না। কোথায় গেল সে ? হোটেলের ভিতরে না বাইরে ? হঠাৎ তার চোখ পড়ল আগন্তুক যেখানে দাঁড়িয়েছিল সেখানটায়। সেখানে মেঝের উপরে লম্বা এক টুকরো বরফ পড়ে চকচক করছে।

তার বিশায়ের আর অবধি রইল না। চারিদিক ঢাকা, ভরু এখানে বরফ এল কেমন করে ?

সেই কনকুনে শীতের রাতেও দারবানের কপালের উপর দামের কোঁটা দেখা দিলে। রুমাল বার করে কপালের দাম মুছতে মুছতে নিজের মনেই সে বললে, 'যাকে এইমাত্র দেখলুম, কে সে? মানুষ?'

দোতলার হলঘরে দাঁড়িয়ে ক্লুটসাম দেখলে, সিঁড়ি দিয়ে এক অচেনা ভদ্রলোক নিঃশব্দে উপরে উঠে আসছেন।

এগিয়ে এসে বললে, 'কে আপনি ? কাকে চান ?'

— 'তুমি মিঃ রামবোল্ডকে জিজ্ঞাদা করে এস, আজ রাত্রে তাঁর: অন্য বিছানাটা আমি ব্যবহার করতে পারব কি না ?'

কুট্সাম ভ্যাবাচ্যাকা থেয়ে আগন্তকের মুথের পানে তাকাল।

নিঃ রামবোল্ডের বাড়তি বিছানার কথা এই অচেনা লোকটি কেমন করে জানতে পারলে ? কিন্তু সে কথা নিয়ে বেশিক্ষণ মাথানা ঘানিংয় সে আগন্তকের অনুরোধ রাখবার জন্তে ভিতর দিকে চলে গেল। অল্পক্ষণ পরে ফিরে এসে বললে, 'মিঃ রামবোল্ড আপনার নাম জানতে চাইলেন।'

আগস্তুক পকেট থেকে বার করলে খবরের কাগজ থেকে কেটে নেওয়া এক টুকরো কাগজ। এই কাগজের টুকরোটা এগিয়ে দিয়ে সে বললে, 'মিঃ রামবোল্ডকে এটা দিয়ে এস। আর তাকে জানিয়ে! আমার নাম হচ্ছে, জেম্স্ হাগবার্ড।'

কুটসাম সেই কাগজখানা পড়তে পড়তে আবার হোটেলের ভিতর দিকে চলে গেল। তাতে লেখা রয়েছে—

'অস্ট্রেলিয়ার সিড্নি শহরের মিঃ জেম্স্ হাগবার্ড কোথায় অদৃশ্য হয়েছিলেন, এতদিন সে খোঁজ পাওয়া যাচ্ছিল না। সম্প্রতি একটা জঙ্গলের ভিতর থেকে তাঁর মৃতদেহ পাওয়া গিয়েছে। বন্দুকের গুলিতে তিনি মারা পড়েছেন। এখন প্রকাশ পেয়েছে, মিঃ রামবোল্ড নামে তাঁর এক বন্ধুকে নিয়ে তিনি ঐ জঙ্গলের মধ্যে প্রবেশ করেছিলেন, কিন্তু সেই দিন থেকে মিঃ রামবোল্ডেরও আর কোন সন্ধান পাওয়া যাচ্ছে না।'

একটু পরে কুট্সাম আবার ফিরে এল। তারপর তফাতে দাঁড়িয়ে ভয়ে ভয়ে বললে, 'মিঃ রামবোল্ড বললেন—আপর্নি নরক থেকে এসেছেন, আবার নরকেই বিদায় হোন!'— এই বলেই সে তাড়াতাড়ি পালিয়ে গেল। মিনিট পাঁচেক পরেই রামবোল্ডের ঘর থেকে ভেসে এল ঘন-ঘন বিষম আর্তনাদ ও ভীষণ গর্জন-ধ্বনি।

রু,টসাম ঠক্-ঠক্ করে কাঁপতে কাঁপতে সেইদিকে ছুটে গেল। কিন্তু ঘরের ভিতরে কোন জনপ্রাণী নেই।

ঘরের বিছানা, চেয়ার ও টেবিল প্রভৃতি উল্টেপাল্টে ছড়িয়ে পড়ে রয়েছে এবং রক্তের দাগে চারিদিক হয়ে উঠেছে ভয়ানক। এবং ঘরের মাঝখানেই মেঝের উপর পড়ে চকচক করছে ইঞ্চি কয়েক ল্মা এক টুকরো বরফ।

রামবোল্ডের সঙ্গে কুট্সামের আর কখনো দেখা হয়নি ৷ *

কিন্তু সেই রাত্রে হোটেলের সামনের রাস্তায় যে কনস্টেবল পাহারা দিচ্ছিল, সে একটা সন্দেহজনক দৃশ্য দেখেছিল।

কালো ওভার-কোট পরা একটা আড়ন্ট মূর্তি তুষারবৃষ্টির মধ্য দিযে হন্হন্ করে এগিয়ে যাচ্ছে এবং তার কাঁধে রয়েছে মস্ত মোটের মতন কি একটা জিনিস।

কনস্টেবল তাকে ধরবার জন্মে তাড়াতাড়ি ছুটে গিয়েছিল, কিন্তু বানিক দ্রে গিয়ে আর তাকে দেখতে পায়নি।

মানিক বললে, 'তাহলে ঘটনাটার অর্থ দাঁড়াচ্ছে এই যে, মিঃ জেম্স্ হাগবার্ডকে খুন করে মিঃ রামবোল্ড অফ্রেলিয়া থেকে পালিয়ে এসেছিলেন। তারপর মিঃ হাগবার্ডের প্রেতাত্মা প্রতিহিংসা নেবার



জত্যে বিলাকে এসে মিঃ রামবোল্ডকে হত্যা করে তার দেহ নিয়ে নরকে ফিরে গেল। তুমি কি বলতে চাও, এথানেও মেয়ে-চুরি করেছে ভূতেরা ?'

জয়ন্ত গাড়ি চালাতে চালাতে গল্প বলছিল। সে মাথা নেড়ে বললে, 'পাগল! আমি বললুম গালগল্প,—কেবল খানিকটা সময় কাটাবার জন্সে। তার সঙ্গে এখানকার নেয়ে-চুরির কোনই সম্পর্ক নেই। •••••এখন এ-সব কথা থাক। ঐ দেখ, সামনেই আলিনগরের ভাঙা বাড়িগুলোর এলোমেলো চূড়ো দেখা যাচ্ছে। এদিকে পথেই পড়েছে নদী। গাভি নিয়ে আর এগুবার উপায় নেই, এগুবার দরকারও নেই। গাড়িথানাকে একটা ঝোপের মধ্যে লুকিয়ে রেখে এইবারে আমাদের পদব্রজে এগুতে হবে।'

মোটর থামিয়ে হজনে নামল। তারপর গাড়িখানাকে লুকিয়ে এবং চারিদিকে সতর্ক দৃষ্টি রেখে অগ্রসর হল।

किन्त পথ राখान नमीत शांत शिरा लिय हाराइ, त्मरेथान वानित উপরে পাওয়া গেল আবার সেই ছয়জোড়া পায়ের দাগ।

জয়ন্ত হাঁটু গেড়ে বসে থানিকক্ষণ ধরে পায়ের দাগগুলো পরীক্ষা করলে। তারপর মুখ তুলে বললে, 'মানিক, এবারের পায়ের দাগে মাহ্ৰ পিশাচ >43 বিশেষত্ব আছে। দাগগুলো বড় বেশি গভীর হয়ে বালির ভিতর বসে গেছে। যেন এরা সকলে মিলে কোন একটা ভারি মোট বহন করে নিয়ে গিয়েছে।

মানিক চম্কে উঠে বললে, 'ভারি মোট! কী হতে পারে সেটা?'
—'হয়ত কোন মামুষের—অর্থাৎ দ্রীলোকের দেহ! নয় তো
অন্ত কিছু। সেটা যাই-ই হোক, কিন্তু আমাদের অদৃষ্টের খুব জোর
বলতে হবে! এসেই এই দাগগুলো চোথে পড়ে গেল। এ সূত্র
আর ছাড়ছি না, কারণ এই সূত্র ধরেই এবার নিশ্চয়ই সেই ছয়
মৃতিকে আবিষ্কার করব—ভারা আর আমাকে কাঁকি দিতে
পারবে না।'

নবম পরিচ্ছেদ

মৃত্যুপুরে

আলিনগরে কোন বিভীষিকাই তথন সেখানে জেগে নেই। সূর্য-করের পোনার টেউ আকাশের নীলিমাকে অম্লান করে তুলেছে। পাথিদের গানের তানের টেউ বনের শ্যামলিমাকে উচ্ছুসিত করে তুলেছে, নদীর জলের রুপোলি টেউ ছুই তটের মাটি, বালি আর পাথরকেও সঙ্গীতুময় করে তুলেছে। চারিদিকে আলো আর গান, শান্তি আর কান্তি।

তারই মধ্যে অন্ধকারের ত্বংস্বপ্ন বহন করে আনছে কেবল এই ছয়জোড়া পদচিহ্ন। এই ছয়জোড়া পায়ের অধিকারী, কে তারা ?, কেন তারা দর্বদাই একসঙ্গে থাকে, কেন তাদের দলের লোক বাড়েও না কমেও না, কেন তারা একতালে পা ফেলে চলে— আর কেন তারা মেয়ের পরু মেয়ে চ্রি করে ? আর, তাদের সঙ্গে নবাবের কোন সম্পর্ক আছে, কিংবা নেই ? আর, আলিনগরে এসে তারা সবাই মিলে কী করে ?

জয়ন্ত ও মানিক এই সব কথাই ভাবছিল।

জয়ন্ত বললে, 'কিন্তু এই ছয়টা মৃতি যে প্রেত্মৃতি নয়, এদের দেহ যে ছায়াময় নয়, এরা যে আমাদের মতই রক্তমাংসে গড়া, পা দিয়ে মাটি মাড়িয়ে চলে, এখানকার দাগগুলো সে সত্যও প্রকাশ করেছে। সেদিনেরু পায়ের দাগগুলোর ভিতর যা লক্ষ্য করেছিলুম আজও তাই লক্ষ্য করছি; এদের মধ্যে একজন খুঁড়িয়ে খুঁড়িয়ে হাঁটে, একটা পায়ের গোড়ালি মাটির উপর ফেলতে পারে না। এটাও মন্ত্যুত্বের আরু একটা লক্ষণ—থোড়া ভূতের কথা কখনোঃ শুনেছ?'

ত্বজনে নদীগর্ভের দিকে নামতে লাগল।

মানিক বললে, 'দাগগুলো দেখছি নদীর জলের ভিতরে নেমে গেছে। তার মানে, সেই ছয়টা মূর্তি এইখানেই নদী পার হয়েছে।'

জয়ন্ত বললে, 'হ্যা, তাই আমাদেরও এইখানে নেমেই পার হতে হবে। গেল-ছুর্যোগে নদীর জল বেড়ে উঠেছে বটে. কিন্তু বোধহয় আমাদের কোমরের বেশি উঠবে না। এই সব ছোট ছোট পাৃুহাড়ী নদীর রীতিই এই—এরা যেমন হঠাৎ বড় হয়ে ওঠে, তেমনি হঠাৎ ছোট হয়ে পড়ে; এরা যেন প্রকৃতির আবুহোসেন—আজ বড়, কাল ছোট। তেই আমি ছুর্গা বলে নেমে পড়লুম,—যা ভেবেছি তাই। জল খুব কম। এস মানিক. কিন্তু দেখো, বন্দুক রিভলবার আর রসদ যেন জলে ভেজে না।'

নদীর ওপারে উঠে একটুও খুঁজতে হল না, আবার পাওয়া গেল সেই ছয়জোড়া পায়ের দাগ। নদীর বালির বিছানা যেখানে শেষ হয়েছে সেখানেও মাটির উপর দিয়ে চলে গিয়েছে পদচিঞ্র সারি।

মানিক খুশি-গলায় বললে, 'জয়, সেদিনকার বিষম বৃষ্টি আমাদের ভারি কট দিয়েছে বটে, কিন্তু আজ আমরা তাকে যথেট্ট ধহাবাদ দিতে পারি! সেই বৃষ্টিতে ভিজে মাটি খুব নরম ছিল বলেই পায়ের এমন স্পষ্ট আর স্থায়ী ছাচ তুলতে পেরেছে।'

জয়ন্ত বললে, 'ঠাা, আর এটাও বোঝা যাচ্ছে, এই ছাচগুলো টাটকা, এদের স্প্তি হয়েছে রপ্তির পরেই। প্রথম শ্রেণীর পথপ্রদর্শকের মত এখন এই পায়ের দাগগুলোই আমাদের নিয়ে যাবে যাদের খুঁজতে এসেছি তাদের ঠিকানায়। ঠাা, ধন্তবাদ দি' র্প্তিকে!

পায়ে-ঠাটা মেটে পথ। কোথাও ঝুপিসি গাছের তলা দিয়ে, কোথাও কাটা-ঝোপ ও জঙ্গলের তলা দিয়ে, কোথাও ভাঙাচোরা বাড়ির ধ্বংসস্তৃপ বা ঢিপিঢাপার পাশ দিয়ে অজগরের মত এঁকেবেঁকে, উঠে, নেমে, মোড় ফিরে ফিরে অগ্রসর হয়েছে। পথের উপরে পায়ের দাগগুলো মাঝে মাঝে অস্পষ্ট হয়ে গেছে বটে, কিন্তু একটু পরেই আবার স্পষ্ট হয়ে গিয়ে তারা জয়য়ৢ ও মানিককে ভয় দেখাছে, কিন্তু জমির অস্ত প্রাস্ত থেকে আবার আত্মপ্রকাশ করছে। পায়ের দাগ তাদের সঙ্গে যেন লুকোচুরি থেলা থেলছে।

জযন্ত বললে, 'মানিক, পৃথিবীর সব দেশেরই গোয়েন্দাগিরির ইতিহাস পড়লে দেখতে পাবে, পায়ের দাগ, রক্তের দাগ, আর আঙ্গলের ছাপ দেখেই গোয়েন্দারা বেশিরভাগ অপরাধীকে গ্রেপ্তার করছে পেরেছে। আঙ্গলের ছাপ দেখে অপরাধী ধরনার প্রথা একশো বছর আগেও আবিষ্কৃত হযনি, কিন্তু পায়ের দাগ আর রক্তের দাগ মানুষের কাজে লেগে আসছে হাজার হাজার বছর আগে থেকেই মানুষ যথন সভাও হয়নি। এই ছ্-রকম দাগের কোন-নাকোনটি দেখে আদিম মানুষ বনে-জঙ্গলে শিকারীদেরও কাছে ঐছ-রকম দাগেই হচ্ছে সবচেয়ে বড় সম্বল। আর পাপীদেরও জন্দ করেছে চিরকাল ঐছ-রকম দাগই। সব পাপীই এই ছ্-রকম দাগকে ভয় করে, কিন্তু তবু এদের কবল থেকে নিস্তার পায় না—থেমন আজও পাবে না আমাদের হাত থেকে মুক্তি এই ছ্য়জন মেয়ে-চের্টার!'

মানিক বললে, 'এবা খালি মেয়ে-চোর নয়, হত্যাকারীও বটে।' জয় স্থ ভাবতে ভাবতে ধীরে ধীরে বললে, 'হঁ। শেষ যে মেয়ে চুরি গেছে, এরা তার মাকে খুন করেছে। কিন্তু মানিক, এখনো এ-রহস্যটা মানি কিছুতেই বুঝে উঠতে পারছি না যে মৃতদেহের গলায় অত বত্ত ক্ষতিহ্ন, কিন্তু তার দেহের রক্ত গেল কোথায় ? এক হতে পারে, হত্যাকারী দাত দিয়ে তার গলায় ছ্যাদা করে সমস্ত রক্ত শুষে নিয়েছে— মার যেটুকু রক্ত মাটিতে পড়েছিল তাও জিভ দিয়ে চেটেপুটে তুলে নিয়েছে: কিন্তু মান্থ্যের পক্ষে এও কি সম্ভব ? এই ছয়জন খুনে মেয়ে-চোর যে মানুষ, শে-বিষয়ে তো সন্দেহ করবার উপায় নেই!'

হঠাৎ মানিক উত্তেজিত কণ্ঠে বলে উঠল, 'দেখ জয়, দেখ!'

মানিকের দৃষ্টির অনুসরণ করে জয়ন্ত দেখলে, যে-ছুখানা মোটরে চড়ে তারা সেদিন আলিনগরে এসেছিল, তাদেরই ভগ্নাবশেষ। একখানা প্রকাণ্ড ভাঙা বাড়ির স্থূপের উপরে ছ্-জায়গায় গাড়ি ছ্-খানা চুরমার হয়ে পড়ে আছে।

জয়ন্ত কৌতৃহলী চোখে দেখতে দেখতে পায়ে পায়ে তাদের কাছে গিয়ে দাঁড়াল। তাদের ভিতর থেকে এটা-ওটা-সেটা তুলে নিয়ে নাড়াচাড়া করতে লাগল। খানিকক্ষণ পরে ফিরে বললে, 'মানিক, একটা ব্যাপার লক্ষ্য করেছ কি গ্'

—'কী ?'

— 'গাড়ির ভিতরে আমাদের খাবার ছিল। হয়ত ফল বাঃ পাউরুটি প্রভৃতি চারিদিকে ঠিকরে ছড়িয়ে পড়েছিল বলে বনের পশুপক্ষীরা সেগুলোর সদ্যবহার করেছে। কিন্তু গাড়ির ভিতরে ছিল বন্ধ একটিন বিস্কৃট আর তিন টিন "জ্যাম" আর চায়ের "ফ্লাস্ক"। সেগুলোর একটা ভাঙা টুকরোও এখানে নজরে পড়ছে না। খাবারের চাঙাড়িরও টুকরো এখানে নেই—তাও কি জন্তুরা খেয়ে ফেলেছে গু

মানিক আশ্চর্য হয়ে বললে, 'তাই তো দেখছি! সঁত্যি, অতি বড় পেটুক জন্মও তো-টিন বা ধাড় বা ভাঙা চাঙাড়ি হজম করতে রাজী হবে না! সেগুলো গেল কোথায় তবে ?'

— 'কোথায় আর ? ঐ নবাব, কি ছয় মৃতির বাসায়! গাড়ি ছ-খানাকে ধ্বংসের পথে চালিয়ে দেবার আগে থাবারগুলোকে বাজে নই হবার সম্ভাবনা থেকে রক্ষা করা হয়েছে আর কি! মানিক, যারা "স্থাগুউইচ" আর কলা থায়, "জ্যাম" আর বিস্কৃটের টিন খোলে, নিশ্চয়ই তারা ভূত নয়! এই সব মেয়ে-চুরি আর খুনের মৃলে আছে ভোমার আমার মত মান্নুষই।

মানিক বললে, 'এ প্রমাণটা পেয়ে হাঁপ ছেড়ে বাঁচলুম! চল তবে আবার সেই খুনে মেয়ে-চোর আর খাবার-চোর মানুষদের পদ চিহ্ন অমুসরণ করা যাক।' তারা জনশৃত্য আলিনগরের এক প্রাস্ত দিয়ে চলেছে। ছোট বড় মাঝারি, বিবর্ণ, সংস্কার-অভাবে জীর্ণ কন্ধালসার বা একেবারে ভাঙা বাড়ির পর বাড়ি যেন নিজেদের হুর্ভাগ্যের ভারে স্তম্ভিত ও স্তব্ধ ইয়ে আছে, কিন্তু একদিন তারা অনেক আলোক-মালা দেখেছে, অনেক উৎসব-কোলাহল শুনেছে। তাদের ছায়ায় ছায়ায় কত হাসি আর অঞ্চর বিচিত্র অভিনয়ের যবনিকা বারংবার উঠেছে ও পড়েছে, সে হিসাব যেন তারা আজও ভুলে যায়নি। যেখানে আগে শত শত সঙ্গীতের ও শত শত নৃপুরের ধ্বনি জেগে উঠত ক্ষণে ক্ষণে, সেখানে আজ স্তব্ধতার মৃত্যুনিস্রা ভঙ্গ করেছে কেবল দেয়ালে দেয়ালে গজিয়েভঠা অশথ-বটের শাখায় শাখায় বত্য বাতাসের দীর্ঘধাসের কারা। যাদের চাতালে চাতালে আগে জীবস্ত ফুলের মত শিশুরা করতো সুমধুর লীলাখেলা, সেখানে আজ পাথরে পাথরে বেড়িয়ে বেড়াচ্ছে কেবল সাপ, বিছা ও গিরগিটির দল।

মানিক ছুঃখিত স্বরে বললে, 'জয়, আমার পার্সি কবি ওমর ুথিয়ামের কবিতা মনে পডছেঃ

> রাজার বাড়ির থামের সারি আকাশ-ছোয়া তুলতো মাথা, রতন মুকুট পরে হেথায় সোনার তোরণ ধরতো ছাতা। আজ সেথানে আঁধুল মায়ায় বিজন ছায়া ত্লিয়ে দিয়ে, যু-ঘু-ঘু-ঘু-র আকুল স্বরে গাইছে কপোত অঞ্জাথা।'

জয়ন্ত বললে, 'এখন মনে হচ্ছে, এই ছয়জন ছরাত্মা বাস করবার ঠিক জায়গাই বেছে নিয়েছে! যারা সমাজের আর মান্থবের শত্রু, জ্যান্ত শহরের জনতা তাদের ভালোও লাগবে না, সহাও হবে না। তাই এসে আস্তানা গেড়েছে তারা এই মরা শহরে। ভাই মানিক, স্বর-বাড়ির আত্মা থাকে না জানি, কিন্তু এখানকার বাড়ি-ম্বরগুলোকে দেখলে প্রেতাত্মার ছবি দেখছি বলেই কি শুক্রেই হয় না ?'

মানিক বললে, 'হাঁা, এরা প্রেতাত্মার মতই ভয়ের ভারে প্রাণ-মন অভিভূত করে দেয় !' জয়ন্ত দাড়িয়ে পড়ে বললে, 'এই আমরা সেই গোরস্থানের আর একদিকে এসে পড়লুম। এরই মধ্যে সেই ভয়ানক রাতে ছয়টা। আলোকে চলাফেরা করতে দেখছিলুম।'

মানিক বললে, 'পায়ের দাগের রেখা যে এরই মধ্যে গিথ্নৈ ঢুকেছে!'

— 'তাহলে আমরাও এর মধ্যে ঢুকব। মানিক, বন্দুক প্রস্তুত রাখো, হয়ত এইটেই সেই শয়তানদের আড্ডা। হয়ত এইবারে তারা আমাদের দেখতে পাবে, আর দেখতে পেলে যে জামাই-আদর করবে না, সে-বিষয়ে একতিল সন্দেহ নেই।'

তারা ছজনেই সেখানে দাড়িয়ে বন্দুকে টোটা ভরে নিলে, নিজের নিজের রিভলবার পরীক্ষা করলে।

মানিক বললে, 'কিন্তু অমিয়বারু আর তাঁর বন্ধুদের মতে, বন্দুকের গুলি বেমালুম হজম করে তারা আক্রমণ করতে, পারে।'

জয়ন্ত বললে, 'আমি ও-কথা বিশ্বাস করি না। 'গোলা-খা-ডালা'র যুগ আর নেই। অমিয়বাবুদের গুলি খেয়েছিল বনের গাছ আর পাহাড।'

তারা চারিদিকে সাবধানে তাকাতে তাকাতে গোরস্থানের ভিতরে প্রবেশ করলে। আলিনগরের কোথাও জীবনের পরিচয় নেই বটে, কিন্তু, এইবারে দেখা দিলে খালি মৃত্যুর চিহ্ন। এখানকার প্রত্যেক উচু টিপিটাও এক-একটি বিয়োগান্ত জীবন-নাটোর শেষ নিদর্শন—মানুষের অশাস্ত উচ্চাকাজ্ঞার ভূচ্ছ পরিণাম। চঞ্চল আলোছায়ার জীবস্ত লীলা বুকের উপরে নিয়ে নিম্পন্দ হয়ে পড়ে আছে কবরের পর কবরের সার। তাদের তলায় চির-নিদ্রার স্বপ্রহীনতার মধ্যে শুয়ে আছে পৃথিবীর রঙ্গমঞ্চ থেকে বিতাভ়িত কত মানুষের কন্ধালের পর কন্ধাল এবং তাদের উপর দলে দলে ফুটে আছে কত আগাছার কত রঙের ফুলের পর ফুল। মানুষের স্মৃতি যাদের ভূলেছে, প্রকৃতির প্রেম তাদের মনে রেখেছে।

ত্-ধারের কবরের মাঝখান দিয়ে চলে পদচিহ্নরেখা গোরস্থানের আর একপ্রান্তে যেখানে গিয়ে শেষ হল, সেইখানেই মস্ত ছায়া ফেলে দাঁড়িয়ে আছে একখানা প্রকাণ্ড অট্টালিকা।

জয়য় ও মানিক তার দিকে তাকিয়ে দেখলে, এই অট্টালিকাও বহুকালের পুরানো বটে, কিন্তু আলিনগরের অক্যান্ত বাড়ির মত এখানা ততটা জীর্ণ ও ভাঙাচোরা নয়। এর অনেকগুলো দরজার কবাট ও জানলার পাল্লা এখনো অট্ট আছে এবং এক সময়ে এখানা যে খুব বড় ধনীর বা রাজা-উজিরের প্রাসাদ ছিল, তাও অনুমান করা যায়।

অট্টালিকার প্রবেশ-পথটিও প্রকাও। হয়ত আগে এখানে জনকালো সাজ-পরা সেপাই-সান্ত্রীরা বন্দুক ঘাড়ে নিয়ে পাহারা দিত, হয়ত আজ তাদেরও কন্ধাল নিসাড় হয়ে আছে ঐ গোরস্থানেরই কোন বৃজে-যাওয়া গর্তে। কিন্তু আজ এই দেউড়ি হয়েছে শেয়াল কুকুরের আনাগোনার রাস্তা।

কিন্তু দেউড়ির সামনেই কী ওটা পড়ে পড়ে পৈতার মত সরু সরু পোয়া ছাড়ছে ?

ধোঁয়া। জনহীনতার রাজ্যে পোঁয়াণ ধোঁয়ার সৃষ্টিকর্তা হচ্ছে অগ্নি। এবং অধিকাংশ অগ্নির সৃষ্টিকর্তা হচ্ছে মানুষ। মানিক আশ্চর্য হয়ে এগিয়ে গেল এবং তাড়াতাড়ি একটা জিনিস তুলে জয়ন্তের চোখের সামনে ধরলে।

জয়ন্ত সবিশ্বয়ে চেয়ে দেখলে, একটা আধ-পোড়া 'কাঁচি' সিগারেট, তথনো তার আগুন নেবেনি।

তৃজনেই বুঝলে, শক্ৰ একট্ আগেই এখান দিয়ে চলে গিয়েছে এবং খুব কাছেই কোথাও আছে—হয়ত আড়ালে গা ঢেকে তাদেরই গতিবিধি লক্ষ্য কৰছে।

তুই বন্ধুর সন্দিগ্ধ ও সতর্ক চক্ষু চতুর্দিকে স্থুরতে লাগল — কিন্তু কোথাও কারুর দেখা বা সাড়া পাওয়া গেল না ।

মানুষ পিশাচ ১৬১

মানিক চুপিচুপি জিজ্ঞাসা করলে, 'এখন কী করবে ?' জয়স্ত তেমনি স্বরে বললে, 'বাড়ির ভিতরে ঢুকব।'

- —'শত্ৰু আছে জেনেও ?'
- 'আমরা তো এখানে বন্ধুদের সঙ্গে খোশগল্প করতে আসিনি ! যত শীল্প শক্রুর দেখা পাওয়া যায় ততই ভালো।'
 - —'তা বটে।'

বন্দুক ছটো তারা পিঠের উপরে বাঁধলে। তারপর 'বেল্ট' থেকে রিভলবার খুলে হাতে নিয়ে পা টিপে-টিপে বাড়ির ভিতরে প্রবেশ করলে।

একটা বুক-চাপা ভয়ানক নীরবতায় সেই বিশাল অট্টালিকার ভিতরটা পরিপূর্ণ হয়ে আছে। খানিক দ্র এগিয়ে পাওয়া গেল প্রকাণ্ড এক উঠান—তার ভিতরে বোধহয় ছই হাজার লোকের স্থানসঙ্গলান হয়। উঠানের চারিদিকে সারি সারি থাম ও দরদালান এবং দালানের পরেই চক-মিলানো ঘর। উঠানের সর্বত্রই বড় বড় ঘাস ও আগাছার ঝোপ। কোথাও জীবনের এতটুকু লক্ষণ, নেই—কেবল গাস্তীর্য গম্-গমু করছে,—সে যেন মৃত্যুপুরীর গাস্তীর্য! দেউড়িতে এইমাত্র সেই জ্বলস্ত সিগারেটটা না দেখলে জয়স্ত ও মানিক কিছুতেই সন্দেহ করতে পারত না যে. এই নিজিত অট্টালিকার ত্রিসীমানায় বছ বৎসরের মধ্যে কোন জ্যান্ত মানুষের ছায়া এসে দাঁড়িয়েছে। এখানকার নির্জনতা যেন ভৌতিক,—বুকের রক্ত জমে যায়, গা ছম্-ছম্ করে, পা এলিয়ে পড়ে। অসহনীয়!

মানিক ফিস-ফিস করে বললে, 'এই বিশালতার' মধ্যে আমরাই হারিয়ে গেছি বলে মনে হচ্ছে! এর মধ্যে কোন্ দিকে কাকে আমরা শুঁজব ?'—তার সেই অতি মৃত্ব গলার আওয়াজও সেই নিসাড় পুরীর মাঝখানে উচ্চকণ্ঠের গর্জনের মত শোনালো।

জয়ন্ত আরো থাটো গলায় মানিকের কানে কানে বললে, 'কিন্তু খুঁজতে হবেই। এস, আগে একতলার সৰ ঘরেই একবার করে উঁকি মেরে আসি,—তারপর দোতলা, তারপর তেতলা।'

তারা একে-একে প্রত্যেক ঘরে খুব সম্তর্পণে ঢুকে পরিদর্শন আরম্ভ করলে। ঘরে ঘরে বাস করছে খুগ-যুগাম্ভের ধূলা ও সন্ধ্যার আলো-আঁধারি। একটা ঘরের কোণ থেকে সাপ ফোঁস করে উঠল। প্রত্যেক ঘরের দরজাই খোলা।

মানিক বললে, 'এই পোড়ো বাড়ির একতলা ঘরে মানুষ থাকতে পারে না, মানুষের মন এখানে কুঁকড়ে পড়ে!'

জয়ন্ত বললে, 'কিন্তু আমরা খুঁজছি সেই সব অমানুষিক মানুষকে, পৃথিবীর সাধারণ মানুষ যাদের ভূতের চেয়ে কম ভয় করে না। ভালোমানুষের প্রাণ যারা মাটির খেলনার মত ভেঙে ফেলতে পারে, এমন তায়গায় এলে তারা হয়ে উঠে খুব বেশি খুশী।'

ডানদিকের দীর্ঘ দালানের শেষ ঘরটায় দরজার বাইরে থেকে শিকল ভোলা ছিল। শিকল নামিয়ে মানিক প্রথমেই ঘরের ভিতরে ঢুকল, এবং তার পরমুহুর্তেই চমকে বাইরে বেরিয়ে এল, তার মুখ একেবারে সাদা।

জয়স্ত তাড়াতাড়ি ঘরের ভিতরে মাথাটা একবার গলিয়ে দিলে। ধূলিধৃসরিত মেঝের উপরে পাশাপাশি শুয়ে আছে ছ্যটা মানুবের মূর্তি।

দশম পরিচ্ছেদ জীবনহারা জীবন্তের দল

যে ছয়টা বিভীষণ মৃতির জন্মে চতুর্দিকে এমন হলুস্থুলু বেধে গিয়েছে, এই আধা-আলোয় ও আধা-অন্ধকারে তারাই শুয়ে আছে পাশাপাশি।

কিন্তু ওরা জেগে, কি ঘুমিয়ে ? ওরা তাদের সাড়া পেয়েছে, কি পায়নি ? আর অমন আছড় মাটিতে, ধুলো-জঞ্চালেই রা ওরা ৬ য়ে আছে কেন ? ওরা মটকা মেরে পড়ে নেই তো ?

অসম্ভব নয়! এই ছয়টা মৃতির প্রকৃতি যে হিংস্র, প্রথম দিনেই আলিনগরে এসে তার প্রমাণ পাওয়া গিয়েছে। এই ছয় চোরে-চোরে মাসতুতো ভাই যে কত বেশি চালাক, প্রান্তর-সমুদ্রে তারও পরিচয় পাওয়া গিয়েছে। এদের কাছে জয়স্তদের ছই-তইবার পরাজিত হতে—এমনকি প্রায় গালে চুন-কালি মাখতে হয়েছে। তাুরাই এত সহজে এত অসহায়ভাবে ধরা দিতে রাজী হবে ং এদেব এই চুপ করে শুয়ে থাকা অত্যন্ত সন্দেহজনক।

জয়ন্ত ও মানিক বাইরে দরজার গোড়ায় দাঁড়িয়ে দাঁড়িয়ে এই সব ভাবতে লাগল। এক তুই করে ছয়-সাত মিনিট কেটে গেল। এই অসম্ভব নিস্তর্ধতার মুল্লুকে মৃতিদের কেউ পাশ ফিরলেও তারা সেটা টের পেত, কিন্তু ঘরের ভিতরে কোন সাড়া নেই — একটা নিশ্বাসের শব্দ পর্যন্ত না। যদি তাদের জন্ম কোনরকম কাদ পাতা হয়ে থাকে, তবে এ কি রকম কাদ ? ওরা ছয়জন, তারা তুইজন মাত্র; তবু ওরা আক্রমণ করবার জন্মে একটু উস্খুস্ পর্যন্ত করছে না কেন ?

জয়ন্ত রিভলবারটা ধরে দরজার পাশ দিয়ে ধীরে ধীরে একটু খানি মুখ বাড়িয়ে আবার চট্ করে দেখে নিলে।

তারা ঠিক তেমনিভাবেই পাশাপাশি শুয়ে আছে। তবে কি
১৬৪
হেমেক্রকুমার রায় রচনাবলী: ২

সতিটে তারা ঘুমুচ্ছে? কিন্তু শাস-প্রশাসের শব্দ কই ? ছাইুমি করে তারা কি দম বন্ধ করে আছে ? কিন্তু দম বন্ধ করে মানুষ আর কতক্ষণ থাকতে পারে ?

আরো মিনিট পাচেক পরেও তারা তেমনিভাবেই রইল দেখে জয়ন্ত নিজের মুখখানা ভিতরে আরো খানিকটা বাড়িয়ে দিলে। তথনো মৃতিগুলোর সেই ভাব। শেষটা যা থাকে কপালে ভেবে সে একেবারে ঘরের ভিতরে ঢুকল এবং মানিকও সাহস সঞ্চয় করে তাব পাশে গিয়ে দাঁড়াল—

এবং প্রথ্বমেই যা তাদের দৃষ্টি আকর্ষণ করল তা হচ্ছে এই :

একটা মৃতি ড্যাব্-ড্যাব্ করে তাদের পানে নিপ্পলক চোথ মেলে তাকিয়ে আছে।

জয়ন্তের জংপিও যেন লাফিয়ে উঠল! মানিক রিজলবারের ঘোড়া টিপে দেহ আর কি,—কিন্তু জয়ন্ত তার হাত চেপে ধরে মৃত্ স্বরে বললে, 'অহা মৃতিগুলোর চোথ দেখ!'

কোন মৃতির চোথ আধ-থোলা, কোন মৃতির চোথ একেবারে মোদা। তেয়ে মৃতিটা পুরো চেয়ে আছে, তারও চোথে কোন ভাব নেই।

- -- 'জয়। জয়।'
- —'মানিক, এগুলো মড়া।'

জয়ন্ত এগিয়ে গিয়ে একে-একে মৃতিগুলোর বুকে হাত দিয়ে দেখলে, শ্বাস-প্রশ্বাসের কোন লক্ষ্ণ নেই। গা কাঁচের মত ঠাণ্ডা।

- --- 'কিন্তু মানিক, কী করে এরা মরল ? কে এদের মারলে ?'
- 'জয়, ডানাদকের ঐ মৃতিটার কপালের উপরে তাকিয়ে দেখ।'
 জয়ন্ত হেট হয়ে দেখে বললে, 'হুঁ, বুলেটের দাগ। এখনো
 শুকোয়নি, দাগটাও নতুন নয়।'
 - —'তবে কি অমিয়বাবুদের বুলেটের এই কীর্তি ?'
- 'হতে পারে। কিন্তু কপালে অমনভাবে গুলি খেয়ে কেউ কি বেঁচে থাকতে পারে ? অবারে আরে, এই যে। এ মূর্তিটারও নাছ্য পিশাচ

পেটে একটা ছাঁদা—এখানেও বুলেট চুকেছে! আর, এটারও পায়ে লেগেছে বন্দুকের গুলি। ছঁ, এই মূর্তিটাই তাহলে খুঁড়িয়ে খুঁড়িয়ে হাঁটিত,—পায়ের দাগ দেখেই আমি যা ধরতে পেরেছিলুম। কিন্তু বাছারা, কে তোমরা! বন্দুকের বুলেট খেয়েও তোমরা মরো না—বড়-জোর খুঁড়িয়ে হাঁটো, কিন্তু আজ তোমরা পটল তুল্লেছ কেন!

— 'দেখ জ্বয়, যদি ধরে নেওয়া যায় যে ঐ সব বুলেটই ঐ তিনটে লোকের মৃত্যুর কারণ, তাহলে বাকী তিনটে লোক মরল কেন ? ওদের গায়ে তো দেখছি একটা আঁচড় পর্যন্তও নেই। কিসে ওরা মরেছে ? বিষে ? কেউ বিষ দিয়েছে, না ওরা একসঙ্গে আত্মহত্যা করেছে ?'

— 'মানিক, এদের কারুর দেহেই বিষের কোন লক্ষণ নেই। এদের কেউ কোন উপায়ে হত্যা করেছে বলেও মনে হচ্ছে না। এরা এসে যেন পাশাপাশি শুয়ে পড়ে পরম নিশ্চিন্ত আর শান্তভারে মৃত্যু-ম্বুমে চলে পড়েছে। অথচ এরা যে পরশু রাত পর্যন্ত বেঁচে ছিল সেপ্রমাণও রয়েছে—অবশ্য যদি মানা যায় যে পরশু রাতে এরাই মেয়ে চুরি আর খুন করেছিল। এমন বিচিত্র ব্যাপার আমি কখনো কর্মনা করিনি—এমন আশ্চর্য মৃত্যুও কখনো দেখিনি! মানিক, স্বীকার করতে লজ্জা নেই—মনের মাঝে আমি ভয়ের সাড়া পাচ্ছি। ভবতোষ মন্ত্র্মদারের বজরায় আমরা জ্যান্ত মড়া দেখেছিলুম, কিন্তু সে হচ্ছে ভিন্ন ব্যাপার, তার মধ্যে ছিল বৈজ্ঞানিক সত্য, কিন্তু এ কী কাণ্ড! বুলেট থেয়ে এরা মরে না, অথচ আজ্ব অকারণেই এখানে এসে মরে পড়ে রয়েছে। মানুষের রক্ত-মাংস বুলেটকে অগ্রাহ্য করে, এটাই বা কী অস্বাভাবিক কথা!'

মানিক মৃতিগুলোর উপরে আর একবার শিউরে-ওঠা চোখ বুলিয়ে নিয়ে বললে, 'জ্বয়, ভালো করে লক্ষ্য করে, দেখ, এ ম দাগুলো কি অনেক দিনের প্রানো পচা মড়া বলে মনে হয় না ? এই ঘরের

^{&#}x27;बदाखद की छि' अहेवा

ভিতরে কি একটা কবরের ভাব আড়েষ্ট হয়ে নেই ? এথানকার বাতাসেও যেন পচা মড়ার হুর্গন্ধ। আমার দেহ কেমন-কেমন করছে, আমার বমন করবার ইচ্ছে হচ্ছে—চল জয়, এই কবরের বিভীষিকার ভিতর থেকে পালিয়ে যাই!

আচম্বিতে•দরজার কাছটা অন্ধকার হয়ে গেল।

জয়ন্ত ও মানিক চমকে ফিরে দাঁড়াল এবং ঘরের ভিতরে এক পা বাড়িয়ে আবিভূ'ত হল নবাবের স্থদীর্ঘ মূর্তি—কিন্তু পরমুহূর্তেই আবার সে অদৃশ্য হয়ে গেল।

—'মানিক—মানিক!—এস আমার সঙ্গে'—বলতে বলতে জয়ন্ত ' ঘর থেকে তেড়ে বেরিয়ে গেল ঝড়ের মত।

তারা বাইরে বেরিয়ে দেখলে, নবাব তথন দালানের উপর দিয়ে ছুটছে।



'—মানিক, ওকে কিছুতেই আর পালাতে দেওয়া হবে না, প্রাণ যায় তাও স্বীকার—তরু ওকে ধরতেই হবে !' নবাব হঠাৎ বাম দিকে ফিরে আবার অদৃশ্য হল। জয়ন্ত দেখানে গিয়েই পেলে প্রকাণ্ড এক সিঁড়ি—ছম্-দাম্ পায়ের শব্দে বুঝলে নবাব সিঁড়ি দিয়ে উপরে উঠছে। তারাও এক-এক লাফ মেরে ছই-তিনটে করে ধাপ পেরিয়ে উপরে উঠতে লাগল।

একেবারে দোতলার দালানে। নবাব আবার এক জায়গায় গিয়ে অদৃশ্য হল—সঙ্গে সঙ্গে তুম-তুম করে দরজা বন্ধ হওয়ার শব্দ।

সেইখানে গিয়ে পড়ে মানিক বললে, 'এখন উপায় ?'

-- 'উপায় ? মিছেই কি আমি ব্যায়াম করি—ছয়-সাত মণ ওজনের মাল তুলে ছুঁড়ে ফেলে দি ?'

মানিক দরজার উপরে সজোরে পদাঘাত করলে - দরজা একটু কাঁপলও না। হতাশভাবে বললে, 'এ দরজা ভাঙতে গেলে হাতি আনতে হবে।'

— 'কিছুই আনতে হবে না, আমার মাংসপেশীর জয় হোক'—
বলেই জয়ন্ত দরজার উপরে পিঠ রেখে দেহের সমস্ত মাংসপেশী
ফুলিয়ে রুদ্ধাসে প্রচণ্ড ধাকা মারলে একবার, ছ্-বার, তিনবার।
দড়াম করে খুলে গেল দরজা—সঙ্গে সঙ্গে টাল সামলাতে না পেরে
জয়ন্ত ঘরের ভিতরে পড়ে গেল।

মানিক একলাফে জয়স্তের দেহ টপকে ঘরের ভিতরে গিয়ে দেখলে, নবাব একটা গরাদে-ভাঙা জানলা দিয়ে গলে বাইরে লাফিয়ে পড়বার চেষ্টা করছে।

মাটির উপরে লম্বমান অবস্থাতেই জয়ন্ত মাথা তুলে চেঁচিয়ে বললে, 'দেহের নিচের দিকে গুলি কর মানিক! লাফ মারলে আর ওকে পাব না!'

জয়ত্বের মুখের কথা শেষ হবার আগেই মানিকের রিভলবার গর্জন করে উঠল। বিকট আর্তনাদ করে নবাব জানলা ছেড়ে ঘরের ভিতরে বসে পড়ল।

জয়ন্ত ততক্ষণে আবার উঠে দাঁড়িয়েছে। সেও মানিক এগিয়ে গিয়ে নবাবের ছুই পাশে স্থান গ্রহণ করলে। জয়স্ত বললে, মানিক, এর মাথা টিপ করে রিভলবার ধরে থাক। আমি এর হাতে হাতকড়ি পরিয়ে দি'। এ একটু বাধা দিলেই রিভলবার ছুঁড়বে।'—জয়স্ত হাতকড়া বার করলে, নবাব ভালো-মাছুধের মত হাত বাড়িয়ে দিলে।

মানিকের রিভলবারের গুলি লেগেছিল নবাবের উরুর পাশে। সেথান থেকে দরদর ধারে রক্ত ঝরছে।

তার ক্ষতটা পরীক্ষা করে জয়ন্ত বললে, 'না, ভয় নেই। এ মরবে না। · · · তারপর নবাব, এইবারে তোমার নবাবির থবর বল।'

তথন দিনের আলো মান হয়ে এসেছে—ঘরের ভিতরে একটু একটু করে আসম রাত্রির আভাস জেগে উঠছে। বাহির থেকে গাছের পাতার। তাদের মর্মর-বার্তা প্রেরণ করছে, তা ছাড়া কোথাও আর কোন শব্দ নেই।

---'কী হল নবাব, তুমি চুপ করে রইলে কেন ?'

নবাবের সেই সাপের মত নির্দয় চক্ষে এতক্ষণ পরে আবার আগুন ফিরে এল। সে একবার মুখ তুলে জানলা দিয়ে বাইরের রৌদ্রহীন আকাশের দিকে দৃষ্টিপাত করলে তারপর জয়ন্ত ও মানিকের মুখের উপরে চোখ বুলিয়ে সহজ ও শান্ত স্বরেই বললে, 'তোমরা কী জানতে চাও ?'

- 'তুমি মেয়েদের চুরি করে কোথায় লুকিয়ে রেখেছ ?'
- 'জানি না।'
- -- 'জান না ?'
- —'না।'
- 'এখানে তুমি কী কর ?'
- —'জানি না।'
- —'তোমার ঐ ছয় স্থাঙাং মরল কেন ?'
- —'জানি না।'
- '—অর্থাৎ তুমি কিছুই বলবে না ?'

- —'না।'
- —'আমি এখনি দেশলাইয়ের কাঠি জ্বেলে তোমার চিবুকের তলায় ধরব—ধীরে ধীরে তোমার দেহের মাংস পোড়াব।'
 - —'পোড়াও, তবু কিছু বলব না।'
- —'আচ্ছা, আগে তো তোমায় নিয়ে গিয়ে ফাটকুে আটক করি, তারপর তোমার মুখ খোলবার ভালো ব্যবস্থাই করব।'
 - —'একবার তো সে চেষ্টা করেছিলে। পেরেছিলে কি ?'
- 'ও, ভাবছ আবার তুমি পালাবে ? বেশ, দেখা যাবে। এখন তো আমার সঙ্গে চল !'
 - 'আমি এখান থেকে যাব না।'
- —'যাবে না ? তোমার ঘাড় যাবে ! আমরা তোমাকে লাখি মারতে মারতে নিয়ে যাব !'

নবাবের ছই চক্ষু দিগুণ প্রজ্ঞলিত হয়ে উঠল। জয়ন্তের দিকে চেয়ে অগ্নির্টি করে সে বললে, 'তুমি আমাকে লাখি মারতে মারতে নিয়ে যাবে ? লাখি মারতে মারতে ? পারবে না!'

—'দেখবে, পারি কি না ?'

নবাব আর জবাব দিলে না। হাঁটু গেড়ে মাটির উপরে বসেছিল। সেই অবস্থায় তার দেহ হঠাৎ সোজা হয়ে উঠল, তার অগ্নিবর্ষী চক্ষু ছটো মুদিত হয়ে গেল,—তাকে দেখলেই মনে হয়, ধ্যানমগ্ন নিষ্কুপ এক প্রতিমৃতি!

মানিক হেসে ফেলে বললে, 'এ আবার কী নতুন ঢঙ!'

জয়ন্ত বললে, 'জানোই তো প্রবাদ আছে—"তুরাত্মার ছলের অভাব নেই!" নবাব বাহাত্বের কালো আলখাল্লার তলায় কত কলাকোশল লুকানো আছে, কে তা জানে? বিড়াল আহিকে বসেছেন, বোধহয় আমাদের প্রশ্ন এড়াবার জন্যে।'

কিন্তু সে-সব কথা যে তার কানে ঢুকল, নবাব তেমন কোনই ভাব প্রকাশ করলে না। তার সমস্ত বাহ্যজ্ঞান তখন যেন লুপ্ত হয়ে গেছে—কেবল থেকে থেকে তার কপালের উপরের শিরাগুলে।
ফুলে ফুলে উঠছে। ওদিকে তার আহত উরু দিয়ে রক্ত ঝরে যে
কাপড় ও ঘরের মেঝের ধুলো ভিজিয়ে আরক্ত করে তুলছে, নবাবের



সে থেয়াল পর্যন্ত নেই। যন্ত্রণাও তার হচ্ছিল নিশ্চয়, কিন্তু তার মুং যন্ত্রণার কোন চিহ্নই ফুটে ওঠেনি।

মানিক জানলার ধারে গিয়ে দাঁড়াল। একবার নিচের দিকে তাকিয়ে দেখল। জানলার ঠিক তল। তেই রয়েছে বালির স্থপ। সেইদিকে জয়ন্তের দৃঁষ্টি আকৃষ্ট করে বললে, 'জয়, নবাবটা কি রকম ধড়িবাজ দেখ। 'এখান থেকে বা তিনতলা থেকেও ঐ বালির

মানুষ পিশাচ ১৭১

স্থপের উপরে লাফিয়ে পড়লে হাত-পা ভাঙবার কোন ভয়ই নেই। বিপদের সময়ে পালাবার ব্যবস্থা আগে থাকতেই করে রাখা হয়েছে। কিন্তু তবু সে পালাতে পারলে না, তোমার দেহের অদ্ভূত শক্তির জন্মে।

- 'আর তোমার রিভলবারের জন্মে।'
- 'কিন্তু আর কতক্ষণ আমরা দাঁড়িয়ে দাঁড়িয়ে নবারের ভণ্ডামি দেখব ? আধঘণ্টার মধ্যেই রাতের অন্ধকারে চোথ অন্ধ হয়ে যাবে, নবাবকে এইবার জাগাও!'

কিন্তু তাকে আর জাগাতে হল না, সে নিজেই আবার চোখ খুলে বললে, 'তোমরা আমাকে এখান থেকে নিতে যেতে চাও ? পারবে না।'

জয়ন্ত হো-হো করে হেসে বললে, 'ওহো হো, তুমি বুঝি ধ্যানদৃষ্টিতে নিজের ভবিশ্বং দেখে নিয়ে বুঝে ফেললে য়ে তোমাকে এখান থেকে সরাবার শক্তি আমাদের হবে না ?'

নবাবও দিগুণ জোরে হা-হা-হা অট্রহাস্থে উচ্ছুসিত হয়ে বললে, 'তোমরা পারবে না—পারবে না! আমাকে এ ঘরের বাইরে নিয়ে যেতে পারবে না! জানো, তোমরা কার সঙ্গে লাগতে এসেছ ? আমাকে গুলি মেরে জথমই কর, আর আমার হাতে হাতকড়িই পরিয়ে দাও, তরু আমি হবো তোমাদের প্রভু! পৃথিবীর কোন সম্রাটের যে-শক্তি নেই, আমার বুকে আছে সেই বিপুল শক্তি! মানব-দানব-ভূত-প্রেত—আমার আজ্ঞা পালন করবে সবাই। আমি এই মৃত আলিনগরের একচ্ছত্র সম্রাট, এখানে আমার উপরে আর কারুর আজ্ঞা চলবে না, তোমাদেরও জীবন-মরণ এখন আমারই হাতে। তোমরা আমাকে এখান থেকে নিয়ে যেতে পারবে না, পারবে না, পারবে না! হা-হা-হা-হা-হা-হা-ভা-তার ভীষণ ও অলৌকিক অট্টহাস্থ সেই স্থবিশাল মৃত্যু-প্রাসাদের মহাস্তর্জতাকে বিদীর্ণ করে প্রত্যেক থিলানে থিলানে গিয়ে যেন আছড়ে পড়ে

ছুটোছুটি করতে লাগল,—ঘরের ছাদের তলা থেকে শয়তানের অভিশাপের মতন কালো একঝাঁক বাহুড় ভয় পেয়ে অন্ধকার দিয়ে বোনা ডানা ঝট্পট্ করে জানলা দিয়ে গলে বাইরে উড়ে গেল, কোথায় শুয়ে শুয়ে জুতোর কালির চেয়ে কালো একটা বিড়াল বোধ হুয় ঘুমোচ্ছিল, অট্টহাসির ঘটায় জেগে উঠে দরজার কাছে এসে আগুন চোথে একবার ভিতরে উকি মেরে তীক্ষম্বরে একবার ম্যাও বলে প্রতিবাদ জানিয়েই আবার ছুটে পালালো।

হঠাৎ তার মৃতির এত পরিবর্তন হয়েছে যে, নবাবের দিকে তাকালেও এখন বুক ধুকপুক করে ওঠে! আচ্নিতে তার এই চাবাস্তরের, এই আফালনের কারণ কী ? জয়স্ত মনের ভিতরে কেমন একটা অস্বস্তি বোধ করতে লাগল; কিন্তু তখনি জোর করে সেই ভাবটা দমন করে দে ধম্কে বলে উঠল, 'নবাব, তোমার ও বিদ্যুটে হাসি থামাও!'

নবাব তার দিকে দৃকপাতমাত্র না করে গন্তীর কণ্ঠে চেঁচিয়ে বললে, 'প্লরে আয়. ওরে আয়, ওরে আয় রে আয় জীবনহারা জীবস্তের দল! স্থের চোখ কানা হয়েছে, দিনের চিলু নিবে গেছে, বাহুড়ের ঘুম ভেঙেছে, কালো বিড়াল জেগেছে, কবরের দরজা খুলেছে,—এইবারে তোরাও উঠে দাঁড়া, গোরস্থানে আলো জাল, নরকের ফটকে সন্ধ্যাবাতি দে! ঝরে পড়,ক তোদের গায়ের ধুলো, জাগুক তোদের বুকে বুকে রক্ততৃষ্ণা, ছলুক তোদের গলায় গলায় নরমুণ্ডমালা! রাত তোদের ডাকছে, শ্মশান তোদের ডাকছে, আমি তোদের ডাকঁছি! ওরে আয়, ওরে আয় রে আয় প্রাণহারা মহাপ্রাণীর দল!'

জয়ন্ত সক্রোধে মাটির উপরে পদাঘাত করে বললে, 'মানিক, মানিক, আমরা কি এখানে কাঠের পুতৃলের মত দাঁড়িয়ে পাগলের প্রলাপ শুনব ? ঐ বদমাইসটার ঝাঁকড়া চুল ধরে মাটি থেকে টেনে ভোল তো দেখি, ও আমাদের সঙ্গে যায় কি না ?' কিন্তু জয়ন্তের কথা মানিকের কানে ঢুকল না, সে তখন কান পেতে আর একটা শব্দ শুনছিল। একতলায় সমতালে পা ফেলে কারা চলছে! ধুপ্-ধুপ্ ধুপ্-ধুপ্ ধুপ্-ধুপ্ ধুপ্-ধুপ্! যেন শিক্ষিত সৈম্মদলের পদশব্দ! ধুপ্-ধুপ্ ধুপ্-ধুপ্ ধুপ্-ধুপ্ ধুপ্-ধুপ্ ধুপ্! যেন কাদের পরলোক থেকে ইহলোকে আনাগোনার শব্দ! জয়ন্তেরও মুখ সাদা হয়ে গেল। তালে তালে সেই পদশব্দ সিঁড়ির ধাপ দিয়ে উপরে উঠছে।

নবাব আবার ডাক দিলে—'ওরে আয়, ওরে আয়, ওরে আয় বে আয় সজীব মৃত্যুর দল! আয়, আয়, আয়, আয়!'

ধুপ্-ধুপ্-ধুপ্-ধুপ্-ধুপ্-ধুপ্-ধুপ্! अस ক্রমেই নিকটস্থ হচ্ছে।

মানিক ছুটে দরজার কাছে গেল। মুখ বাড়িয়ে দেখলে, সিঁড়ি পার হয়ে প্রথমে যে-মৃতিটা আবিভূ'ত হল, তার কপালে সেই বুলেটের দাগ। তার পিছনেই দেখা দিল আর এক মৃতি।

যেটুকু দেখলে তাই-ই যথেষ্ট! খানিক আগে এক্ছেলার কোণের ঘরের সেই তাপহীন, স্বাসহীন, প্রাণহীন আড় ্ট দেহগুলোর মধ্যেই মানিক এদের দেখে এসেছে। দ্বিতীয় মূর্তির পিছনে যখন আবার একটা মূর্তি খোড়াতে খোড়াতে দালানের উপরে এসে উঠল, মানিক বেগে সেই ভাঙা জানলার কাছে দৌড়ে এসে বললে, 'জয়, জয়! বাইরে লাফিয়ে পড়! সেই মড়াগুলো জ্যান্ত হয়েছে!'

নবাব হাঁকলে—'ওরে আয়, ওরে আয়, ওরে আয় রে আয় কবরবাসীর দল !'

ধুপ্-ধুপ্ ধুপ্-ধুপ্ ধুপ্-ধুপ্ ধুপ্-ধুপ্! দরদালান দিয়ে বাঁধা তালে পা ফেলে তারা এগিয়ে আসছে, এগিয়ে আসছে, আরও এগিয়ে আসছে! তাড়াতাড়ি আসবার জলেও তারা কেউ যেন বেতালে পা ফেলবে না,—কিন্তু প্রতি পদক্ষেপেই সেই মৃত্যুচরের দল কাছে—আরো কাছে এগিয়ে আসছে।

জয়ন্ত রুখে দাঁড়িয়ে বললে, 'আসুক ওরা! আমি ওদের ভয় করিনা!'

মানিক তাড়াতাড়ি জয়ন্তের হাত ধরে জানলার দিকে তাকে ঠেলে দিয়ে বললে, 'জয়, ছঃসাহসেরও সীমা আছে! মনে রেখো, বন্দুকের বুলেটও ওদের গতিরোধ করতে পারে না! ঐ ওরা এসে পার্টল! শীগ্রির লাফ মার!

নবাব এতক্ষণে উঠে দাঁড়াল—মুখে তার নিষ্ঠুর হাসি। কিন্তু মানিক তৎক্ষণাৎ তার এক পা লক্ষ্য করে আবার রিভলবার ছুঁড়লে, বিকৃত মুখে নবাব তীব্র চিৎকার করে আবার ভূতলশায়ী হল।

প্রথমে জয়স্ত, তারপরে মানিক জানলা গলে নিচেকার বালির স্থপের উপরে লাফিয়ে পড়ল। তখনো একেবারে অন্ধকার হয়নি। শেষ আলোর শিখারা তখনো আকাশে আঁধারের সঙ্গে যুদ্ধ করছে।

জয়ৃত্ত ও মানিক কোনদিকে না তাকিয়ে উধ্ব'ম্বাসে নদীর পথে ছুটল।

ছুটতে ছুটতে মানিক একবার পেছনে ফিরে দেখলে, দোতলার ভাঙা জানলায় মুখ বাড়িয়ে মাছে কতকগুলো রক্তশৃত্য সাদা মূর্তি।

সে টেচিয়ে বলে উঠল—'জয়! আরো জোরে—আরো জোরে ছোট!'

মান্নৰ পিশাচ >৭৫

একাদশ পরিচ্ছেদ

মাকুষে অমাকুদে যুদ্ধের আয়োজন

এদিকে ফাঁড়ির সবাই ভেবেই অস্থির।

সকালবেলায় স্মুম থেকে উঠে সকলে যখন জয়ন্ত ও মানিকের দেখা পেল না তখন মনে করলে, তারা কোথাও বেড়াতে গিয়েছে, যথাসময়েই ফিরবে।

কিন্তু যথাসময় উত্তীর্ণ হয়ে গেল,—কোথায় জয়ন্ত আর কোথায় মানিক!

সুন্দরবার মত প্রকাশ করলেন, 'ও তুই ছোকরাই অত্যক্ত বারফটকা! হুম্, এত যে সাত-ঘাটের জল থেয়ে মরিস, তরু কি বেড়াবার শথ মিটল না ৷ আরে এ পোড়া দেশে দেখবার আছে কী !

একটু বেশি বেলা করেই সেদিন ছপুরের খাওয়া শেষু করা হল 🕑 তবু তাদের দেখা নেই।

বৈকালী চা-পানের সময় এল।

অমিয় একবার জয়ন্ত ও মানিকের মোটঘাট নাড়াচাড়া করে বললে, 'জয়ন্তবারু আর মানিকবারু অস্ত্রশস্ত্র নিয়েই বেরিয়েছেন দেখছি। তাঁদের রসদের ব্যাগ ছটোও নেই। তবে কি তাঁরা আলিনগরেই গিয়েছেন ?'

স্থাৰ বাঁব বাঁতকে উঠে বললেন, আঁটা, বল কী ? সেই যমালয়, যেখানে যমদ্তেরা হানা দিয়ে ফিরছে, সেইখানে তারা ছটো প্রাণী গিয়ে কী করতে পারবে ?

পরেশ ও নিশীথ বললে, 'অমিয় বোধহয় ঠিক আন্দাজ করেছে। নইলে এতক্ষণে তাঁরা ফিরে আসতেন।'

স্থানরবার হতাশভাবে মাথা নেড়ে বললেন, 'তাদের ফেরবার হেমেক্স্মার রায় রচনাবলী : ২ আ্শা ছেড়ে দাও ! আর তারা ফিরছে না !'—এই বলে তিনি বিছানায় গিয়ে শুয়ে পড়লেন, কারুর সঙ্গে আর একটা কথাও কইলেন না ।

সন্ধ্যা এল। রাত হল। সকলেরই মন খারাপ। মহম্মদ, অমিয়, নিশীথ ও পরেশ টেবিলের ধারে বসে চুপিচুপি পরামর্শ করছেন। স্থন্দরবার মুড়ি দিয়ে সেইভাবেই পড়ে আছেন।

রাত্রের খাবার সাজিয়ে দেওয়া হল। অমিয় ডেকে বললে, 'উঠুন স্থন্দরবারু, খাবেন আস্থন।'

সুন্দরবার বললেন, 'হুম্! আমি খাব না। জয়ন্ত আর মানিক বেঁচে নেই। আমার মন-কেমন করছে। আমার গলা দিয়ে খাবার গলবে না।' তাঁর গলা ধরা-ধরা। বোধহয় মুড়ি দিয়ে কাঁদছেন।

মহম্মদ বল্লেন, 'আপনি না পুলিশে কাজ করেন ? এত সহজে কারু হয়ে পড়লেন ?'

স্থলরবার বললেন, 'পুলিশে কাজ করি বলে কি আমি মানুষ নই ? আমার প্রাণ পাথর ? আমি থাব না।'

মহম্মদ বললেন, 'শুন্ধন স্থানরবার। পরামর্শ করে ঠিক হল যে কাল সকালেই আমরা সদল-বলে আলিনগরে যাত্রা করব। সদর থেকে শুকুমও এসেছে। ছ-দিন পরেই যেতুম, কিন্তু যে-রকম ব্যাপার: দেখছি, আর দেরি করা চলে না।'

স্থন্দরবার উঠে বসে বললেন, 'ঠিক বলছেন তো ?'

- —'হাঁগ।'
- 'কিন্তু জয়ন্ত আর মানিককে কি পাওয়া যাবে? আলিনগর ভূতের রাজ্য!'
- 'সুন্দরবার, ভূত-টুত সব বাজে কথা! কোন বদমাইস ভূতের ভয় দেখায়। জয়স্তবার বোকা নন—আত্মরক্ষা করতে জানেন।'
- —'ছম্! সে বোকা নয় বটে, কিন্তু গোয়ার। তাই তার জন্তে ভয় হয়।'
 - —'কোন ভয় নেই। আপনি থেতে বস্থন।'

- —'হুম্, আচ্ছা! ছুটো খাবার মুখে দি' তাহলে। কিন্তু কাল সকালেই যাচ্ছেন তো ?'
 - —'হাা।'
 - —'কত লোক নেবেন ?'
- —'আমরা পাঁচজন তো আছিই, আরো জন-বাুুুরো চৌকিদারও যাবে।'
 - 'জন-বারো ? জন-চবিবশ নেওয়া উচিত !'
- —'তাহলে আরো ত্-দিন অপেক্ষা করতে হয়। আপাতত অত লোক নেই।'
 - —'না, না, অপেক্ষা নয়—ঐ জন-বারোতেই হবে।'

আহারাদির পর আরো থানিকক্ষণ পরামর্শ চলল। তারপর রাত বারোটা বাজল দেখে মহম্মদ উঠে দাঁড়ালেন।

ঠিক সেই সময় ফাঁড়ির দরজায় একখানা মোটর সংশব্দে এসে দাঁড়াল। মহম্মদ বিরক্ত-স্বরে বললেন, 'এত রাত্রে কে আবার 'কেস' নিয়ে জ্বালাতে এল ?'

সি^{*}ড়িতে পায়ের শব্দ শোনা গেল—ছ্জনের পায়ের শব্দ।

স্থানরবার তার বিপুল ভূঁড়ির ভার ভূলে গিয়ে শৃত্যে এক লাফ মারলেন। মহা উল্লাসে বলে উঠলেন, 'ও পায়ের শব্দ আমি চিনি! জয়স্ত আর মানিক আসছে!'

তারাই বটে। গায়ে, কাপড়-চোপড়ে ধুলো আর কাদা, মাথার চুল উস্কোখুস্কো, কিন্তু মুথে প্রচণ্ড উৎসাহের ঔজ্জ্বল্য।

স্থন্দরবাব একসঙ্গে তাদের ত্জনকে চেপে ধরে বললেন, 'আঃ বাঁচলুন! কী ভাবনাটাই না হয়েছিল, হুম্!'

মহম্মদ বললেন, 'কোথায় ছিলেন আপনারা ? আমরা যে কাল সকালেই আপনাদের খুঁজতে আলিনগরে যাচ্ছিলুম !'

জয়ন্ত একথানা চেয়ারের উপরে বসে পড়ে বললে, 'কাল সকালে ? না না, নবাবকে যদি ধরতে চান, আজ, এখনি চলুন !'

- —'তার মানে ?'
- 'নবাবের আড়া আমরা আবিষ্কার করেছি, মানিকের ত্বই গুলিতে তার ত্বই পা খোঁড়া হয়ে গেছে, এমনকি নবাবের হাতেও আমরা হাতকড়া পরিয়ে দিয়ে এসেছি—এখন দেরি করলে সে হয়ত সবে পাদবে।'

নহম্মদ বললেন, 'এতই যখন করেছেন, তখন দয়া করে নবাবকে ধরে আনলেন না কেন ?'

- - —'মড়া গু'
- 'হ্যা, ছয়টা মড়া আমাদের আক্রমণ করতে এসেছিল। তাই নবাবকে আনতে পারিনি। পালিয়ে আসতে বাধ্য হয়েছি।'
 - —কী বলছেন !'
- 'মানিককে জিজ্ঞাসা করুন! আমি খালি পায়ের শব্দ পেয়েছি, মানিক স্বচক্ষে দেখেছে।'

অমিয়, নিশীথ ও পরেশ একসঙ্গে বলে উঠল, 'আমরাও তাদের দেখেছি!'

সুন্দরবার বললেন, 'হুম্! আমার কথাই সত্যি হল। কাঙালের কথা বাসি হলে টিকে!'

মানিক বললে, 'আপনি কাঙাল নন স্থন্দরবারু, তিনশো টাকা মাইনে পান।'

সুন্দরবার রেগে বললেন, 'ঠাট্টা কোরো না মানিক! এখন ঠাট্টা আমার ভালো লাগছে না!'

মামুষ পিশাচ ১৭৯

মহম্মদ মাথা নেড়ে বললেন, 'এর ভিতরে নিশ্চয় কোন কারসাঞ্জি আছে। মড়া আক্রমণ করে ? অসম্ভব !'

- —'বেশ তো, এখনি দলবল নিয়ে চলুন না।'
- 'তাও হয় না। যেতে হলে বড় বড় মোটর চাই। মোটর কাল সকালের আগে পাওয়া যাবে না।'

জয়ন্ত নাচারভাবে বললে, 'তাহলে কাল সকাল পর্যন্তই অপেক্ষা' করি, কী আর করব !'

পরিত্যক্ত আলিনগরের প্রাচীন পথ ধরে তু-খানা সাধ্যরণ মোটর-গাড়ি ও একখানা মোটর-বাস অগ্রসর হচ্ছে। জয়ন্ত, মানিক ও সুন্দরবার ছিলেন একখানা 'টু-সিটারে', জয়ন্ত নিজেই তার চালক। তার পরের গাড়িতে আছেন মহম্মদ, অমিয়, নিশীথ ও পরেশ। 'বাসে' আছে বারজন চৌকিদার, ডাইভারদের নিয়ে মোট একুশ জন লোক।

জয়ন্তের মতে একুশজন লোকই যথেষ্ট। স্থানরবার খুঁতখুঁত করে বলেন, 'মোটেই যথেষ্ট নয়! হানাবাড়িতে একশো জন লোকও যথেষ্ট নয়! হুদ্! একটা ভূত দেখা দিলে একশো জনের একজনেরও আর দেখা পাওয়া যাবে না! আর, এখানে একটা নয়—ভূত আছে নাকি ছয়-ছয়টা! বাপ্রে!'

মানিক বললে, 'একজনেরও দেখা পাওয়া যাবে না? তাহলে আপনিও কি পালাবেন ?'

- 'পালাব না তো কি, নিশ্চয় পালাব! আমি হচ্ছি পুলিশ, আমি ভূতের রোজা নই; ভূত দেখলে পালাব না তো কি দাঁড়িয়ে থাকব?'
 - —'তবে আপনি এলেন কেন ?'
- 'সেই ছয়টা লোক তো ভূত না হতেও পারে ? ইয়ত তোমাদের ছেলেমানুষ পেয়ে কেউ মিথ্যে ভয় দেখিয়েছে! বিশেষ, এটা দিন-ছপুর। কে না জানে, দিন-ছপুরে ভূত বড় একটা দেখা দেয় না।'

মানিক মুখ টিপে হেসে বললে, 'কেন স্থন্দরবারু, আপনি কি প্রাচীন শাস্ত্রবাক্য শোনেননি ?'

- —'কী শাস্ত্রবাক্য ?'
- —'ঠিক ছপুর-বেলা, ভূতে মারে ঢেলা ?'
- —'হুম্! আবার ঠাটা হচ্ছে ?'

শগাড়িগুলো গোরহানে এসে উপস্থিত হল। জয়ন্ত চেঁচিয়ে বললে, 'এথানেই সকলকে নামতে হবে।'

সকলে একে-একে গাড়ি থেকে নেমে পড়ল। একসঙ্গে এত লোকের ভিড় হতভাগ্য আলিনগর অনেক কাল দেখেনি। পথের উপরে শুয়ে একটা গোখরো দাপ নিশ্চিন্ত মনে কুণ্ডলী পাকিয়ে রোদ পোয়াচ্ছিল, দে তাড়াতাড়ি কোঁদ করে ফণা তুলে উঠেই কালো বিছ্যাতের মতন চকিতে একখানা পাথরের আড়ালে গিয়ে আশ্রয় গ্রহণ করলে।

চারিদিকে তাকিয়ে মহম্মদ বললেন, 'এমন জায়গা কখনো দেখিনি! নগর বললেই লোকের মনে জেগে উঠে জনতার দৃশ্য। কিন্তু জনতাহীন নগর—জলশৃত্য সাগর! চারিদিকে থালি ভাঙা বাড়ি আর ঘুঘুর কানা। দিনের বেলাতেই এখানে বুকের কাছটা ছাং-ছাং করে ওঠে! এখানে একলা এলে রজ্জ্তে সর্পভ্রম হওয়াই স্বাভাবিক।'

জয়ন্ত মল্ল হেসে বললে, 'আপনি বোধহয় ভাবছেন, আমরাও রজ্জুতে সর্পত্রম করেছি ? কিন্তু এইটেই আপনার ভ্রম। এই পথে আসুন।'

গোরস্থানের ভিতর দিয়ে চলতে চলতে মহম্মদ বললেন, 'কিন্তু একটা কিছু গোলমাল আছেই আছে, আপনারা যা দেখেছেন তা ভূতের চেয়েও আশ্চর্য। জ্যান্ত মড়ার কল্পনাও আমি করতে পারছি না!'

মানিক বললে, 'ভারা যদি এখানে থাকে, তাহলে আপনিও স্বচক্ষে দেখতে পাবেন।'

- মাহ্ৰ পিশাচ

জয়স্ত বললে, 'অনেক সময় বাজে নষ্ট হয়েছে। তারা কি আরু এখানে আছে ?'

সেই বিশাল অট্টালিকার বিবর্ণ উচ্চ চূড়া চতুর্দিকের ধ্বংসস্থপের মধ্যে অনেক দূর থেকেই দৃষ্টি আকর্ষণ করে। সকলে সেই বাড়ির যত কাছে এগিয়ে যাচ্ছে, স্থন্দরবাবু একটু একটু করে ততই পিছিয়ে পড়ছেন। ক্রমে তিনি চৌকিদারদের দলে গিয়ে ভিড়লেন। তাঁর ষুক্তি হচ্ছে, পিছিয়ে থাকলে ভূতের আবির্ভাব হলে সর্বাগ্রে তিনিই দৌড় মারতে পারবেন।

মহম্মদ বললেন, 'অত বড় বাড়ি ঘেরাও করতে গেলে একশো জ্বন লোকের দরকার।'

জয়স্ত বললে, 'বাড়ি ষেরাও করে যথন কোন লাভ নেই, তথন ভিতরের উঠানে চৌকিদাররা অপেক্ষা করুক। আমরা ডাকলেই ভারা যেন ছুটে আসে।'

স্থন্দরবার মনে মনে বললেন, 'তারাই ছুটে আসবে বটে !ছুটে আসবে, নাছুটে পালাবে ? ভূতের সঙ্গে লড়বে এই তালপাতার সেপাইরা ! হুম !'

দ্বাদশ পরিচ্ছেদ

ত্ম্-ত্ম্-ত্ম্-ত্ম্

সকলে বাড়ির ভিতরে প্রবেশ করলে। এতগুলো জ্তোর শব্দে অট্টান্টিকাবাসী নির্জনতা যেন চম্কে উঠল সবিস্ময়ে।

জয়স্ত মনে মনে ভাবল, নবাব যদি এখনো এখানে থাকে, তাহলে এ পায়ের শব্দগুলো সেও শুনতে পেয়েছে নিশ্চয়ই।

সুন্দরবার মনে মনে ভাবছেন, এবারে তো খাঁচার ভিতরে ইছরের মত বাড়ির ভিতরে বন্দী হলুম। কোন্ দিক দিয়ে ভূত এলে কোন্ দিক দিয়ে পালানো উচিত, কিছুই তো বোঝা যাচ্ছে না! আর চৌকিদারদেরও সঙ্গে থেকে লাভ হবে না, এদের হাতে বন্দুক নেই! তিনি দৌড়ে মহশ্বদের সঙ্গ নিলেন।

জয়ন্ত স্বাত্রে একতলা দালানের সেই কোণের দরে গিয়ে ঢুকল। চারিদিকে তাকিয়ে ঘাড় নেড়ে হতাশভাবে বললে, 'তারা এখানে নেই।'

স্থুন্দরবার আস্বস্তির নিশ্বাস ফেললেন,—'তারা নেই, বাঁচা গেছে।
ভাপদ বিদেয় হয়েছে!

মহম্মদ বললেন, 'আপনি ঘর ভুল করেননি তো ?'

জয়স্ত বললে, 'না। ঐ দেখুন।' বলেই সে 'টর্চ' টিপে মেঝের উপরে আলো ফেললে। মেঝের উপরে পুরু ধুলো। আর ধুলোর উপরে পাশাপাশি ছয়টা দেহের পরিষ্কার স্থাপ।

মানিক বললে, 'এ-ঘরে মড়াগুলো ছিল ঠিক মড়ারই মত। তাদের গায়ে হাত দিয়ে দেখেছি, নাকে হাত দিয়ে দেখেছি।' মহম্মদ থালি বললেন, 'আশ্চর্য!'

সুন্দরবারু সকলের পিছন থেকে উকি মেরে দেহের ছাপগুলো একবার দেখেই শিউরে উঠে বললেন, 'হুম্! আমার নাকে পচা মড়ার গন্ধ আসছে!'

মানিক বললে, 'সভাি সভািই সেদিন এথানে মড়া-পচা গন্ধ ছিল।' মহম্মদ বললেন, 'সুন্দরবারুর আ্রাণ-শক্তি বেশি। আমি কোন গন্ধ পাছিছ না।'

জয়স্ত বললে, 'চৌকিদারদের উঠোনের সব ঘর খুঁজে দেখতে বলুন। ততক্ষণে আমরা উপরটা ঘুরে আসি। কিন্তু বোধহয় মিথ্যা ঘোরাঘুরি। শিকার পালিয়েছে। আমরা যে আবার আসব নবাব সেটা আন্দাজ করতে পেরেছে। সে বোকা নয়।'

দোতলার দালানের কোলে শুয়ে ছিল সেই কালে। বিড়ালটা। লোক দেখেই 'মঁগাও' বলে আপত্তি জানিয়ে ল্যাজ তুলে দৌড় মারলে।

মহম্মদ বললেন, 'হানাবাড়ির সব লক্ষণই এখানে আছে দেখছি!' মানিক বললে. 'হাা, কেবল কালো বিড়াল নয়, কড়িকাঠের দিকে তাকিয়ে দেখুন, দলে দলে কালো বাহুড়ও ঝুলছে। যেন আধারে তৈরী অতিকায় প্রজাপতি!'

— 'কেবল আসল দ্বস্টব্যই নেই। ভূত, কি জ্যান্ত মড়া।'
স্বন্ধরবার বললেন, 'ভূত আবার দ্বস্টব্য কী, না থাকাই তো
ভালো!'

যে-ঘরে নবাব আহত হয়েছিল সকলে সেই ঘরে প্রবেশ করলে। ঘরে জনপ্রাণী নেই।

মেঝের দিকে স্থির দৃষ্টিতে তাকিয়ে জয়ন্ত থানিকক্ষণ চুপ করে দাঁড়িয়ে রইল। যেন নিশ্চল জড় পাথরের মৃর্তি। তারপর হঠাৎ কি উৎসাহে তার বিপুল বক্ষ ফীত হয়ে উঠল। তারপর পকেট থেকে রুপোর শামুক বার করে ছ-বার সশব্দে নস্ত নিলে।

মানিক জানে, এটা জয়ন্তের বিশেষ আনন্দের লক্ষণ। কিন্তু হঠাং সে এমন আনন্দিত হল কেন ?

মহম্মদ বললেন, 'বাড়ির সব ঘরই যে এমন খালি দেখব, সে-বিষয়ে সন্দেহ নেই।'

- জয়ন্ত খুশী-গলায় বললে, 'সব ঘর হয়ত থালি নেই !'
 - —'কী করে জানলেন ?'
- 'এখনো ঠিক করে কিছু বলতে পারছি না। আসুন আমার সঙ্গে।'

জয়স্ত অধ্প্রসর হল। আর সবাই চলল তার পিছনে পিছনে।
সে-ঘর থেকে বেরিয়ে জয়স্ত খুব ধীরে ধীরে দালান দিয়ে এগুতে
লাগল। দালানের পূর্বপ্রাস্তে একটা দরজা। সেটা ভিতর থেকে
বন্ধ।

মহম্মদ বললেন, 'এ দরজা বন্ধ করলে কে গু'

জয়ন্ত বললে, 'যেইই বন্ধ করুক, আমি খুলে দিচ্ছি। আপনাদের বন্দুক ঠুতরি রাখুন।'

তার বিপুল দেহের ধাকায় দরজার থিল ভেঙে গেল। কিন্তু সেটা ঘরের দরজা নয়। অন্দর-মহলের দরজা

জয়ন্ত আবার অগ্রসর হল। অন্দরেও একটা উঠান রয়েছে, কিন্তু বাইরের মতন অত বড় নয়। আবার একটা দালান। তারপর আবার একসার সিঁড়ি। জয়ন্ত এবার নিচে নামতে লাগল। তারপর ডানদিকে ফিরে এগিয়ে চলল। সে আবার একটিপ নস্থা নিলে, এবং মনের আমোদে শিস দিতে শুকু করলে।

মানিক অবাক হয়ে ভাবতে লাগল, জয়ন্ত কোথায় যাচছে ? এ বাড়ির কিছুই সে চেনে না, এদিকে ক না আসেও নি, কিন্তু এমন নিশ্চিতভাবে কোথায় যাচছে সে ? জয়ন্ত তো অকারণে কিছু করবার পাত্র নয়, কী সূত্র সে পেয়েছে, কখন পেলে এবং কেমন করে পেলে ?

দ্বিতীয় উঠানের পূর্ব প্রান্তে ঘূটঘুটে অন্ধকার একটা দর। জয়ন্ত মাহর পিশাচ সোজা সেই ঘরের ভিতরে গিয়ে চুকল। ঘরের মাঝখানে গাড়িয়ে একবার টর্চটা জ্বেলে কী যেন দেখলে।

সে ম্বরেও কেউ নেই।

মহশাদ জিজ্ঞাসা করলেন. 'এখানে এলেন কেন ?'

জয়স্ত সে-কথার জবাব না দিয়ে যেন নিজের মনেই বললে, 'দেখছি, এ ঘর দিয়ে বেরুবার আর কোন পথ নেই i তাহলে ঝোথায়ু গেল ?'

- —'কে কোথায় গেল ?'
- —'নবাব। সে এই ঘরেই ঢুকেছে। কিন্তু দরজা দিয়ে আর বেরোয় নি।'

মহম্মদ একটু বিরক্ত স্বরেই বললেন, 'আপনার এমন আশ্চর্য অমুমানের কারণ কী ?'

- 'কারণ ?র ক্তের প্রমাণ মহম্মদ সাহেব, রক্তের প্রমাণ ! আপনারা চোখ ব্যবহার করতে শেখেননি কেন ?'
 - —'আপনার কথা আমি বুঝতে পারছি না।'
 - —'মেঝের দিকে তাকিয়ে দেখুন।'

মানিক সবিশ্বায়ে দেখলে, গৃহতলে একটা সুদীর্ঘ কালো রেখা।

স্বর থেকে মুখ বাড়িয়েও দেখলে, সে রেখা দালান দিয়ে সমান চলে
গছে। রক্ত জমাট বাঁধলে কালো দেখায়। এত বড় একটা সূত্রও
তার চোখে পড়েনি বলে সে রীতিমত লক্ষা অমুভব করলে।

জয়ন্ত বললে, 'মহম্মদ সাহেব, শুনেছেন তো, মানিকের রিভলবারের গুলিতে কাল নবাবের উরু আর পা জথম হয়েছিল ? নবাব যেখান দিয়ে গিয়েছে, কিংবা তাকে যেখান দিয়ে নিয়ে যাওয়া হয়েছে সারা পথেই রক্ত ঝরে ঝরে পড়েছে। সেই রক্তরেখা অনুসরণ করেই উপরের ঘর থেকে আমি এখানে এসে হাজির হয়েছি। এখন বুঝতে পারলেন ?'

স্থলরবার বললেন, 'হুম্! জয়ন্ত, তুমি আমার কান মলে দাও!
>৮৬ হেমেন্দ্রকুমার রাম রচনাবলী: ২

আমরা কি চোখের মাথা খেয়েছিলুম ? এমন সহজ প্রমাণ্টাও 'আবিষ্কার করতে পারিনি।'

মহম্মদ চমংকৃত স্বরে বললেন, 'ধন্য জয়স্তবাবু, ধন্য !···কিন্তু সে শয়তানটা গেল কোথায় ?'

—সেইটেই হচ্ছে সমস্তা। দেখছেন তো. রক্তের একটা রেখাই এই ঘরে এসে টুঁকেছে। নবাব ঘর থেকে বেরিয়ে গেলে আর একটা রেখাও দেখতে পাওয়া যেত। মহম্মদ সাহেব, আপনি সব চৌকিদারকে এখানে আসতে বলুন, আমি ততক্ষণ নবাবকে পুনরাবিদ্ধারের চেষ্টা করি।

মহম্মদ বহিরে গিয়ে বার-তিনেক বাশি বাজাতেই চৌকিদারদের জ্রুত পদশব্দ শোনা গেল।

জয়ন্ত টিচ' জেলে দেখে বললে. 'মানিক, রক্তের দাগ ঐ দেওয়ালের গায়ে শেষ হয়েছে। কিন্তু দেওয়ালের সামনে গিয়ে নবাব অদৃশ্য হল কেমন করে, সে তো আর হাওয়া হয়ে মিলিয়ে যেতে পারে না? তয়েছে. ঐ দেখ, দেওয়ালের গায়ে ছটো কড়া। এ-সব সেকেলে পুরানো বাড়িতে প্রায়ই গুপুদার থাকে। মানিক, কড়া ছটো ধরে জোরে টান মারো তো!

মানিক তাই করলে। খুব সহজেই দেওয়ালের খানিকটা অংশ। হড়হড় করে দরজার মত খুলে গেল। ভিতরে একটা পথ।

জয়ন্ত বললে, 'সবাই রিভলবার নাও। ছয়জন চৌকিদার গুপ্ত-দ্বারের সামনে পাহারা দিক। ছয়জন আমাদের সঙ্গে আসুক।'

পথটা গিয়ে আর একটা দরজার সামনে শেষ হয়েছে। দরজার সঙ্গে আর একবার জয়ন্তের শক্তিপরীক্ষা শুরু হল। কিন্তু এ দরজা জয়ন্তের প্রবল আক্রমণ তিন তিনবার ব্যর্থ করলে।

জয়ন্ত তথন দরজার উপরে পৃষ্ঠদেশ রেখে দেহের সমস্ত শক্তি প্রয়োগ করে প্রাণপণে চাপ দিতে লাগল—'টর্চে'র আলোতে দেখা গেল, তার সারা মুখ রাঙা টকটকে হয়ে উঠেছে। মহম্মদ মাথা নেড়ে বললেন, 'অসম্ভব চেপ্তা! মানুষ ও দরকা। শায়ের জোরে ভাঙতে পারে না। অহ্য ব্যবস্থা করতে হবে।'

হঠাং মড়াং করে একটা শব্দ হল। জয়স্ত সরে এসে হাঁপাতে হাঁপাতে বললে, 'দেখুন, ভেঙেছে কি না ?'

মহম্মদ এগিয়ে সবিস্ময়ে দেখলেন, দরজার তু-খানা ক্রবাটই চৌকাট থেকে ভেঙে বেরিয়ে এসেছে। সসম্ভ্রমে জয়ন্তের দিকে তাকিয়ে তিনি বললেন, 'আপনি অসাধারণ মানুষ!'

তারপর ছ-তিনটে লাথি মারতেই হুড়মুড় করে পাল্লা ছুখানা ভেঙে পড়ল।

খোলা দরজা দিয়েই দেখা গেল, একখানা বড় হলঘর এবং ঘরের ওদিককার দেওয়ালের সামনে খাটের বিছানার উপরে হাসি-মুখে বসে রয়েছে নবাব স্বয়ং!

জয়ন্ত চেঁচিয়ে বললে, 'সেলাম আলিনগরের সমাট ৷ ঘরের ভিতরে যেতে পারি কি ণু'

নবাব খুব মিষ্ট গলায় বললে, 'এস।'

—'তোমার সেই জীবনহীন জীবস্তরা কোথায় ?'

নবাব আবার ঠোঁটে হাসি মাথিয়ে বললে. 'বড় হঠাং এসে পড়েছ, তাদের জাগাবার আর সময় পেলুম না।'

—'তাহলে এ জীবনে আর সময় পাবেও না !'—বলেই জয়ন্ত ভিতরে গিয়ে ঢুকল সর্বপ্রথমে। অন্য সবাই তার পিছনে পিছনে এগিয়ে গেল।

হঠাৎ স্থ-দরবারু 'ওরে বাপরে— হুম্ !' বলে চেঁচিয়ে উঠে সামনে অমিয়কে পেয়েই ছুই হাতে তাকে জড়িয়ে ধরে ঠক্-ঠক্ করে কাপতে লাগলেন।

সকলে ফিরে স্তম্ভিত নেত্রে দেখলে, দরজার দিকের দেওয়ালের তলাতেই পাশাপাশি শুয়ে আছে সেই ছয়টা মূর্তি। তাদের কারুর চোখ মোদা, কারুর চোখ আধা খোলা, কারুর চোখ পুরো খোলা। কিন্তু সব চোখই আড়ই—মড়ার মত দৃষ্টিহীন!

জয়স্ত এগিয়ে গিয়ে তাদের বুকে হাত দিয়ে বললে, 'মহম্মদ সায়েব, দেখে যান—এই ঠাণ্ডা বুকে শ্বাস-প্রশ্বাদের কোন চিহ্ন আছে কি না!'

কিন্তু মহম্মদের রুচি হল না। দূর থেকেই বললেন, 'দেখতেই তো পাচ্ছি ওগুলো মডা।'

মটনিক বললে, 'কিন্তু এই মড়াগুলোই সেদিন বেঁচে উঠেছিল।' মহম্মদ অবিশ্বাসের হাসি হাসলেন।

সুন্দরবার চোথ ছানাবড়া করে বললেন, 'ওরা আবার যদি জাগে ? আবার যদি তেড়ে আসে ? এই চৌকিদার ! লাশগুলো শীগগির এথান থৈকে সরিয়ে নিয়ে যা !'

কিন্তু চৌকিদাররা কেউ মড়া ছুঁতে রাজী হল না :

নবাব হাসতে হাসতে বললে, 'ভয় নেই, ওরা কেউ আর জাগবে না। এইবারে আমিও ওদের মত ঘুমিয়ে পড়ব।'

জয়ন্ত চমকে উঠে বললে, 'ঘুমিয়ে পড়বে—মানে গ্'

- 'হাা, ঘুমিয়ে পড়ব। তোমরা জ্যান্ত নবাবকে এখান থেকে নিয়ে যেতে পারবে না। এই দেখ।' নবাব বিছানার উপর থেকে একটা খালি শিশি তুলে নিয়ে দেখালে।
 - 'তুমি বিষ খেয়েছ ?'
- 'হাা। তোমরা হঠাং এদে পড়লে, নইলে ওদের মার এক-বার জাগিয়ে শেষ-চেষ্টা করে দেখতুম। বিষ না খেয়ে উপায় কী ?'

মহম্মদ বললেন, 'তুমি সত্যি সতি ই ঐ মডাগুলোকে বাঁচাতে পারো ?'

— 'পারি। আবশাস হচ্ছে? দেখবে?'

সুন্দরবার আঁতকে উঠে তাড়াতাড়ি বললেন, 'না না, আর দেখে কাজ নেই! আমার খুব বিশ্বাস হচ্ছে!'

নবাব বললে, 'ভোঁমরা কি পিশাচসিদ্ধ মানুষের কথা শোননি ? আমি বহু সাধনায় সেই বিভা অর্জন করেছি। নানান দেশের নানান মানুষ পিশাচ কবর খুঁজে আমি বেছে বেছে খুব জোয়ান আর টাটকা মড়া তুলে, এনেছি। যথন দরকার হয় তথন আমি তাদের নিজের আত্মার তথ্য দি'। কিন্তু ওদেরও দেহ তাজা রাথবার জত্যে জ্যান্ত জীবের



রক্তের দরকার হয়। তাই যখন ঐ মড়ারা বাঁচে, বনের জীব ধরে তাদের ঘাড় ভেঙে রক্ত খায়, স্থবিধা পেলে মানুষের রক্তও পান করে; আর তারপর গোলামের মত আমার হুকুমে ওঠে বসে চলে ফেরে।
..... তোমরা আর কী জানতে চাও বল, অঃমার ঘুমোবার সময়
ঘনিয়ে আসছে।

জয়স্ত বললে, 'তুমি মেয়ে চুরি করতে কেন ?'

হা-হা করে হেসে নবাব বললে, 'কেন ? বলেছি তো, আমি আলিনগরের রাজা। তাই তো আমি নবাব নাম নিয়েছি। আমার বেগম নেই, তাই মেয়ে ধরে আনি বেগম করব বলে। কিন্তু একটা মেয়েও আমার বেগম হবার উপযুক্ত হল না। তবু তাদের ধরে রেখেছি—মনের মতন বেগুম পেলে পর তাদের বাদী করে রাখব বলে।'

অমিয় ব্যাকুল কণ্ঠে বলে উঠল, 'কোথায় আমার বোনকে লুকিয়ে রেখেছিস গ'

'পাশের ঘরে গিয়ে দেখগে।'

অমিয় নিশীথ ও পরেশ একসঙ্গে বলে উঠল, 'কোন্ দিক দিয়ে যাব ?'

ं नहका मिरा।'

পশ্চিম দিকে একটা দরজা। সেটা ঠেলতেই খুলে গেল, সেদিকেও একটা পথ রয়েছে।

তারা তিনজনে ভিতরে ঢুকে চেঁচিয়ে ভাকলে—'শীলা, শীলা !' কে.ক্ষীণ, কাতর কঠে সাড়া দিলে, 'দাদা ! দাদা !'

মিনিট-তিনেক পরেই অমিয় তার বোনের হাত ধরে ফারে এল। নিশীথ ও পরেশের পিছনে পিছনে এল আরো তিনটি সেয়ে, সকলেই ভয়ে থর্থর্ করে কাঁপছে।

ছয়টা মৃত মৃতির দিকে তাকিয়েই শীলা আর্তনাদ করে আতঙ্কগ্রস্ত স্বরে বলে উঠল, 'দাদা! দাদা! আমাকে এখান থেকে নিয়ে চল!'
অমিয় বললে, 'আমরা এসে পড়েছি, আর তোর ভয় নেই শীলা!'
শীলা ভয়ে 'চোখ মুদে শুকনো গলায় বললে, 'কিন্তু ঐ
মড়াগুলো? ওরা যে এখানে রয়েছে! ওরাই যে আমাকে ধরে
এনেছে! ওরা যে রোজ আমাকে ভয় দেখায়!'

শীলাকে নিজের আরো কাছে টেনে এনে তার পিঠ চাপড়াতে চাপড়াতে অমিয় বললে, 'ওরা আর কারুকে ভয় দেখাতে পারবে না! ওদের আবার আমরা মাটির তলায় পুঁতে ফেলব।'

নবাব গন্তীর স্বরে বললে, 'তোমাদের সকলের মনোবাঞ্চা পূর্ণ হয়েছে তো ? এখন এখান থেকে বেরিয়ে যাও দেখি। আমাকে সরতে দাও।'

মহম্মদ বললেন, 'তা হয় না! তুমি মরবে কি না কে জানে ?'
নবাব টলে পড়ে যাচ্ছিল। তাড়াতাড়ি দেওয়াল ধরে নিজেকে
সামলে নিয়ে বললে, 'আমার মৃত্যু নিশ্চিত। তোমরা নির্ভয়ে শেতে
পারো।'



মহম্মদ মাথা নেড়ে বললেন, 'চোখের সামনে তোমার মৃত্যু না দেখে আমরা এখান থেকে এক পাও নড়তে পারব না।'

নবাবের ঝিমিয়ে-আসা চোথে আবার বিহ্যাৎ থেলে গেল। অস্পষ্ট জড়ানো স্বরে সে গর্জন করে বললে, 'কী, আমাকে একলা মরতে দেবে না ? বটে !' হঠাৎ সে সিধে হয়ে উঠল, এবং তার হুই চোথ বন্ধ হয়ে গেল।

মানিক দন্দিগ্ধ কণ্ঠে বললে, 'ও মরল নাকি ?'
জয়ন্ত তীক্ষ্ণৃষ্টিতে নবাবের মুখের পানে চেয়ে রইল।
আচম্বিতে স্থন্দরবাবু মেঝের উপরে প্রচণ্ড এক ঝাঁপ খেয়ে আছড়ে

পড়লেন এবং বেগে গড়াতে গড়াতে নবাবের থাটের তলায় ঢুকে পাড় ক্রমাগত বলতে লাগলেন, 'হুম্ হুম্ হুম্ হুম্ !'

ওদিকে ঘরের ভিতরে আরম্ভ হয়েছে চিংকার ও আর্তনাদের সুঙ্গে বিষম হুটোপুটি ও ছুটোছুটি। চৌকিদাররা দল বেঁধে ঘর ছেড়ে পালিয়ে গেল এবং তাদের সঙ্গে সুটে বেরিয়ে গেল অগ্য ভিনটি মেয়ে—কেশল শীলা তার দাদার ছুই বাহুর উপরে এলিয়ে মৃ্ছিত হয়ে পড়ল।

সেই ছয়টা মৃতদেহ টলতে টলতে মেঝের উপরে উঠে বসেছে— তাদের প্রত্যেকেরই ভাবহীন চক্ষু একেবারেই বিক্যারিত।

মহম্মদ পিছনৈ হটে দেয়ালের উপরে পিঠ রেখে একেবারে আড়? হয়ে গেলেন।

মানিক ৬পর-উপরি রিভলবার ছুঁ ডলে, কোন-কোন দেহে গুলি ঢুকে বীভংস ছিদ্রের সৃষ্টি করলে, কিন্তু আশ্চর্য এই যে, একফোঁটাও রক্ত বেরুলো না, কিংবা মৃতিগুলোর মুখে-চোখে যন্ত্রণার আভাসচ্কুও ফুটে উঠল না। কী ভয়ানক! সে অসম্ভব, অস্বাভাবিক দৃশ্য দেখলেও বুকের রক্ত-জমে বরফ হয়ে যায়!

জয়ত্তের হঠাৎ তথন থেয়াল হল. নবাব নিশ্চয় মরবার আগে শেষবার মড়া জাগাবার জত্যে ধ্যানাসনে বসেছে। সে এক লাফে বিছানার উপরে গিয়ে পড়ে নবাবকে প্রচণ্ড ধাকা মারলে। নবাব তীব্র কণ্ঠে 'আঃ' বলে শ্যায় এলিয়ে পড়ল।

ওদিকে সেই মুহূর্তেই ছয়টা মৃতিই উঠে দাড়াতে দাড়াতে আবার অবশ হয়ে প্রথমে বসে—তারপর মাটিতে গড়িয়ে পড়ে গেল। আবার তারা যে মড়া সেই মড়া।

জয়ন্ত হেঁট হয়ে নবাবের বুকে হাত দিলে। তার বুক স্থির। তার নাকে হাত দিলে। নিশ্বাস পড়ছে না।

মানিক খাটের তলা থেকে স্থন্দরবাবুর দেহ টেনে বার করলে। তিনি তথন আর 'হুম্' বলছেন না। অজ্ঞান।



গামা, হাসানবকা, ছোটগামা

এবার আমরা প্রবেশ করব মল্লসভার মধ্যে। কিন্তু মাতৈঃ, আপনাদের কারুকে আমি 'বীরমাটি' মাথবার জন্মে আহ্বান করব না। 'বীরমাটি' কাকে বলে জানেন তো ? আথড়ায় যে-মৃত্তিকাচুর্ণের উপরে দাঁড়িয়ে পালোয়ানেরা কুন্তি লড়ে। সেই মাটি গায়ে মর্দন করে যোদ্ধারাই।

স্রষ্টা আমার দেহথানিকে যৎপরোনাস্তি একহারা ক'রে গ'ড়ে পাঠিয়ে দিয়েছেন পৃথিবীতে। কিন্তু ভ্রমক্রমে আমার মনকে দেহের উপযোগী ক'রে পঠন করেন নি। শেষ পর্যন্ত মসীজীবী দেখক হয়েই জীবনসন্ধ্যায় বিশ্বকে পর্যবেক্ষণ করতে বাধ্য হয়েছি বটে, কিন্তু আমার বুকের মধ্যে যে মনের মানুষটি বাস করে সকলের অগোচরে, চিরদিনই সে আসীন হতে চেয়েছে কাপালিকের বীরাসনে। সত্য বলছি, অত্যক্তি নয়।

অবশ্য তালপাতার সেপাইরাও দিবাম্বপ্ন দেখে এবং পুরু গদীর উপরে নিশ্চেপ্টভাবে তাকিয়া আঁকড়ে ব'সে দিগ্রিজয়ে যাত্রা করে। আমি কিন্তু কোনকালেই তাদের দলের লোক নই। ছেলেবেলা থেকেই নামজাদা ক্লাবের হয়ে ক্রিকেট-হকি-ফুটবল খেলেছি, সাঁতার দিয়ে গঙ্গার এপার-ওপার হয়েছি, জিমনার্ষ্টিক নিয়ে মেতেছি, 'গ্রিপ-ডাম্বেল' ও মুগুর ভেঁজেছি, 'চেন্ট-এক্সপ্যাণ্ডার' ও 'বার-বেল' ব্যবহার করেছি এবং ডন-বৈঠক দিয়েছি। অর্থাৎ বলীদের মধ্যে একটা কেও-কেটা হবার জন্মে চেপ্তার কোন ত্রুটিই করি নি। চোথের সামনেই ব্যায়াম ক'রে কত একহারা দেখতে দেখতে দোহারা তারপর তেহারা হয়ে উঠল, আমি কিন্তু বরাবরই হয়ে রইলুম মৃতিমান ভদ্রলোকের-এককথার মত একেবারেই একহারা। নাট্যকার অমৃতলাল যাকে "ভীম ভৰানী" উপাধিতে ভূষিত করেছিলেন, বাল্যকালে বিভালয়ে সে আমার সহপাঠী ছিল। সে তথনও আমার মত একহারা ছিল না বটে কিন্তু সেই দেহের তুলনায় পরে তার যে চেহারা হয়েছিল, তা অবিশ্বাস্তা বলা যেতেও পারে। তার পাশে গিয়ে দাঁড়ালে নিজেকে মনে হ'ত যেন মাতঙ্গের পাশে পতঙ্গ।

বলবান লোকদের দেখবার জন্মে বরাবরই আমার মনের ভিতরে আছে উদগ্র আগ্রহ। বাল্যকাল থেকেই এ-পাড়ায় ও-পাড়ায় নানা আখড়ায় কৃস্তি লড়া দেখতে যেতুম। কোথাও দঙ্গলের ব্যবস্থা হয়েছে শুনলে সেখানে যাবার প্রলোভন কিছুতেই সংবরণ করতে পারতুম না। বহুকাল (অর্ধ শতাব্দীরও) সাগে কলকাতার মার্কাস স্থোয়ারে কাল্লুর সঙ্গে কিক্কর সিংয়ের কৃস্তি প্রতিযোগিতা হয়। তখন গামার নাম কেউ জানত না, কিন্তু কাল্লুও কিক্কর ছিলেন ভারতবিখ্যাত। টিপে টিপে মার্মের পা বাথা ক'রে দিয়ে কত খোসামোদের ও

অশ্রুত্যাগের পর যে সেই কুস্তি দেখবার জন্মে অর্থ সংগ্রহ করেছিলুম, তা আজও আমার শ্বরণ আছে।

কিন্ধরের চেহারা ছিল যেমন কুৎসিত, তেমনি ভয়াবহ। মাথায় তিনি সাড়ে ছয় ফ্টের চেয়ে কম উচু ছিলেন না এবং চওড়াতেও তাঁর দেহ ছিল যে কতথানি, বললে সে কথা কেউ বোধ হয় বিশ্বাস করবেন না (বিশেষজ্ঞের মুখে শুনেছি, তাঁর বুকের ছাতির দাপ ছিল আশী ইঞ্চি—যে কথা শুনলে স্থাণ্ডো সাহেবও নিশ্চয় বিশ্বয়ে হতবাক না হয়ে পারতেন না)। আমি অনেক বড় বড় পালোয়ান দেখেছি, কিন্তু লম্বায়-চওড়ায় তাঁদের কেউই কিন্ধর সিংয়ের সমকক্ষ নন। কাল্লুও ছিলেন বিপুলবপু, কিন্তু তাঁর বিপুলতা কিন্ধরের সামনে মোটেই দৃষ্টি আকর্মণ করত না। কাল্লু যে কিন্ধরেক হারাতে পারবেন, দেখলে তা কিছুতেই মনে করা যেত না। বর্তমান নিবন্ধমালায় স্বর্গীয় গুণীদের নিয়ে আলোচনা করবার কথা নয়, অতএব আমি সে মল্লযুদ্ধের বর্ণনা দিতে চাই না। কেবল এইটুকুই ব'লে রাখলেই যথেষ্ট হবে যে, ডেভিডের কাছে গোলিয়াথের মত কাল্লুর কাছে কিন্ধরও হয়েছিলেন পরাভূত।

তার কয়েক বংসর পরে মিনার্ভা রক্তমঞ্জের উপরে আমি যে মহাবলবান মানুষটিকে দেখি, বিশেষ কারণে এথানে তার নাম উল্লেখযোগ্য। কারণ তার কাছ থেকে প্রেরণা লাভ ক'রেই ভারতের দেশে দেশে—এমন কি বাংলাতেও শত শত যুবক দৈহিক শক্তিচর্চায় একাস্তভাবে অবহিত হয়েছে। আমি রামমৃতির কথা বলছি। তিনি শারীরিক শক্তির যে সব অভাবিত পরিচয় দিয়েছিলেন, সেদিন সকলেরই কাছে তা ইল্রজালের মতই আশ্চর্য ব'লে মনে হয়েছিল। তারপরে অনেকেই তার কয়েকটি খেলার নকল ক'রে নাম কিনেছেন ও কিনছেন বটে, কিন্তু তার অধিকতর ত্রেহ কয়েকটি খেলা আজও কেউ চেষ্টা ক'রেও আয়তে আনতে পারেন নি। কারণ সে খেলাগুলের মধ্যে কাঁকি বা পাঁচে ছিল না, রামমৃতির মত অমিত শক্তির অধিকারী

ুনা হ'লে কারুরই সে সব থেলা দেখাবার সাধ্য হবে না। রামমৃতির প্রদর্শনী ছিল কেবল বাহুবল দেখাবার জন্তে নয়, অর্থ উপার্জনের জন্তেও বটে। তাই কোন কোন খেলাতে তিনি দর্শকের চমকে অভিভূত ক'রে দিতেন। কিন্তু যেখানে কৌশলের উপর থাকে প্রকৃত শক্তির প্রাধাত্ত, সেখানে রামমৃতি আজও অদিতীয় হয়ে আছেন।

আমি বাল্যকালেও দেখেছি, কলকাতার বহু বনিয়াদী ধনীর বাড়ীতে ছিল স্থায়ী কৃন্তির আথড়া। সাহিত্য, সংস্কৃতি ও সম্পদের জন্যে বিখ্যাত জোড়াসাকোর ঠাকুরবাড়ীতেও ছিল পরিবারের ছেলেদের জন্যে নিয়মিত কুন্তি লড়বার ব্যবস্থা এবং কবীন্দ্র রবীন্দ্রনাথকেও কুন্তি লড়ার অভ্যাস করতে হ'ত। হয়তো সেইজন্মেই তিনি লাভ করেছিলেন অমন স্থগঠিত পুরুষোচিত দেহ। তার পিতামহ "প্রিন্স" দারকানাথ ছিলেন শৌখীন কুন্তিগার।

কিন্তু বাঙালী নিজেকে যতই সভ্য ও শিক্ষিত ব'লে ভাবতে শিথলে, ব্যায়াম ও কুস্তি প্রভৃতিকে ততই ঘৃণা করতে লাগল। তার ধারণা হ'ল ও-সব হচ্ছে নিমশ্রেণীর নিরক্ষর বাক্তির ও ছোটলোকের কাজ। অথচ যে-দেশ থেকে সে লাভ করেছে আধুনিক শিক্ষা ও সভ্যতা, সেই প্রতীচ্যের উচ্চ-নীচ সর্বসাধারণের মধ্যে পুরুষোচিত ব্যায়াম ও খেলাধূলার লোকপ্রিয়তা যে কত বেশী. সেদিকে একবারও দৃষ্টিপাত করা দরকার মনে করে নি। সবল ইংরেজের কাছে ছুর্বল বাঙালী প'ড়ে প'ড়ে মার খেত, তবু তার হুঁশ হ'ত না।

কিন্তু তারও ভিতরে ছিল যে একটা subconscious বা অব্যক্ত-চেতন মন, সেটা টের পাওয়া গিয়েছিল মোহনবাগান যেদিন ফুটবল থেলার মাঠে 'শীল্ড ফাইকালে' প্রথম গোরার দলকে হারিয়ে দেয়। শত শত জ্ঞালাময়া বক্তৃতাও যে বাঙালীর প্রাণে প্রেরণা সঞ্চার করতে পারে নি, একটি দিনের একটি মাত্র ঘটনায় তা হয়ে উঠল আশ্চর্যভাবে অতিশয় জাগ্রত। ইংরেজী সংবাদপত্রে সেই সময়ে এই গল্পটি প্রকাশিত হয়েছিল: মোহনবাগানের বিজয়গৌরবে চারিদিকে যখন সাড়া পড়ে গিয়েছে, তখন চৌরঙ্গীর রাস্তাঃ
দিয়ে যাচ্ছিল তুই ব্যক্তি, তাদের একজন বাঙালী, আর একজন
ইংরেজ। তারা পরস্পরের বন্ধু। বাঙালী পথিকটি বার বার এগিয়ে;
যাচ্ছে দেখে ইংরেজ সঙ্গীটি জিজ্ঞাসা করে, 'তোমার আজ এ কি হল
বলতো ? তুমি আমাকে বার বার পিছনে ফেলে এশিয়ে যাচ্ছ কেন ?'
বাঙালী জবাব দেয়, 'দেখছ না, আজ আমাদের জাতিই যে এগিয়ে
চলেছে।' কথাগুলি আমার এতই ভালো লেগেছিল যে আজ পর্যক্তঃ
ভূলতে পারিনি

আজকাল বাতাস কিছু বদলেছে। কিছুকাল -থেকে দেখছি বাঙালী যুবকরাও দেহচর্চায় মন দিয়েছে এবং ব্যায়ামের নানা বিভাগে দেখাছে অল্পবিস্তর পারদর্শিতা। আদর্শ দেহ গঠনে, পেশী শাসনে, ভারোত্তলনে, মৃষ্টিযুদ্ধে ও বাংসরিক কুস্তি-প্রতিযোগিতায় বাঙালী যুবকদের কৃতিবের কথা শুনে এই প্রাচীন বয়সেও আমি তরুণের মত উংফুল্ল হয়ে উঠি। কিন্তু এইখানেই যথেষ্ঠ হয়েছে ভেবে থামলে চলবে না—অগ্রসর হতে হবে, আরো অশেক দ্র অগ্রসর হতে হবে, শাক্ত জাতি হিসাবে আমাদের আসন স্থ্রতিষ্ঠিত করতে হবে বিশ্বসভার মাঝখানে।

জ্ঞানে নয়, বিভায় নয়, সভ্যতায় নয়, সংস্কৃতিতে নয়, কেবলমাত্র পশুশক্তির সাহায্যে ভারতবর্ষের উপরে প্রভৃত্ব বিস্তার করেছিল মুসলমানরা। এবং আজ পর্যস্ত নিরক্ষর মুসলমানরাও কেবল দৈহিক শক্তিসাধনারই দারা ভারতের অস্থাস্ত জাতিদের পিছনে ঠেলে শীর্ষ-স্থান অধিকার করে বিশ্ববিখ্যাত হয়ে আছে। আজ ভারতের তথা পৃথিবীর সর্বশ্রেষ্ঠ মল্ল কে ? গামা এবং তার ছোট ভাই ইমাম বক্স। গামার বয়স বোধ করি এখন সত্তরের উপরে এবং ইমামেরও যাটের উপরে। কিন্তু এখনও গামা যে-কোন মুরক প্রতিছন্দীরও সঙ্গে শক্তিপরীক্ষা করতে প্রস্তুত। বলেছেন, 'যে আমার ছোট ভাই ইমামকে হারাতে পারবে, তার সঙ্গেই আমি লড়তে রাজী আছি।' কিন্তু ভারত বা য়ুরোপের কোন মল্লই তাঁর এ চ্যালেঞ্জ গ্রহণ করতে সাহসী নয়। গামা অপরাজেয় হয়েই রইলেন। তাঁর আগে গোলাম পালোয়ানও ছিলেন এমনি অতুলনীয়।

কেবলই কি গামা ও ইমাম ? তাঁদের ঠিক নীচের থাকেই যাঁর। আছেন—যেমন হামিদা, গুঙ্গা, হরবল সিং. সাহেবুদ্দীন ও ছোট গামা প্রভৃতি আরো অনেকে (এখানে অকারণে সকলের নাম করে লাভনেই), তাঁদের মধ্যে এক হরবল সিং ছাড়া আর সকলেই মুসলমান।

সেটা ১৯১৬ কি ১৯১৭ খ্রীষ্টাব্দ আমার ঠিক মনে নেই। আমি তথন কাশীধামে। গামা তথন ইংলণ্ডে গিয়ে জন লেম ও বড় বিস্কোপ্রভৃতি পাশ্চাত্যদেশের শীর্ষস্থানীয় পালোয়ানদের হারিয়ে পৃথিবী-জোড়া উত্তেজনা সৃষ্টি করে দেশে ফিরে এসেছেন। তুইজন স্থানীয় বন্ধুর সঙ্গে দশাশ্বমেধ ঘাটে যাবার বড় বাস্থায় ভ্রমণ করছি, হঠাৎ বন্ধুদের একজন বললেন, 'ঐ দেখুন, গামা পালোয়ান যাচ্ছেন।'

সাগ্রহে তাকিয়ে দেখলুম। পথ দিয়ে যাচ্ছেন কয়েকজন লোক, সকলেরই চেহারা বলিষ্ঠ। কিন্তু তাঁদের মধ্যে একজন আমার দৃষ্টি আকর্ষণ করলেন মধ্যমণির মত। মাথায় পাগড়ী, গায়ে চুড়ীদার পাঞ্চাবী, পরনে লুঙ্গি, পায়ে নাগরা জ্তো—পোশাকে আছে রঙ-বেরঙের বাহার। দাড়ি কামানো, মস্ত গোঁফ। দেহ অনাবৃত নয় বটে, কিন্তু বস্ত্রাবরণ ঠেলে তাঁর সর্বাঙ্গ দিয়ে বেরিয়ে আসছে যেন একটা প্রবল শক্তির উচ্ছাস। ভাবভঙ্গিও প্রকাশ করছে তাঁর বিশেষ বীর্যবন্তা। অসাধারণ চোথের দৃষ্টি ফুটিয়ে তোলে ব্যক্তিহকে। গামা চলে গেলেন, আমি মুগ্ধ হয়ে তাকিয়ে রইলুম। মন বললে. দেখলুম বটে এক পুরুষসিংহকে।

তার কয়েক বৎসর পরে গামাকে দেখি কলকাতায়। তারিখ
সম্বন্ধে আমার একটা তুর্বলতা আছে। আমি বাল্যকালের সব কথাও
ত্বস্ত মনে রাখতে পারি, কিন্তু দশ-পনেরো বংসর আগেকার কোন
এখন যাদের দেখিছ

বিশেষ তারিথ স্মরণ করতে পারি না। তবে মনে হচ্ছে অস্ততঃ বিদ্রুশ বৎসর আগে কলকাতায় গড়ের মাঠে তাঁবু ফেলে মস্ত এক কুস্তি-প্রতিযোগিতা হয়েছিল। ভারতের নানা প্রদেশ থেকে এসেছিলেন নামজাদা পালোয়ানরা—কেউ কুস্তি লড়তে, কেউ কুস্তি দেখতে। আমি একদিন সেই কুস্তির আসরে গিয়েছিলুম, নগামার সঙ্গে হাসান বল্লের প্রতিযোগিতা দেখবার জন্তে। কিন্তু স্মরণ হচ্ছে অস্তান্ত পালোয়ানদের কুস্তি হয়েছিল একাধিক দিবস ধরে।

আমি যেদিন যাই, সেদিন আমার সঙ্গে ছিলেন স্বর্গত বন্ধুবর শ্রীশচন্দ্র গুহ। তিনি ছিলেন কেস্ব্রিজের বিক্সং-এ 'হাফ-ব্লু', পরে বাারিস্টার হয়ে দেশে ফিরে কিছুকাল প্রাাকটিস করে মালয়ে গিয়ে আইন ব্যবসায়ে যথেষ্ট নাম কেনেন এবং নেতাজীর 'আই-এন-এ'র এক পদস্থ কর্মচারী হন। সেই অপরাধে ইংরেজরা তাকে বন্দী করে। পরে তিনি মুক্তিলাভ করে আবার দেশে ফিরে আসেন। এই সেদিন তার মৃত্যু হয়েছে।

তাঁবুর ভিতরে বৃহতী জনতা। তার মধ্যে বাঙালী খুব কম, অধিকা শই মুসল্মান ও হিন্দুস্থানী—তারা চারিধারের গ্যালারি দখল করে বসে হাটবাজারের সোরগোল তুলেছে। রাজ্যের পালোয়ান-সেখানে এসে জটেছেন, তাঁদের মধ্যে দেখলুম বন্ধুবর শ্রীযতীক্র গুহ বা গোবরবাবুকেও। সেদিনকার কুস্তির বিচারক ছিলেন মুশিদাবাদের নবাব বাহাতুর।

প্রথম ছুই-তিনটি কুস্তির পরেই শুনলুম এইবার হবে ভীম ভবানীর সঙ্গে ছোট গানার প্রতিযোগিতা। এই গানা হচ্ছেন প্রথাত কাল্লু পালোয়ানেব ছেলে। তিনি তথন সবে যৌবনে পা দিয়েছেন, দেহ রীতিমত তৈরী, তার কোথাও মেদবাছল্য নেই। কুস্তির থানিক আগে থাকতেই তিনি একটা কাঠের থাম ধরে দেহকে গ্রম করবার জন্মে খুব ফুর্তির সঙ্গে ক্রমাগত বৈঠক দিতে শুক্ত করলেন।

ভবানী বয়সেও বড় এবং তাঁর বিপুল দেহও অত্যন্ত গুরুভার,— চটপটে ছোট গামাকে দাঁড়িয়ে এঁটে উঠতে না পেরে তিনি নিলেন মাটি— অর্থাৎ আথড়ার উপরে উপুড় হয়ে শুয়ে পডলেন। ছোট ÷গামা বহুক্ষণ ধরে প্রাণপণ চেষ্টা করেও এবং অনেক পাঁচ কষেও তাঁকে চিং করতে পারলেন না, তবু বিচারকের অদ্ভুত রায়ে সাব্যস্ত হল, জয়লাভ করেছেন ছোট গামাই! মল্লযুদ্ধে চিরকালই মাটি নেওয়ার রীতি আছে এবং ভূপতিত প্রতিযোগীকে চিং করতে না পারলে কুস্তি হয় সমান সমান। মাটি নেওয়া কুস্তির অন্যতম পঁরাচ ছাড়া আর কিছুই নয়।

তারপর যুদ্ধস্থলে এসে দাড়ালেন মহামল্ল গামা এবং হাসান বক্স। আজ পর্যন্ত আমি অনেক বড পালোয়ান দেখেছি, কিন্তু দৈহিক সৌন্দর্যে হাসান বক্সের কাছে তাঁদের সকলকেই হার মানতে হবে t সেই দেববাঞ্ছিত সুঠাম ও পরম স্থন্দর দেহ একাধারে স্থকুমার ও শক্তিছোতক। নিখুঁত তার মুখঞ্জী। মুগ্ধ চোখে তার দিকে তাকিয়ে থাকতে হয়—যেন গ্রীক ভাঙ্গরের গড়া আদর্শ পুরুষমূর্তি।

দেদিন গামার নগ্ন দেহও দেখলুম। যেমন বিরাট কবাট-বক্ষ, তেমনি পেশীবহুল বাহু, তেমনি বলিষ্ঠ ও অপূর্ব উরু। যেন মূর্তিমন্ত শক্তিমন্ত্র—তার চেয়ে বলীর মৃতি কল্পনাতেও আনা যায় না।

হাসান বক্স যে একজন প্রথম শ্রেণীর পালোয়ান, সে বিষয়ে কোনই সন্দেহ নেই। কারণ তা নইলে তিনিও গামাকে চ্যালেঞ্জ করতে সাহস করতেন না এবং গামাও তাঁর সঙ্গে লডতে রাজী হতেন না। হাসান বক্স ও গামার প্রতিযোগিতা একটা অত্যন্ত স্মরণীয় ও দর্শনীয় দৃশ্য বলেই সেদিন সেখানে অমন বিপুল জনসমাগম হয়েছিল।

কিন্তু গামা হচ্ছেন গামা, তাঁকে বোঝাতে হলে অগ্ন কোন উপমা ব্যবহার করা চলে না। পৃথিবীর অধিকাংশ প্রথম শ্রেণীর মল্ল তাঁর সঙ্গে হাত মিলিয়ে তুই-চার মিনিটের বেশী দাঁডাতে পারেন নি। এখন খাদের দেখছি २• > হাসান বন্ধ তবু তাঁর সঙ্গে থানিকক্ষণ যুঝলেন বটে, কিন্তু শেষ রাখতে পারলেন না। জয়ী হলেন গামাই।

সেই দিনই সেখানে দেখেছিলুম ভারতের আর এক অপরাজেয় মল্ল ইমান বক্সকে, যার আসন গামার পরেই। অতি দীর্ঘ মূর্তি, অতি বলিষ্ঠ দেহ, হাতে প্রকাণ্ড একটি রূপোর গদা। তবু তাঁর দেহ উল্লেখযোগ্য নয় গামার মত।

যামিনী রায়

লোকসাহিত্য, লোকশিল্প, লোকসঙ্গীত ও লোকনৃত্য প্রভৃতির মধ্যে যোভাবিক সৌন্দর্যের ঐশ্বর্য থাকে, উচ্চশিক্ষিতদের দৃষ্টি প্রায়ই তার দিকে আকৃষ্ট হয় না। কিন্তু মাঝে মাঝে এক-একজন সত্যদ্রপ্তী কলাবিদ যখন সেই সব নিত্যদৃষ্ট ব্যাপারের ভিতর থেকেই অদৃষ্টপূর্ব স্থুযমা আবিষ্কার করে তুলে ধরেন সকলের চোখের সামনে, তখন আমাদের বিশ্বয়ের আর অবধি থাকে না।

নিরক্ষর গেঁয়োঁ কবির বাঁধা একটি গান শুরুন :
'যা রে কোকিলা তুই,

আমার প্রাণপতি গেছে যে দেশে।

এমন করে জ্বালাতন

করিস্ নে আর নিজ্যি এসে। শুনে তোর কুহুস্বর উসকে ওঠে পরাণ আমার,

প্রাণপতি মোর গেছে গাঙের পার,
 তুই ছাড় গে তথা কুহুষর।''

এ হচ্ছে আকাটা হীরার মত। শিক্ষিত কারিকর একেই মেজে ঘষে করে তুলতে পারেন অত্যস্ত অসাধারণ। লোকসাহিতার দিকে রবীন্দ্রনাথ বহুকাল পূর্বেই আমাদের দৃষ্টি আকর্ষণ করেছিলেন। এবং তারপর লোকসঙ্গীতও ষে কি বিচিত্র সৌন্দর্যের থনি, মূরকার রবীন্দ্রনাথ তারও উজ্জল প্রমাণ দিজে থাকী রাখেন নি। আগে যে সব সূর হেটো বা মেঠো বলে শিক্ষিতদের গানের বৈঠকে ঠাই পেত না, তিনি সেইগুলিকেই এমন স্থকোশলে ব্যবহার করে জাতে তুলে নিয়েছেন যে. বিদ্ধুজনদেরও মনের প্রত্যেক ভাব তারা ব্যক্ত করতে পারে অনায়াসেই। কেবল তাই নয়, মার্গসঙ্গীতের যে সব রাগ-রাগিণী আগে নিজেদের কৌলিস্থার্য বজায় রাথবার জন্মে লোকসাধারণের পথ মাড়াতে রাজী হ'ত না, তিনি তাদেরই ধরে মেঠো ভাটিয়ালী ও বাউল প্রভৃতি চলতি সুরের সঙ্গে মিলিয়ে অচ্চেন্ত বন্ধনে বেঁধে সৃষ্টি করে গিয়েছেন অপূর্ব সৌন্দর্যনোক।

নৃত্যশিল্পী উদয়শঙ্কর বলেছেন, "Everything is Folk!" তাঁর মতে, ভারতের মত লোকনত্যের বিপুল ভাণ্ডার পৃথিবীর আর কোথাও নেই। যথার্থ গুণীর হাতে যথাযথভাবে বাবহৃত হলে লোকনতাও অনক্যমাধারণ হয়ে উচ্চশ্রেণীব রূপরিসিকদেরও আনন্দ বিধান করতে পারে। উদয়শঙ্করের এই মত যে অভ্রান্ত, তাঁর দারা পরিকল্পিত গ্রামা উৎসব, ঘেসেড়া, ভাল, বিদায়ী ও রামলীলা প্রভৃতি নৃত্য দেখলেই বুঝতে বিলম্ব হয় না।

দরিদ্ররা ধনপতি হলে পূর্ব-দারিদ্রের কথা ভূলে যায়, নিজেদের উচ্চতর শ্রেণীর লোক বলে মনে করে। তাদের বংশধররা আবার আরো উচু ধাপে উঠে নিজেদের অভিজ্ঞাত বলে ভাবতে থাকে এবং জনসাধারণের সঙ্গে সঙ্গপর্ক পর্যন্ত ভূলে দিতে চায়। সকল শ্রেণীর শিল্পই ছিল আগে লোকশিল্প। কবিতা, গান, নাচ ও ছবির জন্ম হয় লোকসাধারণের মধ্যেই। তারপর সভ্যতা ও সংস্কৃতির ক্রমোন্নতির সঙ্গে সঙ্গে আট ভূলে যায় নিজের শৈশবের কথা, লোকসাধারণের ধারণার বাইরে গিয়ে দাঁড়িয়ে সগর্বে প্রচার করে—আমি অভিজ্ঞ, আমি বড়লোক, আমি ছোটলোকের শেলনা নই।

দশ হাজার বংসর আগে ফান্স ও স্পেন ছিল অসভা। কিন্তু তথনকার শিল্পীরা গিরিগুহার দেওয়ালে যে সব ছবি এঁকে রেখেছিল বর্তমান যুগের মান্নুষরাও তা দেখে অবাক হয়ে যায়। তারপর যুগে যুগে চিত্রকলা যাত্রা করেছে বিভিন্ন পথে, নিজেকে আবদ্ধ করেছে নানা বিধিবিধানের বন্ধনে, আদিম স্বাভাবিকতা হারিয়ে হরেক রকম ইজম্'-এর দাসত্ব করে হতে চেয়েছে বিচিত্র, হতে চেয়েছে লোক-সাধারণের পক্ষে তুর্বোধা।

কিন্তু আ্জও পৃথিবীর যেখানে অসভ্য জাতিরা আদিম মানুষদের মত জীবনযাত্রা নির্বাহ করে, সেথানকার শিল্পীরা কাজ করে, ছবি আঁকে সেই দশ হাজার বংসর আগেকার পদ্ধতিতেই। কাল হিসাবে দক্ষিণ আফ্রিকার 'বুসম্যানরা' আধুনিক যুগেরই লোক। কিন্তু তাদের আঁকা ছবি দেখলে মনে পড়বে সেই দশ হাজার বংসর আগেকার শিল্পীদেরই কাজ—কি রেখায়, কি বর্ণে, কি পরিকল্পনায। অস্ট্রেলিয়ার আদিবাসীদের আধুনিক বংশধরদের দারা অঙ্কিত চিত্র সম্বন্ধেও প্রায় ঐ কথাই বলা যায়।

পাশ্চাতা দেশের একাধিক অতি-আধুনিক শিল্পী ফিরে থেতে চাইছেন আবার প্রাগৈতিহাসিক যুগের দিকে। ফোর্ড মাডেক্স ব্রাউন, হোলম্যান হান্ট ও রোসেটি প্রভৃতি উনবিংশ শতাব্দীর কয়েকজন চিত্রকরের দৃষ্টি ছিল যেমন রাফাএল প্রভৃতির পূর্ববর্তী যুগের দিকে, এরাও তেমনি আকৃষ্ট হয়েছেন দশ হাজার বংসর আগেকার শিল্পীদের দ্বারা। তাই এঁদের হাতের কাজে খুঁজে পাওয়া যায় আদিম শিল্পের প্রভাব। হয়তো এই দৃষ্টিভঙ্গিয় পরিবর্তন সার্বজনীন হবে না এবং হয়তো দীর্ঘস্থায়ী হবে না চলমান মেশ্বের ছায়ার মত এই সাময়িক রেওয়াজ, তবু আদিম কালের স্বভঃকুর্ত স্বাভাবিকতা যে আকৃষ্ট করেছে অতি-আধুনিকদেরও, সে বিষয়ে কোনই সন্দেহ নেই। কেবল আদিম ছবি কেন, শিশুদের আঁকা যে সব ছবি দেখলে আগে আমাদের কাকের ছানা বকের ছানার কথা

স্থরণ হ'ত, তার ভিতরেও এঁরা পাচ্ছেন নৃতন নৃতন সৌন্দর্যের সন্ধান।

আমাদের দেশেও প্রকাশ পাচ্ছে একটা নৃতন দৃষ্টিভঙ্গি।

ছেলেবেলায় যখন গুরুজনদের সঙ্গে কালীঘাটে যেতুম এবং চিত্রকলার ভালো-মুন্দ কিছুই বুঝতুম না, তথন আমাকে সবচেয়ে আরুষ্ট করত সেথানকার পটুয়ারা। তাদের কর্মশালার প্রান্তে চুপ্পকরে দাঁজিয়ে কৌত্হলী ও বিশ্বিত চোথে নিরীক্ষণ করতুম পটুয়াদের হাতের কাজ। নিজের মনে তারা এঁকে যেত ছবির পর ছবি, কেমন নিশ্চিত হাতে রেখার পর রেখা টেনে, কত অবলীলাক্রমে। অধিকাংশই ছিল গার্হস্তা ছবি, লোকে হেলাভরে বলত কালীঘাটের পট। সেগুলিকে কেউ আর্টের নিদর্শন বলে গ্রহণ করত না এবং তাদের ক্রেতাও ছিল না শিক্ষিত ভদ্রলোকরা। কিন্তু আজ উচ্চশ্রেণীর রূপরসিকদের মুখেও তাদের প্রশংসা শোনা যায় এবং ঘটা করে কালীঘাটের পটের প্রদর্শনী খুললে তা দেখবার জন্তে মনীযারাও আগ্রহ প্রকাশ করেন। আগে আমরা যাদের তাচ্ছিল্য করে পোটো' বলে ডাকতুম, আজ তাদের শিল্লী বলে স্বীকার করতেও আমরা নারাজ নই। দৃষ্টিভঙ্গি বদলাচ্ছে বৈকি। আর তা বদলাচ্ছে বলেই আজ শিল্লী যামিনী রায় প্রেয়েছন অসংখ্য সমন্ধদার।

কিন্তু দৃষ্টিভঙ্গি সহজে বা অকারণে বদলায় না, তা পরিবর্তিত হতে পারে প্রতিভার প্রভাবেই। অনেকদিন আগে থেকেই বাংলা দেশে সচিত্র প্রাচীন পুঁথি প্রভৃতি আবিষ্কৃত হয়ে আসছে, সেই সব পটের সঙ্গে আমাদের শিক্ষিত ব্যক্তিরা ছিলেন স্পরিচিত। তাদের বিষয়বস্তু, তুলির লিখন এবং পরিকল্পনা কালীঘাটের পটের চেয়ে যথেষ্ট উন্নত হলেও তা দেখে কারুর মনে জাগেনি কোন সন্তাবনার ইঙ্গিত। সংস্কৃত ভাষারুও চেয়ে সে সব ছবির ভাষা ছিল অধিকতর মৃত। তা দেখে পরিতৃপ্ত হ'ত নয়নমন, ঐ পর্যন্ত । বাউল বা মেঠো সুর শুনেও আ্মাদের মন নাড়া পেয়েছে, কিন্তু তবু তাদের মুখনাড়া খেতে হয়েছে উপেক্ষণীয় লোকসঙ্গীত বলে এবং বৈঠকী ওস্তাদরাও দিতেন না তাদের পাতা। তাদের উচ্চাসনে তুলে পঙ্ক্তিভুক্ত করার জন্মে দরকার হয়েছে রবীক্রনাথের মত সরস্বতীর বরপুত্রকে।

বাংলাদেশে বড় বড় শিল্পীর অভাব ছিল না, কিন্তু প্রাচীন বাংলার ঘরোয়া পট রচনা পদ্ধতি অবলম্বন করে যে বর্তমান কালেও মুগোপযোগী উচ্চজ্রেণীর কলাবস্তু প্রস্তুত করা যেতে পারে, এটা দেখবার মত দৃষ্টিশক্তির অভাব ছিল যথেষ্ট। আমাদের শিল্পীরা যখন প্রতীচ্যের নানাবিধ ''ইজন্''-এর দারা বিভ্রান্ত হয়ে আত্মপ্রকাশের পথ খুঁজে পাচ্ছেন না, যামিনী রায় তথন রূপলক্ষ্মীর মূর্তি গঠনের জন্মে উপকরণ সংগ্রহে নিয়ুক্ত হলেন গৌড় বাংলার নিজম্ব প্রশ্বন্ধ-ভাণ্ডারে। কিন্তু তিনিও একেবারে নিজের পথ কেটে নিতে পারেন নি। প্রথম প্রথম তিনিও একে বারে নিজের পথ কেটে নিতে পারেন নি। প্রথম প্রথম তিনিও এক সবছবি এঁকেছিলেন, যাদের ভিতর থেকে আবিষ্কার করা যায় পাশ্চাতা প্রভাব, চৈনিক প্রভাব বা অন্য কোন প্রভাব। তারপর তার দৃষ্টিভঙ্গী বদলে গেল কেন জানি না; হয়তো বঙ্গকুললক্ষ্মী মাইকেলের মত তাঁকেও ফুপ্রে দেখা দিয়ে বলেছিলেন:

"ওরে বাছা, মাতৃকোষে রতনের রাজি, এ ভিখারী-দশা তবে কেন তোর আজি ? যা ফিরি, অজ্ঞান তুই, যা রে ফিরি ঘরে।"

শিল্পী যামিনী রায়ের অপরপ রেখাকাবাগুলি বাংলার খাঁটি প্রাণপদার্থ দিয়ে গড়া। তার মধা "বহু যুগের ওপার থেকে" ভেসে আসে সাবেক বাংলার সোঁদা মাটির গন্ধ এবং সেই সঙ্গে পাওয়া যায় হাল বাংলার পরিচিত প্রাণের ছন্দ। নব নব পরিকল্পনায় উচ্ছুসিত হয়ে ওঠে বসরপের যে নির্মল আনন্দ, কোথাও কোন বিজাতীয় মনোরত্রির এডটুকু ছোয়া করতে পারে না তাকে পরিয়ান। নিশ্চিত হাতের টানে আঁকা চিত্রাপিত ও লীলায়িত রেখার সমারোহের মধ্যে স্বত্রই অনুভব করা যায় ভাবসাধক শিল্পীর মনের গভীর নিষ্ঠা।

এই বিকৃত ও সধঃপতিত সভিসভ্যতার সুগে পাশ্চাত্য শিক্ষাদীক্ষার মধ্যে লালিতপালিত হয়েও, নকা কাংলার এক শিল্পী ঠাকুরঘরে ঢুকে ইষ্টদেবীর গঙ্গোদকে ধোয়া পৃজানেদীর শুচিগুল্লতা এমনভাবে রক্ষা করতে পেরেছেন দেখে মনে জাগে চব্য বিশ্বয়ের সঙ্গে প্রম পুলক।

পথ ঠিক হুযে গেল—দে পথের শেষ নেই। জীবন সংকিপ্ত,
কিন্তু আট অনন্ত। শিল্পী যামিনী রায় সাধনমার্গে অগ্রসর হলেন
এবং এখনো অগ্রসর হচ্ছেন। হালে "মাসিক বস্ত্রমতী"তে তাঁর
আকা "বাঙলায় ছাভিক" নামে ছবির প্রতিলিপি প্রকাশিত হয়েছে।
একটি মাত্র কৃষ্ণালসার মৃতি বা অতা কোন মর্মন্তুদ বীভংস দৃশ্য নেই।
আতান্ত সহজ প্রতীকের সাহাযো নিরন্ন গৃহস্থবাড়ীর অরন্ধনের কথা
বোঝাবার চেপ্তা করা হয়েছে। কিছুকাল আগে তাঁর চিত্রশালায়
গিয়েছিলুম। দেখলুম তিনি এক অভিনব বিষয়বস্তু নিয়ে পরীক্ষায়
নিযুক্ত হয়েছেন।

ফগাঁয় গগনেন্দ্রনাথ ঠাকুব কিউবিস্টাদের পদ্ধতির সাহায্য নিয়ে কয়েকথানি ছবি এঁকেছেন। সেই সব ছবি দেখে বিখ্যাত রূপরসিক ডক্টর এইচ্ কজিন্স মতপ্রকাশ করোছলেন, যে দেশে কিউবিজমের জন্ম সেই য়ুরোপের শিল্পীরাও তেমন চমংকার ছবি আঁকতে পারেন না। শের কারণ, গগনেন্দ্রনাথ নকলিয়ার কর্তব্য পালন করেন নি। প্রতিভাবান ভারতীয় শিল্পীর হাতে এসে রূপান্তর গ্রহণ করেছিল য়ুরোপীয় পদ্ধতি।

কলকাভায় বড়দিনের মরস্থমে চিত্র-প্রদর্শনী খোলা হয়। গত তিন চার বংসরের প্রদর্শনী দেখে মনে ধারণা হয়, বাংলার অতি-আধুনিক চিত্রকলা ক্ষীয়নাণ হয়ে পড়ছে দিনে দিনে। শিল্পীর পর শিল্পী পাশ্চালা সব 'ইড্ম' নিয়ে প্রমন্ত হয়ে উঠেছেন, কিন্তু তা পরিপাক করতে পারেন নি একেবাবেই। ফলে সে সব উদ্ভট ছবি পাশ্চাতা ইজ্ম'-এর বার্থ ভানরর্থক অনুকরণ ছাড়া আর কিছুই হয়নি। প্রাচ্যে বা প্রতীচো কোখাও তাদের ঠাই নেই। এখন যামিনী রায়ের ন্তন পরীক্ষার কথা বলি। য়ৢরোপের মধ্যযুগের ধুরদ্ধর চিত্রকররা খ্রীষ্টের জীবনীমূলক অজস্র ছবি এঁকেছেন। খ্রীষ্টধর্ম সম্পর্কীয় সেই সব নরনারীর মূর্তিকে যামিনী রায় এঁকে দেখিয়েছেন বাংলার নিজস্ব পটরচনাপদ্ধতিতে। শিল্পী নকল বার্ণপ্রভাবের ধার ধারেন নি, দেখাতে চেয়েছেন দেশী পদ্ধতিতে বিদেশী মামুষদের। বাংলার পটশিল্পে খ্রীষ্টদেব ও মেরী মাতা! শিল্পী অসঙ্গতির মধ্যেই অল্পেষণ করেছেন সঙ্গতির ছন্দ। প্রাচীনকালে গাদ্ধারের ভারতীয় ভাস্কররাও বুদ্ধদেবের মূর্তি গড়বার সময়ে এই রকম চেষ্টা করেছিল, কিন্তু তারা গ্রীক প্রভাব থেকে মুক্ত হতে পারে নি।

যামিনী রায় একাধিকবার বাংলা রঙ্গালয়ের দৃশ্য-পরিকল্পকের কার্যভার গ্রহণ করেছেন। কিন্তু সে ক্ষেত্রেও তিনি বাংলার পট-পদ্ধতি বর্জন করেন নি। বাংলার পট হচ্ছে প্রধানতঃ আলঙ্কারিক আর্ট। তাই রঙ্গমঞ্চের উপরেও তার মধ্যে হয়নি ছন্দঃপাত।

শিল্পী যামিনী রায় আজ হয়েছেন ফশস্বী। কেবল স্বদেশী বিদেশী বহু প্রখ্যাত রূপরসিকের অভিনন্দন নয়, লক্ষ্মীলাভও করেছেন। কিন্তু বহুকাল পর্যন্ত তার যাত্রাপথ হয়নি কুম্মান্তত। তাঁর রেখায় লেখা কবিতা দৃষ্টি আকর্ষণ করে বটে, কিন্তু অনেক সময়েই তাঁর আর্ট হয় Abstract, তিনি প্রকাশ করতে চান অমৃতিকে, দৃষ্টান্তম্বরূপ পূর্বক্থিত "বাঙলায় ছর্ভিক্ষ" ছবিখানির উল্লেখ করতে পারি। ওর মধ্যে চিন্তাশীলতা থাকতে পারে, কিন্তু জনসাধারণ অমৃত শিল্প নিয়ে মন্তক ঘর্মাক্ত করতে প্রন্তুত নয়। বহু শিক্ষিত ব্যক্তি আমার বাড়ীতে তাঁর আঁকা চিত্রাবলী দেখে সেগুলির সার্থকতা সম্বন্ধে প্রচুর সন্দেহ প্রকাশ করেছেন। আমি সাধ্যমত তাঁদের বোঝাবার চেষ্টা করেছি, কিন্তু সে চেষ্টা সফল হয়েছে বলে মনে হয় না। সেই জন্মেই বহুকাল পর্যন্ত তিনি অর্থকর লোকপ্রিয়তা; অর্জন করতে পারেন নি।

তিনি আমার দীর্ঘকালের বন্ধু, তাঁকে জানি ঘনিষ্ঠভাবেই। সময়ে সময়ে তাঁকে ভোগ করতে হয়েছে দারুণ অর্থকন্ত। দারিদ্রা অপমানকর নয় বটে, কিন্তু বহু শিল্পীর পক্ষেই মারাত্মক। শিল্পী যামিনী রায় বিনা অভিযোগে মৌনমুথে এই দারিদ্রা-জ্বালা সহ্য করেছেন, তরু নিজের পদ্ধতি ছেড়ে অহ্য কোন লোকপ্রিয় পদ্ধতি গ্রহণ করেননি, কলালক্ষ্মীর আশীর্বাদ পেয়েই পরিতৃষ্ট ছিলেন। অবশেষে জয়পাভ করেছে প্রতিভাই। যে লক্ষ্মীদেবীর হাতে থাকে ঝাঁপি আর পায়ের তলায় থাকে পেচক, অবশেষে তাঁরও মুখ হয়েছে প্রসর।

শ্রীকালিদাস রায় প্রভৃতি

কত ফুল মুকুলেই ঝরে পড়ে, আবার কত ফুল খানিক ফুটে উঠেও আর ভালো করে ফোটে না।

সুকান্ত ভট্টাচার্যকে পরলোকে যাত্রা করতে হয়েছে বালকবয়স পার হয়েই—আঠারো উতরে উনিশে পা দিয়ে। এই বয়সেই তিনি নিজের জন্মে একটি নৃতন পথ কেটে নিয়েছিলেন। কিন্তু ছদিনেই ফুরিয়ে গেল তাঁর সেই পথে পদচারণ করবার মেয়াদ। আঠারো শতাব্দীতে আঠারো বংসর বয়সে বিলাতের কবি চ্যাটারটন মারা পড়েন। ইংরেজরা এই অকালমৃত্যুর জন্মে আজও ছঃখপ্রকাশ করে। সুকান্তের কথা মনে করলেই আমার চ্যাটারটনের কথা স্থরণ হয়।

উঠতি বয়সে শ্রীমোহিতলাল মজুমদার ও আমি স্বর্গীয় কুমুদনাথ লাহিড়ীর সঙ্গে হামেশাই ওঠা-বসা করতুম। কাব্য-কাকলীর মধ্য দিয়ে কেটে যেত দীর্ঘকাল। কুমুদনাথ খুব ভালো কবিতা লিখতেন। তাঁর স্বকীয়তা ছিল যথেষ্ট, কারুর দারাই হন নি তিনি প্রভাবান্বিত। রবীন্দ্রনাথের দেখাদেখি আজকাল মিলহীন কবিতা লেখার রেওয়াজ্ঞ হয়েছে। কিন্তু কুমুদনাথ ছাড়া তাঁর সমসাময়িক কোন কবিই বেমিল কবিতা-রচনা করতেন বলে মনে পড়ে না। এখানেও ছিল তাঁর ন্তনত। "বিল্বদল" নামে তাঁর রচিত একথানি কবিতার বইও সমালোচকদের নারা সাদরে গৃহীত হয়েছিল। কিন্তু অকালে তিনি মারা গেলেন। লোকেও ভুলে গেল তাঁর কথা।

আবার এনন সব কবিরও নাম করতে পারি, উদীয়মান অবস্থায় অল্পবিস্তর যশ অর্জন করেই ছেড়ে দিয়েছেন যারা কাব্যসাধনা। কেন যে ছেড়ে দিয়েছেন, তা ভালো করে বোঝা যায় না। হতে পারে, তাঁরা হয়তো কবিতা রচনা করতেন খেলচ্ছেলেই, ছিল না তাঁদের কবি হবার উচ্চাকাজ্জা। কিংবা হয়তো তাঁদের প্রেরণা ছিল স্বল্পবিটা। যেনন কোন কোন ছোট নদী গান গেয়ে জলবেণী। ছিলিয়ে খানিকদুর এগিয়ে হারিয়ে যায় উবর নক-সিক তায়।

এমনি একজন কবি হচ্ছেন শ্রীফণীন্দ্রনথে রায়। গাঁদের লেখার বজারে চলত "অর্চনা" পত্রিকা, তিনি ছিলেন তাঁদেরই অক্যতম। গাঁগুও লিখতেন, পাগুও লিখতেন—যদিও কবিতার দিকেই তাঁর ঝোঁকছিল বেশী এবং কবিতা রচনা করে তিনি পাঠকদের দৃষ্টিও আকর্ষণ করেছিলেন। তার একখানি কবিতার বই প্রকাশিত হয়েছিল, তার নাম "লয়"। একদিক দিয়ে নামটি সার্থক হয়েছে, কারণ তারপর ফণীন্দ্রনাথের আর কোন কাব্যপুঁথি বাজারে দেখা দেয় নি। তিনি আজও বিগ্রমান, কিন্তু কবিতার খাতায় আর কালির আঁচড় কাটেন না। তার ছিল নিজম্ব তাষা, ভঙ্গিও বক্তবা, তার মধ্যে ছিল যথেষ্ট সন্থাবনা। তিনি ধনী না হলেও অর্থাভাবে কট্ট পান নি, আজও পায়ের উপরে পা দিয়ে বেসে নিশ্চিন্ত মনে সরকারী পেন্সন ভোগ করছেন। কেন তিনি কবিতাকে ত্যাগ করলেন ? নিশ্চয়ই প্রেরণার অভাবে। শক্তির চেয়েও কার্যকরী হচ্ছে প্রেরণা।

তিনি লেখা ছেড়েছেন বটে, কিন্তু "অর্চনা" দলের আরো কেউ কেউ সাহিত্যক্ষেত্রে নাম কিনেছেন এবং আজও লেখনী ত্যাগ করেন নি। যেমন শ্রীকেশবচন্দ্র গুপ্ত ও শ্রীমমরেন্দ্রনাথ রায় ·(ফণীন্দ্রনাথের অনুজ)। আমিও "সর্চনায়" হাতমক্স করতুন — িলিখতুম কবিতা, গল্প ও প্রবন্ধ।

ফণীন্দ্রনাথের সঙ্গে জড়িত আছে আনার জীবনস্থৃতির খানিকটা। প্রায় প্রত্যইই তাঁর বাড়ীতে আমাদের একটা সাহিত্য-বৈঠক বসত এবং মাঝে মাঝে সেখানে এসে যোগ দিতেন কবিবর অক্ষয়কুমার বড়াল। খোশগল্পের সঙ্গে চলত সাহিত্য নিয়ে আলোচনা। অক্ষয়কুমার ছিলেন রবীন্দ্রনাথের সতীর্থ ও কবিবর বিহারীলালের শিশ্য। আবার বঙ্কিমচন্দ্রের "বঙ্গদর্শনে"র লেখক। তাঁর মুখে শুনতে পেতুম সেকালকার সাহিত্যিকদের কথা। কোন কোন দিন ফণীন্দ্রনাথ হারমোনিয়াম নিয়ে বসতেন, আর আমি গাইতুম গান। সেই কাঁচা বয়সে জীবনে ছিল না কোন কাজেরই ঝুঁকি, তাই রবীন্দ্রনাথের ভাষায় শুধু অকারণ পুলকেই গাইতে পারত প্রাণ ক্ষণিকের গান ক্ষণিক দিনের আলোকে। সেদিন আর ফিরে আসবে না; মানুষের জীবন, সাহিত্য ও চারুকলাও হয়েছে এখন বস্তুতন্ত্রী।

অনেকে অকালে করে পড়েছেন এবং অনেকের প্রেরণা অল্পদিনেই ফুরিয়ে গিয়েছে বটে, কিন্তু তা সত্ত্বেও যে সময়ের কথা বললুম,
বাংলা সাহিত্যের দরবারকে তথন মুখরিত করে তুলেছিল বহু কবির
কলকণ্ঠ। রবীন্দ্রনাথ, দিজেন্দ্রলাল রায়, দেবেন্দ্রনাথ সেন,
অক্ষয়কুমার বড়াল, গোবিন্দচন্দ্র দাস ও রজনীকান্ত সেন প্রভৃতি
অগ্রজগণ বিরাজমান ছিলেন সগোরবে। উদীয়মান কবিরূপে
প্রশস্তি অর্জন করেছেন যতীন্দ্রমোহন বাগচী, সত্যেন্দ্রনাথ দত্ত,
করুণানিধান বন্দ্যোপাধাায় ও প্রাকুমুদরঞ্জন মল্লিক প্রভৃতি।
কয়েকজন মহিলা কবিও তথন সকলের দৃষ্টি আকষণ করতেন—যেমন
কামিনী রায়, স্বর্ণকুমারী দেবী, সরোজকুমারী দেবী, গিরিন্দ্রমোহিনী
দাসী, মানকুমারী দাসী প্রভৃতি। 'মাইনর' কবিরূপে স্থপরিচিত্ত
ছিলেন রন্নীমোহন ঘোষ, বরদাচরণ মিত্র ও রসময় লাহা প্রভৃতি।

কাব্যজগৎ যখন সরগর্ম, তখন তাঁদের পরে দেখা দেন

শ্রীকালিদাস রায়। বহু পত্রিকার পাতা ওন্টালেই দেখতে পেতৃমা এই তিনজন কবির কবিতা—জীবেন্দ্রকুমার দত্ত, শ্রীকুমুদরঞ্জন মল্লিক ও শ্রীকালিদাস রায়।

আজকের পাঠকরা জীবেন্দ্রকুমারকে জানে না। তাঁর দেশ ছিল চট্টগ্রামে। কলকাতার সাহিত্য-পরিষদ-ভবনে একবার তাঁর সঙ্গে 'আমার দেখা হয়েছিল। তিনি ছিলেন পঙ্গু, পদযুগল ব্যবহার করতে পারতেন না। কিন্তু তাঁর সাহিত্যশ্রম ছিল অশ্রান্ত। বিভিন্ন পত্রিকার মাধ্যমে তাঁর রাশি রাশি রচনা পড়ুয়াদের সামনে এসে হাজির হ'ত। কাব্যকুঞ্জে বাস করেই বোধ হয় তিনি নিজের পঙ্গু দেহের হুঃখ ভূলতে চাইতেন। "নির্মাল্য" "তপোবন" ও "ধ্যানলোক" প্রভৃতি কাব্যগ্রন্থ প্রকাশ করে তিনি পরলোক গমন করেন।

কুমুদরঞ্জনও পাড়াগেঁয়ে কবি। বহুকাল আগে একবার মাত্র তাকে দেখেছিলুম আমাদের "ভারতী" বৈঠকে। ছোটখাটো একহারা মান্তুষ, সাদাসিধে বেশভূষা ও কথাবার্তা, কোনরকম চাল নেই। গ্রাম্য স্ক্লের শিক্ষক, নজরুল ইসলাম কিছুদিন তাঁর কাছে ছাত্রজীবন যাপন করেছিলেন। কুমুদরঞ্জনের বয়স এখন সন্তরের কাছাকাছি, কিন্তু যে নিষ্ঠা ও উৎসাহ নিয়ে তিনি কবিজীবন শুরু করেছিলেন, আজও তা সম্পূর্ণ অব্যাহত আছে। আগেও রচনা করতেন রাশি রাশি পঢ়া এবং এখনো পত্রিকায় পত্রিকায় কবিতা পরিবেশন করেন ভূরি পরিমাণেই। তিনিই হচ্ছেন সত্যকার স্বভাবকবি। শহর থেকে নিরালা পল্লীপ্রকৃতির শ্যামস্কুন্দর স্লিম্মছায়ায় কসে আপন মনে গান গেয়ে যায় বনের পাখী, তিনি হচ্ছেন তারই মত।

কালিদাসও গোড়ার দিকে দস্তুরমত কোমর বেঁধে নিযুক্ত হয়েছিলেন কবিতারচনা কার্যে এবং বেশ কিছুকাল ধরে পূর্ণোগুমে চালিয়ে গিয়েছিলেন কবিতার কারখানা। কিন্তু ইদানীং তিনি যেন উৎসাহ হারিয়ে হাত গুটিয়ে বসে থাকতে চান। সম্পাদকের তাগিদে কথনো-কথনো রচনা করেন তুই একটি কবিতা। কুমুদরঞ্জনের মত কবি যতীন্দ্রমোহন বাগচীও সত্তর বংসর বয়সেও বিনা তাগিদে পরম উৎসাহে কবিতা রচনা করতেন। কিন্তু করুণানিধান ও কালিদাস যাট পার হবার আগেই কবিতার সঙ্গে করে এসেছেন ছুয়োরানীর মত ব্যবহার। করুণানিধান তো লেখনী ত্যাগ করেই বসে আছেন। করেঁক বংসর আগে আমি যখন "ছন্দা" পত্রিকার সম্পাদক, করুণানিধানের কাছ থেকে একটি কবিতা প্রার্থনা করি। তিনি পত্রোত্তরে জানালেন, কবিত। টবিতা তাঁর আর আসে না।

কালিদাস কিন্তু একেবারে কলম ছাড়েন নি। মাঝে নাঝে আর্মস্বর পাল্ল এবং সেই সঙ্গে গপেকারত বেশী মাত্রায় গল্প রচনা নিয়ে ব্যাপুত হয়ে থাকেন। তিনি নাকি স্থালপাঠ্য পুস্তক লেখেন, যা আমার চোথে পড়বার কথা নয়। কিন্তু বিভিন্ন পত্রিকায় প্রকাশিত তার সাহিত্যনিবন্ধগুলি অমি পড়ে দেখেছি। সেগুলি স্থাপাঠা রচনা।

তিনি নিজেও শিক্ষাব্রতী। স্কুলপাঠ্য পুস্তক লিখে অর্থ পাওয়া যায়, জীবনধারণের জন্মে যা অত্যন্ত দরকার। কবিতা যশ দিতে পারে, কিন্ত বিত্ত দেবার শক্তি থেকে সে বঞ্চিত। সংসারী হয়ে জীবনের উত্তরার্ধে এই সত্যটা উপলব্ধি করেই হয়তো কবিতার ঝোক কমে গিয়েছে কালিদাসের।

হয় "যমুনা", নয় "মর্মবাণী" কার্যালয়ে বসে আমি একদিন কবি
করুণানিধানের সঙ্গে বাক্যালাপ করছিলুম। এমন সময়ে একটি
যুবক ঘরের ভিতরে প্রবেশ করলেন। দোহারা চেহারা, মুখখানি
হাসি-হাসি, কিন্তু স্বাত্রে দৃষ্টি আকৃষ্ট হয় তার ঘনকৃষ্ণ বর্ণের দিকে।
তিনি হেঁট হয়ে পায়ের ধুলো নিয়ে করুণানিধানকে প্রণাম করলেন।

করুণানিধান আমার দিকে তাকিয়ে বললেন, "ইনি কবি কালি-দাস রায়।"

মনে মনে ভাবলুম, পুত্রের বর্ণ দেখেই পিতা বোধ হয় নামকরণ এখন বাদের দেখছি

করেছিলেন, অনেকের মত কানা ছেলেকে পদ্মলোচন বলে মনকে দিতে চান নি প্রবোধ।

তারপর জেনেছিলুম কালিদাস কালো চামড়ার তলায় ঢেকে রেখেছেন নিজের পরম শুদ্র ও শুদ্ধ চিন্তটিকে। দলাদলির ধার ধারেন না, বড় বড় সাহিত্যবৈঠকেও তাঁকে দেখেছি বলে মনে পড়েনা। জনতা থেকে দ্রে একান্তে থাকতেই ভালোবাসতেন। প্রাণ্খুলে সমসাময়িকদের প্রশংসা করতে পারেন। যখন আমার "যৌবনের গান" নামে কাব্যগ্রন্থ প্রকাশিত হয়েছিল, তখন তাঁর সঙ্গে আমার দেখাসাক্ষাৎ হ'ত না বললেই চলে এবং এখনো তাঁর দেখা পাই কালেভদ্রে এখানে ওখানে। হঠাৎ একদিন সবিশ্বয়ে দেখলুম, একখানি পত্রিকায় 'যৌবনের গানে''র উপরে কালিদাসের লেখা একটি প্রশক্তিপূর্ণ কবিতা প্রকাশিত হয়েছে।

কালিদাদ কবিতার বই প্রকাশ করেছেন অনেকগুলি—যেমন "কুন্দ", "পর্নপুট", "বল্লরী". "রসকদশ্ব". "ব্রছবেণ্", "লাজাঞ্জলি", "ঝতুমঙ্গল" ও "জুদকুঁড়া" প্রভৃতি। যথন কাশিমবাজারের স্কুলে পড়তেন, পন্থ লেখা শুরু করেছিলেন তথন থেকেই। মাসিক পত্রিকায় আত্মপ্রকাশ করবার আগে সভায় প্রথম যে কবিতা পাঠ করেন, তার মধ্যে ছিল মন্থ ও মন্থপায়ীদের বিরুদ্ধে প্রচণ্ড আক্রমণ। আজও তাঁকে 'পিউরিট্যান' কবি বলে বর্ণনা করলে অত্যুক্তি হবে না। স্কুলের চেয়ারে বদে হয়েছেন পাকা মাস্টারমশাই—ছেলেদের দেন হিতোপদেশ। বাড়ীতে ফিরে কবির আসনে আসীন হয়েও তিনিলেখন না আর প্রেমের কবিতা। তিনি বৈষণ্ঠ কবিরা হচ্ছেন প্রধানতঃ প্রেমের কবিতী. এটা দেখেও প্রেমকে তিনি 'বয়কট' করে বদে আছেন।

মাথার চুল পাকলে কেউ যে প্রেমের কবিতা লেখে, এটাও তিনি পছন্দ করেন না। আমি তখন পঞ্চাশ পার হয়েছি। আমার এক সাহিত্যিক বন্ধু এসে বললেন, "কবি কালিদাস রায় অভিযোগ করছিলেন, এ বয়সে হেমেন্দ্র প্রেমের কবিতা লেখে কেন ?"

উত্তরে আমি বললুম. "পঞ্চাশোর্ধেও মনে বনে যাবার ইচ্ছা। ফাগেনি, তাই।"

তার পরেও তো কেটে গিয়েছে এক যুগ। এই সেদিনও "মাসিক বস্মতী"তে লিখৈছি কয়েকটি প্রেমের কবিতঃ। কবির দেহ নিশ্চয়ই বয়োধর্মের মধীন কিন্তু কবির মনের কি বয়্ন আছে? সাহিত্যগুরু রবীক্রনাথ প্রাচীন বয়্নসেও লিখেছেন প্রেমের কবিতা, প্রেমের গান, প্রেমের গার। তাঁর একটি কবিতার খানিকটা তুলে • দিলুমঃ

ওরে কবি সন্ধ্যা হয়ে এল, কেশে ভোমার ধরেছে যে পাক। ব'সে ব'সে উধ্ব' পানে চেয়ে শুনতেছ কি পরকালের ডাক গ কবি কহে. সন্ধ্যা হ'ল বটে, শুন্চি ব'সে ল'য়ে আন্তদেহ এ পারে ঐ পল্লী হ'তে যদি আজো হঠাৎ ডাকে আমার কেই : যদি হেথায় বকুলবনচ্ছায়ে মিলন ঘটে তরুণ-তরুণীতে. তুটি আঁখির 'পরে তুইটি আঁখি. মিলিতে চায় হুরন্ত সঙ্গাতে:— কে গ্রাহাদের মনের কথা ল'য়ে বীণার তারে তুলবে প্রতিধ্বনি, আমি যদি ভবের কুলে 🗥 সে • প্রকালের ভালোমন্দই গণি!"

বোধ হয় স্কুলমাস্টারী করলে মানুষের মন বুড়িয়ে যায়ঃ
এখন বাদের দেখছি
২১৫

ভাড়াভাড়ি। কয়েক বংসর আগে টালিগঞ্জে কালিদাসের বাড়িতে বেড়াতে গিয়েছিলুম। সদরে বাড়ির নাম লেখা রয়েছে—"সন্ধ্যার কুলায়"। বাড়ির নামেও জীবনসন্ধ্যার ইঙ্গিত! কবির তিনকাল গিয়ে এককালে ঠেকেছে, আসন্ধ অন্ধকারে তিনি আস্ত দেহে বিশ্রাম করবার জন্মে নিজের নীড় বেঁধে নিয়েছেন। কবির পক্ষে এ যেন বড় বাড়াবাড়ি।

কালিদাসকে ভালোবাসি, কিন্তু আজকের কালিদাসকে আমার পছন্দ হয় না। ভাবতে ভালো লাগে সেদিনকার কালিদাসের কথা, যেদিন তিনি কবিতা শুরু করেছিলেন এই ব'লে—"নন্দপুরচন্দ্র বিনা বৃন্দাবন অন্ধকার।" স্মরণ আছে, কবিতাটি মন্ত্রশক্তির মত পাঠকদের কি ভাবে আকৃষ্ট করেছিল। কবিতাটি ফিরত লোকের মুখে মুখে, তা' মুখস্ত করে ফেলেছিল বালক-বালিকারা পর্যন্ত।

শ্বরণ আছে, কবিতাটির খ্যাতি দেখে কোন কোন সাহিত্যিকের মনে হয়েছিল হিংসার উদ্রেক। অত্যস্ত অধ্যবসায় সহকারে পুরাতন সাহিত্য হাতড়ে তাঁরা প্রমাণিত করতে চেয়েছিলেন, এ কবিতাটি হচ্ছে রচনাচোর্যের দৃষ্টান্ত! আসলে কিন্তু কিছুই প্রমাণিত ইয়নি:

কালিদাসের পরে আর একজন সুকবি সাহিত্যক্ষেত্রে দেখা দেন শ্রীসাবিত্রীপ্রসন্ন চট্টোপাধ্যায় এবং ঠিক তাঁর পরেই ধ্নকেতুর মত আত্মপ্রকাশ করেন নজরুল ইসলাম।

একদিন নাট্য-নিকেতনে (এখন 'শ্রীরঙ্গম্') বসে অভিনয় দেখছি। আমার পাশেই ঠিক পাশাপাশি আসন গ্রহণ করেছেন নাট্যকার শ্রীমন্মথনাথ রায় ও কবি সাবিত্রীপ্রসন্ম।

এমন নময়ে নজরুলের আবির্ভাব।

এসেট তিনি সচীংকারে বলে উঠলেন, স্থান, আজব ব্যাপার! রঙ্গালয়ে মন্মথের পাশে সাবিত্রী! হ'ল কি ?"

সত্যই তো, সাবিত্রীর সঙ্গে মন্মথ—এমন কথা মহাভারতেও লেখে না। সেখানে যারা ছিলেন, সবাই হো হো করে হেসে উঠলেন। এমনি ভাবে লোককে হাসাতে পারতেন নজরুল। কিন্তু আজ ভাঁর নিজের হাসবার এবং অস্তকে হাসাবার পালা ফুরিয়ে গিয়েছে। . ভেবে ছঃখ পাই।

যতীক্র ভহ (গোবরবাবু)

ষগীয় বন্ধ্বর নরেজ্রনাথ বস্থ ছিলেন একজন ধনী ও সুরসিক
। ব্যক্তি। তার বসতবাড়ি ছিল মসজিদবাড়ি স্ত্রীটে প্রদিকের প্রায়
শেষ প্রান্তে। সেইখানে প্রায়ই—বিশেষ করে প্রতি শনিবারে হ'ত
বন্ধ্-সম্মিলন। যারা উপস্থিত থাকতেন তাঁদের মধ্যে বেশীর ভাগই
ছিলেন নবীন ও উদীয়মান ব্যারিস্টার। অত্যাত্য শ্রেণীর লোকেরও
অভাব ছিল না। নরেনবাবুর সাহিত্যবোধও ছিল, তাই একাধিক
সাহিত্যিকও যেতেন তাঁর বৈঠকে। তাঁদের মধ্যে একজন হচ্ছি
আমি। প্রথাত ঐতিহাসিক স্বর্গীয় রাখালদাস বন্দ্যোপাধ্যায়ের
সুবৃহৎ গ্রন্থ "বাঙ্গলার ইতিহাস" প্রকাশিত হয়েছিল নরেনবাবুরই
অর্থামুকুল্যে।

একদিন সেই বৈঠকে গিয়ে দেখলুম এক অসাধারণ মৃতি। বিপুলবপু—যেমন লম্বায়, তেমনি চওড়ায়। দেখলেই বোঝা যায়, বিষম জোয়ান তিনি। তাঁর সর্বাঙ্গ দিয়ে ফুটে বেরুচ্ছে অমিত-শক্তির প্রত্যেকটি লক্ষণ। বাঙালীদের মধ্যে তেমন চেহারা ছুর্লভ।

জিজ্ঞাসা করে জানলুম, তিনি হচ্ছেন নরেনবাবুর আত্মীয় পালোয়ান গোবরবাব্।

গোবরবারু! তার আগেই তার নাম এর-তার মুখে কিছু কিছু শুনতে পেতুম বটে, কিন্তু সে বিশেষ কিছুই নয়। যেথানে বৃহৎ বৃক্ষের অভাব সেথানে লোকে মস্ত বলে ধরে নেয় এরগুকেই। কবি বলেছেন, "অন্নপায়ী বঙ্গবাসী স্তম্যপায়ী জীব।" এদেশে তথন কেউ আখড়ায় গিয়ে মাসকয়েক কুস্তি লড়লেই পালোয়ান বলে নাম কিনে ফেলত। কিন্তু গোবরবার যখন তরুণ (প্রায় বালক) বয়সে দিতীয়বার ইংলণ্ডে যান, তখন তিনি সেখানকার সর্বপ্রেষ্ঠ মল্লদের সগর্বে দম্বযুদ্ধে আহ্বান করেছিলেন এবং তাঁর কীর্তিকাহিনী প্রকাশিত হয়েছিল "প্রবাসী" পত্রিকায়।

প্রথমে তাঁর সঙ্গে শক্তিপরীক্ষা করে স্কটল্যাণ্ডের সর্বশ্রেষ্ঠ কুস্তিগীর ক্যাম্পবেল। তাকে হার মানতে হল গোবরবাবুর কাছে। তারপর তাঁর সঙ্গে লড়তে আসে জিমি ইসেন। বেজায় তার খাতির, কারণ সে ছিল সমগ্র রটিশ দ্বীপপুঞ্জের চ্যাম্পিয়ন—অর্থাৎ সর্বশ্রেষ্ঠ বাহাছর মল্ল। ইংরেজরা মনে মনে ঠিক দিয়ে রেখেছিল যে, এই ছোকরা কালা আদমি তাদের সেরা পালোয়ানের পাল্লায় পড়ে নাস্তানাবুদ ও হেরে ভূত হয়ে যাবে। কিন্তু ব্যাপারটা হয়ে দাঁড়ালো অহ্যরকম। খানিকক্ষণ ধস্তাধস্তির পরেই ইসেন বুঝতে পারলে, গোবরবাবুর কাছে সে নিজেই ক্রমেই কারু হয়ে পড়ছে। তথন নাচার হয়ে অহ্যায় উপায়ের দ্বারা নিজের মান বাঁচাবারু জন্তে সে কৃষ্টি ছেড়ে বক্সিংয়ের পাঁচ কষলে—অর্থাৎ গোবরবাবুকে করলে মৃষ্ট্যাদ্বাত। কিন্তু নাছোড়বান্দা গোবরবাবু কুস্তির পাঁচেই তাকে করলেন কুপোকাত। "ছর্বল" ব'লে কীর্ভিত বাঙালীর ছেলে হল ইংলণ্ডের সর্বজয়ী মল্ল!

"প্রবাসী" পত্রিকায় এই অভাবিত "রোমান্সের" কাহিনী পাঠ
করবার পর থেকেই আমি হয়ে পড়েছিলুম গোবরবারর একান্ত ভক্ত।
সাহিত্যে ও ললিতকলায় কোনদিনই বাঙালীর সাধুবাদের অভাব
হয় নি। কিন্তু মল্লযুদ্ধেও বাঙালী যে বলদর্পিত ইংরেজদের গর্ব ধর্ব
করতে পারবে, সেদিন পর্যন্ত এটা ছিল একেবারেই কল্পনাতীত।
কিন্তু তখনও আমাদের মন ছিল এমন চেতনাহীন যে বৃটিশ-সিংহের
ঘরে গিয়ে তাকে লাঞ্ছিত ও পরাজিত করে প্রথম বাঙালীর ছেলে
যেদিন স্থদেশে প্রত্যাবর্তন করলেন, সেদিন পুপ্সমাল্য, পতাকা নিয়ে

তাঁকে সাদর অভ্যর্থনা করবার কথা কারুর মনেই উদয় হয় নি। বৈধি হয় আমরা ভাবতুম, পালোয়ান উচ্চশ্রেণীর মানুষ বলেই গণ্য হতে পারে না। আজও কি জাগ্রত হয়েছে আমাদের চেতনা? কত দিকে কত সফরী স্বল্পলে লাফ্ঝাঁপ মেরে এখানে জনসাধারণের ঘারা অভিনন্দিত হচ্ছে, কিন্তু য়ুরোপ-আমেরিকার প্রথম দিখিজয়ী বাঙালী যোদ্ধাঁকে তাঁর স্বদেশ আজ পর্যন্ত দিয়েছে কি কোন অভিনন্দন?

নরেনবাবুর মজলিসে জাতির গৌরব এই বঙ্গবীরকে সামনা-সামনি পেয়ে আমার মন আনন্দে উৎফুল্ল হয়ে উঠল।

একটা কথা ভেবে প্রায়ই আমার মনে জাগে বিশায়। স্বাধীন ভারতের হামবড়া কর্তাব্যক্তিরা আজ বাঙালীকে কাবু ও কোণঠাসা করবার জন্মে কোন চেষ্টারই ক্রটি করেননি। বাংলার বর্তমান রাজাপালও এই সেদিন স্পষ্ট ভাষায় বলেছেন, ভারতের অস্ত কোন বাঙালী জাতিই উচ্চতর অধিকাংশ বিভাগে সর্বপ্রথমে আধুনিক ভারতের মর্যাদা বাডাবার চেষ্টা করেছে। বাগ্মিতার জন্মে ইংলণ্ডে সর্বপ্রথমে খ্যাতিলাভ করেছিলেন ব্রহ্মানন্দ কেশবচন্দ্র সেন। আর্থ-ধর্মপ্রচারের দারা ভারতের দিকে পৃথিবীর দৃষ্টি শর্বপ্রথমে আরুষ্ট করেছিলেন স্বামী বিবেকানন্দ। ভারতের অতুলনীয় বৈজ্ঞানিক বলে সর্বপ্রথম খ্যাতিলাভ করেছিলেন আচার্য জগদীশচন্দ্র বস্থ। ভারতীয় আধুনিক কাব্য যে বিশ্বসাহিত্যে স্থান পেতে পারে, নোবেল পুরস্কার লাভ করে তা সর্বপ্রথমে প্রমাণিত করেছেন বঙ্গসাহিতাগুরু রবীন্দ্রনাথ ঠাকুর। প্রাচ্য চিত্রকলাপদ্ধতি প্রবর্তিত করে আধুনিক ভারত-শিল্পকে বিশ্বের দরবারে প্রতিষ্ঠিত করেছেন সর্বপ্রথমে শিল্পাচার্য অবনীন্দ্রনাথ ঠাকুর। ভারতীয় অভিনেতৃ সম্প্রদায় নিয়ে সর্বপ্রথমে পাশ্চাত্য দেশে দেখা দিয়েছেন নাট্যাচার্য শ্রীশিশিরকুমার ভাত্মড়ী। ভারতীয় নৃত্যকলাকে নবজন্ম দিয়ে প্রতীচ্যকে অভিভূত করেছেন এখন यारमञ्ज सम्बद्धि 575 সর্বপ্রথমে নটনস্থর শ্রীউদয়শঙ্কর এবং ভারতবধ যে অধৃষ্য মল্লের দেশ, এ সত্য য়ুরোপের চোখে আঙুল দিয়ে সর্বাত্রে দেখিয়েছিলেন গোবরবার ও শ্রীশরৎকুমার মিত্র; কারণ তাঁরাই গামা, ইমামবক্স, গামু ও আহম্মদ বক্স প্রভৃতিকে সঙ্গে করে সর্বপ্রথমে নিয়ে গিয়েছিলেন য়ুরোপে। এর আগেও আরও হুইজন ভারতীয় পালোয়ান অবশ্য য়ুরোপে গিয়েছিলেন। প্রথম হচ্ছেন প্রাচীন ভূটান সিং; কিন্তু যুবক হেকেনিমিথের কাছে তিনি পরাজিত হন। দ্বিতীয় ব্যক্তি হচ্ছেন গোলাম, ভারতে আজ পর্যন্ত যাঁর নাম অতুলনীয় হয়ে আছে। কিন্তু তুর্কী পালোয়ান আহম্মদ মন্দালীর কাছে হার মানতে হয়েছিল তাঁকেও। কিন্তু গামা ও ইমামবক্স য়ুরোপের সর্বশ্রেষ্ঠ পালোয়ানদের অনায়াসেই ভূমিসাৎ করে অজেয় নাম কিনে দেশে ফিরে আসেন। সেই-ই প্রথম যুরোপে ভারতীয় পালোয়ানদের জয়্যাত্রার সূত্রপাত।

মল্লযুদ্ধের দিকে গোবরবাবুর প্রবৃত্তি হয়েছিল সহজাতসংস্কারের জ্বয়েই। বাংলাদেশে এই পুরুষোচিত ক্রীড়ার চর্চা চলে আসছে তাঁদের পরিবারে বহুকাল থেকেই। তাঁর পিতামহ অমুবার ও ক্ষেতুবারু প্রভূত অর্থের মালিক হয়েও সাধারণ নিন্ধমাঁ ধনীদের মত কমলবিলাসীর জীবনথাপন করতেন না। মুক্তকচ্ছ হয়ে বৈষ্ণবী মায়া নিয়ে তাঁরা মেতে থাকেননি, শক্তিমন্ত্রে দীক্ষা পেয়ে তাঁরা হয়েছিলেন বীরাচারী শক্তিসাধক। বাড়িতেই ছিল তাঁদের বিখ্যাত কুস্তির আস্তানা, সেখানকার মাটি গায়ে মাখেননি, ভারতের প্রথম শ্রেণীর পালোয়ানদের মধ্যে এমন লোকের সংখ্যা বেশী নয়। এবং অমুবার ও ক্ষেতুবারু নিজেরাও ছিলেন প্রখ্যাত কুস্তিগীর, তাঁদের নাম ফিরত লোকের মুখে মুখে। কেবল বাংলাদেশে নয়, বাংলার বাইরেও। গোবরবাবুর পিতৃদেবকেও আমি দেখেছি। তিনিও কুস্তি লড়তেন কিনা ঠিক জানি না, কিন্তু খুব সম্ভব লড়তেন। কারণ দৈর্ঘ্যে ও প্রস্তে তিনিও ছিলেন বিশালকায়। এমন বলী বংশে জন্মগ্রহণ করলে যোদ্ধা না হওয়াই অস্বাভাবিক।

ধীরে ধীরে গোবরবাবুর সঙ্গে আমার আলাপ জমে উঠতে লাগল। এবং ধীরে ধীরে আমার সামনে খুলে যেতে লাগল তাঁর প্রেকৃতির নৃতন নৃতন দিক। সাধারণতঃ লোকের বিশ্বাস, পালোয়ানরা কেবল কুস্তি লড়ে, মুগুর ভাঁজে ও ডন-বৈঠক দেয় এবং অবসরকালে ভোম হয়ে থাকে ভাঙের নেশায়। জানি না গোবরবাবু বাঙালী বলেই এটা সম্ভবপর হয়েছে কি না, কিন্তু তাঁকে দেখে বুঝলুম, পালোয়ানকুলেও প্রহলাদ জন্মায়।

নরেনবাবুর বাড়ীতে কেবল গালগল্পের মজলিস বসত না। প্রতিশনিবারে সেথানে নাতিরুহৎ মাইফেলের আয়োজন হ'ত এবং প্রতিশনিবারের সক্ষ্যায় কেবল নামজাদা স্থানীয় শিল্পীরা নন, বাংলার বাইরেকার ভারতবিখ্যাত গাইয়ে-বাজিয়েও এসে আসরে আসীনহতেন : এমন দিন ছিল না, গোবরবাবু যেদিন সেখানে হাজিরা নাদিতেন। কেবল হাজিরা দেওয়া নয়, তাঁর মুখ দেখলেই বোঝা যেত, সঙ্গীতসুধা পান করছেন তিনি প্রাণমনকান ভ'রে। সন্তায় সমঝদার সাজবার জন্মে থেকে থেকে বাঁধা বুলি কপচে উঠতেন না, চুপ করে বসে বন্দে উপভোগ করতেন গানবাজনা। পরে শুনলুম তিনি নিজেও সঙ্গীতশিল্পী, তাঁকে তামিল দিয়েছিলেন প্রখ্যাত ব্যাঞ্জোবাদক স্বর্গীয় ককুভ খাঁ।

ক্রমে গোবরবাবুর সঙ্গে পরিচয় হল আরো ঘনিষ্ঠ। মাঝে মাঝে তাঁর সঙ্গে সাহিত্য সম্পর্কীয় আলোচনাও হতে লাগল। বুঝলুম পালোয়ানি প্যাচের মধ্যে পড়ে তাঁর মস্তিষ্ক আড়ন্ট হয়ে যায় নি, তাঁর স্ক্র রুসবোধ আছে, সাহিত্য-প্রসঙ্গ তুললেও তাঁর মুখ বন্ধ হয় না, স্বদেশী ও বিদেশী সাহিত্য সম্বন্ধেও খবরাখবর রাখবার জত্যে তাঁর আগ্রহের অভাব নেই।

তারপর প্রায় প্রতি সন্ধ্যাতেই বসতুম গিয়ে তাঁর বৈঠকথানায়।
আর একজন সাহিত্যিক সেথানে শিকড় গেড়ে বসলেন, তিনি হচ্ছেন
শ্রীপ্রেমান্ত্র আতর্থী। গালগল্প হ'ত, খেলাধ্লার আলোচনা হ'ত,

স্থানিয়ার বিখ্যাত বলবান ব্যক্তিদের কথা হ'ত, সাহিত্য ও অস্থাস্থা শিল্পের প্রসঙ্গও বাদ দেওয়া হ'ত না। সেখানে আরো যে সব ব্যক্তি উপস্থিত থাকতেন, তাঁদের অধিকাংশই ছিলেন গোবরবাবুর আখড়ার শিক্ষার্থী পালোয়ান এবং মাঝে মাঝে আসরাসীন হতেন বিখ্যাত ভীম 'ভবানীও। উচ্চতর আলোচনা পরিপাক করবার শক্তি তাঁদের ছিল না বটে, তবে তাঁরা চুপচাপ বসে বসে শুনতেন আমাদের কথোপকথন। এর আগেই বলেছি, ভীম ভবানী এক সময়ে বিস্থালয়ে আমার সহপাঠী ছিলেন। পরে তিনি অল্পবয়সেই লেখাপড়া ছেড়ে শক্তিচর্চা নিয়ে মেতে ওঠেন। কিন্তু সেই সঙ্গে তিনি য়িদ মানসিক উৎকর্ম সাধনের জন্মে অল্পবিস্তর অবহিত হতেন, তাহলে সিদ্ধির পথে ধিক্রিয়ই হতে পারতেন অধিকতর অগ্রসর।

দেহে ও মনে সমানভাবে শিক্ষিত যোদ্ধারা যে কতদূর অগ্রসর হুতে পারেন, আমেরিকার বিখ্যাত মুষ্টিযোদ্ধা জেনে টুনির কথা স্বরণ করলেই সে সতা উপলব্ধি করা যায়। উচ্চশিক্ষায় ও সংস্কৃতিতে টুনি ছিলেন বিদ্বজ্জনদেরই একজন, অথচ মৃষ্টিযুদ্ধ নিয়ে কাটিয়ে দিয়েছিলেন আট নয় বংসরকাল। এই সময়ের মধ্যে ভিঁনি একবার মাত্র হেরে গিয়েছিলেন প্রথাত যোদ্ধা হারি গ্রেবের কাছে। কিন্ত তারপরেই তাঁকে উপর-উপরি তিনবার হারিয়ে পরাজয়ের প্রতিশোধ নেন। টুনি যে বংসর মুষ্টিযুদ্ধ শুরু করেন, সেই বংসরেই (১৯১৯ খ্রীঃ) জ্যাক ডেম্প্ সি "পৃথিবীজয়ী" উপাধি লাভ করেন। তারপর থেকে তাঁর সামনে দাঁড়াতে পারে পৃথিবীতে এমন কেউ আর রইল না। একজন মাত্র মুষ্টিযোদ্ধাকে তাঁর সমকক্ষ বলে সকলে মনে করত, তিনি হচ্ছেন ফ্রান্সের জর্জেস কার্পেনটিয়ার। কিন্তু ১৯২১ খ্রীষ্টাব্দে ডেম্প্সি তাঁকেও মাত্র চার রাউওে হারিয়ে দিলেন। তারই তিন বংসর পরে টুনিও হারিয়ে দিলেন কার্পেনটিয়ারকে এবং ডেম্প্রিকে সুদ্ধে আহ্বান করলেন। কিন্তু মুষ্টিযুদ্ধের জগতে ওেঁম্প্ সি তথন বিরাজ করছেন নেপোলিয়নের মত, তাঁর নাগাল ধরবার জত্যে টুনিকে যথেষ্ট

বেগ পেতে হয়। অবশেষে ১৯২৬ খ্রীষ্টাব্দের শেষের দিকে টুনির সঙ্গে ডেম্প্সির শক্তিপরীক্ষা হয় এবং দশ রাউণ্ডের মধ্যে ডেম্প্সি হেরে যান। "পৃথিবীজেতা" উপাধি হারিয়ে পূর্ব গৌরব পুনরুদ্ধার করবার জুম্মে পর বংসরেই ডেম্প্সি আবার টুনির সঙ্গে মুথোমুথি হন এবং আবার হেরে যান। ডেম্প্সির পতনের পর টুনি হলেন পৃথিবীজেতা মুষ্টিযোদা ও বিশ্বল বিতের অধিকারী, কিন্তু যুদ্ধক্ষেত্র থেকে গ্রহণ করলেন চিরবিদায়। বললেন, "আমি হাতে বক্সি-এর দস্তানা পরেছিলুম কেবল টাকা রেজিগারের জত্যে। আমার সে উদ্দেশ্য সিদ্ধ হয়েছে, আর লড়াই নয়, এবার থেকে লেখাপড়া নিয়ে আমি ুকাল কাটাতে চাঁই।" আমেরিকার মুষ্টিযুদ্ধের দীর্ঘ ইতিহাসে দেখা যায়, টুনি হচ্ছেন একমাত্র "হেভি-ওয়েট" যোদ্ধা, পৃথিবীজেতা উপা।ধ লাভ করবার পরেও যিনি অঙ্গুন্ন গৌরবে বিদায় নিতে পেরেছিলেন। আর সবাই অতিরিক্ত টাকার লোভে যৌবনসীমা পেরিয়েও বার বার লড়াই করেছেন এবং অবশেষে মান ও উপাধি হারিয়ে সরে পড়েছেন চোথের আড়ালে। টুনি ছিলেন বিদ্বান, এ ভ্রম তিনি^{*} করেননি । এখন তাঁর বয়স তিপ্লাল বংসর চলছে এবং মুষ্টিযুদ্ধের আসর থেকে তিনি বিদায় নিয়েছিলেন ত্রিশ বংসর বয়স পূর্ণ হবার আগেই। কেবল টুনি নন, আমেরিকার আরো কয়েকজন মুষ্টিযোদ্ধা উচ্চশিক্ষা ও সংস্কৃতির পরিচয় দিয়েছেন।

সর্বকালেই অতুলনীয় জ্যাক জনসন। খেতাঙ্গরা তাঁকে কোনদিনই হারাতে পারত কি না কে জানে, কিন্তু "পৃথিবীজেতা" উপাধি
ত্যাগ না করলে পাছে তাঁকে খেত গুপুঘাতকের হাতে প্রাণ দিতে
হয়, সেই ভয়ে, জ্যাক জনসন দায়ে পড়ে জেস উইলার্ড নামে এক
নিকুষ্ট যোজার কাছে যেচে হার মানতে বাধ্য হন।

জনসন জাতে নিগ্রো এবং পেশায় মৃষ্টিযোদ্ধা বটে, কিন্তু তাঁকেও অন্ততঃ বিদ্বংকল্প বলা যেতে পারে। কারণ সাংবাদিকরা যখনই তাঁর কাছে গিয়েছেন তখন প্রায়ই তাঁর মুখে শুনেছেন দর্শনশাস্তের কথা। ভারতবর্ষে উচ্চশ্রেণীর পালোয়ানদের মধ্যে গোবরবাবু ছাড়াঃ আর কোন শিক্ষিত ব্যক্তি আছেন বলে জানি না। এখানকার সর্বশ্রেষ্ঠ তুই পালোয়ানই (গামা ও ইমাম) নিরক্ষর।

গোবরবারু যখন দিতীয় বার ইংলওে গিয়ে শেতদ্বীপ জয় করেন, তথন মরিস ডিরিয়াজ নামে একজন প্রথম শ্রেণীর পালোয়ান প্যারিস শহরে একটি মস্ত দঙ্গলের ব্যবস্থা করেছিলেন এবং সেখানে,কৃস্তি লড়েছিলেন বহু শেতাঙ্গ পালোয়ান। গোবরবার্ও সেই দঙ্গলে যোগ দিয়েছিলেন। সম্ভবতঃ সেটা ১৯১২ কি ১৩ গ্রীষ্টাব্দের কথা। জ্যাক জনসন তখন শেতাঙ্গ গুণ্ডাদের অত্যাচারে আমেরিকা ছেড়ে প্যারিসে পালিয়ে এসেছিলেন এবং সেই সময়ে গোবরবারুর সঙ্গে তাঁর আলাপ-পরিচয় হয়।

কেবল কুস্তির কৌশল নয়, পালোয়ানদের দৈহিক শক্তির উপরেও যথেষ্ট নির্ভর করতে হয়। গায়ের জোরে স্থাণ্ডো যে গামার চেয়েং বলবান ছিলেন, এমন কথা মনে করবার কারণ নেই। গোবরবার্ও একজন মহাবলী ব্যক্তি। কিন্তু তাঁর মুখে মুষ্টিযোদ্ধা জ্যাক জনসনের সহাক্ষমতা ও শারীরিক শক্তির যে বর্ণনা শুনেছি, তাু চমুকপ্রদ ও বিশ্বয়জনক।

বক্সারদের মুষ্টি কার ভারতীয় পালোয়ানদের "রদ্দা", এ ছুইই হচ্ছে ভয়াবহ ব্যাপার। যাদের অভ্যাস নেই, মহাবলবান হলেও বড় পালোয়ানের হাতের এক রদ্দা থেলে তারা মাটির উপরে আর পায়ে ভর দিয়ে দাঁড়িয়ে থাকতে পারে না। কিন্তু জ্যাক জনসন একদিন শথ করে গোবরবাবুকে তার ঘাড়ের উপরে রদ্দা মারবার জত্যে আহ্বান করেছিলেন। গোবরবাবু তাঁকে বিশ-পাঁচিশবার রদ্দা মারেন সজোরে, কিন্তু জনসন একট্ও কাতর না হয়ে হাসিমুর্থে অটলভাবে দাঁড়িয়ে থাকতে পেরেছিলেন।

তারপর জনসন একটি সংকীর্ণ গণ্ডীর ভিতরে গিয়ে গোবরবারুকে বলেন, "এইবারে আমাকে ঘুষি মারো দেখি।" কিন্তু এমনি তাঁর

ক্ষিপ্রকারিতা ও পাঁয়তারার কায়দা যে, বহু চেষ্টার পরেও গোবরবার্ জনসনের দেহ স্পর্শ করতেও পারেননি।

গোবরবার্র বৈঠকখানায় আমরা বেশ কিছুকাল সানন্দে কাটিয়ে
দিয়েছিলুম। সন্ধ্যার পর প্রায়ই সেখানে আসতেন অদ্বিতীয় সরদবাদক স্বর্গীয় ওস্তাদ করমতুল্লা খাঁ, স্বর্গীয় ওস্তাদ গায়ক জমীরুদ্দিন
খাঁ, প্রাসিদ্ধ তবলাবাদক স্বর্গীয় দর্শন সিং ও গায়ক শ্রেষ্ঠ জ্রীকুষ্ণচল্র দে প্রভৃতি শিল্পীগণ। গুণীরা বইয়ে দিতেন স্কুরের সুরধুনী এবং
লীলায়িত হয়ে উঠত আমাদের মন তারই ছন্দে ছন্দে। এক-একদিন
আমাদের সৌন্দর্যের স্বপ্পভঙ্গ হ'ত প্রায় ভোরের বিহঙ্গকাকলির
সঙ্গে সঙ্গে।

তারপর গোবরবারু আবার দীর্ঘকালের জন্যে দিখিজয়ে বেরিয়ে গেলেন আমেরিকার দিকে।

ইয়াকিস্থানে বাঙালী মল্ল

অনেক সময় কেবল কৌশলেই প্রতিপক্ষকে কুপোকাত করা যায়। আমি এমন লাঠিয়াল দেখেছি, যার ক্ষুদে একহারা চেহারা একেবারেই নগণ্য। কিন্তু তার সামনে অতিকায়, মহাবলবান ব্যক্তিও লাঠি হাতে করে দাঁড়াতে পারে নি।

কুস্তিতেও প্রতিপক্ষকে কাবু করবার একটা প্রধান উপায় হচ্ছে, পাঁচ। কাল্লু পালোয়ানের কাছে কিন্ধর সিং হেরে গিয়েছিলেন, সে কথা আগেই বলেছি। অথচ কেবল শারীরিক শক্তির উপরেই যদি কুস্তির হারজিত নির্ভর করত, তাহলে কাল্লুর সাধ্যও ছিল না কিন্ধরকে হারিয়ে দেবার। কারণ কিন্ধর যে কাল্লুর চেয়ে ঢের বেশী জোয়ান ছিলেন এ রিষয়ে আমার একটুও সন্দেহ নেই।

প্রসঙ্গক্রমে মনে পড়ছে আর একটি কথা। ইতিপূর্বেই গামা
এখন ধাদের দেগছি

বনাম হাসান বন্ধের কুন্তির কথা বর্ণনা করছি। জয়লাভের পর গামা যখন বিজয়গোরবে উৎফুল্ল হয়ে একটি মস্ত রূপোর গদা কাঁধে করে আখড়ার চারিদিকে পরিক্রমণ করছেন, তখন দর্শকদের আসন থেকে হঠাৎ এক জাপানী ভদ্রলোক উঠে এসে গামাকে প্রতিযোগিতায় আহ্বান করলেন। সবাই তো রীতিমত অবাক, কারণ গামার সঙ্গে জাপানীটির চেহারা দেখাচ্ছিল বালখিল্যের মতই অকিঞ্চিৎকর। কিন্তু জাপানীটি ছিলেন য়ুয়্৽য়ৢ য়ুদ্ধে বিশেষজ্ঞ। বললেন, গামা যদি জামা-কাপড় প'রে আসেন তাহলে তিনি তখনি তাঁর সঙ্গে লড়তে প্রস্তুত আছেন। কিন্তু গামা হচ্ছেন কুন্তির খলিফা, য়ৢয়ু৽য়ুর পাঁচাচ তাঁর অজানা, কাজেই জাপানীর প্রস্তাবে রাজী হলেন না। অথচ গামা কেবল পাঁচের জোরে লড়েন না, তাঁর দেহেও আছে প্রচণ্ড শক্তি। এমন কথাও জানি, গামা তাঁরও চেয়ে আকারে ঢের বড় ও ভারী ওজনের বিখ্যাত পালোয়ানকে পিঠে নিয়ে সিধে হয়ে মাটি থেকে উঠে দাঁডিয়েছেন।

গোবরবার্ও একজন মহাশক্তিধর। বহুকাল আগে বিডন রো নামক রাস্তায় তার যে আখড়া ছিল, সেখানে আমি মাঝে মাঝে কুস্তি লড়া দেখতে যেতুম। 'সেই আখড়ায় দেখেছিলুম আমি ভীষণ এক মুগুর। যেমন প্রকাণ্ড, তেমনি গুরুভার—গুজনে হবে কয়েক মণ। ভেবেছিলুম সেটা সেখানে রক্ষিত আছে হয়তো কেবল শোভাবর্ধনের জ্ঞাই, কারণ তেমন মুগুর নিয়ে কেউ যে ব্যায়াম করতে পারে, আমার কাছে তা সম্ভবপর বলে মনে হয় নি। কিন্তু পরে শুনলুম ব্যায়ামের সময়ে গোবরবারু সেই মুগুর ব্যবহার করেছেন।

সেখানে আর একটি দ্রষ্টব্য জিনিস ছিল। মস্ত বড় একটি পাথরের হাঁস্থলি। তারও ওজন বোধ করি দেড় মণের কম হবে না। শুনলুম সেই হাঁস্থলি গলায় প'রে গোবরবারু দেন ডন-বৈঠক। পুরাতন "প্রবাসী" পত্রিকায় হাঁস্থলি-পরা গোবরবারুর একথানি ছবিও প্রকাশিত হয়েছিল।

গোবরবাবুর বৈঠকখানার আনন্দ-আসর উঠে গেল, কারণ প্রধান বৈঠকধারী পাড়ি দিতে চললেন মহাসাগরের ওপারে। তেমন জমাট আসর ভেঙে যাওয়াতে মন একটু খুঁতখুত করেছিল বটে কিন্তু বৈশ্বুবর সিন্ধুপারে যাচ্ছেন শ্বেতাঙ্গদলনে, এটা ভেবে মনের সে খুঁতখুত্নি সেরে যেতে দেরি লাগল না।

অতঃপর বাঙালী পাঠকদের অবগতির জন্যে পাশ্চাত্য দেশের মল্লযুদ্ধ সম্বন্ধে ছই-চার কথা বলা দরকার মনে করছি, কারণ তার সঙ্গে ভারতীয় মল্লযুদ্ধের পার্থক্য আছে অল্পবিস্তর। এ দেশে অনেক সময়ে হান্ধা ওজ্বনের পালোয়ানের সঙ্গে ভারী ওজনের পালোয়ানের প্রতিযোগিতা হয় এবং কোনক্রমে প্রতিপক্ষকে একবার চিত করে দিতে পারলেই লড়াই ফতে হয়ে যায়। কিন্তু পাশ্চাত্য দেশের আইন-কানুন আলাদা।

সেখানে কুস্তি হয় প্রায় সমান ওজনের পালোয়ানদের মধো।
ওজন অনুসারে পালোয়ানদের শ্রেণী বিভাগ করা হয়, যেমন হেভি
ওয়েট, লাইট হেভিওয়েট, মিডল ওয়েট, ওয়েল্টার ওয়েট ও লাইট
ওয়েট প্রভৃতি। বক্সিয়ের মত কুস্তিতেও সবচেয়ে বেশী প্রাধান্ত দেওয়া হয় গুরুভার বা হেভি ওয়েট পালোয়ানদের।

গুরুভার পালোয়ানদের মধ্যে বিখ্যাত হয়েছেন টম কোর্নস, জ্যাক কারকিক, ইডান লিউইস, যুস্ফ (তুর্কী), জর্জ হেকেনশ্মিথ, ফ্রাঙ্ক গচ (অজেয় অবস্থাতেই কুস্তি ছেড়ে দেন), জো স্টেচার, আর্ল ক্যাডক, স্টানিসলস বিস্কো, টম জেঙ্কিন্স ও ডাঃ রোলার প্রভৃতি।

তিনবার কুস্তি শল্ডা হয়। যে বেশীবার প্রতিপক্ষকে মাটির উপরে চিত করে ফেলতে পারে, জয়ী হয় সেইই। কিন্তু কেবল চিত করলেই চলে না, ভূপতিত প্রতিহন্দীর হুই স্কন্ধ এক সময়েই মাটি স্পর্শ করা চাই (এ দেশে গামা ও হাসান বক্সের কুস্তির সময়ে দেখেছি, হাসান বক্সকৈ আধা-চিত করেই গামা জয়ী বলে নাম কিনেছিলেন। পাশ্চাত্য দেশে ও-রকম জয় নাকচ হয়ে যেত)। বর্তমান শতাব্দীর প্রায় প্রথম থেকে যারা পরে পরে পৃথিবীজেতা কুন্তিগীর বলে পরিচিত হয়েছিলেন, তাঁদের নাম হচ্ছে এই: জর্জ হেকেনিশ্নিথ (১৯০৩—১৯০৮); জাঙ্ক গচ (১৯০৮—১৯১৬); জো স্টেচার (১৯১৬—১৯১৮); আল ক্যাডক (১৯১৮); জো স্টেচার (১৯২০); ডবলিউ বিস্নো (১৯২১); এডওয়ার্ড লুইস (১৯২১) স্টানিসলস বিস্নো (১৯২২) এবং এডওয়ার্ড লুইস (১৯২২)। লুইসের পর আর কারুর নাম করা বাহুল্য মাত্র, কারণ তিনি পৃথিবীজেতা থাকতে থাকতেই গোবরবারুর সঙ্গে তাঁর কুন্তি প্রতিযোগিতা হয়।

যুরোপ-আমেরিকাতেও সাধারণতঃ মনে করা হয়, একান্ডভাবে পশুশক্তির সাধনা করে কুন্তিগীররা নেমে যায় মনুষ্টাতের নিম্নতম । ধাপে। কিন্তু এডওয়ার্ড লুইস এ শ্রেণীর লোক নন। তিনি শিক্ষিত ও মার্জিত ভদ্রলোক। প্রথম কুন্তি আরম্ভ করে তিনি ডাক্তার রোলার (যিনি ভারতের গামার কাছে পরাজিত হয়েছিলেন), চার্লি কাটলার, ক্ষেড বিল ও আমেরিকাসের কাছে হেরে যান। কিন্তু তারপর একাগ্রচিত্তে সাধনা করে তিনি সত্য সত্যই একজন প্রথম শ্রেণীব দক্ষ ও তুর্ধর্ষ যোদ্ধা হয়ে ওঠেন। তিনি একরকম হাতের পাঁচি আবিদ্ধার করেন, তার চাপে প্রতিদ্ধানের দম বদ্ধ হয়ে আসত। তার এই প্যাচ সামলাতে না পেরে স্বাই হেরে যেতে লাগল। ১৯১৭ খ্রীপ্টাব্দেনিউ ইয়র্ক শহরে একটি সার্বজাতিক কুন্তি প্রতিযোগিতা হয়, সেখানে (নিশ্চয় ভারতবর্ষ ছাড়া) পৃথিবীর সর্বদেশের পঞ্চাশ জন বিখ্যাত পালোয়ান যোগ দিয়েছিলেন। কিন্তু লুইস তার দারুণ হাতের প্যাচের জোরে পরাজিত করেছিলেন তাদের প্রত্যুককেই। সেই থেকে তাঁর নাম হয় দ্র্যাঙ্গলার (বা শ্বাসরোধকারী) লুইস।

লুইস প্রথমে হারান পৃথিবীজেতা জো স্টেচারকে। তারপর স্টানিসলস বিশ্বোর কাছে হেরে (১৯২২) ঐ বংসরেই আবার তাঁকে হারিয়ে পৃথিবীজেতা উপাধি লাভ করেন।

পরে ঐ উপাধি হারিয়েও মল্লসমাজে লুইসের মানমর্যাদা ছিলঃ

যথেষ্ট। ১৯৩৭ খ্রীষ্টাব্দে য়ুরোপ-আমেরিকা ও অক্যান্ত দেশ থেকে পঁটিশ জন বিখ্যাত পালোয়ান ভারতবর্ষে এসেছিলেন। তাঁদের সঙ্গে লুইসেরও এখানে আসবার কথা ছিল। কিন্তু তাঁর সৌভাগ্যবশতঃ 'শেষ পর্যন্ত তিনি আসেন নি, কারণ এলে পরে নিশ্চয়ই তাঁকে মুখে চূণ-কালি মেথে দেশে ফিরে যেতে হ'ত। ভারতীয় মল্লদের কেল্লা রক্ষা করেছেন তখন অপরাজেয় গামা এবং ইমামবক্স। ১৯২৮ গ্রীষ্টাব্দে আর একজন ভূতপূর্ব পৃথিবীজেতা শ্বেতাঙ্গ মল্ল দ্টানিসলস বিস্কো পাতিয়ালায় গামার সঙ্গে শক্তিপরীক্ষা করতে গিয়ে এক মিনিট পূর্ণ হবার আগেই ভূতলশায়ী হয়েছিলেন। এবারেও বিদেশী মল্লদের • ক্রমাগত লাফালাফি করতে দেখে গামা ঘোষণা করলেন—"এই আমি ব্যাঙ্কে পাঁচ হাজার টাকা জমা রাথলুম। আমি এক দিনে এক আখড়ায় দাড়িয়ে একে একে পঁচিশ জন সাহেবের সঙ্গে লড়ব। যদি কেউ আমাকে হারাতে বা আমার সঙ্গে সমান সমান হতে পারেন, তাহলে তিনিই পাবেন ঐ পাঁচ হাজার টাকা।" গামা তখন বৃদ্ধ, বয়স ঊনষাট বংসর। কিন্তু ঐ পঁচিশ জনের একজনও সাহস করে তার সঙ্গে লড়তে রাজী হল না ! আর তারা গামা বা ইমামবক্সের সঙ্গে লড়বে কি, তাদের অধিকাংশই হেরে গিয়েছিল ভারতীয় মল্লসমাজে তখনও পর্যন্ত অখ্যাতনামা হরবন্স সিংয়েরই কাছে।

আমাদের গোবরবারু আমেরিকায় যান দ্র্যাঙ্গলার লুইসেরই সঙ্গেশক্তিপরীক্ষা করার জন্যে। কিন্তু তিনি তথন পৃথিবীজেতা পালোয়ান এবং গোবরবারু হচ্ছেন একে কালা আদমি, তার উপরে নবাগত। বহুকাল আগে তিনি ইংলণ্ডের সেরা সেরা পালোয়ানকে ভূমিসাং করেছিলেন বটে, কিন্তু তাঁর সে পরিচয় বিশেষ কোন কাজে লাগল না। আমেরিকায় কালা আদমিরা হচ্ছে চোথের বালির মত। আমি গোবরবারুর মুখেই শুনেছি, আমেরিকায় শ্বেতাঙ্গদের হোটেলে তাঁর প্রবেশাধিকারই ছিলান। যেখানে বর্ণবিদ্বেষ এমন প্রবল, সেখানে স্থ্বিচারের সন্থাবনা থাকে না বললেই চলে। এমন কি ইংরেজরাও

প্রথমে গামা ও ইমামবন্ধ প্রভৃতিকে আমলে আনতে রাজী হয় নি দ আসল কথা শ্বেতাঙ্গদের মুল্লুকে কৃষ্ণাঙ্গদের লড়াই করতে যাওঁয়া অনেকটা বিড়ম্বনারই মত। বৃটিশ দ্বীপপুঞ্জের চ্যাম্পিয়ন জিমি ইসেনশেষ পর্যন্ত গোবরবাবুর কাছে হারতে বাধ্য হয়েছিল বটে, কিন্তুপ্রভৃতে লড়তে সে যখন মুষ্টিযুদ্ধের আশ্রয় নিয়েছিল, তখন শ্বেতাঙ্গি বিচারক তা 'ফাউল' বলে গণ্য করে নি। তর্ ক্র্পাল ঠুকে গোবরবাবু বেরিয়ে পড়েছিলেন ইয়াঙ্কিদের দর্পচ্ করবার জন্মে। তবে নতুন করে নিজের যোগ্যতার প্রমাণ দেবার জন্মে তাঁকে উপরে উঠতে হল সিঁড়ির নিচের ধাপ থেকে।

এখানে আর একটা কথা বলে রাখা দরকার । গোবরবার্
ভারতীয় কৃত্তি প্রতিযোগিতায় যোগ দিয়েছিলেন মাত্র একবার —তাও
পরিণত বয়সে। এবং সেই যুদ্ধই তাঁর শেষ যুদ্ধ। যদিও এ দেশে
থাকতে নানা আখড়ায় তিনি কৃত্তি লড়েছেন অধিকাংশ শ্রেষ্ঠ মল্লের
সঙ্গেই। শুনেছি একবার ইমামবক্সের সঙ্গেও কৃত্তি লড়ে তিনি সমান
সমান হয়েছিলেন। তাঁর নিজেরই আখড়ায় ছিলেন মাহিনা-করা
প্রথম শ্রেণীর পালোয়ানরা। যদিও গোবরবার্ ভারতীয়া কৃত্তিগীরদের
নাড়ী-নক্ষত্রের ধবর রাথেন নিজের নখদর্পণে, তরু আখড়ার কৃত্তি।
নিয়ে বাইরে নাড়াচাড়া করার রেওয়াজ নেই।

আখড়ার কুস্তিতে পালোয়ানরা নিজেদের সম্যক শক্তি ব্যবহার করেন না। প্রদর্শনী বা exhibition কুস্তি ও মৃষ্টিয়ুদ্দেও অনেকটা ঐ ব্যাপারই দেখা যায়। যোদ্ধাদের কাছে তা হচ্ছে প্রায় খেলার সামিল, জনসাধারণকে আনন্দদানই তার মৃখ্যু উদ্দেশ্য। কিন্তু বৃদ্ধিমান যোদ্ধারা ঐ কুস্তি বা মৃষ্টিয়ুদ্দের প্রদর্শনীতে প্রতিপক্ষের শক্তির মাত্রা কতকটা আন্দাজ করে নিতে পারেন। দৃষ্টাস্তম্বরূপ সালিভান ও কর্বেটের বিখ্যাত মৃষ্টিয়ুদ্দের উল্লেখ করা যায়। মৃষ্টিয়্দ্রের ক্ষেত্রে জন এল সালিভান যখন অদিতীয় এবং কারুর কাছে কখনো পরাজিত হন নি, সেই সময়ে উদীয়মান যোদ্ধা জ্মেস জে

কর্বেটের সঙ্গে তাঁর প্রদর্শনী-যুদ্ধের ব্যবস্থা হয়। কর্বেট তার আগেই একজন সাধারণ যোদ্ধার কাছে হার মানতে বাধা হয়েছিলেন। কিন্তু আমেরিকায় তাঁকেই হেভী ওয়েটে সবচেয়ে চতুর যোদ্ধা বলে স্বীকার , করা হয়। প্রদর্শনী-যুদ্ধে সালিভানের সঙ্গে মাত্র চার রাউণ্ড লড়েই কর্বেট তাঁর শক্তির পরিমাণ সম্বন্ধে একটা মোটামুটি আন্দাজ করে নিয়ে পর বংসরেই (১৮৯২) তাঁকে প্রতিযোগিতায় আহ্বান করেন এবং যুদ্ধে জয়ী হয়ে "পৃথিবীজেত।" নাম কেনেন।

স্থুতরাং প্রথম শ্রেণীর নামজাদা ভারতীয় পালোয়ানদের সঙ্গে বারংবার ধস্তাধস্তি করে গোবরবারও যে তাঁদের শক্তির পরিমাপ সম্বন্ধে একটা ধারণা করতে পেরেছিলেন, একথা অনায়াসেই অনুমান করা যেতে পারে। কিন্তু তরু তিনি এদেশী পালোয়ানদের সঙ্গে প্রকাণ্ডে কুন্তি না লড়ে বার বার পাশ্চাত্য দেশে গিয়েছেন, সেখানে প্রতিষ্ঠিত করতে ভারতের বিজয়গৌরব। প্রথমবার তিনি গামা ও ইমামবন্ধ প্রভৃতিকে নিয়ে ইংলণ্ডে গিয়ে সেখানে তাঁদের প্রতিষ্ঠা বাড়িয়ে আসেন। দ্বিতীয়বার নিজেই গিয়ে ইংল্ডের সর্বশ্রেষ্ঠ মল্লরূপে পরিচিত হন। তৃতীয়বার তিনি যান আমেরিকায় সর্বোচ্চ "পৃথিবীব্রুতা" উপাধি অর্জন করবার জন্সে।

কিন্তু এই উচ্চাকাজ্ঞা সফল করবার জন্মে তাঁকে স্বীকার করতে হয়েছে অসামান্য কায়িক শ্রম। বংসরের পর বংসর ধরে তিনি শ্বেতাঙ্গ পালোয়ানের পর পালোয়ানকে ধরাশায়ী করেছেন। তাঁর তখনকার কথা নিয়ে আমি যথাসময়ে বাংলা পত্রিকায় আলোচনা করেছি। বাংলা কাগজভয়ালারা যা তা ব্যাপার নিয়ে প্রচুর আবোল তাবোল বকতে পারেন, কিন্তু বাঙালীর এই অতুলনীয় কীর্তি নিয়ে কেউ মাথা ঘামানো দরকার মনে করেন নি। গোবরবাবুর অবদান বাংলাদেশে প্রায় অবিখ্যাত হয়ে আছে। গুয়ো মাত্র তুইজন শ্রেষ্ঠ শ্বেত পালোয়ানকে (রোলার ও বিস্নো) হারিয়ে নাম কিনেছেন, কিন্তু, গোবরবাব ধৃলিলুষ্ঠিত করেছেন দলে দলে শ্বেতাঙ্গ যোদ্ধাকে। **এ**शन यारमय रमश्रक

205,

ভারতের আর কোন পালোয়ানই এত বেশী শ্বেতাঙ্গের সঙ্গে যুদ্ধ ক্রে জয়ী হন নি।

সবাই যথন হার মেনে পথ ছেড়ে দিলে, তখন বাকি রইল কেবল সর্বোচ্চ শ্রেণীর তুইজন মাত্র অধুগ্য কুন্ডিগীর। গুরুভার দুট্যাঙ্গলার এডওয়ার্ড লুইস এবং পৃথিবীজয়ী লঘুতর গুরুভার (লাইট হেভি ওয়েট) আড স্যান্টেল। গোবরবার প্রথমে সন্মুখ্যুদ্ধে আহ্বান করলেন আড স্যান্টেলকে। তুজনে যুদ্ধক্ষেত্রে অবতীর্ণ হলেন। কিন্তু স্যান্টেল দাঁড়াতে পারলেন না গোবরবারুর সামনে। বাঙালীর ছেলের মাথায় উঠল পৃথিবীজয়ীর মুকুট। আর কোন ভারতীয় নল্ল আজ পর্যন্ত এই সন্মান অর্জন করতে পারেন নি। এর পরে গোবরবারুর সামনে রইলেন কেবল দুট্যাঙ্গলার লুইস।

বাঙালী মল্লের অভিযান

লাইট-হেভি ওয়েটে পৃথিবীজেতা পদবী লাভ করার মানেই হচ্ছে অসামান্ত সন্মানের অধিকারী হওয়া, কারণ সমগ্র পৃথিবীর প্রথম বা সর্বশ্রেষ্ঠ মল্লের পরেই লাইট-হেভি ওয়েটের আসন। গামা থেকে আরম্ভ করে আর কোন ভারতীয় মল্লই এই প্রতিযোগিতায় যোগ দেবার স্থযোগ গ্রহণ করেন নি। গামা কেবল ইংলণ্ডের সর্বশ্রেষ্ঠ মল্লরপে "জনবুল বেল্টে"র অধিকারী হয়েছিলেন। ভারতীয়দের মধ্যে একমাত্র গোবরবাবৃই ঐ পদবী লাভ করতে পেরেছেন। যে বাংলাদেশে তুই যুগ আগে উচ্চশ্রেণীর কুন্তিগীর ছিল ছলভ, সেই সময়েই গোবরবাবু অভাবিত ভাবে প্রমাণিত করেছিলেন যে, কেবল জ্ঞান বিজ্ঞান, সাহিত্য ও ললিতকলার ক্ষেত্রে নৃয়, বীরাচারীর কর্তব্য পালনেও সকলের পুরোভাগে গিয়ে দাঁড়াতে পারে ব্যাক্সভূমি বঙ্গভূমির সন্তান।

ফুটবল খেলার মাঠে মোহনবাগান প্রথম "শীল্ড" বিজয়ী হয়ে অর্জন করেছে চিরম্মরণীয় কীর্তি। মোহনবাগানের সম্মানকে কিছুমাত্র কুল না করেই বলতে পারি, ফুটবলের মাঠে জয়লাভ করা যায় •প্রধানত ক্রীড়ানৈপুণ্যের জন্মেই। তার নিরিখ নির্ণীত হয় যদি শারীরিক শক্তি হিসাবে, তাহলে এখনো কোন বাঙালী দলই কোন নিয়তর শ্রেণীর ইংরেজ দলের জয়পতাকাকেও নমিত করতে পারবে কিনা সন্দেহ! তার উপরে আমরা নিমতর শ্রেণীর ইংরেজ দলকে হারাতে পারি স্বদেশে বসেই। খাস বিলাতে গিয়ে সেখানকার প্রথম শ্রেণীর পেশাদার দলকে হারাতে পারে, ভারতবর্ষে এমন ফুটবল ে খেলোয়াডের দূল বোধ করি আজ পর্যন্ত গঠিত হয় নি।

গোবরবাবুর পক্ষে সবচেয়ে শ্লাঘনীয় বিষয় হচ্ছে এই যে, তাঁর সম্বল ছিল কুট-কৌশলের সঙ্গে অমিত দৈহিক শক্তি। উপরন্ত সাত সাগরের পারে বিদেশ-বিভূঁয়ে সিংহের বিবরে গিয়ে তিনি পরাস্ত করে এসেছেন পশুরাজকে। কৃষ্ণাঙ্গ-বিদ্বেষী খেতাঙ্গদের স্বদেশে গিয়ে সেথানকার শ্রেষ্ঠদের বাহুবলে হারিয়ে দিয়ে নিজের শ্রেষ্ঠতা প্রতিপাদন করবেন বাংলার এক ছেলে, এটা ছিল কল্পনাতীত ব্যাপার।

আগেই বলেছি, পাঞ্জাবকেশরী গামা অতুলনীয় ও ভারতের সর্বশ্রেষ্ঠ পালোয়ান হলেও, পাশ্চাত্য দেশ তাঁর শক্তি সম্বন্ধে সম্যুকরূপে পরিচিত নয়। কারণ তিনি সেখানকার উল্লেখযোগ্য তুইজনের বেশী পালোয়ানের (ডাঃ রোলার ও বিন্ধো) সঙ্গে কুস্তি লভেন নি। আরু গোবরবার, পাশ্চাত্য দেশে গিয়ে সেখানকার সর্বশ্রেণীর সর্বশ্রেষ্ঠ পালোয়ানদের সঙ্গে দীর্ঘকাল ধরে শক্তিপরীক্ষা করেছেন।

জো স্টেচার হেভি ওয়েটে পৃথিবীজ্ঞয়ী হয়েছিল ছুইবার (১৯১৬ থেকে ১৯১৮ পর্যন্ত ; এবং ১৯২০)। বিশ্বোও তুইবার ঐ উপাধি লাভ করেছিল। গোবরবাবুর সঙ্গে তাদের লড়াই হয় একাধিকবার। এখন गामित प्रश् २८७ কখনো জিতেছেন গোবরবার কখনো জিতেছে তারা। জিম লণ্ডস ও সনেনবার্গও পরে হয়েছিল পৃথিবীজয়ী। প্রথম ব্যক্তি গোবরবার্র সঙ্গে সমান সমান হয়েছিল এবং শেষোক্ত ব্যক্তি হেরে গিয়েছিল তাঁর কাছে। এ ছাড়া আরো যে কত নামজাদা খেতাঙ্গ পালোয়ান গোবরবার্র পাল্লায় পড়ে ভূমিচুম্বন করেছিল, এখানে তার ফর্দ দাখিল করবার জায়গা নেই। মোট কথা, এত বেশী শেতাঙ্গ পালোয়ানের গর্ব থর্ব করতে পারেন নি আর কোন ভারতীয় মল্ল।

অ্যাড স্যান্টেলকে হারাবার পর আমেরিকায় স্ট্রাঙ্গলার লুইস্ ছাড়া গোবরবাবুর যোগ্য আর কোন প্রতিদ্বনী রইল না। স্কুতরাং গোবরবাবু তাকেই যুদ্ধে আহ্বান করলেন। কিন্তু তাঁর সর্বোচ্চ আকাজ্ফা পূর্ণ হয়নি; অক্ষমতার জন্যে নয়, বিচারকের সমূহ অবিচারে। কালোর অদ্বিতীয়তা যখনই প্রমাণিত হবার উপক্রম হয়, ধলোরা এমনি সব উপায়েই মান বাঁচাবার চেষ্টা করে।

তার আর একটা উজ্জল দৃষ্টান্ত হচ্ছে, জ্যাক জনসন বনাম জেল উইলার্ডের মৃষ্টিযুদ্ধ। কালা আদমী পৃথিবীজেতার আসনে অটলভাবে উপবিষ্ট, এর জন্মে শ্বেতাঙ্গদের মনস্তাপ্পের অবধি ছিল না। তাই আগেই বলেছি, গুপ্তহত্যার ভয় দেখিয়ে জনসনকে হার মানতে বাধ্য করা হয়েছিল, নইলে উইলার্ডের মত যোদ্ধা তাঁর পাশে দাঁড়াবারও যোগ্য ছিল না। উইলার্ড যখনই দিতীয় ও মধ্যম শ্রেণীর যোদ্ধার সামনে গিয়ে দাঁড়িয়েছেন, তখনই পরাজিত হয়েছেন। গানবােট শ্বিথ কখনা পৃথিবীজেতা হতে পারেননি। জনসনের সামনে গেলে তাঁর অবস্থা হ'ত হয়তাে তােপের মুখে উড়ে যাবার মত। তাঁর আর উইলার্ডের দেহের ওজন ছিল যথাক্রমে ১৮৫ ও ২৫০ পাউগু এবং দেহের দীর্ঘতা ছিল যথাক্রমে ৫ ফুট এগারাে ইঞ্চি এবং ৬ ফুট ৬ ইঞ্চি। তরু উইলার্ড জিততে পারেননি। টম ম্যাক্মোননামে এক সাধারণ যােদ্ধার কাছেও তিনি হেরে গিয়েছিলেন। এমন একটা বাজে লােকের কাছেও শ্বেতাঙ্গদের মানরক্ষার জক্তে

জনসন হার মানতে বাধ্য হয়েছিলেন। উইলার্ড পরে জ্যাক ডেম্প্ সি ও লুইস ফিপে ার সামনেও দাঁড়াতে পারেননি, অথচ জনসন তারপর বহু যোদ্ধার বিরুদ্ধে দাঁড়িয়ে প্রত্যেক বারেই জয়ী হয়েছেন। এমনকি জনসনের বয়স যথন তেতাল্লিশ বংসর, তখন তাঁর চেয়ে বয়সে সতেরে। বছরের ছোট হোমার শ্বিথও তাঁর কাছে পরাজয় স্বীকার করেছিলেন।

গোবরবার ভারতবর্ষে প্রকাশ্যভাবে একবার মাত্র কুস্তি প্রতি-যোগিতায় দাঁড়িয়েছিলেন। সেবারেও বিচার-প্রহসন হয়নি বটে, কিন্তু হয়েছিল বিচার-বিভাট। সে কথা পরে বলব।

আমেরিকায় কুন্তি প্রতিযোগিতা লোকপ্রিয় হয়েছে ১৮৭০ খ্রীষ্টাবল থেকে। কিন্তু সেথানকার পেশাদার কুন্তিগীররা টাকার লোভে প্রায়ই কৃত্রিম যুদ্ধের (বা Mock fight) ব্যবস্থা করত বলে কুন্তির প্রতি লোকে শ্রদ্ধা হারিয়ে ফেলেছিল। বর্তনান শতাব্দীতে কুন্তির মান ধীরে ধীরে বাড়তে থাকে বটে, কিন্তু ১৯২২ খ্রীষ্টাব্দে আমেরিকার স্ট্র্যাঙ্গলার লুইসের "পৃথিবীজেতা" উপাধি লাভের পর থেকেই মল্লযুদ্ধের দিকে বিশেষভাবে আকৃষ্ট হয় সকলের দৃষ্টি।

ডাঃ বি এঁফ রোলারের পেশা হচ্ছে ডাক্তারী, কিন্তু মল্লযুদ্ধেও তিনি প্রচুর খ্যাতি অর্জন করেছেন। শুনেছি অল্লকালের জন্মে তিনি "পৃথিবীজেতা" উপাধি লাভ করেছিলেন, কিন্তু এ সম্বন্ধে আমিনিশ্চিতরূপে কিছু বলতে পারি না। তবে তিনি প্রথম শ্রেণীর যোদ্ধাছিলেন বলেই গামার সঙ্গে তাঁর কৃস্তি হয়েছিল, অবশ্য সেপ্রতিযোগিতায় তিনি হেরে যান। দুনাঙ্গলার লুইসও উঠতি বয়সে একবার তাঁর কাছে হেরেছিলেন।

ডাঃ রোলার •বলেন, "ফ্রাঙ্ক গচ (তিনি 'পৃথিবীজেতা' উপাধি বজায় থাকতে থাকতেই পূর্ণ গৌরবে অবসর নিয়েছিলেন) একজন মহামল্ল ছিলেন বটে কিন্তু আমার বিশ্বাস, তাঁর পূর্ণ গৌরবের যুগেও বর্তমান কালের ছুই-তিনজন কুস্তিগীর তাঁকে হারিয়ে দিতে পারতেন। গচ যখন নাম কিনেছিলেন, তখনকার কুস্তিগীররা ছিলেন মধ্যম শ্রেণীর। স্ট্রাঙ্গলার লুইস গচের চেয়ে বলবান আর ওজনে ভারী এবং চাতুর্যে ও গতির ক্ষিপ্রতায় তিনি গচের চেয়ে কম যান না। হাতের প্যাচের (head-lock) দারা তিনি গচকে পরাজিত করতে পারতেন।"

লুইসের মাথার উচ্চতা ছিল ছয় ফুট। উঠতি বয়সে যথন তিনি ডাঃ রোলার প্রভৃতির দারা পরাজিত হয়েছিলেন, তথন তাঁর, দেহের ওজন ছিল মাত্র ১৭৫ পাউও। কিন্তু যথন গোবরবাবুর সম্মুখবর্তী হন, তথন ছিলেন দম্ভরমত গুরুভার। গোবরবাবুরও দেহ বিরাট—যেমন দৈর্ঘ্যে (বোধ করি তিনি ছয় ফুটের চেয়ে মাথায় উচু), তেমনি প্রস্থে।

লুইসের সবচেয়ে বড় প্যাঁচ ছিল "হেড-লক"। অক্যান্ত পালোয়ানরা নিজেদের মাথা এগিয়ে দিয়ে তাঁকে তা অভ্যাস করবার স্থুযোগ দিতে সন্মত হ'ত না, কারণ সে প্যাঁচ কষলে মান্তুষের দম বন্ধ হয়ে আসত। লুইস তাই কতকগুলো কাঠের নরমুগু তৈরী করিয়ে নিয়েছিল—সেগুলোর ভিতর হ'ত ফাঁপা। তু'ভাগ করা ফাঁপা মাথার-মাথার ভিতরে থাকত খুব জোরালো স্প্রিং—যেমন থাকে স্থাণ্ডোর গ্রিপ ডাম্বেলের ভিতরে। বাহুর চাঁপ দিয়ে স্প্রিংয়ের বিরুদ্ধে কাঠের মাথার তুই অংশ এক করতে গেলে দরকার হ'ত একজন মহাবলবান ব্যক্তির চূড়ান্ত শারীরিক শক্তি। এই প্যাঁচ অভ্যাস করতে করতে লুইসের বাহুর কতকগুলো পেশী অসাধারণ ফুর্তিলাভ করেছিল।

কিন্তু ভারতীয় পালোয়ানদেরও মানসিক তৃণে সঞ্চিত আছে
অসংখ্য মারাত্মক পাঁচ, বিলাতী কুন্তিগীররা তার খবর রাথে না।
এইজন্মেই গামা ও ইমামবক্স প্রমুখ পালোয়ানদের পাশ্লায় পড়ে ডাঃ
রোলার, বিস্কো ও জন লেম প্রভৃতি বিলাতী খোদ্ধারা কয়েক
মিনিটের মধ্যেই হয়েছিলেন পপাত ধরণীতলে। স্মৃতরাং লুইসের
"হেড-লকে"র নামে খেতাঙ্গ কুন্তিগীরদের হাদ্কম্প হলেও গোবরবারুর ভয়ের কারণ ছিল না।

লুইসের সঙ্গে গোবরবাবুর কুন্তি শুরু হল। লুইস ভেবেছিল তার "হেড-লকে"র বিষম ধাকা সহ্য করতে পারবেন না গোবরবাবু। কিন্তু তাঁর ভ্রম ভাঙতে দেরি লাগল না। খানিকক্ষণ কুন্তির পর সেগোবরবাবুকে একবার চিত করতে পারল বটে, কিন্তু তাকেও হতে হল চিতপাত। গতবারেই বলেছি, পাশ্চাত্য দেশে তিনবার (সময়েশময়ে পাঁচবারও) কুন্তি লড়বার পর হার-জিত সাব্যস্ত হয়। ছই-বারের পর লুইস ও গোবরবাবু হলেন সমান সমান। তৃতীয়বারে যে চিত হবে, হার মানতে হবে তাকেই।

কিন্তু প্রতিযোগিতার ক্ষেত্রে তৃতীয়বার অবতীর্ণ হয়েই লুইস

নিশ্চয় বুঝতে পেরেছিল, গোবরবার বড় সাধারণ প্রতিষ্মন্ত্রী নন,
তাঁর কাছে তার হারবার সম্ভাবনা আছে যথেষ্ট। প্রতিযোগীদের
কেউ যথন নিয়মবিরুক অন্যায় যুদ্দে প্রবৃত্ত হয় তথনই বোঝা যায়,
নিজের সক্ষমতা সম্বন্ধে তার, মনে জেগেছে সন্দেহ। তাই গোবরবার্কে কিছুতেই এঁটে উঠতে না পেরে বহুকাল আগে ইংরেজ
কুস্তিগীর জিমি ইসেন যা করেছিল, লুইসও তাই করলে—অর্থাৎ
কুস্তি ছেড়েঁ বক্সিংয়ের আশ্রয় নিলে। গোবরবার্কে করলে সে
মুষ্টাঘাত! যেমন অন্যায়কারী যোদ্দা, তেমনি অসাধু বিচারক।
কুষ্ণাঙ্গের বিরুদ্ধে অন্যায় যুদ্ধও স্থায়সঙ্গত, এইটেই হচ্ছে পাশ্চাত্য
বিধান। কারণ জিমি ইসেন ঘুষি মারলেও বিচারক "কাউল"
করেছে বলে তাকে বিসয়ে দেননি, লুইসও মুষ্টি বাবহার করে
পরাজিত বলে স্বীকৃত হয় নি—মল্লযুদ্ধের আইন অনুসারে যা হওয়া
উচিত।

বিচারক দেখেও কিছু দেখলেন না বটে, কিন্তু গোবরবার এতটা ব্যভিচার মুখ বুজে সহা করতে পারলেন না। তিনি যখন কুস্তি থামিয়ে বিচারকের দিকে ফিরে এই অস্থায়ের প্রতিবাদ করতে গেলেন, লুইস তখন পিছনদিক খেকে এসে তাঁর পা ধরে প্রচণ্ড এক টান মারলে। অতর্কিতে এমন অভাবিত ভাবে আক্রান্ত হয়ে ব্যোবরবার মাটির উপরে আছড়ে পড়লেন এবং মাথায় পাটাতনের চোট লেগে তৎক্ষণাৎ অজ্ঞান হয়ে গেলেন।

বিচারক লুইসকেই জয়ী বলে মেনে প্রমাণিত করলেন, পাশ্চাত্য দেশেও কাজীর বিচার হয়। এইজন্মেই আমি বলেছিলুম, যেখানে বর্ণবিদ্বেষ প্রবল, সেখানে স্থাবিচারের আশা থাকে না বললেই চলে।

লুইসের সঙ্গে গোবরবাবুকে আর কুস্তি লড়ধার স্থযোগ দেওয়া
হয় নি। কাজেই তিনি লাইট-হেভি ওয়েটে পৃথিবীজেতা কুস্তিগীরের
পদে বহাল থেকেই স্বদেশে প্রত্যাগমন করলেন। এই পদের মর্যাদা
রক্ষা করবার জন্মে আর তিনি সাগরপারে পাড়ি দেন নি বটে, কিন্তু
পাশ্চাত্য দেশ থেকেও কেউ এসে তাঁকে দ্রুযুদ্ধে আহ্বান করে ঐ
পদবী কেড়ে নিতে পারে নি। তাঁর "পৃথিবীজেতা" বলে সন্মান অক্ষুরই
আছে।

গোবরবার কলকাতায় আবার নিজের বৈঠকে এসে জাঁকিয়ে বসলেন। তাঁর ঘরে আবার আরম্ভ হল আমাদের আনন্দ-সন্মিলন। পুরাতন দিনের গল্প, আমেরিকার গল্প, ললিতকলার গল্প, গান-বাজনাও বাদ পড়ল না।

তারপরই গোবরবার বড় গামাকে প্রতিযোগিতায় আহ্বান করে চারিদিকে জাগিয়ে তুললেন এক বিশেষ উত্তেজনা। পাঞ্জাবকেশরী নামে বিখ্যাত গামা, পৃথিবীর বড় বড় পালোয়ানরাও যাঁর সামনে গিয়ে দাঁড়াতে ভরসা পায় না! একটু চমকিত হলুম বটে, কিন্তু গোবরবার্র উপরে আমাদের বিশ্বাসের অভাব ছিল না। নিজের ও বড় গামার শক্তি-সামর্থ্য না বুঝে হঠকারীর মত নিশ্চয় তিনি প্রতিযোগিতায় অগ্রসর হবেন না।

শিবনারায়ণ দাসের গলিতে বরাটবাড়ির পিছ্নকার অঙ্গনে কুস্তির এক স্থবিস্তৃত আথড়া তৈরী করা হল। নিয়মিতভাবে কুস্তি অভ্যাস করবার জন্মে গোবরবার পশ্চিম থেকে ক্মানালেন গুট্টা সিং নামে এক বিখ্যাত পালোয়ানকে। দিনে দিনে তাঁর দেহ .অধিকতর তৈরী হয়ে এমন স্থাঠিত হয়ে উঠল, দেখে আমাদের চোখ জুড়িয়ে গেল। বাঙালীর তেমন পুরুষসিংহ মূর্তি আমি আর দেখি নি।

ওয়েলিংটন ক্ষোয়ারে প্রকাণ্ড এক মণ্ডপ প্রস্তুত হতে লাগল। কাগজে যথন ব্লিজ্ঞাপন দেওয়া হয়েছে এবং মণ্ডপের কাজ প্রায় শেষ হয়ে এসেছে, তথন সার্থক হল সেই প্রবাদবাক্য—'মানুষ গড়ে, ভগবান ভাঙেন'! হঠাৎ দারুণ ডিপথিরিয়া রোগে গোবরবার্ একেবারে শয্যাগত হয়ে পঢ়লেন, তারপর দীর্ঘকাল ধরে তাঁর প্রাণ নিয়ে টানাটানি। বড় গামার সঙ্গে শক্তিপরীক্ষা আর হল না। আয়োজন-পর্বেই গোবরবারুর বহু সহস্র টাকা থরচ হয়ে গিয়েছিল—স্বই হল ভম্মে ঘৃতাহুতির মত।

তারপর ১৯২৯ খ্রীষ্টাব্দে গোবরবাবুর সঙ্গে ছোট গামার যখন কুস্তি হয়, তখন ছোট গামা যুবক ও তিনি বয়সে প্রোঢ়। সে কুস্তি দেখবার সুযোগ আমার হয় নি। কিন্তু ভারতীয় ব্যায়াম ও মল্লযুদ্ধ সম্বন্ধে একজন শ্রেষ্ঠ বিশেষজ্ঞ শচীন্দ্র মজুমদার যা বলেছেন, এইখানে আমি সে-কথাগুলি উদ্ধৃত করে দিলুম:

'আমার মনে হয় গোবরবাবুর প্রতি চরম অবিচার করা হয়েছিল। কুস্তির একটা বাঁধাধরা নিয়ম আছে যে লড়তে লড়তে আখড়ার সীমানায় গিয়ে পড়লে বিচারক কুস্তি ক্ষণিকের জন্যে বন্ধ করে প্রতিদ্বন্দীদের আখড়ার মাঝখানে এসে লড়তে হকুম দেবেন। নৃতন করে লড়বার সময়ে পূর্বে যে যে অবস্থায় ছিল, সেই অবস্থা থেকে কুস্তি আরম্ভ হবে। গোবরবাবু ও ছোট গামা যখন সীমানার দড়ির উপর গিয়ে পড়লেন, বিচারক তাঁদের আখড়ার মাঝে আসতে হকুম দিলেন। গোবরবাবু প্রতিপক্ষকে ছাড়লেন বটে কিন্তু প্রতিপক্ষ হকুম অগ্রাহ্য করে, গোবরকে চিত করে দিলেন। দর্শকগণ গামার জয়-জয়কার করে উঠল এবং বিচারকও ভড়কে গিয়ে তাদের সমর্থন করেন। এ-ধরনের বিচার একাধিকবার কলকাতায় দেখা গেছে।

•••••বিচারকের দোষে একজনের চেষ্টা বিফল হলে আপসোস করবার যথেষ্ট কারণ থেকে যায়।'

ছোট গামা কলকাতায় এসে ছুইবার কুস্তি লড়েছিলেন বাঙালী মল্লের সঙ্গে এবং ছুইবারই জয়ী বলে সাব্যস্ত হয়েছিলেন বিচার-বিভাটের ফলে। টীকা অনাবশ্যক।

গোবরবার্র অসাধারণ শারীরিক শক্তি সর্ম্পর্কীয় কয়েকটি চিত্তাকর্ষক গল্প আমি জানি। কিন্তু পুঁথি বেড়ে ষাচ্ছে, অতএব এইখানেই রুদ্ধ হল আমার লেখনীর গতি।

দিলীপকুমার রায়

দিলীপকুমারের পিতৃদেব প্রখ্যাত কবি ও নাট্যকার দিজেন্দ্রলাল রায়ের সঙ্গে আমার সাক্ষাংকারের কাহিনী মংলিখিত 'যাদের দেখেছি' পুস্তকে বর্ণিত হয়েছে। সে বোধ হয় চুয়াল্লিশ কি পঁয়তাল্লিশ বংসর আগেকার কথা—ঠিক তারিখ মনে নেই। সেই সময়েই আমি প্রথম দেখি দিলীপকুমারকে। আমি তখন তরুণ যুবক এবং দিলীপকুমার বালক।

তারিথের কথা ভূলেছি বটে, কিন্তু মনের মধ্যে উজ্জ্বল হয়ে আছে। সেদিনের ছবিটি।

একতলার বৈঠকখানা। উত্তর দিকের দেওয়াল ঘেঁষে একটি টেবিল, তার সামনে চেয়ারে আসীন দিজেন্দ্রলাল। তাঁর ছই পাশে দণ্ডায়মান পুত্র দিলীপকুমার ও কতা মায়া দেবী। পূর্ব দিকে উপবিষ্ট আমরা—অর্থাৎ স্বর্গীয় কবিবর অক্ষয়কুমার বড়াল, 'অর্চনা' পত্রিকার সহকারী সম্পাদক স্বর্গীয় কৃষ্ণদাস চন্দ্র, স্কবি শ্রীফ্রীন্দ্রনাথ রায় ও আমি।

নট-নাট্যকার গিরিশচন্দ্র রাণা প্রভাপসিংহকে অবলম্বন করে:
২৪• হেমেক্রক্মার রাম্ব রচনাবদী : ২

একথানি ঐতিহাসিক নাটক লিখতে শুরু করেছিলেন। রচনাকার্য কিছুদ্র অগ্রসর হবার পর তিনি খবর পান, দ্বিজেন্দ্রলালও রচনা করেছেন 'রাণা প্রতাপ' নাটক। সঙ্গে সঙ্গে গিরিশচন্দ্র লেখনী ত্যাগ করেন। পরে সেই অসমাপ্ত নাটকথানি 'অর্চনা'র কয়েক সংখ্যায় প্রকাশিত হয়।

কৃষ্ণদাসবাবু[®] অর্চনা'র সেই সংখ্যাগুলি দ্বিজেন্দ্রলালের সামনের টেবিলের উপরে স্থাপন করলেন। সাগ্রহে সেগুলিকে টেনে নিয়ে তংক্ষণাৎ পাঠে নিযুক্ত হলেন বালক দিলীপকুমার।

দ্বিজেন্দ্রলাল আমাদের সঙ্গে বাক্যালাপ করতে লাগলেন। বাংলা
• দেশের ও বিলাতের অভিনয়কলা নিয়ে কিছু কিছু আলোচনা এবং
স্থার হেনরি আর্ভিংয়ের সঙ্গে গিরিশচন্দ্রের তুলনাও করলেন। স্পষ্ট
বললেন, আর্ভিংয়ের চেয়ে গিরিশচন্দ্র নিরেস অভিনয় করেন না।

পিতা যখন অভিনেতা হিসাবে গিরিশচন্দ্রের সঙ্গে আর্ভিংয়ের তুলনায় নিযুক্ত, বালক দিলীপকুমারও তখন যে নাট্যকার হিসাবে গিরিশচন্দ্রের সঙ্গে নিজের পিতাকে তুলনা করতে ব্যস্ত হয়ে আছেন, সেটা টের পাওয়া গেল অবিলম্বেই।

হঠাৎ 'অর্চনা' থেকে চোখ তুলে তিনি বলে উঠলেন, 'বাবা, বাবা, গিরিশবাবুর প্রতাপসিংহের চেয়ে তোমার 'রাণা প্রতাপ' আরো ভালো বই হয়েছে!'

পুত্রের কাছ থেকে এই অ্যাচিত ও অলিখিত 'সাটিফিকেট' লাভ করে দ্বিজেন্দ্রলাল সহাস্থে মুখ ফিরিয়ে করলেন দিলীপকুমারের দিকে সম্মেহ দৃষ্টিপাত। তামাদের সকলেরই মুখে ফুটল কৌতুকহাসি।

দিজেন্দ্রশালের সাথে দেখা করতে গিয়েছি কয়েকবার, কিন্তু আর কোনদিন পিতা ও পুত্রকে একসঙ্গে দেখিনি। দিজেন্দ্রলালের পরলোকগমনের পরেও বহুকাল প্যস্ত দিলীপকুমারের সঙ্গে আমার চোখাচোখি হয়নি। আবার যখন দেখা হল, আমি তখন প্রোচ় ওদিলীপকুমার এসে দাঁড়িয়েছেন যৌবনের প্রাস্তভাগে। ইতিমধ্যে তাঁর খবর পেয়েছি মাঝে মাঝে। মন দিয়ে তিনি বিশ্ববিভালয়ে পড়াশোনা করছেন। এঁর-ওঁর-তাঁর কাছে গান শিখছেন। গোড়ার দিকে তাঁর একজন সঙ্গীতশিক্ষক ছিলেন বকুবার্ (তাঁর ভালো নামটি ঠিক মনে পড়ছে না, তিনি ছিলেন সুগায়ক এবং সাধারণ রঙ্গালয়ে অভিনেতারূপেও অল্পবিস্তর নামু কিনেছিলেন)। তারপর শুনলুম, দিলীপকুমার য়ুরোপে যাত্রা করেছেন।

য়ুরোপ প্রত্যাগত দিলীপকুমারকে অভিনন্দন দেবার জঞ্জেরামমোহন লাইব্রেরীতে এক সভার আয়োজন করা হয়। সেইখানে আবার তাঁর দেখা পাই এবং প্রথম তাঁর গান শুনি। এবং সঙ্গেদকে তাঁর গানের ভক্ত হয়ে পড়ি। সেইদিনই বুঝতে পারি, সঙ্গীত-সাধনায় তিনি সিদ্ধির পথে এগিয়ে গিয়েছেন কতখানি! তাঁর একটিনাত্র গানেই তাঁকে উঁচুদরের শিল্পী বলে চিনিয়ে দিতে পারে।

তারপর এখানে ওখানে দিলীপকুমারের সঙ্গে দেখা হয়। আলাপ জমে। ক্রমে পরিচয় ঘনিষ্ঠ হয়ে ওঠে। নিজের গানের আসর বসলেই তিনি পত্র লিখে আমাকে আমন্ত্রণ করতে ভোল্লেন না,। আমিও 'সঙ্গীতস্থা তরে পিপাসিত চিত্ত' নিয়ে যথাস্থানে হাজিরা দিতে ভূলি না—কথনো একাকী এবং কখনো সপরিবারে। এইভাবে তিনি যে কতদিন আমাদের আনন্দবিধান করেছেন, তার আর সংখ্যা হয় না।

দিলীপকুমারের সঙ্গীতশিক্ষা স্থান্ট ভিত্তির উপরে প্রতিষ্ঠিত। তিনি কেবল স্থবিখ্যাত সঙ্গীতাচার্যদের কাছে তালিম নিয়ে এলেম লাভ করেননি, গোটা ভারতবর্ষ মুরে এখানকার অধিকাংশ প্রথম শ্রেণীর ধুরন্ধর গায়ক-গায়িকার সঙ্গেও সম্বন্ধ স্থাপন করতে পেরেছেন। আমি যখন সাপ্তাহিক 'বিজ্ঞলী'র নিয়মিত লেখক, সেই সময়ে ঐ পত্রিকায় দিলীপকুমারের দেশে দেশে সফরের কাহিনী ও গায়ক-গায়িকাদের বিবরণী প্রকাশিত হ'ত। সেই পরম উপাদেয় রচ্নাগুলি আমি সাগ্রহে পাঠ করতুম। সেগুলি কেবল স্থুখাঠ্য নয়, শিক্ষাপ্রদণ্ড বটে। উচ্চাঙ্গের ভারতীয় সঙ্গীত সম্বন্ধে দিলীপুকুমার যে ধারণা পোষণ করেন, ঐ নিবন্ধগুলির মধ্যে তার বিশদ পরিচয় আছে। অধিকাংশ কুলেই তাঁর ধারণার সঙ্গে আমার ধারণা মিলে যায় অবিকল।

কিন্তু কেবল ভারতীয় সঙ্গীতেই দিলীপকুমার প্রভৃত অভিজ্ঞতা অর্জন করেননি, য়ুরোপে থাকতে যথেষ্ট জ্ঞান সঞ্চয় করেছেন পাশ্চাত্য সঙ্গীত সম্বন্ধেও। সেথানেও তিনি শুনেছেন অনেক ভালো ভালো শিল্পীর গান এবং তাঁদের কাছ থেকে শিথেছেনও যে অনেক কিছুই, এটুকু অনুমান করাও কঠিন নয়।

তিনি হচ্ছেন বিখ্যাত পিতার বিখ্যাত পুত্র—চলতি কথায় যাকে বলে "বাপ কো বেটা"। তাঁর বাবা নাটক, কবিতা ও প্রবন্ধ লিখেছেন, গান গেয়েছেন ও স্থরস্থি করেছেন। দিলীপকুমারও উপস্থাসিক, কবি, প্রবন্ধকার, স্থরকার ও গায়ক। নাটকও রচনা করেছেন একাধিক। এদেশে বহু পরিবারেই বংশামুক্রমে সঙ্গীতের অমুশীলন চলে। এ-সব পরিবারের শিল্পীদের বলা হয় "ঘরানা গায়ক"। দিলীপকুমারও তাই। কেবল তিনি ও তাঁর পিতা নন্, তাঁর পিতামহ কার্তিকেয়চন্দ্র রায়ও ছিলেন খ্যাতিমান সঙ্গীতবিদ।

তাঁর উপত্যাস পেয়েছে শরংচন্দ্রের কাছ থেকে প্রশংসা। তাঁর কবিতাও লাভ করেছে রবীন্দ্রনাথের প্রশস্তি। কিন্তু আমি হচ্ছি ক্ষুদ্র ব্যক্তি, ওঁদের কাছে আমার মতামত তুচ্ছ। তবু এইটুকুই খালি বলতে পারি, দিলীপকুমারকে আমিও সুলেখক বলে গণ্য করি বটে, কিন্তু আমি সবচেয়ে বেশী আকৃষ্ট হই তাঁর গানের দিকেই। তাঁর আসল কৃতিছ সঙ্গীতক্ষেত্রেই। বড়ই হুংথের বিষয় যে, কাব্য ও চিত্র প্রভৃতিকে যেমন ধরে রাখা যায়, গান, নাচ ও অভিনয়-কলাকে তেমন চিরস্থায়ী করা যায় না। গায়কের, নর্তকের ও অভিনেতার জীবনদীপ নেবার সঙ্গে সঙ্গেই ভাদের ব্যক্তিগত আর্ট চলে যায় মান্থবের দেখাশোনার বাইরে। তবু লোক পরম্পরায় মুখে মুখে কেরে তাঁদের নাম। তানসেন আজও মরেন নি। গ্যারিক আজও

মমর। পাবলোভা আজও বেঁচে আছেন। দিলীপকুমারকেও বাঁচতে । হবে ঐ সঙ্গীতস্মৃতির জগতেই।

বাংলা গানে তিনি এনেছেন একটি অভিনব চঙ বা ভঙ্গি, যাং নম্পূর্ণরূপেই তাঁর নিজস্ব। যেমন রবীন্দ্রনাথ ও দিজেন্দ্রলালের াচনাপদ্ধতি, অবনীন্দ্রনাথের চিত্রাঙ্কনপদ্ধতি, শিশিরকুমারের অভিনয়-শদ্ধতি ও উদয়শঙ্করের নৃত্যপদ্ধতি সম্যকভাবেই তাঁদের ব্যক্তিগত, মগণ্য পদ্ধতির মধ্যেও তারা স্বয়ংপ্রধান হয়ে বিরাজ করে, দিলীপ-মারের গান গাইবার পদ্ধতিও সেই রকম অপূর্ব। ওস্তাদী 'ব্যাকরণে''র দ্বারা কণ্টকিত ও উৎপীড়িত না করেও উচ্চাঙ্গ সঙ্গীতের হারা যে সর্বশ্রেণীর শ্রোভার শ্রবণেই মধুবর্ষণ করা যায়, দিলীপ-মারের আসরে আসীন হলেই পাওয়া যায় সে প্রমাণ। কি ঈমাদনা আছে তাঁর গানে, কি রসের ব্যঞ্জনা আছে তাঁর স্থুরে, আর ক কলকণ্ঠের অধিকারী ও দরদী গায়ক তিনি! চিত্তও তাঁর নিমু'ক্ত, কান গানই তাঁর কাছে উপেক্ষিত নয়। থিয়েটারি গান ও থিয়েটারি মুর ওস্তাদদের আসরে অচ্ছুৎ হয়ে থাকে, দিলীপকুমার তাকেও মাদর করে নিজের কঠে টেনে নেন। বাংলা রঙ্গালীয়ে থিয়েটারি হুরে গেয় গিরি**শচন্দ্রে**র একটি সেকেলে গান আছে—''রাঙা জবা ক দিল তোর পায়ে মুঠো মুঠো"। ঐ গান আর ঐ স্থর দিলীপ চুমারের কণ্ঠগত হয়ে কি সুধাস্ত্রমধুর হয়ে উঠেছে, গ্রামোফোনের রেকর্ডে সে প্রমাণ পাকা হয়ে আছে।

ভালো গায়কের গান শোনবার জ্বন্থে দিলীপকুমারের আগ্রহ বিদাই সজাগ। আমার জ্যেষ্ঠতাতপুত্র সতীশচন্দ্র রায় বহুকাল-ক্লীতসাধনা করে এখন পরলোকগমন করেছেন। এক সময়ে ভালো গায়ক বলে তাঁর প্রচুর পসার ছিল। গ্রামোফোনের রেকর্ডেও প্রকাশিত হয়েছিল তাঁর অনেকগুলি গান। একদিন তাঁর গান শোনবার জ্বন্থে দিলীপকুমার এলেন আমাদের বাড়িতে। তারপরও প্রকাধিকবার তিনি আমাদের বাড়িতে পদাপণ করেছেন, তবে পরের গান শুনতে নয়, নিজের গান শোনাতে।

তারপর দিলীপকুমার করলেন সন্ন্যাস গ্রহণ, চলে গেলেন পণ্ডিচেরীর অরবিন্দাশ্রমে। সেখানকার জত্যে দান করলেন নিজের সর্বস্ব। বোধ করি তাঁর দারা প্রভাবান্বিত হয়েই আর একজন অতুলুনীয় সঙ্গীতশিল্পীও পণ্ডিচেরী যাত্রা করে একেবারেই ভেস্তে গিয়েছেন, তাঁর নাম শ্রীভীম্মদেব চট্টোপাধ্যায়। কিন্তু স্থের বিষয় যে দিলীপকুমার সন্মাসী হয়েও সঙ্গীত ও সাহিত্যকে ত্যাগ করেননি।

পণ্ডিচেরীতে গিয়েও আমার সঙ্গে তিনি সম্পর্ক তুলে দেননি।
একাধিক পত্রিকার সম্পাদকরূপে যথনই তাঁর রচনা প্রার্থনা করেছি,
তথনই তা পেয়েছি। তাছাড়া আমাকে তিনি পত্র লিখতেন প্রায়ই এবং
আমাকেও পত্র লেখবার জন্মে অনুরোধ করতেন। তাঁর বহু পত্রই আমি
রক্ষা করেছি, সেগুলির মধ্যে আছে সাহিত্য ও সঙ্গীতের কথা। নিজের
কথাও আছে। তাঁর একখানি স্থুদীর্ঘ পত্রের অংশবিশেষ এখানে তুলে
দিলুম—পত্রের তারিখ হচ্ছে উনত্রিশে নভেম্বর, ১৯৩৯ খ্রীষ্টাব্দ:
প্রিয়বরেষু,

আপনার পত্র পেয়ে খুব হাসলাম। আপনার কবিতা ("ছন্দা"র) বেশ লেগেছিল। আপনার গানগুলি পেয়ে সুখী হলুম। দেখব কি করা যায়। সুর মাথায় না এলে মুদ্ধিল। কিন্তু আপনার আরো কয়েকটা গান পাঠাবেন। প্রেমের গানও ছ একটা পাঠাবেন কিন্তু—আমি প্রেমের গান যে একেবারেই গাই না বললে সত্যের অপলাপ করা হয়। সেদিন Chopin-এর একটি জর্মন গানের অনুবাদ করেছি, আপনাকে পাঠাছি—ঐ ছন্দে মিলে সুরে। যদি ভালো লাগে "ছন্দা"য় ছাপবেন। কিন্তু ভালো না লাগলে দোহাই ধর্ম, ছাপাবেন না—আমি কিছু মনে করব না।

দেখুন প্রিয়বর, একটা কথা বলে রাখি অত্যন্ত সরল বিনয়ে। কাব্যজগতেও আমি সাধামত সত্যপন্থী হতে চেষ্টা করি। কিন্তু ফলে অনেক বন্ধু হারিয়েছি—কারুর কারুর কাব্যকে ভালো বলতে না পারার দরুন। আপনার বন্ধুর আমার কাছে সত্যই কাম্য বলেই ভয় হয়, পাছে আপনার সব গানকে ভালো বলতে না পারলে আপনিও আমাকে বিসর্জন দেন। আপনার একজন প্রিয় কবির কবিতা আমার ভালো লাগে না। তিনি আমাকে বহু উপরোধ করেছেন তাঁর কাব্য সমালোচনা করতে—আমি কর্বতে পারিনি—যদিও তাঁর কাজের কোথাও নিলা করিনি—কিন্তু তিনি চটে গেলেন মোক্ষম।……আমার গান কবিতা কিছুও যদি আপনার ভালো না লাগে তবু আপনার প্রীতিকে আমি সমানই চাইব, কেননা আমি সার বুঝি ভালোবাসার অহেতুক স্নেহকে। আপনি আমাকে স্নেহ করেন এইটুকুই আমি চাই—আর কিছু না।……প্রগলভতা মার্জনা করবেন: তবে আপনি প্রবীণ লোক, অনেক দেখেছেন শুনেছেন, কাজেই মনে হয় বুঝবেন আমার সন্ধোচ ও আক্ষেপ। পূজো সংখ্যা ''ছন্দা'' একখানা আমাকে পাঠাবেন গ যেখানা পাঠিয়োছিলেন সেটি রবীক্রনাথ পড়েছেন, তাঁর কাছেই আছে'' প্রভৃতি।

কিন্তু আমার ভাগ্যে সে দিলীপকুমার আজ একেবারেই বদলে গেছেন। পত্রালাপ বন্ধ করে দিয়েছেন। কলকাতায় এলেও থবর নেন না বা গানের আসরে আমন্ত্রণ করেন না। কারণ ঠিক জানি না। তবে একটা কারণ হয়তো এই : কয়েক বংসর আগে তার রচিত "উদাসী দিজেন্দ্রলাল" পুস্তকে রবীন্দ্রনাথের সঙ্গীত সম্বন্ধে যথেষ্ট অক্যায্য মতামত প্রকাশ করা হয়েছিল। গুরুস্থানীয় ব্যক্তির বিরুদ্ধে সে সব উক্তি আমি মেনে নিতে পারিনি, আমিও কয়েক সপ্তাহ ধরে "দৈনিক বস্থমতী"তে তার প্রতিকূল আলোচনা করেছিলুমণ দিলীপকুমারের অভিমানের কারণ হয়তো তাই। উপরের পত্রে লিখেছেন, সত্যপন্থী হয়ে তিনি অনেক বন্ধুকে হারিয়েছেন। ঠিক অনুরূপ কারণেই আমিও হারিয়েছে তাঁর বন্ধুক। কিন্তু তব্ন আমি তাঁর অসাধারণ সঙ্গীত-প্রতিভাকে শ্রন্ধা করি। আজও তাঁকে আমি

আগেকার মতই ভালোবাদি। সাহিত্যিক বাদ-প্রতিবাদকে ব্যক্তিগত্ত জীবনে টেনে আনতে আমি অভ্যস্ত নই।

কৃষ্ণচন্দ্র দে

আধুনিক বাংলার লোকপ্রিয় দঙ্গীত-ধুরদ্ধরদের মধ্যে কৃষ্ণচন্দ্র দেশ উপ্রবিদ্ধরদের মধ্যে কৃষ্ণচন্দ্র দেশ উপ্রবিদ্ধর অধিকারী। সে আসনের উচ্চতা কতটা, তা নিয়ে মাথা ঘামাবার দরকার নেই; কিন্তু কোন কোন বিভাগে কৃষ্ণচন্দ্রের আর্টি অতুলনীয় ও অত্ত্বকরণীয় হয়ে আছে, একথা বললে অত্যুক্তি করা হুবি না।

বয়দে কৃষ্ণচন্দ্র এখন যাটের পরের ধাপে এসে পড়েছেন (তাঁর জন্ম ১৮৯৪ খ্রীষ্টাব্দের আগদ্ট মাদে)। স্বর্গীয় বন্ধুবর নরেন্দ্রনাথ বস্থর বাড়িতে প্রথম যেদিন তাঁর গান শুনি, তখন তিনি বয়সে যুবক। সেদিন শিক্ষার্থী হলেও তিনি ছিলেন নামজাদা উদীয়মান গায়ক। তারও বহু বংসর পরে যখন ওস্তাদ বলে সর্বত্র সমাদৃত হয়েছেন, তথনও সঙ্গীতকলার প্রত্যেক বিভাগে নতুন কিছু শেখবার জন্মে তাঁকে শিক্ষার্থীর মত আগ্রহ প্রকাশ করতে দেখেছি। লাটিনে চলতি উক্তি আছে—আর্ট অনন্ত, কিন্তু জীবন হচ্ছে সংক্ষিপ্ত। সংস্কৃতেও অমুরূপ বাণী আছে—"অনন্ত শাস্ত্রং বহু বেদিতব্যং স্বল্লাশ্চ আয়ুঃবহুবশ্চ বিল্লাঃ।" এমন শ্রেষ্ঠ শিল্পী আমি কয়েকজন দেখেছি, যারা ভূলে যেতে চান এই পরম সত্যটি। কৃষ্ণচন্দ্র এ শ্রেণীর শিল্পী নন। নিয়তি তাঁকে দয়া করেনি। ভগবান তাঁকে চক্ষুমান করেই পৃথিবীতে পাঠিয়ে দিয়েছিলেন। বাল্যবয়স পর্যন্ত ছুই চোখ দিয়ে তিনি উপভোগ করবার স্থযোগ পেয়েছিলেন স্থন্দরী এই বস্ক্ষরার দৃখ্য-मङ्गी७—আলোছায়ার हुन्म, हेल्ल्थशूर्वार्वत्र आनम्, काखादरेमालद সৌন্দর্য ও চলমান তরঙ্গিনীর নৃত্য। কিন্তু কৈশোরেই বঞ্চিত হন. দৃষ্টির ঐশ্বর্য থেকে। জন্মান্ধ চোখের মর্যাদা ততটা বোঝে না। কিস্ত চক্ষুরত্ম লাভ করেও তা থেকে বঞ্চিত হওয়া, এর চেয়ে চরম ত্র্ভাগ্য কল্পনা করা যায় না।

বন্ধ হয়ে গেল লেখাপড়া। ভগবানদত্ত দৃষ্টি হারালেন বটে, কিন্তু নিয়তি তাঁর ভগবানদত্ত স্থক্ঠ কেড়ে নিতে পারলে না। কৃষ্ণচন্দ্র সঙ্গীতসাধনায় নিযুক্ত হয়ে রইলেন একাড়ভাবে। ধালো বংসর বয়সে স্থগত সঙ্গীতবিদ শশিমোহন দে'র শিশুন্থ স্থীকার করলেন এবং তারপর সতীশচন্দ্র চক্রবর্তী, গয়ার মোহিনীপ্রসাদ, প্রফেসর বদন খাঁ ও করমতুল্লা খাঁ প্রভৃতির কাছে সাগরেদী করে টিপ্পা, ঠুংরী ও খেয়ালে নিপুণতা অর্জন করেন। কীর্তনবিদের কাছে কীর্তন শিক্ষা করেছেন পরিণত বয়সেও। শুনেছি ওস্তাদ জমীরুদ্দীন খাঁও তাঁকে কোন কোন বিষয়ে সাহায্য করেছেন।

অন্ধ হয়ে বিভালয় ছাড়তে বাধ্য হয়েছিলেন বটে, কিন্তু তাঁর বাড়ির লেখাপড়া বন্ধ হয়নি। একাধিক ভাষায় তিনি অর্জন করেছেন উল্লেখযোগ্য কৃতিছ। আলাপ করে বুঝেছি, তাঁর মধ্যে আছে যথেষ্ট সাহিত্যবোধ ও কাব্যামুরাগ—অধিকাংশ ওস্তাদ গাঁয়কের মধ্যে যার অভাব অমুভব করেছি।

প্রথমে পূর্বোক্ত নরেনবাবুর বাড়িতে এবং পরে বিশ্ববিখ্যাত পালোয়ান শ্রীযতীন্দ্র গুহ বা গোবরবাবুর বাড়িতে প্রায়ই বসত উচ্চশ্রেণীর গানবাজনার বৈঠক। গান গাইতেন স্বর্গীয় ওস্তাদ জমীরুদ্দীন গাঁও কৃষ্ণচন্দ্র। তাঁদের গান শেষ হলেও প্রায় মধ্যরাত্রে সরদ নিয়ে বসতেন অনস্থসাধারণ শিল্পী কর্মতুল্লা খাঁ সাহেব। তবলায় সঙ্গত করতেন স্বর্গীয় দর্শন সিং। সময়ে সময়ে আসর ভাঙ্গত শেষ রাতে। জমীরুদ্দীন ও কৃষ্ণচন্দ্রের গানের ভাগুরি ছিল অফুরস্ত।

আমাদের ওস্তাদ গায়কদের গানের গলা হয় অত্যন্ত শিক্ষিত এবং সঙ্গীতকলার কোম কলকোশলই তাঁদের অজ্ঞানা থাকে না। শান্ত্রের সব বিধিনিষেধ মেনে তাঁরা গান গেয়ে যেতে পারেন বস্ত্রচালিতবং,

কোথাও একটু-আধটু এদিক ওদিক হতে দেখা যায় না। এ হিসাবে 'তাঁদের নিখুঁত বলতে বাধে না। কৃষ্ণচন্দ্রও আগে গান গাইতেন ঐ ভাবেই।

কিন্তু ক্রমে ধীরে ধীরে বদলে আসে তাঁর গান গাইবার পদ্ধতি। আগেই বলেছি, কৃষ্ণচন্দ্রের মধ্যে আছে প্রভৃত কাব্যরস, মানে না বুঝে স্থরে কেবল কথা আওড়ানো নিয়েই তিনি তুষ্ট হয়ে থাকতে পারলেন না, কথার অর্থ অনুসারে স্থারের ভিতরে দিতে লাগলেন চমংকার ভাবব্যঞ্জনা (Expression)। একে নাটকীয় কোন কিছু (Dramatic) বলুন, বা কল্পস্থা (Romantic) বলেই ধরে নিন; কিন্তু এই পদ্ধতিতে গানের ভিতর যে যথেষ্ট প্রাণসঞ্চার করা यात्र. तम विषया कानरे मल्लर तारे। मर्वश्रयम वाला भारतत औ ভাবব্যঞ্জনার দিকে বিশেষ দৃষ্টি দিয়েছিলেন স্বয়ং রবীক্রনাথ এবং সেই জন্যেই রবীন্দ্র-সঙ্গীতে কথা ও স্থুর সর্বদাই আপন আপন মর্যাদা বাঁচিয়ে পরস্পরকে সাহায্য করতে পারে।

গ্রামোফোনের রেকর্ডে বিশ্বনাথ ধামারী, রাধিকাপ্রসাদ গোস্বামী ও অঘেরিনাথ চক্রবর্তী প্রভৃতি স্বর্গীয় সঙ্গীতাচার্যদের বাংলা গান ধরা আছে। সেগুলি শুনলেই উপলব্ধি করতে পারবেন, তাঁদের গানের মধ্যে আছে স্থরতাললয়ের প্রচুর মুনশীয়ানা এব ভারা প্রত্যেকেই নিখুঁত গায়ক। কিন্তু যারা গানের শব্দগত ভাববাঞ্জনা খুঁজবেন, তাদের গানে তারা সে জিনিসটি খুঁজে পাবেন না। ঐ সব স্থারে তাঁরা যদি অন্ত গানের কথাও ব্যবহার করেন, ভাহলেও ইতরবিশেষ হবে. না। ওস্তাদ গায়কদের মধ্যে সর্বপ্রথমে কুফচন্দ্রই গানের এই ভাববাঞ্জনার দিকে ঝোঁক দেন। তিনি যখন প্রথম রঙ্গালয়ের সংস্পর্শে আসেন, তথনই এই বিষয়টি বিশেষভাবে স্পষ্ট হয়ে ওঠে। শিশির-সম্প্রদায়ের বা রবীন্দ্রনাথের,—কার প্রভাবে এই পরিবর্তন সাধিত হর তা আমি বলতে পারি না।

শিশিরকুমার ভাত্নড়ী প্রথম যখন নাট্য-সম্প্রদায় গঠন করেন, এথন থানের দেখছি

তথন ছইজন সঙ্গীতবিদ তাঁর সম্প্রদায়ে যোগ দিয়েছিলেন—স্বর্গীয় গুরুদাস চট্টোপাধ্যায় ও কৃষ্ণচন্দ্র। গুরুদাস ছিলেন কলাবিদ রাজা সৌরীক্রমোহন ঠাকুরের দৌহিত্র এবং য়ুরোপীয় সঙ্গীত ও রবীক্র-নাথের গান সম্বন্ধে বিশেষজ্ঞ। কৃষ্ণচন্দ্র ছিলেন তথন ওস্তাদ গায়কদের অগুতম। তাঁরা ছজনেই সম্প্রদায়ের প্রথম পালা। "বসন্তলীলা"র সূর সংযোজনার ভার গ্রহণ করলেন।

সেই সময়ে গানের ভূমিকা নিয়ে কৃষ্ণচন্দ্রকে রঙ্গমঞ্চের উপরে দেখা দেবার জন্যও অমুরোধ করা হয়। কিন্তু তিনি বড়ই নারাজ, বললেন, "থিয়েটারে গান গাইলে গায়কসমাজে আমার জাত যাবে।" এদেশে যাঁরা বড় গায়ক হতে চেয়েছেন, তাঁরা বরাবরই চলতেন রঙ্গালয়কে এড়িয়ে। বাংলা রঙ্গালয়ে যাঁরা সঙ্গীতশিক্ষক ছিলেন—যেমন রামতারণ সান্ধ্যাল, পূর্ণচন্দ্র ঘোষ, কাশীনাথ চট্টোপাধ্যায় ও দেবকণ্ঠ বাগচী প্রভৃতি—তাঁরা সঙ্গীতবিদ হলেও ওস্তাদ-সমাজের অম্বর্গত ছিলেন না। পাশ্চাত্য দেশে দেখা যায় অন্য রকম ব্যাপার। শালিয়াপিন ও ক্যারুসো প্রমুখ গায়করা ওস্তাঙ্গ বলে. অক্ষয় যশ অর্জন করেছেন রঙ্গালয়ের গীতাভিনয়ে ভূমিকা গ্রহণ করেই। ভাগনর প্রমুখ অমর স্বরকাররা স্বর সৃষ্টি করেছেন রঙ্গালয়ের গীতিনাট্যের জন্মেই।

যা হোক শেষ পর্যন্ত কৃষ্ণচল্রকে বৃনিয়ে-সুনিয়ে রাজী করানো গেল। "বসন্তলীলা" পালায় তিনি রঙ্গমঞ্চের উপরে অবতীর্ণ হয়ে কয়েকখানি গান গেয়ে লাভ করলেন অপূর্ব অভিনন্দন। তার পরে দেখা দিলেন "দীতা" পালায় বৈতালিকের ভূমিকায়। আমার রচিত "অন্ধকারের অন্তরেতে অশ্রুবাদল ঝরে" গানটি তাঁর স্বর্গীয় কণ্ঠের গুণে এমন উতরে গেল যে, তারপর থেকে ফিরতে লাগল পথে পথে লোকের মুখে মুখে। কৃষ্ণচল্রেরও ভ্রম ভেতে গেল। রঙ্গালয়ের সম্পর্কে এসে গায়কসমাজে তাঁর খ্যাতি একট্ও ক্ল্প্রহল না, ওদিকে জনসমাজে হয়ে উঠলেন তিনি অধিকতর বাোকপ্রিয়। তাঁকেও পেয়ে বসল থিয়েটারের নেশা। শিশির-সম্প্রদায় থেকে
মিনার্ভা থিয়েটারে, তারপর রঙমহলে তিনি কেবল গানের স্কর
সংযোজনা নিয়েই নিযুক্ত হয়ে রইলেন না, রঙ্গমঞ্চের উপরেও দেখা
দিতে লাগলেন ভূমিকার পর ভূমিকায় এবং প্রমাণিত করলেন,
দৃষ্টিহারা হয়েও তিন্ধি করতে পারেন উল্লেখযোগ্য অভিনয়। তারপর
থেকে আজ পর্যন্ত তিনি কোন না কোন দিক দিয়ে নাট্য-জগতের
সঙ্গে নিজের সম্পর্ক বজায় না রেখে পারেন নি। সাধারণ রঙ্গালয়
ছেড়েছেন বটে, কিন্তু বাস করছেন চলচ্চিত্রের জগতে। সেখানেও
স্কুর দিয়েছেন, গান শুনিয়েছেন, অভিনয় দেখিয়েছেন, পরিচালনা
করেছেন। তাঁর মধ্যে উপ্ত ছিল যে গুপু নাট্যনিপুণতা, শিশিরসম্প্রদারের প্রসাদেই ফলেছে তাতে সোনার ফসল।

এক সময়ে আমি সঙ্গীত রচনার প্রেরণা লাভ করতুম কৃষ্ণচন্দ্রের কাছ থেকেই। আমার রচিত গান গাইবার জন্মে তিনি অত্যন্ত আগ্রহ প্রকাশ করতেন এবং আমার কাছ থেকে চাইতেন গানের পর গান। এবং আমিও সমর্পণ করতুম গানের পর গান তাঁর হাতে। শ্রীভীম্মদেব চট্টোপাধ্যায়, নজরুল ইসলাম, জমীরুদ্দীন খাঁ, হিমাংশু দত্ত সুরসাগর ও শচীক্র দেববর্মণ প্রভৃতি আরো বহু শিল্পী আমার অনেক গানে স্থুর সংযোজন করেছেন বটে, কিন্তু কৃঞ্চন্দ্র আমার ষত গানে সুর দিয়েছেন তার আর সংখ্যাই হয় না। তাঁর গলায় নিজের গান শোনবার জত্যে আমি উন্মুখ হয়ে থাকতুম এবং বাংলার জনসাধারণের ঔৎস্কাও যে কম ছিল না তার প্রমাণ পাওয়া যায় আমার দারা রচিত ও কৃষ্ণচল্ডের দারা গীত 'নয়ন য' দিন রইবে বেঁচে তোমার পানেই চাইবো গো', 'চোখের জলে মন ভিজিয়ে যায় চলে ঐ কোন উদাসী', 'মন-কুস্থমের রংভরা এই পিচকারীটি রাধে', 'বঁধু চরণ ধরে বারণ করি টেনো না আর চোথের টানে' ও 'শিউলী, আমারু প্রাণের সবি. ভোমায় আমার লাগছে ভালো' প্রভৃতি আরও বহু গানের অসাধারণ লোকপ্রিষ্কৃতা দেখে।

হাঁ।, কৃষ্ণচন্দ্রের কঠের ইন্দ্রজাল উপভোগ করবার জত্যে উন্মুখ হয়ে থাকতুম সত্য সত্যই। তিনিও আমাকে হতাশ করতেন না। প্রতি মাসেই অন্ততঃ একবার করে সদলবলে আমার বাড়িতে এসে উপস্থিত হতেন এবং আমাকে শুনিয়ে দিতেন গানের পর গান। খেয়াল, টয়া, ঠুংরী, গজল এবং আমার রচিত বাংলা গান কিছুই বাদ যেত না। কেটে যেত ঘন্টার পর ঘন্টা, রাত্রি হয়ে উঠত গভীর, কিছু আমাদের কোনই হুঁশ থাকত না, হারিয়ে ফেলতুম সময়ের পরিমাপ।

কখনো কখনো পূর্ণিমার রাত্রে তেওলার ছাদের উপরে বসত গানের আসর। নীলাকাশে চাঁদমুথের রূপোলী হাসি, সামনে জ্যোৎস্নাপুলকিত গঙ্গার চলোর্মি-সঙ্গীত এবং সেই সঙ্গে কৃষ্ণচন্দ্রের অয়তায়মান কঠে সুরের স্বরধুনী, এই বিচিত্র ত্রয়ীর মিলনে দৃশ্য ও আব্য সৌন্দর্যে চিত্ত হয়ে উঠত ঐশ্বর্যময়। পূর্ণিমার সেই বৈঠকে মাঝে মাঝে এসে যোগ দিতেন চিত্রভারকা কল্যাণীয়া শ্রীমতী চল্রাবতী বা অহ্য কোন গুণীজন। তাঁদের উপস্থিতি অধিকতর উপভোগ্য করে তুলত বৈঠককে। আজ থেকে থেকে দীর্ঘপাস ফেলে ভাবি—হায়, সে আনন্দের মুহূর্তগুলি আর ফিরে আসবে না। সৌভাগ্যক্রমে কৃষ্ণচন্দ্র আজপ্র বিভ্যমান বটে, কিন্তু আমার সহধর্মিণীর পরলোক-গমনের পর ভেঙে গিয়েছে সেই আনন্দের আসর।

যারা ক্ল্যাসিকাল সঙ্গীত সাধনায় সিদ্ধ হয়ে ওস্তাদ অ্যাখ্যা লাভ করেছেন, তাঁদের মধ্যে পনেরো আনা লোকই রবীক্র-সঙ্গীতের মর্যাদা রাখতে পারেন না। অনেকে আবার রবীক্রনাথের গান গাইতে একান্ত নারাজ। কৃষ্ণচক্র এ শ্রেণীর ওস্তাদ নন। তাঁর কণ্ঠে পরিপূর্ণ সৌন্দর্যে আত্মপ্রকাশ করে রবীক্রনাথের কাব্য-শঙ্গীতও। কেবল তাই নয়, যে কোন শ্রেণীর সঙ্গীতে আছে তাঁর অপূর্ব দক্ষতা। এ থেকেই বোঝা যায়, তাঁর সিদ্ধ সাধনা সর্বতোমুখী।

কৃষ্ণচন্দ্রের প্রাক্তন ছাত্রদের মধ্যে একজ্ঞা, আজ প্রচুর খ্যাতি অর্জন করেছেন। তিনি হচ্ছেন ত্রিপুরার কুমার ঞ্রীশচীন্দ্র দেববর্মণ।



প্রথম আবার সেই ত্রিমূর্তি

ঘন ঘন কড়া-নাড়ার শব্দ এবং সঙ্গে সঙ্গে চড়া-গলায় চিৎকার:

''জয়ন্ত, জয়ন্ত, ওহে ভায়া! বলি, ঘুম ভাঙল নাকি ?''

দরজা খুলে গেল। জয়স্তের চাকর মধুর আবির্ভাব।

- —"এই যে মধু। তোমার মনিব কি করছেন বাপু **?**"
- —"মানিকবাবুর সঙ্গে চা খাচ্ছেন।"
- —"বল কি! এরি মধ্যে চায়ের আসর বসে গেছে ? ভুম্!"

ডিটেকটিভ-ইন্স্পেক্টর স্থানরবার বিপুল উৎসাহে সুমুখ থেকে মধুকে সরিয়ে দিয়ে তাড়াতাড়ি বাড়ির ভিতরে প্রবেশ করলেন—কারণ তিনি জানতেন যে, এ-বাড়ির প্রভাতী চায়ের আসর হচ্ছে দস্তরমত সমারোহের ব্যাপার! চায়ের নামেই চন্মন্ করে উঠেছে তাঁর উদরস্থ ক্ষুধা।

আসরে প্রবেশ করেই স্থন্দরবার তাঁর সেই বিখ্যাত 'হুম্' শব্দটি সন্ধোরে উচ্চারণ করলেন।

জয়ন্ত বললে, ''আরে আরে ফুলরবারু যে! আসুন, আসুন।"
—"তোমাদের চা-পর্ব শেষ হয়ে গেছে দেখছি।" স্থুলরবার্ক কণ্ঠে নিরাশার সুর। জয়ন্ত বললে, "রবীশ্রনাথের ভাষা ঈষং বদলে আমি বলতে পারি—

> 'উহু, শেষ করা কি ভালো ? তেল ফুরোবার আগেই আমি দি নিবিয়ে আলো' !"

সুন্দরবার ভুরু কুঁচ্কে বললেন, "আমি কার্ব্যি-টাব্যি বুঝি না। গুর মানেটা কি হল ?"

- —''ওর মানেটা হল এই যে, তেল যথন ফুরোয়নি আলো আবার জ্বলতে পারে—অর্থাং চা আবার আসতে পারে!"
 - —"চা আবার আসতে পারে ? সাধু, সাধু !" '

মানিক বললে, "কিন্তু সুন্দরবারু, আজকে তরল চায়ের শঙ্গে নিরেট আর কিছু প্রার্থনা করবেন না।"

- —"কেন ? তু-চারখানা ওমলেটও পাব না ?"
- —"পেতে পারেন, কিন্তু খারাপ ডিমের ওমলেট খেতে হবে!"
- —"থারাপ ডিম মানে ? পচা ?"
- —"ধরুন তাই। আমাদের ডিমগুলো ঐবারে থারাপ হয়ে গুগছে।"
- —"কিন্তু তোমাদের প্লেটে তো দেখছি এখনো ছ্-এক টুকরো শুমলেট বিরাজ করছে।"
 - —"আমরা খারাপ ডিমের ওমলেট খেয়েছি।"
 - —"ধেং, তাও কি সম্ভব ?''
- —"কেন সম্ভব নয় ? বাজারের বাজে চায়ের দোকানের মালিকরা ডিম থারাপ হয়ে গেলে ফেলে দেয় নাকি ? খদেরদের সেই সব ডিমের ওমলেট খাইয়েই তারা পয়সা আদায় করে। খারাপ ডিমের ওমলেট গরম-গরম খেলে কিছু টের পাওয়া বায় না কিনা!"
 - —"কিন্তু অসুথ করতে পারে তো ?"
 - —"তা পারে। হয়তো কলেরা হবার সম্ভাবনাও থাকে।"

- —"বাপ রে, এ-সব জেনে-শুনেও তোমরা খারাপ ডিমের ওমলেট খেয়েছ ?"
 - —"থেয়েছি। স্থন্দরবারু, লোভ ভারী পাজী জিনিস।"
- "অমন লোভের মুথে আমি মারি ঝাড়ু! আমি আজ ওমলেট বিথেতে চাই না!"

জয়ন্ত হেসে টেচিয়ে বললে, "ওরে মধু, স্থন্দরবাবুর জত্যে—"

জয়ন্তের কথা শেষ হবার আগেই 'ট্রে' হাতে করে মধু হাসতে হাসতে ঘরের ভিতরে প্রবেশ করে বললে, "আমাকে আর ডাকছেন কেন বারু ? স্থল্দরবার্কে দেখেই আমি খাবার তৈরী করে ফেলেছি।"

- —"কি খাবার তৈরী করেছ? ওরে বাবা, ওমলেট।"
- —"আজ্ঞে হ্যা, আপনি ওনলেট খেতে ভালোবাসেন বলে—"

স্থান বাধা দিয়ে মাথা এবং হাত নেড়ে বললেন, "না, না, আমি পচা ডিনের ওমলেট খেতে মোটেই ভালোবাসি না! ওগুলোবরং জয়ন্ত আর মানিককে দাও।"

মানিক থিল্থিল্ করে হেসে উঠে বললে, "সুন্দরবার্, ওমলেট না থেলে আপনিই ঠকে যাবেন!"

- 'হুম্', ঠকি ঠকব। পচা ডিমের ওমলেট খেয়ে আমি পটল তুলে জিততে চাই না।"
 - —"কি করে জানলেন পচা ডিম ?"
 - —"তুমিই তো বললে বাপু!"
 - "আমি আপনার সঙ্গে একটু মস্বরা করছিলুম।"
- —"মস্করা ? আমার সঙ্গে মস্করা করছিলে ? আস্কারা পেয়ে দিনে দিনে তুমি বড্ড বেড়ে উঠেছ ! দেখছি একদিন তোমার সঙ্গে আমাকে মল্লযুদ্ধ করতে হবে !"

মানিক নিজের ছই উরুতে চপেটাঘাত করে বললে, "বেশ তো, আজকেই একহাত হয়ে যাক্ না !"

- —"যাও যাও ডেঁপো ছোকরা! আমি ছুঁচো মেরে হাতে গন্ধ করতে চাই না!"
- —"ঠিক কথা বলেছেন, এতক্ষণ পরে একটা বুদ্ধিমানের মত কথা বলেছেন। আপাতত ছুঁচো মেরে হাতে গদ্ধ না করাই ভালো. কারণ ঐ হাতেই আপনাকে এখনি ওমলেট ভক্ষণ করতে হবে।"
- —"মানিক, তোমার মুখ দেখলে আমার রাগ 'হয়! জয়ন্ত, তোমার এই বন্ধুটির জন্মে আমাকে এ-বাড়িতে আসা বন্ধ করতে হবে দেখছি।"

জয়স্ত বললে, "মানিক, স্থুন্দরবাবুর পিছনে তুমি এমন করে লেগে থাকো কেন বল দেখি ?"

মানিক বললে, ''ওঁকে ভারী ভালোবাসি কিনা!"

সুন্দরবার বললেন, "যাও, যাও! তোমার ভালোবাসা পেডে আমি এথানে আসিনি। আমি এসেছি জয়ন্তের সঙ্গে পরামর্শ করতে।"

- "কি পরামর্শ স্থলরবার ?" জয়ন্ত বললে।
- —"বলছি ভায়া, বলছি। আগে রাগটা থানিক সামলে নি মানিকের জন্মে দেখছি আমার 'ব্লাড-প্রেসার' বেড়ে যাবেঁ।"

দ্বিতীয়

শনি-মঙ্গলের কাণ্ড

চা-পর্ব সমাপ্ত হল ৷ একখানা গদী-মোড়া আরাম-আসনে বেশ করে জাঁকিয়ে বসে, পরিতৃপ্ত উদরের সমস্ত আনন্দ একটিমাত্র "হুম্" শব্দ ঘারা ব্যক্ত করে স্থুন্দরবারু বললেন, "বড়ই গোলকধাঁধায় পড়ে গেছি দাদা!"

জয়ন্ত বললে, "কি রকম ?"

- —"একেবারে নতুন রকম মামলা। মামলার সূত্র ডুব মেরেছে সমুদের স্থাধ জলের তলায়। ডুবুরী হয়ে সেই সূত্র উদ্ধার করবার ভার পড়েছে এই হতভাগ্যেরই উপরে।"
 - —"মামলাটা কিসের ?"
 - —"খুনের। এঁকটা নয়, ছটো নয় তিন-তিনটে খুন।"
 - —"ঘটনাক্ষেত্ৰ ?"
 - —"রতনপুর, চব্বিশ পরগণার একটি বড় গ্রাম।"
- —"আপনি •কলকাতা-পুলিশে কাজ করেন, এ মামলার ভার আপনার উপরে পড়েছে কেন ?"
 - "ও-অঞ্চলের পুলিশ এখানকার সাহায্য প্রার্থনা করেছে।"
 জয়ন্ত একট উৎসাহিত হায় বললে "তাহলে বোধ হ

জয়ন্ত একটু উৎসাহিত হয়ে বললে, "তাহলে বোধ হচ্ছে মামলাটার ভিতরে কিঞ্চিৎ বস্তু আছে।"

- 'বল্ক না ছাই।' আমি তো দেখছি ধোঁয়া, খালি ধোঁয়া।'
- —'ধেঁায়ার তলাতেই থাকে আগুন। মামলাটা বুঝিয়ে বলুন দেখি। একেবারে গোড়া থেকেই শুরু করুন।'
- 'শোনো তবে। মহেন্দ্রনাথ ঘটক হচ্ছেন রতনপুর গ্রামের একজন বড় গৃহস্থ। এখন তার বয়স হবে পঞ্চাশের কাছাকাছি। প্রথম জীবনে কোনু রাজ-'ফেটে' ম্যানেজারের পদে বসে তিনি বেশ কিছু

টাকা রোজগার করেন। এখন চাকরি ছেড়ে দিয়ে নিজের গ্রামে এসে বসেছেন। যে টাকা জমিয়েছেন, তারই স্থদের মহিমায় ইহকালের জয়ে তাঁর আর কোনই ভাবনা নেই। এমন কি নিজের মোটর ছাড়া রাজ্পথে তিনি এক পদ অগ্রসর হন না। বাড়িতে প্রায়ই উৎসবাদির সমারোহ হয়। কেবল গ্রামের মাতব্বররা নন, কলকাতা থেকেও তাঁর অনেক হোমরা-চোমরা বন্ধু সেই সব উৎসবে যোগ দিতে আুসেন।

কিছদিন আগে এই রকম আমন্ত্রণ পেয়ে কলকাতা থেকে এসে-্ছিলেন মহেন্দ্রবাব্রর এক মামাতো ভাই, তাঁর নাম স্থরেন্দ্রনাথ। তিনিও খুব ধনী লোক।

সেদিনটা ছিল শনিবার। সন্ধাার সময়ে বৈঠকথানায় বসে মহেন্দ্রবার, সুরেন্দ্রবার আর রতনপুর থানার দারোগা কৈলাসবার আরো কয়েক জন লোকের সঙ্গে করছিলেন গল্লগুজব। কি কথা-প্রসঙ্গে মহেন্দ্রবার বললেন, "আমাদের গ্রামের খুব কাছেই একটি ডাকাতে-কালীর মন্দির আছে। মন্দিরটি অনেক্ কালের পুরানো। আগে সেখানে প্রতি শনি আর মঙ্গলবারের রাত্রে নরবলি দেওয়া এখন দেবীর ডাকাত-ভক্তরা আর নেই, প্রতি শনি আর মঙ্গলবারে নরবলিও আর দেওয়া হয় না, এমন কি মায়ের নিত্য পূজা পর্যন্ত বন্ধ হয়ে গেছে। মন্দিরের অবস্থাত অত্যন্ত খারাপ, যে-কোন দিন দেবীর মাথার উপরে হুড়মুড় করে ছাদ ভেঙে পড়তে পারে। কিন্তু ঐ ভগ্র-মন্দিরের জীর্ণ দেবতার নাম শুনলে এ-অঞ্চলের লোক আত্তও আতত্তে শিউরে ওঠে। তাদের দৃঢ় বিশ্বাস, আজও মামুষের রক্ত খাবার লোভে প্রতি শনি আর মঙ্গলবারের রাত্রে ঐ ডাকাতে-কালীর পাষাণ-মৃতি জীবন্ত হয়ে ওঠে। তাই ঐ হই দিনের রাত্রে এ-অঞ্চলের কোন লোকই ঐ মন্দিরের কাছ দিয়েও হাঁটে না। শোনা গেছে, বহুকাল আগে কোন কোন ছঃসাহসী লোক শনি-মঙ্গলের রাত্রে গুজবের সভ্যতা, পরীক্ষা করবার জন্মে মন্দিরের কাতে গিয়েছিল। কিন্তু তারা আর ফিরে আসেনি। হেমেন্দ্রকুমার রায় রচনাবলী : ২

- 217

পরদিন প্রভাতে মন্দির-চম্বরে পাওয়া গিয়েছিল তাদের মৃতদেহ।"

' মহেন্দ্রবার্র কথা শুনে কলকাতা থেকে আগত স্থরেনবার্ আর এখানকার থানার দারোগাবার্ একসঙ্গে হো হো করে অট্টহাস্ত করে উঠলেন।

সুরেনবার বললেন, 'আমি হচ্ছি পয়লা নম্বরের নাস্তিক, চোখে দেখা যায় না বলে ভগবানকেই মানি না, আর আমাকেই তুমি কিনা এই পাড়াগেঁয়ে গুজবে বিশ্বাস করতে বল গ'

দারোগাবার বললে, 'আমি হচ্ছি পুলিশ। মানব, দানব, যক্ষ, রক্ষ, ভূত-পেত্নী বা তন্ত্র-মন্ত্র কিছুই আমরা মানি না। কালী বলে কোন দেবী সত্য সত্যই আছেন কিনা জানি না, কিন্তু এটা আমি জানি আর মানি যে, জড় পাথরের ভিতরে কোনদিনই জীবন-সঞ্চার হয় না।'

মহেন্দ্রবার বললেন, 'আমি কারুকেই কিছু বিশ্বাস করতে বা মানতে বলছি।না। কিন্তু আজই তো শনিবারের রাত। গুজাবের সত্যতা পরীক্ষা করবার মত বুকের পাটা আমার নেই, কিন্তু তোমাদের সাহস থাকে তো তোমরা হুজনে অনায়াসেই একসঙ্গে ঐ মন্দিরটা একবার দেখে আসতে পারো। কিন্তু মনে রেখো, এ বিষয়ে আমার কোন দায়িত্বই নেই।'

দারোগাবার একটু দমে গিয়ে বললেন, 'সারাদিন খাটুনির পর এই রাত্রে ছুটোছুটি করবার উৎসাহ আমার নেই। গুজব সত্য কিনা হ'দিন পরেও পরীক্ষা করা যেতে পারে।'

স্থরেনবার্ তথনি উঠে দাঁড়িয়ে বললেন, 'কাল আমায় কলকাতায়ু ফিরতেই হবে, অতএব আজকেই আমি মন্দিরটা একবার দেখে আসতে চাই।'

মহেন্দ্রবার্ বললেন, 'কিন্তু স্থরেন, তোমাকে একলাই যেতে হবে, কারণ আমার এখানকার চাকর-বাকররা পর্যন্ত তাদের মনিবেরও হুকুমে ঐ মন্দিরের ত্রিসীমানায় যেতে রাজী হবে না।' স্থরেনবার বললেন, 'আমি কাপুরুষ নই, একলা যাবার সাহদ আমার আছে। কিন্তু আমায় একটা বন্দুক দিতে পারো ?'

মহেন্দ্রবার সবিস্থায়ে বললেন, 'বন্দুক নিয়ে কি করবে ?'

হো হো স্বরে হেসে উঠে স্থরেনবার বললেন, 'পাথরের মৃতি যদি জ্যাস্ত হয় তাহ'লে গুলি করে তাকে হত্যা করব!় কি বলেন দারোগাবার, পাথরের মৃতিকে হত্যা করতে চাইলে আপনাদের পুলিশের আইন বাধা দেবে না তো ?'

দারোগাবার হেসে বললেন. 'আইনের কেডাবে জীবস্ত শিলা-মৃতির কথা কোথাও লেখা নেই।'

মহেন্দ্রবাবুর কাছ থেকে একটা দো-নলা বন্দুক নিয়ে ঘর থেকে বেরিয়ে যেতে যেতে স্থরেনবাবু বললেন, 'আপনারা সকলে এখানেই অপেক্ষা করুন। আমি ঘণ্টা খানেকের মধ্যেই আবার স্বশরীরে এখানে এসে হাজির হয়ে ডিনার খাব।'

এক ঘন্টা গেল, তুই ঘন্টা গেল, তিন ঘন্টা গেল। স্থারেনবাবুর দেখা নেই। সকলে ভীত, বিশ্বিত আর চিন্তিত হ্রুয় সেইখানে বসে রইলেন। আতৃঙ্ক এমন সংক্রোমক যে, সদলবলে সকলে মিলে সেই রাত্রে মন্দিরের কাছে একবার যাবার ব্যবস্থা পর্যন্ত হল না। পূর্বদিকে ভোরের আলো ফুটল—তখনো স্থারেনবাবু অমুপস্থিত। তারপর স্থাদিয়ের সঙ্গে সঙ্গের মনে আবার হল সাহসের সঞ্গার। মহেন্দ্রবাবু দলবল নিয়ে বাইরে বেরিয়ে পড়লেন।

মন্দিরে যাবার জন্মে একটিমাত্র স্থপথ বা প্রধান রাস্তা আছে।
পিছন দিক দিয়েও নাকি মন্দিরের ভিতরে আসা যায়, কিন্তু ওদিকে
পথের মত পথের কোন অস্তিত্ব নেই। অনেক কাঁটাঝোপ, জঙ্গল
আর বাঁশঝাড় ভেঙে ঐদিক দিয়ে মন্দিরে আসতে হয়, দিনের
বেলাতেও তাই ওদিকে কোন পথিক দেখা যায় না।

স্থরেনবার্র মৃতদেহ পাওয়া গেল মন্দিরে যাবার প্রধান পথের উপরেই। তাঁর দেহে অস্ত্রাঘাতের কোন চিত্রু নেই, কেবল তাঁর কণ্ঠদেশের ডানদিকে একটি স্চ্যগ্রস্কা রক্তের দাগ! অর্থাৎ দেহের উপরে আলপিন্ বা সূচ বিঁধিয়ে দিলে সে-রকম দাগ হতে পারে! কিন্তু লাসের আশেপাশে অনেক থোঁজাখুঁজির পরেও স্চের মত কোন কিছু পাওয়া যায়নি। পরে ডাক্তারী-পরীক্ষায় প্রমাণিত হয়েছে, সুরেনবারু মারা পড়েছেন বিষের ফলেই।

দারোগা' কৈলাসবাবুর উপরই মামলার ভার পড়ল। কিন্তু মামলা হাতে নিয়ে তিনি কিছুই আন্দান্ত করতে পারলেন না।

কৈলাসবার ভীতু লোক ছিলেন না। তাঁর দৃঢ় বিশ্বাস হল, শনি-মঙ্গলবারে কোন অলোকিক কারণে ঐ মন্দির যে মান্থবের পক্ষে মারাত্মক হয়ে ওঠে, এই অদ্ভূত গুজবের মৃলে কিছুমাত্র সত্য নেই। আর এই বিশ্বাস নিয়েই তিনি পরের মঙ্গলবারের রাত্রে একলা লুকিয়ে মন্দিরের দিকে যাত্রা করলেন। সেই হল তাঁর শেষ যাত্রা। বুধবার সকালে তাঁরও মৃতদেহ পাওয়া যায় মন্দিরের ঐ প্রধান পথের উপরই। তাঁরও বাম হাতের উপরে তেমনি একটা স্চ-বেঁধার মতন রক্তাক্ত দাগ আর তাঁরও দেহে পাওয়া যায় বিষের চিহ্ন। কেবল তাই নয়, ঠিক যে জায়গাটিতে স্থরেনবার্র লাস পাওয়া যায়, কৈলাসবারুর মৃতদেহও পড়েছিল ঠিক সেই স্থানটিতে।

তার পরের কথা আরও সংক্ষেপে সেরে নি। দ্বিতীয় ঘটনার পরের শনিবারেই আর একজন পুলিশ কর্মচারীও রাত্রে গোপনে মন্দিরের কাছে তদন্ত করতে গিয়ে ঠিক ঐ ভাবেই মারা পড়েছে। এবার স্চ-বেঁধার চিহ্ন ছিল তার বাম পায়ের উপরে। তারও মৃত্যুর কারণ বিষ, আর তারও দেহ পাওয়া যায় ঠিক সেই জায়গাটিজে।

এইবার মামলার ভার পড়েছে তোমাদের এই অভাগা স্থলরবারুর কাঁধের উপরে। কিন্তু ভায়া, আনার অতিশয় সন্দেহ হচ্ছে, এ-ভার আমি সহা করছে পারব না। এটা কি রকম মামলা? নরহত্যা-কারিণী ডাকাডে-কালীকে অপরাধিনীরূপে সামনে রেখে আমি যদি মামলার তদন্তে নিযুক্ত হই, তাহলে আমার নাম শুনলেই সারা। দেশ অট্টহাস্থা করে উঠবে।

তারপর কেবল শনি আর মঙ্গলবারেই ঐ মন্দিরের কাছে যাওয়াটা বিপজ্জনক কেন? শুনেছি, তৃতীয় ঘটনার রাত্রে যে পুলিশ কর্মচারীটি মন্দিরের পথে নিহত হয়, সে নাকি শনি-মঙ্গলবার ছাড়া অস্থান্থ দিনেও গোপনে ঐ মন্দিরের কাছে তদন্ত করতে যেত। কিন্তু অস্থান্থ দিনে কোন হুর্ঘটনাই হয়নি, সে সন্দেহজনক কিছুই দেখেনি আর ফিরেও এসেছিল নিরাপদে। এইই বা কি রহস্থ পতি দার কি মনে হয় না জয়ন্ত, এর মধ্যে যেন কেমন একটা ভূতুড়ে গন্ধ আছে?

প্রত্যেক হত্যার পিছনেই একটা কোন উদ্দেশ্য থাকে। এমন কি উদ্দেশ্য না পেলে আইন কোন হত্যাকারীকেই শাস্তি পর্যন্ত দিতে পারে না। উদ্দেশ্যহীন হত্যাকাণ্ড নিয়ে মস্তিষ্কচালনা করা হচ্ছে নিতাস্তই পণ্ডশ্রম। এ-মামলাটাণ্ড যেন সেই শ্রেণীর।

ধরো, মহেল্রবার্র মামাতো ভাই স্থরেনবার্র কথা। তিনি স্থানীয় লোক নম্। এথানকার কোন লোকেরই তাঁর উপর আক্রোশ থাকবার কথা নয়। তিনি মাত্র ছইদিনের জৈন্তে এথানে এসেছিলেন। তিনি যে প্রথম ঘটনার রাত্রে হঠাৎ ঐ মন্দিরে যেতে চাইবেন, এ-কথাও বাইরের কেউ জানত না। যারা জানত তারা সকলেই সারারাত্রি বসে ছিল মহেল্রবার্র বৈঠকথানার ভিতরেই। তরু ঘটনাস্থলে গিয়ে কে তাঁকে হত্যা করলে, আর কেনই বা করলে? তাঁকে হত্যা করে কার কী লাভ ?

তারপর ধরো, ত্জন পুলিশ কর্মচারীর কথা। তাদেরই বা কেন হত্যা করা হল, তারা তো সন্দেহজনক কোন স্ত্রেরই সন্ধান পায়নি! দ্বিতীয় পুলিশ কর্মচারী শনি-মঙ্গল ছাড়া অক্স অক্স বারেও বে ঘটনাস্থলে গিয়েছিল, এ কথাটাও ভূলো না। এই মামলার ভিতরে যদি কোন মামুষ-খুনীর হাত থাকাত, তাহলে সে অক্স অক্স বারের স্থযোগ পেয়েও পুলিশের লোককে ছেড়ে দিলে কেন ?

পুলিশের কেউ কেউ সন্দেহ করছে, কোন বিষধর জীবের দংশনেই তিনজন লোকের মৃত্যু হয়েছে। কিন্তু এ-যুক্তি মনে লাগে না। ঐ বিষধর জীব কি কেবল শনি-মঙ্গলবারেই ঠিক একটি নির্দিষ্ট স্থানে এসে অপেকা করে ? এ কোন কাজের কথা নয়।

আর ঐ সূচ-বেঁধার ব্যাপারটাই বা কি ? কে সূচ বেঁধায় ! লাসের সঙ্গে বা কাছে সূচ পাওয়া যায় নাই বা কেন ? আর এত অস্ত্র থাকতে সূচের মতই বা অস্ত্র ব্যবহার করা হয় কেন ?

বড়ই জটিল ব্যাপার ভাষা, বড়ই জটিল ব্যাপার! এ-মামলাটা হাতে পেয়ে আমার মনে হচ্ছে সেই 'মামুষ-পিশাচ' মামলাটার কপা। সন্দেহ হচ্ছে তার মত এ-মামলাটার সঙ্গেও নিশ্চয় কোন ভৌতিক যোগাযোগ আছে! সেই ভয়াবহ অপরাধী নবাব আর তার অনুসারী জীবন্ত মৃতদেহগুলোর কথা নিশ্চয়ই তোমরা ভূলে যাওনি? আগে আমি ভূত-প্রেত কিছুই বিশ্বাস করতুম না, কিন্তু সেই মানুষ-পিশাচদের পাল্লায় পড়ে আমি সে-বিশ্বাস হারিয়ে ফেলেছি। তারপর থেকে বুঝেছি পৃথিবীতে অপার্থিব অলৌকিক ঘটনা ঘটাও অশন্তব নয়।

জয়ন্ত, মানিক, এখন তোনাদের মত কি তাই বলো।'

কাহিনী শেষ করে স্থারবার জিজ্ঞাস্থ চোখে জয়ন্তের মুখের পানে তাকিয়ে রইলেন। কিন্তু জয়ন্ত কোন কথাই বললে না, গন্তীর ও স্তব্ধ ও স্থিরভাবে বসে রইল।

মানিক বললে, 'তাই তো স্বন্ধরবার, আপনার জন্মে আমি ছঃখিত হচ্ছি।'

সুন্দরবাব মানিকের ছঃথকে আমল দিতে রাজী হলেন না। বললেন, 'তোমার ছঃথ নিয়ে তুমিই থাকো বাপু, আমাকে আর জালাতে এস না।'

নাছোড়বান্দা,মানিক ধললে, 'যত-সব ওঁচা মামলার ভার পড়ে-

আপনার উপরে! কেন, পুলিশে কি আর যোগ্য লোক নেই!

সুন্দরবার কিঞিং বিচলিত হয়ে বললেন, 'তা যা বলেছ! আমি যেন ছাই ফেলতে ভাঙা কুলো!'

মানিক একটা দীর্ঘণাস ত্যাগ করে বললে, 'বেচারা স্থলরবাব্! মাথা-জোড়া টাক, একটু বেশী রোদ লাগলেই ফটাং করে ফেটে যাওয়ার সম্ভাবনা; বামন হাতীর মত নাত্বস-মুত্বস দেহ, ত্ব-পা দৌড়তে গেলেই হাপরের মতন হাঁপাতে থাকে; বড় জাতের ধামার মতন ভূঁড়ি, তার খোরাক যোগাতে যোগাতেই সারাদিন ব্যতিবাস্ত হয়ে থাকতে হয়—আর তার উপরেই কি না যত অত্যাচার!'

মহাক্রোধে স্থুন্দরবাবুর মুখ লাল হয়ে উঠল। তথনি আসন ত্য়াগ করে তিনি বললেন, 'জয়ন্ত, তোমার সঙ্গে পরামর্শ করতে এসে আমি ভুল করেছি। যেখানে মানিক আছে সেখানে আর আমি নেই!' স্থুন্দরবাবু দরজার দিকে অগ্রসর হলেন।

জয়ন্ত বললে, 'দাঁ ঢ়ান সুন্দরবারু।'

- 'দাড়াব ? কেন দাড়াব ? আরো বেশী অপমানিত হবো বলে ?'
- 'না, না, আর কেউ আপনাকে অপমান করবে না। আসন গ্রহণ করুন। ' এখন বলুন দেখি, আপনি খালি আমার পরামর্শ চান, না আমার সাহায্য চান ?'
- 'তুমি যদি আমাকে সাহায্য করতে রাজী হও, তাহলে তো আমার অনেক পরিশ্রমই হাল্কা হয়ে যায়!'
 - —'হাঁা, আমি রাজী। কবে রতনপুর যাচ্ছেন ?'
 - —'कान ।'
 - —'বেশ, কালই আমরা আপনার স্থী হবো।'
 - 'কিন্তু মানিক কি না গেলেই নয় ?'
 - 'না। মানিক যে আমার ডান হাত।'

তৃতীয়

রতনপুরের ডাকাতে-কালী

রতনপুর গ্রামথানি যে অত্যন্ত পুরাতন, দেখলেই তা বুঝতে বিলম্ব হয় না। গ্রাম না বলে তাকে অবৃহৎ শহর বলাই উচিত। তার পথে পথে ছোট ও মাঝারি পাকা বাড়ির সংখ্যা তো কম নয় বটেই, অট্টালিকা আখ্যা পেতে পারে কয়েকখানা এমন বাড়িও চোখে পড়ে। কিন্তু একখানা ছাড়া বাকি সব অট্টালিকাই স্মরণ করিয়ে দেয় মান্ধাতার আমলের কথা। যে অট্টালিকাখানি পুরাতন নয় সেখানির অধিকারী হচ্ছেন মহেল্রবার্, তাঁর বৈঠকখানার মধ্যেই হয়েছে আমাদের এই কাহিনীর সূত্রপাত।

রতনপুরকে একটি ছোটখাটো শহর বলা চললেও তার অবস্থান হচ্ছে বেশ একটু অসাধারণ। তার চারিধারেই বিরাজ করছে বড় বড় প্রাস্তর এবং পশ্চিম দিকের প্রাস্তরের মাঝখানে পাওয়া যায় একটি রীতমত গহন বন। সেই বনের ভিতরেই খানিকটা জায়গা পরিক্ষার করে নিয়ে ডাকাতে-কালীর মন্দিরটি প্রতিষ্ঠিত করা হয়েছে। গ্রাম থেকে মন্দিরে যেতে গেলে পথের মাঝে পাওয়া যায় ছোট্ট একটি নদী। একটি কাঠের সাঁকোর সাহাযে। সকলে নদীর উপর দিয়ে আনাগোনা করে। রতনপুরের কাছ থেকে রেল লাইন আছে বেশ খানিকটা দ্রে এবং সেই জভেই তাকে অনায়াসেই বল চলে একটি বিচ্ছিন্ন গ্রাম বা শহর।

সুন্দরবার্ত্র সঙ্গে জয়ন্ত ও মানিক ট্রেন থেকে নেমে পড়ে দেখলে, তাদের বহন করবার জত্যে স্টেশনের বাইরে অপেক্ষা করছে একখানি মোটর গাড়ি। এই গাড়িখানির মালিক মহেন্দ্রবার্ত্র স্পভ্যর্থনা করলেন।

নমস্কার ও প্রতি-নমুস্কারের পালা শেষ হবার পর স্থন্দরবার্ শনি-মঞ্চলের রহস্ত

इट्टब्स—२->१

জিজ্ঞাসা করলেন, 'মহেন্দ্রবারু, আপনি কি করে জানলেন যে আজ আমরা এখানে আসবো ?'

মহেন্দ্রবার বললেন, 'গ্রামে যে কাণ্ডটা হয়ে গেল, তারপর সব ববর না রাখলে যে চলে না। থানায় গিয়ে জানতে পারলুম আজ এবানে আপনার আগমনের কথা। তাই আমি আপনাকে গ্রামে পৌছে দেবার ভার গ্রহণ করেছি।'

সুন্দরবার খুনী হয়ে বললেন, 'বেশ করেছেন, খুব বন্ধুর কাজ করেছেন। দেইশন থেকে গ্রাম নাকি পাঁচ ছয় মাইলের কম নয়। শুনেছি এখানে পাল্কী, গরুর গাড়ি আর ঘোড়ার গাড়ি ছাড়া আর কোনরকম যান পাওয়া যায় না। ঘোড়ার গাড়িতে গেলেও কম সময় লাগত না। আপনার মোটর আমাদের অনেকটা সময় বাঁচিয়ে দেবে।'

এই প্রাথমিক কথাবার্তার সময় জয়ন্তের দৃষ্টি নিবদ্ধ হয়েছিল মহেন্দ্রবাবুর উপরে। নৃতন কোন লোক দেখলেই জয়ন্তের সুক্ষ্মদৃষ্টি তার মনের অন্দর-মহল পর্যন্ত লক্ষ্য করবার চেষ্ট্রা করত, এটি হচ্ছে তার চিরকালের স্বভাব।

মহেন্দ্রবার লোকটি হচ্ছেন না-লম্বা না-বেঁটে, না-রোগা না-মোটা। তাঁর গায়ের রঙ ধব্ধবে ফর্সা, সাজ-পোশাকে রীতিমত শৌথিনতার চিহ্ন। চোখে সোনার চশমা, গোঁফ-দাড়ি কামানো, হাতেও একগাছা সোনায় বাঁধানো বেশ মোটা পাকা বাঁশের লাঠি। তাঁর শৌথিন সাজ-পোশাকের সঙ্গে ঐ পাকা বাঁশের লাঠিগাছা মানাচ্ছিল না একেবারেই।

জয়স্ত লক্ষ্য করলে, মহেন্দ্রবাবুর চেহারার তিনটি বিশেষত্ব প্রথমেই দৃষ্টি আকর্ষণ করে: তাঁর অতি অমায়িক ভাব, তাঁর হুটি সরল চক্ষু, তাঁর শিশুর মতৃন মিষ্ট হাসি।

জয়ন্ত ও মানিকের দিকে দৃষ্টিপাত করে মহেন্দ্রবার্ শুধোলেন, 'ঐ হুটি ভদ্রলোকও কি আপনার সঙ্গে ওসেছেন ?' স্থানরবার বললেন, 'আজে ই্যা। ওঁরা আমার বন্ধু আর দপ্তরমত নামজাদা লোক। নাম শুনলে অন্তত ওঁদের একজনকে আপনি হয়তো চিনতে পারবেন।'

মহেন্দ্রবার্ কৌতৃহলী কঠে বললেন, 'বটে, বটে ? তা ওঁদের নাম জানতে চাইলে ওঁরা কোন অপরাধ নেবেন না তো ?'

স্থন্দরবার বললেন, 'বিলক্ষণ! অপরাধ আবার কিসের ?'

মহেন্দ্রবার সঙ্কৃচিত স্বরে বললেন, 'আজকাল আমি হচ্ছি পাড়াগেঁয়ে লোক, হালের শহুরে ফ্যাসানের কথা কিছুই জানি না তো! কারুর কারুর মুখে শুনেছি, গায়ে পড়ে নাম জানতে চাইলে আজকালকার শহুরে বাবুরা নাকি মুখ-ভারী করেন।'

স্করবার হো হো করে হেসে বললেন, 'আরে না না মশাই, ওরা মোটেই সে-জাতীয় মনুষ্য নয়। ওদের দেখতে ছোকরা বটে, কিন্তু ওরা আপনার আমার মতই সেকেলে। আপনি কি শথের গোয়েন্দা আর তার স্থাঙাং মানিকের নাম শোনেন নি ?'

মহেল্রবার ছই চক্ষু বিক্ষারিত করে বললেন, 'বলেন কি স্থার, তাও আবার শুনিনি? আপনি কি বলতে চান্ ওঁরাই হচ্ছেন জয়ন্তবারু আরু মানিকবারু?'

স্থানরবার বললেন, 'হ্যা মশাই, হ্যা। ওরা এ নামেই পরিচিত বটে।' তাড়াতাড়ি জয়স্তকে নমস্কার করে মহেন্দ্রবার বললেন, 'এতক্ষণে চিনতে পেরেছি। কাগজে যে আপনার ছবি অনেক বার দেখেছি। আপনার নাম জানে না বাংলাদেশে এমন কে আছে? দেশ-বিদেশেও যে আপনার নামেওড়ে জয়-পতাকা। আর মানিকবার, আপনার নামও—'

মানিক বাধা দিয়ে বললে, 'স্তব্ধ হোন মহেন্দ্রবারু, স্তব্ধ হোন! অত্যুক্তি করে আপনি যদি আমাকেও আকাশে তোলেন তাহলে জানবেন যে, জয়স্ত-চন্দ্রের পাশে আমি হচ্ছি একটি ক্ষুল্ত মানিক-ভারকা মাত্র।'

মহেন্দ্রবার বললেন, 'আপনি দেখছি সুন্দর ভাষায় বিনয় প্রকাশ করতে পারেন। কিন্তু—'

মানিক বাধা দিয়ে বললে, 'ও কিন্তু-টিন্তুর কথা ছেড়ে দিন মহেন্দ্রবার ! বাজে কথার দরকার নেই, কাজের কথা বলুন

মহেন্দ্রবার কাঁচুমাচু মুখে বললেন, 'কি কাজের ক্থা বলব মানিকবার ! আমি তো কিছুই জানি না, ব্যাপার দেখে স্তম্ভিত হয়ে আছি, আমার নিজের বলবার কথা কিছুই নেই।'

জয়ন্ত বললে, 'আসুন, আমরা গাড়িতে গিয়ে উঠে বসি, এখানে শাঁড়িয়ে দাঁড়িয়ে সময় নষ্ট করে লাভ নেই, গাড়িলে যেতে যেতেই বাকি কথা হবে।'

সকলে গাড়ির উপরে গিয়ে উঠে বসলেন। চালক গাড়ি চালিয়ে দিলে। জয়স্ত চালকের দিকে দৃষ্টিপাত করে বললে, 'মহেন্দ্রবারু, স্থাপনার ড্রাইভারটি দেখছি এদেশের লোক নয়।'

মহেন্দ্রবার বললেন, 'এর মধ্যে সেটাও আপান লক্ষ্য করেছেন ? হাাঁ, আমার এই ডাইভারটির স্বদেশ হচ্ছে ব্রোনিও। ও চমংকার গাড়ি চালায় আর আমার অত্যন্ত বিশ্বাসী। আমার জন্মেও হাসি-মুথে প্রাণ দিতে পারে।'

তথন বেগে ছুটতে আরম্ভ করেছে মোটর গাড়ি। কোথাও ধু-ধু মাঠ, কোথাও তারই মাঝে মাঝে শ্যামল ও নিবিড় তরুকুঞ্জ, কোথাও নদী বা খাল-বিলের শীর্ণ ও সমুজ্জল জলরেখা, এই সব দৃশ্য ক্ষণে ক্ষণে পিছনে ফেলে কোলাহল করতে করতে ছুটে চলেছে মোটর গাড়ি।

জয়ন্ত বললে, 'মহেন্দ্রবারু, যদি আমি ছ-একটি প্রশ্ন করি, আপনি উত্তর দিতে আপত্তি করবেন না তো ?'

মহেন্দ্রবার বললেন, 'আপত্তি ? কেন আপত্তি করব ? আমার তো আপত্তি করবার কোনই কারণ নেই।'

জয়ন্ত ধীরে ধীরে বললে, 'শুনলুম, প্রাথমে যিনি মারা গেছেন, সেই স্থরেনবার সম্পর্কে আপনার ভাই হেন।' মহেন্দ্রবার বললেন, 'স্বরেন আমার মেজো মামার ছেলে।' জয়ন্ত বললে, 'স্বরেনবারু কি করতেন ?'

- 'স্বেন কিছুই করত না। কারণ তার টাকার অভাব ছিল না।'
- 'তাহলে বলতে হবে স্বরেনবাবু একজন ধনী লোক ?'
- —'হ্যা, নিশ্চয়ই! স্থরেনের মাসিক আয় ছিল আট হাজার: টাকা।
 - —'স্থরেনবাবুর বাড়িতে কে আছে ?'
 - —'কেউ নেই। সুরেন ছিল একেবারে একলা।'
 - —'তাঁর আত্মীয়ম্বজন কে আছেন ?'
- 'আত্মীয়ঁই বলুন আর স্বজনই বলুন, আমিই হচ্ছি স্থরেনের একমাত্র লোক। আমি ছাড়া এ-ছনিয়ায় স্থরেনের আর কোন আত্মীয়ই নেই।'

জয়ন্ত খানিকক্ষণ স্তব্ধ হয়ে রইল। তারপর বললে, 'মহেন্দ্রবারু, ঐ কালী-মন্দিরের ব্যাপারটা কি বলুন দেখি! আমি তো কিছুই ব্যাতে পারছি না!'

মহেন্দ্রবার বললেন, 'আমারও অবস্থা তাই জানবেন। শুনে-ছিলুম একটা প্রবাদ, বন্ধুদের কাছে সেই গল্পই করেছিলুম। কিন্তু সেই গল্প থেকেই যে এমন ভীষণ ট্রাজেডির সৃষ্টি গরে, সেটা আমি কল্পনাও করতে পারিনি।'

স্থন্দরবাবু বললেন, 'আপনি কি ঐ ভুতুড়ে গল্পে বিশ্বাস করেন?'

মহেন্দ্রবার বললেন, 'আগে হয়ত ঠিক বিশ্বাস করতুম না। কিন্তু এখন বিশ্বাম না করে আর কি করি বলুন ? পৃথিবীর খাতা। থেকে একই ভাবে তিন-তিনটে মামুষের নাম কাটা গেল। এর পর কি আর অবিশ্বাস করা চলে সুন্দরবার ?'

সুন্দরবার বললেন, 'কিন্তু আদালত তো আর ভূতের গল্প মানবে না!'

মহেন্দ্রবারু বললেন, 'এখানকার লোকেরাও এই কাহিনীকে শ্নি-মঙ্গলের রহস্থ ভৌতিক কাহিনী বলে মনে করে না। তারা বলে এ-সব হচ্ছে দেবতার মাহাম্ম।

— 'হুম্! আরে মশাই, আমাদের মা-কালীরও যে ভূত-পেঙ্গী নিয়ে বেড়িয়ে বেড়ানো অভ্যাস! যদি ঐ ঘটনাগুলো সত্য হয়, তাহলে তো আমরা নাচার! ছনিয়ায় এমন কোন পুলিশ নেই, ভূত কি পেত্নীকে যে গ্রেপ্তার করতে পারে।'

মহেন্দ্রবার মাথা চুল্কোতে চুল্কোতে বললেন, 'তাহলে এ মামলাটা আপনারা হাতে করে নেবেন না ?'

— 'আরে কি যে বলেন, সরকারের হুকুম, আমি মামলা হাতে না নিলেও কম্লী আমাকে ছাড়বে কেন ? আগে তোঁ তদন্ত শুরু হোক্, তারপর দেখা যাবে কোথাকার জল কোথায় গিয়ে দাঁড়ায়। তবে কি জানেন, দেবদেবী নিয়ে কাণ্ড, এর ভেতরে মাথা গলাতেও বিশেষ ভরসা পাচ্ছি না।'

গাড়ি রতনপুরের সীমানায় এসে পড়ল। দ্র থেকে দেখা গেল মস্ত বড় একখানা লাল রঙের বাড়ি প্রায় চার বিঘা জমি দখল করে দাঁড়িয়ে আছে। তার চারিধার বেড়ে রেলিং-ঘেরা ফল ও ফুল গাছের বাগান। ফটকের সামনে বন্দুক হাতে পাহারা দিছেছ পোশাক-পরা ঘারবান।

মহেন্দ্রবার বললেন, 'ঐ হচ্ছে আমার বাড়ি। একবার ওথানে নামবেন নাকি ?'

জয়ন্ত বললে, 'আমি প্রথমেই দেখতে চাই ডাকাতে-কালীর মন্দির।'

— 'সেখানে গিয়ে সব দেখতে-শুনতে হয়তো অনেক বেলা হয়ে যাবে। তার আগে দাসের এই গোলামখানায় পদার্পণ করে কিঞ্চিৎ জলযোগ আর চা পান করলে বেশী ক্ষতি হবে কি ?'

স্থলরবার্ নিজের ভূঁড়ির উপরে ডান হাত্যানি রেখে বললেন, 'জয়ন্ত, ভদ্রলোক নিতান্ত মন্দ প্রস্তাব করেন নি মানিক বললে, 'আমিও এই প্রস্তাবে সায় দিচ্ছি।' ক্লয়স্ত বললে, 'বেশ, তবে তাই হোক্।' মহেন্দ্রবাবুর নির্দেশে গাড়ি ফটকের ভিতরে ঢুকল।

জয়স্ত এদিকে ওদিকে চোখ বুলিয়ে নিয়ে বললে, 'বাগানের গাছগুলো দেখছি অনেক কালের পুরানো!'

মহেশ্রবার বলুলেন, 'আজ্ঞে হাঁা, প্রায় দেড়শো বছর আগে আমার পূর্বপুরুষরা করেছিলেন এই বাগানের পত্তন। শুনেছি এখানকার কোন কোন গাছ প্রায় ছই শতাব্দীর হিসাব দাখিল করতে পারে। আমার এ-বাড়িখানিও পৈতৃক, এত বড় বাড়ি তোলবার প্রুসা আমার নৈই। আমি কেবল ভার নিয়েছি মাঝে মাঝে মেরামত করবার, তাইতেই আমার খরচ হয়ে গেছে হাজার হাজার টাকা।'

একটি বড় গাড়ি-বারান্দার তলায় এসে মোটর থামল। মহেন্দ্র বাবুর সঙ্গে সকলে গ্লাড়ি থেকে নেমে বাড়ির ভিতরে গিয়ে ঢুকল।

মহেন্দ্রবার একটা হলম্বরে গিয়ে ঢুকে বললেন, 'আমার এই বৈঠকখানায় দয়া করে অল্লক্ষণ বিশ্রাম করুন। ইতিমধ্যে আমি আপনাদের চায়ের ব্যবস্থাটা ঠিক করে আসি।'

সুন্দরবার একটি স্থদীর্ঘ "আঃ" শব্দ উচ্চারণ করে একখানা সোফার উপরে বসে পড়ে বললেন, 'দেখবেন মহেন্দ্রবারু, ব্যবস্থায় যেন বেশী বাড়াবাড়িটা না থাকে!

— 'না মশাই, আমরা হচ্ছি গেঁয়ো লোক, বাড়াবাড়ি করবার শক্তি আমাদের নেই। এই একটু চা আর একটু মিষ্টি, তাছাড়া আর কিছুই নয়' বলতে বলতে মহেন্দ্রবারু ঘরের বাইরে বেরিয়ে গেলেন।

মানিক হাসতে হাসতে বললে, 'স্বন্দরবাবু, ঐ যে বাড়াবাড়ির কথা বললেন, ওটা কি আপনার আন্ত**ি**ক কথা ?'

- —'মানে ?'
- —'আয়োজনের বাড়াবাড়ি কি সত্যিই আপনি ভালোবাসেন

না ? মহেন্দ্রবার যদি একথানার বদলে ছ'খানা থালা ভরে মিষ্টান্ন এগিয়ে দেন, তাহলে কি আপনি সভয়ে পশ্চাৎপদ হবেন ?'

স্থন্দরবার ক্ষাপ্পা হয়ে বললেন, 'মানিক, তুমি কি মনে কর আমি একটি মস্ত বড় উদর-পিশাচ ?'

মানিক জিভ কেটে বললে, 'আরে ছ্যা ছ্যা, আপনাকে তো আমরা কেবল উদর-সেবক বলেই জানি।'

- —'উদর-সেবক ^গ'
- —'আজ্ঞে হ্যা, ওটি কি খারাপ নাম ?'
- 'হুম!' বলেই সুন্দরবারু অক্সদিকে মুখ ঘুরিয়ে গুম্ হয়ে রইলেন।
 জয়স্ত এ-সব কথাবার্তা কিছুই শুনছিল না, তার্ব দৃষ্টি ঘুরছিল,
 ঘরের এদিকে সেদিকে। ঘরখানি আধুনিক আদর্শে বেশ ভালো
 করেই সাজানো। সোফা, কৌচ, টেবিল, চেয়ার, পাথরের মৃতি ও
 তৈলচিত্র প্রভৃতি কিছুরই অভাব নেই।

মহেন্দ্রবার আবার ফিরে এলেন, তার পিছ১ন পিছনে তৃইজন ভূত্য এল তৃ'খানা বড়বড় 'ট্রে'র উপরে আহার্যের বিবিধ উপকরণ সাজিয়ে।

সুন্দরবার বললেন, 'বাপরে, এ যে দেখছি রীতিমত যজ্ঞির ব্যাপার! বিনা নোটিশে এক কথায় আপনি এত বড় আয়োজনটা কেমন করে করলেন গ'

মহেন্দ্রবার্ বিনীত কঠে বললেন—'ত্ব-চারজন অতিথি-অভ্যাগত অধীনের বাড়িতে যখন তখন আসা-যাওয়া করে থাকেন, তাই আমাকে কিঞ্চিং প্রস্তুত হয়েই থাকতে হয়। পল্লীগ্রাম কিনা, শহরের মত বাজারে লোক পাঠালেই তো থাবার নিয়ে আসা যায় না।'

— 'তাই তো, করেছেন কি, করেছেন কি ?' বলতে বলতে স্থুন্দর-বার একখানা মস্ত ভালপুরীকে আক্রমণ করলেন বিপুল বিক্রমে।

জয়ন্ত বললে, 'মহেন্দ্রবারু, ঘরের ঐ কোণে,ঐ যে একটি বর্ম দাঁড় করানো রয়েছে, ওটি আপনি কোখেকে কিনেছেন ?' — 'ওটি আমি কিনিনি, এক সাহেবের কাছ থেকে উপহার পেরৈছি। ওটি হচ্ছে সেকেলে বিলিতি বর্ম, আগ্নেয়াস্ত্র স্পৃষ্টি হবার আগে ইংরেজ যোদ্ধারা ঐ রকম বর্মে আপাদ-মস্তক ঢেকে যুদ্ধযাত্রা করত।'

সুন্দুরবার্ এক গ্রাসে একটি বড় রসগোল্লা কোঁৎ করে গিলে ফেলে বললেন, 'খাস্ রে বাস্! অত বড় ভারী লোহার বর্ম, ওর ভিতরে ঢুকলে যুদ্ধযাত্রা কি, আমি তো একটিমাত্র পদও অগ্রসর হতে পারতুম না!'

মানিক বললে, 'ওর ভিতরে আপনি ঢুকবেন ? অসম্ভব !'

- —'কেন, অসম্ভব কেন ?'
- 'নরহস্তীর জন্মে ও বর্ম তৈরী হয়নি।'

স্থলরবার একবার কট্মট্ করে মানিকের দিকে তাকালেন, কিন্তু মুখে কিছু বললেন না।

জয়ন্ত বললে, 'ও-বর্মের মধ্যে হয়তো আমার দেহের ঠাই হতে পারে। আর হয়তো বর্ম প'রে চলাফেরা করতেও আমার বিশেষ কোন অস্থবিধা হবে না। কি বল হে মানিক ?'

মানিক বললে, 'হাা জয়ন্ত, ও বর্ম তোমারই উপযোগী বটে।'

জয়ন্ত বললে, 'ঐ চিত্তাকর্ষক বর্মটিকে ভালে। করে নেড়েচেড়ে পরীক্ষা করবার আগ্রহ হচ্ছে। কিন্তু আজ আর সময় নেই, সে-চেষ্টা আর একদিন করা যাবে। কি বলেন মহেন্দ্রবারু, তাতে আপনার আপত্তি নেই তো ?'

—'আপত্তি ? ,নিশ্চয়ই নেই !'

ওদিকে জয়ন্ত ও মানিকের অর্ধেক খাওয়া শেষ হবার আগেই স্থন্দরবাবুর থাবারের থালা ও চায়ের পেয়ালা একেবারেই খালি হয়ে গেল।

মহেন্দ্রবার্ বললেন, 'ওকি স্থানরবার, থালায় যে কিছুই নেই, আরো কিছু আনতে বলে দি'।

সুন্দরবার বাঁকা চোথে মানিকের দিকে দৃষ্টিপাত করে দেখলেন,
সে মুখ টিপে টিপে ছুট্টমির হাসি হাসছে। একটা নিঃশ্বাস ফেলেন
মুছ্স্বরে তিনি বললেন, 'থাক মহেন্দ্রবার্, সকালেই পেট ভারী
করে খাওয়া ভালো নয়। তবে আর এক পেয়ালা চা খেতে আমার
আপত্তি নেই।'

মানিক চুপি চুপি বললে, 'সুন্দরবার্, আপনার অদ্ভুত সংযম দেখে আমি বিশ্বিত হচ্ছি।'

স্থন্দরবার অক্ট কণ্ঠে বললেন, 'স্ট্রুপিড্!'

জলযোগ সেরে সকলে আবার গাড়িতে গিয়ে উঠলেন। গাড়ি এবার ছুটল সোজা কালী-মন্দিরের দিকে। মোটরে করে মহেন্দ্রবাবুর বাড়ি থেকে কালী-মন্দিরে গিয়ে পৌছতে আট-দশ মিনিটের বেশী লাগল না।

মন্দিরটি সত্যই পুরাতন। তার উপর দিকটা ফেটে চৌচির হয়ে গেছে এবং তার ফাটা জায়গাগুলো থেকে বাইরে দাথা চাড়া দিয়ে উঠেছে অশথ ও বটগাছরা। একটা অশথ গাছ রীতিমত বড়, মন্দিরের উপরের অনেক অংশ তার শাখা-প্রশাখার মধ্যেই অন্ট্রি হয়ে গেছে। পুরনো মন্দিরটা অত বড় একটা গাছের ভার কি করে যে এখনো সহা করে আছে, সেটা ভাবলে বিশ্বয় লাগে।

যে পথটা মন্দিরের চাতালে গিয়ে পড়েছে তার হুই দিকেই রয়েছে একটানা জঙ্গল। মন্দিরের পিছনেও অরণ্য, সেখানকার ঝোপঝাপ আরো বেশী নিবিড়। মন্দিরের চাতালের উপরেও আগাছার ভিড়।

বিজ্ঞনতায় ও মান্থবের যত্নহীনতায় এখানে কোনদিকেই কোন শৃঙ্খলা নেই বটে, কিন্তু বাহির থেকে দেখলে এই নিরিবিলি জায়গাটিকে বেশ শাস্তিপূর্ণ বলেই মনে হয়। দিকে দিকে ছায়া-চিত্রের পাশে পাশে রোদ দিয়েছে সোনার আভাস ছড়িয়ে। গাঢ় সর্জের অন্তঃপুরে লুকিয়ে থেকে থেকে ডাকছে কপোড, ডাকছে ুকোকিল, ডাকছে দোয়েল-গ্রামা! কোথা থেকে বাতাসে ভেসে আসছে অজানা কোনু বনফুলের গন্ধ।

মানিক বললে, 'বাঃ, জায়গাটি আমার বেশ লাগছে!'

মহেন্দ্রবার্ বললেন, 'এখানকার বাসিন্দা হলে আপনি বোধ হয়। ত্ত-কথা বলতে পারতেন না।'

- —'কেন ?'
- —'দেখছেন না এত কাছেই লোকালয়, তবু এখানে অরণ্য কত নিবিড় হয়ে উঠেছে! লোকালয়ের কাছে এত নির্জনতা আর নিস্তর্কতা আপনারা আর কোথাও দেখেছেন কি? এ ভয়াবহ ঠাঁই, কোন ক্ষতি-বড় ভক্তও ভরদা করে দেবীকে এখানে পূজা দিতে আসে না। মানুষের সঙ্গ হারিয়ে এ-জায়গাটা এখন যেন অভিশপ্ত হয়ে আছে।'

ত্ব'দিকের জঙ্গলের দিকেই ঘন ঘন মুখ ফিরিয়ে স্থুন্দরবার অগ্রসর হচ্ছিলেন অত্যন্ত সাবধানে।

মানিক হেদে বদলে, 'স্থলরবারু, আজ তো শনিও নয় মঙ্গলও নয়, আপনার অতটা সাবধান না হলেও চলবে।'

সুন্দরবার্ব বললেন, 'কি জানি বাবা, বলা তো যায় না!'

জয়ন্ত বললে, 'মহেন্দ্রবারু, যারা মারা পড়েছে, তাদের তিনজনের লাস কোন্থানে পাওয়া গিয়েছে ?'

সামনের একদিকে অঙ্গুলি নির্দেশ করে মহেন্দ্রবার্ বললেন, 'ঠিক এখানে।'

জয়ন্ত সেইখানে গিয়ে দাঁড়িয়ে বাম পাশের বনের দিকে তাকিয়ে খানিকক্ষণ স্তর্ন হয়ে রইল। বন সেখানে বেশ ঘন, ঝোপের পর দাঁড়িয়ে আছে ঝোপ, তাদের ঠেলে নজর চলে না।

সুন্দরবার জিজ্ঞাসা করলেন, 'জঙ্গলটার দিকে তুমি অমন করে তাকিয়ে আছ কেন জয়ন্ত ?'

জয়ন্ত কোন জবাব না দিয়ে জঙ্গলের দিকে অগ্রসর হল। স্থানরবার বললেন, 'তোমার সঙ্গে আমরাও যাব নাকি ?' 'না' বলে জয়ন্ত ঝোপ ঠেলে বনের ভিতরে প্রবেশ করলে।
পাঁচ সাত দশ মিনিট কেটে গেল। তথনো জয়ন্তের দেখা নেই ।
স্থানরবাবু বললেন, 'জয়ন্তের এই রকম সব খামথেয়ালি আমার
কাছে যেন কেমন-কেমন লাগে। এত জায়গা থাকতে ওথানে ঢুকে
ও কি করছে ! কী ওথানে আছে !'

মহেন্দ্রবার বললেন, 'ওখানে আছে কেবল বড় এড়া গাছ, দলে দলে কাঁটা-ঝোপ আর দিনেও সন্ধ্যার মত অন্ধকার। বলা বাহুল্য ওখানে কেউটে প্রভৃতি সাপও আছে অনেক।'

এমন সময় দেখা গেল জয়স্ত আবার বনের ভিতর থেকে বেরিয়ে আসছে।

সুন্দরবাবু বললেন, 'কি হে, কেমন খাওয়া খেয়ে এলে ?'

জয়ন্ত সে-কথা যেন শুনতেই পেলে না। এগিয়ে এসে মহেন্দ্র-বাবুকে সে প্রশ্ন করলে, 'একটা কথা আপনাকে জিজ্ঞাসা করতে চাই।'

- —'জিজ্ঞাসা করুন।'
- 'এখানে শেষ তুর্ঘটনা হয় গত মঙ্গলবারে, কেমন ?'
- 'আজে হাা।'
- 'ছুর্ঘটনা ঘটেছিল যে কত রাত্রে, সে-কথা বোধহয় আপনি বলতে পারবেন না ?'
- 'আজ্ঞে না। তবে লাস পরীক্ষা করে ডাক্তাররা মত দিয়েছিল, লোকটি মারা পড়েছে রাত বারোটার খানিক পরে।'
 - —'সেদিন কি এখানে বৃষ্টি পড়েছিল ?'

মহেন্দ্রবার্ একটু বিশ্বিত ভাবে বললেন, 'এনকথা আপনি, জানলেন কেমন করে ?'

— 'বনের ভিতরে এখনো অনেক জায়গায় ভিজে কাদা রয়েছে। ওখানে তো রোদ ঢুকতে পায় না, কাজেই জলকাদাও সহজে শুকোয় না।'

- —'হ্যা জয়ন্তবার্, সেদিন রাত ৯টা থেকে রাত ১১টা পর্যন্ত খুব জোরে ঝড়-জল হয়ে গিয়েছিল।'
- 'পুলিশের লোকরা এখানে তদন্তে এসে ঐ বনের ভিতরে গিয়েছিল বোধ হয় ?'
- —'তা গিয়েছিল বৈকি! কিন্তু তারা কিছুই আবিষ্কার করতে পারেনি।'
- 'পুলিশের সঙ্গে সঙ্গে খালি পায়ে কোন লোক কি ঐ বনের ভিতরে ঢুকেছিল ?'

মহেন্দ্রবারর মুখে আবার ফুটে উঠল বিশ্বয়ের ভাব। খানিকক্ষণ ভেবে তিনি বললেন, 'তদন্তের সময়ে আমিও পুলিশের সঙ্গে ছিলুম। কিন্দ্র আমাদের কারুরই পা তো খালি ছিল না। জুতো না পরে ঐ জঙ্গলে প্রবেশ করাও নিরাপদ নয়।'

- —'স্থানীয় লোকরাও কি খালি পায়ে জঙ্গলের মধ্যে যায় না ?'
- —'কেউ না, কেউ না! বলেছি তো, এ-জায়গাটাকে সকলে অভিশপ্ত বলে মনে করে! একে গ্রাম্য লোকদের মধ্যে কুসংস্কারের অন্ত নেই, তার উপরে গত মঙ্গলবারের আগেই এখানে উপর-উপরি ছু-ছুটো সাংদ্বাতিক ঘটনা ঘটে গেছে। তারপরও ঐ জঙ্গলে স্থানীয় লোকরা আসতে সাহস করবে ? অসম্ভব মশাই, অসম্ভব!'

জয়ন্ত তার রূপোর শামুকের নস্তদানী বার করে নস্ত গ্রহণ করতে লাগল। মানিক বুঝলে, এটা স্থলক্ষণ। জয়ন্ত খুব খুশী হলেই নস্ত না নিয়ে পারে না। কিন্তু হঠাৎ তার এত খুশী হবার হেতু কি ?

স্থানরবার টুপি খুলে মাথার ঘর্মাক্ত টাকের উপরে রুমাল চালনা করতে করতে বললেন, 'জয়ন্ত ভায়া, তোমার প্রশ্নগুলো কেমন যেন খাপছাড়া বলে মনে হচ্ছে না?'

জয়ন্ত হেসে বললে, 'আপনার তা মনে হতে পারে, কিন্তু জঙ্গলের ভিতরে গিয়ে আমি কি দেখেছি জানেন ?'

--- 'হয় সাপ, নয় শেয়াল, নয় বন-বিড়াল !'

মহেন্দ্রবার বললেন, 'এখানে মাঝে মাঝে বাঘের ডাকও শোনা। যায়।'

স্থন্দরবার বললেন, 'বাং, তাহলে তো সোনায় সোহাগা!'

জয়ন্ত বললে, 'ও-সব কিছুই নয়। জঙ্গলের ভিতরে আমি দেখেছি, কেবল পায়ের দাগ! গত মঙ্গলবার রাত্রে বৃষ্টি হবার পর খালি-পায়ে কোন লোক ঐ জঙ্গলের এমন একটি জায়গায় এসে দাঁড়িয়েছিল, যেখান থেকে ঝোপ-ঝাপের ফাঁক দিয়ে পথের এইখানটা বেশ স্পষ্ট দেখা যায়। কেবল একটা পায়ের দাগ নয়, একই লোকের অনেক-শুলো পায়ের দাগ। কোন কোন দাগের গভীরতা, দেখে আন্দাজকরতে পেরেছি, লোকটি ঐখানে দাঁড়িয়ে বেশ খানিকক্ষণ অপেশা করেছিল। যেখানে সে দাঁড়িয়েছিল সেখানকার কাদা এখন অনেকটা শুকিয়ে এসেছে, তাই পায়ের দাগগুলো পরীক্ষা করতে আমার কিছুই কষ্ট হয় নি। খালি পায়ের দাগ নয়, আর একটা চিহ্নও আমি লক্ষ্যাকরেছি!'

- —'কি ?'
- —'লোকটার হাতে ছিল একটা অদ্ভুত রকমের লাঠি !'
- —'অস্তুত রকম !'
- 'হাা। কোন একটা ফাঁপা দণ্ড বা নলের মতন জিনিসের একটা মুখ আপনি যদি ভিজে মাটির উপরে রেখে খানিকক্ষণ দাঁড়িয়ে ধাকেন, তাহলে কি রকম চিহ্ন পড়বে বলুন দেখি ?'
- —'ফাঁপা দণ্ড ভিজে মাটির উপরে চেপে ধরলে থানিকটা মাটি গোলাকার হয়ে বড়ির মতন উপর দিকে উঠে পড়বে।'
- —'ঠিক বলেছেন। ঐ রকম একটা ফাপা লাঠিক্ব একাধিক দাগ মামি মাটির উপরে লক্ষ্য করেছি।'

স্থুন্দরবার ভাবতে ভাবতে বললেন, 'ফাঁপা লাঠি ? সে আবার কি ? এক ভো জানি গুপ্তি। ছোট তরোয়াল রাখবার জন্মে গুপ্তির ভিতরটা হয় ফাঁপা।' জয়ন্ত বললে, 'না, এ গুপ্তির দাগ নয়। গুপ্তির ভিতরটা কাঁপা হলেও তার তু'দিকের মুখই থাকে বন্ধ।'

- —'তবে তুমি কিসের দাগ দেখেছ ?'
- 'সেইটেই এখনো ধরতে পারছি না। কিন্তু ঐ লোকটা কে? দিনের বেলাতেই যেখানে মানুষের চলাচল নেই, ছুর্যোগের রাত্রে— বিশেষ করে ছুর্যোগময় মঙ্গলবারের রাত্রে—ঝড়-রষ্টির পরেও কোন ছুঃসাহসী লোক কি উদ্দেশ্য সাধনের জন্যে নগ্নপদে অদ্ভূত এক গাছা লাঠি বা অন্য কিছু নিয়ে ঐ গভার জঙ্গলের ভিতরে এসে অপেক্ষা করেছিল? ঐ লোকটিকে যদি আমরা আবিষ্কার করতে পারি, তাহলেই বোধহয় সব রহস্য পরিষ্কার হয়ে যেতে পারে।'

স্নরবার উচ্ছাসিত কঠে বলে উঠলেন, 'সাবাস্ ভায়া, সাবাস্! গাছে না উঠতেই এক কাঁদি ? ঘটনাস্থলে পদার্পণ করতে না করতেই তুমি যে একটা মস্ত বড় সূত্র আবিষ্কার করে ফেললে হে!'

মহেন্দ্রবার্ বললেন, 'এটা যে কি রকম সূত্র আমি বুঝতে পারছি না। গেল মঙ্গলবারের রাত্রে অমন তুর্যোগের পরেও কোন মানুষ যে ঐ ভয়ন্ধর জঙ্গলে বেড়াতে আসতে পারে, এ-কথা কিছুতেই আমার বিশাস হচ্ছে রা! কেবল ডাকাতে-কালীর সর্বনাশা ক্ষুধা নয়, সত্য সত্যই ঐ বনের ভিতর দিয়ে আনাগোনা করে শত শত বিষধর সর্প আর বহ্য বরাহের দল। মাঝে মাঝে ব্যান্থ এসেও তার অস্তিহ জানিয়ে যেতে ভোলে না। ঐ বনে অমন সময়ে যে মানুষ আসবে, সে হুঃসাহসী নয়, সে হচ্ছে বদ্ধ পাগল! এমন পাগল এ-অঞ্চলে কেউ আছে বলে আমি জানি না! তারপর ঐ কাপা লাঠি! কাপা লাঠি আবার কি জিনিস গ তা দিয়ে কার কোন উদ্দেশ্য সিদ্ধ হতে পারে গ'

জয়ন্ত বললে, 'যা দেখেছি তাই বলছি। সন্তব-অসন্তবের কথা নিয়ে এখন আমি মাথা ঘামাচ্ছি না। আপনি যদি এখন জোর করে বলেন যে, ঐ, পদচিহ্ন মানুষের পদচিহ্ন নয়, তাহলে আমিও এখন জোর' করে আপনার কথার প্রতিবাদ করতে পারব না।' সুন্দরবার অস্ত কণ্ঠে বললেন, 'ও বাবা, এ আবার কি রকম কথা হল ? মানুষের পদচিহ্ন নয় ? কিন্তু এতকাল পুলিশে চাকরি করছি, কথনো তো শুনিনি ভূতের পদচিহ্নের কথা।'

মানিক বললে, 'ভৌতিক ইতিহাসে আমিও এমন কংগ পাঠ করিনি। তারপর ঐ ফাঁপা লাঠি! ভূতেদের লাঠি ফাঁপা হয় নাকি ?'

জয়স্ত বললে, 'আপাতত ভূত আর মানুষ ছু'য়েরই কথা ভূলে যাও। চলো, আমরা মন্দিরের ভিতরটা দেখে আসি।'

সকলে মন্দিরের দিকে এগিয়ে চলল। এবং যেতে যেতে দেখা গেল একটা নৃতন ব্যাপার।

একটা ছোট সাপ ধরেছে একটা মস্ত ব্যাঙকে! ব্যাঙটাকে সে গলাধঃকরণ করতেও পারছে না, মুখ থেকে বার করে ফেলে দিতেও পারছে না! সাপটা ঘন ঘন ব্যাঙটাকে মাটির উপরে আছাড় মারছে, কিলবিল করে সমস্ত দেহ দিয়ে চাঞ্চল্য প্রকাশ করছে এবং ব্যাঙটাও চীংকার করছে প্রাণপণে! মানুষ দেখেও সাপুটা পালাবার চেষ্টা করতে পারলে না, স্থলরবারু তাঁর হাতের লাঠি চালিয়ে সাপটার মাথা গুঁড়ো করে দিয়ে বললেন, 'হুম্! পৃথিবী থেকে একটা পাপ বিদেয় হল!'

মানিক বললে, 'কিন্তু পৃথিবীর অনেক পাপই লুকিয়ে আছে এই বনের আনাচে-কানাচে। আপনি সে-সব দিকেও নজর রাখতে ভুলবেন না।'

সুন্দরবাব বললেন, 'নজর আমার কম-জোরি নয় হে! তুমি নিজের চরকায় তেল দেবার চেষ্টা কর।'

আঙ্গাছা-ভরা চাতাল পার হয়ে সকলে মন্দিরের সামনে গিয়ে দাঁড়াল। চাতালের উপরেই অপরিসর রোয়াক, কিন্তু রোয়াকে ওঠবার সিঁড়ির ধাপগুলো গেছে ভেঙে।

মন্দিরের ভিতরে আধা আলো আধা অন্ধকার। সামনের দিকে ২৮• (হমেন্দ্রক্ষার রায় রচনাবন্ধী : ২

় তাকিয়েই থানিক স্পষ্ট ও থানিক অস্পষ্টরূপে যে মূর্তি দেখা গেল, তা অবর্ণনীয় বললেও চলে।

জয়ন্তের মতন সাহসী নান্ন্দেরও হৃৎপিও সে-মৃতি দেখে ধড়ফড় করে উঠল।

•বাংলাদেশের সর্বত্র কালী-মূর্তি আছে অগুন্তি। কিন্তু সে-সবের মধ্যে সবচেয়ে ভয়ঙ্করী হচ্ছে, বঙ্গাধিপতি মহারাজা প্রতাপাদিত্যের প্রতিষ্ঠিত "যশোরেশ্বরী" মূর্তি। সে-মূর্তির মুখ দেখলে মনের মধ্যে ভক্তির মাগে জেগে ওঠে বিষম আতঙ্কের ভাব। কিন্তু তাকেও টেকা দিয়েছে রতনপুরের এই ডাকাতে-কালী, এ-মৃতির বীভংসভা কল্পনাতেও আনা সহজ নয়।

ক্তিপাথরে গড়া আট-নয় হাত উচু উলঙ্গ দেবীর মূর্তি! মাথার পিছনদিকে আগে বোধ হয় সত্যিকার কেশদাম ছিল, সে কেশদামের কিছুই এখন নেই, দেবী মুণ্ডিতমন্তক। চক্ষু কি দিয়ে যে গড়া ঝাপসা আলোয় সেটা বোঝা গেল না, কিন্তু সকলেরই মনে হল মূর্তির ছই উগ্র চক্ষু যেন উৎকট রক্ত-পিপাসায় জীবস্ত হয়ে ধ্বক্-ধ্বক্ করে জ্বলছে! শ্বাপদ জন্তুর মত নিষ্ঠুর করাল দন্ত এবং ততো-ধিক নির্দয় •লক্লকে রক্তাক্ত জিহবা! মৃতির গলায় রয়েছে যে মুগুমালা তা পাথরের তৈরী নয়, সত্যিকার মন্ত্যা-শিশুর মুগু দিয়েই তা তৈরী করা হয়েছে। নীচেকার বাম হস্তেও ঝুলছে রক্ত-মাংসহীন একটি আসল মানুষের মুণ্ড। প্রায় কুণ্ডলীকৃত মহাদেবের দেহের উপরে মৃতি যে ভয়ঙ্কর ভঙ্গীতে পদনিক্ষেপ করে দৃণ্ডায়মান, তা দেখলেও বক্ষের ভিতরে জাগে বিষম একটা আতঙ্কের ঝড।

সকলেই খানিকক্ষণ স্তম্ভিত ও নির্বাক হয়ে দাঁড়িয়ে রইল। জড় পাষাণ-প্রতিমা যে এমন বিভীষিকা সৃষ্টি করতে পারে এটা হচ্ছে ধারণার অতীত।

সর্বপ্রথমে কথা কইলেন মহেন্দ্রবাব্। বললেন, 'শুনেছি, ডাকাতরা আগে, প্রতি মাত্রে নরবলি দিয়ে দেবীর হাতে নিত্য নৃতন শ্মি-মঙ্গলের রহস্ত

নরমুগু ঝুলিয়ে দিত। হয়তো আজ আমরা দেবীর হাতে যে মাংস:-হীন মুগু দেখছি সেটা হচ্ছে এই মন্দিরের শেষ নরবলিরই নিদর্শন!

নিস্তন্ধ মন্দিরের ছাদের তলায় জেগে উঠল হঠাৎ কতকগুলো; শব্দ!

সুন্দরবাব সভয়ে একটি লক্ষ্ত্যাগ ক্রলেন। সেশব্দ শুনে মনে হল অসীম নিস্তব্ধতা আচম্বিতে যেন জাগ্রত হয়ে মুখরিত হয়ে উঠল ধ্বনির পর ধ্বনি সৃষ্টি করে।

মহেন্দ্রবার তটস্থ হয়ে বললেন, 'ও কিসের শব্দ ?'

সুন্দরবার বললেন, 'আর এখানে নয়! জয়ন্ত, এসো, আমরা। সবেগে পলায়ন করি!'

' জয়স্ত একবার হাসলে, কিন্তু মুখে কিছু বললে না।

মানিক বললে, 'স্থুনরবাবু, প্রকৃতিস্থ হোন্! ছাদের দিকে তাকিয়ে দেখুন। এখানে বাসা বেঁধেছে বাছড়রা। মানুষের সাড়া পেয়ে তারা চঞ্চল হয়ে উঠেছে!'

সুন্দরবার বললেন, 'বাবা, বাছড়-ফাছড় আমি জানি না! আমি আর এক মিনিট এখানে থাকতে রাজী নই। এই কি দেবীর মৃর্তি ? দানবীর মৃতি তাহলে কি রকম ? যেখানে এমন মৃতির প্রতিষ্ঠা করা হয়েছে আর এত হতভাগা মামুষকে বলি দেওয়া হয়েছে, সেখানে যা-কিছু অসম্ভব কাণ্ড ঘটতে পারে। জয়স্ত বনের ভিতরে যে-সব পায়ের দাগ দেখেছে, সেগুলো কখনোই মামুষের পায়ের দাগ নয়। এই মন্দিরের ত্রিসীমানায় মামুষ আসতে পারে না। এসো, আমরা বেরিয়ে পিড।'

জয়স্ত বলল, 'এখানে আমাদের আর কিছু দেখবার নেই। চলো, এখনকার মত এই পর্যন্ত।'

হঠাৎ মন্দিরের কোণ থেকে আর একটা বিশ্রী শব্দ জেগে উঠল। স্থন্দরবাবু মানিককে ছই হাত দিয়ে জড়িয়ে ধরে বুললেন, 'আর তো পারি না, ও আবার কি ?' मानिक वनल, '७क्कक !'

মহেন্দ্রবার্ বললেন, 'আমারও আর এখানে থাকতে ভালে। লাগছে না! জয়ন্তবার্, আমি এখন বাইরের হাওয়ায় বেরিয়ে একটু হাঁপ ছাড়তে চাই।'

कफ़्छ रमल, 'मिरे कथारे ভाला

চতুর্থ পরিচ্ছেদ স্থন্দরবাবর বিপদ

মহেন্দ্রবাবুর ইচ্ছা ছিল স্থন্দরবাবুরা তাঁরই আতিথ্য স্থীকার করেন। স্থন্দরবাবু হয়তো তাতে খুশীই হতেন, কারণ সকালের জলযোগের আয়োজনটা দেখেই তিনি বুঝেছিলেন যে, ওখানে থাকলে দক্ষিণ-হস্তের কর্তব্যটা খুব ভালো করেই পালিত হবার সম্ভাবনা। কিন্তু ইচ্ছা সত্ত্বেও তিনি মহেন্দ্রবাবুর প্রস্তাবে রাজী হতে পারলেন না। কারণ, থানার লোকেরা ইতিমধ্যেই তাঁর জন্যে বাসার ব্যবস্থাকরে রেখেছিল।

তাঁদের এই নতুন বাসা-বাড়িখানির অবস্থান হচ্ছে গ্রামের অপর প্রান্তে, বড় রাস্তার উপরে। বাড়িখানি সর্কারী, কোন রাজ-কর্মচারী এ-অঞ্চল পরিদর্শন করতে এলে ঐখানেই তাঁরা বাঁধতেন অস্থায়ী বাসা। দোতলা বাড়ি, সব ঘরই সংক্ষারের পক্ষে দরকারি আসবাব-পত্তর দিয়ে মোটামুটি সাজানো। বাড়ির উপরের ঘরে বসলে গ্রামের ভিতরে এবং বাহিরে অনেক দৃক পর্যন্ত দৃষ্টিচালনা করা যায়। এমন কি কালী-মন্দিরের অরণ্য পর্যন্ত চোথের আড়ালে খাকে না।

রতনপুরে তাদের একদিন কাটল। কালী-মন্দির থেকে ফিরে এসে দিতীয় দিনের সন্ধ্যা পর্যন্ত জয়ন্ত এখানকার মামলা নিয়ে কারুর সঙ্গে কোন আলোচনা করে নি। সে চুপচাপ বসে বা শুয়ে আছে বটে, কিন্তু মনে মনে সর্বদাই যে শনি-মঞ্চলের রহস্ত নিয়ে নাড়াচাড়া করছে, তার মুখ দেখে মানিক এটুকু বেশ বুঝতে পারলে। সে জানত জয়ন্ত যখন চিন্তা করে তথন বাক্য উচ্চারণ করে না; তাই মামলা নিয়ে জয়ন্তের কাছে সেও কোন কথা তোলে নি।

কিন্তু সুন্দরবাবু এক মিনিটও নি কিন্তু হয়ে বলৈ নেই। তিনি

বারংবার থানায় বা মহেন্দ্রবাবুর ও গ্রামের অ্যান্স লোকের বাড়িতে ছুটোছুটি করছেন; নানা লোকের মুখ থেকে হত্যা-রহস্ত সম্পর্কিত নানা কথা সংগ্রহ করে নিজের ডায়েরির পাতার পর পাতা ভরিয়েক্তিছেন। এবং মাঝে মাঝে উত্তেজিত ভাবে জয়ন্তের কাছে ছুটে এসে হাঁপাতে হাঁপাতে বলছেন, 'হুম্, ভয়ন্কর জটিল মামলা। যতই তদন্ত করছি, রহস্ত যেন ততই বেড়ে উঠছে। যতই তদন্ত করছি, ততই যেন অগাধ জলের আরো নীচে তলিয়ে যাচ্ছি।'

জয়ন্ত একটু হাসে, জবাব দেয় না।

মানিক বলে, 'প্রিয় স্থুন্দরবারু, আপনি আর বেশী তলাবারু চেষ্টা করবেন না। যদি আরো বেশী তলিয়ে যান, আমরা আর আপনাকে টেনে উপরে তুলে আনতে পারব না।'

স্থুন্দরবার বলেন, 'আমি তোমাদেরই মুখ চেয়ে বসে আছি নাকি? উপরে ভেসে ওঠবার শক্তি আমার নিজেরই আছে।'

মানিক জোড়হার্ত করে বলে, 'তাহলে দয়া করে ভেসে উঠে. আমাদের চমংকৃত করে দিন দেখি।'

স্থুন্দরবার বলেন, 'তোমাদের চমংকৃত করবার ইচ্ছে আমার মোটেই নেই। স্থামি হচ্ছি সরকারি কর্মচারী, এখানে এসেছি সরকারের হুকুম তামিল করতেই।'

মানিক বললে, 'তাহলে করুন আপনি ছকুম তামিল। বারবার ছুটে এসে কানের কাছে বক্বক্ করে আমাদের আর জালিয়ে মারবেন না।'

সুন্দরবার অসহায় ভাবে জয়ণ্ডের দিকে ফিরে বলেন, 'দেখ জয়ন্ত, দেখ। মানিক কি রকম শক্ত শক্ত কথা বলছে, শোনো একবার।'

জয়ন্ত আবার হাসে, কিছু বলে না।

ি দিতীয় দিনের সন্ধ্যায় মহেন্দ্রবাবুর বাড়িতে তাদের সকলের নিমন্ত্রণ ছিল। / সন্ধ্যার সময়ে 'ইউনিফর্ম' ছেড়ে স্থন্দরবার নিমন্ত্রণ রাথবার জ্ঞান্তে শৌখিন সাজ-পোশাক পরবার চেষ্টা করছেন, এমন সময় জয়স্ত ভাক দিলে, 'স্থান্দরবার !'

- —'বলো ভায়া।'
- 'আজ আমাদের নিমন্ত্রণে যাওয়া হবে না।'
- —'দে কি কথা ় কেন !'
- —'বিশেষ দরকারে আজ আমাদের অন্তত্ত যাত্রা করতে হবে।'
- 'আমাদের এমন কি বিশেষ দরকার আছে যা আমি নিজেই জানি না ?'
 - —'আজ শনিবার।'
 - —'হাা, সে কথা আমিও ভুলিনি।'
 - —'আজ নাকি পাথরের কালী জ্যান্ত হয়ে ওঠেন।'
 - 'ও-কথাও আমি জানি।'
 - 'আজ রাত্রে আমরা জীবস্ত দেবী-দর্শনে খাত্রা করব।' স্থন্দরবার চমকে দাঁড়িয়ে বলে উঠলেন, 'মানে ?'
- 'আমি তো কোন ছর্বোধ কথা বলছি না। মানেটা কি আপনি বুঝতে পারছেন না !'

সুন্দরবার খানিকক্ষণ নীরবে ফ্যাল্ফ্যাল্ করে তাকিয়ে রইলেন জয়ন্তের মুখের পানে। তারপর ধীরে ধীরে বললেন, 'তোমার মাথা খারাপ হয়ে গেছে জয়ন্ত।'

জয়ন্ত বললেন, 'আমার মস্তিক্ষ-যন্ত্র মোটেই বিকল হয়নি। আনেক ভেবে-চিন্তে আমি বুঝতে পেরেছি, শনি-মঙ্গলের রহস্ত ভেদ করতে গেলে ঐ ছুই নির্দিষ্ট দিনে যথাসময়ে কালী-মন্দিরে গিয়ে হাজির থাকতে হবে।'

স্থলরবার বললেন, 'এ-কথাটা তোমার আগেও আরো ছজন পুলিশ কর্মচারী বৃঝতে পেরেছিলেন। কিন্তু বুঝেও তাঁদের কি লাভ হয়েছে জানো তো ?'

- 'জানি। তাঁরা লাভ করেছেন মৃত্যুকে।'
- 'জয়ন্ত, জয়ন্ত! তুমি কি আমাদেরও নির্বোধের মতন আত্ম-হত্যা করতে বল গ'

জয়ন্ত ভালো করে সোজা হয়ে বসে বললে, 'সুন্দরবার, আমাদের অগ্রবর্তীরা যে-ভূল করেছিলেন, আমরা তা করব না। প্রথমত, তাঁরা মন্দিরে পাহারা দিতে গিয়েছিলেন একা একা, আর আমরা তিনজনেই যাব একসঙ্গে। একজোড়া চোথের চেয়ে তিনজোড়া চোথ একসঙ্গে ঢের বেশী কাজ করতে পারে। দ্বিতীয়ত, মন্দিরে যাবার চলতি পথটাই তাঁরা অবলম্বন করেছিলেন। আমার দৃঢ়বিশ্বাস, বিপদ ওং পেতে থাকে ঐ চলতি পথটারই কোন এক জায়গায়। তাই আমি স্থির করেছি, মন্দিরের পিছনে যে অরণ্য আছে, তারই ভিতর দিয়ে চুপি চুপি আমরা যথাস্থানে গিয়ে উপস্থিত হবো।'

স্থলরবার্, সভয়ে বললেন, 'বাবা, সেও তো এক অসম্ভব ব্যাপার!'

- 'কেন ?'
- —'সে হচ্ছে নিবিড় অরণ্য, আর আজ হচ্ছে অমাবস্থার রাত, ছুনিয়া আজ'একেবারেই অন্ধ হয়ে থাকবে।'
 - 'আমরা সঙ্গে করে 'টর্চ' নিয়ে যেতে ভুলব না।'
 - —'বনে থাকে আরো কত বিভীষিকা !'
- —"বিভীষিকাকে ভয় করলে গোয়েন্দাগিরি চলে না স্থলরবাবৃ!'
 স্থলরবার পড়ে গেলেন অতিশয় ফাঁপরে। বয়স বাড়ার সঙ্গে
 সঙ্গে তিনি 'ধরি মাছ না ছুঁই পানি' নীতির পক্ষপাতী হয়ে
 উঠেছিলেন। সহসা বিপদের মাঝখানে গিয়ে ঝাঁপিয়ে পড়বার
 আগ্রহ তাঁর হয় না। আসল বিপদের কাছ থেকে নিরাপদ ব্যবধানে
 থেকে কেবল জোর-তদন্তের ঘারাই তিনি কার্যোদ্ধার করতে চান।
 কিন্তু জয়ন্ত চায় একেবারে বিপদের উপর গিয়ে পড়ে অন্ধকার থেকে

বিপদকে বাইরের আলোকে টেনে আনতে। এইখানেই তাঁর সমৃহ আপত্তি। কিন্তু জয়ন্তের কাছে কোনদিনই তাঁর কোন আপত্তিই টেকনি, আজও টেকল না।

অবশেষে তুর্বল কণ্ঠে তিনি তাঁর শেষ যুক্তির কথা জানিয়ে দিলেন। বললেন, 'তুমি মহেন্দ্রবার্র কথা একবারও ভেবে দেখছ না জয়ন্ত। ভদ্রলোক সারাদিন ধরে আমাদের জন্যে হয়তো আজ কভ আয়োজনই করে রেখেছেন, তুমি কি সমস্তই পণ্ড করতে চাও প্রতাহলে কাল তাঁর কাছে আমরা মুখ দেখাব কেমন করে গ'

— 'কাল তাঁর কাছে মুখ দেখাতে আমার একটুও লজ্জা করবে না। তাঁর আয়োজনের চেয়ে আমাদের আজকের কর্ত্রাটা হচ্ছে গুরুতর। আপনি কোন চাকরকে ডেকে এখুনি তাঁকে চিঠি লিখে জানিয়ে দিন যে, অত্যস্ত জরুরী দরকারের জন্মেই আমরা আজ তাঁর নিমন্ত্রণ রক্ষা করতে পারব না।'

স্থন্দরবার হাল ছেড়ে দিয়ে হতাশ ভাবে দীর্ঘর্যাদ ত্যাগ করে বললেন, 'বেশ, তাই হবে।'

মানিক বললে, 'হায় স্থুন্দরবাবু, হায় রে অদৃষ্ঠ ? কোথায় রইল ভূরিভোজন, চললুম কিনা শৃত্যোদরে অরণ্যে রোদন করতে ?'

পঞ্চম পরিচ্ছেদ শনিবারের রাত্রি

চিরদিন যেমন আসে, তেমনি ভাবে আজও এলো অমাবস্থার কালো রাত্রি পৃথিবীর বুকে কৃষ্ণ যবনিকাপাত করে।

রাত বারোটার ঢের আগেই ঘুমিয়ে পড়ল রতনপুর গ্রাম। তার পথে এবং গৃহে পথিক এবং গৃহস্থের কোন সাড়াই আর জেগে নেই। সম্প্রতি বিশেষ করে শনি-মঙ্গলবারেই রাত নামার সঙ্গে সঙ্গে রতনপুরের চাব্রিদিকে সঞ্চারিত হয়ে যায় কেমন একটা অপার্থিব থম্থমে ভাব। সকলেই যেন প্রস্তুত হয়ে থাকে নৃতন কোন মারাত্মক তুর্ঘটনার জন্যে।

প্রামান্তরের লোকেরা সন্ধ্যাদীপের শিখা জ্বলবার আগেই তাড়াতাড়ি প্রাম থেকে বেরিয়ে পড়ে মাঠের উপর দিয়ে হনহন করে এগিয়ে চলে এবং চলতে চলতে মাঝে মাঝে সচমকে ত্রস্ত দৃষ্টিপাত করে যায় কুবিখ্যাত কালী-মন্দিরের অভিশপ্ত অরণ্যের দিকে। যদিও মন্দিরের বিপদ কোন দিন প্রামের মধ্যে আবিভূত হয়নি, তবু দোকানীরা সন্ধ্যার খানিক পরেই দোকানে ঝাঁপ ফেলে দিয়ে সেদিনের মত ছুটি নিয়ে সরে পড়ে। পঞ্চানন তলায় প্রতিদিন বসত পরচর্চার এবং তাস-দাবা-পাশার মস্ত আসর। অনেক রাত পর্যন্ত সেখানে চলত খেলাধুলো, গল্পগুজব এবং হৈ-চৈ। কিন্তু আজকাল রাত ন'টার সময়েই দেখা যায় আসরের ভিতরে আর জনপ্রাণী নেই।

রাত জাগে কেব্ল গ্রামের ভিতরে কুকুরগুলো এবং গ্রামের বাইরে শৃগালের দুল। তারা মান্ত্যের ভাষা বোঝে না, শনি-মঙ্গলের গল্প তাই তারা জানতে পারে নি। এবং তাই থেকে থেকে বিকট স্থরে চীৎকার করে তারা বিদীর্ণ করে দেয় রাত্রির স্তর্কতাকে। আর জেগে থাকে শৃত্যে বাতৃড় ও পেচকের দল—মানুষ যাদের জানে নিশাচর বিভীঞ্কার বন্ধু বলে।

কিন্তু রতনপুরের বাসিন্দারা জানে না, গ্রামের বাইরে আজ এখানে রাত জাগছে তিনটি অপরিচিত মমুগ্য-মূর্তি। মাঠের মোর অন্ধকারে গা ঢেকে তারা অগ্রসর হয়ে প্রবেশ করলে কালীমন্দিরের পিছনকার অরণ্যের যোরতর অন্ধকারের মধ্যে।

অরণ্যের মধ্যে সমস্তই একাকার! অন্ধকার এবং অরণ্যের মধ্যে নেই কোনই পার্থক্য, 'টর্চ' না থাকলে সেই হুর্ভেছ্নু তমিস্রায় প্রাচীর ভেদ করে এক পা অগ্রসর হবার উপায় নেই।

কোথাও মস্ত বাঁশগুলো পরস্পরের সঙ্গে জড়াজড়ি করে পথ আগলে দাঁড়িয়ে আছে, কোথাও একাধিক শতান্দীর প্রাচীন স্থ্রহং বটরক্ষ চারিদিকে শত শত ঝুরি নামিয়ে বিশাল অরণ্যের মধ্যে যেন আর একটা ক্ষুত্তর অরণ্য রচনা করেছে, কোথাও শত শত লতা অনেকগুলো গাছের নীচে থেকে উপর পর্যস্ত এমন স্থৃদৃঢ় জাল তৈরী করেছে যে অস্ত্রের দ্বারা তাদের ছিন্নভিন্ন না করলে পথ চলা অসম্ভব। কোথাও খাল, ডোবা বা নালা এবং কোথাও বা অরণ্যের নিম্নভূমি পরিণত হয়েছে জলাভূমিতে। এবং সমস্ত স্থান জ্বড়ে যেথানে সেখানে দাঁড়িয়ে আছে ঝুপ্সি কাঁটা-ঝোপগুলো। কেন্রিরকম সাবধানতার দ্বারাই তাদের ঠেকিয়ে রাখা যায় না—হিংস্র জস্তুর মত তারা ওৎ পেতে আছে, মামুষকে দংশন করে রক্তাক্ত করে দেবেই। তার উপরে সর্বত্রই বিরাজ করছে সেই একই রকম অন্ধকার, অন্ধকার, অন্ধকার! উপরে অন্ধকার, নীচে অন্ধকার, এ-পাশে ও-পাশে, সামনে, পিছনে, যেদিকে তাকাও দেখবে যেন অনাদি অসীম অন্ধকারকেই! এই অন্ধকার কি অরণ্যের ? না এই অরণ্যই হচ্ছে অন্ধকারের ?

মিনিট চার-পাঁচ যেতে না যেতেই স্থলরবার ধুপাস্ করে মাটির উপরে বসে পড়ে বললেন, 'ভগবান আমাকে রক্ষা করুন, আমি আর এগুতে পারব না!'

মানিক তাঁর দেহের উপরে 'টর্চে'র শিখা নিক্ষেপ করে বললে, 'কি হল স্থন্দরবাবু ?' —'ছম, হবে আবার কি, একেবারে যাচ্ছেতাই কাণ্ড! চেয়ে দেখ, কাঁটার কামড়ে খালি আমার পোশাক নয়, আমার গা পর্যস্ত ছিঁড়ে ফালা-ফালা হয়ে গেছে! তার ওপরে—ওরে বাপ রে, গেছিরে!' বিকট চীৎকার করে এক লাফে স্থুন্দরবাবু দাঁড়িয়ে উঠেরীতিমত তাণ্ডব-নৃত্য শুরু করে দিলেন।



জয়ন্ত বললে, 'ওকি সুন্দরবাবু, অমন ধেই ধেই করে নাচছেন কেন ?'

কিন্তু শুন্দর্বাবু নাচ থামাবার নাম করলেন না। জয়ন্ত ভাবলে স্থুন্দরবাবু নিশ্চয়ই হঠাৎ ক্ষেপে গিয়েছেন।

মানিকও প্রথমটা বিশ্বয়ে হতভম্ব হয়ে গিয়েছিল। তারপর সে কোর করে স্থন্দরবাবুর নাচ থামিয়ে দিতে গেল।

কিন্ত স্থলরবার থামলেন না। তারস্বরে চেঁচিয়ে বললেন, 'কাঁকড়া-বিছে। প্রামার ভূ[†]ড়ির উপরে মস্ত একটা কাঁকড়া-বিছে উঠেছে!'

- —'কাঁকড়া-বিছে উঠেছে তো অত নাচছেন কেন ?'
- —'আমি নাচছি না মূর্খ, আমি লাফাচ্ছি! লাফিয়ে ঝাঁকুনি মেরে বিছেটাকে ফেলে দেবার চেষ্টা করছি।'

মানিক আবার স্থন্দরবাবুর দেহের উপরে 'টর্চে'র আলো ফেলে বললে, 'ও তাগুব-নৃত্যে পৃথিবীর মাটি টলে যায়, কাঁকড়া-বিছে কি আর আপনার দেহের উপরে থাকতে পারে!'

ইচ্ছার বিরুদ্ধেও নৃত্য বন্ধ করে নিজের পোশাক ঝাড়তে ঝাড়তে স্পুন্দরবার বললেন, 'দেখছ তো জয়ন্ত, কেন যে আমি রাতে এই জঙ্গলে আসতে মানা করেছিলুম, এখন বুঝতে পারছ কি ?'

জয়ন্ত বিরক্ত কঠে বললে, 'আমি একটা বিষয় বুঝতে পারছি, আজ রাতে আমরা চুপিচুপি মন্দিরে যাব ভেবেছিলুম। কিন্তু আপনি এমন ভীষণ চীৎকার করেছেন যে এক মাইলের ভিতর সমস্ত প্রাণীর মুম বোধহয় ভেঙে গেছে।'

- —'কি করব বল ভায়া, রুনো কাঁকড়া-বিছে কাঁমড়ালে আমি কি আর বাঁচতুম ? চাঁচাতে হয়েছে নিতান্তই প্রাণের দ্রায়ে।'
- 'এখন আমাদের সঙ্গে আসবেন, না এখানে দাঁভিয়ে দাঁড়িয়ে বক্ততা দেবেন ?'
- 'চল ভাই, চল! "পড়েছি মোগলের হাতে, খানা খেতে হবে সাথে!" চল ভাই, চল!

সকলে আবার কোথাও মাথা হেঁট করে, কোথাও কাঁটা-ঝোপকে পাশ কাটিয়ে, কোথাও বা রীতিমত হামাগুড়ি দিয়ে এগিয়ে চলল মন্দিরের দিকে।

স্থন্দরবার মানিকের কানে কানে বললেন, 'ভায়া, আমার বড্ড অস্বস্তি হচ্ছে!'

- —'কেন, আবার কি হল ?'
- 'মনে হচ্ছে কাঁকড়া-বিছেটা নিশ্চয়ই আমার একটা পকেটের ভিতরে ঢুকে বসে আছে!'

মানিক তাঁর জামার পকেট ছটো টিপে টিপে দেখে বললে, 'না স্থল্ববারু, পকেটে বিছে-টিছে কিছুই নেই!'

স্থানরবার কিছুদ্র গিয়ে বললেন, 'উঃ! আমি জীবনে কথনো এমন অন্ধকার দেখিনি! মনে হচ্ছে, এই অন্ধকারের ছোপ লেগে আমাদের সকলেরই গায়ের রঙ কাফ্রীর মত কালো কুচ্কুচে হয়ে যাবে!

হঠাৎ জয়ন্ত বললে, 'চুপ!'

সকলে নীরবে আড় ই হয়ে দাঁ ড়িয়ে রইল। থানিক পরে শোনা গেল অন্ধকারের ভিতরে থানিক তফাতেই একটা শব্দ হচ্ছে। তারপর গাছের ডালপালা নাড়া দিতে দিতে শব্দটা ক্রমেই দ্রে চলে গেতে লাগল।

মানিক বললে, 'বোধ হচ্ছে কোন একটা জীব এক গাছ থেকে আর এক গাছে লাফাতে লাফাতে চলে যাছে !'

জয়ন্ত অ। খ। স্থার নিঃশ্বাস ফেলে বললে, 'বোধ হয় ওটা বাঁদর কি হনুমান! আমাদের সাড়া পেয়ে সরে পড়ল!'

সু দরবার বুকে হাত দিয়ে বুকের তুপ্তুপুনি থামাবার চেষ্টা করে বললে টু, 'হুম্! হুনুমানই হোক আর বাঁদরই হোক, আমাতে আর আমি ছিলুম না! আমি ভেবেছিলুম মা-কালীর সাঙ্গোপাঙ্গদের কেউ বুঝি আমাদের আদর করতে আসছে!'

মানিক বললে, 'কিন্তু ওটা যে কি, ঠিক করে তো বোঝা গেল না! বাঁদর আর হন্তমান কি রাতের অন্ধকারেও চোখে দেখতে পায় ? আমার তো বিশ্বাস অন্ধকারে ওরা মান্তুষেরই মত অন্ধ!' এই বলেই সে নিজের হাতের জোরালো 'টেচে'র আলো বনের উপর দিকে নিক্ষেপ করলে।

বেশ খানিকটা তফাতে দেখা গেল, একটা খুব বড় গাছের ডাল-পালায় জেগে আছে সন্দেহজনক চাঞ্চল্য! কিন্তু কোন জীবের অন্তিৰ পুনিরুর নজরেই প্রড়ল না। স্থলরবার বললেন, 'কারুর কোন চর কি গাছের উপরে বসে বনের ভিতরে পাহারা দিচ্ছিল ? আমাদের সাড়া পেয়ে সে কি এখন যথাস্থানে খবর দিতে গিয়েছে ?'

জয়ন্ত বললে, 'এখন আর ওসব আলোচনা করে কোন লাভ নেই। কেউ যদি আমাদের সত্যি সত্যিই দেখতে পেয়ে থাকে, তাহলে আর উপায় কি ?'

স্থলরবার্ বললেন, 'উপায় আছে বৈকি! আমাদের এখন উচিত মানে মানে এখান থেকে সরে পড়া—নইলে শেষটা আমাদেরও বিষাক্ত স্চের খোঁচা খেয়ে পটল তুলতে হবে।' তিনি ভীত চক্ষে অন্ধকারের চারিদিকে দৃষ্টিনিক্ষেপ করতে লাগলেন। তাঁর দৃঢ় বিশ্বাস হল, জঙ্গলের চারিদিকেই তাঁদের ঘিরে দাঁড়িয়ে আছে কতকগুলো অমামুষিক ছায়াচর, যে-কোন মুহূর্তে তাঁদের আক্রমণ করবার জন্যে তারা রীতিমত প্রস্তুত হয়েই আছে।, অরণ্যের দিকে দিকে জলছে, নিবছে, উপরে উঠছে এবং নীচে নামছে অসংখ্য জোনাকি; স্থলরবার্র মনে হল ওরাও বিশ্বাসযোগ্য জীব নয়, ওরাও যেন অন্ধকারে আলো জ্বেলে কোন ভয়ন্করের সামনে তাঁদের তিনজনকে দেখিয়ে এবং ধরিয়ে দেবার চেষ্টা করছে!

জয়ন্ত বললে, 'মানিক, তুমি বারবার 'টর্চ' জ্বেলো না। আত্ম-প্রকাশ করবার জ্বন্থে আমাদের এই নৈশ অভিযান নয়। আমরা মন্দিরের পাশেই এসে পড়েছি বলে মনে হচ্ছে। বন এখানে আর ঘন নয়, উপর দিকে তাকিয়ে দেখ অন্ধকার ওখানে পাতলা। হ্যা, ঐ যে তারাগুলো ওখানে টিপ্ টিপ্ করছে! ও হচ্ছে আকাশ। এদিকটাতেও চেয়ে দেখ, নিশ্চয়ই ওটা কালী-মন্দিরের'ছায়া! আর জ্বোরে কথা কওয়া নয়, পা টিপে টিপে ধীরে ধীরে এগিয়ে চল, চোখ-কান সজাগ রাখো আর হাতে নাও রিভলবার!'

পায়ের তলাকার জমি এমন এবড়ো-খেবড়ো যে, পদে পদে হোঁচট খেয়ে 'পপাত ধরণীতলে' হবার উপক্রম! তখন ডি্নজনে হাঁটু

গেড়ে চতুষ্পদ জন্তুর মত হাত এবং পায়ের সাহায্যে অগ্রসর হতে লাগল। কিন্তু তাতেও কি নিস্তার আছে ? স্থন্দরবাবুর হাতে পূটাস্ করে বিঁধে গেল কাঁটার মতন কি! তিনি প্রথমটা তাকে বিষাক্ত স্চের খোঁচা মনে করে বিকট কপ্নে আর্তনাদ করতে উন্নত হয়েই আধার নিজেকে সামলে নিলেন অনেক কপ্টে।

এখানটা মনে হচ্ছে মন্দিরের চাতাল। আগাছার জঙ্গল, কোথাও তা তিনফুট-চারফুট উঁচু। তারই ভিতরে গা-ঢাকা দিয়ে তিনজনে খানিকক্ষণ চুপ করে বসে রইল।

ঝিঁ ঝিপোকাদের অশ্রান্ত আর্তনাদ ছাড়া কোথাও আর কোন
শব্দই শোনা যাছে না। বাতাসও যেন নিঃশ্বাস বন্ধ করে স্তব্ধ হয়ে
আছে! সেখানেও অন্ধকারের মধ্যে শত শত অগ্নিকণার ইঙ্গিতের
মত শৃত্য দিয়ে ছুটোছুটি করছে পুঞ্জ পুঞ্জ জোনাকি। এখানকার
ভাবটা হয়ে উঠেছে এমন অসাধারণ যে, মানুষের পৃথিবীর সঙ্গে যেন
এর কোন কিছুই মেলে না।

হঠাং জয়ন্তের পায়ের উপর দিয়ে বিছ্যুৎবেগে চলে গেল যেন একগাছা জীবস্ত মোটা দড়ি! তুষারের মত কন্কনে ঠাণ্ডা তার স্পর্শ! নিশ্চয় দৈটা দাপ! কিন্তু জয়স্ত কোনরকম চাঞ্চল্যই প্রকাশ করলে না, স্থির হয়ে বসে রইল নির্বিকারের মত।

তারপরই অদ্রে শোনা গেল বার কয়েক বিশ্রী হিস্হিস্ শব্দ ! স্বন্দরবার্ শিউরে বলে উঠলেন, 'বাবা, গোখ্রো কি কেউটের গর্জন!'

জয়ন্ত নিমু অথঁচ কুদ্ধ স্বরে বললে, 'চুপ !'

সর্পের গর্জন আর শোনা যায় না, কিন্তু তার পরিবর্তে কোথায় সদ্ধাগ হয়ে উঠল তক্ষকের কণ্ঠস্ব! সে-স্বর যেন ডেকে আনতে চাইছে আসম কোন অমঙ্গলকে!

তারপরেই মন্দিরের অদ্রেই জাগ্রত হল শৃগালদের বহু কঠে, আর্তনাদে মত চীৎকার ! এতক্ষণ যেখানটা ছিল মৃত্যুপুরীর মতন একান্ত নিস্তব্ধ, আচম্বিতে সেখানে উপর-উপরি এই শব্দের পর শব্দতরঙ্গ অল্পক্ষণের জন্মে অন্ধকার-তরঙ্গকে যেন আলোড়িত এবং ধ্বনিত ও প্রতিধ্বনিত করে আবার নীরব হয়ে গেল।

সুন্দরবার চুপিচুপি কম্পিত স্বরে বললেন, 'জয়ন্ত, এবার আমার স্বিত্তি ভয় করছে!'

জয়ন্ত বললে, 'চুপ!'

মিনিট চারেক সকলে নিশ্চল ও নিস্পন্দ হয়ে সেইখানেই বসে রইল। মাথার উপরে কালো আকাশ অগুন্তি তানকাচক্ষু বিক্ষারিত করে যেন এই তিনটি প্রাণীর দিকে তাকিয়ে আছে মৌন, বিপুল বিশ্ময়ে! মন্দির চূড়ার উপরকার অশথ বটের ডালপালার ভিতরে নিজিত বাতাস হঠাৎ একবার জেগে উঠে যেন ঘুমের ঘোরেই আর্তম্বরে কেঁদে উঠল একবার!

মানিক হঠাৎ হাত বাড়িয়ে জয়ন্তের গা টিপলে। স্থন্দরবার্ও উৎকর্ণ হয়ে আরো একটু উঁচু-ছয়ে বসলেন।

সেই তিমিরাবৃত গভীর নীরবতার মধ্যে শোনা যাচ্ছে আর একটা অভাবিত ধ্বনি! মরা, ঝরা, শুকনো পাতাদের ভিতরে জীবন সঞ্চার করে ধীরে ধীরে এগিয়ে আসছে যেন অতি সাবধানী পায়ের শব্দ!

তিনজনে রুদ্ধাসে শুনলে, পদশব্দ ধীরে ধীরে এগিয়ে চাতালের ঠিক মাঝথানে এসে থেমে গেল। খানিকক্ষণ আর কিছুই শোনা যায় না। যেন যে এসেছে সে চুপ করে দাঁড়িয়ে চারিদিকে নিক্ষেপ করছে সন্দিগ্ধ দৃষ্টি! শব্দটা যেখানে এসে থেনেছিল, অনুমানে মনে হয় সেখানটা জয়স্তদের কাছ থেকে পনেরো যোলো হাতের বেশী দ্র হবে না।

মাটির উপরে আবার জাগল শুকনো পাতার মর্মরধ্বনি! অন্ধকার ভেদ করে এই নিশাচর অতিথি আবার ফিরে চলে যাচেছ়ে! কিন্তু এবারে দে ধীরে ধীরে যাচেছ না, এবারে সে টেছে রীতিমত ক্রেডবেগে! সে যেন বুঝতে পেরেছে, এখানে তার জন্মে অপেক্ষ। করে আছে কোন গোপন বিপদ!

জয়ন্ত হঠাৎ লাফ মেরে দাঁড়িয়ে উঠে তার 'টর্চে'র চাবি টিপলে। ভীত্র আলোক রেখার মধ্যে ধরা পড়ল একখানা অন্তুত মুখ। পর-মুহুর্তেই তিমির-তরঙ্গের মধ্যে হারিয়ে গেল সেই অপার্থিব মুখখানা।

স্থন্দরবার শিউরে উঠে অভিভূত কণ্ঠে বললেন, 'ও কে ? ও কে ? জয়ন্ত, জয়ন্ত ? তুমি ওর মুখখানা দেখেছ ?'

জয়ন্ত বললে, 'দেখেছি। আর দেখেছি ওর হাতের লম্বা লাঠি গাছা!'

মানিক উত্তেজিত স্বরে বললে, 'ও কার মুখ জয়ন্ত, ও কার মুখ ? ও মৃগ তো মানুষের মুখ নয় ?'

জয়ন্ত সহজ ভাবেই বললে, 'ও মুখ মানুষের হোক আর আমানুষেরই হোক তাতে কিছু আসে যায় না, কিন্তু আমাদের ভয়ে ঐ মুখের অধিকারী যে পলায়ন করেছে এইটেই হচ্ছে ভাববার কথা। আজ আমাদের পণ্ডশ্রম হল, এই অন্ধকারের রাজ্যে ওকে আর খুঁজে পাওয়া অসম্ভব।'

সুন্দরবার ক্রাতর স্বরে বললেন, 'জীবনে আমি ও রকম অসম্ভব মুখ আর কখনো দেখতেও চাই না। আমি এখন এখান থেকে পালিয়ে যেতে চাই!

ষষ্ঠ পরিচ্ছেদ

রক্তাক্ত জয়ন্তের কাহিনী

পরদিনের প্রভাত।

সূর্য জানলা-পথে ঘরের ভিতরে এসে মানিকের চোখের পাতার উপরে কিরণ অঙ্গুলি বুলিয়ে দিতেই তার ঘুম ভেঙে গেল। উঠে বসে ঘরের ওপাশের বিছানার দিকে তাকিয়ে সে দেখলে, জয়ন্ত এর মধ্যে শয্যাত্যাগ করে বেরিয়ে গিয়েছে। সুন্দরবাবুর ঘরে জয়ন্তকে পাওয়া যাবে ভেবে সেও শয্যাত্যাগ করে বেরিয়ে সন্দরবাবুর ঘরের সামনে গিয়ে ডাকলে, 'সুন্দরবাবু! অ স্তন্দরবাবু! বলি দাদা, এখনো ঘুমোচ্ছেন নাকি ?'

বন্ধ দ্বারের ওপাশ থেকে গর্জন স্বরে শোনা গেল, 'হ্যা ছুমোচ্ছিই বটে! কাল তোমাদের পাল্লায় পড়ে আমার যে হাল হয়েছে!'

মানিক বললে, 'দরজাটা একবার খুলেই দিন না দাদা, তারপর আপনার সব ইতিহাস শুনব তথন !'

'উঃ', 'আঃ' প্রভৃতি আর্তধ্বনি উচ্চারণ করতে করতে দরজার খিলটা খুলে দিলেন সুন্দরবার।

মানিক দেখলে সত্য সত্যই তাঁর অবস্থা দপ্তরমত শোচনীয়। তাঁর মুখ, হাত, পা এবং দেহের যেখানেই চোখ বুলানো যায় সেইখানেই নজর পড়ে, ছোট বড় মলমের পটির পর পটি।

মানিক বললে, 'একি ব্যাপার স্থলরবাবু ?'

— 'আবার ইয়ে করা হচ্ছে, ব্যাপার কি বুঝতে পারছ না বুঝি ? জঙ্গলে যত কাঁটা ছিল, সব এসে বাসা বেঁধেছে আমার দেহে! কাল কি আর ঘুমিয়েছি ? যেটুকু রাত বাকি ছিল, কেটে গেছে এই পটি লাগাতে লাগাতে!'

মানিক বললে, 'আমার দেহও অবশ্য অক্ষত নেই, কিন্তু আপনার
২০৮ হেমেন্দ্রকুমার রার র্টনাবলী : ২

মতন ছ্রবস্থা তো আমার হয়নি ? আপনার দেহখানি শতছি<u>ল</u> হয়ে গেছে যৈ !'

স্থান বার্ গজ্গজ্ করতে করতে যেন আপন মনেই বললেন, 'বনবেড়ালের। বনে বেড়ালেও কাঁটাগাছ তাদের কিছুই করতে পারে না। আমি হচ্ছি শহুরে সভ্য মামুষ, আঁধার রাতে বনে বনে, দাপাদাপি করে বেড়ানো আমার কি পোষায় ? হেঃ!'

- —'কিন্তু জয়ন্ত কোথায় গেল বলুন দেখি ?'
- 'কেন ? সে কি ও ঘরে নেই ?'
- —'ना।'
- ভারী আশ্চর্য তো! এত ভোরে উঠে সে কোথায় যেতে পারে
 ?*
- —'আমিও তো তাই ভাবছি।'
- —'হুম্, সে আবার সেই সর্বনেশে মন্দিরে যায় নি তো ?'
- —'যেতেও পারে, তার কথা কিছুই বলা যায় না।'

স্থলরবার্ সভয়ে বললেন, 'বাপ রে, রাতের বেলায় আমি আর কখনো ও-মুখো হচ্ছি না!'

- —'কেন বঁলুন দেখি ?'
- 'আবার জিজ্ঞাসা করছ, কেন ? কখনো না, কখনো না !

 চাকরি যদি যায় তাও ভালো, তরু আমি আর কখনো সেখানে যাবার
 নাম মুখে আনব না !'
 - —'তৃচ্ছ কাঁটা-ঝোপের জন্মে এত ভয় !'
 - —'কাটা-ঝোপের জন্মে নয় হে, কাঁটা-ঝোপের জন্মে নয়।'
 - —'তবে ?'
 - —'ভূতের ভয়েঃ!'
 - —'ভূত ?'
 - 'হাা, ভূত ছাড়া আর কি বলতে পারি ? 'টর্চে'র আলোতে এক মুহুর্তের জন্যে যে মুখুখানা আমরা দেখেছিলুম, তার কথা মনে আছে ? তুমিও ধ্রুণিখেছ তো

- —'তা দেখেছি বৈকি!'
- 'সেখানা কি মানুষের মুখ ?' মানিক নীরব হয়ে রইল।
- —'চুপ করে রইলে কেন ? বল না, সেখানা কি মানুষের মুখ ?' মানিক একটু ইতস্তত করে বললে, 'হাা স্থন্দরবাবু, মুখখানা
- মানিক একটু ইতস্তত করে বললে, 'হ্যা স্থন্দরবারু,,মুখখানা অমামুষিক বটে, কিন্তু ওর বেশী আর কিছু আমি বলতে পারি না।'
- 'তোমরা মচ্কাবে কিন্তু ভাঙবে না, ঐ তো তোমাদের দোষ !'
 মানিক বললে, 'স্থুন্দরবারু, চিরকালই শুনে আসছি ভূত দেখলে
 মানুষ পালিয়ে যাবার চেষ্টা করে। কিন্তু মানুষ, দেখে ভূত যে
 পালিয়ে যায়, এমন কথা কখনো শুনেছেন কি ?'

সুন্দরবার খানিকক্ষণ স্তব্ধ থেকে বললেন, 'মানিক, তোমার এ যুক্তিটা আমারও মনে লাগছে বটে, কিন্তু এটাও তো হতে পারে, সে আমাদের দেখে পালিয়ে যায়নি ?'

- —'তবে কাকে দেখে পালিয়ে গেছে ?'
- 'আলো দেখে। যারা ভূত নামায়, টেবল চালায়, তাদের মুখে শুনেছি ভূতেরা আলো সহ্য করতে পারে না। তারপর ঐ বুনো ভূতটা আবার যে সে আলো দেখেনি, তার চোখ ঝল্সে গেছে 'টের্চে'র তীব্র আলোর ধার্কায়। জয়ন্ত ছোকরা 'টর্চ' জেলে বড়ই বৃদ্ধিমানের কাজ করেছে। সে 'টর্চ'টা না জাললে ভূত বেটা সেই ঘুটঘুটে অন্ধকারে যো পেয়ে বোধ হয় আমাদের সকলকেই বধ করত।'

মানিক হেসে বললে, 'তাহলে আপনি বনে যেতে আর ভয় করছেন কেন ?'

- —'ও বাবা, ভয় করব না ? কেন ভয় করব না শুনি ?'
- —'ভূত তাড়াবার তো খুব স্থন্দর উপায় আপনি আবিষ্কার করে

 কেলেছেন! ভূত দেখলেই আলো জালবেন ৷'

সুন্দরবার গন্তীর হয়ে বললেন, '্যাপারটা অজু সহজ নয় তেনেক্রকুমার রায় রচনাবলী: ২০ মানিক! ভূত-প্রেত নিয়ে খেলা করতে আমি রাজী নই। এই ভূতুড়ে মামলার ভার আমি ছেডে দেব বলে মনে করছি।

মানিক বললে, 'কিন্তু আমার কি ইচ্ছা জানেন? এই বিচিত্র রহস্তের ভিতরে আরো ভালো করে প্রবেশ করবার জন্মে আমার মনে জেগে উঠেছে বিষম আগ্রহ। কে এই খুনের পর খুন করছে? প্রতি শনি ও মঙ্গলবারের রাত্রে কে ঐ মন্দিরের আনাচে-কানাচে, ঐ বনের সাপ আর বাঘের সঙ্গে হিংস্র রক্তলোভী জন্তুর মত পাহারা দিয়ে বেড়ায় ? কেন সে বিনা কারণে নরহত্যা করে?'

স্থানরবার বললেন, 'এই সব হত্যার ভিতরে কোন উদ্দেশ্য খুঁজে প্লোচ্ছিনা বলৈই তো আমি হতাশ হয়ে পড়েছি! আর সেইজন্মেই তো মনে হচ্ছে এ সব হয় ভুতুড়ে কাণ্ড, নয় দৈবী লীলা!'

— 'সুন্দরবাবু, আর একটা কথা মনে রাখবেন। অপরাধ তত্ত্ব
নিয়ে যারা আলোচনা করেছেন তাঁরাই জানেন, সব অপরাধের ভিতর
থেকেই উদ্দেশ্য অবিষ্কার করা যায় না। এমন অনেক হত্যাকারীর
কথা শোনা গিয়েছে, যারা কেবল হত্যার আনন্দ উপভোগ করবার
জন্মেই হত্যাকাণ্ডের অনুষ্ঠান করে। এর একটা বিখ্যাত দৃষ্টান্ত হচ্ছে,
ইংরেজ হত্যাকারী জ্যাক্ দি রিপার। হত্যা করে তার কোনই লাভ
হ'ত না, আর সে পুরুষকেও হত্যা করত না, কিন্তু একেবারে
অকারণেই নারীর পর নারীকে হত্যা করত। মনোবিজ্ঞানের
পণ্ডিতরা বলেন, এই শ্রেণীর হত্যাকারীরা বিশেষ এক রকম উন্মাদগ্রস্ত। অন্য সব বিষয়েই তাদের হাবভাব আচার ব্যবহার ঠিক
সাধারণ মানুষের মৃতুন, কেবল হত্যা করবার স্থ্যোগ দেখলেই তারা আর
আত্মসংবরণ কুরতে পারে না। কে বলতে পারে কালী-মন্দিরের এই
মামলাটার ভিতরে সেই রকম কোন হত্যাকারীর হাত আছে কি না গ'

স্নরবার বললেন, 'কিন্তু কালী-মন্দিরে আমরা যাকে দেখেছি সেইই যদি হত্যাকারী হয়, তাহলে তো তোমার এ সব যুক্তি কোনই কাজে লাগনে না!'

- 'কেন **?**'
- 'যাকে আমরা দেখেছি, আমি কিছুতেই তাকে মানুষ বলে স্বীকার করব না! কারণ সে রকম বিভীষণ মুখ নিয়ে কোন মানুষই আজ পর্যন্ত পৃথিবীতে জন্মগ্রহণ করেনি!'
 - 'কিন্তু তাকেই আপনি হত্যাকারী বলে মনে করছেন কেন ?' স্থূন্দরবারু সবিস্থায়ে বললেন, 'মনে করব না ণু'
 - —'না করতেও পারেন!'
 - --- 'তুমি এ কথা বলছ কেন!'
 - —'যাকে আমরা দেখেছি সে হত্যাকারী না হতেও পারে।'
 - —'তুমি কী বলছ হে ?'
- 'হয়তো যাকে আমরা দেখেছি সে হচ্ছে কোন উন্মাদগ্রস্ত বাজে লোক, রাত-বেরাতে বনেজঙ্গলে ঘুরে বেড়ানোই তার স্বভাব, হয়তো কোন ভীষণ ব্যাধির আক্রমণে তার মুখ হয়ে গেছে অমন ভয়ানক ভাবে বিকৃত! কে বলতে পারে, আসল হত্যাকারী এখনো এই গভীর রহস্তের অন্তরালে আত্মগোপন করে নেই '

স্থলরবার থানিকক্ষণ চিস্তা করে বললেন, 'মানিক, তোমাকে প্রশংসা করতে আমি বাধ্য, তুমি আমার সামনে একটা নতুন চিস্তার খোরাক যুগিয়ে দিলে। ঠিক বলেছ! ঐ মন্দিরের আশেপাশে ভূত-প্রেত, যক্ষ-রক্ষ নয়, কোন বিকৃত মুখ উন্মাদগ্রস্ত মানুষ থাকলেও থাকতে পারে। আর তার উপস্থিতির স্থযোগ নিয়ে হয়তো আর কোন মানুষ-অপরাধীই এই সব হত্যাকাণ্ডের অনুষ্ঠান করছে!'

এই রকম সব কথাবার্তা কইতে কইতে আরো খানিকক্ষণ কেটে গেল।

তারপরই সিঁড়ির উপরে জাগল পদশব্দ !

মানিক বললে, 'জয়ন্ত আসছে। ওর পায়ের শব্দ আমি চিনি।' পদশব্দ সিঁড়ি পার হয়ে দরজার সামনে এসে থামল, তারপর দেখা গেল জয়ন্তকে। জয়ত্তের মুখ, জামা, কাপড় সমস্তই রক্তে আরক্ত! কিন্তু তার ওষ্ঠাধরে বিরাজ করছে রহস্থময় হাস্থের লীলা।

মানিক তৎক্ষণাৎ দাঁড়িয়ে উঠে ভীত ও বিশ্বিত স্বরে বললে, জয়! জয়! তোমার এ কী চেহারা ? তুমি কোথায় ছিলে ? তোমার এমন দশা করেছে কে ?

জয়ন্ত ঘরের ভিতর ঢুকে এক জায়গায় বসে পড়ে বললে, 'মানিক, চিন্তিত হয়ো না। রক্তের আতিশ্য্য দেখছ বটে, কিন্তু ভগবানের দয়ায় আঘাত আমার বেশী লাগেনি, খানিকটা মাংস ছিঁডে গিয়েছে মাত্র।'

স্থন্দরবার হতভম্বের মতন বললেন, 'জয়ন্ত, এই অবস্থায় তোমায় দেখে আমি যে কি বলব, তা বুঝে উঠতে পারছি না।'

জয়ন্ত বললে, 'আপনার কিছুই বলবার দরকার নেই স্থন্দরবার। এইবার বলবার পালা হচ্ছে আমার।'

মানিক জয়স্তের কাছে গিয়ে তার ক্ষতস্থান পরীক্ষা করতে করতে বললে, 'জুয়, আগে তোমার রক্ত ধুয়ে ওষুধ দিয়ে 'ব্যাণ্ডেজ' করে দি' এস।'

জয়ন্ত বলর্লে, 'মানিক, আগে আমার সব কথা শোনো। আমি বলছি, আমার বিশেষ কিছুই হয়নি।'

মানিক বললে, 'বেশ, তুমি যা ধরবে তা ছাড়বে না জানি। তাহলে আগে তোমার কথাই বল।'

জয়ন্ত বলতে লাগল, 'মানিক, তুমি কিছু মনে করো না। তোমাকে কোন কথা না বলেঁই আমি এখান থেকে চলে গিয়েছিলুম। আমি তোমাকে কষ্ট দিতে চাইনি। কালকের রাত্রের ব্যাপারের পর মামুষের দেহের অবস্থা যে কি রকম হয়, সেটা আমার ধারণাতীত নয়। সেই জন্মেই তোমাকে বিশ্রাম করবার অবসন দিয়ে আবার আমি বেরিয়ে পড়তে বাধ্য হুয়েছিলুম ৮ কোন রকম বিপদের ভয় আমি করিনি, কারণ কালকের ব্যাপারের পর আমি মনে করতে পারিনি যে, আর কোন রকম নতুন বিপদের আশঙ্কা আছে। আমার মনে ছিল কতকগুলো খট্কা। কাল রাতে যে চেহারা দেখেছিলুম, তাতে এখানকার ঘটনাগুলোকে অলৌকিক বলে মনে করবার কারণ ছিল যথেষ্ট। কিন্তু সেই অপার্থিব মৃতির হাতে ছিল একগাছা লম্বা লাঠি, একণা ভোমাদের মনে আছে তো ? আর একটা কথাও নিশ্চয়ই ভোমাদের স্মরণ আছে, প্রথম দিন ঘটনাস্থলে এসেই আমি মাঠির উপরে আবিদ্ধার করি এমন কোন মান্থ্যের পদচ্ছি যার হাতে ছিল একগাছা ফাঁপা, লাঠি বা চোঙের মত কোন জিনিস।

কালকে রাতের সেই অমানুষিক মূর্তিটাকে আমিও হয়তো অমানুষিক বলেই ধরে নিতে পারতুম, যদি তার হাতে সেই ল্ফা লাঠিগাছা না থাকত। আমি এক দৃষ্টিতেই দেখে নিয়েছিলুম, সেই লাঠিগাছা সাধারণ লাঠির মতন নয়, লাঠির মতন দেখতে সেটা হচ্ছে অন্ত কোন রকম জিনিস।

জেগে উঠেছিল আমার কোতৃহল। মানিক, তাই তুমি যেই ঘুমিয়ে পড়লে, আমি তোমার ঘুম ভাঙাবার কোন রকম চেষ্টা না করে শেষ-রাতেই আবার বেরিয়ে পড়লুম। এখান থেকে ঘটনাস্থলে যেতে না যেতেই পূর্বদিকের আকাশে ফুটে উঠল উষার রা্ঙা হাসির লীলা!

তারপর আবার সেই মন্দিরের চাতালে গিয়ে দাঁড়ালুম, আবার দেখলুম একটা কেউটে সাপকে, আমাকে দেখেই সে কালো বিছ্যুতের মতন চাতালের আগাছার ঝোপের ভিতরে কোথায় লুকিয়ে পড়ল ব্ঝতেও পারলুম না। মন্দিরের চাতালে স্তইব্য কোন কিছুর সন্ধান না পেয়ে আবার ফিরে এলুম মন্দিরে যাবার সেই পথের উপরে— যেখানে উপর-উপরি তিন তিনটি নরহত্যা হয়েছে।

তথন সূর্য উঠেছে। পথের উপরে কোন অন্ধকার নেই— যদিও ছুই পাশের জঙ্গলের ভিতরে অন্ধকারকে তার রাজ্ব থেকে কেউ বঞ্চিত করতে পারেনি। কারণ ছুপুর বেলাতেও সে-বনের ভিতরে সূর্যের প্রবেশ নিষেধ। যেখানে পদচিহ্ন দেখেছিলুম, আবার সেইখানে গিয়ে দাঁড়ালুম দ পূর্যের আলোক পায়নি বলে সেখানকার মাটি এখনো কাঁচা অবস্থাতেই আছে। প্রথম দিনেই সেখানকার মাটির উপরে কভগুলো পায়ের দাগ ছিল, সেটা আমি গণনা করেছিলুম। কিন্তু আজ্ব আমি দেখলুম সেখানে অনেকগুলো নতুন পায়ের ছাপ পড়েছে। তার মানে, কাল শনিবারের রাতে এখানে এসে আবার কোন লোক অপেক্ষা করেছিল। শুধু পায়ের দাগ নয়, সেই সঙ্গে পেলুম পায়ের দাগের পাশে আবার ফাঁপা লাঠি বা চোঙের মত কোন জিনিসের ছাপ।

তারপরেই আমার কি মনে হল জানো ? মনে হল কোন অদৃশ্রু
চক্ষু যেন নির্নিমেষে আমার পানে তাকিয়ে আছে! তংক্ষণাৎ
সচমকে রিভলবার বার করে এদিকে ওদিকে এগিয়ে গেলুম, কিন্তু
কারুকে দেখতেও পেলুম না, কারুর সাড়াও পেলুম না। সেখানকার
জঙ্গল এমন ঘন যে, প্রভাতেও মনে হল আমি যেন রাত্রির
অক্ষকারেই দাঁড়িয়ে আছি!

কেথিও কাউকে দেখতে না পেয়ে আবার চললুম মন্দিরের দিকে। কিন্তু যেতে যেতে সন্দেহ জাগল, আমার সঙ্গে সঙ্গে যেন আরো কেউ পাশের অন্ধকার জঙ্গলের ভিতর দিয়ে এগিয়ে চলেছে! হাতের রিভলবার প্রস্তুত রেখেই আমি অগ্রসর ংলুম—কোনদিকে বনের পাতাও যদি একটু কাঁপে তথনি সেইখানে গুলি ছুঁড়ব বলে। কিন্তু পথের উপরে রিভলবার ব্যবহার করবার কোনই দরকার হল না।

ভাবলুম, অদৃশ্য শত্রুকে দেখছি আমি মনের ভূলে। তাই আর কোনদিকে দৃকপাত না করে চাতাল পেরিয়ে আবার সেই মন্দিরের ভিতরে গিয়ে ঢুকলুম।

সেই ভয়ঙ্করী দেবীমূর্তি ঠিক একই ভাবে দাঁড়িয়ে আছে। তার নামে এ অঞ্চলে এত, সব অসম্ভব বিজ্ঞাপন, অথচ আমি দেখলুম কোন ছরাত্মার কল্পনার আদর্শে জড় প্রস্তারে গড়া কুংসিত এক দান্রী মৃতি ! আমি হিন্দু। আমি কিছুতেই মনে করতে পারি না যে, যাঁকে আমরা মা বলে ভালোবাসি ভক্তি করি, তাঁর মৃতি হতে পারে এত হিংস্র, এত নিষ্ঠুর।

দাঁড়িয়ে ভাবছি, হঠাৎ মন্দিরের তলায় ঝুলস্ত ব্রুহ্ণগুলো বিষম চঞ্চল হয়ে উঠল! তাদের ডানার ঝট্পটানি শব্দে মন্দিরের ভিতরটা পরিপূর্ণ হয়ে গেল—মনে হলো যেন তারা কোন আসন্ধ বিপদের আশক্ষায় ব্যস্ত হয়ে উঠেছে!

উপর দিকে ম্থ তুলে অবাক হয়ে তাকিয়ে আছি, আচম্বিতে মনে হল মন্দিরের ছাদটার একটা জায়গা কেমন তুলে তুলে উঠল ! পর মূহুর্তে দেখলুম ছাদের একটা অংশ সশব্দে ভেঙে পড়ছে! তাড়াতাড়ি একদিকে সরে গেলুম—কিন্তু পারলুম না নিজেকে সম্পূর্ণরূপে রক্ষা করতে। মাথার উপরকার ছাদ নীচে নেমে আমার মুখের খানিকটা মাংস আঁচড়ে বার করে নিয়ে গিয়ে সশব্দে মাটির উপরে এসে পড়ল। কিন্তু সেই অবস্থাতেই আমি দেখে নিয়েছি যে, তোমাদের ঐ ডাকাতে-কালীর মূর্তি বোধ হয় ছাদের চাঁপৈ চূর্ণ-বিচূর্ণ হয়ে গিয়েছে!

মনে হল সমস্ত মন্দিরটা এখনি ধ্বসে পড়বে। বিহাৎবেগে বাইরের সেই চাতালে এসে দাঁড়ালুম। তারপর লক্ষ্য করলুম, মন্দিরের ছাদের খানিকটা অংশই ভেঙে পড়েছে। যথন ভাবছি এর কারণ কি, তখন হঠাৎ শুনলুম মন্দিরের পিছনকার অরণ্যে একটা সন্দেহজনক শব্দ! যেন কে তাড়াতাড়ি ছুটে গভীরতর অরণ্যের দিকে চলে যাচেছ! আমি তখন মরিয়া হয়ে উঠেছি! নিজের রক্তের আস্বাদ পেয়েছি, বৃঝতে পারছি আমার মাথার উপর থেকে ঝরঝর করে রক্ত ঝরছে! তখনো আমার ক্ষতস্থান পরীক্ষা করিনি—ভাবলুম, হয়তো আমি আর বাঁচব না—কিন্তু দেখে নেব কে এখান থেকে ছুটে ওদিকে চলৈ যাচেছ়। ভড়িৎবেগে

এ কথাটাও মনে হল, ওখান দিয়ে যে ছুটে চলে যাচ্ছে, আমার মাথার উপরে ছাদ ভেঙে পড়বার কারণ হচ্ছে সেইই!

ঝোপ-ঝাপের চাঞ্চল্য লক্ষ্য করে আমিও তীরের মতন সেইদিকে ছুটে চললুম! এবং যেতে যেতেই আমার এই 'অটোমেটিক' রিভলবার থেকে গুলির্টি করতে লাগলুম ঘন-ঘন।

কিন্তু বিশ্বল হলাম আমি! যাকে ধরবার বা মারবার চেষ্টা করছিলুম তাকে পারলুম না ধরতে বা মারতে। তারপর আর কোন কথাই বলবার নেই। হতাশ ভাবে আবার এখানে ফিরে আসতে বাধ্য হয়েছি।

সপ্তম পরিচ্ছেদ মঙ্গলবারের রাত্রি

আৰু মঙ্গলবারের প্রভাত।

স্থানরবার উচ্চৈ:স্বরে পাঠ করছেন একখানি সংবাদপত্র এবং জয়ত্ত ও মানিক আপন আপন আসনে বসে শ্রবণ করছে। এমন সময় এসে হাজির হলেন মহেন্দ্রবার। এসেই বললেন, 'সব খবর শুনেছেন বোধ হয় ?'

সুন্দরবার জিজ্ঞাসা করলেন, 'কি খবর ?'

— 'সেই অপয়া কালী-মন্দিরের ছাদ ভেঙে পড়েছে? তবে আশ্চর্য ব্যাপার কি জানেন? শিবের মৃতি ভেঙে গেছে, কিন্তু সেই ডাকাতে-কালীমৃতির বিশেষ কোনই ক্ষতি হয়নি!'

জয়ন্ত বললে, 'তাই নাকি ?'

এতক্ষণ পরে মহেন্দ্রবার ভালো করে জয়স্তের দিকে তাকিয়ে দেখলেন। চমকে বলে উঠলেন একি জয়স্তবার, একি ! আপনার সাথায় ব্যাণ্ডেজ বাঁধা কেন ?

জয়স্ত একট্ 'হেসে বললে, 'একটা হুৰ্ঘটনায় মাথায় কিছু চোট লেগেছে।'

- 'বলেন কি !'
- —'ব্যস্ত হবেন না, বিশেষ কিছুই নয়। সামাগ্য আঘাত।'
- 'কালী-মন্দির ভেঙে পড়ার কথা আজ সকালেই আমি শুনেছি। ওদিকে তো কোন লোক পা বাড়াতে সহজে ভরসাকরে না! আজ সকালে একটা রাখাল ছেলে এসে খবর দিলে যে, কালী-মন্দিরের উপর দিকটা নাকি একেবারেই অদৃশ্য হয়েছে! তাই শুনে লোকজন নিয়ে তাড়াতাড়ি সেখানে ছুটে গেলুম। গিয়ে দেখলুম রাখাল মিথা বলে নি। মন্দিরের ছাদের খানিকটা গাছপালা

স্কু ভেঙে পড়েছে। দেবীর মৃতিও রাবিসের দ্বারা আরত। কিন্তু কি আশ্চর্য ব্যাপার মশাই, অত রাবিসের চাপেও দেবীমৃতির বিশেষ কিছুই ক্ষতি হয়নি! ভেঙে গুঁড়ো হয়েছে কেবল শিবের মৃতির খানিকটা।

জয়ন্ত ও মানিক পরস্পরের মুখের দিকে তাকালে, কিন্তু কোনই কথা বললে না।

স্থ নরবার বললেন, 'আপনাদের দেবী বোধহয় এত সহজে মরতে রাজী নন্। তিনি হয়তো আরো নরবলি চান!'

মহেন্দ্রবার্ শিউরে উঠে সভয়ে বললেন, 'আপনার অনুমানই সত্য বলে মনে হচ্ছে! কিন্তু ও-সব কথা এখন থাক্। আমি আজ এখানে কেন এসেছি জানেন ?'

- —'না বললে জানব কেমন করে।'
- 'আজ রাত্ত্বে আমার ওখানে আপনাদের আহার করতে হবে, নিমন্ত্রণ করলেও আপনারা নারাজ হন্, কিন্তু আজ আর কোন আপত্তিই শুনব না।'

জয়ন্ত বললে, 'মাপ করবেন মহেল্রবার । ব্যাণ্ডেজ বাঁধা মাথা নিয়ে নিমন্ত্রণে যাত্রা করবার শখ আমার নেই।'

সুন্দরবার বললেন, 'আমি একটা জিনিস লক্ষ্য করছি মহেন্দ্রবারু। ঠিক বেছে বেছে শনি আর মঙ্গলবারেই আপনি আমাদের নিমন্ত্রণ করছেন।'

মহেন্দ্রবার নীরবে একটুখানি রহস্তময় হাসি হাসলেন।

মানিক বললে, 'আমার মনে একটা সন্দেহ জাগছে, প্রকাশ করে বলব কি গ'

ञ्चन्पत्रवाव् वलालन, 'मान्पर ! कि मान्पर !'

— 'আমার কি মনে হচ্ছে জানেন মহেন্দ্রবার ? শনি আর মঙ্গলবারে আপনি ব্যোধহয় নিমন্ত্রণ করতে আসেন সাংঘাতিক বিপদ থেকে আমানের রক্ষা করীবার জন্মেই।'

—'অর্থাং ?'

—'অর্থাৎ আপনি বোধ হয় চান না শনি আর মঙ্গলবারে কৌতৃহলী হয়ে রাত্রিবেলায় আমরা ঐ মন্দিরের কাছে যাই। কারণঃ আপনি দেখেছেন, ঐরকম কৌতৃহলের ফলে ওখানে গিয়ে এর আগেই তিনজন লোকের জীবন গিয়েছে!'

মহেন্দ্রবার্ লজ্জিতভাবে মৃত্ হেসে বললেন, 'মানিকবার্, আপনি
ঠিক অনুমান করেছেন। আগে আমি ঠিক বিশ্বাস করতুম না যে
এখানকার প্রবাদের মৃলে আছে কোন সত্য কিন্তু এখন আমার সেবিশ্বাস আর নেই! আবার যে বেপরোয়ার মত কেউ ঐ মন্দিরে
গিয়ে আত্মহত্যা করে, এটা আমি চাই না। আমি শান্তিপ্রিয় লোক,
তাই, এই পল্লীগ্রামে এসে শেষ-জীবনটা নির্বিবাদে উপভোগ করতে
চাই।'

স্থুন্দরবার বললেন, 'হুম্! আপনার স্থুবৃদ্ধি দেখে আমি অত্যন্ত শুনী হয়েছি! শনি আর মঙ্গলবারে ও-মন্দিরের নামও আমি আর মনে আনব না। আজ রাত্রিবেলায় আমি নিশ্চয়ই আপনার নিমন্ত্রণ রক্ষা করব! মানিকের কি মত ।'

মানিক বললে, 'আমারও কোনই আপত্তি নেই।'

মহেন্দ্রবার তঃখিত স্বরে বললেন, 'কিন্তু জয়ন্তবার বলছেন, উনি নাকি আমার বাড়িতে যাবেন না।'

জয়ন্ত বললে, 'অদ্র ভবিয়তে নিশ্চয়ই আমি একদিন আপনার নিমন্ত্রণ রক্ষা করব। কিন্তু আজ আমার অবস্থা দেখছেন তো ? এ অবস্থায় নিমন্ত্রণ রাখতে আমি অভ্যস্ত নই।'

- —'কিন্তু সন্ধ্যার পরে এখানে একলা বসে থাকতে আপনার ভালো লাগবে ?'
- 'আপনি মদি আমার একটি অমুরোধ রক্ষা করেন, তাহলে আজকের সন্ধ্যাটা আমি একলা বদে অনায়াদেই কাটিয়ে দিতে পারব।'

- 'বলুন, কি অমুরোধ ?'
- —'আপনার সেই বিলাতী বর্মটি যদি দয়া করে আজ আমার এখানে পাঠিয়ে দেন, তাহলে একলা থাকতে আমার কোনই কণ্ট হবে না।'

মহেন্দ্রবার্ অত্যন্ত বিশ্মিত ভাবে বললেন, 'সে বর্মটা নিয়ে: আপনি কি করবেন ?'

—'সেই বর্ম আর শিরস্তাণের কলকজাগুলি আমি ভালো করে পরীক্ষা করে দেখতে চাই। ভারতবর্ষের অনেক রকম প্রাচীন বর্ম পরীক্ষা করে দেখেছি, কিন্তু বিলাতী বর্ম পরীক্ষা করবার স্থযোগ আজ পর্যস্ত আমি পাইনি। নতুন কিছু পেলেই তাকে নেড়ে-চেড়ে দেখবার জন্মে আমার মনে জেগে ওঠে আগ্রহ। আপনি কি আমার এ অনুরোধটি রক্ষা করতে পারবেন ?'

মহেন্দ্রবারু বললেন, 'কেন পারব না, নিশ্চয়ই পারব! আজ বৈকালেই বমটি আপনার কাছে পাঠিয়ে দেব।'

- —'ধতাবাদ, অগ্রণ্য ধতাবাদ!'
- 'আমি ধন্যবাদের ভিথারী নই জয়ন্তবারু, আপনারা তুষ্ট হলেই আমি হবে। আনন্দিত। তাহলে স্থন্দরবারু, মানিকবারু, অন্তত আপনারা ত্জনে আজ সন্ধ্যার পর আমার দীনধামে পদার্পণ করতে রাজী আছেন তো?'

স্থন্দরবার বললেন, 'নিশ্চয়ই, নিশ্চয়ই! তবে গেল মাসেই 'ডিস্পেপসিয়া' রোগ থেকে কোন রকমে আমি আত্মরক্ষা করেছি, ভোজ্য দ্রব্যের তালিকাটা বেশী দীর্ঘ না হলেই বাধিত হবো।'

মহেল্রবারু হো হো করে হেসে উঠে বললেন, 'এই পল্লীগ্রামে দীর্ঘ তালিকার কথা ভিবে আপনার চিস্তিত হবার কোনই কারণ নেই! ছোটখাটো ভাজাভূজির কথা ছেড়ে দিন, তার ওপরে আমি আয়োজন করেছি যংসামান্ত! এই ছ্-একখানা 'ওমলেট', ছ্-একখানা মাছের 'ফ্রাই', ছ্-একখানা 'ফাউল কাটলেট', আর 'ফাউল রোস্ট'! ছ্-চারখানা লুচ্ আর মুংকিঞ্চিং পোলাওয়েরও আয়োজন করেছি,

আশা করি তাতে আপনার আপত্তি হবে না ?'

স্থ-দরবার গদগদ কণ্ঠে বললেন, 'ফাউলে আমার কোন আপত্তিই নেই। ডাক্তার আমাকে রোজই ফাউল খেতে বলেছেন। ফাউল নাকি পেটে পড়লেই হজম হয়ে যায়।'

মানিক স্থন্দরবাবুর দিকে চেয়ে মুখ টিপে টিপে হাসতে লাগল।
স্থন্দরবাবুর ভয় হল, পাছে সে আবার কোন প্রেফাঁস কথা বলে
কেলে! কিন্তু মানিক এ যাত্রা তাঁকে মুক্তি দিলে, বাক্যবাণের দারা
আঘাত করবার কোনই চেষ্টা করলে না।

মহেন্দ্রবাবুর নিমন্ত্রণ রক্ষা করে স্থন্দরবাবুর সঙ্গে মানিক যখন বাসায় ফিরে এল, রাভ তখন বারোটা বেজে গেছে।


কিন্তু দোতলায় উঠে জয়ন্তের পাতা পাওয়া গেল না। তার শয্যা শৃহ্য।

সুন্দরবার ছই ভুরু কুঞ্চিত করে বললেন, 'হুম্! এর মানে কি ?'
মানিক জানত জয়স্তের অভ্যাদ। সে কখন কি করে কাকপক্ষীও
টের পায় না। বিনা কারণে জয়স্ত অদৃশ্য হয়নি নিশ্রুয়ই! অতএব
সে নিশ্বিস্ত ভাবেই বললে, 'জয়স্ত বোধহয় একটু বেডাতে গিয়েছে।
আসুন আমরা শুয়ে পড়ি।'

সুন্দরবার্র চক্ষু তথন ঘুমে জড়িয়ে এসেছিল। চারথানা 'ওমলেট,' আটখানা মাছের 'ফাই', গোটা দশ-বারো চপ-কাটলেট, ছটো 'ফাউল রোষ্ট', যোলখানা লুচি এবং এক থালা পোলাও খাবার পর কোন মামুষই বেশীক্ষণ জেগে থাকতে পারে না। অতএব তিনি আর কোন বাক্যব্যয় না করে জামাকাপড় বদলে শ্য্যায় গিয়ে আশ্রয় গ্রহণ করলেন।

গভীর রাত্রে হঠাৎ স্থন্দরবাব্র ঘুম গেল ভেঙে। ধড়মড় করে বিছানার উপরে উঠে বসে তিনি শুনলেন, গাঁর ঘরের দরজার বাহির থেকে কে ঘন-ঘন কঠিন আঘাত করছে। যেন ঠোকাঠুকি হচ্ছে কাঠে লোহায়!

অত্যন্ত বিরক্ত হয়ে নিদ্রা-জড়িত চক্ষে আলো জেলে দরঙ্গা খুলে পিয়েই তিনি বিকট স্বরে আর্তনাদ করে উঠলেন।



বিষম ভারী ভারী লোহময় পা ফেলে ভিতরে এসে ঢুকল, ভয়াবহ এক মৃতি।

বিশ্বয়ে এবং ভয়ে রুদ্ধবাক্ হয়ে স্থানরবার পায়ে পায়ে যত পিছিয়ে আসেন, মুর্তি তজ্ই এগিয়ে আসে তাঁর দিকে!

শনি-মন্দলের রহস্ত

অবশেষে স্থন্দরবার মহা চিৎকার করে ডাকতে বাধ্য হলেন, 'মানিক! মানিক!

কিন্তু ইতিমধ্যেই মানিকেরও ঘুম গিয়েছিল ভেঙে। সেও পাশের ঘর থেকে বেরিয়ে ছুটে এসে বললে, 'কি হয়েছে স্থুন্দরবারু পূ ব্যাপার কি গু'

আতঙ্কগ্রস্ত কঠে সুন্দরবার হাত তুলে অঙ্গুলি নির্দেশ করে বললেন, 'চেয়ে দেখ মানিক, চেয়ে দেখ! মহেন্দ্রবার্র সেই বর্মটা জ্যান্ত হয়ে উঠেছে! এ আমরা কোন্ দেশে এলুম রে বাবা, এখানে সবই অলৌকিক।'

জীবস্ত বর্ম তার শিরস্ত্রাণটা খুলে ফেললে এবং তারপরই আত্ম-প্রকাশ করল জয়ন্তের স্থপরিচিত মুখ!

স্থলরবার হতভম্বের মত বললেন, 'তুমি ? জয়ন্ত!'

— 'হাঁা সুন্দরবার, মৃত বর্মের ভিতরে আমি হচ্ছি জ্যান্ত জয়ন্ত!
এখনো আর কোন সন্দেহ আছে নাকি ?' এই বলে জয়ন্ত একে
একে বর্মের অন্যান্ত অংশগুলো নিজের দেহের উপর থেকে খুলে
ফেলতে লাগল্।

মানিক এতক্ষণ ফ্যাল্ফ্যাল্ করে তাকিয়ে ছিল জয়ন্তের দিকে। এখন ত্ব'পা এগিয়ে এসে বললে, 'জয়, এ আবার কি ব্যাপার ! তোমার একি অভুত শখ ! এই নিশুত্ রাতে ঐ সেকেলে ভারী বর্মটা পরে কোথায় তুমি বেড়াতে গিয়েছিলে !'

জয়ন্ত একখানা চেয়ারের উপর বসে পড়ে বললে, 'ডাকাতে কালীর ভাঙা মন্দিরে!'

- —'আবার তুমি সেখানে গিয়েছিল !'
- —'হাঁ। মানিক।'
- —'কিন্তু কেন ?'
- 'আজ যে মঙ্গলবারের রাত্রি! আজ নাকি ডাকাতে-কালী জাগ্রত হন, এ কথা কি তুমি ভূলে গিয়েছ ?'

. মানিক ক্রুদ্ধ কঠে বললে, 'ঐ বিপজ্জনক জ্বায়গায় বারবার কেন তুমি একলা যাতায়াত কর্ছ ? এ রকম তুঃসাহস অত্যন্ত অত্যায়।

জয়ন্ত বললে, 'মানিক, তুমি নিশ্চিন্ত হও! আমার ছঃসাহসের মধ্যে সুযুক্তির অভাব নেই। এই সেকেলে বর্মটা একালেও ছুর্ভেন্ত। তার উপরে আঠুমি আধুনিক আগ্নেয়ান্ত্রের সাহায্য নিতেও ভূলিনি। অনেক ভেবে-চিন্তেই আজ আবার আমি মন্দিরের দিকে গিয়েছিলুম।'

স্থারবার ছই চক্ষু বিক্ষারিত করে বললেন, 'বল কি হে, ঐ ভারী বর্মটা পরে হাঁটতে ভোমার জিভ বেরিয়ে পড়েনি ?'

- 'না, জিভ আমার মুথের ভিতরেই ছিল। যে বর্ম পরে মান্তুষ একদিন যুদ্ধযাত্রা করতে পেরেছে, সেটা পরে আজ আমিই বা মন্দিরে যাত্রা করতে পারব না কেন ? আমিও কি মানুষ নই ?'
 - —'সেখানে গিয়ে আজও নতুন কিছু দেখতে পেয়েছ নাকি ?'
 - —'তা পেয়েছি বৈকি!'

মানিক আগ্রহ ভরে বললে, 'আজ আবার কি দেখেছ জয়ন্ত ?' জয়ন্ত,বলতে লাগল:

'গোড়া থেকেই দব শোনো। বর্মটাকে আমি কোন বাজে খেয়ালের বশবর্তী হয়ে মঠেল্রবাবুর কাছ থেকে চেয়ে নিই নি। আমার উদ্দেশ্য প্রথম থেকেই স্থির হয়ে ছিল।

তোমরা চলে যাবার পর আমি বেশ খানিকক্ষণ এইখানে বসেই অপেক্ষা করলুম। তারপর বর্মটাকে পরে যখন বাড়ির বাইরে গিয়ে দাঁড়ালুম, আকাশ-পট থেকে তখন অদৃশ্য হয়েছে তৃতীয়ার ক্ষীণ্চন্দ্রকলা। কিন্তু চাঁদ অস্ত গেলেও শনিবারের রাত্রির মতন আজকের পৃথিবীও তেমন অন্ধকারের নিবিড়তায় আচ্ছন্ন হয়ে ছিল না।

কিন্তু মন্দিরের কাছটা আজকেও তেমনি পৃথিবী-ছাড়া একটা: অভিশপ্ত স্থানের মতন দেখাচ্ছিল। আমি ধীরে ধীরে মন্দিরের প্রধান পথটার উপরে গৈয়ে দাঁড়ালুম। আগে থেকেই স্থির করে রেখেছিলুম, আজু এই বিপজ্জনক পথ দিয়েই মন্দিরের ভিতরে প্রবেশ করবার চেষ্টা করব। যে কোন মুহূর্তে যে কোন বিপদের জন্মে প্রস্তুত হয়ে রিভলবারটাকে আমি বাগিয়ে ধরলুম। বলা বাহুল্য, আমার আপাদমস্তক বর্ম ঢাকা থাকলেও আমার দৃষ্টিপথ ছিল সম্পূর্ণ মুক্ত। সমস্তই আমি স্পষ্ট দেখতে পাচ্ছিলুম—অবশ্য ঐ অন্ধকারে যতথানি স্পষ্ট দেখা সম্ভবপর।

তারপর সেই সাংঘাতিক জায়গাটার কাছে এরে পড়লুর্ম, যেখানে বারবার মান্থবের প্রাণবায়ু দেহত্যাগ করে পালিয়ে গিয়েছে চিরনিজার দেশে।

চারিদিক স্তব্ধ, এমন কি বাতাসও যেন হঠাৎ ঘুমিয়ে পড়ে গাছ-পালাগুলোকেও একেবার নিঃসাড় করে দিলো।

ঠক্ করে একটা শব্দ হল আমার বর্মের উপরে, বাম দিকে! যদিও আমি কিছুই অনুভব করতে পারলুম না, তরু সেই শব্দ শুনেই আমার বুঝতে দেরি লাগল না যে, একটা কোন জিনিস এসে আঘাত করেছে আমার বর্মকে!

পর মুহুর্তেই 'অটোমেটিক্' রিভলবার থেকে গুলির পর গুলি ছুঁড়তে ছুঁড়তে তাড়াতাড়ি গিয়ে চুকলুম অরণ্যের সেই নির্দিষ্ট ঝোপের ভিতরে, যেখানে দেখেছিলুম ফাপা লাঠির দাগ এবং পদচিহ্ন। 'টর্চে'র আলো জ্বেলেও আজও কারুকে দেখতে পেলুম না, বনের ভিতরে শুনলুম খালি অতি ক্রত পদধ্বনি।

পায়ের শব্দের দিকে আরো গোটাকয়েক গুলি নিক্ষেপ করে আবার ফিরে পথের উপরে এসে দাঁড়ালুম। তারপর পথের দিকে আলোকপাত করে খুঁজে পেলুম একটি অতি ভুচ্ছ জিনিস। সেই জিনিসটি কুড়িয়ে নিয়ে আবার আমি বাসায় ফিরে এসেছি।'

স্থুন্দরবার জিজ্ঞাসা করলেন, 'সে জিনিসটি কি জায়ন্ত ?'

সেটিকে ছই আঙ্বলে ধরে জয়ন্ত নিজের হাজ্থানা স্বন্ধরবাবুর দিকে বাড়িয়ে দিলে।

—'ওটা তো দেখছি খুব সরু লিক্লিকে একগাছা কাঠি!'

-'হাা, কাঠিই বটে !'

স্থাপরবাব ফস করে হাত বাড়িয়ে কাঠিটা ধরতে গেলেন।

জয়স্ত চট্ করে নিজের হাতখানা টেনে এনে বললে, 'সাবধান স্থন্দরবার, এ কাঠিটি হচ্ছে কেউটে সাপের মতন বিষাক্ত!'

স্ন্ধরবার ভূঁড়ি ছলিয়ে পিছন দিকে একটি লক্ষ্তাগ করে বললেন, 'হুম্। বল কি হে ?'

- —'হাঁা, সুন্দরবাবু, এটি সাধারণ কাঠি নয়। শনি আর মঙ্গল-বারের রাত্রে এখানে তিনজন লোকের মৃত্যু হয়েছে, এই রকম মারাত্মক কাঠিন আঘাতেই।'
- শুস্পরবার বললেন, 'কাঠি দিয়ে নরহত্যা ? বাবা, এমন বেয়াড়া। কথাও তো কখনো শুনিনি!'
- —-'এটাকে কাঠিই বা বলছি কেন ? এটা হচ্ছে কাঠের তৈরী বিষাক্ত শলাকা ছাড়া আর কিছুই নয়। এর উপরে থানিকটা টিনের পাতও আছে। আমি মেপে দেখেছি, লম্বায় এটি নয় ইঞ্চি আর এর বেড় হচ্ছে এক ইঞ্চির দশভাগের এক ভাগ মাত্র। প্রচ্ছের হত্যাকারী এই শলাকা নিক্ষেপ করে আজ আমাকেও ছনিয়া থেকে সরাবার চেষ্টা করেছিল, কিন্তু আমার বর্ম ব্যর্থ করে দিয়েছে তার সে চেষ্টাকে।

আজ আমার উপরে যে আক্রমণ হবে এটা আমি জানতুম, তাই ঘটনাস্থলে গিয়েছিলুম এই লোহবর্ম পরিধান করে।

সুন্দরবার বললেন, 'যাক্, রহস্তের একদিকটা পরিষ্কার হল। তাহলে বোঝা যার্চ্ছে, এখানে শনি-মঙ্গলবারে যে কাণ্ডগুলো হয়েছে তার মধ্যে আঁলৌকিক কিছুই নেই। তরু অনেকগুলো জিজ্ঞাসার কোনই জবাব পাওয়া যাচ্ছে না। ধর, প্রথম জিজ্ঞাসা হচ্ছে, কেবল শনি আর মঙ্গলবারেই অপরাধী এখানে নরহত্যা করে কেন ?'

জয়ন্ত বললে, 'অপরাধী যে অন্ত অন্ত বারেও মানুষ মারতে চায়, সে প্রমাণ তো আমুরা পেয়ৈছি! ভুলে যাচ্ছেন কেন, আমার মাথার উপরে পড়ো-পড়ো মন্দিরের ছাদটাকে ফেলে অপরাধী যেদিন আমাকে বধ করতে চেয়েছিল সে দিনটা ছিল রবিবার ?'

- —'তাতো বটে, মনে পড়েছে! কিন্তু আমার দ্বিতীয় প্রশ্নের উত্তর কোথায় ? এই সব হত্যার উদ্দেশ্য কি ?'
- 'অপরাধীকে গ্রেপ্তার করলেই উদ্দেশ্য আবিষ্কার করতে বিলম্ব হবে না।'
- 'তাহলে তৃতীয় প্রশ্ন করছি। অপরাধী কে ? সে তো এখনো অগাধ জলের মকরের মতন অতলে ডুবে আছে !'

জয়ন্ত উঠে দাঁড়িয়ে বললে, 'অপরাধী যে কে সে বিষয়েও আমি খানিকটা আন্দাজ করতে পেরেছি। আমার অনুমান সত্য কিনা, কাল সকালেই তা জানতে পারা যাবে। আপাতত চলুন, নিদ্রা-দেবীর আরাধনার সময় উত্তীর্ণ হয়ে যাচ্ছে।'

অণ্টম পরিচ্ছেদ

স্থম্পিটান

শরের দিন খুব ভোরবেলায় ঘুম থেকে জেগে উঠেই স্বন্দরবার্ দেখলেন, সাজ-পোশাক পরে ঘরের ভিতরে দাঁড়িয়ে রয়েছে জয়ন্ত এবং মানিক।

জয়ন্ত বললে, 'আরে মশাই, আপনাকে ডেকে ডেকে আমাদের গালা যে ভেঙে গোল, কিন্তু আপনার নাক-ডাকা যে বন্ধ হতে চায় না কিছুতেই!'

মানিক বললে, 'তুমি ভুল বলছ জয়ন্ত! আমাদের গলা স্থন্দর-বাবুকে ডাকছিল, কিংবা স্থন্দরবাবুর নাক ডাকছিল আমাদের, সেইটেই সাগে স্থির হোক! ৩ঃ, ধতি স্থন্দরবাবু! হিপোপটেমাসের নাকও বোধহয় এমুন উচ্চৈঃস্বরে ডাকতে পারে না।'

সুন্দরবার ঘাড় নাড়তে নাড়তে বললেন, 'মানিক স্কাল বেলাতেই তুমি একটা অপয়া জানোয়ারের সঙ্গে আমার তুলনা করছ!'

— 'কথ্খনো নয়। হিপোপটেমাস যে একটা অপয়া জীব, আগে সেইটেই আপনি,প্রমাণ করুন।'

সুন্দরবার শ্য্যাত্যাগ করে বললেন, 'প্রমাণ আমি কিছুই করতে
চাই না। আমার ইচ্ছা, দয়া করে তুমি স্তব্ধ হও!'

জয়ন্ত বললে, 'এখন এ-সব বাজে কথা আমার ভালো লাগছে না। স্থান্দরবার, আপনি চটপট হাত-মুখ ধুয়ে বাইরে যাবার জন্মে প্রস্তুত হোন।'

- —'কেন, কিসের এত তাড়াতাড়ি ?'
- 'এখান থেকে কলকাতার প্রথম ট্রেন ছাড়ে বেলা আটটার সময়।'
 - —'তাতে ভোমারই বা কি আর আমারই বা কি ?'

- 'আমরা সরকারের চাকর নই আমাদের হয়তো কিছুই আসে-যায় না, কিন্তু তাড়াতাড়ি না করলে পরে হয়তো আপনাকেই অমুতাপ করতে হবে।'
 - —'মানে গ'
- 'কলকাতার প্রথম ট্রেন যখন ছাড়বে, তখন স্টেশনে হাজির থাকা দরকার।'
- —'তোমার এ-কথাটাও যেন কেমন হেঁয়ালির মতন শুনতে হল না?'
 জয়য় কিঞ্জিং বিরক্তির সঙ্গে বললে, 'সুন্দরবারু, প্রত্যেক কথায়
 আমি আর এত জবাবদিহি করতে পারব না। কালকেই আপনাকে
 বলেছি, আমি যা অনুমান করেছি তা সত্য কিনা আজ পরীক্ষা করে
 দেখব। আমি আর মানিক এখন আগেই স্টেশনের দিকে চললুম—
 কারণ যথেষ্ট দেরি হয়ে গেছে। ইচ্ছা করেন তো, আপনি পরে
 স্টেশনে গিয়ে আমাদের সঙ্গে যোগ দিতে পারেন। যদি যান তো,
 দয়া করে সঙ্গে তুজন চৌকিদার নিয়ে যেতে ভুলবেন না।'

হতভম্ব স্থন্দরবার বোকার মতন ফ্যাল্ফ্যাল্ করে তাকিয়ে দাঁড়িয়ে রইলেন, জয়স্ত ও মানিক ক্রতপদে ঘর থেকে বেরিয়ে গেল।

শুন্দরবার আপন মনেই বললেন, 'হুজন চৌকিদার নিয়ে যেতে বললে কেন ? জয়৾য় কি তাহলে রহস্যভেদ করতে পেরেছে ? স্টেশনে গিয়ে কারুকে কি গ্রেপ্তার করতে হবে ? নাঃ, কিছুই বোঝা যাচ্ছে না, জয়য়-ছোকরা পেটের কথা মোটেই ভাঙতে চায় না—ঐ হচ্ছে তার মস্ত একটা দোষ ! দেখছি আমারও না গিয়ে উপায় নেই—কিয় এসব ধুমধাড়াকা আমারও আর পোষায় না! ভোরের বেলায় উঠে কোথায় ছ-তিন পেয়ালা চা আর জলখাবার খাব, না, ছোটো এখন ঘোড়ার মতন স্টেশনের দিকে ! আবার ডবল্ চৌকিদার ! কেন রে বাবা, হঠাৎ চৌকিদারের দরকার হল কেন ? হুম !'

জয়স্ত ও মানিক স্টেশনের ভিতরে গিয়ে ঢুকতে না চুকতেই ট্রেন এসে হাজির হল সশব্দে। মানিক কোতৃহলী কঠে ৰললে, 'জয়ন্ত, এখনো তৃমি আমাকেও কিছু বল নি। ব্যাপারখানা কি ? কেন আমরা এত তাড়াতাড়ি স্টেশনে এলুম ?'

জয়ন্ত বললে, 'মানিক, তুমিও স্থন্দরবার্র ভূমিকায় অভিনয় করবার চেষ্টা করো না! ট্রেনের ঐ দিকে ছুটে যাও, আমি যাচ্ছি এইদিকে।'

- 'তারপর গ'
- 'আমরা এখানে দেখতে এসেছি, মহেন্দ্রবার্র ড্রাইভার কলকাতার দিকে যাবার চেষ্টা করে কিনা! অর্থাৎ সে এখান থেকে পালাতে চায় কিনা!'

ছইজনে দ্রুতপদে ছইদিকে ধাবমান হবার উপক্রম করলে, কিন্তু তার পারমুহূর্তে ছজনেই দেখতে পেলে, যার অম্বেশনে তারা এখানে এসেছে, মহেল্ফবাবুর সেই ড্রাইভারই টিকিট-ঘর থেকে বেরিয়ে তাদের সামনে এসে আবিভূতি হল!

জয়ন্ত সানন্দে চুপিচুপি বললে, 'মানিক, আমার অনুমানই সত্য! আমি কালঁকেই আন্দাজ করতে পেরেছিলুম, ঐ লোকটা আজ এখান থেকে সরে পড়বার চেষ্টা করবে। ঐ দেখ, ও-লোকটাও আমাদের দেখতে পেয়েছে। লক্ষ্য করছ কি, ওর মুখের ভাবটা কি রকম মান হয়ে গেল! চল, এখন আমরা ওর দিকেই অগ্রসর হই। ও-লোকটা বোর্ণিওর বাসিন্দা বটে, কিন্তু এখানে এসে বাংলা শিখেছে, স্কুতরাং ওর সঙ্গে কথা কইতে কোন অসুবিধাই হবে না। সুন্দরবারু না আসা পর্যন্ত বাজে কথায়ে ওকে আটক করে রাখতে হবে।'

জয়ন্ত ও মানিক সেই লোকটার কাছে তাড়াতাড়ি এগিয়ে গেল। জয়ন্ত বললে, 'তুমি মহেন্দ্রবাবুর ড্রাইভার না ?' সে বললে, 'হাঁ হজুর।'

- —'তোমার নাম তো আলি ?'
- —'হাঁ **হুজুর** !'

- 'তুমি ্তি সকালে স্টেশনে এসেছ যে ?'
- —'আমাকে কলকাতায় যেতে হবে'৷'
- —'কলকাতায় ? কেন ?'
- —'সেথানে আমার জরুরী কাজ আছে।'
- 'মহেন্দ্রবারুর কাজ নয়, তোমার কাজ ?'
- —'হাঁ হুজুর। আমারই কাজ।'
- 'তুমি চলে গেলে মহেন্দ্রবাবুর কোন অমুবিধে হবে না? তাঁর কি আরো ডাইভার আছে ?'
 - —'না হজুর।'
 - —'তবে গ'
 - 'আমি বাবুজীর কাছ থেকে ছুটি নিয়ে এসেছি।'
 ঠিক সেই সময় শোনা গেল ট্রেন ছাড়বার ঘন্টাধ্বনি।

আলি তাড়াতাড়ি ট্রেনের দিকে অগ্রসর হল। কিন্তু জয়ন্ত আরো তাড়াতাড়ি এগিয়ে তার পথ রোধ করে দাঁড়িয়ে বললে, 'শোনো আলি!'

আলি জয়স্তকে স্থমুখ থেকে ঠেলে সরিয়ে দেবার চেষ্টা করে বললে, 'হুজুর, এখন আর কিছু শোনবার সময় নেই শি গাড়ি এখনি ছেড়ে দেবে।'

- 'বেশ তো, তুমি পরের গাড়িতে যেও না। তোমার সঙ্গে আমার আরো কিছু কথা আছে।'
- 'আমার আর কোন কথা শোনবার সময় নেই হুজুর। পরের গাড়িতে গেলে আমার চলবে না।' আলির চোখে-মুখে ফুটে উঠল বিদ্যোহের ভাব।

জয়ন্ত এইটেই আশা করছিল। সে কঠিন কণ্ঠে বললে, 'আলি, তোমাকে পরের গাড়িতেই যেতে হবে! আগে তুমি আমার কথা শোনো।'

আলি ক্রোধরুদ্ধ কঠে বললে, 'বার্জী কি আমাকে জোর করে তংং হেমেন্দ্রকুমার বার রচনাবলী : ২ খবে রাখতে চান ?'

—'यि विल जारे हारे ?'

হঠাৎ আলির দেহ হয়ে উঠল সোজা এবং সঙ্গে সঙ্গেই সে ছই হস্ত মৃষ্টিবদ্ধ করে জয়ন্তের দিকে এগিয়ে গেল তীত্রবেগে!

জয়স্ত অসতর্ক ছিল না। কিন্তু সে কোন রকম ব্যস্ততাই দেখালে না, অজ্যন্ত শান্ত ও সহজ ভাবেই আলির মৃষ্টিবদ্ধ হাত ত্থানা নিজের মৃষ্টির মধ্যে গ্রহণ করে বললে, 'বাপু, এইবারে পারো তো তুমি আমার হাত এড়িয়ে যাও!

সঙ্গে সঙ্গে আলির হাতের মণিবন্ধের উপরে জয়ন্তের হাতের চাপ লোহার অতন কঠিন হয়ে উঠল। আমাদের এই জয়ন্তের সঙ্গে আগে যাঁদের পরিচয় আছে, তাঁরাই জানেন তার অমামূষিক শক্তির কথা। তার হাতের টানে লোহার গরাদও বেঁকে যায় সীসের দণ্ডের মত, প্রতরাং আলির অবস্থা যে কি রকম হল, এখানে তা বিশেষ করে উল্লেখ করবার দরকার নেই।

আলি বিকৃত মুখে আর্তম্বরে বললে, 'হুজুর, ছেড়ে দিন !'

- —'ছেড়ে দিলে তুমি পালাবার চেষ্টা করবে, আমি তোমাকে বছড়ে দেব না।'
 - —'কেন আ'পনি আমাকে ধরে রাখবার চেষ্টা করছেন হুজুর ?'
 - —'তোমাকে কতকগুলো কথা জিজ্ঞাসা করতে চাই।'

গাড়ি তখন স্টেশন ছেড়ে চলে যাচ্ছে ধীরে ধীরে।

আলি হতাশ ভাবে বললে, 'গাড়ি ছেড়ে দিলে। বলুন, আপনি কি জানতে চান ?'

- 'রতনপুরে এসে তুমি 'ব্লো-পাইপ' ব্যবহার করছ কেন !'
 আলি চৌথে-মুথে বিশ্বয়ের ভাব ফুটিয়ে তুলে বললে, 'কি
 বললেন হজুর !'
 - 'আমি 'ব্লো-পাইপের কথা বলছি।'
 - —'সে স্থাবার বি ভুজুর ?'

- —'ও, তুমি বৃঝি 'ব্লো-পাইপের নাম শোনোনি ? আচ্ছা, তুমি তো বোর্ণিওর লোক। 'স্থান্সিটানে'র নাম শুনেছ তো !'
 - —'স্থম্পিটানৃ' ?
- 'আলি, আমার সঙ্গে স্থাকামি করো না। বোর্ণিওতে আমরাও ' গিয়েছি। সেখানে 'স্থুম্পিটানের নাম জানে না এমন লোক কেউ আছে কি ?'
 - —'হুজুর কি বলছেন, আমি কিছুই বুঝতে পারছি না।'
- —'বেশ, আমিই তোমাকে বুঝিয়ে দিছি । 'সুম্পিটান' হচ্ছে স্থানি লাঠির মতন একটা জিনিস, যার ভিতরটা হচ্ছে স্থাপা । তার এক মুখে থাকে অনেক সময়ে বর্ণা-ফলক, তাকে তথন অনায়াসেই বর্ণার মতন ব্যবহার করা চলে । কিন্তু তার ভিতরে থাকে সাগুকাঠে তৈরী একটি নয়-দশ ইঞ্চি স্ক্ষা শলাকা, আর সেই শলাকায় মাখানো থাকে 'ইপো' গাছের তীত্র বিষ । তার যে-মুখে বর্ণার ফলক নেই, সেই মুখে মুখ দিয়ে সজোরে ফুঁ দিলে ভিতরকার শলাকাটি তীর-বেগে বহুদ্রে ছুটে গিয়ে লক্ষ্যভেদ করে । তারপর কোন জীবজন্তর দেহে গিয়ে সেই শলাকা যথন বিদ্ধ হয়, তথন তার্ক জীবনের কোন আশাই আর থাকে না । কেমন, এইবারে 'সুম্পিটান' কাকে বলে ব্যুবতে পেরেছ কি ?'

আলি কোন উত্তর না দিয়ে দাঁড়িয়ে রইল নতদৃষ্টিতে।

জয়ন্ত বললে, 'আলি, তুমি আমাকে ফাঁকি দেবার চেষ্টা করোনা। আমি বেশ জানি, তুমি এই বিষাক্ত শলাকা ছুঁড়ে তিনজন মানুষকে হত্যা করেছ। তারপর তুমি কালী-মলিরের পড়ো-পড়োছাদ কোন রকমে ফেলে দিয়ে আমাকেও যমালয়ে পাঠাবার চেষ্টা করেছিলে। কেবল তাই নয়, তারপর তুমি আমাকে লক্ষ্য করেও শলাকা ত্যাগ করেছিলে। কিন্তু আমি আন্দান্তে প্রস্তুত হয়েইছিলুম। সাগুকাঠের সেই শলাকা আমার বর্মের উপরে 'ইপো' গাছের বিষ ছড়িয়ে ব্যর্থ হয়ে গিয়েছে। 'আর তার আগেও গেল

অমাবস্থার রাতে মন্দিরের চাতালে দেখেছিলুম তোমার আর এক অপার্থিব মৃর্তি। মৃর্থ ! আমি কি অত সহজে ভোলবার ছেলে ? আমি বেশ ব্রতে পারছি, সে রাত্রে তুমি মুখে পরেছিলে একটা অতি কদর্য মুখোশ। কেমন, আমি কি ঠিক বলছি না ?'

আলি হঠাৎ মাটির উপরে হাঁটু গেড়ে বসে পড়ে কাতর স্বরে বললে, 'হুজুর, আপনি যখন সব জানেন, তখন আমাকে আর এত কথা জিজ্ঞাসা করছেন কেন ?'

জয়ন্ত বললে, 'সব কথা হয়তো এখনো আমি জানতে পারিমি। তাই তোমাকে গোটাকয়েক প্রশ্ন করতে চাই। কিন্তু মিধ্যা উত্তর দিও না, কারণ মিথ্যা উত্তরে আমি ভুলব না।'

আলি বললে, 'হুজুর, আর আমার মিথ্যা বলবার ইচ্ছা নেই। আপুনি যা জিজ্ঞাসা করতে চান, করুন।'

- —'কেন তুমি এখানে নরহত্যা কর ?'
- —'সে কথাওঁ কি বলতে হবে ? আপনি কি এখনো **বুঝতে** পারেন নি ?'
- 'খানিক খানিক বুঝতে পেরেছি বৈকি! কিন্তু এই সব নর-হত্যার ফলে তোমার কি লাভ !'
 - —'বিশ্বাস করুন, আমার কোনই লাভ নেই।'
- —'আচ্ছা, আমি তোমার কথায় বিশ্বাস করছি। কিন্তু তুমি অপরাধ খীকার করছ তো ?'
 - —'অস্বীকার করবার আর তো কোন উপায় নেই হুজুর।'

এমন সময়ে দেখা গেল তৃইজনের বদলে চারজন চৌকিদারের সঙ্গে স্থলরবার ভার বিপুল ভূঁড়ি নিয়ে হাঁস্ফাঁস্ করতে করতে স্টেশনের ভিতরে প্রবেশ করছেন অতি ক্রতপদে!

জয় ও মানিকের সঙ্গে আলিকে দেখেও স্থন্দরবার প্রথমটা কিছুই বুঝতে পারলেন না। বললেন, 'ট্রেন তো ছেড়ে দিয়েছে দেখছি, ভোমরা এখানে, দাঁড়িয়ে দাঁড়িয়ে ভেরেণ্ডা ভাজছ কেন ?' জয়ন্ত বললে, 'আলির সঙ্গে একটু গল্প-টল্ল করছি।'

- —'বটে! এখন আমাকে কি করতে বল ?'
- 'আপনিও আলির সঙ্গে একটু আলাপ-টালাপ করুন না !্
- 'এইজস্তেই কি আমাকে এখানে আসতে বলেছ ?'
- —'ঠিক তাই।'
- —'এটা কোন দেশী भेष्ठा १'
- 'মোটেই ঠাটা নয়।'

স্থন্দরবার কটমট করে তাকালেন জয়স্তের মুখের পানে।

জয়ন্ত হেসে ফেলে বললে, 'সুন্দরবারু, আমরা আলির সঙ্গে দেখা। করবার জন্মেই স্টেশনে এসেছি।'

স্থুন্দরবার সচমকে বললেন, 'মানে ?'

- 'আলিকে জিজ্ঞাসা করলেই আপনি শনি-মঙ্গলের গুপুকাহিনী' শুনতে পাবেন।'
 - —'হাঁা আলি, এ কথা কি সভাি !' আলি হেঁটমুখে চুপ করে রইল।

জয়ন্ত বললে, 'চলুন, আলিকে নিয়ে আমরা মহেন্দ্রবার্র কাছে। যাই। তার কাহিনীটা মহেন্দ্রবার্কেও শোনানো দর্বকার।'

আলি সঙ্কৃচিত ভাবে বললে, 'বাবুজীর কাছে কি আমাকে নিয়ে না গেলেই নয় ?'

—'না। তোমার কীতির কথা শুনে তোমার মনিব কি বলেন, সেটাও আমাদের জানা দরকার।'

নবম পরিচ্ছেদ শেষ-দৃশ্য

জয়স্ত ও স্থন্দরবাব প্রভৃতি যখন মহেল্রবাবুর বাড়ির বাগানের ভিতরে প্রবেশ করল, তিনি তখন স্বহস্তে করছিলেন ফুলগাছের সেবা।

জয়ত্তের মুখের পানে তাকিয়ে মহেন্দ্রবারু সহাস্তে বললেন, 'একি, মেদ না চাইতে জল। আপনি এসেছেন অনাহত অতিথির মত!' তারপরেই দলের আর স্বাইকে দেখে তাঁর মুথে ফুটে উঠল অধিকতর বিশ্বয়ের রেখা।

ক্ষান্স বললে, 'আলিকে দেখে অবাক হয়ে গেলেন বুঝি ?'

- —'তা একটু হয়েছি বৈকি!'
- —'কেন ?'
- 'আমার কাছে ছুটি নিয়ে আলি আজ সকালের গাড়িতেই কলকাতীয় যাবে বলেছিল।'
 - 'আলির আজ কলকাতায় যাওয়া হল না।'
 - —'ও, তাই নাকি ?'
- —'আলি বোধহয় এ জীবনে আর কখনো কলকাতায় যাওয়ার স্থযোগ পাবে না।'
 - —'কেমন করে জানলেন ?'
 - 'আলির কুাহিনী শুনলে আপনিও ঐ কথা বলবেন।'

মহেন্দ্রবারু একবার আলির মুখের দিকে তীক্ষ্ণৃষ্টিপাত করলেন। আলির মুখে ভাবাস্তর নেই।

জয়ন্ত বললে, 'আলি, এইবার তোমার কাহিনী আমরা সবাই মিলে আর একবার শুনব।'

মহেক্সবারু হাসতে ¸হাসতে বললেন, 'তাহলে আলিরও এমন কাহিনী আছে যা আমি জানি না ? বেশ, বেশ, আমি শুনতে রাজী! কিন্তু আপনাদের একটু অপেক্ষা করতে হবে—দেখছেন, আমার হাতে লেগেছে মাটি আর কাদা ? বাড়ির ভিতরে গিয়ে আগে হাত চ্টো ধুয়ে ভজলোক হয়ে আসি, কি বলেন ?'

মহেন্দ্রবাবু প্রস্থান করবার উপক্রম করলেন। জয়ন্ত তাঁর সুমুখে গিয়ে দাঁড়িয়ে বললে, 'হাত ধোবার জন্মে অতটা ব্যস্ত হবেন না মহেন্দ্রবাবু।'

মহেন্দ্রবাবু ভুরু কুঁচকে বললেন, 'এ কথা কেন বলছেন!'

- 'এখন হাত ধুয়ে সময় নষ্ট করলে চলবে না। কারণ আলির কাহিনী শোনবার আগে আপনাকে আমার কাহিনীও শুনতে হবে।'
- —'ও, আপনারও কাহিনী আছে বৃঝি ? বেশ, হাত ধুয়ে এসে তাও শুনব।'
 - —'উহু ।'
 - —'মানে ?'
 - —'হাত না ধুয়েই আপনাকে আমার কাহিনী শুনতে হৰে!'
 - —'এ যে অভদ্র আবদার।'
 - , 'এখন ভদ্রতা করতে গেলে পরে পস্তাতে হবে।'
 - —'কী বলছেন!'
- 'এখন বাড়ির ভেতরে হাত ধুতে গেলে আপনাকে আর খুঁজে পাব না!'
 - —'আমি কি কপৃ'র ? উপে যাব ?'

জয়ন্ত রুক্ষন্বরে বললে, 'আপনার সঙ্গে আর কথা কাটাকাটি করতে পারব না। ঐখানেই চুপ করে দাঁড়িয়ে থেকে আমার কথা শুরুন!'

আচম্বিতে পিছনে একটা গোলমাল উঠল—'পাক্ড়ো, পাক্ছো! আসামী ভাগ্তা হায়!'

জয়স্ত চমকে পিছন ফিরে দেখলে, বাগানের ফটকের দিকে আলি দৌড় মেরেছে হরিণের মত এবং তার পিছনে পিছনে ছুটছে চৌকিদাররা, মানিক এবং ফুল্দরবারু!

তারপরেই সে মুথ ফিরিয়ে দেখলে মহেন্দ্রবার্ও বৈগে ধাবিত হয়েছেন নিজের বাড়ির দিকে! জ্বয়স্তও তাঁর পশ্চাৎ অনুসরণ করতে দেরি করলে না।



মহেন্দ্রবার বাড়ির ভিতরে ঢুকে প গুলেন—পিছনে পিছনে জয়স্ত।
মহেন্দ্রবার দোতলায় উঠে একখানা ঘরে ঢুকে দরজা বন্ধ করে দিলেন
সশব্দে। বন্ধ দ্বারের উপরে গিয়ে জয়স্ত মারলে এক প্রচণ্ড ধাকা।

শনি-ম**ললের**[°]রহস্ম হেমেন্দ্র—-২-২১

9;3

এক, ঠুই, তিন ধাক্কার পর দড়াম করে খুলে গেল দরজা। ঘরের ঠিক মাঝখানে একখানা সোফার উপরে বসে মহেজ্রার্ হাসছেন শিশুর মত সরল হাসি!

জয়ন্ত তাঁর সামনে গিয়ে দাঁড়িয়ে বললে, 'মহেন্দ্রবাবু, অতঃপর ?'

- —'অতঃপর কি ?'
- 'অতঃপর ধরা দেবেন, না আরো কিছু কার্দানি দেখাবেন ?' মহেন্দ্রবার নীরবে হাসতে লাগলেন।
- —'ও হাসি দেখে আমি আর ভুলব না।'
- —'কি করবেন ?'
- —'আপনাকে গ্রেপ্তার।'
- —'পারবেন ?'
- —'গ্রেপ্তার তো করেছি!'
- -- 'al !'
- 'এখনো পালাবার আশা রাখেন ?'
- -- 'রাখি বৈকি!'
- —'বটে !'
- —'হ্যা, ঐ দেখুন!'

মহেন্দ্রবার্ মেঝের দিকে অঙ্গুলি নির্দেশ করলেন। জয়স্ত হেঁট হয়ে দেখলে সেখানে পড়ে আছে একটা খালি শিশি।

- 'আপনি বিষ খেয়েছেন ?'
- 'ঠিক!' মহেন্দ্রবার ছই চোখ মুদে সোফার উপরে এলিয়ে পড়লেন।
 - —'মহেন্দ্রবারু, মহেন্দ্রবারু!'

ক্ষীণকঠে ক্ষীণতর হাস্ত করে মহেন্দ্রবার্ বললেন, 'তোমরা আমাকে ধরতে পারবে না। এই আমি পালালুম।'

ঘরের ভিতরে যখন স্থলরবার এবং মানিকের আবির্ভাব হল, মহেন্দ্রবার তখন ইহলোকে দেহ ফেলে প্রাণ দিয়ে প্লাগন করেছেন।

- —'ভ্ৰম্, মহেন্দ্ৰবাবুকে ধরেছ দেখছি!'
- '—'না, ধরতে পারি নি।'
- —'ঐ তো মহেন্দ্রবারু!'
- —'না, ওটা মহেন্দ্রবারর মৃতদেহ।'
 - —'মুতদেহ!'
 - —'হাা। মহৈন্দ্রবার বিষ খেয়ে আত্মহত্যা করেছেন।' স্থান্দরবার অবাক!
 - —'মানিক, আলি ধরা পড়েছে ?'
- 'পড়েছে,। বলে সে নিজে পালাবার জত্যে পালায় নি,
 আমাদের অশুমনস্ক করে মহেন্দ্রবাবুকে পালাবার স্থ্যোগ দেবার
 জত্যেই সে নাকি পলায়নের চেষ্টা করেছিল।'
- 'খুব সম্ভব সে মিথ্যা বলে নি। মহেন্দ্রবারু নিজেই বলেছিলেন, আলি এমন প্রভুভক্ত যে তাঁর কথায় সে প্রাণ দিতে পারে। আর এই মামলাটাই আলির প্রভুভক্তি বিশেষ ভাবে প্রমাণিত করবে। কারণ সে যে মানুষের পর মানুষ খুন করেছে কেবল তার প্রভুর হুকুমেই, এ বিষয়ে আমার কোনই সন্দেহ নেই!'

সুন্দরব।র বিস্মাবিষ্ট কঠে বললেন, 'বাপ্দেখে-শুনে আমার আকোল-গুড়ুম হয়ে যাচ্ছে। এ সব কী! কোথায় ডাকাতে-কালীর মান্দিরে ভৌতিক কারথানা, আর কোথায় এই আলি, আর কোথয় ঐ মহেন্দ্রবার ! এথনো আমি বুঝতে পারছি না, এগুলোর মধ্যে যোগা-যোগ আছে কোথায় ! জয়স্ত, অন্ধকারে তাড়াতাড়ি আলো দেখাও!'

জয়ন্ত বলতে লাপল:

'গোরে দার • প্রলা নম্বরের কর্তব্য হচ্ছে, প্রথমেই সকলকেই সন্দেহ করা!

আমি গোড়া থেকেই মহেন্দ্রবার বড় বাড়ি, মোটর গাড়ি, মোটা ব্যাঙ্কের খাতা আর শিশুর মতন সরল হাসিখুশি-মাথা মুথ দেখে ভূলিনি। আপনার মনে আছে কি, আমার প্রশ্নের উত্তরে মহেন্দ্রবার্ নিজেই বলেছিলেন তাঁর মামাতো ভাই স্থারেনবাব্র তিনি ছাড়া আর কোন আত্মীয়ই নেই ? আর স্থারেনবাব্র মাসিক আয় ছিল যে আট হাজার টাকা সেটাও আপনি শুনেছেন !

আমার অনুমান করতে দেরি লাগল না যে, সুরেনবারুর মৃত্যুর পর তাঁর সম্পত্তির অধিকারী হবেন মহেন্দ্রবারুই। অভএব ধরে নিলুম যে সুরেনবারুর মৃত্যুতে মহেন্দ্রবারুরই লাভ হবে সব চেয়ে বেশী। এই মামলায় মহেন্দ্রবারুর কোন হাত যদি থাকে তাহলে হত্যাকাণ্ডের একটা উদ্দেশ্য আবিষ্কার করতে বেশী বেগ পেতে হয় না। সুতরাং বুঝতেই পারছেন, গোড়া থেকেই আমি মহেন্দ্রবারুকে কেন্দ্র করে মামলাটাকে সাজাবার চেষ্টা করেছি মনে মনে।

কিন্তু প্রথমে দৃষ্টিতে এই মামলার সঙ্গে মহেন্দ্রবার্র কোন সম্পর্ক আবিদ্ধার করা প্রায় অসম্ভব বলেই বোধ হয়েছিল। কারণ প্রথমত স্থরেনবার্ যথন হত্যাকারীর হাতে মারা পড়েন, মহেন্দ্রবার্ যে তথন অনেক সাক্ষীর সামনে নিজের বাড়িতেই বসেছিলেন, এটা জানতে পারা গিয়েছে। দিতীয়, ঘটনাস্থলে কেবল মহেন্দ্রবার্র মামাতেই ভাই স্থরেনবার্ই নিহত হন নি, পরে আঁরা হ'জন পুলিশ কর্মচারীকেও সেইখানে প্রাণ দিতে হয়েছে। নিজের স্বার্থসিদ্ধির পরেও অকারণে হু'ছজন পুলিশ কর্মচারীকে হত্যা করে তিনি নিজের বিপদ তিনগুণ বাড়িয়ে তুলতে চাইবেন কেন ? তৃতীয়ত, মামলাটার সঙ্গে রয়েছে একটা প্রাচীন প্রবাদ আর অলৌকিক কাণ্ডের সম্বন্ধ। ঐ প্রবাদ মহেন্দ্রবার্রও জন্মের আগে এ অঞ্চলে প্রচলিত ছিল, তাই এখানকার লোকেরা শনি-মঙ্গলবারের রাতে ক্র্বনো ঐ মন্দিরের ছায়া মাড়াতেও ভরসা করত না। উপরস্ত প্রবাদেই প্রকাশ, আগেও নাকি কেউ কেউ শনি-মঙ্গলবারের রাতে প্রবাদের সত্যতা পরীকাং করবার জন্যে ঐ মন্দিরে গিয়ে প্রাণ হারিয়েছে।

স্থলরবার, আপনি যে কল্পনাশক্তিকে বরাবরই নিন্দা করে এসেছেন, আর আমি যাকে বরাবরই বলে এসেছি গোয়েন্দার পক্ষে অপরিহার্য, সেই কল্পনাশক্তিকেই প্রাণপণে ব্যবহার কর্মার চেষ্টা করলুম। গোড়ার দিকে তা প্রকাশ করলে সকলেই যে তাকে উদ্ভট বলে উড়িয়ে দিতেন, এ বিষয়ে আমি নিঃসন্দেহ।

মামলাটাকে আমি সাজালুম এইভাবে:

মহেন্দ্রবার ঘটনাস্থলে উপস্থিত না থাকতেও পারেন। তাঁর হুকুমে অন্ত কোন লোক গিয়ে নরহত্যা করতে পারে।

হত্যাগুলো যে হচ্ছে কোন অলোকিক কারণে, সকলের মনে সেই বিশ্বাস দৃঢ়তর করে তোলবার জন্মে ঘটনাস্থলে হত্যার পর হত্যা করা হয়েছে কেবল ছই নির্দিষ্ট দিনে!

ুতার ফলে কারুর দৃষ্টি আসল অর্থাৎ প্রথম হত্যার উদ্দেশ্যের দিকে আরুষ্ট হবে না।

চলতি ও পুরানো প্রবাদটাকে মহেন্দ্রবার নিজের স্বার্থসিদ্ধির জন্মে অত্যন্ত চতুরের মতন ব্যবহার করেছেন। কালী-মন্দিরের প্রবাদের সত্যতা পরীক্ষা করতে গিয়ে আরো কেউ কেউ যে মৃত্যুমুথে পড়েছে খুব সম্ভব এটা হচ্ছে একেবারে বাজে কথা। ও-ভাবে লোকের মৃত্যু রূপকথাতেই শোভা পায়, বাস্তব জীবনে নয়।

কল্পনায় এই যে আমি একটা কাঠামো গড়ে তুললুম, মামলার মধ্যে ভালো করে প্রবেশ করবার পর তা একেবারে অকেন্ডো হয়ে যাবার সম্ভাবনা ছিল যথেষ্ট। কিন্তু সেজন্যে আমি হলাশ হতুম না। নতুন নতুন বিরোধী সূত্র পেলে আমি আবার কল্পনায় নতুন নতুন কাঠামোই গড়বার চেষ্টা করতুম। কিন্তু আমার সৌভাগাক্রমে আমার প্রথম কাঠামো হয়নি ব্যর্থ।

এইবার ঘটনাগুলো একবার পরে পরে ভেবে দেখুন। খুব সম্ভব বাইরে ঐশ্বর্যের জাঁকজমক থাকলেও ভিতরে ভিতরে মহেন্দ্রবার্র অর্থকষ্ট উপস্থিত হয়েছিল। কারণ তা নইলে কেউ এমন বিপজ্জনক হত্যার পর হত্যার অমুষ্ঠানে প্রবৃত্ত হয় ন।।

অতএব ধরে নিন্,•অর্থ্বকট ঘোচাবার জন্মে মহেন্দ্রবাবুর কুদৃষ্টি
শনি-মঙ্গলের রহস্ত

পড়ল স্থরেনবাবুর উপরে—যে স্থরেনবাবুর মৃত্যু হলেই তাঁর বিপুল বিত্তের মালিক হবেন ডিনিই।

মহেন্দ্রবার জানতেন, স্রেনবার হচ্ছেন অত্যস্ত সাহসী, বেপরোয়া আর একরোথা লোক—কোন রকম কুসংস্কারকেই তিনি স্বীকার করতে প্রস্তুত নন্, বরং কুসংস্কার যে মিথ্যা সেইটেই দেখিয়ে দিতে চান হাতে-নাতে।

অতএব এক শনিবারের রাত্রে মহেন্দ্রবার্র বাড়িতে হল স্বরেনবার্র নিমন্ত্রণ। চারিদিকে বহু সাক্ষী—এমন কি একজন পুলিশ কর্মচারীও যখন উপস্থিত, মহেন্দ্রবার তথন স্বরেনবার্কে উত্তেজিত করবার জত্যে প্রবাদ কাহিনীটিকে উজ্জল ভাষায় ফুটিয়ে তুললেন। কারণ তিনি জানতেন, তাঁর কাহিনী শুনলেই স্বরেনবার্থ প্রবাদের সত্যতা পরীক্ষা করতে কিছুমাত্র ইতস্তত করবেন না। ইতিপ্রেই তাঁর চর ছিল মন্দির-পথে যথাস্থানে গিয়ে হাজির।

মহেন্দ্রবারু যা ভেবেছিলেন তাই হল। 'সুরেনবারু মন্দিরের দিকে যাতা করলেন, কিন্তু আর ফিরে এলেন না।

মহেন্দ্রবার জানতেন হত্যার পরেই ঘটনাস্থলে হথে পুলিশের আবির্ভাব। নিশ্চয়ই বিশেষ করে ঐ ছই নির্দিষ্ট্র দিনেই পুলিশের লোক যাবে সেথানে তদন্ত করতে। কিন্তু তদন্তে প্রবাদের সত্যতা বজায় রাথবার জন্মে তারা যাতে ফিরে না আসে সে ব্যবস্থাও হল।

সুন্দরবার, আপনি জানেন, পাছে শনি-মঙ্গলের রাতে আমরাও মন্দির-পথে হাই, সেই ভয়ে মহেন্দ্রবারু বেছে বেছে ঐ ছ'দিনেই আমাদের করতেন নিমন্ত্রণ। আমি আন্দাজ কর্লুম আমাদের মতন বিখ্যাত (আমরা যে বিখ্যাত সে বিষয়ে সন্দেহ নেই) লোকদের প্রবাদের সত্যতা প্রমাণিত করবার জন্মে তিনি যদি হত্যা করতে বাধ্য হন, ভাহঙ্গে চারিদিকে উঠবে বিষম আন্দোলন—আর সেটা হবে তাঁর পক্ষে অত্যন্ত বিপজ্জনক। তাই তিনি চেষ্টা করতেন, এই তুই সাংঘাতিক দিনে আমাদের বন্দী করে রাখতে।

যাক্, আমার কল্পনার কথা ছেড়ে দিন, এইবারে বাস্তবজগতে ফিরে আসাই ভালো।

স্থলরবার, আপনি কলকাতায় প্রথম দিন আমার কাছে গিয়ে গ্রহ মামলা সম্পর্কীয় যে অলোকিক আবহের কথা বলেছিলেন, আমি তা মোটেই আমলে আনিনি। তবে আপনার বর্ণনার ভিতর থেকে আমি আবিষ্কার করেছিলুম একাধিক সূত্র।

আপনি বলেছিলেন, যে-তিনজন লোক নিহত হয়েছে তাদের প্রত্যেকেরই দেহের বামদিকে ছিল ক্ষতিচিহ্ন। আর তারা নাকি নিহত হয়েছিল ঠিক একই জায়গায় গিয়ে। তাই থেকেই আমি ধরে নিজুম, মৃত্যুর কারণ এসেছে বাম দিক থেকেই। সেইজত্যেই প্রথম যেদিন আমরা মন্দির-পথের নির্দিষ্ট স্থানে গিয়ে দাঁড়ালুম, তথন আমি দাঁব কোন দিকে না তাকিয়েই একেবারে প্রবেশ করলুম বামদিকের জঙ্গলে। আমার আন্দাজ যে ব্যর্থ হয়নি, এ-কথা আপনি জানেন। জঙ্গলের ভিতরে থানিকটা অগ্রসর হয়েই একজায়গায় দেখতে পেলুম অনেকগুলো পদচ্ছি। আমি তথনি বৃষতে পারলুম, খুনী অপেক্ষা করে এইখানে এসেই। তারপর সেখানে দাঁড়িয়ে আমি মন্দিরে যাবার পথটা দেখবার চেষ্টা করলুম। দেখলুম, জঙ্গলের অল্প একটু ফাঁক দিয়ে সেখান থেকে মন্দির-পথের উপরে অনায়াসেই দৃষ্টি রাখা যায়। আন্দাজে বৃষলুম, এই ফাঁক দিয়েই হত্যাকারী তার মৃত্যু-অন্ত্র নিক্ষেপ করে।

কিন্তু সে অস্ত্রটা কি ? প্রত্যেক লাসের বামদিকে পাওয়া গিয়েছে খুব স্কা ক্ষতিহিন্ত প্রত্যেক মৃতব্যক্তির দেহে প্রকাশ পেয়েছে বিষের চিহ্ন। কুতরাং বুঝে নিলুম খুনী এমন কোন বিষাক্ত অস্ত্র ব্যবহার করে, যার কথা অনুমান করা কঠিন : সে অস্ত্রটা কি ? পদচিহ্নগুলোর পাশে-পাশে দেখতে পেলুম অদ্ভুত সব কাঁপা লাঠির দাগ, এই কি খুনীর অস্ত্র! কিন্তু সে যে কি রকম অস্ত্র অনেক ভেবেও তা আন্দাজ করতে পারলম না।

তারপর এক শনিবার রাত্রে মৃন্দিরের চাতালে গিয়ে আমরা দেখতে পেলুম একটা অন্তুত মৃর্তিকে —যার মুখ হচ্ছে অমামুষিক আর যার হাতে আছে একটা লাঠি। যদিও সে লাঠিটা আসলে যে কি জিনিস তখন আমি সেটা ধরতে পারিনি, কিন্তু তার অমামুষিক মুখের জন্মে দায়ী যে কোন বীভংস মুখোশ, সেটা অনুমান করা আমার পক্ষে কঠিন হল না।

হত্যাকারী আর তার প্রভু বুঝলে, জয়ন্ত নামে কোন শৌখীন গোয়েন্দা শনিবারের রাত্রে ঘটনাস্থলে গিয়েও প্রাণ নিয়ে ফিরে এসেছে। কেবল তাই নয়, জন্মবেশ ধরলেও হত্যাকারীকে সে দেখতে পেয়েছে সচক্ষে।

তাদের টনক নড়ল। তাই রবিবার প্রভাতেও ছ্রাচার জয়স্তকে এমনভাবে হত্যা করবার চেষ্টা হল, লোকে যাতে ভাবে সেটা দৈব-ছুর্ঘটনা।

ইতিমধ্যে আমি আবার আমার কল্পনাশর্ক্তি ব্যবহার করলুম। তার ফলে অনুমান করলুম, হত্যাকারী যে অস্ত্র ব্যবহার করে দেখতে তা নিশ্চয়ই প্রচণ্ড নয়। স্ক্রাক্ষত, অতএব স্ক্রা অস্ত্র এবং খুব সম্ভব নীরব বিষাক্ত অস্ত্র। কোমল মাংস ভেদ করতে পারলেও কঠিন জিনিস ভেদ করবার শক্তি তার নেই। তাই পরের মঙ্গলবারের রাত্রে স্থকঠিন লোহবর্ম পরিধান করে ঘটনাস্থলে হল জয়ত্তের আবির্ভাব।

যা ভেবেছিলুম হল তাই! একটা শলাকা এসে আমার বর্মকে ভেদ করতে না পেরে সশব্দে মাটির উপরে পড়ে গেল। আগে আগে অস্ত্র প্রয়োগ করে হত্যাকারী সেইখানেই অপেক্ষা করত। তারপর বিষের প্রভাবে যখন আক্রান্ত ব্যক্তির মৃত্যু হ'ত তথন সে জঙ্গলের বাইরে এসে শলাকাটি ক্ষতস্থান থেকে খুলে নিয়ে আবার হ'ত অদৃশ্য।

কিন্তু এবারে তা আর হল না। তার অস্ত্র যেই আমার বর্মের উপরে এসে পড়ল, তখনি আমার রিভলবার খন-খন উদগার করতে লাগল উত্তপ্ত 'বুলেট'! হত্যাকারী প্রাণভয়ে পলায়ন কণ্ণলে। আমি খুঁজে পেলুম সেই শলাকাটিকে।

সঙ্গে সঙ্গে রহস্তই পরিষ্কার হয়ে গেল আমার চোখের ,সামনে। সে-শলাকা আমি চিনি—কারণ আমি বেড়িয়ে এসেছি বোর্ণিও দ্বীপে! সে শলাকা হচ্ছে 'রো-পাইপে'র মৃত্যুবাণ!

ভাবতে লাগুলুম। ভারতবর্ষে 'ব্লো-পাইপে'র ব্যবহার কখনো তো শোনা যায়নি। এটা কি করে সম্ভবপর হল গু

ভাবতে ভাবতে হঠাৎ মনে পড়ে গেল মহেন্দ্রবার্র ড্রাইভারের কথা। তিনি নিজেই বলেছিলেন, তার মোটর গাড়ির চালকের জুমভূমি হচ্ছে বোর্ণিও দ্বীপ।

আমার কল্পনা যে-কাঠামো গড়ে তুলেছিল তার কোন জায়গাই আন অপূর্ণ রইল না। চোথের সামনে জীবন্ত হয়ে উঠল ছবির পর ছবি!

আর একটা শীত্য আন্দাজ করলুম। হত্যাকারী যা কথনো করেনি আজ তাই করেছে। অর্থাৎ তার মৃত্যুবাণটিকে ঘটনাস্থলে ফেলে রেখেই শে পলায়ন করতে বাধ্য হয়েছে! আর সেই মৃত্যুবাণ যে জয়স্তের হস্তগত হয়েছে, তার পক্ষে সেটুকু অনুমান করাও কঠিন নয়। অস্ত্র যথন পালশের হস্তগত, কোন রকম অলৌকিক আবহই তথন আর কাজে লাগবে না।

অত এব মহেন্দ্রবার হুকুম দিলেন,—'আলি, ।ত্মি এইবেলা পলায়ন করো। কালকের সকালের ট্রেনেই এই ক্ষুদ্র গ্রাম ত্যাগ করে তুমি ভারতবর্ধের মানব-সাগরে তলিয়ে যাও! তোমাকে আবিন্ধার করতে না পারলে পুলিশ আমার ছায়াকেও স্পর্ণ করতে পারবে না!'

দেখছেন স্থন্দরবার, এ-বাণীও আমি শুনেছিলুম কল্পনাশক্তি প্রয়োগ করে ? কিন্তু বাস্তব জগতে এসেও আমার কল্পনা যে বিফল হয়নি, তার প্রমাণ তো পেয়েছেন আপনি আজ সকালেই স্টেশনে গিয়ে ? আলি বাধ্য•হয়ে অপরাধ স্বীকার করেছে। মহেন্দ্রবার্ বাধ্য হয়ে পুঁলিশকে ফাঁকি দেবার জ্ঞে আত্মহত্যা করেছেন আর আপনিও এখন বাধ্য হয়ে শ্রবণ করছেন বাস্তব জগতে কতখানি কাজ করতে পারে এই বহু-নিন্দিত কল্পনা!

বলুন, আপনার আরো কিছু জিজ্ঞাস্ত আছে ?'

ছই বাছ বিস্তার করে জয়স্তকে আলিঙ্গন করে স্থ-দরবার্ উচ্ছুসিত কঠে বললেন, 'হুম! তুমি হচ্ছ 'জিনিয়াস্'⊸-অদুত প্রতিভার অধিকারী! তোমার কাছে আর কি জিজ্ঞাস্ত আছে ভাই, আমি আগে ছিলুম তোমার অনুরাগী—আজ থেকে হলুম তোমার গোড়া ভক্ত!'

ছড়া ও কবিতা

আমার ছবি

বন্ধ তুমি দেখছ কি ভাই উল্টে ছবির খাতা ?
আমার ছবি আছে যে এই পৃথিবীতেই পাতা !
ঐ যেখানে ধানের ক্ষেতে
বুল্বুলিরা উঠছে মেতে,
ঐ যেখানে তাল-নারিকেল খুলছে দবুজ ছাতা।

তোমরা জানো ছবি থাকে দেয়ালেতেই ঝোলানো,
আমার ছবি কুঞ্জলতায় মঞ্ছ হাওয়ায় দোলানো
প্রজাপতির পাখ্না-পুটে
জ্যান্ত ছবি উঠছে ফুটে,
কাঁচা রোদের সোনার তুলি দিকে দিকে বোলানো

ঐ থেখানে পাহাড়তলির নিঝ'রিণী গান ধরে,
রূপের লহর মেথে গায়ে হয়তো পরী স্নান করে।
গহন-বনের ফাঁকে ফাঁকে
আলোক-ছায়া নকশা আঁকে,
নদীর ঘাটে একটি মেয়ে রাঙা মাটির ঘট ভরে।

ছড়া ও কবিতা

মেধরা কখন বাজনা বাজায় শুনলে বাদল-নৃপুর,
ছন্দপাগল আকাশ-বাতাস সন্ধ্যা সকাল-তৃপুর,
ধু-ধু-ধু পথ! কদম ঝরে!
ময়্র নাচে পেখম ধরে!
ছল-ছল-ছল মাঠ ভরা জল! টাপুর-টুপুর-টুপুর!

বসন্তে ভাই ফুল বাতাসে কত রঙের জল্পনা,
বকুল চাঁপা গোলাপ নিয়ে ফুলকারী আর কল্পনা!
শীতকালে দ্র কুহেলিকায়
আবছা স্বপন-ছবি লিখায়,
শারং-মেদের পাতলা ভেলায় শিল্পী চাঁদের আল্পনা।

অনন্ত এই রূপের নাটে মন হল ভাই শ্রীমন্ত,
চিত্র আমার গায় গীতিকা—চিত্র আমার ধীবন্ত !
ছবির খাতা বন্ধ কর,
ডাকছে গোপন চিত্রকর,
বাইরে গেলেই বুঝবি সবাই—চিত্রশালা ভূবন তো!

গ্রন্থ শোনার সময়



রোদের কোলে মেঘের দোলা. আলো ছায়ার মিতালি, একটু আগে দেখেছিলাম: বৃষ্টি-ভেজা দীপালী! যায় বেলা গো। আকাশ-নাটে সূর্য এখন বসল পাটে, অস্তাচলে ব্যস্ত খেলায় সোনালী আর রূপালী ওরা যেন রঙিন গীতি, মৌন ইমন-ভূপালী! চিত্রশালা ঢেকে বাদল বাজালে ফের মৃদঙ্গ, কাঁপল গগন, পালিয়ে গেল ভীরু আলে:-কুরঙ্গ। পাগ্লা হাওয়া রেগে ছোটে, গঙ্গা নদী চল্কে ওঠে, শৃত্য ফুঁড়ে ফুটছে কেবল, উগ্র বাজের জ-ভঙ্গ. বিশ্ব যেন গিল্তে আসে ক্রুদ্ধ তিমির-মাতৃর ! মেঘ-ঝরনা রম্-ঝম্-ঝম্ ঝরছে, শোনো, ঝরছে রে,

রূপকাহিনীর রাজ্য সে যে বন্য গানে ভরছে রে! তেপান্তরের মাঠের বুকে বক্তা হয়ে ছুটছে সুখে, রাজার ছেলের ব্যাকুল ঘোড়া ভিজে ভিজে মরছে রে। রক্ষোপুরে রাজকুমারীর মন যে কেমন করছে রে! আমার কাছে এস এখন শুনবে যদি গল্প ভাই! অসম্ভবের দেশে যাবার সম্বল মোর অল্প নাই! আঁধার আসে ? আসুক না সে ! বদে দেখ আমার পাশে, কালো রাতের পায়ে কেমন বৃষ্টিধারার মল পরাই, বাদলাকে আজ মধুর করে হাদবে আমার কল্পনাই।



কোথা যায় কালো মেঘ

কোথা যায় কালো মেঘ, পারবো না বলতে !

ক্যাপ্টমন খালি চায় তার সাথে চলতে !

কালো মেঘ উড়ে যায়

জল-বাণ ছুঁড়ে যায়
জ্বলে উঠে পুড়ে যায় বিজ্লীর পল্তে।

শহরের টঙে কভু দাঁড়ায় সে থম্কে, বাজথাঁই হাঁকে তার থোকা যায় চমকে। দেখে তার ছায়াছবি লাজে মুখ ঢাকে রবি ভাঁধারের পর্দায় ঢেকে ফেলে ব্যোমকে।

কভু দেখি কাননের উপরে সে ত্লচে রূপোলী তটিনী-জলে থালি কালি গুলচে! মাট বাট ধুয়ে যায় তালবনে ছুঁয়ে যায় রোদ যেই উকি মারে, রামধন্ম তুলচে।

কভু গিয়ে যোগ দেয় সাগবের রভ্যে,
মৃদঙ্গ-তাল তোলে আকাশের চিত্তে।
মাটি নেই, তীর নেই—
কিছু পৃথিবীর নেই,
মেধি জল, নীচে, জল—আর সব মিথ্যে!

ছড়াও ক্রিক্সা ৩৪০

মরুভূমি ছুটে গিয়ে আনে ধারা-ছন্দ, ওয়েসিসে খোলে রং খোলে ফুলগন্ধ। ধু-ধু-ধু বালুকা পট। নাচে সেথা ছায়ানট, বেতুইন ভাবে বসে এ নয় ভো মন্দ!

চল মন ! চল মেঘ, দেখে কত দেশ যে,
হাতী-ঘোড়া দেবাসুর ধরে কত বেশ যে !
ছোটে মেঘ, ছোটে মন,
আসে গিরি নদী বন,
সীমাহারা ছোটাছুটি, নাহি তার শেষ যে !



অপরিচিত আগন্তকের আগমন

প্রকটি ছোটখাটো শহর। তার আসল নামটি বলব না। ধরে নাও তার নাম হচ্ছে শ্রীপুর। ছুটির সময়ে নানান্ দেশ থেকে সেখানে অনেক লোক বেড়াতে আসে। কারণ জায়গাটির জলহাওয়া নাকি ভালো।

পাহাড়ে-শহর। পথে-ঘাটে বেরুলেই আশেপাশে ছোট বড় পাহাড় বেশো যায়। পাহাড়ে-শহরে তখন পাহাড়ে-শীত। মাঝে মাঝে বরফও পড়ে।

বৈকাল। শ্রীপুর শহরে যখন রেলগাড়ি এসে থামল, চারিদিকে তখন কন্কনে ঠাণ্ডা, হাওয়া বইছে। সে হাওয়া গায়ে যেন ছুরির ফলার মতন বিঁধে যায়। বোধ হয় বরফ পড়তে আর দেরি নেই।

একজন যাত্রী ইন্টিশানে এসে নামল। যাত্রীটি জাতে বাঙালী, সেটা তার পরনের কাপড় দেখলেই বোঝা যায়। তার পায়ে ঘোড়তোলা জ্তো ও ফুল-মোজা। গায়ের জামা দেখবার জো নেই, কারণ একখানি আংলোয়ানে সে গা ঢাকা দিয়ে ছিল। কেবল তার ডান হাতের খানিকটা দেখা যাচ্ছিল, সেই হাতে ঝুলছিল

98 t

একটা পোর্ট্ম্যান্টো। তার হাতও ছিল দস্তানা-পরা। আলোয়ানের উপর জেগে আছে তার অন্তুত মুখখানা—সে-মুখের সবটাই ব্যাণ্ডেজে একেবারে ঢাকা। সাদা ব্যাণ্ডেজের ভিতর থেকে জেগে আছে কেবল তার গোঁফদাড়ি আর নাকের ডগাটা। ঠুলি-চশমা, অর্থাৎ 'গগ্লৃ' দিয়ে সে তার চোখ ছটো পর্যন্ত সকলকার চোখের আড়াল করে রেখেছে। এই রহস্থময় লোকটি যে কে তা আমরা জানি না। এবং যতদিন না তার নাম জানতে পারি ততদিন পর্যন্ত তাকে আমরা যাত্রী বলেই ডাক্ব।

শীতে কাঁপতে কাঁপতে ইন্টিশানের বাইরে এসে যাত্রী একটা পথ ধরে এগিয়ে চলল। খানিক দৃর অগ্রসর হয়েই একথানা দোতলা বাড়ির সামনে সে থম্কে দাঁড়িয়ে পড়ল। বাড়িখানার দোতলার বারান্দায় একখানা সাইনবোর্ডে বড় বড় অক্ষরে লেখা রয়েছে—"শ্রীপুর স্বাস্থ্যনিবাস"। অল্লক্ষণ সেইখানে দাঁড়িয়ে থেকে বাত্রী বাড়ির ভিতরে প্রবেশ করলে।

এই স্বাস্থ্যনিবাসটির একট্থানি পরিচয় দরকার। শ্রীপুরে যারা বেড়াতে আসে তাদের অনেকেই এই স্বাস্থ্যনির্বীসে আশ্রয় গ্রহণ করে। এর মালিক হচ্ছেন মিস্টার দাস ও মিসেন্ দাস। তারা বাঙালী খ্রীষ্টান। স্বাস্থ্যের খোঁজে যারা এখানে এসে ওঠেন তারা ছজনেই তাঁদের যন্ত্র, সেবা ও আদর-আপ্যায়নের ভার নেন—অবশ্য কয়েকটি রূপোর টাকার বিনিময়ে। তাঁরাও এই বাড়ির অহ্য এক মহলে বাস করেন।

বাড়ির ভিতরে ঢুকেই একটি বড় হল-ঘর। সেটি হচ্ছে এখানকার সাধারণ বৈঠকখানা। মিস্টার ও মিসেস্ দাস প্রত্যহ এইখানে বসেই তাঁদের অতিথিদের সঙ্গে গল্পগুজ্ব ও আলাপ-পরিচয় করেন।

আমাদের যাত্রীটি এই ঘরে ঢুকেই গম্ভীর স্বরে বললেন, 'আমার একখানা ভালো ঘর চাই!' মিসেস্ দাস তথন তাঁর কয়েকজন অতিথির সঙ্গে একমনে গল্প করছিলেন। যাত্রীর আকস্মিক প্রবেশে ও গন্তীর কণ্ঠস্বরে ঘরের সকলেই চমকে উঠল। যাত্রী তার দস্তানা-পরা হাত দিয়ে একখানাঃ



একশো টাকার নেটি বার করে আবার গন্তীর স্বরে বললে, 'এই নিন্ আগাম টাকা ! আমার একখানা ভালো দর চাই।'

না-চাইতেই আগাম একশো টাকা! বিশ্বয়ে ও শ্রন্ধায় মিসেস্ দাসের প্রাণটা পরিপূর্ণ হয়ে উঠল। কপাল না খুললে এমন অতিথি মেলে না !

মিসেস্ দাস তাড়াতাড়ি উঠে দাড়িয়ে বললেন, 'আসুন, আসুন আমার সঙ্গে! আপনাকৈ বাড়ির সেরা ঘরই ছেড়ে দেব।'

অদৃশ্ৰ মাহ্ৰ

মিসেস্ দাস যাত্রীকে নিয়ে বাড়ির ভিতরে অদৃশ্য হয়ে গেলেন।
বাড়ির দোতলায় রাস্তার ধারের বড় ঘরথানিই যাত্রীর জর্মে

হছড়ে দেওয়া হল। যাত্রী সেই ঘরের ভিতরে ঢুকে পোর্ট ম্যান্টোটি
একটি টেবিলের উপরে রেখে দিলে।

মিসেস্ দাস তাঁর নৃতন অতিথিটির সঙ্গে ভালো করে আলাপ জমা-বার চেষ্টায় বললেন, 'আপনি বুঝি বৈকালের ট্রেনে এখানে এসেছেন ?'

যাত্রী জবাব না দিয়ে মিসেদ্ দাসের দিকে পিছন ফিরে রাস্তার দিকে জানলার গরাদে ধরে দাঁড়াল। তারপর মুখ না ফিরিয়েই বললে, 'আমার কিধে পেয়েছে। এখুনি কিছু খাবার পাঠিয়ে দিন।'

আলাপটি ভালো করে জম্ল না বলে কিঞ্ছিৎ ক্ষুণ্ণ হয়ে মিসের্স্ দাস অত্যন্ত অনিচ্ছাসত্ত্বেও ঘরের ভিতর থেকে বেরিয়ে গেলেন।

মিনিট পনেরো পরে চাকরের সঙ্গে মিসেস্ দাস আবার ভিতরে এমে ঢুকলেন। যাত্রীকে শুনিয়ে চাকরকে ডেকে বললেন, ভিখু, টেবিলের ওপরে খাবারের থালা রাখ্!

যাত্রী ঠিক আগেকার মতই পাথরের মৃতির মতন জানলার গরাদ ধরে দাঁড়িয়েছিল। এবং এবারেও মুখ না কিরিয়েই বললে, 'আচ্ছা, আপনি এখন যেতে পারেন!'

মিসেস্দাস নিজের মনে মনেই বললেন, 'লোকটার টাকা আছে, 'কিন্তু ভত্ততা-জ্ঞান মোটেই নেই !' প্রকাশ্যে বললেন, 'আপনি চাখানু কি ?'

যাত্রী বললে, 'মিনিট পনেরো পরে পাঠিয়ে দেবেন।' মিসেস্ দাস ঘরের ভিতরে আর দাঁড়ালেন না।

মিনিট পনেরো পরে ভিখুর সঙ্গে মিসেস্ দাস জাবার ঘরের ভিতর ঢুকে দেখলেন, যাত্রী জানলাগুলো বন্ধ করে আধা-অন্ধকারে কোণের দিকে একটা চেয়ার টেনে নিয়ে গিয়ে বসে আছে। টেবিলের দিকে চেয়ে দেখলেন, তার জলখাবার খাওয়া শেষ হয়ে গেছে। বললেন, 'আপনার চা নিয়ে এসেছিন' यां वा वलल, 'हा द्वरथ छान्।'

ভিশ্ব চায়ের সরঞ্জাম রেখে টেবিল থেকে জলখাবারের থালাগুলো সরাতে লাগল; মিসেস্ দাস সেই ফাঁকে যাত্রীকে আর-একটু ভালো করে দেখে নেবার চেষ্টা করলেন। কিন্তু ভালো করে কিছুই আন্দাজ করতে পারলেন না। যাত্রী তথনো তার মুখের ব্যাণ্ডেজ তো খোলেই নি, উপরন্ত গায়ের আলোয়ান, হাতের দস্তানা ও পায়ের জুতো-মোজা পর্যন্ত ঠিক সেই ভাবেই পরে আছে। কেবল নীচের ঠোঁটের কাছ থেকে ব্যাণ্ডেজটি একটুখানি টেনে নামিয়ে রেখেছে—বোধ হয় খাবার স্থবিধার জন্মে। কিন্তু তার নাকের তলার দিকে চেয়ে মিসেস্ দাস ঠোঁটের কোন চিহ্নই দেখতে পেলেন না! তিনি ভাবলেন, আধা-অন্ধকারে বোধ হয় তাঁর চোথের ভ্রম হচ্ছে। তবু তাঁর মনটা কেমন এক অস্বাভাবিক ভয়ে ছাৎ-ছাৎ করতে লাগল। এ কি রকম রহস্তময় লোক! এ যেন মান্তুষের চোখের সামনে আসতে চায় না— সর্বদাই নিজেকে সাবধানে লুকিয়ে রাখতে চায় !—পৃথিবীর আলো-হাওয়াকে এ যেন পরম শক্র বলে মনে করে! কে এ! ওর সারা মুখখানায় ও কিসের ব্যাণ্ডেজ ? কোন দৈব-তুর্ঘটনায় ওর মুখখানা কি ভাষণভাবে জ্বম হয়েছে ? না, কোন সাংঘাতিক অস্ত্র-চিকিৎসায় ওর মুখের অবস্থা অমনধারা হয়েছে ?

মিসেস্দাস মনে মনে এম্নি সব কথা নিয়ে তোলাপাড় করছেন এমন সময় যাত্রী হঠাৎ বললে, 'ইস্টিশানে আমার কতকগুলো। লগেজ পড়ে আছে। সেগুলো আনবার কি উপায় করা যায় বলুন দেখি ?'

যাত্রীর গলার আওয়াজ আর তেমন কর্কণ নয়। মিসেস্ দাস ভাবলেন, তাঁর স্বাস্থ্যনিবাসের স্থাত থেয়ে তার মেজাজ নরম হয়ে গিয়েছে! যাহোক্, কথা কইতে নারাজ যাত্রীর সঙ্গে কথা কইবার স্থাগে পেয়ে মিসেস্ দাস খুব খুণী হয়ে বললেন, 'সেজতে আপনাকে কিছু ভাবতে হবে নী। আমি সব ব্যবস্থা করে দেবো অখন।' যাত্রী বললে, 'আজকেই সে ব্যবস্থা হতে পারে কি ?'

মিসেস্ দাস মাথা নেড়ে বললেন, 'আজ আর হয় না। মিস্টার দাস তাঁর এক বন্ধুকে দেখতে গেছেন, কখন ফিরবেন বলা যায় না। বুঝলেন মশাই ? তাঁর বন্ধুটি ট্রেন থেকে পড়ে মাথা ফাটিয়ে বসে আছেন।'—এই বলে যাত্রীর ব্যাণ্ডেজ-করা মুখের দিকে, একবার কোতৃহলী দৃষ্টি নিক্ষেপ করে আবার শুরু করলেন, ''আজকাল পথেদাটে দৈব-তুর্ঘটনা বড় বেশী বেড়ে গেছে, না মশাই ?'

মিসেস্ দাসের ইচ্ছা যে, যাত্রী নিজের মুখেই প্রকাশ করে তার মুখে ও মাথায় ব্যাণ্ডেজ বাঁধা কেন ? কিন্তু যাত্রী সে ধারও মাড়ালে না, হঠাৎ গলার আওয়াজ বদলে বলে উঠল, 'আচ্ছা, আমার লগেজ কাল এলেই চলবে! এখন আমি একটু একলা থাকতে চাই।'

— 'আমার সঙ্গে গল্প করতে রাজী নয়, এ কি রকম অসভ্য বলাক ?'

সবিশ্বয়ে এই কথা ভাবতে ভাবতে অত্যস্ত অভিমানভরে মিসেস্ দাস সে-ঘর থেকে বেরিয়ে গেলেন।

মিসেদ্ দাস একেবারে নীচের বৈঠকখানারী গিয়ে ধপাস্ করে একখানা চেয়ারের উপরে বসে পড়লেন। ঠিক বৈঠকখানার উপরেই ছিল যাত্রীর ঘর। সে যে নিজের মনে ঘরের ভিতরে পায়চারি করছে, তারই আওয়াজ মিসেদ্ দাসের কানের ভিতর এসে ঢুকল।

রতনবাবুর সন্দেহ

খানিক পরে মিস্টার দাসের এক বন্ধ্ সেই বৈঠকখানায় এসে হাজির হলেন। তাঁর নাম রামরতন—কিন্তু স্বাই তাঁকে ডাকে রতনবার বলে। তিনি মাঝে মাঝে এখানে তাঁর বন্ধু ও বন্ধুপত্নীর সঙ্গে গল্প করতে আসেন এবং সেই সময়ে ত্-একখানা 'টোস্ট' ও এক পেয়ালা চা পেলেই খুব খুনী হয়ে সদ্মবহার করে যান। স্বামীর বন্ধুদের জন্মে এরকম বাজে-খরচ হওয়া মিসেস্ দাস মোটেই পছন্দ করেন না। বলেন, 'আমাদের স্বাস্থ্যনিবাস ব্যবসার জায়গা—দাওব্য ভোজনালয় নয়, তুমি তোমার বন্ধুদের সাবধান করে দিও।' মিস্টার দাস তাঁর স্ত্রীর এই হুকুম পালন করেছিলেন কিনা জানি না, কিন্তু রতনবাবুর স্বাস্থ্যনিবাসে আনাগোনা বন্ধ হয় নি এবং এখানকার 'টোস্ট' ও চায়ের প্রতি তাঁর কিছুমাত্র অকচিও দেখা যায় নি।

রতনবাঁবুর একটি ঘড়ির দোকান ছিল। আজ তাঁকে দেখেই মিসেদ্ দাসের সেই কথা মনে পড়ে গেল। যাত্রী যে-ঘরে আছে সেই ঘরের একটা বড় ঘড়ি আজ তু'দিন বন্ধ হয়ে গেছে, কিছুতেই চলছে না। মিসেদ্ দাস স্থির করলেন, রতনবাবুকে আনক চাও 'টোস্ট' যোগান হয়েছে, তার বিনিময়ে তাঁকে দিয়ে বিনাম্ল্যে ঘড়িটাকে আজ আবার সচল করে নিতে পারলে বোকামি করা হবে না।

অতএব মিসেয়্ দাস সহাস্তামুখে রতনবার্কে অভ্যর্থনা করে বললেন, 'আস্ক্রন, আস্কুন! আমি আপনার জন্তেই অপেক্ষা করছিলুম!'

মিসেস্ দাস তাঁকে হাসিমুখে অভ্যর্থনা করবেন ও তাঁর জন্মে অপেক্ষা করে থাকবেন, রতনবাব্র এমন সৌভাগ্য আর কখনো হয় নি। কাজেই তিনি একেবারে আহলাদে-আটখানা হয়ে বললেন, 'বলেন কি মিসেস্ দাস! আমায় কি করতে হবে আজ্ঞে করুন।'

মিসেস্ দাস কোন রকম গৌরচন্দ্রিকা না করেই বললেন, 'ওপরের ঘরের একটা ঘড়ি থারাপ হয়ে গেছে, আপনি সেটা সারিয়ে, দিজে পারবেন ?'

রতনবারু মিসেস্ দাসের সাদর অভ্যর্থনা ও মিষ্ট হাসির অ্র্থ বুঝতে পারলেন। কিন্তু মুখের ভাবে কিছু প্রকাশ না করেই বললেন, 'বেশ তো, এ আর এমন শক্ত কি ? ঘড়িটা কোথায় আছে ?'

— 'ওপরের ঘরে। আসুন আমার সঙ্গে। ' এই বলে মিসেশ্ দাস চেয়ার ছেড়ে উঠে রতনবার্কে নিয়ে বৈঠকখানা থেকে বেরিয়ে গেলেন।

মিসেস্ দাস উপরে উঠে দেখলেন, যাত্রীর ঘরের দরজা বুর । বাইরে থেকেই জিজ্ঞাসা করলেন, 'ঘরের ঘড়িটা মেরামত করতে হবে। একবার ভেতরে যেতে পারি কি ?'

ভিতর থেকে আওয়াজ এল—'আস্বন'।

রতনবাবুকে নিয়ে মিসেস্ দাস ঘরের ভিতরে ঢুকলেন।

ঘরের কোণের চেয়ারে ছই হাতের ভিতরে মাথা রেখে যাত্রী হেঁটমুখে বসেছিল। সন্ধ্যা তখন আসন্ন। মিসেস্ দাস আলো জ্বালাবার চেষ্টা করতেই যাত্রী বলে উঠল, থাক্। এখনি আলো জ্বালতে হবে না।…হাা, ভালো কথা! আমার লগেজগুলো কাল সকালে পাবো কি ?'

মিসেস্ দাস বললেন, 'হাা, তা বোধ হয় পাবেন। আপনার লগেজগুলো কিসের ?'

— 'তার ভেতরে রাসায়নিক যন্ত্র আর অনেক রকম ওয়ুধের শিশি বোতল আছে। শ্রীপুর নির্জন বলেই আমি এখানে এসেছি। নির্জনে আমি রাসায়নিক পরীক্ষা করতে চাই। কোন রকম গোল-মালই অামি সহা করব না।'

মিসেস্ দার্সের কৌতৃহল আবার জেগে উঠল। তিনি তাড়াতাড়িবলে ফেললেন, 'আপনি কি ডাক্তারী করেন ?'

যাত্রী সে কথার জবাব না দিয়ে আপন মনেই বললে, 'আমি নির্জনে থাকতে ভালোবাসি। আমার চোথ এত থারাপ যে মোটেই আলো সইতে পারি না। সময়ে সময়ে আমাকে ঘরের দরজা-জানলা সব বন্ধ করে রাখতে হয়। অনেক সময় আমি আবার অন্ধকারেই থাকি। এ কথাগুলি দয়া করে মনে রাখবেন।'

মিসেস্ দ্বাস বললেন, 'নি*চয়, নি*চয়! আচ্ছা, আমার একটা কথার জবাব দেবেন কি—'

যাত্রী বাধা দিলে বললে, 'এখন আপনারা এ-ঘরে যা করতে এসেছেন, করুন'—বলেই সে অক্তদিকে মুখ ফিরিয়ে নিলে।

মিসেস্দাস আর সেখানে দাড়ালেন না—রাগে গস্গস্ করতে করতে ঘর থেকে বেরিয়ে গেলেন।


রতনবারু একখানা টুলের উপর উঠে দাঁড়িয়ে দেয়ালঘড়ির ডালা খুলে তার ভিতরটা পরীক্ষা করতে করতে হঠাৎ একবার মুখ তুলে দেখলেন, যাত্রী তার নীল-রঙা ঠুলি-চশনার ভিতর দিয়ে একদৃষ্টিতে তাঁর মুখের দিকে তাকিয়ে আছে: তার চোখ ছ'টো দেখা যাচ্ছিল না বটে, কিন্তু রতনবারুর মনে হল যেন ছ-ছটো অন্ধকারের গর্ত কট্মট্ করে তাঁকে নিরীক্ষণ করছে! তাঁর বুকটা ছাঁৎ করে উঠল! দে ভাবটা সামলে নেবার জন্মে রতনবারু তাড়াতাড়ি বলে উঠলেন, 'দেখছেন মশাই, আজকে আকাশের অবস্থাটা সে'টেই ভালো নয়!'

যাত্রীর মৃতি একটুও নড়ল না কিন্তু সে কর্কশ স্বরে বলে উঠল, 'একটা ঘড়ি ঠিক করতে কতক্ষণ লাগে? তাড়াতাড়ি কাজ সেরে সরে পড়্ন না ।'

রতনবারু অপ্রস্তুত স্বরে বললেন, 'আজ্রে হ্যা, আজ্রে হ্যা। এই, আর এক মিনিটেই হয়ে যাবে। 'তারপর মুখ বুজে চট্পট্ মেরামতি কাজ সেরে তিনি সে-ঘর থেকে অপরাধীর মতো সুড্সুড্ করে বেরিয়ে গেলেন।

স্বাস্থ্যনিবাস থেকে, বাইরে বেরিয়ে রতনবারু নিজের বাসার দিকে

অগ্রসর হলেন। খানিক পরেই মিস্টার দাসের সঙ্গে দেখা। তাঁকে দেখেই মিস্টার দাস বলে উঠলেন, 'আরে, আরে, রতন ধ্যে! খবর কি ?'



রতনবাবু মুখ ভার করে বললেন, 'দাস, খবর কড় ভালো নয়!'

- —'কেন ?'
- —'তোমার বাড়িতে একটা খুনে কি ডাকাত এসে আডডা জমিয়েছে!'

মিস্টার দাস চমকে উঠে বললেন, 'কি বল্চ হে ?'

— 'হাঁা, নিশ্চয়ই ফেরার আসামী! দেখছি স্বাস্থানিবাস এবার ৩৫৪ হেমেক্সমার রায় রচনীবলী: ২

পুলিশের জিম্মায় যাবে !'

মিস্টার দাস বললেন, 'বটে, বটে, তাই নাকি ? আচ্ছা, এখনি গিয়ে আমি সব ব্যবস্থা করছি।' এই বলেই ক্রতপদে বাড়িমুখো হলেন।

কিন্তু স্বাস্থ্যনিবাসে ফিরে তিনি একটি টুঁশন্দ করবার আগেই
মিসেস্ দাসই তাঁকে সচিংকারে আক্রমণ করলেন! বললেন,
'তোমার মতন শুমান্থবের হাতে পড়ে হাড় আমার ভাজা ভাজা হয়ে
গেল! আমি মরছি নিজের জালায়, আর উনি বেড়াচ্ছেন ফ্রি
করে! বাড়ি থেকে কখন বেরিয়েছিলে বলো দিকি ?'

মিস্টার দ্বাস আম্তা আম্তা করে বললেন, 'একেবারে রণরঙ্গিণী স্থৃতি ধারণ করে আমাকে আর ভয় দেখিও না গো! আমি তো তোমার কাজেই বাইরে গিয়েছিলুম।'

নিসেদ্, দাস একটু নরম হয়ে বললেন. 'এখানে একজন নতুন লোক এসেছে, আর তুমি রইলে বাইরে! ফরমাজ কে খাটে বলো দিকি ?'

মিস্টার দাস বললেন, 'নতুন লোক ? কে নতুন লোক ? শুনলুম তাঁকে নাকি চোর-ডাকাত-খুনের মতন দেখতে ?'

মিসেদ্ দান তেলে-বেগুনে জ্বলে উঠে বললেন, 'সে তো আমাদের জামাই নয়! সে ভালো কি মন্দ দেখতে—তা নিয়ে আমাদের দরকার কি ?'

মিন্টার দাস বললেন, 'না তা নিয়ে আমাদের দরকার নেই বটে, কিন্তু তাকে পুলিশের দরকার হতে পারে।'

মিসেস্ দাস রাশভারি চালে বললেন, 'থামো, থামো! তোমাকে আর বেশী বাজে বকতে হবে না, নিজের চরকায় তেল দাওগে যাও!'

মিস্টার দাসের আর কিছু বলবার সাহস হল না। তিনি মনে মনে এই ভাবতে ভাবতে অগুদিকে চলে গেলেন, 'মেয়েরা চিরকালই এমনি বোকা হয়! বিপদে না পড়লে তারা বিপদকে বিপদ বলে বুঝতেই পারে না।'

পৃথিবীর মধ্যে সবচেয়ে ওঁচা জীব

পরের দিন সকাল বেলায় যাত্রীর লগেজগুলো এসে হাজির হল।

গাড়ি থেকে লগেজগুলো যথন নীচে নামানো হচ্ছিল, যাত্রীঞ্জ্ তথন সেখানে এসে ব্যস্ত হয়ে তদ্বির করতে লাগল। লগেজের মধ্যে ছিল গোটা-ছয়েক বড় বড় পোর্ট্ ম্যান্টো, ছ-বাক্স ভর্তি মোটা মোটা বই, আর অনেকগুলো শিশি বোতল—তাদের ভিতরে টল্টল করছে নানান রঙের ওষুধের মতন তরল জিনিস।

মিস্টার দাসের একটা কুকুর ছিল, তার নাম হচ্ছে ডগি। যাত্রী তাকে দেখতে পায়নি, কিন্তু সে যাত্রীকে দেখতে পেলে। দেখে সে আর বেশী কিছু করলে না, দৌড়ে এসে কেবল যাত্রীর পায়ের উপরে দিলে দাঁত খিঁচিয়ে এক কামড়। মিস্টার দাস তাঁড়াতাড়ি ছুটে গিয়ে ডগিকে এক লাখি মেরে নিজের বীরছের পরিচয় দিলেন। ডগি কেঁউ-কেঁউ করে কাঁদতে কাঁদতে সরে পড়ল। যাত্রীর কাপড়ের খানিকটা ছিঁড়ে ফালা-ফালা হয়ে গিয়েছিল, সেও তাড়াতাড়ি বাড়ির উপরে উঠে গেল।

মিসেস্ দাস বললেন, 'যেমন মনিব তার তেমনি কুকুর! তোমার কুকুর যদি অতিথিদের সঙ্গে এই রকম ব্যবহার করে তাহলে শীগগিরই আমাদের স্বাস্থ্যনিবাস তুলে দিতে হবে!'

মিস্টার দাস বললেন, 'সত্যি, ডগির অপরাধ আমি স্বীকার করছি! ভদ্রলোকের কি হল আমি এখুনি গিয়ে দেখে আসছি।'

তিনি সিধে উপরে গিয়ে উঠলেন। যাত্রীর ঘরের দরজা খোলাই ছিল, চৌকাঠ পার হয়ে তিনি ঘরের ভিতর গিয়ে দাঁড়ালেন।

ঘরের জান্লাগুলো আগেকার মতই বন্ধ ছিল। ভিতরের আধা-অন্ধকারে স্পষ্ট করে কিছুই দেখা যায় না। কিন্তু মিস্টার দাস যেন কি একটা অদুত জিনিস দেখতে পেলেন। ষেন ছায়া-ছায়া কি একটা নড়ে-চড়ে বেড়াচ্ছে, যেন একখানা বাহুহীন হস্ত শৃষ্টে ভাসতে ভাসতে তাঁর দিকে এগিয়ে আসছে! তারপর কী যে হল স্পষ্ট বোঝা গেল না, কিন্তু কে যেন এক ধাকা মেরে তাঁকে ঘরের বাইরে তাঁড়িয়ে দিলে! সঙ্গে সংস্ক তুম্ করে দরজাটা বন্ধ হয়ে গেল ও থিল দেওয়ার শব্দ হল! ব্যাপারটা এত তাড়াতাড়ি ঘট্ল যে মিস্টার দাস কিছুই আন্দাজ করতে পারলেন না। ছায়াময় ঘর, অস্পষ্ট একটা আকারের আভাস ও বিষম এক ধাকা! অত্যন্ত অবাক্ হয়ে মিস্টার দাস ভাবতে লাগলেন, তিনি স্বচক্ষে যা দেখলেন সেটা হচ্ছে কী গ

হতভম্ব হয়ে কিছুক্ষণ সেইখানে দাঁড়িয়ে থেকে, মিস্টার দাস চিস্তিতমুখে নীচে নেমে বৈঠকখানায় গিয়ে চুকলেন। সেখানে তথন স্বাস্থ্যনিবাসের ভাড়াটি বাসিন্দাদের জটলা শুরু হয়ে গেছে। এবং মিসেস্ দাস সকলের সামনে দাঁড়িয়ে হাত-মুখ নেড়ে বক্তৃতা দিচ্ছেন— 'পৃথিবীতে ফত রকমের জীব আছে তার মধ্যে সবচেয়ে ওঁচা জীব হচ্ছে, কুকুর। আর পৃথিবীতে যত রকমের কুকুর আছে, তার মধ্যে সবচেয়ে ওঁচা কুকুর হচ্ছে, ডগি। স্বাস্থ্যনিবাসের অতিথিদের ওপরে ডগির কোনই দরদ নেই। ভজলোককে সে আজ কানড়ে দিয়েছে! না জানি এখন তাঁর কতই কষ্ট হচ্ছে!'

মিস্টার দাস বললেন, 'তোমার অতিথির জক্তে তোমাকে কিছুই ভাবতে হবে না! বুবাধ হয় তাঁর বিশেষ কিছুই হয়নি। তার চেয়ে লগেজগুলো ঘরের ভেতরে আনাবার ব্যবস্থা কর।'

পিছন থেকে গলার আওয়াজ এল, 'না, না—আমার কিছুই হয়নি! লগেজগুলো তাড়াতাড়ি আমার ঘরে পাঠাবার বন্দোবস্ত করুন।'

সকলে ফিরে দেখলে জামা-কাপড় বদলে যাত্রী আবার নীচে নেমে এসেছে। লগেজগুলো যেই ঘরের ভিতরে নিয়ে যাওয়া হল অমনি যাত্রীর আর তর্ সইল না। তথনি ব্যস্তভাবে সে পোর্ট্- ম্যান্টো ও বাক্সগুলো খুলে ফেললে। তাদের ভিতর থেকে বেরিয়ে পড়ল মোটা বোতল, বেঁটে বোতল, ঢাঙা বোতল; কোনটার রং নীল, কোনটার লাল, কোনটার বা সবুজ; অনেকগুলোর গায়ে বড় বড় হরফে 'বিষ' বলে লেখা রয়েছে। পাংলা পুরু লম্বা ছোট কড় রকমের বই! টেবিলের উপরে এসব শিশি বোতল সাজিয়ে নিয়ে, সামনের চেয়ারে বসে যাত্রী এক মনে কি কাক্ষ করতে লাগল।

ত্থুর বেলায় মিসেদ্ দাস যখন উপরে এলেন, তখন ঘরের চেহারা দেখেই তাঁর চক্ষুস্থির! প্যাকিংয়ের চটে, খড়ের টুকরোয় ও দড়িদড়ায় তাঁর ঘরের মেঝে আচ্ছন্ন হয়ে গেছে! 'তিনি তখনি সেই জঞ্চালগুলোকে নিজের হাতে ঘরের ভিতর থেকে বিদায় কর্মে: দিতে লাগলেন। যাত্রী তখন এমন এক মনে কাজ করছিল যে মিসেদ্ দাসের অস্তিত্ব টেরই পেলে না।

মিসেস্ দাস ঘর পরিষ্কার করে বললেন, 'আপনি চারদিক এমন নোংরা করে রাখবেন না। তাহলে স্বাস্থ্যনিবাসের বদনাম হবে।'

যাত্রী চমকে ফিরে তাকালে। তখন সে চোখ থেকে চশূমা খুলে রেখেছিল। মিসেদ্ দাসের মনে হল তার চোখির কোটরে যেন. চোখ ছটো নেই, খালি ছটো গর্ত! মিসেদ্ দাস ভাবলেন তাঁরই দেখবার ভুল। যাত্রী তখনি চশমাখানা আবার পরে নিলে।

তারপর বললে, 'আপনি সাড়া না দিয়ে ঘরের ভেতরে এলেনা কেন ?'

মিসেস্ দাস বললেন, 'আমি সাড়া দিয়েছিলুম, আপনি শুনতে পান্নি—'

যাত্রী বাধা দিয়ে বললে, 'হতে পারে কিন্তু সামাক্ত একটু শব্দেই আমার কাঞ্জের বড় ক্ষতি হয়।'

মিসেস্ দাস বললেন, 'তাহলে আপনি তো এক কাজ করতে পারেন! এবার থেকে আপনি যখন কাজ করবেন, ঘারের দরজায় ভেতর থেকে খিল দিয়ে রাখবেন।'

- 'এ খুব সঙ্গত কথা।' '
- · —'কিন্তু মশাই, এই খড়গুলো—'

যাত্রী আবার বাধা দিয়ে বললে, 'ঘরের ভেতরে খড়কুটো পড়লে তা নিয়ে আপনাকে মাথা ঘামাতে হবে না। যদি কিছু লোকসান হয়, আপনি আমার কাছ থেকে টাকা আদায় করে নেবেন।'

মিসেস্ দাস কৈবল বুদ্ধিমান স্ত্রীলোক নন, তাঁকে নাছোড়বান্দাও বলা যেতে পারে। তিনি বললেন, 'কিন্তু আজ এই যে আপনি আমার ঘর-দোর নোংরা করেছেন—'

যাত্রী বললে, 'তার জন্মে আমার পাঁচ টাকা জরিমানা হল। ব্যস্ত এখন আর কোন কথা নয়।'

মিসেস্ দাস খুব খুশীমুথে ঘর থেকে বেরিয়ে গেলেন। যাত্রীর কর্মশ কথা ও ব্যবহারের জন্মে এখন আর তাঁর মনের উপরে কোন দাগই পড়ল না, কারুণ এমন পাঁচ টাকা জরিমানা পেলে মনের সব ময়লাই ধুয়ে যায়!

এরই খানিকক্ষণ পরে মিসেস্ দাস যথন আবার যাত্রীর ঘরের স্থম্থ দিঁয়ে যাচ্ছিলেন, তথন বন্ধ-দারের ওপার থেকে হঠাং একটা ঝন্ঝনানির আওয়াজ তাঁর কানে গিয়ে ঢুকল। কে যেন শিশি বোডল-সাজানো টেবিলের উপরে সজোরে এক স্থুষি বসিয়ে দিলে! তিনি থমকে দাঁড়িয়ে পড়লেন এবং তারপরেই যাত্রীর গলার আওয়াজে শুনলেন—'আমি আর পারছি না, আমি আর পারছি না।—এর জন্তে আমার সারা জীবনই কেটে যাবে! অস্থির হবো না ? অস্থির না হয়ে আর উপায় কি ? হা-রে নির্বোধ!'

হাত নেই—হাতা

শ্রীপুরের স্বাস্থ্যনিবাসে যাত্রীর দিন একভাবেই কাটতে লাগল ি

শ্রীপুরের ঘরে ঘরে কিন্তু গুজবের অন্ত নেই। যাত্রীর সেই আপাদমন্তক ঢাকা ব্যাণ্ডেজ-করা কিন্তুত-কিমাকার মৃতি দেখলেই শ্রীপুরের পথ থেকে ছোট ছোট ছেলেমেয়েরা "ভূত! ভূত!" বলে চিংকার করে ছুটে পালিয়ে যায়! পথের উপরে রাত্রিকালে যাত্রীর, মৃতি দেখলে ছেলেমেয়েদের বাপেদেরও গা ছম্ছম্ করে ওঠে! যাত্রী কারুর সঙ্গে মেশে না, তার পরিচয়ও কেউ জানে না, এত ঠাই থাকতে কেন যে সে শ্রীপুরে এসে আবিভূত হয়েছে, সে রহস্তও কেউ বুঝতে পারে না! শ্রীপুরের পাড়ায় পাড়ায় যাগ্রীর কথা নিয়ে উত্তেজনার অস্ত নেই!

রতনবার্র আগেকার মত তো আমরা আগেই জ্লানতে পেরেছি। আগে তিনি যাত্রীকে খুনী ও ডাকাত বলেই প্রচার করতেন। এখন ভাঁর মতে, যাত্রী হচ্ছে 'সর্বনেশে স্বদেশী বোমাওয়ালা।'

যাত্রী সারাদিন বন্ধ-দরজার আড়ালে বসে তার শিশি বোতল আর বইগুলো নিয়ে নাড়াচাড়া করে, মাঝে মাঝে ঘরের ভিতরে পায়চারি করতে করতে নিজের মনেই নিজের সঙ্গে কথাবার্তা কয় এবং যথন সন্ধ্যার অন্ধকারে চারিদিক আচ্ছন্ন হয়ে আ্সে, তথন আগা-পাশতলা জামা-কাপড়ে মুড়ে শ্রীপুরের নির্জন পথে একলাটি বেড়াতে বেরোয়!

কেউ কেউ মিসেস্ দাসকে জিজ্ঞাসা করে, 'যাত্রীর নাম কি ?'

মিসেস্ দাস জবাব দেন, 'তিনি নাম আমাকে বলেছিলেন কিন্তু আমি ভূলে গিয়েছি!'—কিন্তু কথাটা সত্যু নয়। নিজৈর মুখ ও যাত্রীর সুনাম রক্ষা করবার জন্মেই মিসেস্ দাস ও-রকম বাজে কথা

বলতে বাধ্য হন। যাত্রীর ব্যবহার খুব ভক্ত ও গলার আঁওয়াজ খুব মিষ্ট না হলেও "স্বাস্থ্যনিবাসে"র বিলের টাকা কোনদিনই সে বাকি বাথে নি এবং মিসেদ্ দাসকে মাঝে মাঝে জরিমানার টাকা দিতেও -কোনদিন সে আপত্তি করেনি। মিসেস্ দাসের মতে এমন প্রথম-্শ্রেণীর অতিথি জীবনে একবার মাত্রই পাওয়া যায়।

মিস্টার দাস একথা মানতেন না। যাত্রীকে তাঁর মনে ধরে নি। রতনবারুর মতন তিনিও যাত্রীকে মনে মনে সন্দেহ করতেন।

কিন্তু মিসেস দাসের সামনে এ-সন্দেহ প্রকাশ করলেই ব্যাপারটা শুরুতর হয়ে উঠত। তিনি ঘন-ঘন হাত-মুখ নেড়ে বলতেন, 'আহা, কোন দৈৰ-ছৰ্ঘটনায় বেচারীর মুখে চোট লেগেছে তাই সে ব্যাণ্ডেজ বেঁধে থাকে। স্বাস্থ্যনিবাসে সে সারতে এসেছে। চোর-ডাকাত হলে ্সে কখনো বিলের টাকা এমন করে শোধ করতো ?'

শান্তিভঙ্গের ভয়ে মিস্টার দাস আর কিছুই বলতেন না।

প্রির এক সর্কারী ডাক্তার ছিলেন, তাঁর নাম মানিকবার। নানান্লোকের মুখে নানান্কথা শুনে একটা বাজে ওজর নিয়ে মানিকবার একদিন যাত্রীর সঙ্গে দেখা করতে এলেন।

মানিকবাবু খরের ভিতরে ঢুকে দেখলেন, ইজিচেয়ারের উপরে · একথানা বই নিয়ে ব্যাণ্ডেজ-করা মুখে এক ব্যক্তি শুয়ে আছে।

তাঁকে দেখেই লোকটা উঠে বসে গম্ভীর স্বরে বললে, 'এখানে আপনার কি দরকার ?'

মানিকবার বললেন, 'মশাই, আমি সরকারী হাসপাডালের জন্মে চাঁদা আদায় করতে এসেছি।'

याजी कँगार् करत एँरा करल वनल, 'वर्ष !' মানিকৰাবু শুধোলেন, 'কিছু দেবেন কি ?'

যাত্রী আবার হেঁচে বললে, 'মে কথা পরে ভাবা যাবে।' ভারপর আবার হাচলে!

मानिकवार् वललनः 'व्यव शांठाएन क्वन ? मिं शांदाए नाकि ?' অদৃত্য মাত্ৰৰ • ৩৬১ যাত্রী বললে, 'হাঁা।' মানিকবার বললেন, 'আমি ডাক্তার। সদির একটা ওযুধ লেখে দেবো ?'



যাত্রী আবার নিজের কেতাবের দিকে তাকিয়ে বললে, 'সেটা আপনার ইচ্ছে!'

মানিকবারু নিজের পকেট থেকে এক টুকরো কাগজ আর পে নিল বার করে কি একটা ওষুধের নাম লিখলেন। তারপর সেই কাগজের টুকরোটা যাত্রীর দিকে এগিয়ে দিয়ে বললেন, 'এই নিন।'

আলোয়ানের ভিতর থেকে জামার একটা হাতা বেরুলো ! কেবল জামার হাতা—মামুষের হাতের কোনই চিহ্ন নেই ! অখচ সেই হস্তহীন

ट्रिंसक्क्रमात्र त्रात्र त्राव्यावनी : २

জামার হাতা ঠিক স্বাভাবিক ভাবেই এগিয়ে এসে শানিকবার্র হাত থেকে কাগজের টুকরোটা গ্রহণ করলে! ভয়ন্কর বিশ্বয়ে তাঁর ছাই চক্ষু ছানাবড়ার মতন হয়ে উঠল! এবং মানিকবার্র মুখ-চোখের ভাব দেখেই যাত্রী জামার হাতাটা সাঁৎ করে আবার আলোয়ানের ভিতরে ঢুকিয়ে ফেললে!

সেই কন্কনে শীতেও মানিকবাবুর কপালে ঘামের কোঁটা ফুটে উঠল। অক্ট্র স্বরে তিনি বললেন, 'আপনার কি হাত কাটা গেছে? কিন্তু কাটা হাতে আপনি আমার হাত থেকে কাগজের টুকরোটা। নিলেন কেমন করে?'

— 'তাই নাঁকি ?' বলেই যাত্রী সিধে হয়ে উঠে দাঁড়াল।
মানিকবারু হু'পা পিছিয়ে এসে বললেন, 'হাা। আপনার হাত
নেই থালি জামার হাতা আছে!'

যাত্রী ত্ব'পা এগিয়ে এসে ব্যঙ্গের স্বরে বললে, 'আমার হাত নেই
—খালি জামার হাতী আছে! বটে ?'—আলোয়ানের ভিতর থেকে
আবার হস্তহীন জামার হাতা বেরুলো—হাতাটা একেবারে
মানিকবাবুর মুথের সামনে এসে হাজির হল—তারপর কে যেন ছটো
অদৃশ্য আঙ্গুল দিয়ে তাঁর নাকটা খুব জোরে মলে দিলে!

এর পরেও কোন ভদ্রলোকেরই সে-ঘরে থাকা উচিত নয়! মানিকবার তিন লাফে দরজা পেরিয়ে ঘরের বাইরে গিয়ে পড়লেন। তারপর ছদ্দাড় করে সিঁড়ি দিয়ে নামতে নামতে শুনলেন, ঘরের ভিতর থেকে যাত্রী অট্টহাস্থ করে উঠল!

স্বাস্থ্যনিবাসের বৈঠকখানায় বসে মিন্টার দাস তথন মিসেস্ দাসের সঙ্গে তর্ক করছিলেন। হঠাৎ মড়ার মতন সাদা মুখ নিয়ে মানিক-বাবুকে সেখানে আসতে দেখে তিনি তাড়াতাড়ি উঠে দাঁড়িয়ে বললেন, 'কি হয়েছে মানিকবাবু, অত ছুটে আসছেন কেনু ? ডগি তাড়া করেছে বুঝি ?'

মানিকবার্ব ছুটে গিয়ে একথানা চেয়ারের উপরে ধপাস্ করে বঙ্গে অদুশ্র মাহুষ পড়ে বিষম^ হাঁপাতে হাঁপাতে বললেন, 'মিস্টার দাস! ওঃ, হাত নেই—খালি জামার হাতা!'

মিস্টার দাস সবিস্ময়ে বললেন, 'কি বলছেন ডাক্তারবারু ? হাত নেই—জামার হাতা ?'

মানিকবার্ বললেন, 'হাা, হাা। হাত নেই—জামার হাতা। ওপরের ঘরের সেই ভূতুড়ে লোকটার হাত নেই—থালি জামার হাতা আছে। জামার হাতা দিয়ে সে আমার নাক মলে দিলে।' বলেই তিনি হুই চোখ কপালে তুলে অজ্ঞান হয়ে গেলেন।

ডাক্তারের বাড়িতে চুরি

সরকারী হাসপাতালের এক অংশে সরকারী ডাক্তার মানিকবার্
স্ত্রী-পুত্র নিয়ে বাস করতেন।

হস্তহীন জামার হাতা দেখে মানিকবাবুর শরীরটা আজ বেজায় কাহিল হয়ে পড়েছিল। মিন্টার ও মিসেস্ দাস ও নিজের স্ত্রী বিমলার কাছে বারবার তিনি এই গল্প বলেছেন কিন্তু তাঁর কথায় ওঁরা কেউই বিশাস করতে রাজী হন নি। তাঁদের সকলেরই মত হচ্ছে, জামার হাতাটা হয়তো বেশী লম্বা ছিল বলেই হাতথানা তিনি দেখতে পান নি। শেষটা মানিকবাবু নিজেও মনে করলেন, হয়তো সেই কথাই ঠিক হবে, তাঁরই চোথেক ভুল!

অনেক রাতে মানিকবার্র ঘুম হঠাৎ ভেঙে গেল। ঘুম ভাঙতেই তিনি শুনলেন তার স্ত্রী বিমলা তাঁকে ধান্ধা মারতে মারতে বল্ছেন, 'ওগো ওঠো!—শীগগির ওঠো!'

মানিকবার ধড়মড়িয়ে উঠে বসে বললেন, 'কি গো, কি হয়েছে ?'
—'চোর, চোর! বাড়িতে চোর এসেছে!'

চোর নামে কি যাত্ব আছে ! এক পলকে মানিকবাবুর সব জড়তা কেটে গেল, এক লাফে ঘরের কোণে গিয়ে একগাছা মোটা লাঠি তুলে নিয়ে, মাথার উপরে বন্বন্ করে ঘোরাতে ঘোরাতে তিনি বললেন, 'কোথায় সেই বদ্মাইস ? দেখিয়ে দাও আমাকে !'

স্বামীর বীরত্ব দেথে বিমলা আশ্বস্ত হলেন না, তাড়াতাড়ি বলে উঠলেন, 'আপাতত তোমার লাঠি ঘোরানো থামাও। চোর এ-ছরে নেই।'

মানিকবাশ্ব স্ত্রীর কৃথামৃত কাজ করে বললেন, 'তবে সে হতভাগা কোথায়!'

অদুখ্য মাসুষ

বিমলা বললেন, 'পাশের ঘরে। চুপিচুপি আমার সঙ্গে এস, নইলে তাকে ধরতে পারবে না।'

তৃজ্বনে চুপিচুপি ঘর থেকে বেরিয়ে পাশের ঘরের দরজার সামনে দাঁড়িয়েই শুনলেন, অন্ধকারে ফাঁচ করে কে হেঁচে ফেললে। তারপরেই 'সুইচ' টিপে কে আলো জাললে। তারপরেই শোনা গেল কে যেন দেরাজের দরজাটা টেনে খুলে ফেললে।

মানিকবাবু একেই তো চোর-টোর পছন্দ করতেন না, তার উপরে যথন তাঁর মনে পড়ল, দেরাজের ভিতরে আজ সকালেই তিনি পাঁয়ত্রিশথানা দশ টাকার নোট রেথে দিয়েছেন, তখন' আর কিছুতেই তিনি শাস্ত হয়ে থাকতে পারলেন না। 'কে রে, কে রে' বলে বিকট স্বরে চ্যাচাতে চ্যাচাতে এবং লাঠি ঘোরাতে ঘোরাতে মহাবেগে তিনি স্বরের ভিতর প্রবেশ করলেন।

বিমলাও ঘরে ঢুকে বললেন, 'ওগো থামো - থামো!'

কিন্তু মানিকবাবু থামলেন না, দিগুণ উৎসাহেই লাঠি ঘোরাতে লাগলেন।


বিমলা আবার বললেন, 'ওগো মহাবীর, আঁর লাঠি ঘুরিয়ে কাজ নেই! চোর পালিয়েছে!'

লাঠি ঘোরানো থামিয়ে মানিকবারু আশ্চর্য হয়ে বললেন, 'পালিয়েছে! কোন দিক দিয়ে পালালো ?'

विभना वनलन, 'जानि ना।'

মানিকবাবু অবাক্ হয়ে চারিদিকে চেয়ে দেখলেন, সত্যই ঘরের মধ্যে কেউ নেই! এ ঘরের দরজা তো নোটে একটি, আর তার সামনে পথ জুড়ে দাঁড়িয়ে আছেন তাঁরা হুজনে। তবে চোর পালালো কোন দিক দিয়ে ?

মানিকবাৰ বললেন, 'কিন্তু তখন ঘরের ভেতরে ঠাচলে কে ?' বিমলা বললেন, 'আর ঘরের ভেতরে সুইচ,টিপে আলো জ্বাললে কে ?' ্মানিকবাব বললেন, 'আর দেরাজটাই বা খুলল কে !'
বিমলা দেরাজের কাছে গিয়ে উকি মেরে বললেন, 'আর তোমার
দেরাজের ভেতর থেকে সাড়ে তিনশো টাকাই বা গেল কোথায় !'



এ সব কথার উত্তর কেউ দিল না বটে, কিন্তু ঘরের ভিতরেই কে আবার ফ্যাচ কঁরে হেঁচে ফেললে।

মানিকবাবু ও বিমলা ভয়ানক চমকে উঠলেন।

তারপরেই তাঁরা হতভম্ব হয়ে দেখলেন, ঘরের দরজাটা আপনা-আপনি আল্ডে আল্ডে বৃদ্ধ হয়ে গেল—ও সঙ্গে সঙ্গে শোনা গেল বাহির থেকে দরজায় কে শিকল তুলে দিলে!

অনুভা মাত্ৰ

বিমলা দৌড়ে গিয়ে দরজাটা টেনে বললেন, 'দরজা কে বন্ধ করে দিয়ে গেছে।'

মানিকবার্র হাত থেকে প্রথমে লাঠি থসে পড়ল, তারপর তিনি নিজেও কাঁপতে কাঁপতে মাটির উপরে বসে পড়লেন এবং তারপর কপালে ছই চোখ তুলে তিনি বললেন, 'গিন্নী! হাত নেই—খালিং জামার হাতা! মানুষ নেই—তবু হাঁচি! চোর নেই—তবু টাকাংলাপাট্! গিন্নী, আমাকে তুমি ধরো—আমার ঘাড়ে আজ ভূতে ভর্ক করেছে!' বলেই তিনি অজ্ঞান হয়ে গেলেন।

বিমলা স্বামীর কাছে গিয়ে বসে পড়তে পড়তে গুনতে পেলেন ঘরের বাইরে কে থিল্থিল্ করে হেসে উঠল।

টেবিল-চেয়ারের নাচ

যে-সময়ে মানিকবার চোখ কপালে তুলে অজ্ঞান হয়ে গেলেন, ঠিক সেই সময়ে স্বাস্থানিবাসে আর এক দৃশ্যের অবতারণা হল।

মিসেস্ দাসের শরীর অনেক রাত্রে হঠাৎ থারাপ হয়ে পড়াতে, মিস্টার দাস একটা ওয়ুধের থোঁজে বৈঠকখানার দিকে গেলেন।

যাত্রীর খরের স্থুমুখ দিয়ে যাবার সময় মিস্টার দাস অবাক্ হয়ে দেখলেন, সে- ঘরের দরজা খোলা রয়েছে!

তাঁর কেমন সন্দেহ হল। দরজার পাশেই আলোর 'সুইচ'টা ছিল, আলো জ্বেল দেখলেন ঘরের ভিতরে যাত্রী নেই! ঘড়ির দিকে চেয়ে দেখলেন, রাত তখন তিনটে। এত রাত্রে যাত্রী কোথায় গেল? ভাবতে ভাবতে তিনি নেমে গিয়ে বৈঠকখানার ভিতরে চুকলেন। তারপর ওষুধের শিশিটা নিয়ে ফিরে আসবার সময় তাঁর চোখ পড়ল সদর দরজার উপরে। সদর দরজার ভিতর দিকের খিল খোলা! মিস্টার দাসের বেশ মনে পড়ল, তিনি নিজের হাতে খিল লাগিয়ে দিয়ে গেছেন।

কিছুই আর ব্ঝতে বাকি রইল না। তাড়াতাড়ি নিজের ঘরে ফিরে গিয়ে মিসেস্ দাসকে ডেকে তিনি বললেন, 'গুগো, শুনচো १ ব্যাপার গুরুতর!'

মিসেস্ দাস তাঁড়াতাড়ি উঠে বসে বললেন, 'তার মানে ?'

— 'রতনবাঁবুর কথাই ঠিক। আমাদের এই নৃতন ভাড়াটেটা হয়-খুনী, নয় ডাকাত, নয় স্বদেশী বোমাওয়ালা।'

মিসেস্ দাস এবারে দাঁড়িয়ে ডঠে আবার বললেন, 'তার মানে ?'

—'সে লোকটা ঘ্রে নেই। সদর দরজা খোলা। এই নিশুত রাতে বাড়ির বাইরে সে কি করতে গেছে ?'

অদৃশ্য মাহ্ৰ

মিসেস্ দাস হাত-মুখ নেড়ে বললেন, 'তোমার কথা আমি বিশাস করি না।'

— 'তাহলে নিজের চোখে দেখবে এসো।'

তৃজনে ঘর থেকে বেরিয়ে এলেন। সঙ্গে সঙ্গেই শুনলেন, সদর দরজা খোলার ও বন্ধ করার শব্দ! তৃজনেই বিশ্বিত হয়ে তৃজনের মুখের দিকে একবার তাকিয়ে দেখলেন—কেউ কিছু বললেন না।

হুজনে যখন সিঁড়ির কাছে এসে দাঁড়িয়েছেন, হঠাং ফাঁচ্ করে হাঁচির শব্দ হল !

মিস্টার দাস ভাবলেন, তাঁর স্ত্রী বোধ হয় হেঁটে ফেললেন। মিসেস্ দাসের ধারণা হল ঠিক উপ্টো—এ হাঁচি নিশ্চয়ই তাঁর স্বামীর!

মিসেস্ দাস যখন যাত্রীর ঘরের কাছে এসেছেন, তখন ঠিক তাঁর কাঁধের উপরে আবার কে হেঁচে দিলে। এবারে চমকে মুখ ফিরিয়ে তিনি দেখলেন, মিস্তার দাস তাঁর কাছ থেকে প্রায় দশ-বারো হাত তফাতে আছেন। অথচ হাঁচির শব্দ হল ঠিক তাঁর কানের কাছেই! মিসেস দাস অত্যন্ত বিশ্বিত হলেন, কিন্তু কিছুই বুঝতে পারলেন না!

ত্বজনে ঘরের ভিতরে ঢুকলেন। যাত্রীর জ্বতো, জামা, কাপড়, আলোয়ান ও সেই বিশ্রী ব্যাণ্ডেজগুলো ঘরের মেঝেঁয়, টেবিলের ও বিছানার উপরে ছড়িয়ে পড়ে রয়েছে!

আচম্বিতে তাঁরা স্তম্ভিতচক্ষে দেখলেন, জুতোজোড়া প্রথমে সঙ্গীব হয়ে নড়ে উঠল, তারপর গট্গট্ করে বিছানার কাছে গিয়ে থেমে পড়ল!

মিসেস্ দাস হতভম্বের মতন তুই চোথ ত্ব'হাতে রগ্ড়ে আবার ভালো করে চাইতেই দেখলেন, যাত্রীর ঠুলি-চশমাখানা শৃত্যে স্থির হয়ে তাঁর দিকেই যেন কট্মটু করে চেয়ে আছে!

তারপরেই ঘরের টেবিলটা হঠাৎ জ্যান্ত হয়ে হড়াৎ করে এগিয়ে এসে মিস্টার দাসকে মারলে এক বিষম ধান্ধা!

তারপরেই চেয়ারখানা হঠাৎ শৃত্যে লাফিয়ে উঠল এবং বেগে
হৈমেন্দ্রকুমার রায় রচনাবলী : ২

শিসেস্ দাসের দিকে তেড়ে এল !—কিন্তু মিসেস্ দাস চেয়ারের মনোবাসনা পূর্ণ করলেন না, তীরের মতন ছুটে ঘরের ভিতর থেকে •পালিয়ে গেলেন! তাঁর স্ত্রী যে এমন বেগে ছুটতে পারেন, মিস্টার



দাস এতদিনেও তা জানতে পারেন নি। বলা বাছল্য তিনিও আর সে ঘরে রইলেন না।

মিসেস্ দাস নিজের ঘরের স্থমুখে গিয়ে মাটির উপরে ধড়াস্ করে আছাড় থেয়ে পড়লেন এবং সে-অবস্থায় যেমন করে চ্যাঁচানো উচিত, ঠিক তেমনি করেই চ্যাঁচাতে কিছুমাত্র কস্থর করলেন না।

সে-রার্থে সমস্ত স্বাস্থ্যনিবাসের ঘুম ভেঙে গেল। সকলেই ঘটনা-স্থলে ছুটে এল। জিজ্ঞাসা করতে লাগল—কি হয়েছে? আগুন লেগেছে? ডাকাত পড়েছে নাক? প্রভৃতি।

মিসেস্- দাস হাপুস চোথে কাঁদতে কাঁদতে হাত নেড়ে নেড়ে বিনিয়ে বিনিয়ে বললেন, 'হায়, হায়, হায় ! ও চেয়ার যে আমার অদুশ্য মাঁমুষ বাবার দেওয়া গো! অমন পুরনো আর বিশ্বাসী চেয়ার কিনা আঞ্চ আমাকেই তেড়ে এলো? ওগো, আমাদের ঐ ব্যাপ্তেজ-বাঁধা নতুন ভাড়াটেটা ভূতের সর্দার! তার মন্ত্রে আমার পুরনো টেবিল-চেয়ারের ঘাড়ে ভূত চেপেছে! সারা ঘর জুড়ে টেবিল আর চেয়ার নাচ আরম্ভ করেছে! আমি কেতাবে পড়েছি, ভূতে পেলেই টেবিল-চেয়ার জ্যান্ত হয়ে নাচতে থাকে।

মিস্টার দাস বললেন, 'হাা, কেতাবে আমিও টেবিল-চেয়ার জ্যান্ত হওয়ার কথা পড়েছি বটে! কিন্তু খালিজ্বতো যে জ্যান্ত হয়ে নিজেই হাটাহাঁটি শুরু করে, কেতাবে এমন কথা তো কখনো পড়িনি!'

মিসেস্ দাস বললেন, 'আর সেই চশমাখানা? সেখানাও তো ঘরময় পাখীর মতো উড়ে বেড়াচ্ছিল! মাগো মা, এমন অনাস্টি কেউ কখনো দেখেছে না গুনেছে?'

সকলে মিলে দাঁড়িয়ে গোলমাল করছে, এমন সময় যাত্রী উপর থেকে নেমে সেইখানে এসে দাঁড়ালো। কর্কশ স্বরে বললে, 'এত গোলযোগ কিসের শুনি ? রাতটা স্প্তি হয়েছে ঘুমোবার জন্তে, চিংকার করবার জন্তে নয়। এ-সব আমি সহু করব না।' এই বলে সে আবার সেখান থেকে বেরিয়ে গেল।

সকলে সভয়ে সেই দিকে তাকিয়ে রইল—এমন কি মিসেস্ দাস পর্যস্ত আর উচ্চৈঃম্বরে নিজের মতামত প্রকাশ করতে সাহস্য করলেন না।

যাত্রীর ছদ্মবেশ ত্যাগ

পরদিন শ্রীপুর শহরে ছিল চড়কের উৎসব। রাজপথে আশে-পাশে থোলা জ্বমির উপরে মেলা বসেছে—নানা জায়গা থেকে নানা দোকানী-পসারী নানান রকম রঙচঙে লোভনীয় জ্বিনিস এনে সাজিয়ে রেখেছে। নাগরদোলায় চড়ে কোথাও ছেলেমেয়ের দল হাসিখুশির গোলমাল কুরছে, কোথাও বায়স্কোপের তাঁবু খাটানো হয়েছে এবং কোথাও বা ম্যাজিক দেখানো হছে। রাস্তাঘাট লোকে লোকারণ্য।

এদিকে স্বাস্থ্যনিবাসের বৈঠকখানায় তথনো সবাই মিলে ঘেঁটি শ্লৈকিয়ে তুলছে। মিস্টার দাস এ-সব আজে বাজে কথায় সময় নষ্ট না করে থানায় খবর দিতে বেরিয়ে গেলেন।

খানিক পরে উপর-তলা থেকে কর্কশ কণ্ঠের আওয়াজ এল— 'মিসেসু দাস, মিসেসু দাস!'

সে-ভাক বৈঠকখানায় মিসেস্ দাসের কানে গেল বটে, কিন্তু ভার ভাব-ভঙ্গী দেখে মনে হল না যে, তিনি কিছু ভানতে পেয়েছেন। থানিক পরে যাত্রী আবার ক্রুদ্ধরে হাঁকলে—'মিসেস্ দাস! শীগগির আমার খাবার পাঠিয়ে দিন!'

মিসেস্ দাস তবু কোন রকম ব্যস্ততা প্রকাশ করলেন না,—এক মনে তাঁর ভাড়াটিয়াদের সঙ্গে চেয়ার-টেবিলের অস্তুত নৃত্য-কাহিনী নিয়ে আলোচনা করতে লাগলেন।

খানিক পরে যাত্রী নিজেই নীচে নেমে এল। মিসেন্ দাসের সামনে এসে একটা গোল-টেবিলের উপরে সজোরে করাঘাত করে বললে, 'মিসেস্ দাস! আপনি কি মনে করেন, আমি হাওয়া খেয়ে বেঁচে থাকবার জন্মে স্বাস্থ্যনিবাসে এসেছি ?'

এইবার মিসেস্ দাসের মুখ ফুটল। তিনিও টেবিলের উপরে

সমান জোর্নে চড় মেরে বলে উঠলেন, 'আপনি কি মনে করেন, ভূত নামাবার জন্ম আপনাকে আমি ঘর ছেড়ে দিয়েছি ?'

যাত্রী বললে, 'আপনার কথার অর্থ কি ?'

মিসেদ্ দাস বললেন, 'আপনার জক্তে আমার বিশ্বাসী টেবিলচেয়ার পর্যন্ত আমাকে আর গিন্ধী বলে মানে না! নাচবার জক্তে
টেবিল-চেয়ার তৈরী করা হয় নি! কে ওদের এমন - নাচতে
শেখালে ? কে—আপনি ? আপনার নাম কি ? আমার মরে
বসে আপনি কি করেন ? কাল অত রাত্রে বাইরে আপনি কোথায়
গিয়েছিলেন ? আর ফিরে এলেনই বা কেমন করে ?'

বিষম রাগে যাত্রীর দেহ থর্থর্ করে কাঁপতে লানল! হঠাৎ ভীষণ চিৎকার করে সে বলে উঠল, 'চুপ করো! কে আমি ? ভোমরা জানতে চাও ? তোমরা দেখতে চাও ? দেখো তবে!'—



বলেই সে তার মুখের ব্যাণ্ডেজে মারলে এক টান! বাঁগুণ্ডেজ, ঠুলিচশ্মা, নকল গোঁপ-দাড়ি আর তার নকল নাক সকলের চোখের সামনে
বসে পড়ল! সবাই দারুণ আতঙ্কে স্তম্ভিত দৃষ্টিতে চেয়ে দেখলে—
একটা জামা-কাপড়-পরা মূর্তি পায়ে পায়ে ক্রমেই এগিয়ে আসছে,
কিন্তু সে মূর্তির স্কন্ধের উপরে মুখমণ্ডলের কোন চিহ্নই নেই!

বৈষ্ঠকথানায় মহা হুড়োহুড়ি লেগে গেল—চিংকার, কারা; আর্তনাদ! মিসেদ্ দাস আঁ। বলে চেঁচিয়ে উঠে প্রচণ্ড গতর নিয়ে পালাতে গিয়ে দড়াম করে এক আছাড় খেলেন—কিন্তু সেই অবস্থাতেই আশ্চর্য কৌশলে ফুটবলের মতো গড়াতে গড়াতে চোখের নিমেষে তিনি কোথায় অদৃশ্য হয়ে গেলেন। বাকি লোকেরাও কে বে কেমন করে কোন্ দিকে সরে পড়ল, কিছুই বোঝা গেল না। আধ্য মিনিটেই ঘর একেবারে খালি।

কন্ধকাটা মূর্তিটা মিনিট-খানেক সেথানে পায়চারি করে আবার বাড়ির ভিতরে চলুন গেল ধীরে ধীরে।

এ-খবর শ্রীপুরের পাড়ায় পাড়ায় রটে যেতে বেশী দেরি লাগল না! চড়কের মেলার কথা সবাই ভুলে গেল—আধঘন্টার ভিতরে শহরের সমস্ত জনতা স্বাস্থ্যনিবাসের সামনে এসে হাজির। আবাল-বৃদ্ধবিতার মুথে কেবল একই কথা—জ্জু! জ্জু! স্বাস্থ্যনিবাসে জ্জুবুড়ো এসেছে!

এমন সময়ে তুজন চৌকিদার ও দারোগাকে সঙ্গে করে মিস্টার দাস, রতনবাবু আর মানিকবাবৃ বিজয়ী বীরের মতন সদর্পে স্বাস্থ্য-নিবাসে এসে ঢুকলেন।

দারোগা শুখোলেন, 'কোথায় সে লোক ?'

—'এই থৈ, এই দিকে আস্থন।'—বলে মিস্টার দাস সবাইকে
নিয়ে যাত্রীর ঘরের দিকে অগ্রসর হলেন।

সেই কন্ধকাটা মৃতি ঘরের মাঝখানে, একশানা চেয়ারের উপরে স্থির হয়ে মসেছিল। বলা বাহুল্য, প্রথমে সকলেই ভড়কে গেল—মিস্টার দাস, ব্রতনবার ও মানিকবার তাড়াতাড়ি পিছিয়ে এসে, দরকার হলেই পালাবার জন্যে প্রস্তুত হয়ে রইলেন।

দারোগা বললেন, 'ও-সব ম্যাজিক আমি ঢের দেখেছি! আমার হাতে যখন ওয়ারেণ্ট আছে, ভূত-প্রেত, দৈত্য-দানব সবাইকে আমি থগ্রপ্তার করতে পারি!'—এই বলে ঘরের ভিতরে প্রবেশ করলৈন।

কন্ধকাটা যাত্রী বললে, 'কে তোমরা ? কি চাও ?' দারোগা বললেন. 'ভোমাকে গ্রেপ্তার করবো।'

যাত্রী উঠে দাঁড়ালো। দারোগা এক লাফে যাত্রীর কাছে গিয়ে তার দস্তানা-পরা একথানা হাত চেপে ধরলেন। সঙ্গেদ সঙ্গেদস্তানাটা দারোগার হাতে খুলে এল এবং যাত্রীর হাতথানা একেবারে অদৃশ্য হয়ে গেল। কিন্তু তথন আর কারুর এ-সব দেখে আশ্চর্য হবার অবকাশ ছিল না—দারোগা ও চৌকিদারেরা সেই হস্তহীন কন্ধকাটা মূর্তিটাকে প্রাণপণে জড়িয়ে ধরলে।

মুখহীন মুখ থেকে আওয়াজ—'ওঃ বড় লাগছে! তোমরা আমাকে ছেড়ে লাও, আমি আত্মসমর্পণ করছি।'...

দারোগা ও চৌকিদারেরা যাত্রীকে ছেড়ে দিয়ে তাকে আগ্লে দাঁড়িয়ে রইল।

দারোগা বললে, 'নাও, এখন হাতকড়ি পরো।'

যাত্রী বললে, 'কেন, আমি কি দোষ করেছি ? আমি হচ্ছি অনৃশ্য মানুষ! অনৃশ্য হওয়া কি অপরাধ ?'

দারোগা টিট্কিরি দিয়ে বললেন, 'কি বললে ? অদৃশ্য মামুষ ? ম্যাজিকে আমি অমন ঢের ঢের অদৃশ্য মামুষ দেখেছি ! আমার সঙ্গে ও-সব চালাকি চলবে না!'

যাত্রী বললে, 'আপনারা আমার কথা বিশ্বাস করছেন না ? এই দেখুন !'—বলেই সে নিজের গায়ের আলোয়ান চট্পট্ খুলে ছুঁড়ে ফেলে দিলে। সঙ্গে সঙ্গে তার দেহের উপর-দিকটা অদৃশ্য হয়ে

গেল! তারপরেই সে পরনের কাপড়খানা খুলতে লাগল!

, দারোগা এতক্ষণ ভ্যাবাচ্যাকা খেয়ে অবাক্ হয়ে এই সব দেখছিলেন। এখন যাত্রীকে কাপড় খোলবার চেষ্টা করতে দেখেই , তিনি তার আসল মতলবথান। বুঝতে পেরে বলে উঠলেন, 'এই চৌকিদার! ওকে ভালো করে চেপে ধরে থাক্-নইলে কাপড় খুললেই ও একে্বারে হাওয়ায় মিলিয়ে যাবে !'

কিন্তু তার আগেই যাত্রী কাপড়খানা খুলে ফেলে এক লাফে তাদের নাগালের বাইরে গিয়ে পড়ল! তথন দেখা গেল, কেবল জুতো-মোজা-পরা তুখানা হাঁটু পর্যন্ত পা ঘরময় লাফালাফি কুরে বেড়াচ্ছে। পরমুহূর্তে অদৃশ্য মানুষ তার জ্বতো-মোজাও খুলে ফেললে এবং জুতোর একপাটি মিস্টার দাসের দিকে ও আর একপাটি मारवांशांत पिरक मर्जारत हूँ ए भातल।

তারপর সে এক অপূর্ব দৃশ্য! ঘরের ভিতরে মহা সোরগোল পড়ে গেল !—'ঐ•—ঐদিকে সে গিয়েছে !'—'বাপ্রে বাপ্, আমায় লাথি মারলে !'—'ব্যাটা আমাকে ঘুষি মেরেছে !'—'এইবারে তাকে ধরেছি!'-'ঐ যাঃ! আবার পালিয়ে গেল!'—'ওরে বাপুরে, গেছি রে!

অদৃশ্য মানুষ কখন যে কোন্ দিকে যাচ্ছে, কেউ তা দেখতে পাচ্ছে না, মাঝখানে থেকে কিল-চড়-ঘুষি-লাথি খেয়ে প্রত্যেকেরই প্রাণ যায়-যায় হয়ে উঠল! বেদম্ প্রহার খেয়ে দারোগাবাবু তো ন্মেঝের উপরে লম্বা হয়ে শুয়ে পড়লেন, রতনবাবুর গোঁফের একপাশ একদম উড়ে গেল এবং মিস্টার দাসের উপর-পাটির তিন তিনটে দাঁতের আর কোন সন্ধানই পাওয়া গেল না।

তারপরেই প্রথমে মরের দরজার কাছে এবং তারপরেই সিঁড়ির উপরে তুম-তুম্ শব্দ শুনে সকলেই ব্রুতে পারলে অদৃশ্র মানুষ সে খর থেকে সকলের অগোচরে চলে গেল।

তখন স্বাষ্ট্যনিবামের সামনে যে জনতা এসে জমা হয়েছিল, তার অদৃত মানুষ

ভিতরে এব বিষম বিভীষিকার সাড়া উঠল।—'অদৃশ্য মানুষ রাস্তায় এসেছে। অদৃশ্য মানুষ রাস্তায় এসেছে'—প্রত্যেকেই এই কথা বলতে বলতে মহা ভয়ে পালিয়ে যেতে লাগল।

শহরের বাইরেই ছোট একটি নদী পাহাড়ের কোল দিয়ে ঝির-ঝির করে বয়ে যাচ্ছে। সেই নদীর ধারে আতাগাছের ছায়ায় একখানা পাথর-আসনে বসে শ্রীপুরের মহাকবি অবলাকাস্ত, একমর্নে কবিতা রচনা করছিলেন।

অবলাকান্ত হঠাৎ চমকে উঠলেন—ঠিক তাঁর পাশেই ফ্যাচ্ করে কে হেঁচে ফেললে! অবলাকান্ত একবার সামনে, একবার পিছনে, একবার ডাইনে ও একবার বামে ফ্যাল্ফ্যাল্ করে তাকিয়ে দেখলেন —কিন্তু হাঁচির মালিকের একগাছা টিকিও দেখা গেল না।

অবলাকান্ত ক্যাবলাকান্তের মতন তাকিয়ে আছেন, এমন সময়ে ঠিক তাঁর কাছ থেকে হাত-চারেক তফাতেই আবার কে ফ্যাচ-ফ্যাচ-ফ্যাচ করে তিন-তিনবার হেঁচে উঠল।

অবলাকান্তের মুখ সাদা হয়ে গেল। বিড়বিড় করে তিনি বললেন, 'এ কে হাঁচে ? আকাশ, না বাতাল, না পাহাড় ? না মক্ষ দেবতা দানব ? এ-রকম হাঁচি তো ভালো, নয় ?' এই বলে তিনি তাড়াতাড়ি কবিতার খাতা মুড়ে ফেলে শ্রীপুরের দিকে ক্রন্ত পদ-চালনা করলেন।

বাবু বংশীবদন বস্থ

কেউ তাঁকে নাম জিজাসা করলে তিনি বলতেন, আমার নাম বারু বংশীবদন বসু।' পাছে তিনি আমাদের উপরে রাগ করেন, সেইজস্ঞে আমরাও ভাঁকে বংশীবারু বলেই ডাকব।

বংশীবাবুর ভোজন হয় যত্র-তত্র, আর শয়ন হয় হট্টমন্দিরে, তার-পরে যে-সময়টুকু হাতে থাকে হাটে-ঘাটে-মাঠে টো-টো করে ঘুরে, বংশীবাবু সে-সময়টুকু কাটিয়ে দিতে পারেন অনায়াসেই।

মস্ত মাঠ। একটা বটগাছের ছায়ায় নরম ঘাসের উপরে বংশীবারু ছ'পা ছড়িয়ে বসেছিলেন। তাঁর সামনে সাজানো ছিল সারি সারি চাব জোড়া ছেঁড়া জুতোর পাটি। বংশীবারুর সম্প্রতি পায়ের জুতোর অভাব হয়েছে। কিন্তু সে-অভাব প্রণ করতে তাঁর বেশীক্ষণ লাগে নি। শহরের বাড়ি বাড়ি ঘুরে এই চার জোড়া ছেঁড়া জুতো তিনি আজ সংগ্রহ করে এনেছেন। তারপর এখন বসে বসে পরীক্ষা করছেন, এই চার জোড়া জুতোর মধ্যে কোন্ জোড়া স্বচেয়ে ছেঁড়া!

হঠাং কে পিছন থেকে বললে, 'ওগুলো, জুতো বৃঝি ?' বংশীবাৰু পিছনে না তাকিষ্টেই বললেন, 'হাা, এ বিষয়ে কোনই সন্দেহ নেই। এগুলি হচ্ছে দাতব্য জুতো। এরচেয়ে খারাপ চার জোড়া জুতো ছনিয়াতে কেউ আবিষ্কার করতে পারবে না।' পিছনের লোকটি বললে, 'হুঁ।'

বংশীবারু বললেন, 'অবশ্য এরচেয়েও খারাপ জ্তো যে আমি পরিনি তা নয়, কিন্তু তবু, সত্যি কথা বলতে গেলে বলতে হয়, এ-শহরে যারা জ্তো দান করে তারা খুব দয়ালু লোক নয়।'

পিছনের লোকটি বললে, 'ছনিয়ায় যারা সবচেয়ে পাজী লোক, এ-শহরে বাস করে তারাই।'

কে এতটা স্পষ্ট কথা কইছে দেখবার জন্তে বংশীবাবু ডান-কাঁথের অদুখ্য মানুষ উপরে মুখ ফিরিয়ে পিছন-পানে তাকালেন। সেদিকে কেউ নেই।
তারপর তিনি বাঁ-কাঁধের উপরে মুখ ফিরিয়ে পিছন-পানে তাকালেন।
সেদিকেও কেউ নেই। তারপর তিনি একেবারে মুরে বসলেন।
কোথাও কেউ নেই। বংশীবার নিজের মনে বললেন, 'আমি কি
জেগে জেগেই স্বপ্ন দেখছি ?'

সেই কণ্ঠস্বর বললে, 'ভয় পেও না।' বংশীবাবু অঁংংকে উঠে বললেন, 'কে তুমি বাবা ? কোথায় তুমি ? কেউ কি তোমাকে মাটির ভেতরে পুঁতে রেখে গিয়েছে ?' কণ্ঠস্বর আবার বললে, 'ভয় পেও না।'

হতভম্ব বংশীবার বললেন, 'বলো কি বাবা, ভয় পাবো না কি রকম ? উত্তর দক্ষিণ পূর্ব পশ্চিম সব খাঁ-খাঁ করছে। এই তেপান্তরে আমি আছি একলা। অথচ এখানে এসে তুমি কথা কইছো কোন্খান থেকে ? না, তুমি বোধ হয় নেই! কাল রাতে সিদ্ধি খেয়েছিলুম, এখনো নেশা কাটেনি। ভুল শুনছি।'

কণ্ঠস্বর বললে, 'না, এ নেশা নয়।'

'বাপ্রে!'—বলেই এক লাফে বংশীবারু দাঁড়িয়ে উঠলেন। একবার চারিদিকে চোখ বুলিয়ে পিছু হ্টুতে হটতে বললেন, 'না, নিশ্চয়ই আমার নেশা কাটেনি! দিব্যি গেলে বলতে পারি, আমি এখুনি কার গলা শুনলুম!'

কণ্ঠস্বর বললে, 'হাা, তুমি আমারই গলার আওয়াজ শুনেছ।'
ভয়ে তুই চোথ মুদে ফেলে বংশীবার বললেন, 'আর কখনো আমি
'সিদ্ধি খাবো না।'

হঠাৎ কে তাঁর ছই কাঁধ ধরে খুব খানিকটা ঝাঁকুনি দিয়ে বললে, 'তুমি একটা মস্ত গাধা।'

বংশীবাবু চোখ না খুলেই বললেন, 'আমি গাধা হতেও রাজী আছি বাবা, তুমি যদি দয়া করে চুপ করো। এখন যদি রাত হ'ত তাহলে. এ-সব ভূতেরই খেলা বলে মনে করতুম।' কণ্ঠস্বর বললে, 'ওহে রোকারাম, আমি ভূত-টুত কিছু নই—আমি হচ্ছি অনুশ্য মামুষ।'

- বংশীবাবু চোথ খুলে বললেন, 'অনৃশ্য মানুষ ? না নেশার থেয়াল ?'
 কণ্ঠস্বর বললে, 'নেশার থেয়াল নয়, আমি হচ্ছি অনৃশ্য মানুষ !'
- — 'তুমি যে অদৃশ্য সেটা আমি বুঝতেই পারছি বাবা! কিন্ত তুমি কোন্ মন্ত্রে অদৃশ্য হয়েছ সেটা আমাকে শিথিয়ে দিতে পারো!'
 - 'পারি। যুদি তুমি আমার কথা শোনো।'
 - 'ও-মন্ত্র পেলে তোমার জন্মে আমি সব করতে পারি।'
- 'দেখ, আমিও তোমার মতন ভবঘুরে। আমি অসহায়। আমার মাথা গুঁাজবার ঠাঁই নেই। সারাদিন আমি ঘুরে বেড়াচ্ছি। সমস্ত মানুষের বিরুদ্ধে রাগে আমার সর্বশরীর জলছে। মানুষ পেলেই এখুনি আমি খুন করতে পারি!'
- --'বাবা!' বলেই বংশীবারু পালিয়ে যাবার উপক্রম করলেন!
 থপ করে বংশীবারুর একখানা হাত ধরে অদৃশ্য মানুষ বললে,
 'তোমার কোন অনিষ্টই' আমি করব না! আমি জামা-কাপড় চাই,
 আশ্রয় চাই, খোরাক চাই। এই সব বিষয়ে তুমি আমাকে সাহায্য
 করবে!'

বংশীবার ভাবতে লাগলেন, যার নিজের পরনের কাপড়, পেটের আর আর মাথা গোঁজবার চাঁই জোটে না, এই সব বিষয়ে সে কিনা সাহায্য করবে অপরকে! কিন্তু ভয়ে মনের কথ। তিনি মুখ ফুটে বলতে পারলেন না!

কণ্ঠম্বর বললে, 'আমি হচ্ছি অদৃগ্য মানুষ—সমস্ত পৃথিবীকে আমি শাসন করতে পারি! আমাকে সাহায্য করলে তোমার কোন অভাবই থাকবে না! কিন্তু সাবধান, আমার সঙ্গে বিশ্বাস্থাতকতা করলে পৃথিবীতে কেউ তোমাকে রক্ষে করতে পারবে না!' বলতে বলতে সে তার অদৃগ্য ছই হাত দিয়ে বংশীবাবুর ছ'খানা হাত সঙ্গোরে চেপে ধরলে।

বংশীবারু যাতনায় চেঁচিয়ে উঠে বললেন, 'ছেড়ে দাও বাবা!
আমি তোমার গোলাম হয়ে থাকব!'

অদৃত্য মাত্রষ

নোট-প্ৰজাপতি

শ্রীপুরের স্বাস্থ্যনিবাসে সকালে-বিকালে চা টোস্ট, কেক্, বিস্কৃট ও ডিম প্রভৃতির ব্যবস্থা ছিল। শ্রীপুরের যে কোন ভদ্দ-লোকই কিঞ্চিৎ অর্থব্যয় করলে সেখানে গিয়ে চায়ের তৃষ্ণা নিবারণ করতে পারতেন। এবং প্রতিদিন সকালে-বিকালেই সেখানে চায়ের তেষ্টা মেটাবার জন্মে অনেক তৃষিত লোকের আবির্ভাব হ'ত।

যাত্রীর অন্তর্ধানের পরের দিন সকালেও স্বাস্থ্যনিবাসের চা-বিভাগে চা-ভক্তদের অভাব হল না।

একটা মস্ত গোল টেবিলের চারিধারে বসে খরিদ্দাররা মাঝে মাঝে চায়ের পেয়ালায় চুমুক দিচ্ছেন এবং মাঝে মাঝে গতকল্যকার ঘটনা নিয়ে উত্তেজিত ভাবে আলোচনা করছেন। বলা বাহুল্য চা-সভার সভাপতি ছিলেন স্বাস্থ্যনিবাসের মালিক মিস্টার দাস স্বয়ং এবং তাঁর ডাইনে ও বাঁয়ে বিরাজ করছিলেন রতনবার ও মানিকবার। আসল বক্তা হচ্ছেন তাঁরা তিনজনই, বাকি সবাই আতা ও উৎসাহ-দাতা।

বক্তৃতা যথন রীতিমত জমে উঠেছে, তখন ঘরের ভিতরে প্রবেশ করলেন একটি নৃতন লোক। তাঁর জামা-কাপড় যে হপ্তাকয়েকের মধ্যে রজকের দেখা পায় নি, এ সত্য খুব সহজেই বোঝা যায়। তাঁর খুলোয় ধূসর তালিমারা জ্তো-তথানির অবস্থাও সন্দেহজনক; কারণ তাদের ভিতরে ভদ্রলোকের পা-তথানি ঢুকেও আরো খানিকটা বেওয়ারিস জায়গা থালি পড়ে আছে। ভদ্রলোক আসতে আসতে ক্রমাগত পিছন পানে চেয়ে চমকে উঠছেন—থেন তাঁর পিছনে পিছনে আসছে কোন অদৃশ্য বিপদ!

স্বাস্থ্যনিবাসের খরিদ্দারের এমনধারা হতচ্ছাড়া চেহারা মিস্টার

দাস পছন্দ করলেন না। একটু বিরক্তভাবে বললেন, 'এখানে আপনার কি দরকার ?'

আগন্তক বললেন, 'এক পেয়ালা চা আর ছু-টুকরো রুটি চাই। ব্যোটা ছয়েক ডিম হলে আরো ভালো হয়।'

আগুন্তকের ছেঁড়া পকেটের দিকে দন্দিগ্ধ চোখে তাকিয়ে মিস্টার দাস বললেন, 'দীম চার আনা। আপনাকে, খাবার আগে দাম দিতে হবে!'

মিস্টার দাসের ভয়ের কারণ বুঝে আগন্তুক হেসে বললেন, 'আমার পকেট ছেঁড়া 'বটে, কিন্তু আমার টাকা থাকে টাঁটাকে। এই নিন।'
—বলে তিনি টাঁটাক থেকে একটা টাকা বার করে ঠং করে টেবিলের উপরে ফেলে দিলেন।

মিস্টার দাস অপ্রস্তুত হয়ে বললেন, 'আসুন, আসুন, ঐ টেবিলের ধারে বস্থন। আপনার থাবার এখুনি আসবে।'—বলেই তিনি উঠে দাঁড়িয়ে বললেন, 'আসুন ডাক্তারবারু, এইবারে সেই ভূতুড়ে লোকটার ঘরে যাওয়া যাক।'

মিস্টার দাসের সঙ্গে মানিকবারু স্বাস্থ্যনিবাসের ভিতর দিকে চলে গেলেন।

আগন্তুক টেবিলের ধারে গিয়ে বসলেন। কারুকে বোধ হয় বলে দিতে হবে না যে এই আগন্তুকই হচ্ছেন, আমাদের সেই বংশীবারু।

মিস্টার দাস ও মানিকবারু যাত্রীর ঘরের ভিতরে ঢুকে দেখলেন, কালকের সেই তুমুল কাণ্ডের পর ঘরের সমস্ত আসবাব ঠিক সেই ভাবেই এলোমেলো হয়ে ছড়ানো রয়েছে। ওল্টানো চেয়ার-টেবিল, ভাঙাচোরা দিশি বোতল ও লণ্ডভণ্ড বিছানা! কেবল যাত্রীর জামাকাপড়, ব্যাণ্ডেজ, চশমা ও নকল নাকটা দারোগাবারু যাবার সময় নিজের সঙ্গে নিয়ে গেছেন।

খরের কোণে একখানা পকেটবুক পড়েছিল, সেইখানা তুলে নিয়ে মিস্টার দাস বললেন; 'এই পকেট বইখানার পাতা ওল্টালে লোকটার অনেক কথাই হয়তো জানা যাবে !'

মানিকবারু কি জবাব দিতে যাচ্ছিলেন, এমন সময় ঘরের দরজাটা আস্তে আস্তে খুলে গেল।

মিস্টার দাস চমকে উঠে বললেন, 'ওকি, দরজা খুললে কে ?'
মানিকবার দরজার দিকে চেয়ে খুব সহজ ভাবেই বললেন, 'বোধ
হয় হাওয়ায় দরজাটা খুলে গেল। এতে ভয় পাবার কিছুই নেই।'

মিস্টার দাস বললেন, 'কালকের ব্যাপারের পর থেকে অমন ভাবে দরজা খুলে গেলেই আমার বুকটা ধড়াস করে ওঠে!'

ঘরের ভিতরে একটা চাপা হাঁচির শব্দ শোনা গেল।

মিস্টার দাস বললেন, 'ডাক্তারবাব, আপনি কি এথনি হাঁচলেন ?'
ঘরের মধ্যে গন্তীর কণ্ঠস্বর শোনা গেল—'না, আমি হেঁচেছি।
আমাকে আপনারা চেনেন।'

মিস্টার দাস ও মানিকবারু হতাশভাবে ও মড়ার মতন সাদা মুখে তু'দিকে সরে গিয়ে দেয়ালে পিঠ রেথে দাঁড়ালেন।

কণ্ঠস্বর বললে, 'মিস্টার দাস, আমার পকেটুবুক আপনার হাতে কেন ? দিন, ফিরিয়ে দিন।'

মিস্টার দাস কাঁপতে কাঁপতে এগিয়ে এসে পকেটবুক খানা সামনের দিকে বাড়িয়ে দিলেন।

পকেটবুক-খানা মিস্তার দাদের হাত থেকে বেরিয়ে শৃন্তে উড়ে। একখানা চেয়ারের উপর গিয়ে পড়ল।

কণ্ঠস্বর বললে, 'মিস্টার দাস, আমার জামা-কাপড়গুলো কোথায় গেল ?'

মিস্টার দাস বললেন, 'পুলিশ নিয়ে গেছে।'

কণ্ঠস্থুর বললে, 'আমার আর জামা-কাপড় নেই। তবে আপাতত আপনার জামা-কাপড় পেলেই আমার চলে যাবে। আপনার গায়ের আলোয়ানখানা খুলে মেঝের ওপরে রাখুন। তারপর আপনার জামা-কাপড় আর জ্তো সব খুলে ঐ আলোয়ানের, ভেতরে রেখে দিন। তারপর একটা পোঁটলা বেঁধে জিনিসগুলো আমার হাতে দিন।'
মিস্টার দাস আঁংকে উঠে বললেন, আঁয়া, সে কি কথা!'

কণ্ঠস্বর খুব কর্কশভাবে বললে, 'যা বলছি তাই করুন। দেখতে পাচ্ছেন, আমি অদৃশ্য ? আমি যদি ইচ্ছা করি, তাহলে এখনি আপনাদের ত্বজনকে গলা টিপে মেরে ফেলতে পারি!'

মিস্টার দাস বাঁধো-বাধো গলায় অত্যস্ত লজ্জিত ভাবে বললেন, কিন্তু এ ঘরে ডাক্তারবাবুর সামনে আমি জামা-কাপড় খুলব কেমন করে ?'

কণ্ঠস্বর বর্ললে, 'আমি অনৃশ্য বটে, কিন্তু আপনাদের চেয়ে বোকা নই। একবার চোথের আড়ালে যেতে পারলেই আপনি যে এখুনি পুলিশে খবর দিতে ছুটবেন, সেট। আমি বেশ ব্ঝতে পারছি। ও চালাকি চলবে না! যা বলছি তাই করুন। আর মানিকবার্, ঐ বইগুলো গুছিয়ে তুলে আপনিও এই পোঁটলার ভেতরে রেথে দেবার চেষ্টা করুন।'

বাইরে তখন বংশীবাবুর চা, রুটি ও ডবল ডিম শেষ হয়ে গেছে।
এমন সময় রৈতনবাবু শুনতে পেলেন, যাত্রীর ঘর থেকে যেন
একটা গোলমালের আভাস আসছে। দিন-কাল ভালো নয় বলে
ভিনিও তাড়াতাড়ি উঠে ঘটনাস্থলের দিকে অগ্রসর হলেন।

সিঁড়ির সামনে এসেই তিনি শুনলেন, তাঁর খুব কাছেই একটা হাঁচির শব্দ হল। এ হাঁচি তিনি ভোলেন নি। শিউরে উঠে তাড়াতাড়ি এক পাশো সরে দাঁড়ালেন। তারপরেই দেখলেন, সিঁড়ির উপর থেকে একটা পোঁটলা শৃত্যে তুলতে তুলতে নেমে আসছে।

পৌটলাটা ঠিক যেন হাওয়ায় সাঁতার কাটতে কাটতে বৈঠকখানা ঘরের দিকে চলে গেল!

ঠিক সেই সময় মিসেস্ দাস কি একটা কাজের জন্মে বৈঠকখান।

খরের দিকে আমুছিলেন । কিন্তু দ্ব থেকেই উড্ডীয়মান পোঁটলা

অদশ্য মাহর্ষ

দেখে তাঁর চক্ষুস্থির ও পা-ছটো অচল হয়ে গেল। তারপরেই বাইরের ঘরে একটা অত্যন্ত গোলযোগ উঠল।

সঙ্গে সঙ্গে মানিকবার যাত্রীর ঘর থেকে বেগে বেরিয়ে এসে বলে উঠলেন, 'অদৃশ্য মানুষ! অদৃশ্য মানুষ! ধরো—যতক্ষণ ওর হাডে পোঁটলা থাকবে সবাই মিলে অনায়াসেই ওকে ধরতে পারবে!'

রতনবার বেগে বৈঠকখানায় প্রবেশ করে দেখিলেন, বংশীবার্ পোঁটলাটা কাঁধে করে দ্রুতপদে স্বাস্থ্যনিবাস থেকে বেরিয়ে যাচ্ছেন! অদৃশ্য মানুষ নির্বোধ নয়, নিজে পোঁটলা নিয়ে যেতে গেলে যে বিপদের সম্ভাবনা আছে, সেটা সে বিলক্ষণই জানে! তাই বংশীবার্কেই সে পোঁটলার বাহন করেছে!

রতনবার্ও বংশীবার্র পিছনে ছুটতে ছুটতে চ্যাঁচাতে লাগলেন, 'চোর! চোর! পোঁটলা নিয়ে পালায়! পাকড়াও, পাকড়াও!'

বেচারী বংশীবার ! থানিক পরেই তিনি দেখলেন, সারা শ্রীপুর শহরটাই যেন তাঁর পিছনে ভেঙে পড়েছে। সকলেরই মুখে এক কথা—'চোর ! চোর ! পোঁটলা-চোর ! ধরো ওকে—মার ওকে !' এ-সব আপত্তিকর কথা শুনে বংশীবার আরো জোরে পা চালিয়ে দিলেন। ছোঁটবার অসুবিধা হবে বলে তাঁর দাতব্য স্ক্তোজোড়াকেও তিনি পা থেকে খুলে নির্দিয় ভাবে বিসর্জন দিতে বাধ্য হলেন।

সকলের আগে আসছিলেন রতনবাব ও মানিকবার। হঠাৎ রতনবার্র মনে হল, কে যেন তাঁকে বিঞী একটা ল্যাং মারলে—সঙ্গে সঙ্গে তিনি মুখ থুবড়ে পড়ে ছু'হাতে মাটি জড়িয়ে ধরলেন।

তারপরেই বিনামেঘে বজ্ঞাঘাতের মতন মানিকবাবুর টিকলো নাকের উপরে প্রচণ্ড একটা ঘুষি এসে পড়ল। দানিকবাবু তুই চক্ষে অনেকগুলো সর্ধের ফুল দেখলেন—এবং জারপর কি যে হল তা আর তিনি বলতে পারেন না।

আর যারা ছুটে আসছিল, তাদেরও কেউ থেলে কিল, কেউ খেলে চড় এবং কেউ-বা থেলে লাথি বা গলাধানা। বেগে ছুটতে ছুটতে আছাড় থেয়ে অনেকেরই হাত পা মাথা ভেঙে গেল! বাকি লোকেরা তথন বৃদ্ধিমানের মতো যে যেদিকে পারল পলায়ন করলে—এই কথা বলে চাঁচাতে চাঁচাতে—'অদৃশ্য মানুষ! অদৃশ্য মানুষ আবার ফিরে এসেছে! সকলে সাবধান হও!' এই ভয়ানক থবর শুনেই অনেকে নিজের নিজের বাড়ির সদর দরজায় ভিতর থেকে খিল লাগিয়ে দিলে।

শ্রীপুরের সবাই যখন রাজপথে, মিস্টার দাস তখন যাত্রীর ঘরের ভিতরে বন্দী হয়ে আছেন। রাজপথের ও স্বাস্থ্যনিবাসের সমস্ত ইউগোল ও আর্তনাদ তাঁর কানে এসে ঢুকছে, কিন্তু মিস্টার দাসের ঘর থেকে বেরুবার উপায় নেই—কারণ তখন তিনি সচ্চপ্রসূত শিশুর মান্টাই বন্তহীন! অবশেষে অনেক ভেবে-চিন্তে তিনি যখন খানকয়েক খবরের কাগজ তুলে নিয়ে কোমরে জড়িয়ে নিজের বস্ত্রের অভাব দ্র করবার চেষ্টা করছেন, তখন রতনবাবু আবার হাপরের মতন হাঁপাতে হাঁপাতে ফিরে এলেন। ঘরে ঢুকেই রতনবাবু বলে উঠলেন, 'অদৃশ্য মানুষ! অদৃশ্য ঘৃষি! অদৃশ্য লাথি! সমস্ত শ্রীপুরের গতর চুর্ণ হয়ে গেছে!'

মিস্টার দাঁস ব্যস্তভাবে জিজ্ঞাসা করলেন, 'সে এখন কোথায় ?'

— 'এতক্ষণ আমরা তার পিছনে পিছনে ছুইছিলুম, কিন্তু এখন আমাদেরই পিছনে পিছনে সে ছুটে আসছে! হাতের কাছে যাকেই পাচ্ছে মেরে তার হাড় গুঁড়িয়ে দিচ্ছে—সবাই এখন পালিয়ে প্রাণ বাঁচাচ্ছে—অদৃশ্য মানুষ বোধ হয় পাগল হয়ে গেছে!'

ভয়ে ঠক্ঠক্ করে কাঁপতে কাঁপতে মিস্টার দাস বললেন, 'সে আর এখানে ফিরে আসবে না তো ?'

— 'আসবে না কি, ঐ এল বৃঝি!'—এই বলেই সাঁতারুরা গঙ্গায় যেমন করে ঝাঁপ খায়, রতনবাবু তেমনি করেই মাটির উপরে ঝাঁপিয়ে পড়ে একেবারে খাটের তলায় ঢুকে অদৃশ্য মান্থ্যের চেয়েও অদৃশ্য হয়ে গেলেন। মিস্তার দাসও কোমরের খবরের কাগজগুলোকে ছুই হাজে প্রাণপণে চেপে ধরে দরজার বাইরের দিকে স্থুদীর্ঘ একটি লক্ষত্যাগ করলেন,—এবং লাফিয়ে তিনি যে কোথায় গিয়ে পড়লেন তা আমরা জানি না, তবে তাঁকেও আর দেখা গেল না।

সারাদিন ধরে শ্রীপুর শহরে যে সব অঘটন ঘটল, চতুমু'থ ব্রহ্মা চারমুখেও তা বলে শেষ করতে পারবেন না।

রাজপথে কেউ হাঁচলেই চারিদিকে অমনি সাড়া ওঠে— 'ঐ অদৃগ্য মামুষ এসেছে !' সঙ্গে সঙ্গে সেখানটা মক্ষভূমির মতন জনশৃহ্য হয়ে যায় ! , বাড়ির ভিতরে লুকিয়ে থেকেও শাস্তি নেই! হাওয়ার দাপটে ঘরের দরজা-জানলা যদি হঠাৎ খুলে বা বন্ধ হয়ে যায়, অমনি সবাই হাঁউ-মাঁত করে চেঁচিয়ে ওঠে!

শ্রীপুর ব্যাঙ্কের কাউন্টারের উপরে হাজার কয়েক টাকার নোট নিয়ে একজন কেরানী হিসাব করছিল। আশপাশে আরো অনেক লোক আপন আপন কাজে নিযুক্ত ছিল। এফন সময় দেখা গেল, সকলের চোথের স্থমুখ দিয়েই নোটের তাড়া শৃত্যপথে উড়ে গেল—ঠিক প্রজাপতির মতন। সবাই রাজপথে ছুটে এল কিন্তু সেই নোটপ্রজাপতিদের আর কোন সন্ধান পেলে না,—কেবল দেখা গেল, একজন ময়লা জামা-কাপড়-পরা লোক খালি পায়ে হনহন করে এগিয়ে যাচ্ছে!

স্বাস্থ্যনিবাসের উপরে অদৃশ্য মানুষের আক্রোশ অত্যন্ত বেশী। কারণ, সারাদিনে সে বার-চারেক স্বাস্থ্যনিবাসকে আক্রমণ করেছে, সেখানকার একখানা সার্সির কাঁচও অটুট নেই, এবং কাঁচের সমস্ত বাসনও চুরমার হয়ে গেছে! স্বাস্থ্যনিবাসের ভাড়াটিয়ারা প্রত্যেকেই প্লায়ন করেছে।

খবরের কাগজে এই সব ঘটনার উজ্জ্বল বর্ণনা পাঠ করে শ্রীপুরের বাসিন্দাদের উত্তেজনা, তুর্ভাবনা ও বিভীষিকার আর সীমা রইল না ৮ কখন কোথায় এই ভীষণ অদৃশ্য মান্থবের অদৃশ্য থাবির্ভাব ঘটবে, সেই ছশ্চিস্তায় সকলেই তটিস্থ হয়ে রইল।

যে মাঠে বংশীবাবৃর সঙ্গে প্রথমে আমাদের চেনাশুনো হয়, সেই ধ্ব-ধ্ব মাঠেরই এক নির্জন কোণে একটা ঝোপের ভিতরে তিনি এখন আবার হতাশ ভাবে ত্ব'পা ছড়িয়ে বসে ঘন-ঘন হাঁপ ছাড়ছেন। এবং মাঝে মাঝে এদিকে-ওদিকে ভয়ে ভয়ে তাকিয়ে কেন যে তিনি শিউরে উঠছেন অহ্য কৈউ তার রহস্থা বুঝতে পারবে না।

হঠাৎ শৃত্যপথে দৈববাণীর মতো এক কণ্ঠস্বর জেগে উঠল,—"বংশী-বদন, ভোমার হাঁপ্ছাড়া শেষ হল কি ? সন্ধ্যে হতে যে আর দেরি নেই।'

বংশীবাবুর বদনে কিছুমাত্র উৎসাহের লক্ষণ দেখা গেল না। অত্যন্ত কাহিল ভাবে তিনি বললেন, 'আমাকে দয়া করে ছেড়ে দিন— আপনার হু'টি পায়ে পড়ি!'

কণ্ঠস্বর বললে, 'সে কি হে বংশীবদন! ব্যাঙ্কের 'কাউণ্টার' থেকে, রাস্তার লোকের পকেট থেকে আজ কত নোট আর টাকা তোমার পকেটে এসে জুটেছে সেটা হিসেব করে দেখেছ কি? আমার সঙ্গে থাকলে রোজই এমনি আশ্চর্য রোজগার হবে। অর্ধেক তোমার অর্ধেক আমার।'

বংশীবাৰ ছই হাত জোড় করে কাঁচুমাচু মুথে বললেন, 'আমার আশ্চর্য রোজগারে আর কাজ নেই বাবা! এক রোজগার আমার ধাতে সইবে না! এরচেয়ে গড়ের মাঠের মতন টাঁাক্ নিয়ে নিশ্চিন্ত প্রাণে ঘুরে বেড়ানো ঢের ভালো! রোজগার করে করব কি,—সারা শহর যে আমাকে চিনে ফেলেছে! পথে-পথে পাহারাওয়ালা ঘুরছে আমার গলা টিপে ধরবার জিন্তো। আপনি তো অদৃশ্য হয়ে দিব্যি মজায় আছেন—কিন্তু আছার ? আমার কি হবে ? হায়, হায়, হায়, এতদিন পরে শ্রীপুর বুঝি ছাড়তে হল!'

কণ্ঠস্বর বললে, 'তাহলে চল বংশীবদন, খামরা অন্ত শহরে চলে যাই!'

640.

বংশীবার 'চমকে উঠে বললেন, 'বলেন কি মশাই ? এই একদিনেই সারা শহরে প্রাণ বাঁচাবার জ্বস্তে ছুটোছুটি করে আমার জ্বিভ বেরিয়ে পড়েছে। এর ওপরেও আবার আপনার অহ্য শহরে যাবার ইচ্ছে আছে নাকি ? কিন্তু অহ্য শহরে গিয়ে কি হবে ? আপনি যদি দয়া করে আমার ঘাড় থেকে না নামেন, তাহলে সেখানেও তো আমি একদিনেই বিখ্যাত হয়ে পড়ব! শেষ্টা ধরা পড়ব আমি, আর আপনি তো হাওয়ার সঙ্গে হাওয়া হুয়ে যাবেন!'

কণ্ঠস্বর বললে, 'আরে ছ্যাঃ, তুমি দেখছি একটি বাজেমার্কা বন্ধু!' বংশীবারু সায় দিয়ে তঃখিতভাবে খাড় নেড়ে বললেন, 'তার চেয়েও খারাপ মশাই, তার চেয়েও খারাপ! আমি হচ্ছি একেবারে রাবিশ-মার্কা বন্ধু! এতক্ষণে এইটুকু যদি রুঝে থাকেন, তাহলে আর কেন ? আমাকে রেহাই দিন না!'

আচম্বিতে বংশীবাবুর দেহটা ঝাঁকানি খেয়ে উপরে উঠে শৃত্যে ছলতে লাগল—যেন কোন অদেখা হাত গলা ধরে তাঁকে টেনে তুলেছে! বংশীবাবু কেঁদে ফেলে বললেন, 'হুজুর, আমি আপনার গোলাম! যা বলবেন তাই করব!'

সেইদিনই রাতত্তপুরে শ্রীপুরের এক পুলিশ-কাঁড়িতে বেজায় হৈ-চৈ লেগে গেছে।

কাঁড়ির পাহারাওয়ালা ফটকের সামনে বসে বসে চুলছে, হঠাৎ কোখেকে একটা লোক এসে দড়াম করে তার পায়ের তলায় আছড়ে পড়ল এবং চেঁচিয়ে পাড়া মাত করে বলে উঠল—'বাঁচাও, বাঁচাও! অদৃশ্য মানুষ!'

সে চিংকারে কবরের মড়া পর্যন্ত জেগে ওঠে—ছুম্নন্ত পাহারাওয়াল। তো সামাস্য ব্যক্তি! তার উপরে আবার অদৃশ্য মামুষের নাম!

পাহারাওয়ালা মস্ত এক লাফ মেরে দাঁড়িরে উঠে বললে, 'কে, কোখায় ?' লোকটা বললে, 'কেমন একরে তাকে দেখিয়ে দের ? সে বে অদৃশ্য মানুষ! সে আমার পিছনে পিছনে তেড়ে আসছে! আমাকে বাঁচাও।'

হঠাৎ পাহারাওয়ালার দাড়ি-ভরা গালে চটাং করে এক নিরেট চড় এসে পড়ল। গালে হাত বুলোতে বুলোতে হতভম্ব পাহারা-ভয়ালা হ'পা পিছিয়ে এল। তারপরেই সবিস্ময়ে দেখলে, তার সামনের লোকটাকে কে যেন হিড়হিড় করে টেনে নিয়ে যাচ্ছে—কিন্তু কে যে নিয়ে যাচ্ছে তা দেখবার জো নেই।

পাহারাওয়ালা এক লাফ মেরে এগিয়ে গিয়ে ত্র'হাতে লোকটার ত্বই পা খুব জোরে চেপে ধরলে, তারপর একদিকে পাহারাওয়ালা ও আর একদিকে অদৃশ্য মানুষ,—এই ত্য়ে মিলে 'টাগ্-অফ্ ওয়ার' জেগে গেল সেই হতভাগ্য লোকটার দেহ নিয়ে।

গোলমাল শুনে ফাঁড়ির দারোগা বাইরে বেরিয়ে এসে বললেন, 'এ-সব কি কাও !'

পাহারাওয়ালা টানাটানি করতে করতে প্রায় অবরুদ্ধস্বরে বলে উঠল, 'অদৃশ্য মানুষ!'

ৰার দেহ নিয়ে টানাটানি করা হচ্ছে সেই লোকটি অর্থাৎ আমাদের বংশীবার যাতনায় বিকৃত স্বরে বলে উঠলেন, 'আমাকে বাঁচাও! আমার দেহ এইবারে ছিঁড়ে তু'খানা হয়ে যাবে!'

দারোগা রিভলবার বার করে কয়েকবার গুলিবৃষ্টি করলেন। গুলি অদৃশ্য মামুষের গায়ে লাগল কিনা বোঝা গেল না, কিন্তু বংশীৰাবুর ছুই হাত থেকে অদৃশ্য মামুষের হাতের বাঁধন ফস করে খুলে গেল!

অনুক্ত মানুষ ৩৯১

পূর্ণ-বিধু সংবাদ

রসায়নশাস্ত্রে বিখ্যাত পণ্ডিত শ্রীযুক্ত পূর্ণচন্দ্র মুখোপাধ্যায় মহাশয় শ্রীপুর শহরে বাস করতেন। আজ সারাদিন তাঁর, অশার্দ্তির অবধি নেই।

আজ সারাদিন শ্রীপুরের পথে হটুগোল ও হুড়োহুড়ি চলেছে, তার জন্মে পূর্ণবাবুর সমস্ত কাজ-কর্ম বন্ধ হয়ে গেছে। সারাদিনই তার কানের ভিতরে এই চিংকারই বারবার ছুটে এসেছে—'অদৃগ্য মামুষ! অদৃগ্য মামুষ! এ আসছে! এ ধরলে!'

পূর্ণবার্ও বারবার বিরক্তিভরে নিজের মনেই বলছেন, 'পৃথিবীতে আবার কি রূপকথার রাজ্য ফিরে এল ? অদৃশ্য মানুষ ! সারা ছনিয়াটা কি হঠাৎ পাগলা হয়ে গেল ?'

সদ্ধ্যার পরে শহর যখন ঠাণ্ডা হল ও রাজপথের জনতা কমে গেল, পূর্ণবারু তখন নিশ্চিম্ত হয়ে নিজের কাজেশ্বসলেন। রাত যখন তুপুর তখনো তিনি কাজ করছেন একমনে।

আচমকা কি কতকগুলো ভাসা-ভাসা চিংকার ও রিভলবারের শব্দ তাঁর কানে এসে ঢুকল। কাজ করতে করতে মুখ তুলে পূর্ণবাবু বললেন, 'আবার কি গাঁজাখোরদের উপদ্রব শুরু হল ? কিন্তু রিভলবার ছুঁড়ছে কে ?'—তারপর আবার তিনি নিজের কাজে মন দিলেন।

অল্লক্ষণ পরেই খুব জোরে তাঁর সদর দরজায় কড়া-নাড়ার শব্দ হল। তারপর দরজা খোলার ও বন্ধ হওয়ার আওয়াঞ্জ এল তাঁর কানে।

চীকরকে ডেকে তিনি জিজ্ঞাসা করলেন, 'কে কড়া নাড়ছিল ?'

চাকর বললে, 'জানি না ছজ্ব ! দরজা খুলে কারুকে তো দেখতে পেলুম না।' চাকর চলে গেল। পূর্ণবাব আবার কাজ করতে লাগলেন। রাত হুটোর সময় তাঁর কাজ শেষ হল। ধীরে ধীরে টেবিলের ধার থেকে উঠে তিনি তাঁর শয়ন-ঘরে প্রবেশ করলেন।

কিন্তু ঘরে ঢুকেই একখানা চেয়ারের তলায় কি একটা দাগ তাঁর দৃষ্টি আকুর্ষণ করল। এগিয়ে গিয়ে দেখলেন, খানিকটা রক্ত! আশ্চর্য হয়ে ভাবলেন, এখানে রক্তের দাগ এল কেমন করে? কিন্তু একটানা পরিশ্রমের পর তাঁর চোখ তখন ঘুমে জড়িয়ে আসছিল, এ-সব বিষয় নিয়ে মাথা না ঘামিয়ে তিনি শ্যার দিকে আবার অগ্রসর হলেন। ঘুমের ঘোরে সে রাত্রে তিনি ক্ষুধার কথাও ভুলে গেলেন।

কিন্তু খাটের কাছে গিয়ে তিনি যা দেখলেন, তাতে তাঁর বিস্ময় আরো বেড়ে উঠল। তাঁর সমস্ত শয্যা লণ্ডভণ্ড ও বিছানার চাদর ছিন্নাভিন্ন হয়ে আছে এবং তাতেও রক্তের দাগ রয়েছে। এ কী রহস্য।

অবাক্ হয়ে তিনি দাঁড়িয়ে দাঁড়িয়ে ভাবছেন, এমন সময় পিছন থেকে কে যেন বলে উঠল 'কি আশ্চর্য! এ যে পূর্ণ!'—পূর্ণবাবু একবার পিছন ফিরে তাকিয়ে দেখলেন, ঘরে তিনি ছাড়া আর জনপ্রাণী 'নেই! কণ্ঠহীন কণ্ঠস্বর? শ্রীপুরের পাগলামি তাঁকেও আক্রমণ করল নাকি! ধেং!

হঠাৎ একখানা চেয়ারের দিকে তাঁর নজর পড়ল। চেয়ার থেকে ঠিক আধ হাত উপরে শৃত্যে একটা ব্যাণ্ডেজ স্থির হয়ে আছে—আর তাতেও রক্তের দাগ! গোল ব্যাণ্ডেজ—কিন্তু তার ভিতরে কোন বস্তু বা দেহের কোন অংশ নেই! এও কি সম্ভব ? পূর্ণবাবুর কিছুমাত্র কুসংস্কার ছিল না, কিন্তু এ-দৃশ্য দেখবার পর তাঁরও বুকের কাছটা ছম্ছম্ করতে লাগল! ঘরের ভিতর আবার কে তাঁকে ডেকে বলাল, পূর্ণ! তুমি এখানে!

বিপুল বিশ্বয়ে পূর্ণবার হাঁ করে রইলেন। কণ্ঠস্বর বললে, 'পূর্ণ, ভয় পেও না! আমি হচ্ছি অদৃশ্য মানুষ!' শ্রীপুরের পাগলামি তাঁর শয়ন-ঘরেও ঢুকেছে! না, ঘুমিয়ে ঘুমিয়ে

೦೯ ೦

তিনি স্বর্গ দেখছেন ? স্বপ্নের স্বোরেই তিনি যেন বললেন 'এঁাা ?' কণ্ঠস্বর আবার বললে, 'আমি হচ্ছি অদৃশ্য মানুষ !'

নিজের কানকে অবিশ্বাস করেও পূর্ণবারু বললেন, 'অদৃগ্য মানুষ 🏲 মদৃগ্য মানুষকে দেখতে কি ঐ ব্যাণ্ডেজের মতো ?'

কণ্ঠস্বর বললে, 'না। ব্যাণ্ডেজটা আমার কোমরে বাঁধা আছে। তোমার বিছানার চাদর ছিঁড়ে এই ব্যাণ্ডেজ তৈরী হয়েছে।'

পূর্ণবাবু ভাবলেন, অদৃশ্য মামুষ যদি সত্যিকার মামুষই হয়, তাহলে অত্যন্ত অভদ্র তো! সম্পূর্ণ অপরিচিত হয়েও তাঁকে 'তুমি' 'তুমি' বলে কথা কইছে। কিন্তু এ সবই বাজে ধাপ্পা! ম্যাজিকের ফন্ধিকারিতে তাঁকে ভোলানো এত সহজ নয়! সামনে এগিয়ে হাজ বাড়িয়ে তিনি ব্যাণ্ডেজটা ধরবার চেষ্টা করলেন। হঠাৎ হু'খানা তপ্ত রক্তমাংসের হাত তাঁর হাত সজোরে চেপে ধরলে—সঙ্গে সঙ্গে কণ্ঠস্বর বললে, 'পূর্ণ, বিশ্বাস করো। সত্যিই আমি অদৃশ্য মানুষ!'

এইবারে পূর্ণবাবুর গায়ে কাঁটা দিলে—তিনি চেঁচিয়ে লোকজন ডাকবার উপক্রম করলেন এবং তৎক্ষণাৎ ত্থানা অদৃশ্য হাত সজোরে তাঁর মুখ চেপে ধরলে!

— 'পূর্ণ, বোকামি করো না! চ্যাঁচামেচি করলে তোমার ভালো। হবে না। আমার গলা শুনেও তুমি আমাকে চিনতে পারছ না? আমি হচ্ছি বিধু!'

ভ্যাবাচ্যাকা খেয়ে পূর্ণবারু বললেন, 'বিধু ?'

— 'হাা, হাা—বিধু অর্থাৎ বিধুভ্যণ বন্দ্যোপাধ্যায়। সিটি কলেজ্ঞে তোমার সঙ্গে পড়তুম—মনে নেই, দিনে তিরিশ কাপ করে চা থেতুম বলে তুমি আমাকে কেবলই ধমক দিতে ? আশ্চর্য্, এত শীঘ্র তুমি বন্ধুদের ভূলে যাও!'

পূর্ণবাবু আমৃতা আমৃতা করে বললেন, 'বিধু ? স্থা, এখন মনে পড়ছে বটে! কিন্তু অদৃশ্য মানুষের সঙ্গে আমাদের সেই বিধুর কি সম্পর্ক ? সে তো অদৃশ্য ছিল না!'

- না, তখন আমি অদৃশ্য ছিলুম না। এখন হয়েছি।'
- 'এও কি সম্ভব ? মানুষ অদৃশ্য হতে পারে ?'
- —'সে আলোচনা পরে করব। আপাতত আমায় কিছু খেতে দাও—আজ তিন দিন আমার পেটে অন্ন যায় নি।'

পূর্ণবার বললেন, 'আজ আমার ক্ষিদে নেই বলে আমি কিছু খাইনি। ^{বি}আমার খাবার তোমার পাশের টেবিলেই চাপা দেওয়া আছে। ইচ্ছে করলেই খেতে পারে। '

নিরাকার বিধুর আর তর সইল না—পূর্ণবাবু অবাক্ হয়ে দেখলেন, তাঁর টেবিলের উপরে রক্ষিত খাবারের থালার ঢাকনিটা হঠাই যেন জ্যান্ত হয়ে এক লাফ মেরে টেবিলের আর এক পাশে গিয়ে পড়ল এবং তারপর খাবারগুলোও জ্যান্ত হয়ে শৃত্যে টপাটপ লাফ মারতে শুরু করলে! খেতে খেতে নিরাকার বিধু বললে, 'আঃ, এতক্ষণে যেন বাঁচলুম! আমি ঈশ্বরের মতো নিরাকার হয়েছি বটে, কিন্তু ক্ষ্থা-তৃষ্ণাকে এখনও জয় করতে পারি নি। ভাগ্যিস দৈবগতিকে তোমার বাড়িতেই এদে পড়েছি!'

- 'ভোমার দেহ নিরাকার হয়েছে বটে, কিন্তু ভোমার দেহের রক্ত তো চর্ম-চক্ষুকে ফাঁকি দিতে পারে না! ব্যাপার কি ? তুমি আহত হয়েছ কেন ?'
- 'সে অনেক কথা, পরে বলব। আপাতত এইটুকু শুনে রাখো, একটা পাজী লোক আমার টাকা নিয়ে পালাচ্ছিল, তাকে ধরতে গিয়েই, আমার এই বিপদ হয়েছে। ভাই পূর্ণ, আজ আর আমি কথা কইতে পারছি না—তিন দিন আমি ঘুমোই নি, আমাকে ঘুমোবার একটু ঠাই দাও।'
 - —'তুমি এই মরেই ঘুমোতে পারো, আমি অশু ঘরে যাচ্ছি।'
- —'আর তোমার ছ্-একটা বাড়তি জামা-কাপড় আমাকে দিয়ে যাও।'
 - —'আচ্ছা ।'

নিরাকারের আত্মকথা

পূর্ণবার একখানা আলোয়ান, একটা গরম কোট, একটা ফ্লানেলের সাট, একখানা কাপড় ও এক জোড়া জ্তো এনে দ্লিলেন।

বিধু যখন সেইগুলো পরলে, তখন তার দেহের একটা নির্দিষ্ট



হাঠন পূর্ণবাব্র চোথের সামনে স্পষ্ট হয়ে উঠল—যদিও জামার উপরে তারু মুণ্ড, জামার হাতার তলায় তার হাত ছু'টো এবং হাঁটুর কাপড় ও জুতোর মাঝখানে তার পা-ছটো দৃশ্যমান হল না বলে সে দেহটাকে অত্যন্ত কিন্তুতকিমাকার দেখাতে লাগল।

বিধু বললে, 'ভাই পূর্ণ, এইবারে আমি একটু ঘুমিয়ে নেব।
হেমেদ্রকুমার রায় রচনাবলী: ২

বাকি কথা সব কাল সকালে হবে। ••• হাঁা, ভালো কথা। আমি এখানে আছি এ কথা তুমি কাৰুকে বলবে না তো ?'

- —'কেন গ্
- 'লোকে আমার কথা টের পায়, এটা আমি পছন্দ করি না! সাবধান, আমার এ-কথা ভ্রমেও ভুলো না!'

পূর্ণবারু সে-খীর ছেড়ে বেরিয়ে অশু একটা খরে গিয়ে ঢুকলেন। তাঁর চোখে সে রাত্রে আর ঘুম এল না। একখানা ইন্ধি-চেয়ারের উপরে বসে পড়ে তিনি নানা কথা ভাবতে লাগলেন।

'অদৃশ্য মানুষ! শ্রীপুরের আর সকলের মতো আমারও মাথা খারাপ হয়ে গেল নাকি ? এও কি সম্ভব ? হাঁা, সমুদ্রের জলে যারা বাস করে, আমাদের চোখে তারা অদৃশ্য বটে! পুকুরের জলে যে সব জীব বাস করে, তারাও অদৃশ্য! কিন্তু পৃথিবীর হাওয়ার জগতে যারা বাস করে, তারা কখনো অদৃশ্য হতে পারে না!

ভেবে-চিন্তেও তিনি কূল-কিনারা পেলেন না। সর্বাত পুইয়ে গেল। সকালবেলায় খবরের কাগজ এল। খবরের কাগজে পূর্ণবাবু অত্যন্ত আগ্রহের সহিত অদৃশ্য মানুষের সমস্ত কীর্তিকলাপ পড়ে ফেললেন। যে কথাগুলি তিনি জানতে পারলেন, সেগুলি হচ্ছে এই:

(১) অদৃগ্য মানুষ 'স্বাস্থ্যনিবাসে'র উপরে বিষম অত্যাচার করেছে।
(২) অদৃগ্য মানুষ ডাক্তার মানিকবাবুর বাড়ি থেকে টাকা চুরি
করেছে। (৩) অদৃগ্য মানুষ শ্রীপুরের অসংখা স্ত্রী-পুরুষকে আহত
করেছে। (৪) অদৃগ্য মানুষ শ্রীপুরের ব্যাঙ্ক থেকে কয়েক হাজার
টাকার নোট নিয়ে পালিয়েছে এবং রাজপথের পথিকদের পকেট
কেটে অনেক টাকা সরিয়েছে! প্রভৃতি।

পূর্ণবারু নিজের মনেই বললেন, 'সর্বনাশ। বিধু কেবল অদৃশ্য নয়, উদ্মন্তও বটে! ইচ্ছা করলে পৃথিবীতে সে সাংঘাতিক কাণ্ডও করতে পারে! মানুষের সমাজের সমস্ত নিয়ম বদলে দিতে পারে! আরু আমি কিনা তাকে স্বাধীনভাবে আমারই ঘরে ছেড়ে রেখে এসেছি! অদৃশ্য মানুষ

তাকে কি স্বাধীনতা দেওয়া উচিত ? কখনোই নয়!

পূর্ণবার একখানা কাগজে তাড়াতাড়ি কি লিখলেন। তারপর কাগজখানা একখানা খামের ভিতরে পুরে চাকরকে ডেকে বললেন, 'এই চিঠিখানা চুপিচুপি থানায় দিয়ে এস।'

ঠিক সেই সময়েই তাঁর শয়ন-ঘরের ভিতরে ঝন্ঝন্ করে একটা বেজায় আওয়াজ হল—যেন কাঁচের কি কতকগুঁলো ভেঙে পড়ল। পূর্ণবাবু তাড়াতাড়ি শয়ন-ঘরের দিকে ছুটলেন।

ঘরের ভিতরে চুকে দেখলেন, একটা জানলার সামনে বিধুর কন্ধকাটা মৃতি দাঁড়িয়ে আছে এবং জানলার সার্সির ভাঙা কাঁচগুলো স্থরের মেঝের উপরে ছড়িয়ে রয়েছে!

পূর্ণবারু বললেন, 'এ কি ব্যাপার ?'

বিধু বিরক্তমুথে বললে, 'আমার মেজাজ বেজায় তিক্ত হয়ে আছে! কিছুই ভালো লাগছে না। ভয়ানক রাগ হচ্ছে। রাগের কোঁকে তোমার সার্সির কাঁচগুলো ভেঙে ফেলেছি!'

পূর্ণবার মনে মনে বললেন, 'উন্মাদ-রোগ্রের পূর্ব লক্ষণ !' প্রকাশ্যে বললেন, 'তুমি আজকাল মাঝে মাঝে এই রকম করো নাকি !'

--- 'করি।'

পূর্ণবারু ঘরের ভিতর নীরবে খানিকক্ষণ পায়চারি করলেন। তারপর বিধুর সামনে গিয়ে দাঁড়িয়ে মৃত্স্বরে বললেন, 'বিধু, শাস্ত হয়ে বসো। কেমন করে তুমি অদৃশ্য হলে, সে কথা আমাকে বলোনি। আমার শুনতে ইচ্ছে হচ্ছে।'

- 'অদৃশ্য হওয়া খুবই সহজ কথা !'
- —'তোমার কাছে সহজ হতে পারে, কিন্তু আমার কাছে এটা একেবারেই অসম্ভব ব্যাপার !'
- 'কলেজ ছাড়বার পর আমি যে পদার্থ-বিজ্ঞান নিয়ে খুব মেতে উঠেছিলুম, সে কথা বোধ হয় তুমি জানো না। মোহনপুরে আমার বাসা ছিল। সেখানে প্রায় দিন-রাত একটা ঘরে বন্দী হয়ে আমি

কেবল পদার্থ-বিজ্ঞান নিয়ে। হরেকরকম পরীক্ষা করুতুম। সেহ পরীক্ষার ফলেই অদৃশ্য হবার এই অদ্ভুত উপায় আবিষ্কার করেছি।'

—'সে উপায়টা কি শুনি ?'

— 'সে কথা ভালো করে বোঝাতে গেলে পদার্থ-বিজ্ঞানের অনেক কঠিন বিষয় নিয়ে এখন ব্যাখ্যা করতে হয়। সে সময় আমার নেই। ভবে খুব 'সংক্ষেপে ছ-একটা কথা বলছি, শোনো। ধরো, কাঁচের কথা। পাথরের চেয়ে কাঁচ স্বচ্ছ, তাই পাথরের ভিতর দিয়ে দেখা যায় না, কিন্তু কাঁচের ভিতর দিয়ে যায়। অস্পষ্ট আলোতে খুব পাতলা কাঁচ সহজে চোখে পড়ে না—কারণ, সে আলো শোষণ ও 🗗 তিফলিত করতে পারে খুবই অল্প। সাধারণ সাদা কাঁচ তুমি যদি জলের ভিতরে ফেলে দাও, তাহলে সে বিশেষরূপে দৃষ্টি আকর্ষণ করে না। আবার জলের চেয়ে ঘন কোন তরল পদার্থের ভিতরে কাঁচকে কেলে দিলে সে প্রায় অদৃগ্য হয়ে যায় – কারণ, সেই তরল পদার্থ ভেদ করে খুব অল্ল আলোই তার কাছে গিয়ে পৌছুতে পারে। ঠিক এই কারণেই বাতাসের ভিতরে হাইড্রোজেন্ গ্যাস অদৃগ্য হয়ে থাকে। কাঁচকে যদি ভেঙে গুঁড়ো করা হয় তাহলে বায়ু-চলাচলের স্থানে তাকে রাখলে, সকলেই দেখতে পায়। কিন্তু সেই দৃশ্যমান কাঁচের গুঁড়ো জলের মধ্যে ফেলে দিলে সম্পূর্ণরূপে অনগ্য হয়ে যায়। সাদা কাগজ স্বচ্ছ নয়—তার ভিতর দিয়ে দৃষ্টি চলে না। কিন্তু ভালো করে তেল মাখিয়ে সাদা কাগজকেও স্বচ্ছ করা যায়। ... এই রকম সব ব্যাপারের উপরেই নির্ভর করে আমি এই অপূর্ব আবিষ্কার করেচি!

পূর্ণবারু বলমলেন, 'তারপর কি হল বল !'

বিধু বলুতে লাগল—

'কয়েক বংসর চেষ্টার পরে যথন আমার মনে হল যে আমি পরীক্ষায় সফল হয়েছি, তথন একদিন একটা বিড়ালকে ধরে আনলুম। তারপর সুেই বিড়ালের উপরে আমি আমার আঁবিষ্কৃত ওয়্ধ প্রয়োগ করলুম। বিডালটা ওয়্ধ থেয়ে কয়েক ঘন্টা ধরে ক্রমাগত চিৎকার করে কাঁদতে,লাগল। তারপর আমার চোথের সামনেই ধীরে ধীরে তার দেহ শৃত্যে মিলিয়ে গেল। তার দেহ মিলিয়ে গেল বটে, কিন্তু তার মিউ মিউ করে কান্নার জ্ঞালায় আমার প্রাণ ওপ্তাগত হয়ে উঠল। শেষটা অনেক কপ্ত করে ও তাড়াহুড়ো দিয়ে বিড়ালটাকে ঘর থেকে বিদায় করলুম। কিন্তু ঘর থেকে বেরিয়ে পথে গিয়ে আ্বার সে হৈ-চৈ বাধিয়ে তুললে। বিড়াল মিউ মিউ করছে, অথচ তাকে খুঁজে পাওয়া যাচ্ছে না! রাজপথে বেশ ভিড় জমে গেল। যখন বিড়ালটাকে কিছুতেই আবিন্ধার করা গেল না, তখন তাকে ভুতুড়ে বিড়াল মনে করে স্বাই সেখান থেকে প্লায়ন করলে।

এ ওষুধটা হয়তে। এত শীঘ্র আমি নিজের উপরে প্রয়োগ করতুম না, কিন্তু বাধ্য হয়ে শেষটা করতে হল। পূর্ণ, আমি যে ধনীর ছেলে নই এ কথা তুমি জানো। সামাশ্য যা কিছু পুঁজি-পাটা ছিল, এই পরীক্ষা শেষ করতেই তা ফুরিয়ে গেল। কয়েক মাসের বাড়ি ভাড়া বাকি, বাড়িওয়ালা বিষম তাগাদা শুরু করলে। তাগাদায় যখন ফল হল না, তখন সে নালিশ করে আমার বিরুদ্ধে 'বডি-ওয়ারেন্ট' বার করলে। বাড়িওয়ালা ও ওয়ারেন্টকে ফাঁকি দেবার জন্যে শেষটা আমি মরিয়া হয়ে ওষুধ খেয়ে অদৃশ্য হয়ে পড়লুম,!

বাড়িওয়ালার চোথের সুমুখ দিয়েই আমি সরে পড়লুম, কিন্তু সে আমাকে মোটেই দেখতে পেলে না! রাজপথে জনতার ভিতর দিয়ে লক্ষ্যহীনের মতন এগিয়ে চললুম। কিন্তু খানিক দূর এগুতে না এগুতেই নানান রকম মুশকিল হতে লাগল। মোটর গাড়িগুলো হর্ণ না দিয়েই আমার ঘাড়ের উপর দিয়ে চলে যেতে চায়! একটা মুটে একরাশ জিনিস ভরা ঝাঁকা মাথায় করে আমার গায়ের উপরে এসে পড়ুল। আমি সাঁৎ করে একপাশে সরে গেলুম বটে, কিন্তু আমার অদৃশ্য গায়ে ধাকা থেয়ে মুটেটা আশ্চর্য হয়ে এমনি চমকে উঠল য়ে, তার সমস্ত মোট-ঘাট পথের উপরে পড়ে ভেঙে চুরমার হয়ে গেল। তার ঝাঁকার ভিতরে কাঁচের কি একটা জিনিস ছিল, তারই

এক টুকরো ভেঙে আমার পার্য়ের তলায় ফুটে গেল ও মরঝর করে রক্ত পড়তে লাগল! আমি কাঁচের টুকরোটা পা থেকে বার করে ফেলবার চেপ্তা করছি, ইতিমধ্যে সেখানে অনেক লোকজন জমে গেল। তারা মুটেটাকে বললে, 'তুই কাণা হয়ে পথ চলছিদ নাকি ?' মুটেটা বললে, 'না বাবু, ভূতে আমায় ধাকা মেরেছে!' সব লোক হেসে উঠল! মুটে বললে, 'ঐ দেখুন, রক্তমাখা পায়ের দাগ!' বেগতিক দেখে আমি তাড়াতাড়ি সেথান থেকে পালাতে লাগলুম। কিন্তু কি আপদ, যতই অগ্রসর হই-রক্তমাথা পায়ের রেখা আমার পিছনে পিছনেই চলে! রাস্তার ভিড় ক্রমেই বেড়ে উঠল, সকলেই ভীত, বিশ্বিত, স্তম্ভিত! সেই মস্ত ভিড় রক্তাক্ত পায়ের দাগ ধরে আমায় অমুসরণ করতে লাগল ! তার উপরে পথের লেড়ে কুকুরগুলো ব্যাপার আরো সঙীন করে তুলল। তারা আমাকে দেখতে পাচ্ছিল না বটে, কিন্তু তাদের তীব্র ভ্রাণশক্তি আমাকে আবিষ্কার করে ফেললে অনায়াসেই! হতভাগারা আমাকে ঘেউ ঘেউ করে কামড়ে দিতে এল! ব্যতিব্যস্ত হয়ে কি করব ভাবছি এমন সময় দেখি একখানা ফিটন গাড়ি সেইখান দিয়ে যাচ্ছে। একলাফে তার উপরে উঠে পড়লুম, গাড়িখানা হলে উঠল, গাড়োয়ান সন্দিগ্ধ দৃষ্টিতে পিছন ফিরে একবার দেখলে ; কিন্তু কিছুই না দেখতে পেয়ে আমস্ত হয়ে আবার গাড়ি চালাতে লাগল।

খানিক পরেই এক নৃতন বিপদ! একটা ভীষণ মোটা মেম হঠাৎ সেই গাড়িখানার উপরে চড়ে বসল। আমি তাড়াতাড়ি অহ্ন দরজা দিয়ে আবার পথের উপরে লাফিয়ে পড়লুম। এবারে খুব সাবধানে সকলকে এড়িয়ে পথ চলতে লাগলুম। সন্ধ্যে পর্যন্ত এই রকম ঘুরে ঘুরে রীতিমত ক্ষ্ধার উদ্রেক হল। একখানা খাবারের দোকানের একপাশে গিয়ে দাঁড়ালুম। দোকানী যেই একটু অহ্মমনত্ত হয়, অমনি খান ছুই-তিন, লুচি বা ছ্-একখানা কচুরি বা ছ্-একটা আলুর দম প্রভৃতি টপাটপ সরিয়ে ফেলি! কিন্তু ছ্-একটা খাবার মুখে ফেলেই

8 . >

নতুন এক 'বিপদের সম্ভাবনায় মুষড়ে পড়লুম! আমার দেহের রক্ত যেমন বাইরের আলো-হাওয়ার সংস্পর্শে এলে আর অদৃশ্য থাকে না, তেমনি বাইরের কোন থাবার জিনিসও হজম না হওয়া পর্যন্ত উদরের মধ্যে দৃশ্যমান হয়েই থাকে! এই সত্যটা ধরতে পেরেই পেটের ক্ষ্ধা পেটে নিয়ে পালিয়ে এলুম।

সারাদিন ঘুরে ঘুরে ও অনাহারে শরীর এলিয়ে পঢ়লাঁ। এখন উপায় ? বাসায় ফেরবার পথ নেই, রাস্তায় রাস্তায় কভক্ষণ আর এমন করে ঘুরে বেড়াব ? সারাদেহে এক টুকরো কাপড় নেই, তার উপরে পৌষ-মাসের প্রথর শীত। কাঁপতে কাঁপতে ভাবতে লাগলুম, কোন রকমে যদি জামা-কাপড় ও জুতো যোগাড় করতে পারি, আর চশমা ব্যাণ্ডেজ ও পরচুলা প্রভৃতির সাহায্যে মুখের অদৃশ্য অংশগুলো ঢাকা দিতে পারি, তাহলে আমার চেহারা খুব চমংকার দেখতে না হলেও এক রকম চলনসই হতে পারে। কেউ শুধোলে বললেই হবে যে, 'দৈব-ছর্ঘটনায় চোট খেয়েছি বলে মুখে ব্যাণ্ডেজ বাঁধতে হয়েছে !' আরার মিনিট পনেরো পথ চলবার পরই যা খুঁজুছিলুম সেই শুযোগই পেলুম।—একটা বাড়ির সামনে সাইনবোর্ডে লেখা রয়েছে—'এককড়ি বিশ্বাস এশু কোং। এইখানে যাত্রা ও থিয়েটারের সকল রকম সাজপোশাক ও সরঞ্জাম স্থলতে ভাড়া দেওয়া হয়।'

কেন রকম ইতন্তত না করে একেবারে ঘরের ভিতরে প্রবেশ করলুম। ঘরের ভিতরে একটা টাক মাথা বুড়ো একটা বাজের সামনে মাতুরের উপর বসে একথানা থাতায় কি লিথছিল। আমার পায়ের শব্দে চমকে মুথ তুলে দেখলে,—কিন্তু সাদনে কিছুই দেখতে না পেয়ে ফ্যালফ্যাল করে তাকিয়ে রইল। চারিদিকে সিন্দুক, বাক্স ও তোরঙ্গ সাঞ্জানো রয়েছে, দেয়ালে হক্ষেকরকম সাজপোশাক এপরচূপ ও গোঁ প্-দাড়ি ঝোলানো রয়েছে, নামা আকারের মুখোশ ও অস্ত্রশস্ত্র টাঙানো রয়েছে। আমি পা টিপে টিপে একটা কোণ্যে দিকে যাবার চেষ্টা করলুম। কিন্তু এমনি আমার কপাল যে, হঠাং

আমার ধাকা লেগে একটা তোরঙ্গ গেল হুড়মুড় করে পড়ে। বুড়ো এবারে কাজ-কর্ম ফেলে একেবারে উঠে দাড়াল। যে তোরঙ্গটা পড়ে গিয়েছিল তার কাছে এসে তীক্ষণৃষ্টিতে চারিদিকে চেয়ে দেখতে লাগল। কিন্তু কিছুই আবিষ্কার করতে না পেরে আরো বেশী হতভত্ব হয়ে গেল।

এ সুযোগ আমি ছাড়লুম না। হঠাৎ বুকের উপরে ঝাঁপিয়ে পড়ে জোরে তার গলা টিপে ধরলুম! ছ-চারবার গোঁ গোঁ করেই সে অজ্ঞান হয়ে গেল। তারপর—'

পূর্ণবার বিশ্মিত স্বরে বলে উঠলেন 'বল কি হে, তুমি অনায়াসেই বুড়োটার গলা টিপে ধরলে ?'

বিধু বললে, 'তখন তা ছাড়া আর কি উপায় ছিল বল ? যে অবস্থায় আমি পড়েছিলুম, আমাকে বাঁচতে হবে তো ?'

পূর্ণবার বিরক্ত ভাবে বললেন, 'তাহলে নিজেকে বাঁচাবার জত্তে অনায়াসেই তুমি অহা কারুকে খুন করতে পারো ? কি অহায়!'

বিধু উত্তেজিত ভাবে উঠে দাঁড়িয়ে কর্কশ কণ্ঠে বললে, 'তা পারি। আত্মরক্ষা হচ্ছে জীবনের ধর্ম! নিজেকে বাঁচাবার জত্যে নরহত্যা করা। আমি অপরাধ বলে মনে করি না। এর ভেতরে তুমি অন্তায়টা দেখলে কোথায় ?'

পূর্ণবার খানিকক্ষণ অবাক্ হয়ে তার দিকে তাকিয়ে রইলেন। তারপর নিজেকে সামলে নিয়ে বললেন, 'বিধু, তোমার স্বভাব ঢের বদলে গেছে দেখছি। কিন্তু সে কথা থাক্। তুমি যা বলছিলে বল।'

বিধু আবর্ত্তি আরম্ভ করলে—

'খানিকটা দড়ি নিয়ে বুড়োর হাত-পা আমি বেঁধে ফেললুম। তার মুথে কতকগুলো স্থাকড়া গুঁজে দিলুম, যেন হঠাৎ জ্ঞান ফিরে পেয়ে চেঁচিয়ে না ওঠে! তারপর নিজের মনের মতন পোশাক বেছে নিয়ে পরে ফেললুম। পরচুল, দাড়ি-গোঁফ, একথানা ঠুলি-চশমা নিয়ে মুথের অদৃশ্য অংশ ঢাকা দিলুম। একটা মুখোশের নাক কেটে নিয়ে নিজের বুখের যথাস্থানে বসিয়ে দিলুম। তারপর মাথা থেকে গলা পর্যন্ত ব্যাণ্ডেজ করে একথানা আরশির সামনে পরীক্ষা করে দেখলুম, আমার মুখখানা দেখতে অন্তুত হলেও অমামূষিক হয় নি । বুড়োর বাক্স হাতড়ে ছুশো পঁচিশ টাকা পেলুম। নোট ও টাকাগুলোঃ পকেটে পুরে আবার রাস্তায় বেরিয়ে পড়লুম।

পূর্ণবার আবার বললেন, 'পরের টাকা নিতে ঙোমার সঙ্কোচ হল না ?'

বিধু বললে, 'কিছুমাত্র না! টাকা যার কাছে থাকে তারই হয়! লোকে তা বুঝলে এতদিনে পৃথিবীতে আর গরীব থাকত না! সেথান থেকে এক হোটেলে ঢুকে আগে পেটের ক্ষুধাকে শাস্ত করলুম। তারপর কেমন করে আবার নিজের বাসায় ফিরে গিয়ে আমার পুঁথি-পত্র ও ওষ্ধের শিশি বোতলগুলো শ্রীপুরে পাঠাবার ব্যবস্থা করে নিজেও এখানে এসে হাজির হলুম, সে সব কথা আর না বললেও চলবে।

শোনো পূর্ণ! আমি হচ্ছি অদৃশ্য মানুষ! কিন্তু নিরাকার হবার আগে অদৃশ্য হওয়ার যে সব আনন্দ মনে মনে কল্পনা করেছিলুম, আজ সে সব আকাশ-কুসুমের মতো মিলিয়ে গিয়েছে! এখন আমার মতো অসহায় আর কেউ নেই! আমাকে সবাই ভয় করে, ভীষণ শক্তবলে মনে করে! কোন সাধারণ মানুষের সাহায়্য না পেলে পৃথিবীতে আমার পক্ষে বেঁচে থাকাই অসম্ভব। সেই জন্মেই বংশীবদনকে আমার সঙ্গী করেছিলুম, কিন্তু সে হতভাগাও আমার পুঁথি-পত্র ওটাকা চুরি করে আমাকে কাঁকি দিয়ে পালিয়ে গেছে!

পূর্ণবাবু জিজ্ঞাসা করলেন, 'তুমি এখন কি করতে ঢাও ?'

বিধু বললে, 'মনে করছি এখন তোমার এখানেই কিছুদিন থাকব। 'ভগবান তোমার সঙ্গে আমার দেখা করিয়ে দিয়েছেন। মনে করলেই আমরা ত্'জনেই তুজনের অনেক উপকার করতে পারি। তুমি আমাকে আশ্রয় দেবে, আমাকে লুকিয়ে রাখবে; আর আমি তুনিয়ার এশ্বর্য লুটে নিয়ে এসে তোমার কাডে সঁপে দেব। তুমি আমাকে সাহায্য করবে পূর্ণ, ?'

পূর্ণবারু চুপ করে বসে রইলেন।

- 'চুপ করে রইলে যে? পূর্ণ, তুমি কি আমার কথায় রাজী নও?' পূর্ণবারু নীরবে যেন কি শুনতে লাগলেন।
- 'পূর্ণ, নীচে যেন দরজা খোলার শব্দ হল না?'
- 'কই, সামি তো শুনতে পাই নি।'

বিধু খানিকক্ষণ কান পেতে শুনলে। তারপর হঠাৎ উঠে দাঁড়িয়ে বললে, 'উহু, সিঁড়ির ওপরে নিশ্চয়ই কাদের পায়ের শব্দ হচ্ছে! কারা ওপরে আসচে ?'

পুর্ণবার্ও উঠে দাঙিয়ে বললেন, 'কে আবার আদবে ?'

কিন্ত বিধুর সন্দেহ দ্র হল না! সে তাড়াতাড়ি দরজার দিকে এগিয়ে গেল, — কিন্ত পূর্ণবার্ও তাড়াতাড়ি এগিয়ে তার আগেই দরজার কাছে গিয়ে হাজির হলেন।

বিধু গর্জন করে বললেন, 'বিশ্বাসঘাতক'! —এবং তারপরেই সে পূর্ণবাবুর উপরে লাফিয়ে পড়ল ও ছই হাতে সবলে তাঁর গলা টিপে ধরে তাঁকে একটানে মেঝের উপরে আছড়ে ফেললে। যন্ত্রণায় আর্তনাদ করে পূর্ণবাবু তথনি উঠে বসলেন এবং সেই অবস্থায় দেখলেন, তাঁর চোথের সামনেই জামা-কাপড়গুলো টান মেরে খুলে ফেলে বিধু আবার নিরাকার হয়ে গেল!

থানার দারোগা পাহারাওয়ালাদের সঙ্গে সিঁড়ি বেয়ে তাড়াতাড়ি উপরে আসছিলেন, এমন সময় আচমকা তার দেহের উপরে হুড়মুড় করে একটা অদুগ্য ভার এসে পড়ল এবং সঙ্গে সঙ্গে তিনিও হলেন একেবারে কুপোকাং! দারোগা-মশাই যখন আবার হু'পায়ে ভর দিয়ে দাড়িয়ে উঠতে পারলেন, তখন দেখলেন পূর্ণবার্ রক্তাক্ত মুখে বেগে ঘরের ভিতর থেকে বেরিয়ে আসছেন!

তিনি দারোগাবার্র সামনে এসে বললেন, 'অদৃশ্য মারুষ আবার আমাদের ফাঁকি দিয়ে পালিয়ে গেছে!'

অদৃশ্যের বিরুদ্ধে যুদ্ধ ঘোষণা

পূর্ণবার অত্যন্ত কুদ্ধশ্বরে বললেন, 'আপনারা রুঝি ঢাক-ঢোল বাজিফ্লে চোর ধরতে যান ?'

দারোগাবার থতমত থেয়ে বললেন, 'কেন বলুন দিকি ?'

পূর্ণবার আরো রেগে বললেন, 'কেন, এখনো তা রুঝতে পারছেন না ? আপনারা এমন গোলমাল করে বাড়ির ভিতরে ঢুকেছেন যে, সে আগে থাকতেই সাবধান হয়ে পালিয়ে গেল!'

দারোগাবার অপ্রতিভভাবে বললেন, 'তাই তো, বড় ভূল হয়ে গেছে!'

— হাা, এ ভুল আর শোধরাবার উপায় নেই! অদৃশ্য মানুষকে হাতে পেয়েও ছেড়ে দিলেন! তার মাথা খারাপ হয়্মে গেছে, সে বদ্ধ-পাগল! সে মানুষের টাকা কেড়ে নেবে, নরহত্যা করবে, পৃথিবী তার অত্যাচারে জর্জরিত হয়ে উঠবে! আমি তার মন্তর কথা শুনেছি, সে সমস্ত মানুষকে ঘূণা করে, আজকের ব্যাপারের পর সে আর কারুকেই ক্ষমা করবে না! ছি ছি, কি সর্বনাশটাই করলেন বলুন দেখি!

দারোগাবারু মিয়মাণ মুথে বললেন, 'তাকে কি ধরবার আর কোনই উপায় নেই ?'

পূর্ণবাব্ বললেন, 'উপায় থাক আর না থাক, আমাদের চেষ্টা করতে হবে তো!.... দাঁড়ান, হয়েছে! শুমুন, শ্রীপুরের চারিদিকে চৌকিদার রাখুন—তারা দব পথ-ঘাট আগলে থাক। পথে-ঘাটে কুকুরেরা ঘেউ ঘেউ করলেই থোঁজ নিন! তার মুখেই আমি শুনেছি, দে অদৃশ্য হলেও কুণুররা তার অস্তিষ টের পায়! শ্রীপুরের দমস্ত লোককে দশস্ত্র আর সাবধান হয়ে থাকতে বলুন! কেউ যেন তার বাড়ির ,ভিতরে ঢোকবার পৃথ খোলা না রাখে! সুর্বৃত্রই খাবার-দাবার যেন লুকিয়ে রাখা হয়,—যেন সে খাবার চুরি করতে না পারে, যেন সে অনাহারে থাকে!

দারোগাবাবু বললেন, 'তাহলে আপনিও আস্থুন, এ-বিষয়ে চট-পট একটা ব্যবস্থা করে ফেলা যাক!'

পূর্ণবাবু বল্পলেন, 'যাচ্ছি। কিন্তু আর একটা কথা জেনে রাখুন।
তার অদৃশ্য দেহের ভিতরে হজম না হওয়া পর্যন্ত থাবার দেখা যায়।
থাবার হজম করবার জন্যে তাকে লুকিয়ে থাকতে হবে। এখানকার
প্রত্যেক বনে-জঙ্গলে আর ঝোপে-ঝাপে পাহারা দেবার জন্যে লোক
রাখতে হবে। যদি দরকার হয়, পথে-ঘাটে কাঁচের টুকরোও ছ্ড়িয়ে
রাখতে হবে! তার পা আহত হলে রক্ত পড়ে, আর সে রক্ত অদৃশ্য
নয়! জানি, এ-ব্যবস্থা নিষ্ঠুর। কিন্তু উপায় কি ? সে একে অদৃশ্য,
তার ওপরে পাগল আর হিংস্র জন্তুর মতো ভয়য়র!'

দারোগা বললেন, 'এত তো আটঘাট বেঁধে কাজ করতে বলছেন, কিন্তু তার আগেই সে যদি এ-মুল্লুক ছেড়ে লম্বা দেয় ?'

পূর্ণবাবু বললেন, 'সে এখনি এখান থেকে নড়বে বলে মনে হয় না। বংশী বুলে কে একটা লোক তার দরকারি পুঁথি-পত্র নিয়ে পালিয়েছে। আমার বোধ হয় সেগুলো সে আগে ফিরে পাবার চেষ্টা করবে।'

দারোগা বললেন, 'ভাহলে আর দেরি নয়! আসুন, বেরিয়ে পড়া যাক।'

ত্বজনে দ্রুতপদে নীচে নেমে গেলেন।

দৃশ্যে ও অদৃশ্যে

অদৃগ্য মান্ন্য নিশ্চয় তুর্জয় ক্রোধে অন্ধের মতো হয়ে পূর্ণবাবুর বাড়ির ভিতর থেকে বেরিয়ে পড়েছিল। কারণ সেই বাড়ির দরজার সামনে তখন একটি ছোট শিশু নিজের মনে খেলা করছিল, আচম্বিতে কোন অদৃগ্য শক্তি তাকে শৃত্যে তুলে ছুঁড়ে দ্রে ফেলে দেয় এবং বেচারীর একখানা পা ভেঙে যায়।

তারপর ঘন্টা কয়েকের মধ্যে আর তার কোনই সন্ধান পাওঁয়া গেল না। হয়তো পূর্ণবাবুর বিশ্বাসঘাতকতায় ও নিজের আশায় নিরাশ হয়ে থানিকক্ষণের জত্যে সে অত্যস্ত দমে গিয়েছিল এবং কোন নির্জন স্থানে নিশ্চেষ্ট ভাবে বসে ভবিষ্যতের কর্তব্য স্থির করে নিয়েছিল।…

কিন্তু সে জানতে পারলে না, ইতিমধ্যে তার বিরুদ্ধে সমস্ত পৃথিবী কি রকম জাগ্রত হয়ে উঠেছে! শ্রীপুরের ঘরে-ঘরে প্রত্যেক সদর দরজা আর্জ বন্ধ। কোন স্কুল, কলেজ ও আপিদ্ধ আরু খোলা নেই। খাবারওয়ালারা পর্যন্ত তাদের দোকানে ঝাঁপ তুলে দিয়েছে। এবং পথে পথে সেপাইরা অস্ত্রশস্ত্র নিয়ে পাহারা দিয়ে বেড়াচ্ছে।

শ্রীপুর শহরের প্রান্তে নদীর ঘাটে খেয়া পারাপার আজ বন্ধ। এবং শ্রীপুর ঔেশনে সমস্ত রেলগাড়িরই কামরার দরজা আর জানলা আজ বন্ধ!

শ্রীপুর থেকে মালগাড়ি যাওয়াও আজ বন্ধ করে দেওয়া হয়েছে— কি জানি, খোলা মালগাড়ি পেয়ে অদৃশ্য মানুষ পাছে তার উপরে চড়ে সকলের অঞ্জান্তে পলায়ন করে!

মাঠে মাঠে বনৈ-জঙ্গলে আনাচে-কানাচে মোটা মোটা লাঠি-সোটা, রাম-দা, তরোয়াল ও সড়কি নিয়ে দলে দলে লোকজন ঘুরে বেড়াচ্ছে এবং হাওয়ায় কোথাও একটা পাতা নড়লেই হাঁ হাঁ করে ্সেই দিকে ছুটে যাচ্ছে।

অদৃত্য মানুষ যে এপুরের মায়া এখনো ত্যাগ করে নি, শীঘ্রই সে প্রমাণ পাওয়া গেল।

শ্রীপুরের এক পাটকলের ম্যানেজার ছিলেন চন্দ্রভূষণ বাবু। সন্ধ্যার কিছু আগে নদীর ধারের মাঠের ভিতরে হঠাৎ তাঁর মৃতদেহ পাওয়া গেল। চন্দ্রবারুর সর্বাঙ্গে ভয়ানক প্রহারের দাগ এবং তাঁর মাথাটাও কে ভেঙে গুঁডো করে দিয়ে গেছে। চন্দ্রবারর মৃতদেহের পাশে তাঁর নিজের মোটা বেতের লাঠিটা হু-টুকরো হয়ে পড়েছিল এবং তারই থানিক তফাতে ছিল একটা মোটা লোহার রক্তমাথা গরাদে! বেশ বোঝা গেল, ঐ গরাদের সাহায্যেই চন্দ্রবাবুকে কেউ হতা। করে গিয়েছে।

এই ব্যাপারে শহরময় অত্যন্ত হৈ-চৈ পড়ে গেল। চন্দ্রবারু ছিলেন নির্বিরোধী ভালোমানুধ লোক—শ্রীপুরে কেউ তাঁর শক্র ছিল না। স্তরাং সকলেরই ধারণা হল, অদৃশ্য মানুষ ছাড়া এ-কাজ আর কেউ করে নি! কিন্তু চন্দ্রবাবুকে থামোকা সে খুন করতে যাবে কেন ? এ-খুন যে টাকার জন্তে নয় তার প্রমাণ, চন্দ্রবাবুর পকেট থেকে মনিব্যাগটা হারায় নি ! তবে ?

অনেক খোঁজাখুঁজির পর সঠিক ব্যাপারটা জানা না গেলেও, একটা হদিস পাওয়া গেল। মাঠের ধারের একখানা বাড়ি থেকে একটি ছোট মেয়ে যা দেখেছিল, তাই নিয়ে সকলে অনেক রকম জল্পনা কল্পনা করতে জাগল। মেয়েটি বলে, মাঠের উপর দিয়ে একটা লোহার গরাদে ঠিক পাখীর মতই নাকি উড়ে যাচ্ছিল, আর তার পিছনে লাঠি ঘোরাতে ঘোরাতে ছুটছিলেন চন্দ্রবার। মেয়েটি তার পরের কথা আর কিছু বলতে পারলে না।

সৰাই ্য়া আন্দাজ করলে তা হচ্ছে এই—অদৃষ্ঠ মাতুষ বোধ হয় সশস্ত্র হবার জন্মে কোন বাডির জানলা থেকে এই লোহার গরাদেটা অনুত মাহ্ৰষ

খুলে নিয়োছল। সে যখন মাঠের উপর দিয়ে যাচ্ছিল, তখন তাকে দেখা না গেলেও তার হাতের লোহার গরাদেটা অদৃশ্য হয় নি। আর সেই উড়স্ত গরাদে দেখে চন্দ্রবাব বোধ হয় আশ্চর্য হয়ে তাকে নিজের হাতের লাঠি দিয়ে আঘাত করবার চেষ্টা করেছিলেন। অদৃশ্য মাত্র্য তাঁর হাত ছাড়াবার চেষ্টা করেও যখন মুক্তি পায়নি, তখন তাঁকে হত্যা করতে বাধ্য হয়েছে।

চন্দ্রবাবুকে হত্যা করে অদৃশ্য মামুষ যে কোন্ দিকে গেল তাও ঠিক বোঝা গেল না। তবে ইতিমধ্যে তার বিরুদ্ধে যে মস্ত একটা চক্রান্তের সৃষ্টি হয়েছে, এটা বোধ হয় সে বুঝে নিয়েছিল। কারণ, চারিদিকে এমন সতর্ক পাহারা সত্ত্বেও কেউ তাকে আর আবিষ্কার করতে পারলে না।

তবে সন্ধ্যার পরে একদল কুলী যখন মাঠ পার হয়ে প্রীপুরের দিকে আসছিল, তখন তারা নাকি শুনতে পেয়েছিল যে, মাঠের ভিতরে কোন অদৃশ্য কণ্ঠ থেকে কখনো কান্নার, কখনো হাসির ও কখনো গর্জনের রোমাঞ্চকর শব্দ হচ্ছে! ভূত মনে করে কুলীরা প্রাণপণে ছুটে পালিয়ে এসেছিল।

পূর্ণবাবুর বাড়ি আক্রমণ

সকাল বেলায় পূর্ণবাব একখানা অদ্ভূত পত্র পেলেন। চিঠিখানা। 'বেয়ারিং'। পত্রশুকে লিখছে—

'পূর্ণ, তুমি খুবই চালাক আর সাধু লোক—নয়? আমি তোমাকে বিশ্বাস করেছিলুম। আর তুমি বন্ধু হয়েও আমাকে ধরিয়ে দিলে! আমার সঙ্গে এইরূপ বিশ্বাসঘাতকতা করে তোমার কি স্বার্থসিদ্ধি হবে, তা পুমিই জানো। তোমারি চক্রান্তে একটা দিন আমাকে হাটে-মাঠেবাটে ঘেয়ো কুকুরের মতো পালিয়ে পালিয়ে বেড়াতে হয়েছে। যাতে আমি খেতে ও ঘুমোতে না পাই সে-জত্যে তুমি কোন স্ব্যবস্থা করতেই বাকি রাখোনি। তবু আমি পেট ভরে খেয়েছি ও সারারাত প্রাণ ভরে ঘুমিয়েছি। এ খবর শুনে তুমি বোধহয় খুব খুশী হবে?

এইবারে আসল নাটক শুরু হবে—হাসির নাটক নয়, বিয়োগান্ত নাটক, অর্থাৎ তার মধ্যে পতন ও মৃত্যুর কোনই অভাব হবে না।

এ চিঠি যথন তুমি হাতে পাবে, তখন থেকেই বিভীষিকা শুরু হবে! আজ থেকে শ্রীপুরের রাজা আর কেউ নয—এখানে এখন কেবল আমারই একছত্র অধিকার! শ্রীপুরের সর্বশক্তিমান মহারাজা হচ্ছি আমি—অদৃশ্য মানব! কাকে রাখব আর কাকে মারব সে-কথা কেবল আমিই জানি।

তবে, প্রথম দিনে আমি কি করব, সে-কথাটা ভোমার কানে কানে চুপিচুপি ঝামি জানিয়ে রাখছি। আমার সঙ্গে শত্রুতা করলে কি হবে, তার একটা দৃষ্ঠাস্ত দেখাবার জন্মে প্রথম দিনেই একজনের জন্মে আমি প্রাণদণ্ডের ব্যবস্থা করব। আসামীর নাম হচ্ছে, বারু পূর্ণচন্দ্র মুখোপাধ্যায়। মৃত্যুর দৃত এখনি তার দিকে অগ্রসর হয়েছে! সে ধরের দরজায় চাবি বন্ধ করে বসে ধাকতে পারে, বাড়ি ছেড়ে

অভ্য কোথাও গিয়ে লুকিয়ে থাকতে পারে, নিজের চারিদিকে অগুন্থি সেপাই রাখতে পারে—দে যা খুশি করতে পারে, কিন্তু তবু মুত্যু, অদৃশ্য মৃত্যু তাকে গ্রহণ করবার জন্মে এগিয়ে আসছে!—তাকে আমি খুব সাবধান হতে বলি, কারণ লোকে তাহলেই ব্যুক্তে পারবে যে, সাবধান হলেও আমার হাত থেকে রক্ষা নেই! যে তাকে সাহায্য করবে তাকেই মরতে হবে। তুমি শুনে রাথো বন্ধু, আজকে পূর্ণের মৃত্যু-দিবস!

প্রবার চিঠিখানা হাতে নিয়ে নাড়তে নাড়তে বললেন, 'বিধু ঠাট্টা করে এ চিঠিখানা লেখেনি। সে তার মনের কথাই খুলে লিখেছে!' তিনি আস্তে আস্তে উঠে দাঁড়ালেন, তাঁর সামনে যে গ্রম চা ঠাণ্ডা হয়ে যাচ্ছে, সেদিকেও তাঁর কোন থেয়াল রইল না। আগে চাকরকে ডেকে তিনি বাড়ির ভিতরে ঢোকবার সব পথ বন্ধ করে ক্রিতে বললেন। তারপর দেরাজের ভিতর থেকে একটা রিভলবার বার করে নিজের পকেটে পুরলেন। তারপর ঘহরর ভিতরে পায়চারি করতে করতে নিজের মনেই বললেন, 'বিধু! তাহলে কাল আহার আর নিজা থেকে তুমি বঞ্চিত হও নি ? বেশ; বেশ! তাই মনের আনন্দে তুমি আমার প্রাণদণ্ডের ব্যবস্থা করেছ? এও মন্দ কথা নয়! কিন্তু বিধু, তুমি যতই অদৃশ্য হও, টেক্কা মার্ব কিন্তু আমিই! বলতে বলতে তিনি টেলিফোনের কাছে গিয়ে হাজির হলেন এবং থানার দারোগাকে দকল কথা জানালেন। দারোগা বললেন, 'আমি এখনি আপনার বাড়িতে যাচ্ছি।' টেলিফোনের কাছ থেকে তিনি একটা জানলার সামনে গিয়ে দাঁড়ালেন। কিছুক্ষ্ণ রাজপথের দিকে ভাকিয়ে থেকে নিজের মনেই আবার বললেন, 'কে জানে, বিধু এতক্ষণে আমার বাড়ির সামনে এসে দাড়িয়েছে কি না! হয়তো সে এখন পথে দাঁড়িয়ে আমার পানেই তাকিয়ে আছে!'—একটা কি জিনিস ঝপ্ করে জানলার সার্সির উপরে এসে পড়ল। —পূর্ণবারু আঁৎকে উঠে তাডাতাডি পিছু হটে এলেন এবং তারপরে উচ্চস্বরে

হেদে, উঠে বললেন, 'চড়,ই পাখী! আমার মনে নিশ্চয় ভয় ঢুকেছে।'
নইলে সামান্ত একটা চড়,ই পাখী আমাকে এমন চমকে দিতে পারে ?'

সদর দরজায় কড়া-নাড়ার শব্দ হল। তিনি নিজে নেমে গেলেন।
দরজার এপাশে দাঁড়িয়ে চেঁচিয়ে জিজ্ঞাসা করলেন—'কে ?'

দরজীর ওপান থেকে দারোগাবারু সাড়া দিলেন।

পূর্ণবার দরজার থিল খুলে দরজাটা একটুথানি ফাঁক করে আগে উকি মেরে দেখে নিলেন, সত্যই দারোগাবার কি না! তারপর নিঃসন্দেহ হয়ে দরজার এক পাটি খুব কম করে খুলে দারোগাবার্কে ভিতুরে এনে আবার থিল তুলে দিলেন।

ত্বজনে সিঁড়ি দিয়ে উপরে গিয়ে ওঠবার আগেই শুনলেন একটা।
দরের ভিতর থেকে ঝন্ঝন্ করে সার্সি-ভাঙার আওয়াজ এল।

ছজনে সে ঘরে গিয়ে ঢুকতে-না-ঢুকতেই আরো সার্সির কাঁচ ভেঙে পড়ল !

পূর্ণবারু বিবর্ণ-মুথে বললেন, 'বিধু তার প্রতিজ্ঞা রক্ষা করেছে।'
আমার বাড়ি অবরোধ শুরু হল!'

দারোগা বললেন, 'বাড়ির বাইরে থেকে কোন কিছু ধরে কেউ উপরে উঠতে পারবে না তো গ'

—'টিকটিকি আর পাথী ছাড়া আর কেউ পারবে না।'

ত্ম্দাম, ঝন্ঝনাঝন, ঠক্ঠকাঠক ! বড় বড় ঢিল বৃষ্টি হচ্ছে, কতগুলো সার্সি ভাঙল, গুণে বলা দায় । অদৃশ্য মানুষকে দেখা যাচ্ছেনা—বাড়ির ভিতরে ঢকতে না পেরে সে ঢিল ছুঁডেই মনের আক্রোশ মিটিয়ে নিচ্ছে

পূর্ণবার মাথা চুলকোতে চুলকোতে বললেন, 'এখন কি করা যায় বলুন দেখি ?'

দারোগা বললেন, 'একটা উপায় আমার মনে হচ্ছে। আপনিং কাল বললেন না যে, কুকুরুরা অদৃশ্য মান্থবের গন্ধ পায় ?'

一'初1'

- 'আমার তিনটে ডালকুতা আছে। বলেন তো নিয়ে আদি। ভারা চোখে দেখতে না পেলেও ঠিক ঐ গুরাত্মাকে ধরে ফেলবে!'
- 'কিন্তু বাইরে যাবেন কেমন করে ? বিধু যে পথ আগতস আছে !'
- 'আপনার রিভলবারটা যদি দেন, তাহলে ঠিক আমি যেতে পারব। রিভলবারটা দেখলে ও-বদমাইস নিশ্চয়ই আমার কাছে আসবে না।'

পূর্ণবার অত্যন্ত অনিচ্ছাসত্ত্বেও রিভলবারটা দারোগার হাতে সমর্পণ করলেন। তারপর নীচে নেমে আচমকা সদর দরজাটা খুলে দারোগাকে বার করে দিয়েই তথনি আবার দরজা বন্ধ করে দিলেন।

দারোগা পূর্ণবাবুর বাড়ির ভানদিকের মাঠ দিয়ে সাবধানে চারি-দিকে চোখ রেখে অগ্রসর হলেন।

হঠাৎ একটা কপ্তমর বললে, 'তুমি দাঁড়াও !'

দারোগা থমকে দাঁড়িয়ে পড়ে রিভলবারটা মুঠোর ভিতরে চেপে ধরলেন।

কণ্ঠম্বর বললে, 'তুমি কোথায় যাচ্ছ

বুকের ধুকপুকুনি সামলে নিয়ে দারোগা 'নুখসাবাসি দেখিয়ে বললেন, 'সে খবরে তোমার দরকার কি ?'

পর-মুহুর্তেই দারোগার নাকের উপরে যেন একটা পাঁচ-সের ওজনের স্থাষি এসে পড়ল! ধপাস করে মাটির উপরে বসে পড়ে যথন তিনি চোথের সামনে রাশি রাশি সর্যেফুল-ফোটা দেখতে লাগলেন, তখন হঠাৎ কার অদৃশ্য হস্ত এসে তাঁর হাত থেকে রিভলবারটা ছিনিয়ে নিলে!

কণ্ঠস্বর বললে, 'যাও, বাড়ির ভেতরে ফিরে যাও! নইলে—'
দারোগা ত্তাশ ভাবে মুখ তুলে দেখলেন, যেন কোন যাছবিছার
বলেই শৃন্তে একটা রিভলবার স্থির হয়ে আছে—তার নলচেটা তাঁরই
দিকে ফেরানো।

কণ্ঠস্বর বললে, 'উঠে দাঁড়াও! আমার সঙ্গে কোন ব্লকম চালাকি থেলতে এস না! মনে রেখো, তুমি আমাকে দেখতে পাচ্ছ না, কিন্তু আমি তোমাকে দেখতে পাচ্ছি। সূড়্সূড়্ করে ভালো মামুষ্টির মতন বাড়ির ভেতরে ফিরে যাও!'

দাুরোগা বললেন, পূর্ণবার আর আমাকে দরজা খুলে দেবেন না!' কণ্ঠস্বর বললে, 'কিন্তু তোমাকে ফিরে যেতেই হবে! নইলে তুমি লোকজন ডেকে নিয়ে আসবে! তোমার সঙ্গে আমার কোন ঝগড়া নেই, কিন্তু আমার কথা না শুনলে তোমাকে আমি বধ করতে বাধ্য হবো!'

দারোগা আচম্কা এক লাফ মেরে রিভলবারটা অদৃশ্য হাত থেকে কেড়ে নিতে গেলেন—সঙ্গে সঙ্গে রিভলবারের মুখ থেকে দপ্ করে বিছ্যংশিখা জ্বলে উঠল এবং পর-মুহূর্তেই দারোগার দেহ ঘ্রে মাটির উপরে আছাড় খুয়ে পড়ে আড়ুষ্ট হয়ে রইল।

দোতলার একটা জানলার পাল্লা ফাঁক করে পূর্ণবাব্ সমস্ত দৃশ্যই দেখছিলেন। এবং ইতিমধ্যেই টেলিফোনে সাহায্যের জন্যে তিনি থানায় থবর দিয়েছিলেন। দারোগার পতনের পর রিভলবারটা সেখানেই শৃষ্টে তুলতে লাগল! এমন সময় দরজায় কড়া-নাড়ার শব্দ শুনে পূর্ণবাব্ তাড়াতাড়ি নীচে নেমে গিয়ে দেখকেন, থানা থেকে চার জন পাহারাওয়ালা এসে হাজির হয়েছে। তিনি চট করে তাদের ভিতরে এনে আবার দরজা বন্ধ করে দিয়ে বললেন, 'তোমাদের দারোগা আর বেঁচে নেই। অদৃশ্য মানুষের হাতে রিভলবার আছে। খুব সাবধান!'

বাড়ির পিছন দিকের একটা দরজার উপরে হুম্হুম্ করে পদাঘাতের শব্দ হতে লাগল। থিড়কির সে দরজাটা তেমন মজবুত ছিল না — অদৃশ্য মানুষ বোধ হয় সেটা আবিষ্কার করে ফেলেছে।

পাহার ওয়ালাদের নিয়ে পূর্ণবাবু সেই দিকে ছুটলেন—কিন্তু তার আগেই থিড়কির দরজার পলকা থিলটা সশব্দে ভেঙে গেল!

অনুত মীনুষ ৪১৫

পূর্ণবার, চিংকার করে বললেন, 'অদৃশ্য মানুষ বাড়ির ভেতরে ঢুকল দূ মনে রেখো, তার হাতে রিভলবার আছে !'

পাহারাওয়ালারা তু'হাতে লাঠি ধরে এদিকে ওদিকে লুকিয়ে একেবারে প্রস্তুত হয়ে রইল। উপর-উপরি তু-বার রিভলবারের গর্জন শোনা গেল! কিন্তু তার আগেই পূর্ণবারু তড়াক করে মস্ত লাফু মেরে একটা ঘরে ঢুকে পড়ে সে যাত্রা প্রাণ রক্ষা করলেন।

অদৃশ্য মামুষকে দেখা গেল না বটে—কিন্তু এটা দেখা গেল যে একটা চকচকে রিভলবার শৃত্যপথে থেকে থেকে ক্রমেই এগিয়ে: আসছে।

হঠাৎ একটা পাহারাওয়ালা গুপ্তস্থান থেকে বেরিয়ে রিভলবারের পিছনদিকে প্রচণ্ড এক লগুড়াঘাত করলে। একটা যন্ত্রণাময় চিৎকারের সঙ্গে সঙ্গে রিভলবারটা ছিটকে তফাতে গিয়ে পড়ল। অদৃশ্য মান্থবের হাতে আর রিভলবার নেই দেখে পূর্ণবার ও অক্য তিনজন পাহারাওয়ালাও আবার বাইরে বেরিয়ে এল।

যতক্ষণ অদৃশ্য মানুষের হাতে রিভলবারটা ছিল ততক্ষণ তবু তার



একটা ঠিকানা পাওয়া যাচ্ছিল। কিন্তু এখন সে যে কোথায় আছে সে রহস্ত কিছুই বোঝা গেল না।

কিন্তু যে পাহারাওয়ালা তার হাতে লাঠি মেরেছিল, তাকে সে ক্মা করলে না। উঠানে এক কোণে একটা টুল ছিল, হঠাৎ সেখানা শৃত্যে উঠে স্থুরতে স্থুরতে প্রথম পাহারাওয়ালার মাথার উপরে এসে পড়ল। বিকটি চীৎকার করে সে পপাত ধরণীতলে হল!

তার পরেই পূর্ণবারু সভয়ে দেখলেন, রিভলবারটা মাটির উপর থেকে আবার শৃন্তে লাফিয়ে উঠল! চোখের নিমেষে বাকি পাহারাওয়ালা আবার অদৃগ্য হল এবং পূর্ণবারু এবারে থিড়কির দরজা দিয়ে একেবারে বাড়ির বাইরের দিকে দৌড় দিলেন! ছম করে রিভলবারের একটা শব্দ হল—কিন্তু সে গুলিও তাঁকে স্পর্শ করতে পারলে না।

অদৃশ্য মানুষ দৃশ্যমান হল

পূর্ণবাব্ মাঠের উপর দিয়ে ছুটছেন ঝড়ের মতন বেগে। বিভলবারের লক্ষ্যকে ব্যর্থ করবার জন্মে তিনি সাপের মতন এঁকেবেঁকে ছুটতে লাগলেন। থানিক দ্র গিয়ে মুখ ফিরিয়েই তিনি দেখতে
পেলেন, সেই নাছোড়বান্দা রিভলবারটা তখনো বেগে তাঁর অমুসরণ
করছে।

সে এক অন্তুত দৃশ্য ! ছুটন্ত মানুষ ও তার পিছনে শৃশ্যপথে উড়ন্ত রিভলবার! বাজারের একথানা ছবিতে দেখা যায়, ভীত পরশুরামের পিছনে বিষ্ণুর স্থদর্শন চক্র শৃশ্যপথে তেড়ে আসছে। এ দৃশ্যও অনেকটা সেই রকম!

রিভলবার আরো ত্বার অগ্নিময় ধমক দিলে, কিন্তু তাও ব্যর্থ হল! অদৃশ্য মামুষ নিশ্চয়ই রিভলবার ছোঁড়ায় অভ্যন্ত ছিল, না, তাই এবারের মত্যে পূর্ণবাবু কোন গতিকে প্রাণে বেঁচে গেলেন! কিন্তু তবু পূর্ণবাবুর পিছু ছাড়লে না, খালি রিভলবারটা ছুঁড়ে ফেলে দিয়ে তাঁকে ধরবার জন্মে আরো জোরে অদৃশ্য পা হুটো চালিয়ে দিলে!

আমাদের ডাক্তার মানিকবারু সেদিন পথের ধারে একটা পুকুরঘাটে বসে নিজের মনে মাছ ধরছিলেন। মানিকবারুর জীবনে এই
একটি মাত্র শথ আছে। আর, তাঁর এ-শথ এমন'ছর্দান্ত যে, তিনি
শীত-গ্রীম্ম মানতেন না, যে কোন পুকুর-ঘাটে গিয়ে ছিপ নিয়ে বসে
পড়তেন'। কিন্তু এমন একজন অকৃত্রিম মাছ শিক্ষারীর উপরে মাছের
দল মোটেই সদয় ছিল না—ঘাটের উপরে তাঁকে দেখলেই তারা যেন
তাঁর ছিপকে 'বয়কটি' করত। কিন্তু সে জন্তে মানিকবারুর উৎসাহ
কিছুমাত্র কমে না! কেউ ঠাটা করলে উলটে বলেন, 'ওহে, মাছ

খরতে গেলেই যে মাছ ধরতে হবে, এর কিছু মানে আছে? তোমরা তো রোজ কত রকম মন্ত্র পড়ে ভগবানকে ডাকো, কিন্তু ভগবান তোমাদের দেখা দেন কি?' এমন অকাট্য যুক্তির উপরে কারুর আর কোন কথা বলবার থাকত না।

ুমানিকবার একমনে মাছ ধরছেন—অর্থাৎ ধরবার চেষ্টা করছেন এমন সমর্যে ক্রত পদশবদ শুনে মানিকবার মুখ তুলে দেখলেন, ভয় ব্যাকুল পূর্ণবার পথের উপর দিয়ে তীরবেগে ছুটে চলেছেন এবং ছুটতে ছুটতে চিংকার করে বলছেন, 'অদৃশ্য মানুষ! অদৃশ্য মানুষ!'

পুক্র-ঘাটে বসে মানিকবাব্র আর বেশী কিছু শোনবার দরকার হল না। তখন জলের মাছ ডাঙায় না তুলে, অন্তুত একটা ডিগবাঞ্জি খেয়ে ডাঙার মামুষ মানিকবাবু ঝুপ করে একেবারে জলের ভিতরে প্রবেশ করলেন।

মাছেরা স্থেদিন কি ভাবলে জানি না। হয়তো তারা ভাবলে, ডাঙায় বসে রোজ বিফল হয়ে মানিকবারু রাগ করে আজ তাদের ধরবার জন্মেই জলের ভিতরে ঝাঁপ দিয়েছেন!

মাছেরা কি ভাবলে আর না-ভাবলে সেটা ভাববার অবসর
মানিকবাবৃদ্ধ মোটেই রইল না। কারণ তিনি সাঁতার জানতেন না।
জলের ভিতরে প্রবেশ করেই সে-কথাটা জার মনে পড়ল। ভূঁড়ি
ভরে জল খেতে খেতে একখানা নিরেট জগদল পাধরের মতো ক্রমেই
তিনি নীচের দিকে নামতে লাগলেন। তারপরেই হঠাৎ তাঁর মনে
হল, জলের ভিতরে এত নীচে নামা বৃদ্ধিমানের কাজ নয়। পাগলের
মতন ত্বার হাত-পা ভূঁড়তেই তাঁর দেহটা আবার উপর দিকে
উঠতে লাগল।

পুকুরের ধারে একটা মস্ত বটগাছ জলের ভিতরে অনেকগুলো ক্রি ক্লিয়ে দাঁড়িয়ে ছিল—জলের ক্রি ক্লিয়ে সেও যেন মাছ ধরবার চেষ্টা করছে! ভাগ্যে মানিকবাব্র দৈহটা ঠিক সেইখানেই ভুস্ করে ভূেদে উঠল, তাই বটের কুরি ধরে সে-যাত্রা মানে মানে তিনি

তাঁর পৈতৃক প্রাণটি রক্ষা করলেন।

মানিকবাবু নিজের মনে বললেন, 'বাপ! যে জলটা আঞ্জ-থেয়েছি, এ-জীবনে বোধ হয় আর জল-তেষ্টা পাবে না! অদৃশ্যা মানুষের হাত থেকে বাঁচতে গিয়ে শেষটা আজ আত্মহত্যা করেছিলুম আর কি!…কিন্তু পূর্ণবাবুর কি হল ?'

মানিকবার ভয়ে-ভয়ে চারিদিক তাকিয়ে দেখলেন, কিন্তু পূর্ণবার্ক্ষ কোন পাতাই পাওয়া গেল না !

কিন্তু ওদিকে ইতিমধ্যেই পাশা উলটে গেছে।

পূর্ণবাবুর বাড়ি থেকে বেরিয়ে পাহারাওয়ালারা থানায় গিয়ে; খবর দিয়েছে এবং সেখান থেকে দলে-দলে সেপাই পূর্ণবাবুকে রক্ষাঃ করবার জন্মে ছুটে এসেছে!

এখন পালাবার পালা হচ্ছে অদৃশ্য মানুষের!

কিন্তু পাছে সে আবার ফাঁকি দেয় সেই ভয়ে পূর্ণনার সেপাইদের ভেকে চেঁচিয়ে বললেন, 'শীগগির। হাত-ধরাধরি করে স্বাই গোল হয়ে দাঁড়াও! অদৃশ্য মানুষ এর মধ্যেই আছে।'

সকলে তাড়াতাড়ি পূর্ণবাবুর কথামত কাজ করলে।

পূর্ণবাব্ আবার বললেন, 'সবাই ধীরে ধীরে ওগিয়ে এসে চক্রটাকে ছোট করে আনো! তাহলে অদৃশ্য মানুষ আর পালাতে পারবে না!'—তাঁর কথা শেষ হতে না হতেই বিপুল বিক্রমে অদৃশ্য মানুষ আগে তাঁকেই আক্রমণ করলে। এবারে পূর্ণবাবৃও তাকে ছাড়লেন না, তার অদৃশ্য দেহটাকে তিনি ছুই হাতে প্রাণপণে জড়িয়ে ধরলেন! তারপর ছুজনে জড়াজড়ি করে পথের উপরে গিয়ে পড়লেন।

দেপাইরা সবাই ছুটে এল—হাত দিয়ে অন্তুভব করে সকলে মিলে অদৃশ্য মান্ত্রের মাথা, গলা, বুক, বাহু, কোমর, জামু ও পা সজোরে চেপে ধরলে!

অদৃশ্য মামুষ একবার যন্ত্রণা বিকৃত বদ্ধখরে চিৎকার করে উঠল, 'উঃ! গেলুম!'—তারপরে তার সমস্ত দেহ একেবারে স্থির হয়ে গেল! পূর্ণবার বলে উঠলেন, 'ওকে ছেড়ে সরে দাঁড়াও ৷ ও আহত হয়েছে
— আর পালাতে পারবে না !'

সেপাইরা কেউ কেউ বললে, 'বদমাইসটা তুষ্ট্মি করে চুপ করে আছে, ছেড়ে দিলেই পালাবে!'

পূর্ণবাবুর ঠোঁট কেটে রক্ত ঝরছিল, তাঁর শরীরেও নানা জায়গায় কাটাকুটির দাুগ! সেই অবস্থাতে তিনি উঠে অদৃশ্য মানুষের পাশে হাঁটু গেড়ে বসে পড়ে আন্দাজে তার বুকের উপরে হাত দিয়ে বললেন, বিধু আর পালাতে পারবে না! এর হংপিও স্থির হয়ে গেছে! এ আর বেঁচে নেই!

, তথন শ্রীপুর শহরের সমস্ত লোক সেইখানে এসে জড়ো হয়েছিল।
সকলেরই মুখে বিস্ময় ও আতঙ্ক! সকলেই নানারকম কথা বলে
চাঁটামেচি করছে!

একটা বুড়ী ভিড়ের ভিতর হুমড়ি থেয়ে পড়ে অদৃশ্য মানুষকে দেখবার চেষ্টা করছিল। হঠাং সে ভীত স্বরে চেঁচিয়ে উঠল, 'আমি ওকে দেখতে পেয়েছি।'

বুজ়ীর কথা শুনে পুর্ণবাব্ও সচকিত দৃষ্টিতে দেখলেন, পথের ধুলোর উপরে কাঁচের মতন স্বচ্ছ একখানা মান্ন্র্যের হাত ক্রমেই বেশী স্পষ্ট হয়ে উঠছে। দেখতে দেখতে তার স্বচ্ছত। দ্র হয়ে গেল, তখন তাকে দেখাতে লাগল ঠিক যেন ঘ্যা কাঁচের একখানা হাতের মতো!

একটা দেপাই বলে উঠল, 'আরে, আরে, ওর পা-ছটোও যে দেখা যাচ্ছে!'

দেখতে দেখতে সকলের স্তম্ভিত চক্ষের সামনে অদৃশ্য মানুষের সমস্ত দেহটাই মায়াময় ছায়ার মতন ফুটে উঠল! তারপর ধীরে ধীরে সেই ছায়াটা ক্রমেই ঘন ও নিরেট হয়ে উঠল। তারপর অদৃশ্য মানুষ যখন স্পষ্টরূপে দৃশ্যমান হল. তখন সে রক্তমাংসের সম্পূর্ণ গঠন ফিরে পেয়েছে!

যে ওষধির প্রক্রিয়ায় তার জীবন্ত দেহ অদৃশ্য হয়ে গিয়েছিল,

মরণ সেই ওষ্থ্রি গুণ নষ্ট করে তার রক্তমাংসে গড়া দেহকে পৃথিবীর ধূলায় আবার ফিরিয়ে দিয়ে গেল!

পথের উপরে শুয়ে আছে একটি তিরিশ বছর বয়সের যুবা পুকষ
— তার সমস্ত দেহে আঘাতের দাগ এবং তার মুখে চোখে নিরাশা ও
কোধের চিহ্ন !

পূর্ণবাব ছই হাতে মুখ ঢাকা দিয়ে বলে উঠলেন, 'ওর মুখে কাপড় ঢাকা দাও—দোহাই তোমাদের! ওর মুখে কাপড় ঢাকা দাও।'

পৃথিবীতে প্রথম যে-মান্থ্য অপূর্ব বৃদ্ধি ও জ্ঞানের প্রসাদে রক্তমাংসে গড়া নিরেট দেহকে অদৃশ্য করবার অদ্ভূত উপায় আবিষ্কার
করেছিল, হুর্ভাগ্যক্রমে এমনি শোচনীয় ভাবে সে তার ভারবহ, ভীষণ
জীবন সমাপ্ত করলে।

উপসংহার

বাব্ বংশীবদন বস্থকে তোমরা নিশ্চয়ই কেউ ভোলো নি। তোমাদের কারুর যদি তাঁর সঙ্গে দেখা করবার সাধ হয়, তাহলে চুপিচুপি পা টিপে টিপে আমার সঙ্গে এস। গোলমাল করলে তাঁর দেখা পাবে না, কারণ তোমরা যে তাঁকে আগে থাকতে চেনো এ-কথা টের পেলেই তিনি তাড়াতাড়ি পালিয়ে যেতে পারেন।

শ্রীপুরের 'পাস্থনিবাস হোটেলে' আমার সঙ্গে এস। ঐ দেখ, হোটেলের হলঘরের মাঝখানে, একখানা ইজি-চেয়ারের উপরে পরম আয়েসে বসে বংশীবাবু কেমন মিটি মিটি হাসি হাসছেন! বংশীবাবু এখন দাতব্য-জ্তো ও ময়লা জামা-কাপড়কে অত্যন্ত ঘুণা করেন। তাঁর মাথায় এখন চমৎকার টেরি কাটা, গায়ে ইস্তি-করা সিল্কের পাঞ্চাবী, পরনে কোঁচান শান্তিপুরি ধুতি ও পায়ে বার্নিশ করা চকচকে জ্তো। আর, তোমরা শুনলে বোধ হয় অবাক হয়ে যাবে যে, এত বড় 'পান্থনিবাস হোটেল'টির একমাত্র মালিক হচ্ছেন, এখন কেবল তিনিই! 'পান্থনিবাসে'র এখন এমন পদার শে, শ্রীপুরের কোনলোক 'স্বাস্থ্যনিবাসে'র নাম আর মুখেও আনে না।

এ-জন্মে বংশীবার বড়ই খুশী! যথন-তথন একগাল হেসে মাথা নেড়ে বলেন, 'হুঁ হুঁ বাবা, ঘুঘু দেখেছো ফাঁদ তো দেখো নি! আমার ময়লা জামা-কাপড় আর ছেড়া জ্তো দেখে মিস্টার দাস ভারী তাচ্ছিল্য করেছিলেন! এখন বোধ হয় তিনি বংশীবদনের মহিমাঃ হাড়ে-হাড়ে টেঁর পেয়েছেন!'

তাঁর হোটেলে বসে কেউ অদৃশ্য মান্থবের নিন্দা করলে তিনি মুখ-ভার করে বলেন, 'গুগো তোমরা সবাই থামো। আমি গুরুনিন্দা শুনৰ না! তোমরা যাঁকে অদৃশ্য মানুষ বলছ, তিনি ছিলেন আমার

অনুত্ৰ মাত্ৰ

গুরুদেব! তার আশীর্বাদেই আজ আমার এত বাড়-বাড়স্ত!

বংশীবাবুর গুরুভক্তি দেখে আশ্চর্য হবার কিছুই নাই। অদৃশ্য মামুষের ছকুমে শ্রীপুব ব্যাঙ্ক থেকে নোট-প্রকাপতিগুলো ফর্ফর্ করে উড়ে গিয়ে বংশীবাবুর পকেটে যে বাসা বেঁধেছিল, এ-কথা কেউ না জান্তুক, ভোমবা সকলে নিশ্চয় জানো। অতএব এস, আমরাও স্বাই মিলে বংশীবাবুর গুরুজীর জয় দিয়ে পালা সাঙ্গ,করি।

हिरी

বন্ধুগণ,

আকাশ পারের বাণী নিয়ে আলো-দৃত এসেছিলেন, মরু-মাটির কাতর ডাকে সাড়া দিয়ে। মাটিকে শ্যামল এপর্যে স্কুর করে আলো-দৃত ফিরে গেলেন স্বর্গের আহ্বানে। মাটি কেঁদে সারা হচ্ছে। তোমরা সকলেই জানো, এই অপূর্ব আলো-দৃতকে আমরা রবীন্দ্রনাথ নামে ডাকি।

এমন ছদিনের কল্পনাও করিনি কোন দিন। আজ প্ইষট্টি
বংশর ধরে অপ্রাপ্ত বৃষ্টিধারার মতো রবীন্দ্রনাথের অজ্ঞ রচনার ধারা
ঝরে পড়েছে বাংলা সাহিত্যের দিকে দিকে, সবখানে। মৃত্যুশয়াও
তাঁর আশ্চর্য লেখনীর বিচিত্রগতি রুদ্ধ করতে পারে নি। মৃত্যুর
কয়েকদিন আগেও তাঁর প্রতিভা বিলিয়েছে নব নব কবিতা। সেই
স্বগীয় লেখনী আজ মর্তের ধুলোয় শুয়ে নির্বাক শোকে অভিভূত
হয়ে খুঁজছে তার প্রিয়তম লেখককে।

জ্ঞানোদয়ের সঙ্গে সঞ্চেই—এমন কি প্রথম ভাগ পড়বার আগেই রবীন্দ্রনাথের কবিতা মুখস্থ করতে শিখেছি। মানে বুঝতুম না, তবু উপভোগ করতুম অনির্বচনীয় আনল—বেমন আনল উপভোগ করে সাপ, সাপুড়ের বাঁশী শুনে।

তারপরে মানুষ হয়েছি আমরা রবীন্দ্রনাথের কাব্য-সামাজ্যের মধ্যেই। তিনি ছিলেন আমাদের দীক্ষাগুরু, শিক্ষাগুরু, অতুলনীয় সাহিত্য-গুরু, আর আমরা ছিলাম অযোগ্য শিশ্য। তার বাণী ছিল আমাদের কাছে বিধাতার বাণীর মতো। সাহিত্য-মার্গে একমাত্র তাঁকেই বিরাট আদর্শের মতন, ছ্যাতিমান গ্রুবতারার মতন সামনে রেখে পথ চলার চেষ্টা করেছি। শক্তির দীনতার জন্ম বেশীদ্র অগ্রসর হতে পারিনি, তর্ ত্যাগ করিনি তাঁকে অনুসরণ করবার প্রাণপণ

্চেষ্টা। রবীন্দ্রনাথ ছিলেন আমাদের প্রাণবায়্র মতো। সেই রবীন্দ্রনাথ নেই, অথচ আমরা বেঁচে আছি, কিছুতেই এটা সম্ভবপর বলে বিশ্বাস করতে পারছি না।

বন্ধুগণ, লিখতে লিখতে হঠাং মাথা তুলে কি দেখতে পেলুম জানো? পূর্ব আকাশে চাঁদ উঠেছে আর তার তৃলায় রয়েছে গাঢ় কালো বর্ধার মেঘ।

মন হাহাকার করে বলে উঠল—হায় চাদ, হায়রে মেঘ!
আমিও তোমাদের দেখছি, সবাই তোমাদের দেখছে সারা পৃথিবীর
মধ্যে যে মানুষটি তোমাদের সত্যিকার দেখার মতন দেখতে পারতেন,
তোমাদের সৌন্দর্য-গীতিকাকে দেবতারও কাছে অমর করে রাখতে
পারতেন, আজ তিনি আর পৃথিবীতে নেই। আজও তোমাদের উদয়
হয়েছে, চিরদিনই তোমাদের উদয় হবে, কিন্তু নিত্য নৃতন ছল্দের
আনলে তোমাদের স্থলরতর করে তোলবার মানুষটি আজ আর
প্রকৃতির কোলে বসে নেই। প্রকৃতির কোলে বসে থাকাই ছিল তার
জীবনের চরম সাধনা, কিন্তু প্রকৃতির কোলে আজ খালি। রবীক্রনাথ
পরলোকে। এবং রবীক্রনাথের পরে প্রকৃতিকে তার মতন ভাবুক
ও শিল্পীর চোখে দেখবার মতন লোক যে আর পাব, এ কথা মনে
করতেও প্রবৃত্তি হয় না।

রবীন্দ্রনাথ যে কত বড় ছিলেন আজ সে কথা নিয়ে আলোচনা করবার দিন নয়। সে কথা বোঝবার বয়স ভোমাদের হয় নি বোধ হয়। আর্ট ও সাহিত্যের প্রভ্যেক বিভাগেই তাঁর হাতের মায়া-ছোঁয়া এনেছে নৃতন স্থর নৃতন ভঙ্গী, নৃতন সম্পদ। এমন সর্বশক্তিমান, সাহিত্য-প্রতিভা পৃথিবী আর কখনও দেখেছে বলে জানি না। কিন্তু তোমাদের কাছে রবীন্দ্রনাথের আর একটি বিশেষত্বের কথা বিশেষ করে বলা উচিত—গত আষাঢ়ের 'রং মশালে' শিল্পাচার্য অবনীন্দ্রনাথ যা ভালো করেই বলেছিলেন। শিশু-সাহিত্যেও রবীন্দ্রনাথের দান স্বরুং। এত বড় একজন কণি, শিল্পী ও কর্মী—

খাঁকে ব্যস্ত থাকুতে হয়েছে সমগ্র াবশ্বের কতব্যভার নিরে, ছোচদেরও জয়ে এত বেশী ভাববার ও লেখবার সময় পেলেন যে তিনি কেমন করে এও একটা বিশ্বয়কর কথা! পৃথিবীর আর কোন প্রথম শ্রেণীর সাহিত্য-সেবক শত শত রচনায় শিশুদের প্রতি এমন গভীর অন্তরাশ্য, স্নেহ ও শ্রদ্ধা প্রকাশ করে যান নি। এমন কি এ-কথা বললেও অত্যক্তি হবে না যে, বড়দের চেয়ে তোমাদের তিনি বেশী ভোলবাসতেন।

<u>ইতি—</u>

শ্রীহেমেন্দ্রকুমার রায়

সম্পাদকের লিখন

একথানি ইংরেজি বই পড়ছি—তার পূর্ণ-সভ্য দেশগুলির তালিকার মধ্যে ভারতবর্ষের নাম নেই।

তবে লেখকের সাদা গায়ে এখনো পাতলা ভদ্রতার চামড়া আছে। অধিকাংশ ইংরেজ-লেখকের মতন ভারতবর্ধকে তিনি বর্বর বলেন নি। কি দয়া।

সভ্যতা বলতে য়ুরোপ কি বোঝে, হিটলার ও মুসোলিনী দিচ্ছেন তার বড় বড় নজির। তাঁরা যত রাজ্য জয় করছেন তাঁদের রক্ত-পিপাসা বেড়ে যাচ্ছে তত।

তারও আগে—অর্থাং উনিশ শতকে নেপোলিয়নও অল্ল রক্তপান করেন নি। প্রায় সারা য়ুরোপ তাঁর পায়ের তলায় রাখলো মাথা, কর্সিকার উকীলের ছেলে হলেন সার্বভৌম সম্রাট, তরু তিনি তরবারিকে কোমর থেকে খুলে রাখতে পারলেন না।

আরও আগে —অর্থাৎ খ্রীষ্টপূর্বকালে জন্মছিলেন আলেকজান্দর, যাঁকে ওরা বলেন—'গ্রেট'! য়ুরোপের, মিশরের ও পারস্তের সাম্রাজ্যও তিনি যথেষ্ট মনে করতে পারলেন না। দিকে দিকে আগুন, রক্ত ও মৃত্যু ছড়াতে ছড়াতে ছুটে এলেন তিনি ভারতবর্ষে। তারপরেও তিনি নৃতন নৃতন দেশ জয়ের কল্পনা করেছিলেন, এমন সময়ে সর্বশ্রেষ্ঠ দিখিজয়ী মহাকালের কাছে তাঁকে করতে হল চরম পরাজয় স্বীকার।

এইবারে বর্বর ভারতবর্ষের দৃষ্টান্ত দেখ।

আলেকজান্দরের সমসাময়িক চন্দ্রগুপ্ত হচ্ছেন ভারতের প্রথম ঐতিহাসিক সম্রাট। তিনিও প্রথম দেখা দিয়েছিলেন যুদ্ধবীরের বেশে। সমগ্র ভারত জয় করে গ্রীক-দস্যুদের খেদিয়ে নিয়ে গিয়ে তান হিন্দুক্শ পাহাড় পার করিয়ে দিয়ে এলেন। হিন্দুক্শের গুপারেও নিজের বিজয় পতাকা ওড়াবার সাধ্য তাঁর ছিল। কিন্তু সে সাধ তাঁর হল না। যথন দেখলেন তাঁর স্বদেশ স্বাধীন হয়েছে, তিনি খুলে ফেললেন রত্মুক্ট, ছুঁড়ে ফেলে দিলেন রক্তাক্ত তরবারি, পরলেন সন্মাসীর গৈরিক বস্ত্র। তারপর প্রায়োপবেশন করে অর্থাৎ— অনাহীরে— স্বেচ্ছায় দেহত্যাগ করলেন। তথনও তাঁর বয়স পঞ্চাশ হয়নি।

তাঁরই পৌত্র প্রিয়দর্শী অশোক। তিনি সমগ্র ভারতের অধীশ্বর—
অর্থবল ও জনবল তাঁর অসাধারণ। তথন তার সমকক্ষ রাজা পৃথিবীর

কেউ ছিল না। ইচ্ছা করলেই ভারত থেকে বেরিয়ে তিনি বহু দেশ
জয় করতে পারতেন। কিন্তু একবারও তাঁর সে লোভ হয় নি।

২তিহাসে তাঁর প্রথম জীবনের একটিমাত্র মুদ্ধের কথা পাওয়া যায়।
কিন্তু সে যুদ্ধ জিতেই রক্তে হল তাঁর বিভ্ষ্ণা। তারপর থেকেই তিনি
চারিদিকে—এমন কি সুদ্র চীন ও রোমেও দৃত পাঠাতে লাগলেন
অহিংসা ও শান্তির বাণী প্রচার করবার জন্তা। কেবল মানুষকেই
তিনি ভালোবাসলেন না। তাঁর সামাজ্যে ছোট ছোট পশু,
কীট-পতঙ্গ হত্যাও নিষিদ্ধ হল। তিনি নিজেও পরলেন গৈরিক
কাপড়।

তারপরেই দেখি সমুজগুপুকে। মৃতশয্যাশায়ী পিতার কাছে তিনি প্রতিজ্ঞাবদ্ধ হলেন, দিয়িজয়ে যাবেন। তিন বংসরের মধ্যে আসমুজ হিমাচল সমগ্র ভারত জয় করে তিনি প্রতিজ্ঞারক্ষা করলেন। ঐতিহাসিক ভিন্সেন্ট স্মিথ তাঁকে ডেকেছেন "ভারতের নেপোলিয়ন" বলে। এ উপাধি তাঁর পক্ষে অপমানকর। কারণ শক্তি থাকলেও তিনি কোনদিন ভারতের বাইরে দস্মতা ও রক্তপাত করে যান নি এবং আর্যাবর্ত স্বাধীন করেই ত্যাগ করেছিলেন অন্ত্রশস্ত্রন। অসিকেলে ধরলেন বীণাবেণ্ ও লেখনী। সঙ্গীত, কাব্য ও ললিতকলা— এরই মধ্যে করে গেছেন তিনি জীবনযাপন।

আরও কর শতাকী পরে এলেন হর্ষবর্ধন। প্রথমে তিনি হলেন সম্পাদকের লিখন ৪২৯ অপরাজেয় দিনিজয় সমাট। তারপর তিনি অমর হদেন কাব আহ্য রূপে। রক্তপাত ব্রত ত্যাগ করে নিয়মিত ধর্মচর্চা এবং শাস্ত্রাপোচনাই হল তাঁর জীবনের প্রম আনন্দ।

এই সব হল 'অসভ্য' ভারতের মাদর্শ। 'স্থসভ্য' য়ুরোপের সমগ্র ইতিহাসেও এমন আদর্শ একটিও নেই। যোদ্ধা সেখানে চিরদিনই যোদ্ধা। 'রাজ্মি' সেখানে মঞ্চতপূর্ব কথা।

ভারতের এই আদর্শ থাকুক তোমাদের সামনে। ইতি— তোমাদের শ্রীহেমেন্দ্রকুমার রায়

চিঠি তৃ'থানি তেমেক্র্মার সম্পাদিত মাসিক পত্রিকা রংমশালের